Numb. 1936. ১৯৩৬ [REGISTERED No. 30]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 5, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ৫ সেপ্টেম্বর।

CONTENTS

নির্ঘণ্ট।

PART I

Resolutions, Orders, and Notifications of the Government of India

প্রথম খণ্ড।

ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

HOME DEPARTMENT.

NOTIFICATION —Establishment

Simla, the 21st August 1876

No 550 —Under the provisions of the Act of Parliament, 24 and 25 Vic, Cap 104 Section 7, the Governor-General in Council has been pleased to appoint Mr W F McDonel v c, of the Bengal Civil Service, to act as a Judge of the High Court of Judicature at Fort William in Bengal

Arthur Howell,
Offg Secy to the Govt of India

FINANCIAL DEPARTMENT.

NOTIFICATION —Pensions and Gratuities

Simla, the 25th August 1876

No 2402 —The Governor-General in Council directs the addition of the following rule under Section 63 (*b*) of the Civil Pension Code —

4 An officer should not, without urgent necessity, be invalided when he has nearly completed 30 years' service The Government cannot undertake to overlook a deficiency of service resulting from an officer being prematurely invalided The principle of this rule applies to all analogous cases

R B Chapman,
Secy to the Govt of India

PUBLIC WORKS DEPARTMENT

NOTIFICATIONS —Establishment

Simla, the 21st August 1876

No 368 —The undermentioned Overseer Apprentices are appointed to the Public Works Department, with effect from 1st September 1876, as Overseers in the grades specified and posted as follows —

To Bengal Irrigation Branch

Corporal F Somers	1st grade
Private L Fletcher	1st „
Bhagwan Doss	3rd „
Kanty Chunder Banerjee	3rd „
Chandan Lall	3rd „

The 22nd August 1876

No 369 —The undermentioned Officers of Royal Engineers are appointed to the Public Works Department as Assistant Engineers, 2nd grade, and posted as follows —

To Bengal Irrigation Branch

Lieutenant A C Foley

C H Dickens, *Col*, r a,
Secy to the Govt of India

[*Government Gazette*, 9*th September* 1876]

হোম ডিপার্টমেন্ট

সিবিল্ সর্ব্বিস বিষয়ক,—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৬ সাল ২১ আগষ্ট।

৫৫০ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব শ্রীশ্রীমতী মহারাণী ভিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের পার্লিয়ামেন্টের আইনের ১০৪ অধ্যায়ের ৭ ধারার বিধানমতে বঙ্গদেশের সিবিল সর্ব্বিসের শ্রীযুত ডবলিউ, এম, মাকডনেল বি, সি, সাহেবকে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের জজের কর্ম্ম করণার্থে নিযুক্ত করিলেন।

আর্থর হোয়েল,
ভারতবর্ষের গবর্নমেন্টের একটিং সেক্রেটরী।

ফিনান্শ্যাল ডিপার্টমেন্ট।

পেনশ্যন ও পারিতোষিক, বিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৬ সাল ২৫ আগষ্ট।

১৪০২ নম্বর।—মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব সিবিল কার্য্যকারকদের পেনশ্যন বিষয়ক বিধির ৬৩ (*b*) ধারার নিম্নভাগে নিম্নলিখিত বিধি সংযোগ করিবার আজ্ঞা করিলেন।

৪। কোন কর্ম্মকারকের কর্ম্মকরণের ৩০ বৎসর পূর্ণ হইবা অল্প বাকী থাকিলে তত্তাবৎ প্রয়োজন স্থলভিন্ন তাঁহাকে কর্ম্মাক্ষম বলিয়া অবসর করিতে হইবে না। কোন কর্ম্মকারককে অকালে কর্ম্মাক্ষম বলিয়া অবসর করা গেলে গবর্নমেন্ট তাঁহার কর্ম্ম করণের কালের ন্যূনতা উপেক্ষা করিতে প্রতিজ্ঞা করেন না। এই বিধির মূল নিয়ম তদনুরূপ সকল স্থলে খাটে।

আর, বি, চাপমন,
ভারতবর্ষের গবর্নমেন্টের সেক্রেটরী।

পবলিক ওর্কস ডিপার্টমেন্ট।

সিবিল্সর্ব্বিসবিষয়ক—বিজ্ঞাপন।

সিমলা, ১৮৭৬ সাল ২১ আগষ্ট।

৩৬৮ নম্বর।—নিম্নলিখিত ওবরসিয়র আপ্রেন্টিসেরা ১৮৭৬ সালের ১ সেপ্টেম্বর অবধি পবলিক ওর্কস ডিপার্টমেন্টে আপন২ নামের পার্শ্বনির্দ্দিষ্ট শ্রেণীতে নিযুক্ত হইয়া নিম্নলিখিতমতে অবস্থিত হইলেন।

বঙ্গদেশের জলসেচন শাখায়।

কর্পোরাল শ্রীযুত এফ, সমার্স সাহেব	প্রথম শ্রেণী।
প্রাইবেট শ্রীযুত এস, ফ্লেচর সাহেব	প্রথম শ্রেণী।
শ্রীযুত ভগবান দাস	তৃতীয় শ্রেণী।
,, কান্তিচন্দ্র বন্দ্যোপাধ্যায়	তৃতীয় শ্রেণী।
,, চন্দনলাল	তৃতীয় শ্রেণী।

১৮৭৬ সাল ২২ আগষ্ট।

৩৬৯ নম্বর।—রয়ল ইঞ্জিনিয়রদের নিম্নলিখিত কার্য্যকারক পবলিক ওর্কস ডিপার্টমেন্টের দ্বিতীয় শ্রেণীর ইঞ্জিনিয়রের পদে নিযুক্ত হইয়া নিম্নলিখিতমতে অবস্থিত হইলেন।

বঙ্গদেশের, জলসেচন শাখায়।

লেপ্টেনেন্ট শ্রীযুত এ, সি, ফলি সাহেব।

সি, এচ, ডিকিন্স, কর্ণেল, আর, এ,
ভারতবর্ষের গবর্নমেন্টের সেক্রেটরী।

[গবর্নমেন্ট গেজেট। ১৮৭৬। ৫ সেপ্টেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, SEPTEMBER 5, 1876

মঙ্গলবার ১৮৭৬ সাল ৫ সেপ্টেম্বর।

PART II

Resolutions, Orders and Notifications of the Lieutenant-Governor of Bengal

দ্বিতীয় খণ্ড।

বঙ্গদেশের গবর্ণমেণ্টের আজ্ঞা ও নির্দ্ধারণপ্রভৃতি।

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL

REVENUE AND GENERAL DEPARTMENTS

No 2048C.S

GENERAL —*The 16th August* 1876 —Mr T D Moran is appointed temporarily to be a special officer for the survey and record of the Nizamut lands

The 19th August 1876 —Mr H W Mackenzie, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Gobindpore division of the Manbhoom district, is appointed to the special duty for the measurement and settlement of the Barkagurh estate in the district of Lohardugga, *vice* Lieutenant L. J H Grey

The 20th August 1876 —Mr J C Price, Settlement Officer in Midnapore, is appointed to be a Magistrate and Collector of the Second Grade, with effect from the 11th instant, *vice* Mr H F J Kean, who has forfeited his appointment by taking an extension of furlough beyond two years Mr. Price will, however, officiate as Settlement Officer in Midnapore

Mr G S Park is appointed to be Settlement Officer in Midnapore, *vice* Mr Price, but to continue to officiate as a Magistrate and Collector of the First Grade in Sarun, until further orders

Mr A P MacDonnell, M A, is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the First Grade, *vice* Mr Park, but to continue to officiate as a Magistrate and Collector of the Third Grade in Durbhunga, until further orders

Mr J R Hallett, M A, is appointed to be a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade, *vice* Mr MacDonnell, but to continue to officiate as a Judge of the Small Cause Courts, and Subordinate Judge of the First Grade, at Bhagulpore and Monghyr, until further orders

Mr A Manson is appointed to be Second Inspector of Registration Offices, *vice* Mr Hallett, but to continue to officiate as a Magistrate and Collector of the Third Grade in Pooree, until further orders

The following officers are appointed to act in the First Grade of Joint-Magistrates and Deputy Collectors, viz —

Mr F H B Skrine, *vice* Mr E S Moseley
,, A C Tute, *vice* Mr J Whitmore

The following officers are appointed to act as Joint-Magistrates and Deputy Collectors of the Second Grade, viz —

Mr E R Henry, *vice* Mr Skrine
,, S S Jones, *vice* Mr Tute

The 21st August 1876 —Baboo Brojo Kant Roy, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Fenny River division of the Noakholly district, is transferred to the district of Backergunge

Baboo Sharoda Prosad Sirkar Officiating Deputy Magistrate and Deputy Collector, Noakholly is appointed to have charge of the Fenny River division of that district

The 22nd August 1876 —Mr J Kennedy, Assistant Magistrate and Collector, in charge of the Magoorah division of the Jessore district, is allowed leave for one month, under Section 21, Chapter VI of the Civil Leave Code with effect from the 7th September 1876

Moulvi Abdool Hye, Deputy Magistrate and Deputy Collector, Jessore, is appointed to have temporary charge of the Magoorah division of that district, during the absence, on leave of Mr J Kennedy, or until further orders

Mr T F Stevens, Joint-Magistrate and Deputy Collector, is posted to Moorshedabad Mr Stevens will act as a Joint-Magistrate and Deputy Collector of the First Grade from the date of his being relieved of his duties as Officiating Judge of Moorshedabad

[*Government Gazette*, 5*th September* 1876]

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

২০৪৮ C S নম্বর।

সাধারণ।—১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—শ্রীযুত টি, ডি, মোরান্ সাহেব কিয়ৎকালের নিমিত্তে নিজামৎ ভূমির জরীপী কার্য্যের ও রিকার্ডের বিশেষ কর্তৃপক্ষের পদে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ১৯ আগষ্ট।—লেপ্টেনেণ্ট শ্রীযুত এল, জে, এচ, গ্রে সাহেবের পরিবর্ত্তে মানভূম জিলার অন্তর্গত গোবিন্দগঞ্জ মহকুমার কার্য্যের ভার প্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত এচ, ডবলিউ, মাকেঞ্জি সাহেব, লোহারডগা জিলার অন্তর্গত বারকাগড় ইষ্টেটের পরিমাপণ ও বন্দোবস্তকরণ বিষয়ক বিশেষ কার্য্যে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২০ আগষ্ট।—শ্রীযুত এচ, এফ, জে, কীন্ সাহেব দুই বৎসরের অধিককাল নিয়মিত ছুটী লওয়া প্রযুক্ত কর্ম্মচ্যুত হওয়াতে তৎপরিবর্ত্তে মেদিনীপুরস্থ বন্দোবস্তের কর্তৃপক্ষ শ্রীযুত জে, সি, প্রাইস, সাহেব এই মাসের ১১ তারিখ অবধি দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের পদে নিযুক্ত হইলেন। তিনি এইক্ষণে মেদিনীপুরে বন্দোবস্তের কর্তৃপক্ষের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত প্রাইস সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত জি, এস, পার্ক সাহেব মেদিনীপুরে বন্দোবস্তের কর্তৃপক্ষের পদে নিযুক্ত হইলেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সারণে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত পার্ক সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এ, পি, মাকডনেল সাহেব, এম, এ, প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দ্বারভাঙ্গায় তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত মাকডনেল সাহেবের পরিবর্ত্তে, শ্রীযুত জে, আর, হালেট সাহেব, এম, এ, দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভাগলপুর ও মুঙ্গেরের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের জজের এবং প্রথম শ্রেণীর সবর্ডিনেট জজের কর্ম্ম করিতে থাকিবেন।

শ্রীযুত হালেট সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এ, মামসন সাহেব রেজিষ্টরীকরণ কার্য্যালয় সমূহের দ্বিতীয় ইনস্পেক্টরের পদে নিযুক্ত হইলেন, কিন্তু অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পুরীতে তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন,—

শ্রীযুত ই, এস, মোসলী সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এফ, এচ, বি, স্ক্রাইন্ সাহেব।

শ্রীযুত জে, উইটমোর সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এ, সি, ট্রুট সাহেব।

নিম্নলিখিত কার্য্যকারকেরা দ্বিতীয় শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম রণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত স্ক্রাইন সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ই, আর, হেনরি সাহেব।

,, ট্রুট সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এস, এস, জোন্স সাহেব।

৮৭৬ সাল ২১ আগষ্ট।—নওয়াখালী জিলার অন্তর্গত ফেণী নদী মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু ব্রজকান্ত রায় বাকরগঞ্জ জিলায় প্রেরিত হইলেন।

নওয়াখালীর একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শারদাপ্রসাদ সরকার ঐ জিলার অন্তর্গত ফেণীনদী মহকুমার কর্ম্মের ভারগ্রহণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২২ আগষ্ট।—যশোহর জিলার অন্তর্গত মাগুড়া মহকুমার কার্য্যের অধ্যক্ষতাভার প্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত জে, কেনেডি সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ৭ তারিখ অবধি এক মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত জে, কেনেডি সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত যশোহরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী আবদুল হায়, কিয়ৎকালের নিমিত্তে ঐ জিলার অন্তর্গত মাগুড়া মহকুমার কর্ম্মের ভারগ্রহণার্থে নিযুক্ত হইলেন।

জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জে, এফ, ষ্টীনষ্ট্র সাহেব মুরশিদাবাদে অবস্থিত হইলেন। তিনি মুরশিদাবাদের স্বীয় একটিং জজের কর্ম্মের ভার অন্যের প্রতি অর্পণ করণের তারিখ অবধি প্রথম শ্রেণীর জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিবেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৫ সেপ্টেম্বর।]

In supersession of the orders of the 12th July 1876, Mr T M Kirkwood, Joint-Magistrate and Deputy Collector, is posted to Jessore

Mr J C Geddes, Officiating Judge of Moorshedabad, having resumed charge of his office on the 18th instant, the unexpired portion of the leave granted to him under orders of the 3rd May 1876, is cancelled

The 23rd August 1876 —Baboo Rai Churn Ghose, Officiating Deputy Magistrate and Deputy Collector, Manbhoom, having resumed charge of his duties on the forenoon of the 27th July 1876, the unexpired portion of the leave granted to him under orders of the 10th idem, is cancelled

The 24th August 1876 —Baboo Gopal Chunder Dass, Deputy Magistrate and Deputy Collector, Gya, having joined his appointment on the forenoon of the 24th July 1876, the unexpired portion of the leave granted to him under orders of the 27th January 1876 is cancelled

The 25th August 1876 —Mr D W M Testro, Officiating Joint-Magistrate and Deputy Collector, Burdwan, is appointed to act as Magistrate and Collector of Gya during the absence, on duty, of Mr F M Halliday, or until further orders

The following officers are appointed to act until further orders as Magistrate and Collector of the First Grade —

Mr W R Larminie, *vice* Mr N S Alexander
,, E G Glazier, *vice* Mr F M Halliday
,, R D Hime, *vice* Mr A Smith
,, C C Stevens, *vice* Mr R D Hime, on leave

The following officers are appointed to act until further orders as Magistrate and Collector of the Second Grade —

Mr H J Newbery, *vice* Mr W R Larminie
,, H Moseley, *vice* Mr. R D Hime
,, C F Magrath, *vice* Mr E G Glazier
,, H S Beadon, *vice* Mr C F Magrath, on leave

The 28th August 1876 —The undermentioned officers have been granted extensions of leave by the Right Hon'ble the Secretary of State for India for the periods specified against their names, viz —

Mr G K Webster, C S, Assistant Magistrate and Collector,—six months, on sick certificate
,, R M Waller, C S, Assistant Magistrate and Collector,—three months, on sick certificate
,, J H W D Clark, Assistant Superintendent of Police, Third Grade,—one month, on sick certificate
,, T Walton, District and Sessions Judge, Furreedpore,—two months' furlough
,, G E Manisty, Assistant Magistrate and Collector,—six months, on medical certificate

The 29th August 1876 —The following revised notification is substituted for the one dated 5th instant, published in the *Calcutta Gazette* of the 16th idem —

Mr J Anderson, Officiating Deputy Commissioner of the Chittagong Hill Tracts, acted in the Second Grade of Deputy Commissioners from the 26th June to 23rd July, and from 1st to 4th August 1876

Mr A P MacDonnell, Officiating Magistrate and Collector of Durbhunga, is allowed leave for two months under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 1st September next, or such later date before the 15th idem, as he may avail himself of it

Mr C C Quinn, Joint Magistrate and Deputy Collector, Bhagulpore, is appointed to act as Magistrate and Collector of Durbhunga during the absence, on leave, of Mr A P MacDonnell, or until further orders

Mr J F Stevens, Joint-Magistrate and Deputy Collector, Moorshedabad, is vested with the powers of a Collector under Act X of 1870

[*Government Gazette*, 5*th September* 1876]

১৮৭৬ সালের ১২ জুলাইর আজ্ঞা রহিত করিয়া এই আজ্ঞা করা গেল। জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত টি, এম, কার্কউড সাহেব যশোহরে অবস্থিত হইলেন।

মুরশিদাবাদের একটিং জজ, শ্রীযুত জে, সি, গেডেস্‌ সাহেব এই মাসের ১৮ তারিখে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে ১৮৭৬ সালের মে মাসের ৩ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৬ সাল ২৩ আগস্ট।—মানভূমের একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত বাবু রাইচরণ ঘোষ ১৮৭৬ সালের ২৭ জুলাইর পূর্ব্বাহ্ণে আপন কর্ম্মের ভার পুনর্গ্রহণ করাতে ঐ মাসের ১০ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৬ সাল ২৪ আগস্ট।—গয়ার ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত বাবু গোপালচন্দ্র দাস, ১৮৭৬ সালের ২০ জুলাইর পূর্ব্বাহ্ণে আপনকর্ম্মের ভার গ্রহণ করাতে ১৮৭৬ সালের জানুআরি মাসের ২৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

১৮৭৬ সাল ২৫ আগস্ট।—কার্য্যোপলক্ষে শ্রীযুত এফ, এম, হ্যালিডে সাহেবের অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত বর্দ্ধমানের একটিং জাইন্ট মাজিষ্ট্রেট ও ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত ডি, ডবলিউ, এম, টেট্রো সাহেব গয়ার মাজিষ্ট্রেট ও কালেক্‌টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত কার্য্যকারকেরা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্‌টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত এম, এস, আলেকজাণ্ডর সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ডবলিউ, আর, লার্ম্মিনি সাহেব।

,, এফ, এম, হ্যালিডে সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত ই, জি, গ্লেজিয়র সাহেব।

,, এ, স্মিথ সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত আর, ডি, হাইম সাহেব।

ছুটী প্রাপ্ত শ্রীযুত আর, ডি, হাইম সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত সি, সি, ষ্টিবন্স সাহেব।

নিম্নলিখিত কার্য্যকারকেরা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেট ও কালেক্‌টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শ্রীযুত ডবলিউ আর, লার্ম্মিনি সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এচ, জে, নিউবেরি সাহে ।

,, আর, ডি, হাইম সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এচ, মোসলী সাহেব।

,, ই, জি, গ্লেজিয়র সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত সি, এফ, মা গ্রাথ সাহেব।

ছুটী প্রাপ্ত শ্রীযুত সি, এফ, মাগ্রাথ সাহেবের পরিবর্ত্তে শ্রীযুত এচ, এস, নীডম সাহেব।

১৮৭৬ সাল ২৮ আগস্ট।—ভারতবর্ষের পক্ষে মহিমবর শ্রীযুত ষ্টেট সেক্রেটারী সাহেব নিম্নলিখিত কার্য্যকারকদিগকে তাঁহাদের নামের পার্শ্বে লিখিত অতিরিক্ত ছুটী দিয়াছেন।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্‌টর শ্রীযুত জি, কে, ওবেবষ্টর সি, এস, সাহেবকে—পীড়ার সর্টিফিকট ক্রমে ছয় মাস।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্‌টর শ্রীযুত আর, এম, ওয়ালর সি, এস, সাহেবকে—পীড়ার সর্টিফিকট ক্রমে তিন মাস।

পোলীসের তৃতীয় শ্রেণীর আসিষ্টান্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জে, এচ, ডবলিউ, ডি, ক্লার্ক সাহেবকে—পীড়ার সর্টিফিকট ক্রমে এক মাস।

ফরীদপুরের ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত টি, ওয়াল্টন সাহেবকে—দুই মাস নিয়মিত ছুটী।

আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্‌টর শ্রীযুত জি, ই, মানিষ্টি সাহেবকে—চিকিৎসকের সর্টিফিকট ক্রমে ছয় মাস।

১৮৭৬ সাল ২৯ আগস্ট।—এই মাসের ৫ তারিখের যে জ্ঞাপনপত্র ২২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তৎপরিবর্ত্তে নিম্নলিখিত সংশোধিত বিজ্ঞাপন দেওয়া গেল।

চট্টগ্রামের পর্ব্বতীয় প্রদেশের একটিং ডেপুটী কমিশ্যনর শ্রীযুত জে, আণ্ডরসন সাহেব ১৮৭৬ সালের ২৬ জুন অবধি ২৩ জুলাই পর্য্যন্ত ও ১ অবধি ৪ আগস্ট পর্য্যন্ত ডেপুটী কমিশ্যনরদের দ্বিতীয় শ্রেণীমতে কর্ম্ম করিয়াছেন।

দ্বারভাঙ্গার একটিং মাজিষ্ট্রেট ও কালেক্‌টর শ্রীযুত এ, পি, মাকডনেল সাহেব আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি অথবা তাহার পর ঐ মাসের ১৫ তারিখে পূর্ব্বে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এ, পি, মাকডনেল সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ভাগলপুরের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত সি, সি, কুইন সাহেব দ্বারভাঙ্গার মাজিষ্ট্রেট ও কালেক্‌টরের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

মুরশিদাবাদের জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্‌টর শ্রীযুত জে, এফ, ষ্টীবন্স সাহেব ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্‌টরের ক্ষমতা পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৫ সেপ্টেম্বর।]

POLICE.—*The 21st August* 1876.—Colonel A. H. Paterson, Deputy Inspector-General of Police, on leave, is appointed temporarily to act as Inspector-General of Police during the absence, on leave, of Mr H Hankey, or until further orders.

Mr A H Giles, District Superintendent of Police, Gya, is allowed leave for one month and eighteen days, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 1st September next

Mr G R K Meares, Assistant Superintendent of Police, Sarun, is appointed to act as District Superintendent of Police, Gya, during the absence, on leave, of Mr A H Giles, or until further orders

EDUCATION —*The 16th August* 1876 —The Executive Engineer of Dacca is appointed to be *ex officio* a member of the District School Committee of that district

The 23rd August 1876 —The following gentlemen are appointed to be members of the District School Committee of Balasore, viz —

Pundit Sirish Chundra Vidyaratna, Deputy Magistrate and Deputy Collector
Baboo Barada Kant Mojumdar, Deputy Magistrate and Deputy Collector
,, Chundra Prosana Dutt, Moonsif
Bhuyan Abdus Soobhan Khan

The 26th August 1876 —Baboo Umakisore Roy, Deputy Inspector of Schools, Julpigoree, is appointed to act, until further orders, in the Second Grade of Deputy Inspectors of Schools, with effect from the date of Syud Abdulla's suspension

The 29th August 1876 —Mr J F Stevens, Joint-Magistrate and Deputy Collector of Moorshedabad, is appointed to be Secretary to the District School Committee of Moorshedabad, *vice* Baboo Lal Mohun Bhattacharjee

MEDICAL —*The 15th August* 1876 —The following gentlemen are appointed to be members of the Committee for the management of the Charitable Dispensary at Kurseong —

Mr G F Flamstead, Tea Planter
,, W Helps, ditto
,, W G Lemesurier, ditto
,, R S C Fraser, ditto
,, A Campbell, ditto
,, Hugh Bell, ditto
,, H M Herrold, ditto

The 25th August 1876 —Assistant Surgeon Mahomed Sudrool Huq, attached to the Mymensingh Charitable Dispensary, is allowed leave for one month and five days, under Section 21 (*d*), 6, Chapter VI of the Civil Leave Code

The 29th August 1876 —Assistant Surgeon Buddyanath Burmuno, Deputy Superintendent of Vaccination, Second Metropolitan Circle, having resumed his duties on the 26th July last, the unexpired portion of the leave granted to him under orders of the 17th June 1876 is cancelled

MARINE —*The 27th July* 1876 —Mr T D Charles, Preventive Officer of Pooree Ports, is appointed to carry out the provisions of Section 43 of Act XII of 1875 (the Indian Ports' Act, 1875,) in those ports

FOREST —*The 25th August* 1876 —Mr J C MacDonnell, Assistant Conservator of the First Grade, is appointed to act in the Third Grade of Deputy Conservators, with effect from the 3rd May 1876

The 29th August 1876 —Mr H H Davis, Assistant Conservator of Forests, Chittagong Division, is allowed leave of absence for three months under Section 22, Chapter VI of the Civil Leave Code

MUNICIPAL —*The 21st August* 1876 —The Lieutenant-Governor is pleased to accept the resignation tendered by Baboo Gopeenath Ghose of his appointment as a Commissioner under Chapter IV of Act V (B C) of 1876 of the station of Sahebgunge, in the district of the Sonthal Pergunnahs

[*Government Gazette*, 5*th September* 1876.]

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২১ আগষ্ট।—শ্রীযুত এচ, হানকী সাহেবের ছুটী প্রযুক্ত অনুপস্থানকালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত পোলীসের ডেপুটী ইনস্পেক্টর জেনরল কর্ণেল শ্রীযুত এ, এচ, পেটরসন সাহেব কিয়ৎকালের নিমিত্তে পোলীসের ইনস্পেক্টর জেনরলের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন। ইনি ছুটী লইয়াছেন।

গয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এ, এচ, আইলস সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি এক মাস আঠার দিন ছুটী পাইয়াছেন।

শ্রীযুত এ, এচ, আইলস সাহেবের ছুটীপ্রযুক্ত অনুপস্থান কালে অথবা অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সারণের পোলীসের আসিষ্টাণ্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত জি, আর, কে, মিয়র্স সাহেব গয়ার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্টের কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

শিক্ষাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৬ আগষ্ট।—ঢাকার একসেকিটিব ইঞ্জিনিয়র সাহেব স্বীয় পদোপলক্ষে ঐ জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২৩ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা বালেশ্বর জিলার স্কুল কমিটীতে নিযুক্ত হইলেন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত পণ্ডিত শ্রীশচন্দ্র বিদ্যারত্ন।

ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু বরদাকান্ত মজুমদার।

মুনসেফ শ্রীযুত বাবু চন্দ্র প্রসন্ন দত্ত।

ভূঁয়ে শ্রীযুত আবদুস্ সুভান খাঁ।

১৮৭৬ সাল ২৬ আগষ্ট।—শ্রীযুত সৈয়দ আবদুল্লার কর্ম্মহইতে স্থগিত হওনের তারিখ অবধি জলপাইগুড়ির স্কুল সমূহের ডেপুটী ইনস্পেক্টর শ্রীযুত বাবু উমাকিশোর রায় অন্য আজ্ঞা না হওন স্কুল সমূহের ডেপুটী ইনস্পেকটরদের দ্বিতীয় শ্রেনীমতে কর্ম্মকরণার্থে নিযুক্ত হইলে।

১৮৭৬ সাল ২৯ আগষ্ট।—শ্রীযুত বাবু লালমোহন ভট্টাচার্য্যের পরিবর্ত্তে মুরশিদাবাদের জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেকটর শ্রীযুত জে, এফ কীবল্স সাহেব মুরশিদাবাদ জিলার স্কুল কমিটীর সেক্রেটরীর পদে নিযুক্ত হইলেন।

চিকিৎসা সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ১৫ আগষ্ট।—নিম্নলিখিত মহাশয়েরা কর্সিয়ঙ্গের দাতব্য ঔষধালয়ের কার্য্যসম্পাদনার্থ কমিটীতে নিযুক্ত হইলেন।

চা-কর শ্রীযুত জি, এফ ফ্লামষ্টেড সাহেব।

,, ,, ডবলিউ, হেল্পস সাহেব।

,, ,, ডবলিউ, জি, লেমেস্তুরিয়র সাহেব।

,, ,, আর, এস, সি, ফ্রেসর সাহেব।

,, ,, এ কাম্বেল সাহেব।

,, ,, হিউ, বেল সাহেব।

,, ,, এচ, এম, হেরলড সাহেব।

১৮৭৬ সাল ২৫ আগষ্ট।—ময়মনসিংহের দাতব্য ঔষধালয়ে নিযুক্ত আসিষ্টাণ্ট সর্জন শ্রীযুত মহম্মদ মুজরুল হক সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ (d) ধারার ৬ প্রকরণমতে এক মাস পাচ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৯ আগষ্ট।—রাজধানীর দ্বিতীয় চক্রের টীকাদান কার্য্যের ডেপুটী সুপরিন্টেণ্ডেণ্ট আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বৈদ্যনাথ বর্ম্মন্ গত জুলাই মাসের ২৬ তারিখে স্বীয় কর্ম্মের ভার পুনঃ-গ্রহণ করাতে ১৮৭৬ সালের জুন মা সর ১৭ তারিখের আজ্ঞামতে যে ছুটী পান তাহার অবশিষ্টাংশ রহিত করা গেল।

সমুদ্র সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৭ জুলাই।—পুরীর অন্তর্গত বন্দর সমূহের মাসুল চুরী নিবারণের কর্ত্তৃপক্ষ শ্রীযুত, টি, ডি চার্লস সাহেব ঐ২ বন্দরে ভারতবর্ষীয় বন্দর বিষয়ক ১৮৭৫ সালের ১২ আইনের ৪৩ ধারার বিধান সকল করণার্থে নিযুক্ত হইলেন।

বনবিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৫ আগষ্ট।—প্রথম শ্রেনীর আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত জে, সি, মাকডনেল সাহেব ১৮৭৬ সালের মে মাসের ৩ তারিখ অবধি ডেপুটী বনরক্ষকদের তৃতীয় শ্রেনী-মতে কর্ম্ম করণার্থে নিযুক্ত হইলেন।

১৮৭৬ সাল ২৯ আগষ্ট।—চট্টগ্রাম খণ্ডের আসিষ্টাণ্ট বনরক্ষক শ্রীযুত এচ, এচ, ডেবিস সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২২ ধারামতে তিন মাস ছুটী পাইয়াছেন।

মুনিসিপল সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২১ আগষ্ট।—শ্রীযুত বাবু গোপীনাথ ঘোষ সাঁওতাল পরগনা জিলার অন্তর্গত সাহেবগঞ্জ মোকামের ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের চতুর্থ অধ্যায়মত কমিশ্যা-নরের পদত্যাগ করণার্থে যে পত্র পাঠান শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা গ্রাহ্য করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৫ সেপ্টেম্বর।]

The 25th August 1876 —Mr T Lyons, Officiating Civil Medical Officer of Noakholly, is appointed to be Vice-Chairman of the Municipality of Noakholly

ECONOMIC MUSEUM —*The 29th August* 1876 —Major R C Money, Officiating Manager of the Durbhunga Estate, is appointed to be a member of the Local Economic Museum Committee of Durbhunga

ROAD CESS —*The 28th August* 1876 —Mr H W J Bamber, District Superintendent of Police, is appointed to be a member of the District Road Cess Committee of Rajshahye, *vice* Colonel Fagan, on leave

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

ROAD CESS NOTIFICATION

DISTRICT OF MOZUFFERPORE

The 15th August 1876 —It is notified, under Section 75 of Act X (B C) of 1871 (the District Road Cess Act), that the Road Cess Committee of the district of Mozufferpore have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year beginning on the 1st of October 1876 at half the maximum rates, and the said rates are published accordingly —

I Three pies, or one pice, on every rupee of the annual value of lands under Part II of the Act

II The following rates on non-agricultural houses and shops, estimated to be of the present value of—

	Yearly Cess Rs	A	P
Not less than Rs 100, but less than Rs 500	0	8	0
„ „ 500, „ 1,000	1	8	0
„ „ 1,000, „ 2,000	2	4	0

Not less than Rs 2,000 and upwards, Re 1-8 for every Rs 1,000 or part thereof of the estimated present value

Shops and buildings used for purposes of trade, whose estimated present value is more than Rs 25 and less than Rs 100, to pay a yearly tax of eight annas

H J REYNOLDS,
Offg Secy to the Govt of Bengal

ROAD CESS NOTIFICATION

DISTRICT OF BHAGULPORE

The 29th August 1876 —It is notified, under Section 75 of Act X (B C) of 1871 (the District Road Cess Act) that the Road Cess Committee of the district of Bhagulpore have, under Section 74 of the Act, determined to levy the cesses under that Act for the cess year running from 1st October 1876 at the following rates —

I Six pies, or two pice, on every rupee of the annual value of lands under Part II of the Act

II The following rates on non-agricultural houses and shops estimated to be of the present value of—

	Yearly Cess Rs	A	P
Not less than Rs 100 but less than Rs 500	1	0	0
„ „ 500 „ „ 1,000	3	0	0
„ „ 1,000 „ „ 2,000	4	8	0

„ „ 2,000 and upwards, Rs 3 for every Rs 1,000, or part thereof, of the estimated present value

Shops and buildings used for purposes of trade whose estimated present value is more than Rs 25 and less than Rs 100 to pay a yearly tax of one rupee If valued at Rs 100 or more, to pay according to the rates above entered

H J REYNOLDS,
Offg Secy to the Govt. of Bengal

[*Government Gazette, 5th September* 1876]

১৮৭৬ সাল ২৫ আগস্ট।—নওবাখালীর একটিং সিবিল চিকিৎসক শ্রীযুত টি, লাবক্স সাহেব নওয়া-খালীর মুনিসিপালিটীর প্রতিনিধিসভাপতির পদে নিযুক্ত হইলেন।

ইকনমিক মিউসিয়ম সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৯ আগস্ট।—দ্বারভাঙ্গা ইষ্টেটের একটিং কার্য্যাধ্যক্ষ মেজর শ্রীযুত আর, সি, মনি সাহেব দ্বারভাঙ্গার ইকনমিক মিউসিয়ম কমিটীতে নিযুক্ত হইলেন।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৬ সাল ২৮ আগস্ট।—কর্ণেল শ্রীযুত ফেগান সাহেব ছুটী লওয়াতে তৎপরিবর্ত্তে পোলীসের ডিষ্ট্রিক্ট সুপরিন্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ, ডবলিউ জে, বাম্বর সাহেব রাজশাহী জিলার পথকর কমিটীতে নিযুক্ত হইলেন।

অর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

মজঃফরপুর জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ১৫ আগস্ট।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। উক্ত আইনে পথকরের যে অত্যুচ্চ হার ধার্য্য হইয়াছে মজঃফরপুর জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি কর আদায়ের চলিত বৎসরে তাহার অর্দ্ধেক হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন। অতএব সেই হার প্রকাশ করা যাইতেছে।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৵৫ এক পয়সা।

২।—কৃষকদের ঘরছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে,—

এইক্ষণকার আনুমানিক মূল্য		বার্ষিক কর।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	৷৷০
৫০০৲ ,,	১০০০৲ ,,	১৷৷০
১০০০৲ ,,	২০০০৲ ,,	২৷০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ১৷৷০ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ৷৷০ আট আনা টাক্স লাগিবে।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ভাগলপুর জিলার
পথকর বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৯ আগস্ট।—প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৫ ধারামতে এই সম্বাদ দেওয়া গেল। ভাগলপুর জিলার পথকর সম্পর্কীয় কমিটী ঐ আইনের ৭৪ ধারানুসারে ১৮৭৬ সালের অক্টোবর মাসের ১ তারিখ অবধি নিম্নলিখিত হারে কর আদায় করিতে স্থির করিয়াছেন।

১।—আইনের দ্বিতীয় অধ্যায়ানুসারে ভূমির যত টাকা বার্ষিক মূল্য ধরা গিয়াছে তাহার উপর টাকা প্রতি ৵১০ দুই পয়সা।

২।—কৃষকদের ঘর ছাড়া অন্য ঘরের ও দোকানের উপর এই হারে—

এইক্ষণকার আনুমানিক মূল্য		বার্ষিক কর।
১০০৲ টাকা অবধি	৫০০৲ টাকা পর্য্যন্ত	১৲
৫০০৲ ,,	১০০০৲ ,,	৩৲
১০০০৲ ,,	২০০০৲ ,,	৪৷৷০

মূল্য ২০০০৲ টাকার কম না হইলে তাহার অধিক যত হউক, সহস্রের কিম্বা তাহার কোন অংশের ৩৲ টাকা।

দোকান ও অন্য যে ঘর ব্যবসায়কার্য্যে ব্যবহার হইয়া থাকে তাহার এইক্ষণকার মূল্য ২৫৲ টাকার অধিক ও ১০০৲ টাকার কম করিয়া ধরা গেলে, তাহার উপর বৎসর ১৲ এক টাকা টাক্স লাগিবে। ১০০ টাকা বা তদধিক মূল্য ধরা গেলে উপরের লিখিত হারে টাক্স দিতে হইবে।

এচ, জে, রেনলডস্‌,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৫ সেপ্টেম্বর।]

NOTIFICATION

The 28th August 1876 —Under Section 2 of the District Road Cess Act, 1871, the Lieutenant-Governor is pleased to direct that the cesses leviable under the said Act shall take effect in the district of Backergunge from the 1st October 1876.

Under Section 70 of the aforesaid Act, the Lieutenant-Governor is pleased to determine that the month in which the District Committee shall meet to prepare estimates of income and expenditure for the cess year commencing on the 1st October 1876, as in the said section provided, shall be September 1876 in the said district

H J REYNOLDS,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

Under Section XXV of the Chota Nagpore Tenures' Act [*Act II* (*B C*) *of* 1869]

The 28th August 1876 —It is hereby notified that the registers of bhuinhari and other tenures in the villages belonging to the marginally-named pergunnahs of the Chota Nagpore estate, Lohardugga district, prepared under the provisions of Section 5 of Act II (B C) of 1869, having been finally revised and corrected in accordance with the decisions and orders of the Special Commissioner and the Commissioner of the Division under the aforesaid Act, have been confirmed by the Commissioner of the Division on the 21st August 1876

Pergunnah	Khukhra,	Part IV	41	villages
	Dewarkhund,	„ I	30	
	Jonah,	„ I	18	
	Tushpore,	I	73	
„	Ormanjh	I	7	
„	Khukhra,	V	68	
			237	

2 It is further declared, agreeably to the provisions of Section 26 of the aforesaid Act, that the confirmation of the Commissioner of the Division notified above having thus been published, the registers shall be conclusive evidence of all matters recorded therein, and from and after this publication of the confirmation of the register relating to any village, no evidence shall be received that any lands in such village not mentioned in such register are of bhuinhari or manjhus tenure

H J REYNOLDS
Offg Secy to the Govt of Bengal

DECLARATION

The 26th August 1876 —Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz for the Seetarampore Station of the East Indian Railway Company in the village of Bhanrah, pergunnah Shergur zillah Burdwan, it is hereby declared that for the above purpose a piece of land measuring, more or less, 3 beeghas 16 cottahs 6 chittacks of standard measurement, bounded on the north by the East Indian Railway Company's land, on the south by Messrs Apcar and Company's and the Beerbhoom Coal Company's lands, on the east by the Beerbhoom Coal Company's land, and on the west by Messrs Apcar and Company's land, is required within the aforesaid village of Bhanrah

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern

H J REYNOLDS,
Offg Secy to the Govt of Bengal

JUDICIAL DEPARTMENT

No 2049C S

The 17th August 1876 —Mr Harry Lee, Assistant Magistrate and Collector, in charge of the Baraset division of the 24-Pergunnahs district, is vested with the powers of a Magistrate of the First Class, with effect from the 6th May 1876

The 21st August 1876 —Baboo Sharoda Prosad Sirkar, Officiating Deputy Magistrate and Deputy Collector who has under separate orders of this date, been appointed to have charge of the Fenny River division of the Noakholly district, is vested with the powers of a Magistrate of the Second Class

[*Government Gazette, 5th September* 1876]

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৮ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব প্রদেশীয় পথকর বিষয়ক ১৮৭১ সালের আইনের ২ ধারামতে এই আজ্ঞা করিলেন। উক্ত আইনমতে যে টাক্স আদায় করিতে হইবে তাহা বাকরগঞ্জ জিলায় ১৮৭৬ সালের অকটোবর মাসের ১ তারিখ অবধি আদায় করা যাইবে।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব উক্ত আইনের ৭০ ধারামতে এই আজ্ঞা করিলেন, ১৮৭৬ সালের অকটোবর মাসের ১ তারিখে করসম্পর্কীয় যে বৎসর আরম্ভ হয়, উক্ত ধারার বিধানমতে সেই বৎসরের আয়ব্যয়ের অনুমানপত্র প্রস্তুত করিবার নিমিত্তে উক্ত জিলার কমিটী ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসে উক্ত জিলায় অধিবিষ্ট হইবেন।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

ছোট নাগপুরের ভূসম্পর্ক বিষয়ক ১৮৬৯ সালের বঙ্গীয় ২ আইনের ২১ ধারামত

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৮ আগষ্ট।—লোহারডগা জিলার অন্তর্গত ছোট নাগপুর মহালের পার্শ্বের লিখিত পরগণার গ্রামের ভুঁইহারি ও অন্যান্য ভূসম্পর্কের যে রেজিস্টর ১৮৬৯ সালের বঙ্গীয় ২ আইনের ৫ ধারার বিধানানুসারে প্রস্তুত করা গেল তাহা উক্ত আইনমতে বিশেষ কমিশ্যনর ও দেশ খণ্ডের কমিশ্যনর সাহেবের নিষ্পত্তি ও আজ্ঞানুসারে চূড়ান্তরূপে সমালোচন ও সংশোধন হওয়াতে ১৮৭৬ সালের আগষ্ট মাসের ২১ তারিখে দেশখণ্ডের কমিশ্যনর সাহেব কর্ত্তৃক দৃঢ় করা গিয়াছে এতদ্দ্বারা ইহা প্রকাশ করা গেল।

পরগনা		খণ্ড		গ্রাম
পরগনা খুখরা	৪	খণ্ড	৪১	গ্রাম।
,, দেওয়ানখণ্ড	১	ঐ	৩০	ঐ।
জোনা	১	ঐ	১৮	ঐ।
রসপুর	১	ঐ	৭৩	ঐ।
ওর্মাঞ্জি	১	ঐ	৭	ঐ।
খুখরা	৫	ঐ	৬৮	ঐ।
			২৩৭	

২। উক্ত আইনের ২৮ ধারার বিধানানুসারে ইহাও প্রকাশ করা গেল, দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের উপরের প্রকাশিত দৃঢ়াকরণের কথা এইরূপ প্রকাশ হওয়াতে ঐ রেজিস্টরের লিখিত সকল বিষয়ে ঐ রেজিস্টরই সিদ্ধান্ত প্রমাণ হইবে। কোন গ্রাম সম্পর্কে এই রেজিস্টরের দৃঢ়ীকরণ প্রকাশ হওনাবধি যে গ্রামের অন্তর্গত ভূমি উক্ত রেজিস্টরে লেখা না থাকে তাহা যে ভুঁইহারী বা মাঝিহাস ভূমি ইহার কোন প্রমাণ গ্রাহ্য হইবে না।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৬ আগষ্ট।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বর্দ্ধমান জিলার অন্তর্গত শেরগড় পরগনার ভামরা গ্রামে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির সীতারামপুর ষ্টেশনের নিমিত্তে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত ভামরা গ্রামে কষ্টিমতে ন্যূনাধিক ৩৮।১।৶ ছটাক পরিমিত এক খণ্ড ভূমির প্রয়োজন। উক্ত ভূমির উত্তর সীমা ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির ভূমি, দক্ষিণ সীমা মেসর্স আপকার এণ্ড কোম্পানির ও বীরভূম কোল কোম্পানির ভূমি, পূর্ব্বসীমা বীরভূম কোল কোম্পানির ভূমি, পশ্চিম সীমা মেসর্স আপকার এণ্ড কোম্পানির ভূমি।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, জে, রেনলডস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

২০৪৯C৪ নম্বর।

১৮৭৬ সাল ১৭ আগষ্ট।—২৪ পরগনা জিলার অন্তর্গত বারাসৎ মহকুমার কর্ম্মের অধ্যক্ষত ভার প্রাপ্ত আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত হারি লী সাহেব ১৮৭৬ সালের মে মাসের ৬ তারিখ অবধি প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

১৮৭৬ সাল ২১ আগষ্ট।—একটিং ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত বাবু শারদা প্রসাদ সরকার অদ্যকার তারিখের স্বতন্ত্র আজ্ঞাক্রমে নওয়াখালী জিলার অন্তর্গত ফেণী নদী মহকুমার অধ্যক্ষতা কার্য্যের ভার গ্রহণার্থে নিযুক্ত হইয়া দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৫ সেপ্টেম্বর।]

The 23rd August 1876 —Baboo Bhugwan Chundra Sen, Second Subordinate Judge, Backergunge, is allowed leave for forty-four days, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 18th proximo

The 25th August 1876 —Moulvi Mahomed Abdul Kadir, Deputy Magistrate and Deputy Collector, in charge of the Jajpore division of the Cuttack district, is vested with the powers of a Magistrate of the First Class

ERRATUM —*The 29th August* 1876 —In the orders of the 14th instant, published in the *Calcutta Gazette* of the 16th idem, granting Baboo Grish Chunder Ghose, Moonsif of Ghosegong, in the district of Mymensingh, privilege leave of absence for one month, *for* "Baboo Grish Chunder Ghose" *read* "Baboo Grish Chunder Roy"

LEAVE OF ABSENCE TO MOONSIFS —*The 23rd August* 1876 —Baboo Sree Nath Pal, B L, Moonsif of Manickgunge, in the district of Dacca, is allowed privilege leave of absence for the ensuing Dusserah vacation, under Section 21, Chapter VI of the Civil Leave Code

The 26th August 1876 —Baboo Chandi Charan Sen, 2nd Moonsif of Manickgunge, in the district of Dacca, is allowed privilege leave of absence for 2 months and 15 days, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 26th September 1876, or from any subsequent date on which he may avail himself of it

The 28th August 1876 —Mr C G Lewis, Moonsif of Purulia, in the province of Chota Nagpore, is allowed privilege leave of absence for a month, under Section 21, Chapter VI of the Civil Leave Code, with effect from the 17th September 1876, or from any subsequent date on which he may avail himself of it, not being later than 25th September

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 25th August 1876 —Under the authority vested in him by Section 3, Act IV (B C) of 1865 (an Act for the prohibition of the practice of inoculation), the Lieutenant-Governor hereby extends the provisions of the said Act to the whole district of Rajshahye, and to the places named below in the districts of Dinagepore and Rungpore, with effect from the 1st September 1876 —

In the Dinagepore District

Thanas Rajarampore, Hubra, Chintamun, Pateeram, Nawabgunj, outpost Ghoraghat

In the Rungpore District

Thanas Molunga, Peergunj, Gobindogunj

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 21st August 1876 —It is hereby notified that under Section 10 of Act V (B C) of 1876 the Lieutenant Governor is pleased, on the recommendation of the Commissioners of the Municipality of Beauleah at a meeting, to order the transfer of the Municipality of Beauleah from the second to the first class

The Lieutenant-Governor is also pleased, under Section 234 of the said Act, to extend to the Municipality of Beauleah the provisions contained in Part VII, Chapter II of that Act, as recommended by the Commissioners of the Municipality at a meeting

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

[*Government Gazette, 5th September* 1876]

১৮৭৬ সাল ২৩ আগষ্ট।—বাকরগঞ্জের দ্বিতীয় সবর্ডিনেট জজ শ্রীযুত বাবু ভগবানচন্দ্র সেন সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি মাসের ১৮ তারিখ অবধি চোয়াল্লিশ দিন ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৫ আগষ্ট।—কটক জিলার অন্তর্গত যাজপুর মহকুমার কার্য্যের অধ্যক্ষতা ভারপ্রাপ্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত মৌলবী মহম্মদ আবদুল কাদির প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটে ক্ষমতা পাইলেন।

অশুদ্ধশোধন।—১৮৭৬ সাল ২৯ আগষ্ট।—এই মাসের ১৪ তারিখের যে আজ্ঞা ২২ তারিখের বাঙ্গলা গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তাহাতে ময়মনসিংহ জিলার অন্তর্গত ঘোষ গাঁয়ের মুনসেফ শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন, "শ্রীযুত বাবু গিরীশচন্দ্র ঘোষ' এই নামের পরিবর্ত্তে "শ্রীযুত বাবু গিরীশচন্দ্র রায়" পাঠ করিতে হইবে।

মুনসেফদের ছুটীর কথা।—১৮৭৬ সাল ২৩ আগষ্ট।—ঢাকা জিলার অন্তর্গত মানিকগঞ্জের মুনসেফ শ্রীযুত বাবু শ্রীনাথ পাল, বি, এল, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে আগামি দুর্গোৎসবের বন্দে অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৬ আগষ্ট।—ঢাকা জিলার অন্তর্গত মানিকগঞ্জের দ্বিতীয় মুনসেফ শ্রীযুত বাবু চণ্ডীচরণ সেন, ১৮৭৬ সালের ২৬ সেপ্টেম্বর অবধি অথবা তাহার পর যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে দুই মাস পনের দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৬ সাল ২৮ আগষ্ট।—ছোটনাগপুর প্রদেশের অন্তর্গত পুরুলিয়ার মুনসেফ শ্রীযুত সি, জি, লুইস সাহেব, ১৮৭৬ সালের ১৭ সেপ্টেম্বর অবধি অথবা তাহার পর ২৫ সেপ্টেম্বরের পূর্ব্বে যে তারিখে ছুটী গ্রহণ করেন তদবধি সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ৬ অধ্যায়ের ২১ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২৫ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের প্রতি বসন্তবীজে টীকাদান নিষেধ করণার্থ ১৮৬৫ সালের বঙ্গীয় ৪ আইনের ৩ ধারামতে যে ক্ষমতা প্রদত্ত হইয়াছে তদনুসারে তিনি উক্ত আইনের বিধান রাজশাহী জিলার সর্ব্বত্র ও দিনাজপুর ও রঙ্গপুর জিলার অন্তর্গত এই২ স্থানে ১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি প্রচলিত করিলেন।

দিনাজপুর জিলার অন্তর্গত

রাজারামপুর ও হত্রা ও চিন্তামন্‌ ও পত্তিরাম ও নবাবগঞ্জ থানায় ও ঘোড়াঘাট ফাঁড়িতে।

রঙ্গপুর জিলার অন্তর্গত

মোলঙ্গ ও পীরগঞ্জ ও গোবিন্দগঞ্জ থানায়।

আর, এল, মাঙ্গেল্‌স,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৬ সাল ২১ আগষ্ট।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোয়ালিয়া মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের পরামর্শক্রমে ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ১০ ধারামতে বোয়ালিয়ার মুনিসিপালিটী দ্বিতীয় শ্রেণীহইতে প্রথম শ্রেণীভুক্ত হইবার আজ্ঞা করিলেন, এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বোয়ালিয়া মুনিসিপালিটীর সভাগত কমিশ্যনরদের পরামর্শানুযায়ি বঙ্গীয় মুনিসিপল বিষয়ক ১৮৭৬ সালের বঙ্গীয় ৫ আইনের ২৩৪ ধারামতে উক্ত আইনের দ্বিতীয় অধ্যায়ের ৭ পরিচ্ছেদের লিখিত সমস্ত বিধান উক্ত মুনিসিপালিটীতে প্রচলিত করিলেন।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

NOTIFICATION.

The 22nd August 1876.—Under Section 7 of the Indian Registration Act VIII of 1871 the Lieutenant-Governor is pleased to appoint Baboo Ramesh Chandra Mookerjee to be Sub-Registrar of Soorool, in the district of Beerbhoom, *vice* Baboo Hurry Mohun Sarkar His Honor is also pleased to transfer the head-quarters of the Soorool Sub-Registry Office from Kacha to Bulpur These changes will take effect on and from the 1st proximo

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 29th August 1876—Under Section 5 of the Indian Registration Act VIII of 1871, the Lieutenant-Governor of Bengal is pleased to create the following registration sub-districts, having the head-quarters and local jurisdiction shown opposite their names The Lieutenant-Governor is also pleased, under Section 7 of the Act, to appoint the persons named below to be Sub-Registrars of the said sub-districts —

DISTRICTS	Names of new sub districts	Head quarters	Thanas included in jurisdiction	Sub Registrars appointed
24-Pergunnahs	Manicknagar	Manicknagar	Habra, Deganga	Baboo Jogendra Chandra Mookerjee, Sub Registrar of Naihati
Ditto	Naihati	Naihati	Naihati	Baboo Peary Mohun Chatterjee

These changes will take effect on and from the 1st September 1876

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION.

The 22nd August 1876—The person, whose descriptive roll is appended, having been found guilty of abstracting court fee stamps from documents filed in the Court of the Moonsif of Baripore and sentenced to three and half years' rigorous imprisonment, is hereby declared disqualified for future employment under Government in any capacity

Descriptive Roll

Name	Father s name	Caste	Age	Height		Description and other distinguishing marks	Native place
				Ft	In		
Vilait Hossain late Mohurir, Baripore Moonsif s Court	Moonshee Enat ullah	Mahomedan	34	5	6	Complexion dark	Village Hyderpore sub-district Bushirhat, district 24 Pergunnahs

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

NOTIFICATION

The 28th August 1876—It is hereby notified that under Section 68 of Act VI (B C) of 1870 (the Village Chowkeedari Act), the Lieutenant-Governor is pleased to extend the provisions of that Act to the district of Bankoora with effect from the 1st October 1876

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

[*Government Gazette, 5th September* 1876]

বিজ্ঞাপন ।

১৮৭৬ সাল ২২ আগষ্ট ।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৭ ধারামতে শ্রীযুত বাবু হরিমোহন সরকারের পরিবর্ত্তে শ্রীযুত বাবু রমেশচন্দ্র মুখোপাধ্যায়কে বীরভূম জিলার অন্তর্গত সুকলের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন। মান্যবর শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব সুকল সব-রেজিষ্টরী আফিসের সদর স্থান কাচাইইতে বলপুরে উঠিয়া যাইবার অনুমতি দিয়াছেন। আগামি মাসের ১ তারিখ অবধি এই নিয়ম চলিবে।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন ।

১৮৭৬ সাল ২৯ আগষ্ট ।—ভারতবর্ষীয় রেজিষ্টরীকরণ বিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারা মতে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব রেজিষ্টরীকরণকার্য্যের নিম্নলিখিত সব-ডিষ্ট্রিক্ট স্থাপন করিয়াছেন। তাহার সদর স্থান ও এলাকা যত দূর ব্যাপ্ত হয় তাহা ঐ সব-ডিষ্ট্রিক্টের নামের পার্শ্বে লেখা গেল। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পূর্ব্বোক্ত আইনের ৭ ধারামতে নিম্নলিখিত ব্যক্তি-দিগকে উক্ত সব-ডিষ্ট্রিক্টের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত করিলেন।

জিলা	নূতন সব ডিষ্ট্রিক্টের নাম	সদর স্থান	এলাকার অন্তর্গত থানা।	নিযুক্ত সব রেজিষ্ট্রার।
২৪ পরগনা	মাণিকনগর	মাণিকনগর	হাবড়া ও দেগঙ্গা	নৈহাটীর সব-রেজিষ্ট্রার শ্রীযুত বাবু যোগেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়।
ঐ	নৈহাটী	নৈহাটী	নৈহাটী	শ্রীযুত বাবু পিয়ারীমোহন চট্টোপাধ্যায়।

১৮৭৬ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখ অবধি এই নিয়ম চলিবে।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন ।

১৮৭৬ সাল ২২ আগষ্ট ।—যে ব্যক্তির বিবরণ নিম্নভাগে লেখা গেল সে বারুইপুরের মুনসেফী আদালতে দাখিল করা দলীলহইতে কোর্ট ফী ইষ্টাম্প গ্রহণ করণের অপরাধি প্রমাণ হইয়া তাহার কঠিন পরিশ্রম সহিত ৩।। বৎসর দণ্ডাজ্ঞা হওয়াতে আর কখন গবর্ণমেণ্টের কর্ম্ম পাইবে না বলিয়া প্রকাশ করা গেল।

বর্ণনাপত্র ।

নাম	পিতার নাম	জাতি	বয়স	উচ্চতা	বর্ণনা ও শরীরের অন্যান্য চিহ্ন	নিবাস স্থান।
বারুইপুরের মুনসেফী আদালতের ভূতপূর্ব্ব মুহরীর শ্রীবিলায়ৎহসেন	মুনুশী এনাৎউল্লা	মুসলমান	৩৪	ফুট ৫ ইঞ্চি ৬	কাল বর্ণ	২৪ পরগনা জিলার অন্তর্গত বসীরহাট মহকুমার ময়দরপুর গ্রাম।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন ।

১৮৭৬ সাল ২৮ আগষ্ট ।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব গ্রাম্য চৌকীদারী বিষয়ক ১৮৭০ সালের বঙ্গীয় ৬ আইনের ৬৮ ধারামতে উক্ত আইনের বিধান ১৮৭৬ সালের ১ অক্টোবর অবধি বাঁকুড়া জিলার প্রচলিত করিলেন এতদ্দ্বারা এই সংবাদ দেওয়া গেল।

আর, এল, মাঙ্গেলস,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৬। ৫ সেপ্টেম্বর।]

NOTIFICATION

The 22nd August 1876 —It is hereby notified for general information that under Section 2, Act II (B C) of 1867 (entitled an Act to provide for the punishment of public gambling and the keeping of common gaming-houses), the Lieutenant-Governor is pleased to authorize the extension of the provisions of the whole of the said Act to the town of Ooterparah, in the district of Hooghly, within the limits of that Municipality

The boundaries of the town for the purposes of this Act shall be the same as those of the Municipality

R L MANGLES,
Offg Secy to the Govt of Bengal

PUBLIC WORKS DEPARTMENT,—BENGAL

ESTABLISHMENT.

The 23rd August 1876

No 285 —*Notification* —Baboo Haran Chunder Bose, Supervisor, Second Grade, joined the Darjeeling Division on the 6th August 1876, before noon

No 286 —*Leave of Absence* —Baboo Behary Lall Mozoomdar, Overseer, Second Grade, attached to the Dinagepore Division, for three months, on medical certificate, under Section 8, Supplement F of the Civil Leave Code

The 24th August 1876

No 287 —Baboo Tara Prosono Mookerjee, Overseer, Third Grade (now Sub-Overseer, Second Grade), attached to the Mozufferpore Division, for two months, on medical certificate, under the above rules, in addition to that already granted* to him

* Bengal Government (Public Works Department) Notification No 250 dated 12th July 1876

The 25th August 1876

No 288 —*Transfer* —Lieutenant-Colonel J D Swayne, s c, Executive Engineer, First Grade, from the Midnapore to the Dinagepore Division

No 289 —*Posting* —Baboo Kristo Chunder Banerjee, Overseer, Frst Grade, transferred from the Irrigation to this branch, is posted to the Patna Division

No 290 —*Transfer* —Baboo Satcowree Chatterjee, Supervisor, Second Grade, from the Circular and Eastern Canals Division to the Western Circle

No 291 —Baboo Rajendronath Mookerjee, Overseer, First Grade, from the Circular and Eastern Canals Division to the North-Western Circle

The 26th August 1876

No 292 —*Leave of Absence* —Lieutenant-Colonel C T Stewart, Superintending Engineer, North-Western Circle, is allowed privilege leave for two months and six days

No 293 —*Appointment* —Mr M P B Ducll, Executive Engineer, First Grade, Patna Division, to officiate as Superintending Engineer of the North-Western Circle in addition to his own duties, during the absence, on privilege leave, of Lieutenant-Colonel C T Stewart, or until further orders

No 295 —*Resignation* —Mr J Smart, Assistant Engineer, Third Grade, attached to the Darjeeling Division, resigned his appointment in the Engineer Establishment in Bengal with effect from the 3rd August 1876

The 28th August 1876

No 296 —*Leave of Absence* —Baboo Jodonath Sen, Supervisor, Second Grade, attached to the Circular and Eastern Canals Division, is allowed three months' privilege leave, under Section 12, Supplement F of the Civil Leave Code

G A D ANLEY, C E,
Offg Asst Secy to the Govt of Bengal, P. W. D

[*Government Gazette*, 5*th September* 1876]

বিজ্ঞাপন।

উক্ত প্রকারের পরিবর্ত্তন যে ক্ষমতানুসারে করা যায় উক্ত প্রত্যেক নোটে সেই ক্ষমতার উল্লেখ থাকিবে।

In preparing the Register space shall be left for the future entry of such notes against each estate

রেজিষ্টর প্রস্তুত করিতে গেলে, প্রত্যেক মহালের নামের পার্শ্বে সেই প্রকারের নোট লিখিবার স্থান রাখিতে হইবে।

Any other changes affecting the entries as they stand in the Register may be recorded in Part I of the Intermediate Register as provided in section eighteen, and a reference shall be made in the General Register against the estate affected to every entry which may be made in the Intermediate Registers recording any such change

রেজিস্টরে যে২ দফার যে কথা লেখা থাকে তাহার অন্য প্রকারের পরিবর্ত্তন হইলে, ১৮ ধারার বিধানমতে তাহা দরমিয়ানী রেজিস্টরের প্রথম খণ্ডে লেখা যাইতে পারিবে এবং দরমিয়ানী রেজিস্টরে তদ্রূপ পরিবর্ত্তনের যে কথা লেখা থাকে সাধারণ রেজিস্টরে সেই মহালের নামের পার্শ্বে ঐ কথার উল্লেখ থাকিবে ইতি।

27 After the General Register of revenue-free lands shall have been prepared, a note shall from time to time be made on such Register against the property affected

Note on General Register of revenue free lands

of every case in which lands entered as revenue-free may be declared liable to assessment, and assessed by competent authority,

of every partition of a revenue-free property into two or more properties,

of every change involving the removal of a revenue-free property from the Part of the Register on which it is borne,

and in every such note reference shall be made to the authority under which the change was made

In preparing the Register space shall be left for the future entry of such notes against each estate

Any other changes affecting the entries as they stand on the Register may be recorded in Part II of the Intermediate Register as provided in section nineteen

২৭ ধারা। নিষ্কর ভূমির সাধারণ রেজিষ্টর প্রস্তুত করা গেলে পর, ঐ রেজিস্টরে যে২ সম্পত্তি লেখা যায় সময়ে২ তাহার নামের পার্শ্বে এই২ কথার নোট লিখিতে হইবে।—

নিষ্কর ভূমির সাধারণ রেজিষ্টরের নোটের কথা।

নিষ্কর বলিয়া যে ভূমি লেখা গেল তাহা রাজস্বের দায়ী বলিয়া নির্ণয় করা গেলে ও উপযুক্ত ক্ষমতাক্রমে তাহার রাজস্ব ধার্য্য হইলে সেই কথা।

নিষ্কর সম্পত্তি ভাগ করিয়া দুই কি তদধিক সম্পত্তি করা গেলে তাহার প্রত্যেক অংশের কথা।

নিষ্কর সম্পত্তি রেজিষ্টরের যে খণ্ডে লেখা থাকে যদ্রূপ পরিবর্ত্তন হেতুক সেই খণ্ডহইতে ঐ সম্পত্তি উঠাইয়া দেওয়া প্রয়োজন হয় সেই পরিবর্ত্তনের কথা।

উক্ত প্রকারের পরিবর্ত্তন যে ক্ষমতানুসারে করা যায় উক্ত প্রত্যেক নোটে সেই ক্ষমতার উল্লেখ করিতে হইবে।

রেজিষ্টর প্রস্তুত করা গেলে প্রত্যেক মহালবিষয়ক দফার পার্শ্বে নোট লিখিবার স্থান রাখিতে হইবে।

রেজিষ্টরে যে২ দফা লেখা থাকে তাহা অন্য প্রকারে পরিবর্ত্তন করা গেলে, ১৯ ধারার বিধানমতে দরমিয়ানী রেজিস্টরের দ্বিতীয় খণ্ডে তাহা লেখা যাইতে পারিবে ইতি।

28 Whenever it shall come to the notice of the Collector that any change has occurred which affects any entry in his Registers, and renders necessary any alteration therein, the Collector, after making such enquiry as may be necessary, shall make such alteration

Collector, after making enquiry, may make change in his Register

২৮ ধারা। কোন বিষয়ের পরিবর্ত্তনপ্রযুক্ত কালেক্টর সাহেবের রেজিষ্টরের লিখিত কোন দফার রূপান্তর হওয়াতে ঐ কথা পরিবর্ত্তন করা আবশ্যক, কালেক্টর সাহেব ইহা অবগত হইলে যদ্রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক তাহা লইয়া উক্ত প্রকারে ঐ দফা পরিবর্ত্তন করিতে পারিবেন,

কালেক্টর সাহেবের অনুসন্ধান লইয়া রেজিষ্টর পরিবর্ত্তন করিতে পারিবার কথা।

Provided that notice shall be given to the recorded proprietors and managers of any estate or revenue-free property before any change is made in any way affecting such estate or property, and to every person whose name the Collector is about to register as proprietor or manager of any estate or revenue-free property, before such registration is effected, and any objections which

পরন্তু কথার যদ্রূপ পরিবর্ত্তন হইলে কোন মহালের কি নিষ্কর সম্পত্তির অবস্থান্তর হইতে পারে, তদ্রূপ পরিবর্ত্তন করার পূর্ব্বে ঐ মহালের কি নিষ্কর সম্পত্তির লিপিবদ্ধ ভূম্যধিকারিদিগকে ও কার্য্যাধ্যক্ষদিগকে, এবং কালেক্টর সাহেব কোন মহালের কি নিষ্কর সম্পত্তির অধিকারি কি কার্য্যাধ্যক্ষ বলিয়া যে ব্যক্তিদের নাম রেজিস্টরী করিতে উদ্যত হন ঐ রেজিস্টরী করণের পূর্ব্বে তাঁহাদিগকেও নোটিস দিতে হইবে। আর

may be made to the proposed change or registration shall be duly considered by the Collector before he orders such change or registration to be made

Collector may in certain cases order name of proprietor to be struck out of the register

29 Whenever it shall appear to the Collector in the course of an enquiry made in respect of an application under section thirty-eight or section forty-two, or otherwise, that any person whose name is recorded in the General Register as proprietor or manager, or joint proprietor or joint manager of an estate or revenue-free property, is no longer in possession of any interest in such estate or property as proprietor or manager, and that the names of other persons have been recorded as proprietors or managers of every portion of the interest in respect of which such proprietor's or manager's name was borne on the Register, the Collector may order the name of such person to be struck out from among the recorded proprietors or managers of such estate or property, and, if required, may grant him a certificate to that effect

Information to be supplied to Collector

30 To enable the Collector more effectually to maintain his registers,

(a) Whenever any competent authority may direct that any estate be transferred from the revenue-roll of one district to that of another, the Collector of the district from the revenue roll of which the estate is to be transferred, shall transmit to the Collector of the district to the revenue-roll of which the transfer is to be made, a copy of all entries in any of the registers relating to the estate to be so transferred, and entries taken from such copy shall be made in the proper registers of the district to which the transfer is made

(b) Whenever the Collector of any district shall make an entry, or any alteration of an entry, in his registers, which will affect any entry required to be made under this Act in any register of another district, such Collector shall transmit to the Collector of such other district copy of such entry as made or as altered, and the Collector to whom such copy is transmitted shall cause the necessary entries, or alteration of entries, to be made in the registers of his district

(c) Every proprietor and manager of an estate or revenue-free property in which any new village may be established, whether under the name of tolah, kismat, or any other designation,

প্রস্তাবিতমতে পরিবর্ত্তন কিম্বা রেজিষ্টরী করণের বিষয়ে কোন আপত্তি করা গেলে, কালেক্টর সাহেব সেই পরিবর্ত্তন হওয়ার কিম্বা রেজিষ্টরী করার আজ্ঞা দেওয়ার পূর্ব্বে, উপযুক্তমতে সেই আপত্তি বিবেচনা করিবেন ইতি।

স্থলবিশেষে রেজিষ্টরহইতে অধিকারির নাম উঠাইয়া দিবার আজ্ঞা করিতে কালেক্টর সাহেবের ক্ষমতার কথা।

২৯ ধারা। সাধারণ রেজিষ্টরী বহীতে কোন মহালের কি নিষ্কর সম্পত্তির ভূম্যধিকারী কি কার্য্যাধ্যক্ষ কি সহাধিকারী কি সহকার্য্যাধ্যক্ষ বলিয়া যাহার নাম লেখা গেল ঐ মহালে কি সম্পত্তিতে ভূম্যধিকারী কি কার্য্যাধ্যক্ষস্বরূপ তাঁহার কোন স্বার্থের আর অধিকার নাই, ও যে স্বার্থের উপলক্ষে ঐ ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের নাম রেজিষ্টরী বহীতে লেখা ছিল, সেই স্বার্থের প্রত্যেক অংশের ভূম্যধিকারী কি কার্য্যাধ্যক্ষ বলিয়া অন্য ব্যক্তিদের নাম লিপিবদ্ধ হইয়াছে, কালেক্টর সাহেব ৩৮ কিম্বা ৪২ ধারামত কোন প্রার্থনাপত্রের উপলক্ষে কিম্বা কারণান্তরে অনুসন্ধান লওন সময়ে ইহা দেখিতে পাইলে, ঐ মহালের কি সম্পত্তির লিপিবদ্ধ ভূম্যধিকারিদের কি কার্য্যাধ্যক্ষদের নামহইতে সেই ব্যক্তির নাম উঠাইয়া দিবার আজ্ঞা করিতে, ও প্রয়োজন হইলে সেই ব্যক্তিকে ঐ মর্ম্মের সর্টিফিকট দিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেবকে সন্ধান জানাইবার কথা।

৩০ ধারা। কালেক্টর সাহেব যেন আপনার সকল রেজিষ্টর আরও সফল রূপে রাখিতে পারেন এই কারণে,—

(ক) উপযুক্ত ক্ষমতাপন্ন কোন কর্ত্তৃপক্ষ কোন মহাল এক জিলার তৌজীহইতে উঠাইয়া অন্য জিলার তৌজীতে লিখিবার আজ্ঞা দিলে, যে জিলার তৌজীহইতে ঐ মহাল উঠাইয়া দেওয়া যাইবে সেই জিলার কালেক্টর সাহেব রেজিষ্টরের মধ্যে ঐ মহালসম্পর্কীয় নানা দফায় যে কথা থাকে তাহা নকল করাইয়া যে জিলার তৌজীতে মহাল লেখা যাইবে সেই জিলার কালেক্টর সাহেবের নিকটে পাঠাইবেন ও সেই নকলহইতে গৃহীত কথা ঐ জিলার উপযুক্ত রেজিষ্টরে লেখা যাইবে।

(খ) কোন জিলার কোন রেজিষ্টরে এই আইনমতে যে দফা লিখিবার আদেশ থাকে অন্য জিলার কালেক্টর সাহেব আপনার রেজিষ্টরী বহীতে কোন দফা লেখাতে কিম্বা লিখিত কোন দফার পরিবর্ত্তন করাতে পূর্ব্বোক্ত দফার কিছু বৈলক্ষণ্য হইলে, শেষোক্ত কালেক্টর সাহেব পূর্ব্বোক্ত জিলার কালেক্টর সাহেবের নিকট আপনার লিখিত কি পরিবর্ত্তিত ঐ দফার নকল পাঠাইবেন, ও যে কালেক্টর সাহেবের নিকট ঐ নকল পাঠান যায় তিনি আপন জিলার রেজিষ্টরের মধ্যে প্রয়োজনমতে ঐ দফা কিম্বা পরিবর্ত্তিত দফা লেখাইবেন,

(গ) কোন মহালের কিম্বা নিষ্কর সম্পত্তির মধ্যে টোলা কি কিসমৎ কিম্বা অন্য কোন নাম ধরিয়া কোন নূতন গ্রাম স্থাপিত হইলে, ঐ মহালের কি সম্পত্তির প্রত্যেক জন ভূম্যধিকারী ও কার্য্যাধ্যক্ষ তৎক্ষণাৎ

shall forthwith give notice to the Collector of the establishment of such new village

Provided that the Board may exempt any district or part of a district from the operation of this clause

(*d*) Every proprietor and manager of an estate or revenue-free property, and any person holding any interest in land, or employed in the management of land, shall be bound, on the requisition of the Collector, to furnish any information required by the Collector for the purpose of preparing, making, or correcting any entry of the particulars specified in sections seven, eight, ten, eleven, twelve, or fifteen, or to show to the satisfaction of the Collector that it is not in his power to furnish the required information

Such requisition shall be made by a notice to be served in the manner prescribed by section fifty, requiring the production of such information before a date mentioned in such notice

Penalties for failing to give notice or furnish information

31 Whoever, being bound by clause (*c*) of the last preceding section to give notice to the Collector of the establishment of any new village, or under clause (*d*) of the said section to furnish any information required by the Collector, shall voluntarily or negligently omit to give such notice or furnish such information, or to show to the satisfaction of the Collector that it is not in his power to furnish such information, shall be liable to such fine as the Collector may think fit to impose, not exceeding one hundred rupees, for such omission, and the Collector may impose such further daily fine as he may think proper, not exceeding fifty rupees, for each day during which such person shall omit to furnish the information required under clause (*d*) after a date to be fixed by the Collector in a notice warning the person required to furnish such information, that such further daily fine will be imposed

Such notice shall be served in the manner prescribed by section fifty, and the date fixed by such notice shall not be less than fifteen days after service thereof

The Collector may proceed from time to time to levy any amount which has become due in respect of any fine imposed under this section notwithstanding that an appeal against the order imposing such fine may be pending

Provided that whenever the amount levied under any such order shall have exceeded five

কালেক্টর সাহেবকে সেই নূতন গ্রাম স্থাপিত হওয়ার নোটিস দিবেন।

কিন্তু বোর্ডের সাহেবেরা এই প্রকরণের বিধানহইতে কোন জিলা কি জিলার কোন অংশ মুক্ত করিতে পারিবেন।

(ঘ) ৭, ৮ ১০, ১১, ১২ কি ১৫ ধারায় যেং বিবরণের কথা আছে, সেহং বিবরণ প্রস্তুত করিবার কি লিখিয়া লইবার কিম্বা তদ্বিষয়ের কোন দফা পরিবর্ত্তন করিবার জন্যে কালেক্টর সাহেবের কোন সন্ধান জানিবার প্রযোজন হইলে, তাঁহার আদেশমতে কোন মহালের কি নিষ্কর সম্পত্তির ভূম্যধিকারির ও কার্য্যাধক্ষের ও ভূমিতে স্বার্থপ্রাপ্ত কিম্বা ভূমির অধ্যক্ষতা কার্য্যে নিযুক্ত কোন ব্যক্তির সেই সন্ধান জানাইতেই হইবে, নতুবা প্রযোজনীয় সেই সন্ধান তাঁহার জানাইবার ক্ষমতা নাই এই কথা কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে দেখাইতে হইবে।

৫০ ধারার নির্দ্দিষ্ট বিধানানুসারে নোটিস দিয়া ঐ নোটিসের উল্লিখিত তারিখের পূর্ব্বে ঐ সন্ধান জানাইবার আদেশ দেওয়া যাইবে ইতি।

নোটিস না দিবার কি সন্ধান না জানাইবার দণ্ডের কথা।

৩১ ধারা। ইহার পূর্ব্ব ধারার (গ) প্রকরণমতে কোন ব্যক্তি কালেক্টর সাহেবের নিকট কোন নূতন গ্রাম স্থাপন হইবার নোটিস দিতে, কিম্বা ঐ ধারার (ঘ) প্রকরণমতে কালেক্টর সাহেবের প্রয়োজনীয় সন্ধান জানাইতে আবদ্ধ হইযা ইচ্ছা করিয়া কিম্বা শৈথিল্যহেতুক সেই নোটিস না দিলে কি সেই সন্ধান না জানাইলে, কিম্বা তাঁহার সেই সন্ধান জানাইবার ক্ষমতা নাই কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে এই কথা না দেখাইলে, তাঁহার সেই কর্ম্ম না করাপ্রযুক্ত কালেক্টর সাহেব এক শত টাকার অনধিক যত অর্থদণ্ড ধার্য্য করা উচিত বোধ করেন তাঁহার তত টাকা অর্থদণ্ড হইতে পাবিবে, ও (ঘ) প্রকরণমতে যে সন্ধানের প্রযোজন থাকে তাহা যে ব্যক্তির প্রতি দিবার আজ্ঞা হয কালেক্টর সাহেব তাঁহাকে নোটিস দিয়া ঐ নোটিসেব উল্লিখিত তাবিখের পর যত দিন ঐ সন্ধান জানান না যায় তত দিন তাঁহার অর্থদণ্ড হইবে বলিযা তাঁহাকে সতর্ক কবাইলে পর, যত দিন তাঁহারা ঐ সন্ধান জানাইতে বিলম্ব হয় কালেক্টর সাহেব দিনপ্রতি আর পঞ্চাশ টাকার অনধিক যে দণ্ড উচিত বোধ করেন তাঁহার তত টাকা দণ্ড ধার্য্য করিতে পারিবেন।

ঐ নোটিস ৫০ ধারার নির্দ্দিষ্ট বিধানমতে দেওযা যাইবে, ও তন্মধ্যে যে তারিখ নিরূপিত থাকিবে তাহা ঐ নোটিস দিবার পর পনের দিনের কম হইবে না।

এই ধারামতে যে অর্থদণ্ড ধার্য্য হয সেই অর্থদণ্ডের আজ্ঞার উপর আপীল হইয়া উপস্থিত থাকিতেও, অর্থদণ্ডহেতুক যে টাকা দেনা হয কালেক্টর সাহেব সময়েং সেই টাকা আদায করিতে পারিবেন।

পরন্তু তদ্রূপ কোন আজ্ঞাক্রমে পাঁচ শত টাকার অধিক আদায হইলে পর কালেক্টর সাহেব দেশ-

hundred rupees, the Collector shall report the case specially to the Commissioner of the Division, and no further levy in respect of such fine shall be made otherwise than by authority of the said Commissioner

খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট সেই এথার বিশেষ রিপোর্ট করিবেন ও উক্ত কমিশ্যনর সাহেব আজ্ঞা না দিলে ঐ অর্থদণ্ডের আর টাকা আদায় হইবে না ইতি ।

When register may be altered on order of Civil Court

32 Whenever any Civil Court makes a decree confirming any transfer of proprietary possession which has already been made in any estate or revenue-free property, or gives effect to any decree transferring any such possession, such Court may order the transfer to be registered in the Registers of the Collector, and the Collector shall register such transfer accordingly

দেওয়ানী আদালতের আজ্ঞামতে রেজিষ্টর পরিবর্তন করিতে পারিবার কথা ।

৩২ ধারা । কোন মহালে কি নিষ্কর সম্পত্তিতে অধিকারিত্ব ভোগ হস্তান্তর করা গেলে পর, কোন দেওয়ানী আদালত সেই হস্তান্তর কার্য্য দৃঢ়ীকরণার্থ ডিক্রী করিলে, কিম্বা তদ্রূপ ভোগ হস্তান্তর করিবার কোন ডিক্রী প্রবল করিলে, ঐ আদালত কালেক্টর সাহেবের রেজিষ্টরী বহীতে ঐ হস্তান্তর হওয়ার কথা রেজিষ্টরী করিবার আজ্ঞা করিতে পারিবেন । ও কালেক্টর সাহেব তদনুসারে ঐ হস্তান্তর হওয়ার কথা রেজিষ্টরী করিবেন ইতি ।

Lands held without payment of rent deemed to be part of certain estates.

33 All lands which are held without payment of rent, not being a revenue-free property entered in the General Register of revenue-free lands, as prescribed by sections ten, eleven, or twelve, and not being a part of any such property, shall, for the purposes of this Act, be deemed to be a part of the estate within the local boundaries of which they are included, and if they are not included within the local boundaries of any one estate, then to be a part of such neighbouring estate as the Collector shall, by an order under his seal and signature, declare

খাজানা না দিয়া যে ভূমি ভোগ হয় তাহা কোন২ মহালের একাংশ বলিয়া জ্ঞান করিবার কথা ।

৩৩ ধারা । যে সকল ভূমি ১০ কি ১১ কি ১২ ধারার বিধানমতে নিষ্কর ভূমির সাধারণ রেজিষ্টরে লিখিত নিষ্কর সম্পত্তি না হইয়া ও তদ্রূপ সম্পত্তির একাংশ না হইয়া নিষ্করূপে ভোগ হইতা থাকে, ঐ ভূমি যে মহালের সীমার অন্তর্গত আছে, এই আইনের কার্য্যপক্ষে সেই মহালের একাংশ বলিয়া জ্ঞান হইবে । ও সেই ভূমি কোন এক মহালের সীমার অন্তর্গত না থাকিলে, কালেক্টর সাহেব আপনার স্বাক্ষর ও মোহর করা আজ্ঞাক্রমে ঐ ভূমি নিকটস্থ যে মহালের একাংশ বলিয়া নির্ণয় করেন সেই মহালের একাংশ বলিয়া গণ্য হইবে ইতি ।

Collector may include any lands in an estate

34 Whenever it shall appear to the Collector that any lands which are not included in any estate as entered in the existing General Register, should be included in any such estate for the purposes of this Act, the Collector shall cause a notice, addressed to the person who is believed to be in possession of such lands, to be served in the manner prescribed by section fifty, and a general notice to be published as prescribed by section forty nine, to the effect that such lands will be so included if no objection be made within one month of the service of the said notice, or such longer period as the Collector may think fit to allow

কোন ভূমি কোন মহালের অন্তর্গত বলিয়া কালেক্টর সাহেবের ধরিতে পারিবার কথা ।'

৩৪ ধারা । কোন ভূমিখণ্ড প্রচলিত সাধারণ রেজিষ্টরে উক্ত কোন মহালের অন্তর্গত বলিয়া ধরা না গেলেও এই আইনের কার্য্যপক্ষে তদ্রূপ কোন মহালের মধ্যে ধরা উচিত, কালেক্টর সাহেব এমত বোধ করিলে, ঐ ভূমি যে ব্যক্তির অধিকারে আছে বলিয়া বোধ হয়, তাঁহার নামে ৫০ ধারার বিধানমতে নোটিস দেওয়াইবেন, ও ৪৯ ধারার বিধানমতে সাধারণ নোটিস প্রচার করাইবেন, তাহার মর্ম্ম এই যে, ঐ নোটিস প্রচার হইবার পর এক মাসের মধ্যে কিম্বা কালেক্টর সাহেব আর সময় দেওয়া উচিত বোধ করিলে সেই সময়ের মধ্যে কোন আপত্তি না করা গেলে ঐ ভূমি উক্ত মহালের অন্তর্গত বলিয়া ধরা যাইবে ।

After the expiration of the said month or other period the Collector shall proceed to enquire into any objections which may have been made, and to pass such order as he may think fit in respect to the inclusion of the said lands in the said estate for the purposes of this Act

কোন আপত্তি উপস্থিত করা গেলে কালেক্টর সাহেব ঐ মাস কিম্বা ঐ অন্য সময় গত হইলে পর সেই আপত্তির অনুসন্ধান লইয়া এই আইনের কার্য্যপক্ষে ঐ মহালের মধ্যে ঐ ভূমি ধরিবার বিষয়ে যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি ।

Collector may register lands as a revenue free estate and call on proprietor to apply for registration

35 Whenever it shall appear to the Collector that any land which is not entered on the General Register as a separate revenue-free property should be entered on the register as such property, he may cause a notice to be served in the manner prescribed by section fifty calling on the person in possession of such land as proprietor or manager to show cause why such land should not be so registered as a revenue-free property, and if, after hearing any objections (which may be preferred within a month of the service of the said notice, or such longer period as the Collector may think fit to allow), and after making such further enquiry as may be necessary, the Collector shall be of opinion that the land should be so registered, he shall enter such land on the General Register as a revenue-free property, and by a notice served as prescribed in section fifty, as well as by a general notice published as prescribed in section forty-nine, shall require every proprietor and manager of such revenue-free property to apply for registration of his name and of the character and extent of his interest as such proprietor or manager, and thereupon every such proprietor and manager shall be deemed, for the purposes of section sixty eight, to be a person who is required by this Act to apply for the registration of his name, and all the provisions of Part IV of this Act, so far as may be practicable, shall apply to every such person

কোন ভূমি নিষ্কর মহাল বলিয়া কালেক্টর সাহেবের রেজিষ্টরী করিবার ও ভূম্যধিকারিকে রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে আজ্ঞা দিবার কথা।

৩৫ ধারা। কোন ভূমিখণ্ড সাধারণ রেজিষ্টরীতে স্বতন্ত্র নিষ্কর সম্পত্তি বলিয়া লেখা না গেলেও কালেক্টর সাহেব সেই রেজিষ্টরে সেইরূপ সম্পাত্তি বলিয়া ঐ ভূমি লেখা উচিত জ্ঞান করিলে, ভূম্যধিকারী কি কার্য্যাধ্যক্ষ বলিয়া যাঁহার অধিকারে ঐ ভূমি থাকে কালেক্টর সাহেব ৫০ ধারার বিধানমতে তাঁহার নামে নোটিস দিয়া, ঐ ভূমিখণ্ড নিষ্কর সম্পত্তি বলিয়া রেজিষ্টরী না করিবার কোন কারণ জানাইতে আজ্ঞা দিবেন। কোন আপত্তি থাকিলে ঐ নোটিস পাইবার পর এক মাসের মধ্যে, কিম্বা কালেক্টর সাহেব আর যত সময় দেওয়া উচিত বোধ করেন সেই সময়ের মধ্যে ঐ আপত্তি উপস্থিত করা যাইতে পারিবে। কালেক্টর সাহেব সেই আপত্তি শুনিলে ও আর যেরূপ সন্ধান লওয়া আবশ্যক হয় তাহা লইলে পর, ঐ ভূমি তদ্রূপে রেজিষ্টরী করা উচিত বোধ করিলে, তিনি সাধারণ রেজিষ্টরের মধ্যে নিষ্কর সম্পত্তি বলিয়া ঐ ভূমি লিখিবেন, এবং ৫০ ধারার বিধানমতে নোটিস দেওয়াইয়া ও ৪৯ ধারার বিধানমতে সাধারণ নোটিস প্রচার করাইয়া ঐ নিষ্কর সম্পত্তির প্রত্যেক জন ভূম্যধিকারিকে ও কার্য্যাধ্যক্ষকে আপনার নাম ও ভূম্যধিকারি ও কার্য্যাধ্যক্ষস্বরূপ আপনার স্বার্থের ভাব ও পরিমাণ রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে আজ্ঞা দিবেন। তাহা হইলে এই আইনমতে নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে যে ব্যক্তিদের প্রতি আদেশ থাকিল, উক্ত প্রত্যেক জন ভূম্যধিকারি ও কার্য্যাধ্যক্ষকে ৬৮ ধারার কার্য্যপক্ষে সেইরূপ ব্যক্তি বলিয়া জ্ঞান হইবে, এবং উক্ত প্রত্যেক ব্যক্তির প্রতি এই আইনের ৪ অধ্যায়ের সকল বিধান যত দূর খাটিতে পারে খাটিবে।

Provided that no such proprietor or manager shall be liable to any fine under section sixty-five, until after the expiration of three months from the date on which the last mentioned notice shall have been served

কিন্তু উক্ত ভূম্যধিকারিকে কি কার্য্যাধ্যক্ষকে শেষোক্ত নোটিস দেওয়া যাইবার তারিখের পর তিন মাস গত না হইলে, তিনি ৬৫ ধারামতে কোন অর্থদণ্ডের দায়ী হইবেন না।

Provided also that no land shall be entered as a revenue-free property in Part I of the General Register of revenue-free lands until the circumstances of the case shall have been reported to the Board, and until the Board shall have sanctioned such entry

আরো বোর্ডের সাহেবদের নিকট সকল ভাবগতিকের রিপোর্ট না হইলে ও বোর্ডের সাহেবেরা রেজিষ্টরী বহীতে ঐ ভূমি লিখিবার অনুমতি না দিলে, কোন ভূমিখণ্ড নিষ্কর সম্পত্তি বলিয়া নিষ্কর ভূমির সাধারণ রেজিষ্টরের প্রথম খণ্ডে লেখা যাইবে না ইতি।

Board to decide what lands to be included in each revenue-free property

36 The Board may decide what revenue free lands shall be included in each revenue-free property to be registered as such under this Act, and may from time to time direct that lands which are borne on the Register as forming

নিষ্কর প্রত্যেক সম্পত্তির মধ্যে যে২ ভূমী ধরা যাইবে ইহা বোর্ডের নির্ণয় করিবার কথা।

৩৬ ধারা। এই আইনমতে নিষ্কর সম্পত্তি বলিয়া যে২ সম্পত্তি রেজিষ্টরী করা যাইবে, তন্মধ্যে নিষ্কর যে২ ভূমি ধরিতে হইবে বোর্ডের সাহেবের তাহা নির্ণয় করিবেন। আর রেজিষ্টরী

one revenue-free property shall be divided and entered on the Register as forming two or more such properties, and may similarly direct that revenue-free lands which are borne on the Register as forming two or more revenue-free properties shall be united, and entered as forming one revenue-free property

The Board may also direct that any lands which are improperly borne upon the General Register of revenue-free lands shall be removed from such Register, or shall be omitted from any new Register of such lands which may be prepared

Collector may serve notice for inclusion of any lands in a revenue free property

37 Whenever it shall appear to the Collector that any land which is not included in any revenue free property entered in the existing General Register, should be included in any such property for the purposes of this Act, the Collector may cause a notice to be served on the person believed to be in possession of such lands in the manner prescribed by section fifty, and a general notice to be published as prescribed by section forty-nine, to the effect that such lands will be so included if no objection be made within one month of the service of the said notice, or such longer period as the Collector may allow

At the expiration of the said month or of such period the Collector shall proceed to enquire into any objections which may have been made, and to pass such order as he may think fit in respect to the inclusion of the said lands in the said property for the purposes of this Act

PART IV

OF THE REGISTRATION AND MUTATION OF NAMES

Proprietor and manager to register within specified time

38 Every proprietor of an estate or revenue free property or of any interest therein respectively, being in possession of such estate property, or interest, at the commencement of this Act,

every joint proprietor of an estate or revenue free property being in charge of such estate or property, or of any interest therein respectively, on behalf of the other proprietors thereof, at the commencement of this Act,

and every person being manager of an estate or revenue-free property, or of any interest therein respectively, on behalf of a proprietor thereof, at the commencement of this Act,

shall, if his name and the character and extent of his interest have not already been registered

বহীতে নিষ্কর একি সম্পত্তি বলিয়া যে২ ভূমি লেখা গেল তাহা বিভক্ত হইয়া রেজিষ্টরে তদ্রূপ দুই কি তদধিক সম্পত্তি বলিয়া লেখা যায়, এবং রেজিষ্টরী বহীতে দুই কি তদধিক নিষ্কর সম্পত্তি বলিয়া যে২ নিষ্কর ভূমিখণ্ড লেখা গেল তাহা সংযুক্ত হইয়া নিষ্কর একি সম্পত্তি বলিয়া লেখা যায়, বোর্ডের সাহেবেরা সময়ে২ এমত আজ্ঞা করিতে পারিবেন।

আরো কোন ভূমি অনুপযুক্তমতে নিষ্কর ভূমির সাধারণ রেজিষ্টরে লেখা থাকিলে, বোর্ডের সাহেবেরা সেই রেজিষ্টরহইতে তাহা উঠাইয়া দিবার কিম্বা ঐ প্রকারের ভূমির যে নূতন রেজিষ্টর প্রস্তুত করা যাইবে তন্মধ্যে ঐ ভূমি না লিখিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

নিষ্কর সম্পত্তির মধ্যে কোন ভূমি ধরিবার নোটিস কালেক্টর সাহেবের প্রচার করিতে পারিবার কথা।

৩৭ ধারা। প্রচলিত সাধারণ রেজিষ্টরে নিষ্কর যে সম্পত্তি লেখা গেল কোন ভূমিখণ্ড তাহার মধ্যে ধরা না গেলেও এই আইনের কার্য্যপক্ষে ঐ সম্পত্তির মধ্যে ধরা উচিত, কালেক্টর সাহেব এমত বোধ করিলে, ঐ ভূমি যাঁহার অধিকারে আছে বলিয়া বোধ হয় তাঁহার নামে ৫০ ধারার বিধানমতে নোটিস দেওয়াইবেন ও ৪৯ ধারার বিধানমতে সাধারণ নোটিস প্রচার করাইবেন। নোটিসের মর্ম্ম এই যে, ঐ নোটিস দেওয়া গেলে পর এক মাসের মধ্যে কিম্বা কালেক্টর সাহেব আর যত সময় দেন সেই সময়ের মধ্যে আপত্তি না করা গেলে ঐ ভূমি সেই প্রকারে ধরা যাইবে।

আপত্তি করা গেলে কালেক্টর সাহেব ঐ মাস কিম্বা উক্ত অন্য সময় গত হইলে পর সেই আপত্তির অনুসন্ধান লইবেন এবং এই আইনের কার্য্যপক্ষে উক্ত সম্পত্তির মধ্যে উক্ত ভূমি ধরিবার বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন তাহাই করিবেন ইতি।

চতুর্থ অধ্যায়।

নাম রেজিষ্টরী ও পরিবর্ত্তন করণ বিষয়ক বিধি।

নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ভূম্যধিকারির ও কার্য্যাধ্যক্ষের রেজিষ্টরী করিবার কথা।

৩৮ ধারা। কোন মহালের কি সম্পত্তির কি স্বার্থের অধিকার প্রাপ্ত কোন ব্যক্তি এই আইন প্রচলিত হওন সময়ে কোন মহালের কিম্বা নিষ্কর সম্পত্তির, কিম্বা ঐ মহালে কি সম্পত্তিতে কোন স্বার্থের ভূম্যধিকারী হইলে,

ও কোন মহালের কি নিষ্কর সম্পত্তির কোন সহ-ভূম্যধিকারী এই আইন প্রচলিত হওন সময়ে অন্য ভূম্যধিকারিদের সপক্ষে ঐ মহালের কি সম্পত্তির কি তদ্গত কোন স্বার্থের অধ্যক্ষতাপ্রাপ্ত হইলে,

ও কোন ব্যক্তি এই আইন প্রচলিত হওনসময়ে কোন মহালের কি নিষ্কর সম্পত্তির কিম্বা তদ্গত কোন স্বার্থের কোন ভূম্যধিকারির সপক্ষে ঐ মহাল প্রভৃতির কার্য্যাধ্যক্ষ হইলে,

তাঁহার নাম ও তাঁহার স্বার্থের ভাব ও পরিমাণ পূর্ব্বে রেজিষ্টরী করা না গিয়া থাকিলে, ঐ মহাল কি সম্পত্তি

make application in the manner hereinafter provided for the registration of his name and of the character and extent of his interest as such proprietor, or manager, to the Collector of the district on the General Register of which such estate or property is borne, or to any other officer who may have been empowered by the Collector to receive such application, within such time as the Lieutenant Governor may fix as hereinafter provided

39. The Lieutenant-Governor shall, within six months from the commencement of this Act, fix for each district the date or dates before which such proprietors and managers, being in possession of estates or revenue-free properties, or of any interest therein respectively at the commencement of this Act, shall be required to apply for registration of their names, and of the character and extent of their interests, under the last preceding section, and may at any time alter any date so fixed, provided that no date so fixed shall be later than five years after the said commencement

Lieutenant Governor may fix date before which proprietor and manager must apply for registration

40 The Lieutenant-Governor may in any district, for the purposes of the last preceding section, fix different dates in respect of estates and revenue free properties, or in respect of different classes of estates and revenue free properties, or in respect of different portions of the district

Lieutenant-Governor may fix different dates in respect of different estates

Provided that no person shall incur any penalty or disability under this Act for failure to apply for registration of his name as such proprietor or manager as aforesaid, until after the lapse of six months from the date on which the notice prescribed by the next succeeding section shall have been published in respect of his estate or property, or in respect of the class of estates or revenue-free properties within which his estate or property falls, or in respect of the portion of the district in which his estate or revenue-free property is situated

41 Every date fixed by the Lieutenant-Governor as provided in the two last preceding sections shall be published by a notice in the *Calcutta Gazette*,

Publication of date fixed by Lieutenant Governor

and also by notices to be posted up

at the Court or office of the Judge, the Magistrate, and the Collector of the district, in respect of which such date is fixed,

যে জিলার সাধারণ রেজিষ্টরে লেখা থাকে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব পশ্চাৎ লিখিত বিধানমতে যে সময় নির্দ্ধার্য্য করেন সেই সময়ের মধ্যে সেই জিলার কালেক্টর সাহেবের নিকট, কিম্বা কালেক্টর সাহেব অন্য যে কার্য্যকারকের প্রতি প্রার্থনাপত্র গ্রাহ্য করিবার ক্ষমতা প্রদান করেন তাঁহার নিকট, উক্ত ভূম্যধিকারি কি কার্য্যাধ্যক্ষস্বরূপ আপনার নাম ও আপন স্বার্থের ভাব ও পরিমাণ রেজিষ্টরী করাইবার জন্যে নিম্নলিখিত বিধানমতে প্রার্থনা করিবেন ইতি ।

৩৯ ধারা । এই আইন প্রচলিত হওনসময়ে মহালের কিম্বা নিষ্কর সম্পত্তির কিম্বা তদগত কোন স্বার্থের অধিকার প্রাপ্ত উক্ত ভূম্যাধিকারিরা ও কার্য্যাধ্যক্ষেরা ইহার পূর্ব্বধারামতে যে বা যে২ তারিখে আপনাদের নাম ও আপন২ স্বার্থের ভাব ও পরিমাণ রেজিষ্টরী করাইবার জন্যে প্রার্থনা করিবেন, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব এই আইন প্রচলিত হইবার সময়াবধি ছয় মাসের মধ্যে এক২ জিলার উপলক্ষে সেই বা সেই২ তারিখ নিরূপণ করিবেন, ও কোন সময়ে উক্ত কোন তারিখ পরিবর্ত্তনও করিতে পারিবেন, কিন্তু এই আইন প্রচলিত হইবার সময়াবধি পাঁচ বৎসরের গৌণ কোন তারিখ উক্ত প্রকারে নির্দ্ধারিত হইবে না ।

ভূম্যধিকারী ও কার্য্যাধ্যক্ষ যে তারিখের পূর্ব্বে রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিবেন শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের সেই তারিখ নির্ণয় করিবার কথা ।

৪০ ধারা । শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেব ইহার পূর্ব্ব ধারার কার্য্যপক্ষে কোন জিলার অন্তর্গত নানা মহালের ও নিষ্কর সম্পত্তির, কিম্বা নানা শ্রেণীর মহালের ও নিষ্কর সম্পত্তির, কিম্বা একি জিলার ভিন্ন২ অংশের নিমিত্ত, ভিন্ন২ তারিখ নির্দ্ধার্য্য করিতে পারিবেন ।

ভিন্ন২ মহালে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ভিন্ন২ তারিখ নিরূপণ করিবার কথা।

কিন্তু কোন ব্যক্তির মহালের কি সম্পত্তির বিষয়ে, কিম্বা তাঁহার মহাল কি সম্পত্তি মহালের কি নিষ্কর সম্পত্তির যে শ্রেণীর মধ্যে আইসে সেই শ্রেণীর বিষয়ে, কিম্বা তাঁহার মহাল কি নিষ্কর সম্পত্তি জিলার যে অংশের অন্তর্গত থাকে সেই অংশের বিষয়ে ইহার পশ্চাৎ ধারার নির্দ্দিষ্ট নোটিস প্রচার হইবার তারিখঅবধি ছয় মাস গত না হইলে, তিনি পূর্ব্বোক্ত ভূম্যধিকারি কি কার্য্যাধ্যক্ষস্বরূপ আপনার নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা না করিলেও এই আইনমতে তাহার কোন দণ্ড কি অক্ষমতা ঘটিবে না ইতি ।

৪১ ধারা । শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ইহার পূর্ব্ব দুই ধারার বিধানমতে যে২ তারিখ নির্দ্দেশ করেন, তাহা কালকাতা গেজেটে নোটিস দিয়া,

শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নির্দ্ধারিত তারিখ প্রচার করিবার কথা ।

এবং যে জিলার উপলক্ষে ঐ তারিখ নির্দ্ধারিত হয়, সেই জিলার জজ সাহেবের ও মাজিষ্ট্রেট সাহেবের ও কালেক্টর সাহেবের আদালতে বা কাছারীতে,

at the Court or office of every Munsif, Sub-divisional Officer, and Sub-Registrar of Assurances in such district,

and at every Police Station in such district,

and by proclamation to be made by beat of drum at the head-quarters of such district, and in every place in which a sub-divisional office is situated, and in such other places as the Lieutenant-Governor may direct

The officer in charge of every court, office, and police station at which a notice is required to be posted up under this section, shall certify to the Collector the date on which the notice was so posted up at his court, office, or police station, and the latest date so certified shall be deemed to be the date of publication of the notice for the purposes of the two last preceding sections.

Persons succeeding to proprietary right in or management of estates to give information within six months

42. Every person succeeding after the commencement of this Act to any proprietary right in any estate or revenue-free property, whether by purchase, inheritance, gift, or otherwise,

every joint proprietor of an estate, or revenue-free property, assuming charge after such commencement of such estate or property, or of any interest therein respectively, on behalf of the other proprietors thereof,

and every person assuming charge after such commencement of any estate or revenue-free property, or of any interest therein respectively, as manager,

shall, within six months from the date of such succession or assumption of charge, make application in the manner hereinafter provided to the Collector of the district on the General Register of which such estate or property is borne, or to any other officer who may have been empowered by such Collector to receive such applications, for registration of his name and of the character and extent of his interest as such proprietor or manager

Lieutenant Governor may exempt certain proprietors from obligations imposed by this Act

43 Notwithstanding anything contained in section thirty eight or the last preceding section, the Lieutenant-Governor may in any district exempt proprietors and managers of all or any estates which are liable to pay less than twenty rupees of land

এবং ঐ জিলার অন্তর্গত প্রত্যেক মুনসেফের ও মহকুমার কর্তৃপক্ষের ও নিদর্শনপত্রের সব-রেজিষ্ট্রারের আদালতে কি কাছারীতে

ও ঐ জিলার প্রত্যেক পোলীস থানার নোটিস লাগাইয়া দিয়া,

এবং ঐ জিলার সদর মোকামে ও যে২ স্থানে মহকুমার কাছারী থাকে সেই২ স্থানে ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব অন্য যে২ স্থানের আজ্ঞা করেন সেই২ স্থানে ঢেঁডরা দিয়া ঘোষণা করিয়া ঐ নোটিস প্রচার করা যাইবে।

এই ধারামতে যে২ আদালতে ও কাছারী ঘরে ও পোলীস থানায় নোটিস লাগাইয়া দিবার আজ্ঞা হইল, সেই আদালতে কি কাছারীঘরে কি পোলীস থানায় ঐ নোটিস যে২ তারিখে লাগাইয়া দেওয়া যায়, সেই২ আদালত প্রভৃতির কর্তৃপক্ষ কালেক্টর সাহেবের নিকট ঐ তারিখের সর্টিফিকট দিবেন। তদ্রূপে শেষ যে তারিখের সর্টিফিকট দেওয়া যায় ইহার পূর্ব্ব দুই ধারার কার্য্যপক্ষে সেই তারিখ ঐ নোটিস প্রচার হইবার তারিখ বলিয়া জ্ঞান হইবে ইতি।

কোন ব্যক্তি উত্তরাধিকারিত্বক্রমে মহালের অধিকারিত্ব স্বত্ব কি কার্য্যাধ্যক্ষতা প্রাপ্ত হইলে পর ছয় মাসের মধ্যে তাহার সন্ধান জানাইতে হইবার কথা।

৪২ ধারা। এই আইন প্রচলিত হইবার পর কোন ব্যক্তি ক্রয়করণদ্বারা কি উত্তরাধিকারিত্ব কি দানক্রমে কি প্রকারান্তরে কোন মহালে কিম্বা নিষ্কর কোন সম্পত্তিতে অধিকারিত্ব স্বত্ব প্রাপ্ত হইলে তিনি,

ও এই আইন প্রচলিত হইবার পর কোন মহালের কি নিষ্কর সম্পত্তির কোন সহ ভূম্যধিকারী অন্য ভূম্যধিকারিদের পক্ষে ঐ মহালের কি সম্পত্তির কিম্বা তদ্গত কোন স্বার্থের অধ্যক্ষতা কার্য্য গ্রহণ করিলে তিনি,

ও এই আইন প্রচলিত হইবার পর কোন ব্যক্তি কার্য্যাধ্যক্ষস্বরূপ কোন মহালের কি নিষ্কর সম্পত্তির কিম্বা তদগত কোন স্বার্থের অধ্যক্ষতা ভার গ্রহণ করিলে, তিনি

ঐ অধিকারিত্ব প্রাপণের কি অধ্যক্ষতা গ্রহণের তারিখ অবধি ছয় মাসের মধ্যে ভূম্যধিকারি কি কার্য্যাধ্যক্ষস্বরূপ আপনার নাম ও আপন স্বার্থের ভাব ও পরিমাণ রেজিষ্টরী করাইবার নিমিত্তে, ঐ মহাল কি সম্পত্তি যে জিলার সাধারণ রেজিষ্টরে লেখা থাকে সেই জিলার কালেক্টর সাহেবের নিকট, কিম্বা কালেক্টর সাহেব অন্য যে কার্য্যকারককে এই প্রকারের প্রার্থনাপত্র গ্রাহ্য করিবার ক্ষমতা প্রদান করেন তাঁহার নিকট প্রার্থনা করিবেন ইতি।

এই আইনের অবধারিত কোন২ কার্য্যহইতে কোন২ ভূম্যধিকারিদিগকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মুক্ত করিবার কথা।

৪৩ ধারা। ৩৮ ধারায় কিম্বা ইহার পূর্ব্ব ধারায় ভাবান্তরের কথা থাকিলেও এই আইনে নাম রেজিষ্টরী করাইবার জন্যে প্রার্থনা করিতে হইবার যে বিধান আছে, কোন জিলায় যে মহালের বৎসর বিশ টাকার

revenue annually, and proprietors and managers of all or any revenue-free properties which consist of less than fifty acres of land, from the obligations imposed by this Act in respect of applying for registration of their names and may at any future time withdraw such exemption and require such proprietors and managers to register their names

কম রাজস্ব ধার্য্য আছে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই সকল কি তন্মধ্যে কোন২ মহালের ভূম্যধিকারিদিগকে ও কার্য্যাধ্যক্ষদিগকে, এবং নিষ্কর যে সম্পত্তির পরিমাণ পঞ্চাশ একরের কম হয় সেই সকল কিম্বা তন্মধ্যে কোন২ সম্পত্তির অধিকারিদিগকে ও কার্য্যাধ্যক্ষদিগকে ঐ বিধানহইতে মুক্ত করিতে পারিবেন, ও তৎপশ্চাৎ কোন সময়ে ঐ মুক্তির আজ্ঞা রহিত করিয়া ঐ ভূম্যধিকারিদিগকে ও কার্য্যাধ্যক্ষদিগকে আপন২ নাম রেজিষ্টরী করাইবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Mortgagee may apply for registration

44 Every person who holds a mortgage of any proprietary right in any estate may apply to the Collector for registration of his name as such mortgagee, and of the interest in respect of which he is such mortgagee, and in such application shall specify whether he or the mortgagor is in possession On receipt of such application the Collector shall proceed, as far as possible, according to the manner hereinafter prescribed in respect of applications for registration as proprietor

রেজিষ্টরী করাইবার জন্যে বন্ধক গ্রহীতার প্রার্থনা করিবার কথা।

৪৪ ধারা। কোন ব্যক্তি কোন মহালে বন্ধকক্রমে কোন অধিকারিত্ব স্বত্ব প্রাপ্ত হইলে, তিনি কালেক্টর সাহেবের নিকট ঐ বন্ধক গ্রহীতাস্বরূপ আপনার নাম ও যে স্বার্থের উপলক্ষে তিনি তদ্রূপে বন্ধক গ্রহীতা হন সেই স্বার্থ রেজিষ্টরী করাইবার জন্যে প্রার্থনা করিতে পারিবেন। আর ঐ মহাল তাঁহারই বা বন্ধকদাতার অধিকারে আছে ঐ দরখাস্তে এই কথা বিশেষ করিয়া লিখিবেন। ভূম্যধিকারিস্বরূপ নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা হইলে নিম্নভাগে কার্য্য করিবার যে বিধান লেখা যাইতেছে, কালেক্টর সাহেব উক্ত প্রার্থনাপত্র পাইলে সাধ্যানুসারে সেই বিধানমতে কার্য্য করিবেন ইতি।

Presentation of application

45 Any application for registration under this Act may be presented by the applicant or by some person duly authorized by him in that behalf

প্রার্থনাপত্র উপস্থিত করিবার কথা।

৪৫ ধারা। প্রার্থক আপনি কিম্বা এতৎ কার্য্যপক্ষে তাঁহার স্থানে নিয়মিতরূপে ক্ষমতা প্রাপ্ত কোন ব্যক্তি এই আইনমতে রেজিষ্টরী করাইবার প্রার্থনাপত্র উপস্থিত করিতে পারিবেন ইতি।

Manager to specify extent of interest of each person for whom he manages

46 If the applicant under section thirty-eight or section forty-two is a joint proprietor in charge as aforesaid, or a manager, he shall in his application specify the name of the person or persons on behalf of whom he is in such charge or on behalf of whom he is manager, and the character and extent of the interest of every such person

কার্য্যাধ্যক্ষ যে২ ব্যক্তিদের নিমিত্ত কার্য্যাধ্যক্ষতা করেন তাঁহাদের স্বার্থের পরিমাণ তাঁহার স্পষ্ট করিয়া লিখিতে হইবার কথা।

৪৬ ধারা। ৩৮ কিম্বা ৪২ ধারামতে যে ব্যক্তি প্রার্থক হন, তিনি পূর্ব্বোক্তমতে অধ্যক্ষতা ভার প্রাপ্ত সহ ভূম্যধিকারী কি কার্য্যাধ্যক্ষ হইলে যে ব্যক্তির কি ব্যক্তিদের পক্ষে তদ্রূপে অধ্যক্ষতা করিতেছেন কিম্বা কার্য্যাধ্যক্ষ হন, আপনার প্রার্থনাপত্রে তাঁহার কি তাঁহাদের নাম ও তাঁহাদের প্রত্যেক জনের স্বার্থের ভাব ও পরিমাণ বিশেষ করিয়া লিখিবেন ইতি।

If application is for registration as manager, appointed by authority, Collector shall register name of applicant on proof of appointment

47 If the application under section thirty-eight or section forty-two be for registration of the name of the applicant as manager appointed by the Collector, the Court of Wards, or by any Civil or Criminal Court, the Collector shall register the name of the applicant, on proof being produced to his satisfaction that the applicant has been so appointed to be such manager

কোন কর্তৃপক্ষের আজ্ঞামতে নিযুক্ত কার্য্যাধ্যক্ষস্বরূপ নাম রেজিষ্টরীকরাইতে প্রার্থনা করিলে, তাঁহার নিযুক্ত হওয়ার প্রমাণ দেখিলে কালেক্টর সাহেবের রেজিষ্টরী করিবার কথা।

৪৭ ধারা। প্রার্থক ৩৮ কি ৪২ ধারামতে কালেক্টর সাহেবের কিম্বা কোর্টওয়ার্ডস কিম্বা কোন দেওয়ানী কি ফৌজদারী আদালতের নিযুক্ত কার্য্যাধ্যক্ষস্বরূপ আপনার নাম রেজিষ্টরী করাইবার জন্যে প্রার্থনা করিলে, প্রার্থক সেই প্রকারে কার্য্যাধ্যক্ষ হওনার্থে নিযুক্ত হইয়াছেন, কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ দেখাইলে, তিনি প্রার্থকের নাম রেজিষ্টরী করিয়া দিবেন ইতি।

Notice to objectors

48 If the application be for registration otherwise than as manager appointed as mentioned in the last preceding section, and if it sets forth circumstances which would justify the Collector in registering the name of the person whose name is required to be registered, or if after further enquiry the Collector considers that such circumstances exist, he shall issue a notice requiring all persons who object to the registration of the name of the person whose name is required to be registered, or who dispute the character or extent of the interest in respect of which it is required to be registered, to give in a written statement of their objections, and to appear on a day to be specified in such notice, not being less than one month from the date of the publication thereof

আপত্তিকারকদের নামে নোটিসের কথা।

৪৮ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে নিযুক্ত কার্য্যাধ্যক্ষস্বরূপ না হইয়া অন্য প্রকারে রেজিষ্টরী করাইবার প্রার্থনাপত্র হইলে, ও যে ব্যক্তির নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা হয় কালেক্টর সাহেব তাঁহার নাম যাহাতে ন্যায্যমতে রেজিষ্টরী করিতে পারেন ঐ প্রার্থনাপত্রের মধ্যে এমত কোন ভাবগতিক ব্যক্ত থাকিলে, অথবা আর অনুসন্ধান লইলে পর কালেক্টর সাহেব তদ্রূপ ভাবগতিক আছে বলিয়া জ্ঞান করিলে, তিনি নোটিস প্রচার করিয়া যে ব্যক্তির নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা হইল তাঁহার নাম রেজিষ্টরী করণ বিষয়ে যাঁহাদের আপত্তি থাকে, কিম্বা স্বার্থের যে ভাব কি পরিমাণ ধরিয়া ঐ নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা করা গেল তদ্বিষয়ে যাঁহারা প্রতিবাদ করেন তাঁহাদিগকে আপনাদের আপত্তিসূচক বর্ণনাপত্র লিখিয়া দিতে, এবং ঐ নোটিস প্রচার করিবার তারিখ অবধি এক মাসের অন্যূন ঐ নোটিসের নিরূপিত কোন দিনে তাহাদিগকে উপস্থিত হইতে আজ্ঞা করিবেন ইতি।

Publication of notice

49 Such notice shall be published by affixing a copy of the same on or at all the following places —

(*a*) the zamindari kutchery (if any) of the estate or other place at which the rents are ordinarily received,

(*b*) some conspicuous place in at least one village appertaining to the estate to which the application relates, and if the estate comprises lands situated in more than one local division, then in at least one village in each local division containing such lands,

(*c*) the office or Court of every Collector, Sub-divisional Officer, Judge, and Munsif, within whose jurisdiction, and every police station within the jurisdiction of which any of the lands to which the application relates are known to be situated

ঐ নোটিস প্রচার করিবার কথা।

৪৯ ধারা। নিম্নলিখিত সকল স্থানে ঐ নোটিসের নকল লাগাইয়া নোটিস প্রচার করা যাইবে।

(ক) মহালের জমীদারী কাছারি থাকিলে সেই কাছারীতে কিম্বা অন্য যে স্থানে খাজানা সচরাচর আদায় হওয়া থাকে সেই স্থানে।

(খ) প্রার্থনাপত্র যে মহাল সম্পর্কীয় হয় সেই মহাল সংক্রান্ত ন্যূনকল্পে এক গ্রামের কোন প্রকাশ স্থানে আর সেই মহালের ভূমি স্থানীয় দুই কি তদধিক খণ্ডের অন্তর্গত থাকিলে সেই২ খণ্ডের অন্তর্গত ন্যূনকল্পে এক গ্রামে।

(গ) প্রার্থনাপত্র যে২ ভূমি সম্পর্কীয় হয় তন্মধ্যে কোন ভূমি যে কালেক্টর সাহেবের কিম্বা মহকুমার যে কর্ত্তৃপক্ষের ও যে জজ সাহেবের ও মুনসেফের এলাকার মধ্যে ও যে পোলীস থানার এলাকার মধ্যে থাকে বলিয়া জানা আছে, তাঁহাদের কাছারী ঘরে কি আদালত ঘরে ও সেই পোলীস থানায় ইতি।

Notice to transferor

50 If the application alleges that the applicant has acquired possession of the interest in respect of which he applies to be registered by transfer from any living person a copy of such notice shall be served on the alleged transferor by tendering to the person to whom it may be directed a copy thereof attested by the Collector, or by delivering such copy at the usual place of abode of such person, or to some adult male member of his family, or in case it cannot be so served, by posting such copy upon some conspicuous part of the usual or last known place of abode of such person

হস্তান্তরকারির নামে নোটিসের কথা।

৫০ ধারা। প্রার্থক যে স্বার্থ সম্পর্কে রেজিষ্টরী হইবার প্রার্থনা করেন, কোন জীবৎমান ব্যক্তির হস্তান্তরকরণ দ্বারা সেই স্বার্থের অধিকার প্রাপ্ত হইয়াছেন প্রার্থনাপত্রে এই কথা লেখা থাকিলে, কালেক্টর সাহেবের স্বাক্ষরযুক্ত সেই নোটিসের নকল যাঁহার নামে দেওয়া যায় তাঁহাকেই কিম্বা তাঁহার নিয়ত বাস স্থানে কিম্বা তাঁহার পরিবারের বয়ঃপ্রাপ্ত কোন পুরুষকে দিয়া ঐ নোটিস কথিত হস্তান্তরকারিকে দেওয়া যাইবে। তদ্রূপে দেওয়া যাইতে না পারিলে, ঐ ব্যক্তির শেষ বাসস্থান বলিয়া যে স্থান জানা আছে কি বোধ হয় সেই স্থানের কোন প্রকাশ স্থানে ঐ নকল লাগাইয়া দেওয়া যাইবে।

[*Government Gazette, 5th September* 1876]

In case such notice cannot be served in any of the ways hereinbefore mentioned, it shall be served in such way as the Collector issuing such notice may direct

No fees or other costs shall be payable by the applicant in respect of the service or publication of the notice prescribed by this and the last preceding section

51 No irregularity or omission in the publication or service of notice as required by the three last preceding sections shall affect the validity of any proceedings under this Act, unless it is proved to the satisfaction of the Collector that some material injury was caused by such irregularity or omission

Irregularity in publication or service of notice not to affect validity of proceedings.

52 On the day fixed in the notice issued under section forty-eight, or as soon thereafter as possible, the Collector shall consider any objections which may be advanced, and make such further enquiry as appears necessary to ascertain the truth of the alleged possession of, succession to, or transfer of the estate, revenue free property, or interest therein, in respect of which registration is applied for, and if it appears to the Collector that the possession exists,

Enquiry by Collector

or that the succession or transfer has taken place, and that the applicant has acquired possession in accordance with such succession or transfer,

but not otherwise,

the Collector shall order the name of the applicant to be registered in the proper Registers as proprietor or manager of the said estate, revenue-free property, or interest therein

Provided that any person to whom any proprietary right in an estate has been mortgaged, may be registered as mortgagee, whether he be in actual possession or otherwise

53 For the purpose of the enquiry mentioned in the last preceding section, and of every enquiry held under this Act, the Collector may summon and enforce the attendance of witnesses and compel them to give evidence, and compel the production of documents by the same means, and, as far as possible, in the same manner, as is provided in the case of a Civil Court by the Code of Civil Procedure

Power to summon witnesses and compel production of documents

পূর্ব্বোক্ত কোন এক প্রকারে ঐ নোটিস দেওয়া যাইতে না পারিলে, যে কালেক্টর সাহেব নোটিস প্রচার করিলেন তিনি যে উপায় দেখাইয়া দেন সেই উপায়ে নোটিস দেওয়া যাইবে।

এই ধারার কিম্বা ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট নোটিস দিবার ও প্রচার করিবার জন্যে প্রার্থকের কোন ফী কি অন্য খরচ লাগিবে না ইতি।

৫১ ধারা। ইহার পূর্ব্ব তিন ধারার আদেশমতে নোটিস প্রচার করণে কি দেওনে দাঁড়ার কোন ব্যতিক্রম কি ত্রুটি হইলেও সেই বেদাঁড়ার কর্ম্ম কি ত্রুটি দ্বারা কোন গুরুতর হানি হইল কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে ইহার প্রমাণ না হইলে, সেই দাঁড়ার ব্যতিক্রম কি সেই ত্রুটিপ্রযুক্ত এই আইনমত কোন কার্য্যের সিদ্ধতার হানি হইবে না ইতি।

নোটিস প্রচার করণে কি দেওনে দাঁড়ার ব্যতিক্রম হইলেও আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ না হইবার কথা।

৫২ ধারা। কোন আপত্তি করা গেলে, কালেক্টর সাহেব ৪৮ ধারামতে প্রচরিত নোটিসের নিরূপিত দিনে কিম্বা তাহার পর যত শীঘ্র পারেন, সেই আপত্তি বিবেচনা করিবেন, ও যে মহালের কি নিষ্কর সম্পত্তির কি তদ্গত স্বার্থের উপলক্ষে রেজিস্টরী হইবার প্রার্থনা হয় তাহার অধিকার প্রাপণের কিম্বা উত্তরাধিকারিত্বক্রমে কি হস্তান্তরক্রমে তৎপ্রাপ্তির যে কথা কহা গেল তাহার সত্যাসত্য নির্ণয়ার্থে আর যে অনুসন্ধান লওয়া আবশ্যক তিনি তাহা লইবেন। ও সেই অধিকার প্রাপ্ত হইয়াছে,

কালেক্টর সাহেবের অনুসন্ধান লওয়ার কথা।

কিম্বা উত্তরাধিকারিত্ব কি হস্তান্তর কার্য্য ঘটিয়াছে ও সেই উত্তরাধিকারিত্ব কিম্বা হস্তান্তরকরণানুসারে প্রার্থক অধিকার প্রাপ্ত হইয়াছেন,

অন্য প্রকারে নয়,

কালেক্টর সাহেবের এমত বোধ হইলে, তিনি ঐ মহালের কি নিষ্কর সম্পত্তির কি তদ্গত স্বার্থের ভূমাধিকারি কি কার্য্যাধ্যক্ষ বলিয়া ঐ প্রার্থকের নাম উপযুক্ত রেজিস্টরে রেজিস্টরী করিতে আজ্ঞা দিবেন।

পরন্তু মহালের কোন অধিকারিত্ব স্বত্ব কোন ব্যক্তির নিকট বন্ধক দেওয়া গেলে, ঐ সম্পত্তি তাঁহার অধিকারগত হইলে বা না হইলেও বন্ধকগ্রহীতাস্বরূপ তাঁহার নাম রেজিস্টরী করা যাইতে পারিবে ইতি।

৫৩ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত অনুসন্ধান ও এই আইনমত অন্য যে অনুসন্ধান লওয়া যাইবে তাহা লওয়ার নিমিত্ত, দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনে দেওয়ানী আদালতের যে উপায়ে যদ্রূপে কার্য্য করিবার বিধান আছে, কালেক্টর সাহেব সেই উপায়ে ও যত দূর হইতে পারে সেই প্রকারে সাক্ষিদিগকে সমন করিতে ও বলপূর্ব্বক উপস্থিত করাইতে ও সাক্ষ্য দেওয়াইতে ও বলপূর্ব্বক দলীল উপস্থিত করাইতে পারিবেন ইতি।

সাক্ষিদিগকে সমন করাইবার ও দলীল আনাইবার কথা।

Payment of costs

54 All costs of any enquiry or proceeding held before the Collector under this Act shall, except as provided in section fifty, be payable by the parties concerned, and the Collector may pass such orders as he shall think fit in respect of the payment of such costs

Dispute as to possession succession, or acquisition by transfer

55 If the applicant's possession of, succession to, or acquisition by transfer of, the extent of interest in respect of which he has applied to be registered, is disputed by or on behalf of any person making a conflicting claim in respect thereof, and if the possession of the applicant in accordance with his application is not proved to the satisfaction of the Collector, the Collector shall determine summarily the right to possession in respect of the interest in dispute, and shall deliver possession accordingly, and shall make the necessary entry in the registers,

or if, in the opinion of the Collector, the dispute be one which can more properly be determined by a Civil Court, the Collector shall refer the matter in dispute to the principal Civil Court of the district for determination as hereinafter provided

Provided that if the applicant's possession of any extent of interest in accordance with his application be not disputed, or if such possession be proved to the satisfaction of the Collector, the Collector may register the said applicant's name in respect of such extent of interest, and may at the same time make a reference as hereinafter provided to the Civil Court for determination of any dispute as to any further extent of interest in respect of which the applicant has applied to be registered, but in respect of which the right of the applicant to be registered is disputed, and is not proved to the satisfaction of the Collector

In cases of disputed possession, &c Collector may appoint receiver

56 In any case of disputed possession of, succession to, or acquisition by transfer of, the extent of any interest in respect of which application is made under the last preceding section, the Collector may appoint a receiver to collect the rents of the extent of interest in dispute, and from the sums so collected shall be paid the expenses of management and the revenue due to the Government, and the surplus shall be held in deposit in the Collector's treasury, and shall be paid over to the person who shall be registered by the Collector, or under the order of a Civil Court, in respect of the extent of interest in dispute

খরচা দিবার কথা।

৫৪ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবের সম্মুখে যে কোন অনুসন্ধান লওয়া যায় কি যে কার্য্যানুষ্ঠান হয় তাহাতে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে ৫০ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন তাঁহারাই সকল খরচ দিবেন, ও ঐ খরচ দেওনবিষয়ে কালেক্টর সাহেব যে আজ্ঞা উচিত বোধ করেন ক'রতে পারিবেন ইতি।

অধিকার বা উত্তরাধিকারিত্ব বা হস্তান্তরকরণক্রমে প্রাপ্তি বিষয়ে বিবাদের কথা।

৫৫ ধারা। প্রার্থক স্বার্থের যে পরিমাণ উপলক্ষে রেজিষ্টরী হইবার প্রার্থনা করেন তাঁহার সেই স্বার্থের পরিমাণ অধিকারকরণ কিম্বা উত্তরাধিকারিত্বক্রমে কি হস্তান্তরকরণক্রমে পাপণ বিষয়ে সেই স্বার্থের বিপরীত কোন দাওয়াদারের দ্বারা কি তাঁহার সপক্ষে প্রতিবাদ হইলে, ও প্রার্থনপত্রানুসারে প্রার্থকের অধিকারের কথা কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে প্রমাণ না করা গেলে, তিনি বিবাদীয় স্বার্থের অধিকার পাইবার স্বত্ব সরাসরীমতে নির্ণয় করিয়া তদনুসারে অধিকার দেওয়াইবেন এবং রেজিষ্টরী বহীতে প্রয়োজনীয় কথা লিখিবেন।

কিম্বা দেওয়ানী আদালতে ঐ বিবাদ আরো উত্তমরূপে নিষ্পত্তি হইতে পারিবে, কালেক্টর সাহেবের এই অনুভব থাকিলে, তিনি পশ্চাৎ লিখিত বিধানমতে ঐ বিবাদ নিষ্পত্তি করিবার জন্যে জিলার প্রধান দেওয়ানী আদালতে অপণ করিবেন।

কিন্তু প্রার্থনাপত্রে প্রার্থকের স্বার্থের যে পরিমাণ লেখা থাকে সেই পরিমাণানুসারে তাঁহার অধিকার বিষয়ে প্রতিবাদ না হইলে, কিম্বা কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে ঐ অধিকারের প্রমাণ করা গেলে, স্বার্থের ঐ পরিমাণের উপলক্ষে কালেক্টর সাহেব প্রার্থকের নাম রেজিষ্টরী করিতে পারিবেন, ও প্রার্থক স্বার্থের অন্য যে পরিমাণ বিষয়ে রেজিষ্টরী হইবার প্রার্থনা করেন তৎসম্পর্কে প্রার্থকের রেজিষ্টরী হওয়ার স্বত্বের বিষয়ে প্রতিবাদ হইলে ও কালেক্টর সাহেবের হৃদ্বোধমতে তাহার প্রমাণ না হইলে তিনি তৎকালে সেই বিবাদ নিষ্পত্তি করণার্থে নিম্নলিখিত বিধানমতে দেওয়ানী আদালতে অর্পণ করিতে পারিবেন ইতি।

অধিকারাদিবিষয়ক বিবাদ হইলে কালেক্টর সাহেবের গ্রাহক নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

৫৬ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে স্বার্থের উপলক্ষে প্রার্থনা করা যায় সেই স্বার্থের পরিমাণের অধিকারের বা উত্তরাধিকারিত্ব বা হস্তান্তর করণক্রমে প্রাপ্তির বিষয়ে বিবাদ হইলে, কালেক্টর সাহেব ঐ বিবাদীয় স্বার্থের পরিমাণের খাজানা আদায় করণার্থে গ্রাহক নিযুক্ত করিতে পারিবেন ও তদ্রূপে যে টাকা আদায় হয় তাহাহইতে কার্য্যাধ্যক্ষতার খরচ ও গবর্ণমেণ্টের পাওনা রাজস্ব দেওয়া যাইবে। অবশিষ্ট টাকা কালেক্টর সাহেবের কাছারীতে আমানৎ থাকিবে ও বিবাদীয় সেই স্বার্থের পরিমাণের উপলক্ষে কালেক্টর সাহেবের দ্বারা কিম্বা দেওয়ানী আদালতের আজ্ঞাক্রমে যাঁহাকে রেজিষ্টরী করা যায় তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

57 Every order of a Collector passed under the first clause of section fifty-five shall be of the same force and effect as an order passed by the Judge under section 4 of Act XIX of 1841 *(an Act for the protection of moveable and immoveable property against wrongful possession in cases of succession)*, determining summarily the right to possession and delivering possession accordingly,

Effect of Collector's order

and no proceedings shall be taken by any Civil Court under the said Act in respect of any claim or dispute which has been determined by an order of the Collector as aforesaid

58 In making a reference to the Civil Court under section fifty-five the Collector shall state for the information of the said Court in writing under his hand

Procedure on making a reference under section 55

(1) the name of the estate or revenue-free property to which the reference applies, together with the numbers which it bears on the General Register, and (if an estate), on the revenue-roll of the district,

(2) the names of all the persons who now stand registered on the General Register as proprietors, managers, or mortgagees of such estate or property, with the character and extent of the interest in respect of which each stands registered,

(3) the name of the applicant for registry,

(4) the character and extent of the interest in dispute,

(5) the circumstances of the case as far as they are before the Collector, and the reasons which have led him to make the reference

59 On receipt of such reference the said principal Civil Court of the district may either proceed to determine the matter, or may transfer the matter for determination to any other competent Civil Court in the district The said principal Civil Court, or the Court to which the matter is transferred, shall cite the parties concerned, and give notice of the time at which the matter will be heard, and after expiration of the time so fixed, shall determine summarily the right to possession in respect of the interest in dispute (subject to regular suit), and shall deliver possession accordingly

Procedure on receipt of reference

৫৭ ধারা। উত্তরাধিকারিত্বের বিষয়ে স্থাবর এবং অস্থাবর সম্পত্তির অন্যায়রূপে দখল নিবারণার্থে ১৮৪১ সালের ১৯ আইনের ৪ ধারাক্রমে জজ সাহেব সরাসরীমতে অধিকারের স্বত্ব নির্ণয় করিয়া তদনুসারে অধিকার দেওযাইবার আজ্ঞা করিলে সেই আজ্ঞার যদ্রূপ বল ও ফল হয়, ৫৫ ধারার প্রথম প্রকরণমতে কালেক্টর সাহেবের আজ্ঞারও তদ্রূপ বল ও ফল হইবে।

কালেক্টর সাহেবের আজ্ঞার ফলের কথা।

এবং পূর্ব্বোক্তমতে কালেক্টর সাহেবের আজ্ঞাক্রমে যে দাওয়া কি বিবাদ নিষ্পত্তি হইয়া থাকে কোন দেওয়ানী আদালত উক্ত আইনানুসারে তদ্বিষয়ের কোনকার্য্যানুষ্ঠান করিবেন না ইতি।

৫৮ ধারা। কালেক্টর সাহেব ৫৫ ধারামতে দেওয়ানী আদালতে মোকদ্দমা অপণ করিলে ঐ আদালতের জানিবার জন্যে আপনার স্বাক্ষর করা নিম্নলিখিত বর্ণনাপত্র পাঠাইবেন।

৫৫ ধারামতে মোকদ্দমা অর্পণ করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

(১) যে মহাল কিম্বা যে নিষ্কর সম্পত্তি সম্পর্কে ঐ মোকদ্দমা অর্পণ করা যায় তাহার নাম, ও সাধারণ রেজিষ্টরে তাহার নম্বর ও মহাল হইলে জিলার তৌজীতে তাহার নম্বর।

(২) সাধারণ রেজিষ্টরে ঐ মহালের কি সম্পত্তির ভূম্যধিকারী কি কার্য্যাধ্যক্ষ কি বন্ধকগ্রহীতা বলিয়া যেং ব্যক্তিদিকে রেজিষ্টরী করা গেল তাঁহাদের নাম ও স্বার্থের যে ভাব ও পরিমাণ উপলক্ষে প্রত্যেক জনের নাম রেজিষ্টরী করা গেল তাহা।

(৩) রেজিষ্টরী হইবার জন্যে যে ব্যক্তি প্রার্থনা করেন তাঁহার নাম।

(৪) বিবাদীয় স্বার্থের ভাব ও পরিমাণ।

(৫) কালেক্টর সাহেবের সম্মুখে মোকদ্দমা যতদূর চলিল ততদূর ঐ মোকদ্দমার সকল ভাবগতিক, ও তিনি যেং কারণে মোকদ্দমা অর্পণ করিলেন তাহা ইতি।

৫৯ ধারা। জিলার প্রধান দেওয়ানী আদালত ঐ অর্পিত মোকদ্দমা পাইলে সেই বিষয় নির্ণয় করিতে প্রবর্ত্ত হইবেন, অথবা সেই বিষয় নির্ণয়ার্থে ঐ জিলার উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য কোন দেওয়ানী আদালতে অপণ করিতে পারিবেন। উক্ত প্রধান দেওযানী আদালত, কিম্বা অন্য যে আদালতে সেই বিষয় অর্পিত হয় সেই আদালত ঐ মোকদ্দমা সম্পর্কীয় উভয় পক্ষকে আহ্বান করাইয়া ঐ বিষয় যে সময়ে শুনা যাইবে সেই সময়ের নোটিস দিবেন, সেই নিরূপিত সময় অতীত হইলে পর বিবাদীয় স্বার্থসম্পর্কে (জাবেতামত মোকদ্দমা হইতে পারিবার অপেক্ষায়) সরাসরীমতে অধিকারের স্বত্ব নির্ণয় করিয়া ঐ নির্ণয়ানুসারে অধিকার দেওয়াইবেন ইতি।

অর্পিত মোকদ্দমা পাইলে কার্য্যপ্রণালীর কথা।

60 If it shall appear to the Judge of the Court by which the matter is heard that danger is to be apprehended of the misappropriation or waste of the property before the summary suit can be determined, such Judge may appoint curators for the care of the property, and may exercise all or any of the powers mentioned in sections 5 to 13 (both inclusive) of Act XIX of 1841

Judge may appoint curator

61. The said Court may make such order as it shall think fit with regard to the payment by the parties of the cost of the enquiry and proceedings

Costs

Provided that no costs shall be recoverable from the parties on account of the issue of notices citing the parties and fixing a date for the first hearing of the case

62. The summary decision of the Court under section fifty-nine shall have no other effect than that of settling the actual possession, but for this purpose it shall be final, not subject to any appeal or order for review

Summary decision of Court to be final

63 The Court shall certify to the Collector its determination as to the right of possession, and the Collector shall thereupon make the necessary entries in the proper Registers

Court to certify its determination to Collector

64 Fees at the following rates shall be levied by the Collector on the registry under this Act of any transfer—

Collector to levy fees on transfers

(1) in the case of revenue-paying lands, one quarter or four annas per centum on the annual revenue payable to Government from the extent of interest transferred,

(2) in the case of revenue-free lands, two and a half per centum on the amount of the annual produce of the extent of interest transferred, such annual produce being the amount of the rents received and receivable on account of the year preceding the year in which the transfer may be registered,

provided that no fee for the registry of any one transfer shall exceed one hundred rupees

Such fees shall be levied from the person in whose favor the transfer is registered

৬০ ধারা। আদালতের যে জজ সাহেবের সম্মুখে ঐ মোকদ্দমা শুনা যায়, সরাসরী মোকদ্দমা নির্ণয় হইতে না হইতে ঐ সম্পত্তির অবিহিতরূপে ব্যবহার কি অপকার হওয়ার সঙ্কট সম্ভাবনা তাঁহার এইরূপ বোধ হইলে, তিনি সম্পত্তি রক্ষা করিবার জন্যে সম্পত্তিরক্ষককে নিযুক্ত করিতে পারিবেন, এবং ১৮৪১ সালের ১৯ আইনের ৫ অবধি ১৩ পর্য্যন্ত সমস্ত ধারার উল্লিখিত সকল কি কোন২ ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

সম্পত্তিরক্ষককে জজ সাহেবের নিযুক্ত করিতে পারিবার কথা।

৬১ ধারা। অনুসন্ধান লওয়ার ও কার্য্যানুষ্ঠানের যে খরচা উভয় পক্ষের দিতে হইবে, এই বিষয়ে উক্ত আদালত যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

খরচার কথা।

কিন্তু উভয় পক্ষকে আহ্বান করণ ও মোকদ্দমা প্রথমে শুনিবার তারিখ নিরূপণকরণবিষয়ক যে নোটিস প্রচার করা যায় তদ্ধেতুক উভয় পক্ষের স্থানে কোন খরচা লওয়া যাইতে পারিবে না ইতি।

৬২ ধারা। ৫৯ ধারামতে আদালতের যে সরাসরী নিষ্পত্তি হয়, কেবল অধিকার নির্ণয় করণস্বরূপ ফলভিন্ন তাহার আর কোন ফল হইবে না। কিন্তু তৎসম্পর্কে তাহা চূড়ান্ত হইবে ও তাহার উপর কোন আপীল কি পুনরালোচনা করিবার আজ্ঞা হইতে পারিবে না ইতি।

আদালতের সরাসরী নিষ্পত্তি চূড়ান্ত হইবার কথা।

৬৩ ধারা। আদালত অধিকারের স্বত্ব বিষয়ে যাহা নির্ণয় করেন তাহা কালেক্টর সাহেবকে শংসিতমতে জানাইবেন, তাহা হইলে কালেক্টর সাহেব উপযুক্ত রেজিস্টরী বহীতে প্রয়োজনীয় কথা লিখিবেন ইতি।

কালেক্টর সাহেবকে আদালতের নির্ণয় জ্ঞাত করিবার কথা।

৬৪ ধারা। এই আইনমতে কোন ভূম্যাদির হস্তান্তরকরণ রেজিস্টরী করিতে হইলে কালেক্টর সাহেব নিম্নলিখিত হারে ফী আদায় করিবেন,—

হস্তান্তর কার্য্য হইলে কালেক্টর সাহেবের ফী লইবার কথা।

(১) রাজস্বদায়ি ভূমি হইলে, স্বার্থের যে পরিমাণ হস্তান্তর করা গেল গবর্ণমেণ্টে তাহার বৎসর যত টাকা রাজস্ব দেওয়া যায় তাহার শতকরা এক সিকী ।০ আনা।

(২) নিষ্কর ভূমি হইলে, স্বার্থের যে পরিমাণ হস্তান্তর করা গেল তাহার বার্ষিক উৎপন্ন অর্থাৎ ঐ হস্তান্তর কার্য্য রেজিস্টরী করিবার পূর্ব্ব বৎসরে যত খাজানা পাওয়া গেল বা পাওনা থাকে তাহাই বার্ষিক উৎপন্ন বলিয়া তাহার উপর শতকরা ২॥ আড়াই টাকা।

কিন্তু কোন এক হস্তান্তর কার্য্য রেজিস্টরী করিবার নিমিত্ত ১০০ টাকার অধিক ফী লওয়া যাইবে না।

যে ব্যক্তির সপক্ষে ঐ হস্তান্তর কার্য্য রেজিস্টরী করা যায় তাঁহার স্থানে ঐ ফী লওয়া যাইবে।

[*Government Gazette*, 5th September 1876]

All fees levied under this section shall be carried to the account of Government

65 Whoever, being required by this Act to apply for the registration of his name and the extent of his interest in any estate or revenue-free property, voluntarily or negligently omits to make such application within the prescribed time, shall be liable to such fine as the Collector may think fit to impose, not exceeding one hundred rupees for such omission, and to such further daily fine as the Collector may think fit to impose, not exceeding fifty rupees for each day during which such person shall omit to apply for such registration after a date to be fixed by the Collector in a notice requiring such person to apply for registration

Penalty for omitting to comply with provisions of Act

Such notice shall be served in the manner prescribed in section fifty, and the date before which such person is required to apply for registration shall not be less than one month after service of such notice

66 The Collector may proceed from time to time to levy any amount which has become due in respect of any such fine, notwithstanding that an appeal against the order imposing such fine may be pending

Fine may be levied notwithstanding appeal

Provided that whenever the amount levied under any such order shall have exceeded five hundred rupees, the Collector shall report the case specially to the Commissioner of the Division, and no further levy in respect of such fine shall be made otherwise than by authority of the said Commissioner

67 Notwithstanding anything contained in section sixty-five, no fine shall be imposed by the Collector under the said section on any person on the ground that such person has failed to make application for registration of his name within the time fixed by the Lieutenant-Governor under section thirty-nine or forty,

No penalty on person who applies suo motu

or on the ground that such person has failed to apply for registration of his name within the time prescribed by section forty-two,

if such person shall, at any time after the expiration of the time fixed or prescribed as aforesaid, of his own motion, and otherwise than after the issue of a requisition by the Collector in that behalf, present such application as is required by this Act for the registration of his name, and of the character and extent of his interest

এই ধারামতে যত ফী আদায় হয় তাহা গবর্ণমেণ্টের নামে জমা করিয়া লওয়া যাইবে।

৬৫ ধারা। কোন ব্যক্তির প্রতি এই আইনমতে আপন নাম রেজিষ্টরী করাইবার ও মহালে কি নিষ্কর সম্পত্তিতে তাঁহার যত দূর স্বার্থ থাকে তাহা রেজিষ্টরী করাইবার জন্যে প্রার্থনা করিতে আজ্ঞা হইলেও, তিনি ইচ্ছা করিয়া কিম্বা শৈথিল্য-হেতুক নির্দ্ধারিত সময়ের মধ্যে সেই প্রার্থনা না করিলে সেই কর্ম্ম না করণপ্রযুক্ত কালেক্টর সাহেব এক শত টাকার অনধিক যে অর্থদণ্ড ধার্য্য করেন তাঁহার সেই অর্থদণ্ড হইতে পারিবে। আরও কালেক্টর সাহেব তাঁহার নামে উক্ত প্রকারে রেজিষ্টরী করাইবার নোটিস দিয়া যে তারিখ নিরূপণ করেন সেই তারিখের পর তিনি যত দিন তদ্রূপ রেজিষ্টর করাইবার প্রার্থনা না করেন, কালেক্টর সাহেব পঞ্চাশ টাকার অনধিক আর যত দণ্ড ধার্য্য করেন দিনপ্রতি তাঁহার তত টাকা দণ্ডও হইতে পারিবে।

আইনের বিধানমতে কার্য্য না করিবার দণ্ডের কথা।

৫০ ধারার বিধানমতে ঐ নোটিস প্রচার করা যাইবে ও রেজিষ্টরী করাইবার জন্যে প্রার্থনা করিতে হইবার নিরূপিত দিন ঐ নোটিস দেওয়ার তারিখ অবধি এক মাসের কম হইবে না ইতি।

৬৬ ধারা। তদ্রূপ কোন অর্থদণ্ডের আজ্ঞার উপর আপীল হইয়া উপস্থিত থাকিলেও, ঐ অর্থদণ্ডের যে টাকা দেনা হয় কালেক্টর সাহেব সময়ে২ তাহা আদায় করিতে পারিবেন।

আপীল হইলেও দণ্ডের টাকা আদায় হইতে পারিবার কথা।

পরন্তু তদ্রূপ কোন আজ্ঞাক্রমে পাঁচ শত টাকার অধিক আদায় করা গেলে পর, কালেক্টর সাহেব দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট সেই বিষয়ের বিশেষ রিপোর্ট করিবেন, তাহা হইলে উক্ত কমিশ্যনর সাহেব অনুমতি না দিলে ঐ অর্থদণ্ডহেতুক আর টাকা আদায় হইতে পারিবে না ইতি।

৬৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ৩৯ কি ৪০ ধারামতে যে সময় নিরূপণ করেন, কোন ব্যক্তি সেই সময়ের মধ্যে আপনার নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা না করিলেও,

কোন ব্যক্তি নিজ ইচ্ছামতে প্রার্থনা করিলে তাঁহার দণ্ড না হইবার কথা।

কিম্বা ৪২ ধারায় যে সময় নির্দ্ধারিত হইল ঐ ব্যক্তি সেই সময়ের মধ্যে নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে ত্রুটি করিলেও,

সেই নিরূপিত কি নির্দ্ধারিত সময় গত হইলে পর সেই ব্যক্তি তদ্বিষয়ে কালেক্টর সাহেবের আদেশপত্র প্রচারকরণাস্তুর ভিন্ন কোন সময়ে আপন ইচ্ছাতেই আপনার নাম ও আপন স্বার্থের ভাব ও পরিমাণ রেজিষ্টরী করাইবার জন্যে এই আইনের আদেশমত প্রার্থনাপত্র দিয়া থাকিলে ৬৫ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও কালেক্টর সাহেব ঐ ধারামতে তাঁহার কোন অর্থদণ্ড ধার্য্য করিবেন না ইতি।

68 Save as is provided in section 90 of the Code of Criminal Procedure, all the recorded proprietors and managers of an estate or revenue-free property shall be deemed to be jointly and severally liable for the discharge of any duties and obligations which are by any law for the time being in force imposed upon the proprietors of such estate or property,

Liabilities of proprietors and managers

and all persons who are required by this Act to apply for registration shall, from the date on which the obligation so to register is imposed on them respectively by this Act, be deemed to be liable for the discharge of any duties and obligations which are by any such law as aforesaid imposed upon the proprietors of the estate or property in respect of which they are required to apply for registration respectively

PART V.

OF THE OPENING OF SEPARATE ACCOUNTS IN RESPECT OF SHARES

69 Notwithstanding anything contained in Act XI of 1859 (*an Act to improve the law relating to sales of land, &c*), from the commencement of this Act no separate account shall be opened under the provisions of section 10 or of section 11 of the said Act in respect of the share of any applicant under the said sections otherwise than for a share corresponding with the character and extent of interest in the estate in respect of which such applicant is recorded as proprietor or manager under this Act

No separate account to be opened otherwise than in accordance with registered interest

70 When a proprietor of a joint estate who is recorded as proprietor of an undivided interest held in common tenancy in any specific portion of the land of the estate, but not extending over the whole estate, desires to pay separately the share of the Government revenue which is due in respect of such interest, he may submit to the Collector a written application to that effect The application must contain a specification of the land in which he holds such undivided interest and of the boundaries and extent thereof, together with a statement of the amount of Government revenue heretofore paid on account of such undivided interest On the receipt of this application the Collector shall cause it to be published in the manner prescribed for publication of notice in section 10 of Act XI of 1859

Proprietor holding an divided interest in specific lands may apply for separate account

৬৮ ধারা। ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৯০ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন, যৎকালে যে আইন প্রবল থাকে তদনুসারে কোন মহালের কি নিষ্কর সম্পত্তির ভূম্যধিকারিদের কর্ত্তব্য ও অবশ্য কর্ত্তব্য বলিয়া যে সকল কর্ম্ম অবধারিত আছে, সেই সকল কর্ম্ম নিষ্পাদন বিষয়ে ঐ মহালের কি নিষ্কর সম্পত্তির লিপিবদ্ধ সকল ভূম্যধিকারিকে ও কার্য্যাধ্যক্ষকে একত্র ও স্বতন্ত্র দায়ী বলিয়া জ্ঞান হইবে।

ভূম্যধিকারিদের ও কার্য্যাধ্যক্ষদের দায়ের কথা।

এবং এই আইনদ্বারা যে সকল ব্যক্তির প্রতি রেজিষ্টরী করাইবার জন্যে প্রার্থনা করিতে আদেশ হইল, এই আইনদ্বারা তাঁহাদের প্রতি তদ্রূপ রেজিষ্টরীকরণ কার্য্য অবশ্যকর্ত্তব্য বলিয়া যে তারিখে অর্পণ করা যায়, যে মহালের কি সম্পত্তির উপলক্ষে তাঁহারদের নাম রেজিষ্টরী করাইবার প্রার্থনা করিতে আদেশ হইল, ঐ মহালের কি সম্পত্তির ভূম্যধিকারিদের প্রতি পূর্ব্বোক্ত আইনক্রমে কর্ত্তব্য ও অবশ্যকর্ত্তব্য বলিয়া যে সকল কার্য্য অর্পিত হয়, উক্ত তারিখঅবধি তাঁহাদিগকে সেই সকল কর্ম্ম নিষ্পাদন করিবার দায়ী বলিয়া জ্ঞান হইবে ইতি।

পঞ্চম খণ্ড।

অংশসম্পর্কীয় স্বতন্ত্র হিসাব করিবার বিধি।

৬৯ ধারা। ভূমির নীলাম প্রভৃতি বিষয়ক আইন সংশোধন করণার্থ আইন নামক ১৮৫৯ সালের ১১ আইনে ভাবান্তরের বিধান থাকিলেও, কোন প্রার্থককে এই আইনমতে যে মহালের ভূম্যধিকারী কি কার্য্যাধ্যক্ষ বলিয়া লিপিবদ্ধ করা যায় সেই মহালে তাঁহার স্বার্থের ভাব ও পরিমাণানুসারে তাঁহার অংশের স্বতন্ত্র হিসাব করা যাইতে পারিবে, নতুবা এই আইন প্রচলিত হওনের সময়াবধি ঐ আইনের ১০ কি ১১ ধারামতে প্রার্থকের অংশের উপলক্ষে ঐ২ ধারার বিধানমতে স্বতন্ত্র হিসাব করা যাইবে না ইতি।

রেজিষ্টরী করা স্বার্থানুসারে না হইলে স্বতন্ত্র হিসাব করিতে না হইবার কথা।

৭০ ধারা। সম্পূর্ণ মহালের না হইয়া মহালের ভূমির কোন বিশেষ অংশের সাধারণ ভোগাধিকারগত অবিভক্ত স্বার্থের অধিকারি বলিয়া যাঁহার নাম লিপিবদ্ধ হইল, এজমালী মহালের এমত ভূম্যধিকারী ঐ স্বার্থের নিমিত্ত গবর্ণমেণ্টের রাজস্বের অংশ স্বতন্ত্র দিতে চাহিলে, তিনি কালেক্টর সাহেবের নামে সেই মর্ম্মের প্রার্থনাপত্র লিখিয়া দিতে পারিবেন। যে ভূমিতে তাঁহার ঐ অবিভক্ত স্বার্থ থাকে প্রার্থনাপত্রে তাহা বিশেষ করিয়া নির্দ্দেশ করিবেন ও ঐ ভূমির চতুঃসীম ও তাঁহার পরিমাণ ও ঐ অবিভক্ত স্বার্থের জন্যে গবর্ণমেণ্টের যত টাকা রাজস্ব দিয়া আসিতেছেন এই সকল বর্ণনা লিখিবেন। ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারায় নোটিস প্রচার করিবার যে বিধান আছে কালেক্টর সাহেব সেই প্রার্থনাপত্র পাইলে সেই বিধানমতে নোটিস প্রচার করাইবেন।

বিশেষ ভূমিতে ভূম্যধিকারির অবিভক্ত স্বার্থ থাকিলে তাঁহার স্বতন্ত্র হিসাব প্রার্থনা করিতে পারিবার কথা।

In the event of no objection being urged by any recorded co-sharer within six weeks from the time of publication, the Collector shall open a separate account with the applicant, and shall credit separately to his share all payments made by him on account of it

The date on which the Collector records his sanction to the opening of a separate account, shall be held to be that from which the separate liabilities of the share of the applicant commence.

71 Section 12 of the said Act XI of 1859 shall apply to every application made under the last preceding section, and the effect and consequences of opening a separate account under the last preceding section shall be such and the same as are described in section 13 and in section 14 of Act XI of 1859

Sections 12, 13, and 14 of Act XI, 1859, applicable

72 Whenever any share in respect of which a separate account has been opened by the Collector under section 10 or section 11 of the said Act XI of 1859, or under section seventy, shall no longer correspond with the character and extent of interest held in the estate by any one proprietor or manager, or jointly by two or more proprietors or managers, any proprietor or manager whose name is borne on the General Register under this Act as proprietor or manager of any interest in the share in respect of which such separate account is open, may submit to the Collector a written application setting out the circumstances under which such share no longer corresponds with the extent of interest held in the estate by any recorded proprietor or manager, or jointly by two or more recorded proprietors or managers, and specifying the manner in which such share has become broken up and distributed among the proprietors of the estate, and praying that the separate account standing open in respect of such share shall be closed, and, if he so desire, praying that another separate account be opened in respect of any other share or shares which were wholly or partly included in the share in respect of which the previous separate account was open

Application to close a separate account

Illustration

In a certain estate separate accounts have been opened under section 10 of Act XI of 1859 for the 4 annas share of A, and also for the 5 annas share of B, the accounts of the remaining 7 annas share being kept jointly in the names of the remaining proprietors C, D, and E

In course of time X has inherited A's 4 annas share, and also C's interest in the 7 annas share, which amount-

তাহা প্রকাশ করিবার সময়াবধি যদি লিপিবদ্ধ কোন সহ অংশী ছয় সপ্তাহের মধ্যে আপত্তি না করিয়া থাকেন, তবে কালেক্টর সাহেব প্রার্থকের সঙ্গে স্বতন্ত্র হিসাব করিবেন, ও তিনি আপন অংশের জন্যে যত টাকা দেন তাহা তাহার অংশের হিসাবে স্বতন্ত্র জমা করিয়া লইবেন।

কালেক্টর সাহেব যে তারিখে ঐ স্বতন্ত্র হিসাব করিবার অনুমতি লিখিয়া দেন, সেই তারিখঅবধি প্রার্থকের ঐ অংশের স্বতন্ত্র দায় চলিবে এমত জ্ঞান করিতে হইবে ইতি।

৭১ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে যে প্রার্থনা করা যায় ১৮৫৯ সালের উক্ত ১০ আইনের ১২ ধারা সেই প্রত্যেক প্রার্থনাপত্রের উপর খাটে। ও ১৮৫৯ সালের ১১ আইনের ১৩ ও ১৪ ধারায় যেং ফলের কথা আছে, ইহার পূর্ব্ব ধারামতে স্বতন্ত্র হিসাব করিবার সেইং ফল হইবে ইতি।

১৮৫৯ সালের ১১ আইনের ১২ ১৩, ১৪ ধারা খাটিবার কথা।

৭২ ধারা। ৮৫৯ সালের উক্ত ১১ আইনের ১০ কি ১১ ধারামতে কিম্বা এই আইনের ৭০ ধারামতে কালেক্টর সাহেব যে অংশের উপলক্ষে স্বতন্ত্র হিসাব করিলেন, মহালে কোন এক ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের, কিম্বা সাধারণভাবে দুই কি তদধিক জন ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের স্বার্থের ভাব ও পরিমাণ সহিত যদি সেই অংশ আর না মিলে তবে যে অংশের উপলক্ষে ঐ স্বতন্ত্র হিসাব করা গেল সেই অংশগত কোন স্বার্থের অধিকারী কি কার্য্যাধ্যক্ষ বলিয়া যে ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের নাম এই আইনমতে সাধারণ রেজিস্টরে লেখা যায়, তিনি কালেক্টর সাহেবের নামে প্রার্থনাপত্র লিখিয়া দিয়া ঐ মহালে কোন লিপিবদ্ধ ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের কিম্বা সাধারণ দুই কি তদধিক জন লিপিবদ্ধ ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের স্বার্থের পরিমাণের সঙ্গে ঐ অংশ যেং ভাবগতিক অনুসারে আর না মিলে সেইং ভাবগতিক জানাইবেন, ও মহালের ভূম্যধিকারিদের মধ্যে ঐ অংশ যে প্রকারে ভঙ্গ হইয়া বিলি করা গিযাছে তাহা নির্দ্দেশ করিয়া ঐ অংশ বিষয়ে যে স্বতন্ত্র হিসাব করা গিযাছে তাহা বন্দ হইবার প্রার্থনা করিতে পারিবেন, এবং উক্ত যে অংশের বিষয়ে ঐ স্বতন্ত্র হিসাব করা গিয়াছিল সেই অংশের মধ্যে অন্য যে বা যেং অংশের সমুদয় কি একাংশ ধরা গিযাছিল, তিনি ইচ্ছা করিলে সেই বা সেইং অংশের স্বতন্ত্র হিসাব করা যাইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

স্বতন্ত্র হিসাব বন্ধ করিবার প্রার্থনার কথা।

উদাহরণ।

কোন মহালে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারামতে আনন্দের ।০ চারি আনা অংশের ও বলরামের ।/০ পাঁচ আনা অংশের স্বতন্ত্র হিসাব করা গেল। আর ।।/০ সাত আনা অংশের হিসাব চন্দ্র ও দীননাথ ও ঈশান নামক অবশিষ্ট ভূম্যধিকারিদের নামে যৌথভায় রাখা গিয়া থাকে।

সময়ক্রমে কৃষ্ণ উত্তরাধিকারিত্রক্রমে আনন্দের ঐ ।০ চারি আনা অংশ ও ।।/০ সাত আনা অংশের মধ্যে ।/০ আনা অংশে

ed to 8 annas; X has also acquired by purchase 2 annas out of B's 5 annas share, so that the interests in the estate are now distributed as follows:—

X	9 annas
B	3 "
D & E	4 "

X, if a recorded proprietor of the estate may apply to the Collector to close the separate account which is open in respect of A's 4 annas share, and also the separate account which is open in respect of B's 5 annas share, as neither of these shares corresponds with the extent of interest held by any one proprietor, or held jointly by two or more proprietors in the estate,

and in the same application X may apply for the opening of a separate account in respect of the 9 annas share which he now holds

Any of the other proprietors might also make a similar application

73 On receipt of such application the Collector shall cause a copy of the same to be published in the manner provided in section 10 of Act XI of 1859, and if within six weeks from the date of such publication no objection is made by any other recorded proprietor of the estate, the Collector shall close the separate account which then stands open, and shall open a separate account with the applicant as required by him, under section 10, or section 11 of Act XI of 1859, or under section seventy, as the case may be

Separate account may be closed and another opened

74 If any recorded proprietor of the estate, whether the same be held in common tenancy or otherwise, object that the share in respect of which any separate account is open as aforesaid has not been broken up, and does still correspond with the character and extent of interest held by any one proprietor or manager, or jointly by two or more proprietors or managers,

Procedure in case of objection

or object that the applicant has no right to the share claimed by him, or that his interest in the estate is less or other than that claimed by him,

or (when the application is in respect of a specific portion of the land of an estate or in respect of an undivided interest held in common tenancy in any specific portion of the land of the estate), object that the amount of Government revenue stated by the applicant to have been heretofore paid on account of such portion of land, or on account of the applicant's undivided interest therein, is not the amount which has been recognized by the other sharers as the Government revenue thereof,

চন্দ্রের যে স্বার্থ ছিল তাহাও পাইলেন, আর বলরামের ।৵০ পাঁচ আনা অংশের মধ্যে ৵০ দুই আনা অংশ ক্রয় করিয়া প্রাপ্ত হইলেন, ইহাতে সেই মহালে নানা ব্যক্তিদের স্বার্থ এইক্ষণে এই প্রকারে বিলি করা গেল।

কৃষ্ণের	॥৵০ নয় আনা।
বলরামের	৶০ তিন আনা।
দীননাথের ও ঈশানের	।০ চারি আনা।

কৃষ্ণ মহালের লিপিবদ্ধ ভূম্যধিকারী হইলে কালেক্টর সাহেবের নিকট দরখাস্ত করিয়া, আনন্দের যে ।০ চারি আনা অংশ ও বলরামের যে ।৵০ পাঁচ আনা অংশ ছিল তাহা মহালের কোন এক ভূম্যধিকারির কিম্বা দুই কি তদধিক জন সাধারণ ভূম্যধিকারির স্বার্থের পরিমাণের সঙ্গে মিলে না বলিয়া আনন্দের চারি আনা অংশের স্বতন্ত্র হিসাব ও বলরামের পাঁচ আনা অংশের স্বতন্ত্র হিসাব বন্দ করিবার প্রার্থনা করিতে পারিবেন।

ও আপনার যে নয় আনা অংশ আছে তাহার স্বতন্ত্র হিসাব করা যায় কৃষ্ণ ঐ দরখাস্তে এই প্রার্থনাও করিতে পারিবেন।

অধিকারিদের মধ্যে অন্য কোন ব্যক্তিও সেইরূপ প্রার্থনা করিতে পারিবেন।

৭৩ ধারা। কালেক্টর সাহেব সেই প্রার্থনাপত্র পাইলে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারার বিধানমতে তাহার নকল প্রকাশ করাইবেন। তাহা প্রকাশ করিবার তারিখ অবধি মহালের লিপিবদ্ধ অন্য ভূম্যধিকারী ছয় সপ্তাহের মধ্যে আপত্তি না করিলে, তৎকালের যে হিসাব খোলা থাকে কালেক্টর সাহেব তাহা বন্দ করিয়া প্রার্থকের প্রার্থনানুসারে ১৮৫৯ সালের ১১ আইনের ১০ ধারা কিম্বা ১১ ধারামতে কিম্বা বিষয়বিশেষে এই আইনের ৭০ ধারামতে তাঁহার স্বতন্ত্র হিসাব করিবেন ইতি।

স্বতন্ত্র হিসাব বন্দ করিয়া নূতন হিসাব করিতে পারিবার কথা।

৭৪ ধারা। মহালের সাধারণ ভোগদখল হইলে বা না হইলে, পূর্ব্বোক্তমতে যে অংশের স্বতন্ত্র হিসাব করা গিয়াছিল সেই অংশটি ভঙ্গ হয় নাই ও কোন এক ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের কিম্বা সাধারণ দুই কি তদধিক ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের স্বার্থের ভাব ও পরিমাণের সঙ্গে এখনও মিলে বলিয়া মহালের লিপিবদ্ধ কোন ভূম্যধিকারী আপত্তি করিলে,

আপত্তি হইলে কার্য্যপ্রণালীর কথা।

কিম্বা প্রার্থক যে অংশের দাওয়া করেন তাহাতে তাঁহার স্বত্ব নাই, কিম্বা মহালের যে পরিমাণের স্বার্থের দাওয়া করেন তাঁহার স্বার্থের তত পরিমাণ নাই বলিয়া আপত্তি করিলে,

কিম্বা (মহালের ভূমির কোন বিশেষ অংশের বিষয়ে কিম্বা মহালের ভূমির কোন বিশেষ অংশে সাধারণ ভোগাধিকারের অবিভক্ত স্বার্থবিষয়ে ঐ প্রার্থনা হইলে) ঐ প্রার্থকের কথানুসারে ভূমির ঐ অংশের নিমিত্তে কিম্বা ভূমিতে প্রার্থকের অবিভক্ত স্বার্থের নিমিত্তে পূর্ব্বাবধি গবর্ণমেণ্টের যত টাকা রাজস্ব দেওয়া গিয়া থাকে, অন্য অংশিরা ঐ অংশের তত রাজস্ব স্বীকার করেন না বলিয়া আপত্তি করিলে,

the Collector shall refer the parties to the Oivil Court, and shall suspend proceedings until the question at issue is judicially determined,

কালেক্টর সাহেব উভয় পক্ষকে দেওয়ানী আদালতে যাইতে বলিবেন, ও সেই বিবাদীয় বিষয় যত দিন আদালতে নির্ণয় না হয় তত দিন আপনার আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিবেন ইতি।

PART VI

MISCELLANEOUS

ষষ্ঠ অধ্যায়।

বিবিধ বিধি।

Collector must furnish extract from Register

75 The Collector shall supply an extract from any Register mentioned in this Act to any person who may apply for the same, subject to the payment of such fees for searching and copying as may be prescribed by the Board

রেজিষ্টরের উদ্ধৃত কথা কালেক্টর সাহেবের দিতে হইবার কথা।

৭৫ ধারা। কোন ব্যক্তি এই আইনের উল্লিখিত কোন রেজিষ্টরের উদ্ধৃত কোন কথা প্রার্থনা করিলে, ও বোর্ডের সাহেবেরা তলাশ ও নকল করিবার যে ফী ধার্য্য করেন তাহা দিলে, কালেক্টর সাহেব তাঁহাকে ঐ কথার নকল দিবেন ইতি।

Collector must furnish translation of extract

76 If in any district any Register prescribed by this Act has not been prepared and kept up in the vernacular language and character of the district, the Collector shall be bound, together with any English extract which may be furnished under the last preceding section, to furnish a translation of the same in the vernacular language and written in the vernacular character of such district to any one who may demand such translation, and no further charge shall be made in respect of the furnishing of such translation than might have been charged in respect of the English extract furnished under the said section

উদ্ধৃত কথার অনুবাদও কালেক্টর সাহেবের দিতে হইবার কথা।

৭৬ ধারা। কোন জিলার মধ্যে এই আইনের নির্দ্দিষ্ট রেজিষ্টর ঐ জিলার প্রচলিত ভাষায় ও অক্ষরে প্রস্তুত করিয়া লেখা না থাকিলে ও কোন ব্যক্তি তাহার অনুবাদ প্রার্থনা করিলে, ইহার পূর্ব্ব ধারামতে ইঙ্গ্রেজী ভাষায় যে উদ্ধৃত কথা দেওয়া যায় তদ্ভিন্ন কালেক্টর সাহেবের ঐ জিলার চলিত ভাষায় ও চলিত অক্ষরে তাহার অনুবাদ লেখাইয়া দিতেই হইবে, ও উক্ত ধারামতে ইংরেজী ভাষায় ঐ উদ্ধৃত কথার যে খরচ লওয়া যাইতে পারে ঐ অনুবাদ দেওয়ার নিমিত্ত তাহার আর খরচ লওয়া যাইতে পারিবে না ইতি।

Changes in names of proprietors, &c, and extent of interest to be notified on estate

77 Whenever any change shall be made by order of competent authority in the names of the recorded proprietors or managers of any estate or revenue-free property, or in the character or extent of the interest of any such proprietor or manager as entered in any register mentioned in this Act, so soon as the order under which such change in the entry may have been made shall have been confirmed on appeal, or so soon as the period for presenting an appeal against such order shall have expired without the presentation of an appeal, the Collector shall cause a notice of such change to be posted up at his office, at the office of every sub-divisional officer within whose jurisdiction any lands of the estate or revenue free property concerned are situated, and at such places as he may think fit on the estate or property; and every such notice shall set out the name of every proprietor and manager of the estate or revenue-free property concerned, and the character and extent of the interest of every such proprietor and manager as it stands recorded on the General Register on the date of the issue of the notice

ভূম্যধিকারি প্রভৃতির নাম ও স্বার্থের পরিমাণ পরিবর্ত্তন হইলে মহালে নোটিস দিবার কথা।

৭৭ ধারা। কোন মহালের কি নিষ্কর সম্পত্তির লিপিবদ্ধ ভূম্যধিকারিদের কি কার্য্যাধ্যক্ষদের যে নাম, কিম্বা এই আইনের উল্লিখিত কোন রেজিষ্টরে উক্ত কোন ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের স্বার্থের যে ভাব কি পরিমাণ লেখা থাকে, উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকের আজ্ঞাক্রমে তাহা কোন প্রকারে পরিবর্ত্তন করা গেলে, রেজিষ্টরী বহীতে ঐ পরিবর্ত্তনের কথা লিখিবার আজ্ঞা আপীলমুখে দৃঢ় করা গেলেই, কিম্বা সেই আজ্ঞার উপর আপীল উপস্থিত না হইয়া আপীল করিবার মিয়াদ গত হইলেই, কালেক্টর সাহেব আপন কাছারী ঘরে, ও উক্ত ব্যাপারসম্পর্কীয় মহালের কি নিষ্কর সম্পত্তির কোন ভূমি যে মহকুমার কর্ত্তৃপক্ষের এলাকার মধ্যে থাকে সেই মহকুমার কাছারীঘরে, এবং মহালের কি সম্পত্তির অন্য যেং স্থানে উচিত বোধ করেন সেইং স্থানে ঐ পরিবর্ত্তন হওয়ার নোটিস লটকাইয়া দিবেন। সেই নোটিস প্রচার হইবার তারিখে সাধারণ রেজিষ্টরে ঐ ব্যাপারসম্পর্কীয় মহালের কি নিষ্করসম্পত্তির যেং ভূম্যধিকারির ও কার্য্যাধ্যক্ষের নাম ও প্রত্যেক জন ভূম্যধিকারির ও কার্য্যাধ্যক্ষের স্বার্থের যেং ভাব ও পরিমাণ লেখা থাকে তাহাও ঐ নোটিসে লেখা যাইবে ইতি।

No person bound to pay rent in excess of recorded interest of claimant

78 No person shall be bound to pay rent to any person claiming such rent as proprietor, or manager, of an estate or revenue-free property in respect of which he is required by this Act to cause his name to be registered, or as mortgagee, unless the name of such claimant shall have been registered under this Act,

and no person being liable to pay rent to two or more such proprietors, managers, or mortgagees holding in common tenancy, shall be bound to pay to any one such proprietor, manager, or mortgagee more than the amount which bears the same proportion to the whole of such rent, as the extent of the interest in respect of which such proprietor, manager, or mortgagee is registered, bears to the entire estate or revenue-free property

দাওয়াদারের যে স্বার্থ লিপিবদ্ধ থাকে তাহার অধিকের খাজানা কোন ব্যক্তির দিতে না হইবার কথা।

৭৮ ধারা। এই আইনমতে যে মহালের কি নিষ্কর সম্পত্তির উপলক্ষে কোন ব্যক্তির নাম রেজিষ্টরী করিবার আজ্ঞা হইল, সেই ব্যক্তি ঐ মহালের কি নিষ্কর সম্পত্তির ভূম্যধিকারী কি কার্য্যাধ্যক্ষ কিম্বা বন্ধকগ্রহীতা বলিয়া খাজানার দাওয়া করিলেও যদি সেই দাওয়াদারের নাম এই আইনমতে রেজিষ্টরী না হইয়া থাকে, তবে কোন ব্যক্তি ঐ দাওযাদারকে খাজানা দিতে আবদ্ধ নহেন।

আর কোন ব্যক্তি সাধারণাধিকার ভোগি দুই কি তদধিক জন ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের কি বন্ধকগ্রহীতার নিকট খাজানার দায়ী হইলে, কোন এক জন অধিকারির কি কার্য্যাধ্যক্ষের কি বন্ধকগ্রহীতার স্বার্থের যে পরিমাণ রেজিষ্টরী করা গেল তাহা সম্পূর্ণ মহালের কি নিষ্কর সম্পত্তির যে অংশ হয়, তিনি ঐ ভূম্যধিকারিদের কি কার্য্যাধ্যক্ষদের কি বন্ধকগ্রহীতাদের মধ্যে কোন এক জনকে সেই অংশের উপযুক্ত খাজানার অধিক দিবার দায়ী নহেন ইতি।

Indemnity to persons paying rent to registered proprietor, manager, or mortgagee

79 The receipt of any proprietor, manager, or mortgagee, whose name and the extent of whose interest is registered under this Act, shall afford full indemnity to any person paying rent to such proprietor, manager, or mortgagee

রেজিষ্টরী ভূম্যধিকারিকে কি কার্য্যাধ্যক্ষকে কি বন্ধকগ্রহীতাকে খাজানা দিলে নিষ্কৃতির কথা।

৭৯ ধারা। যে ভূম্যধিকারির কি কার্য্যাধ্যক্ষের কি বন্ধকগ্রহীতার নাম ও যাঁহার স্বার্থের পরিমাণ এই আইনমতে রেজিষ্টরী করা গেল, কোন ব্যক্তি তাঁহাকে খাজানা দিয়া তাঁহার রসীদ পাইলে সেই রসীদ তাঁহার পক্ষে সম্পূর্ণ নিষ্কৃতিপত্র হইবে ইতি।

Collector may pay certain sums due to recorded proprietors in accordance with registered interests of each

80 Whenever any sum of money shall be payable by the Collector to the proprietors of any estate or revenue-free property jointly (otherwise than under the Land Acquisition Act, 1870), the Collector may pay to any one or more recorded proprietors or managers thereof respectively, such portion of the said sum as may be proportionate to the extent of the interest in respect of which each such proprietor or manager is registered, and the receipt of each such proprietor or manager shall afford full indemnity to the Collector in respect of any sum so paid

লিপিবদ্ধ ভূম্যধিকারিদের নিকট কালেক্টর সাহেবের টাকা দেনা হইলে প্রত্যেক জনের রেজিষ্টরী করা স্বার্থানুসারে তাঁহার ঐ টাকা দিবার কথা।

৮০ ধারা। কোন মহালের কি নিষ্কর সম্পত্তির সাধারণ ভূম্যধিকারিদিগকে (ভূমি গ্রহণ বিষয়ক ৮৭০ সালের আইনমতে না হইয়া প্রকারান্তরে) কালেক্টর সাহেবের টাকা দিতে হইলে, ঐ২ ভূম্যধিকারিদের কি কার্য্যাধ্যক্ষদের স্বার্থের যে২ পরিমাণ রেজিষ্টরী করা গেল, কালেক্টর সাহেব সেই২ পরিমাণানুসারে এক কি তদধিক জন ভূম্যধিকারিকে কি কার্য্যাধ্যক্ষকে অংশমতে ঐ টাকা দিতে পারিবেন, ও কালেক্টর সাহেবের পক্ষে সেই ভূম্যধিকারিদের কি কার্য্যাধ্যক্ষদের রসীদ ঐ টাকার সম্পূর্ণ নিষ্কৃতিপত্র হইবে ইতি।

Saving of written contracts and recovery from person receiving money

81 Nothing contained in the three last preceding sections shall be held to interfere with the conditions of any written contract, or to prevent any person deeming himself entitled to any sum of money from recovering such sum by due process of law from any other person who has received the same

চুক্তিপত্রের নিয়ম ও যে ব্যক্তি টাকা আদায় করেন তাঁহার স্থানে টাকা লইবার নিয়ম প্রবল রাখার কথা।

৮১ ধারা। ইহার পূর্ব্ব তিনটি ধারার কোন কথাদ্বার, কোন চুক্তিপত্রের নিয়মের ব্যাঘাত হইবে না, ও যে ব্যক্তি আপনাকে টাকা পাইবার স্বত্ত্ববান বলিয়া জ্ঞান করেন, অন্য যে ব্যক্তি ঐ টাকা পাইলেন উপযুক্তমতে নালিশ করিয়া তাঁহার স্থানে ঐ ব্যক্তির সেই টাকা ফিরিয়া পাইবার বাধা নাই ইতি।

82. Every amount which may become due to the Collector under the provisions of this Act in respect of any expenses incurred, of any fees payable, of any notices served, of any costs payable by any party, or of any fines imposed, shall be deemed to be a demand under section I of Bengal Act VII of 1868 (*an Act to make further provision for the recovery of arrears of land revenue and public demands recoverable as arrears of land revenue*) and shall be leviable as such

Every amount due deemed to be a demand under Bengal Act VII of 1868

৮২ ধারা। এই আইনের বিধান অনুসারে যে খরচা লাগে কিম্বা যে ফী দিতে হয় কি যে নোটিস প্রচার করা যায় কিম্বা কোন পক্ষের যে খরচা দিতে হয় কিম্বা যে অর্থদণ্ড ধার্য্য হয় তজ্জেতুক কালেক্টর সাহেবের যে টাকা পাওনা থাকে, তাহা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনের (অর্থাৎ ভূমির রাজস্ব এবং রাজকীয যে দাওযা ভূমির রাজস্বের ন্যায় আদায হইতে পারে তাহা আদায় করিবার বিধান করণার্থ আইনের) ১ ধারামত দাওয়া বলিয়া জ্ঞান হইবে, ও তদনুসারে আদায হইতে পাবিবে ইতি।

দেনা টাকা ১৮৬৮ সালের বঙ্গীয় ৭ আইনমত দাওয়া বলিয়া জ্ঞান হইবার কথা।

83 The Collector may by a notice require the proprietor or manager of any estate or revenue-free property to name such estate or property by a distinctive name, and in case of failure of such proprietor or manager to comply with the requisition within the time fixed by the Collector, may name such estate or property

Collector may require proprietor to name estate

৮৩ ধারা। কালেক্টর সাহেব নোটিস প্রচার করিয়া কোন মহালের কি নিষ্কর সম্পত্তির ভূম্যধিকারিকে কি কার্য্যাধ্যক্ষকে ঐ মহালের কি সম্পত্তির বিশেষ কোন নাম দিবার আজ্ঞা করিতে পারিবেন। ঐ ভূম্যধিকারী কি অধ্যক্ষ কালেক্টর সাহেবের নিরূপিত সময়ের মধ্যে সেই আদেশমতে কর্ম্ম না করিলে কালেক্টর সাহেব ঐ মহালের কি সম্পত্তির নাম রাখিতে পারিবেন ইতি।

ভূম্যধিকারির প্রতি মহালের নাম দিতে কালেক্টর সাহেবের আজ্ঞা করিতে পারিবার কথা।

84 The Collector may, by a special or a general order, delegate to any Assistant Collector, Deputy Collector, or Sub-Deputy Collector the performance of any duty and the exercise of any function which the Collector is required or empowered to perform or exercise under this Act, except in respect of appeals,

Collector may delegate duties

৮৪ ধারা। এই আইনমতে কালেক্টর সাহেবের যে কর্ম্ম সম্পাদন করিবার আজ্ঞা হয়, কিম্বা তাঁহার প্রতি যে ক্ষমতা প্রদান করা যায়, তিনি বিশেষ কি সাধারণ আজ্ঞা করিয়া কোন আসিষ্টাণ্ট কালেক্টরের কি ডেপুটী কালেক্টরের কি সব-ডেপুটী কালেক্টরের প্রতি আপনার উক্ত কোন কর্ম্ম নিষ্পাদন করণার্থে অর্পণ করিতে পারিবেন, ও আপীল বিষয়ক ক্ষমতাভিন্ন আপনার উক্ত কোন ক্ষমতাও অর্পণ করিতে পারিবেন।

কালেক্টর সাহেবের কর্ম্ম অন্যের প্রতি অর্পণ করিতে পারিবার কথা।

and any Assistant, Deputy, or Sub-Deputy Collector to whom any duty or function is so delegated may exercise all the powers of a Collector under this Act, except in respect of appeals

আর উক্ত কোন কর্ম্ম কি ক্ষমতা যে আসিষ্টাণ্ট কি ডেপুটী কি সব-ডেপুটী কালেক্টরের প্রতি অর্পণ করা যায, তাঁহারাও আপীল বিষযক ক্ষমতা ভিন্ন এই আইন মতে কালেক্টর সাহেবের সকল ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিবেন ইতি।

85 Every order passed under this Act by any revenue officer below the rank of the Collector of the District (not being an officer specially vested with appellate powers as hereinafter mentioned) shall be appealable to the Collector of the district, or to any officer who may have been specially vested by the Government with special appellate powers in this behalf,

Appeal

৮৫ ধারা। জিলার কালেক্টর সাহেবের নিম্নশ্রেণীর যে কার্য্যকারকের প্রতি নিম্নলিখিত বিধানমতে আপীল শুনিবার বিশেষ ক্ষমতা প্রদান করা যায়, তিনি ভিন্ন রাজস্বের কোন কার্য্যকারক এই আইনমতে যে কোন আজ্ঞা করেন তাহার উপর জিলার কালেক্টর সাহেবের নিকট, কিম্বা গবর্ণমেণ্ট বিশেষমতে অন্য যে কার্য্যকারকের প্রতি এতৎপক্ষে আপীল শুনিবার বিশেষ ক্ষমতা প্রদান করেন তাঁহার নিকট আপীল হইতে পারিবে।

আপীলের কথা।

and there shall be no further appeal from any order so passed in appeal confirming the order appealed against,

আর যে আজ্ঞার উপর আপীল করা যায় সেই আজ্ঞা দৃঢ়ীকরণার্থ আজ্ঞা হইলে তাহার উপর আর কোন আপীল নাই,

but an appeal shall lie to the Commissioner of the Division against every order so passed in appeal which modifies or reverses the order appealed against

কিন্তু যে আজ্ঞার উপর আপীল করা যায, তাহা মতান্তর কি অসিদ্ধ করণার্থ আজ্ঞা হইলে তাহার উপর দেশখণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে।

Every order passed by the Collector of the District, or by any officer specially vested with appellate powers as aforesaid, being passed otherwise than on appeal from the order of another officer, shall be appealable to the Commissioner of the Division

জিলার কালেক্টর সাহেব কিম্বা অন্য যে কার্য্যকারকের প্রতি পূর্ব্বোক্তমতে বিশেষ আপীলী ক্ষমতা প্রদান করা যায় তিনি অন্য কার্য্যকারকের আজ্ঞার উপর আপীল শুনিয়া যে আজ্ঞা করেন তদ্ভিন্ন তাঁহার অন্য আজ্ঞার উপর দেশ খণ্ডের কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইতে পারিবে।

Every appeal to the Collector shall be presented within fifteen days of the date of the order appealed against,

কালেক্টর সাহেবের নিকট আপীল হইলে যে আজ্ঞার উপর আপীল করা যায় তাহার তারিখঅবধি পনের দিনের মধ্যে আপীল উপস্থিত করিতে হইবে।

and every appeal to the Commissioner shall be presented to the Commissioner, or to the Collector for transmission to the Commissioner, within thirty days of the order appealed against,

কমিশ্যনর সাহেবের নিকট আপীল হইলে, যে আজ্ঞার উপর আপীল করা যায় তাহার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে ঐ আপীল কমিশ্যনর সাহেবের নিকট কিম্বা তাঁহার কাছে পাঠাইবার জন্যে কালেক্টর সাহেবের নিকট উপস্থিত করিতে হইবে,

and every appeal presented after the lapse of the time fixed by this section may be summarily rejected, unless sufficient cause shall be shown to the satisfaction of the appellate authority for admitting the appeal after the lapse of such time

এই ধারার নির্দ্দিষ্ট সময় গত হইলে পর আপীল শুনিবার ক্ষমতাপ্রাপ্ত কর্ত্তৃপক্ষের হৃদ্বোধমতে ঐ সময় গত হইলেও আপীল গ্রাহ্য করিবার বিশিষ্ট কারণ প্রকাশ করা যাইতে না পারিলে, সেই আপীল সরাসরীমতে অগ্রাহ্য হইবে।

Every order passed by any officer subordinate to a Commissioner shall be subject at any time to revision and modification by such Commissioner,

কমিশ্যনর সাহেবের অধীন কোন কর্ম্মকারক যে আজ্ঞা করেন, কমিশ্যনর সাহেবের দ্বারা কোন সময়েই তাহা অন্যথা ও পরিবর্ত্তন করা যাইতে পারিবে।

and every order passed by any such officer or by such Commissioner shall be subject at any time to revision and modification by the Board

ও তদ্রূপ কার্য্যকারক কিম্বা উক্ত কমিশ্যনর সাহেব যে আজ্ঞা করেন কোন সময়েই বোর্ডের সাহেবেরা তাহা অন্যথা ও মতান্তর করিতে পারিবেন ইতি।

Exclusion of time in case of appeals

86 In computing the period of limitation prescribed for an appeal, the day on which the order complained of was made, and the time requisite for obtaining a copy of the same shall be excluded

আপীল হইলে যে সময় ধরিতে না হইবে তাহার কথা।

৮৬ ধারা। আপীল উপস্থিত করিবার মিয়াদের হিসাব করিতে গেলে, যে আজ্ঞার উপর আপীল হয় সেই আজ্ঞার তারিখ ও সেই আজ্ঞার নকল পাইতে যত দিন যায় তত দিন ঐ মিয়াদের মধ্যে ধরিতে হইবে না ইতি।

Lieutenant Governor may vest officer with special appellate powers

87 The Lieutenant Governor may from time to time vest any officer other than the Collector of the District with special appellate powers under this Act, and every officer so vested shall be competent to hear and decide any appeal which the Collector of the District is competent to hear and decide under this Act

কার্য্যকারকের প্রতি লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের বিশেষ ক্ষমতা প্রদান করিবার কথা।

৮৭ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সময়েং জিলার কালেক্টর ভিন্ন কোন কার্য্যকারকের প্রতি এই আইনমতে আপীল শুনিবার বিশেষ ক্ষমতা প্রদান করিতে পারিবেন। তাহা করিলে জিলার কালেকটর সাহেব এই আইনমতে যেং আপীল শুনিয়া নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হন, তদ্রূপ ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারকও সেইং আপীল শুনিয়া নিষ্পত্তি করিতে ক্ষমতাপন্ন হইবেন ইতি।

Board may make certain rules

88 Within four months of the date on which this Act comes into force, the Board shall make general Rules consistent with this Act to regulate—

the form in which Registers under this Act are to be kept

the procedure as to the presentation admission, and verification of applications for

বোর্ডের কোনং বিধি করিতে পারিবার কথা।

৮৮ ধারা। এই আইন যে তারিখে প্রচলিত করা যায় বোর্ডের সাহেবেরা সেই তারিখ অবধি চারি মাসের মধ্যে এই আইনের সঙ্গত ভাবের নিম্নলিখিত বিষয়ের সাধারণ বিধি করিতে পারিবেন।

এই আইনমত রেজিষ্টর যে পাঠানুসারে লিখিতে হইবে।

৪ অধ্যায়মতে রেজিষ্টরী করাইবার নিমিত্ত প্রার্থনাপত্র উপস্থিত করার ও গ্রাহ্য হওয়ার ও

registration under Part IV, and as to inquiries under section fifty-two,

and generally for the purposes of this Act

The Board may from time to time cancel or alter any such rules

89 Nothing contained in this Act, and nothing done in accordance with this Act, shall be deemed to—

Saving clause

(*a*) preclude any person from bringing a regular suit for possession of, or for a declaration of right to, any immoveable property to which he may deem himself entitled,

(*b*) render the entry of any land in the Registers under this Act as revenue-free an admission on the part of Government of the right of the person in whose name such land may be entered, or an admission of the validity of the title under which the said land is held revenue free,

(*c*) affect the rights of the Government or of any person in respect of any immoveable property or of any interest, except as otherwise expressly provided herein

রত্তাক্করণের কার্য্যপ্রণালী এবং ৫২ ধারামতে অনুসন্ধান বিষয়ক কার্য্যপ্রণালী ।

ও এই আইনের কার্য্যপক্ষে নানা বিষয়ের বিধান করিতে পারিবেন ।

ও বোর্ডের সাহেবেরা সময়েং তদ্রূপ কোন বিধি রহিত কি পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি ।

৮৯ ধারা । (ক) কোন ব্যক্তি আপনাকেই কোন স্থাবর সম্পত্তির অধিকারি বলিয়া জ্ঞান করিলে, তাহার অধিকার পাইবার জন্যে কিম্বা তাহার স্বত্ব নির্দ্দেশ করিবার জন্যে যে তাঁহার আবেত্তামত মোকদ্দমা করিবার বাধা হইল, কিম্বা

কোনং স্বত্ব রক্ষা করণার্থ ধারা ।

(খ) এই আইনমতে কোন ভূমি নিষ্কর বলিয়া কোন ব্যক্তির নামে রেজিষ্টরী বহীতে লেখা যাওয়াতে গবর্ণমেণ্ট যে তাঁহার স্বত্ব স্বীকার করিয়াছেন, কিম্বা যে অধিকারপত্রক্রমে ঐ ভূমি নিষ্কররূপে ভোগ হইয়া থাকে সেই পত্র যে সিদ্ধ বলিয়া স্বীকার হইল, কিম্বা

(গ) এই আইনে ভাবান্তরের স্পষ্ট বিধান না থাকিলে কোন স্থাবর সম্পত্তি কি কোন স্বার্থ সম্পর্কে গবর্ণমেণ্টের কি কোন ব্যক্তির স্বত্বের যে হানি হইল,

এই আইনের কোন কথার ও এই আইনমতে করা কোন কর্ম্মের এমত ভাব জানিতে হইবে না ইতি ।

SCHEDULE OF REGULATIONS REPEALED

See Section 2

Number and year	Subject or abbreviated title	Extent of Repeal
XIX of 1793	Non-badshahi lakhiraj grants	Sections twenty-one twenty-two, twenty-nine to thirty-four, sections thirty six to forty-one so much of sections forty-two and forty-three as has not been repealed, sections forty-four to forty six, all inclusive
XXXVII of 1793	Badshahi lakhiraj grants	Sections sixteen to eighteen, twenty-four, twenty-six to twenty-nine, thirty one to thirty three, thirty-five, thirty six, so much of section thirty-seven as has not been repealed section thirty-eight, so much of section thirty-nine as has not been repealed, sections forty to forty-one, all inclusive
XLVIII of 1793	A Regulation for forming a quinquennial register, &c	So much as has not been repealed
LVIII of 1795	Granting to the Collectors a commission on the jumma of certain lands	So much as has not been repealed
XV of 1797	Levying Fees, &c	The whole
VIII of 1800	Pergunnah Register	So much as has not been repealed except section nineteen

FREDERICK CLARKE

Offg Asst Secy to the Govt of Bengal, Legislative Dept

[গবর্ণমেণ্ট গেজেট । ১৮৭৬ । ৫ সেপ্টেম্বর ।

যেং আইন রহিত করা গেল তাহার তফসীল।

(২ ধারা দেখ।)

সাল ও নম্বর।	বিষয় কি সংক্ষেপ নাম।	যত দূর রহিত করা গেল।
১৭৯৩ সা ১৯ আ ...	বাদশাহী ভিন্ন লাখেরাজরূপে দত্ত ভূমি বিষয়ক	২১, ২২, ২৯ অবধি ৩৪ পর্য্যন্ত, ধারা, ৩৬ অবধি ৪১ পর্য্যন্ত ধারা। ৪২ ও ৪৩ ধারার যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই তাহা ও ৪৪ অবধি ৪৬ পর্য্যন্ত সকল ধারা।
১৭৯৩ সা ৩৭ আ ...	লাখেরাজরূপে দত্ত বাদশাহী জমী বিষয়ক	১৬, ১৭, ১৮, ২৪, ২৬, অবধি ২৯ পর্য্যন্ত ধারা ৩১ অবধি ৩৩ পর্য্যন্ত ধারা, ৩৫, ৩৬ ধারা, ৩৭ ধারার যে অংশটি পূর্ব্বে রহিত করা যায় নাই তাহা, ৩৮ ধারা, ৩৯ ধারার যে অংশটি পূর্ব্বে রহিত করা যায় নাই তাহা ও ৪০ ও ৪১ ধারা।
১৭৯৩ সা ৪৮ আ	পাঁচসনী রেজিষ্টরকরণ বিষয়ক আইন	যে অংশটি পূর্ব্বে রহিত করা যায় নাই তাহা।
১৭৯৫ সা ৫৮ আ	কোনং জমীর জমার উপর কালেক্টর সাহেবকে কমিশ্যন দেওন বিষয়ক	যে অংশটি পূর্ব্বে রহিত করা যায় নাই তাহা।
১৭৯৭ সা ১৫ আ	ফী প্রভৃতি আদায়করণ বিষয়ক	সম্পূর্ণ আইন।
১৮০০ সা ৮ আ	পরগনা রেজিষ্টর বিষয়ক	১৯ ধারা ভিন্ন আইনের অন্য যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই তাহা।

ফ্রেড্রিক ক্লার্ক,
Notwithstanding anything in the last paragraph of section 8, appeals under the law for the time being regulating the municipality of Bombay shall lie to the Chief Magistrate only

৮ ধারা। উক্ত নগরের মাজিষ্ট্রেট হইবার উপযুক্ত যত ব্যক্তির প্রয়োজন, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ তাঁহাদিগকে নিযুক্ত করিতে, এবং তদ্রূপ নিযুক্ত ব্যক্তিদিগকে কিয়ৎকালের কি চিরকালের নিমিত্ত অবসরও করিতে পারিবেন।

প্রসিডেন্সী মাজিষ্ট্রেট নিযুক্ত করিবার কথা।

তদ্রূপ কোন ব্যক্তি উক্ত কোন আদালতে মাজিষ্ট্রেট-স্বরূপ অধিবিষ্ট হইয়া কার্য্য করিতে পারিবেন।

উক্ত ব্যক্তিদিগকে প্রসিডেন্সী মাজিষ্ট্রেট নামে বলা যাইবে।

উক্ত প্রত্যেক ব্যক্তি যে নগরের মাজিষ্ট্রেট হন আপন পদোপলক্ষে ঐ নগরের শান্তিরক্ষার্থ জষ্টিসও হইবেন,

প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের শান্তিরক্ষার্থ জষ্টিস হইবার কথা।

এবং ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে হাই কোর্টের ক্ষমতা যে সীমা পর্য্যন্ত ব্যাপ্ত হয় তাঁহারা সেই সীমার অন্তর্গত সকল স্থানে, এবং বন্দর ও বন্দরীয় মাসুলবিষয়ক যে আইন যৎকালে প্রবল থাকে তদনুসারে ঐ২ নগরের বন্দরের ও নৌকাদিগমনীয় কোন নদীর কিম্বা বন্দরে পঁহুছিবার জলপথের যে সীমা নির্দ্দিষ্ট থাকে সেই সীমার মধ্যে তাঁহাদের বিচারাধিপত্য থাকিবে।

তাঁহাদের বিচারাধীন স্থানের সীমার কথা।

সেই২ সীমার অন্তর্গত স্থান ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ও এই আইনের অর্থানুযায়ি এক২ জিলা বলিয়া জ্ঞান হইবে।

এই আইন প্রচলিত হইবার অব্যবহিত পূর্ব্বপ্রচলিত কোন আইনমতে পেটি সেশন আদালতের যে ক্ষমতা ও বিচারাধিপত্য থাকে বোম্বাই নগরে প্রত্যেক প্রসিডেন্সী মাজিষ্ট্রেট সেই সকল ক্ষমতানুসারে কার্য্য করিবেন ও তাঁহার সেই বিচারাধিপত্য থাকিবে, ও সেই আদালত এতৎক্রমে উঠাইয়া দেওয়া গেল ইতি।

বোম্বাইয়ের পেটি সেশন আদালতের কথা।

৯ ধারা। উক্ত প্রত্যেক নগরে স্থানীয় গবর্ণমেণ্ট প্রসিডেন্সী মাজিষ্ট্রেটদের মধ্যে এক জনকে প্রধান মাজিষ্ট্রেট বলিয়া নিযুক্ত করিবেন। কোন আইন কি বিধিমতে কোন সীনিয়র বা প্রধান মাজিষ্ট্রেটের দ্বারা যে সকল ক্ষমতাক্রমে কার্য্য করিবার আদেশ থাকে, ঐ মাজিষ্ট্রেট ঐ নগরের মধ্যে সেই সকল ক্ষমতাক্রমে কার্য্য করিবেন। ও প্রসিডেন্সী মাজিষ্ট্রেটদের নানা আদালতে কার্য্য নির্ব্বাহ করিবার ও একি প্রকারের রীতি চালাইবার জন্যে যে বিধি এই আইনের বিধানের সঙ্গত হয়, স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি গ্রহণপূর্ব্বক ঐ প্রধান মাজিষ্ট্রেটের এমত বিধি করিবার ক্ষমতা থাকিবে।

প্রধান মাজিষ্ট্রেটের নিয়োগের ও ক্ষমতার কথা।

৮ ধারার শেষ পদে ভাবান্তরের কথা থাকিলেও বোম্বাইয়ের মুনিসিপালিটীর বিধান করণার্থ যে আইন যৎকালে প্রচলিত থাকে তদনুসারে কেবল প্রধান মাজিষ্ট্রেটের নিকট আপীল হইতে পারিবে ইতি।

References in Acts to Magistrates of Police

10 All references in any Act now in force to Magistrates of Police shall be deemed to be made to Presidency Magistrates.

Sentences which Presidency Magistrates may pass

11 Any Presidency Magistrate may pass the following sentences —

Imprisonment not exceeding the term of two years (including such solitary confinement as is authorized by law)

Fine not exceeding one thousand rupees

Whipping

A Presidency Magistrate may pass any lawful sentence, combining any of the sentences which he is authorized by law to pass

EXPLANATION —A Presidency Magistrate may award imprisonment in default of payment of fine, in addition to the full term of imprisonment which, under this section, he is competent to award But no punishment inflicted under this section shall exceed the punishment provided for the offence by the Indian Penal Code or the special or local law by which such offence is created

Imprisonment in default of payment of fine

12 In every case punishable under any law in force for the time being with imprisonment as well as fine, in which the offender is sentenced to a fine, whether with or without imprisonment, the Presidency Magistrate shall be guided by the provisions of sections 64 and 65 of the Indian Penal Code in fixing the period of imprisonment in default of payment of the fine

Proviso as to cases decided by Magistrate

Provided that, in no case decided by a Presidency Magistrate, where imprisonment has been inflicted as part of the substantive sentence, shall the period of imprisonment inflicted in default of payment of the fine exceed one-fourth of the period of imprisonment which he is competent to inflict as punishment for the offence otherwise than as imprisonment in default of payment of the fine.

Where a person is sentenced to fine only, the Presidency Magistrate may fix such term of imprisonment in default of payment of fine as is allowed by law, provided the term does not exceed two years

Sentence in cases of simultaneous conviction of several offences

13. When a person is convicted, at one trial, of two or more offences punishable under the same section, or different sections,

কোন আইনে পোলীসের মাজিষ্ট্রেট এই শব্দের উল্লেখ হইলে তদ্বিষয়ের কথা।

১০ ধারা। এইক্ষণকার প্রচলিত কোন আইনে পোলীসের মাজিষ্ট্রেটদের উল্লেখ হইলে, প্রসিডেন্সী মাজিষ্ট্রেটদের উল্লেখ হইল বলিয়া জ্ঞান করিতে হইবে ইতি।

প্রসিডেন্সী মাজিষ্ট্রেটেরা যেই দণ্ডের আজ্ঞা করিতে পারেন তাহার কথা।

১১ ধারা। কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট এইই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

দুই বৎসরের অনধিক কালের কারাদণ্ড। (আইনদ্বারা নির্জ্জনে বদ্ধ থাকার অনুমতি হইলে তাহাও ইহার মধ্যে গণ্য।)

এক সহস্র টাকা পর্য্যন্ত অর্থদণ্ড।

প্রহার দণ্ড।

প্রসিডেন্সী মাজিষ্ট্রেট আইনমতে যেই দণ্ডের আজ্ঞা করিতে সক্ষম হন, তন্মধ্যে কএক দণ্ড সংযোগ করিয়া আইন অনুগত সেই দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন।

অর্থের কথা।—প্রসিডেন্সী মাজিষ্ট্রেট এই ধারামতে সম্পূর্ণ যত কাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারেন তদতিরিক্ত অর্থদণ্ড না দেওয়া প্রযুক্ত আরও কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু ভারতবর্ষের দণ্ডবিধির আইনে কিম্বা বিশেষ কি স্থানীয় যে আইনে অপরাধের নির্দ্দেশ হইয়া থাকে, সেই আইনে ঐ অপরাধের যে দণ্ড ধার্য্য হইল, এই ধারামতে তদধিক দণ্ড হইতে পারিবে না ইতি।

অর্থদণ্ডের টাকা না দেওয়া প্রযুক্ত কারাদণ্ডের কথা।

১২ ধারা। যৎকালে যে আইন প্রচলিত হয় তদনুসারে কোন অপরাধের কারাদণ্ড ও অর্থদণ্ড উভয় হইতে পারিলে, ও অপরাধির কারাদণ্ড সহিত কি তদ্ভিন্ন অর্থদণ্ডের আজ্ঞা হইলে অর্থদণ্ড না দেওয়া প্রযুক্ত যত কাল কারাদণ্ড হইবে, প্রসিডেন্সী মাজিষ্ট্রেট ইহা নির্ণয় করিতে গেলে, ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৬৪ ও ও ৬৫ ধারার বিধানমতে কার্য্য করিবেন।

মাজিষ্ট্রেটদের নিষ্পত্তি করা মোকদ্দমা বিষয়ক উপবিধি।

কিন্তু প্রসিডেন্সী মাজিষ্ট্রেট কোন মোকদ্দমা নিষ্পত্তি করিয়া মূলদণ্ডের একাংশস্বরূপ কারাদণ্ডের আজ্ঞা করিলে, অর্থদণ্ড না দেওয়া প্রযুক্ত যে কারাদণ্ডের আজ্ঞা হইতে পারে তদ্ভিন্ন ঐ অপরাধের নিমিত্ত যতকাল কারাদণ্ডের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন অর্থদণ্ড না দেওয়া প্রযুক্ত তাহার চতুর্থাংশের অধিককাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

কোন ব্যক্তির কেবল অর্থদণ্ডের আজ্ঞা হইলে, ঐ অর্থদণ্ড না দেওয়া প্রযুক্ত আইনে যতকাল কারাদণ্ডের অনুমতি আছে প্রসিডেন্সী মাজিষ্ট্রেট ততকালের কারাদণ্ড ধার্য্য করিতে পারিবেন, কিন্তু দুই বৎসরের অধিক নয় ইতি।

একেকালে অনেক অপরাধ নির্ণয় হইলে দণ্ডের কথা।

১৩ ধারা। একি বিচারে কোন ব্যক্তির কোন আইনের একি ধারা কি ভিন্ন ধারামতে দণ্ডনীয় দুই কি তদধিক অপরাধ নির্ণয়

of any law, the Presidency Magistrate may sentence him, for the offences of which he has been convicted, to the several penalties prescribed by such law which such Magistrate is competent to inflict, such penalties, when consisting of imprisonment, to commence the one after the expiration of the other

হইলে, তাহার যে২ অপরাধ নির্ণয় হইয়াছে, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট ঐ আইনের নির্দ্দিষ্ট যে২ দণ্ডের আজ্ঞা করিতে ক্ষমতাপন্ন হন, তাহার সেই২ অপরাধের সেই২ দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। কারাদণ্ডের আজ্ঞা হইলে, এক দণ্ড ভোগ হইলে পর অন্য দণ্ডভোগের আরম্ভ হইবে।

Provided that the punishment shall not in the aggregate exceed twice the amount of punishment which the Magistrate is, by his ordinary jurisdiction, competent to inflict

কিন্তু ঐ মাজিষ্ট্রেট সাধারণ বিচারাধিপত্য ক্রমে যত দণ্ডের আজ্ঞা করিতে পারেন, ঐ দণ্ড সাকল্যে তাহার দ্বিগুণের অধিক না হয় ইতি।

14 Offences punishable under any law, other than the Indian Penal Code, containing no distinct provision as to the Court or officer before which or before whom they are to be tried, may be inquired into and tried, according to the provisions hereinafter contained, by a Presidency Magistrate But no such Magistrate shall pass any sentence in excess of his powers

Offence under enactments not specifying Court authorized to try

১৪ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনভিন্ন কোন আইনমতে অপরাধের দণ্ড হইতে পারিলে, কিন্তু যে আদালতে কি যে কর্ত্তৃপক্ষের সম্মুখে সেই অপরাধের বিচার হইবে ইহার স্পষ্ট বিধান না থাকিলে, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের দ্বারা এই আইনের উল্লিখিত বিধানানুসারে তাহার অনুসন্ধান লইয়া বিচার হইতে পারিবে। কিন্তু উক্ত কোন মাজিষ্ট্রেট আপনার ক্ষমতাতিরিক্ত দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না ইতি।

আইনমতে যে আদালতের যে অপরাধের বিচার করিতে হইবে ইহা নির্দ্দেশ না হইলে ঐ অপরাধের কথা।

15 When any offence is committed in the presence of a Presidency Magistrate, he may order any person to arrest the offender, and when the offender is arrested, may commit him to custody, or, if the offence is bailable, may admit him to bail

Offences committed in Magistrate's presence

১৫ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সাক্ষাতে কোন অপরাধ করা গেলে তিনি কোন ব্যক্তিকেই সেই অপরাধিকে ধরিবার আজ্ঞা দিতে পারিবেন। ধৃত হইলে তিনি তাহাকে হেফাজতে রাখিতে পারিবেন, কিম্বা হাজিরজামিন লওয়ার উপযুক্ত অপরাধ হইলে তাহার স্থানে হাজিরজামিন লইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেটের সম্মুখেই অপরাধ করা গেলে তাহার কথা।

16 A Presidency Magistrate may record any statement made to him at any place within the local limits of his jurisdiction by any person, or any confession made to him at any such place by any person accused of an offence

Power to record statements and confessions

১৬ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের বিচারাধীন কোন স্থানের সীমার মধ্যে কোন ব্যক্তি তাঁহার নিকট যে কথা কহে, কিম্বা কোন অপরাধ হেতুক অভিযুক্ত ব্যক্তি উক্ত কোন স্থানে অপরাধ স্বীকার করণরূপ যে কথা কহে, ঐ মাজিষ্ট্রেট তাহা লিখিয়া রাখিতে পারিবেন।

উক্তি ও অপরাধস্বীকার লিখিয়া রাখিবার ক্ষমতার কথা।

Such statements and confessions shall be recorded in the manner prescribed in section 115 for recording evidence, and shall, when recorded, be forwarded to the Magistrate by whom the case is inquired into or tried

১১৫ ধারায় সাক্ষ্য লিখিয়া রাখার যে বিধান আছে ঐ ব্যক্তির সেই কথা ও অপরাধ স্বীকারবাক্য সেই বিধানমতে লেখা যাইবে, ও লেখা গেলে পর যে মাজিষ্ট্রেট মোকদ্দমার অনুসন্ধান লইয়া বিচার করিবেন তাঁহার নিকট পাঠান যাইবে।

Every confession shall be taken down as nearly as may be in the words used by the person making it, and shall be read over to him before it is recorded.

যে ব্যক্তি ঐ অপরাধ স্বীকার করে সে যে২ শব্দ উচ্চারণ করে সাধ্যমতে সেই২ শব্দ ধরিয়া ঐ স্বীকার বাক্য লেখা যাইবে ও কাগজপত্রের মধ্যে লিপিবদ্ধ করিবার পূর্ব্বে তাহার নিকট পাঠ করা যাইবে।

No Presidency Magistrate shall record any such confession unless, upon inquiry, he has reason to believe that it was made voluntarily, and on recording any such confession, he shall make a

সেই অপরাধ স্বেচ্ছামতে স্বীকার করা গেল, অনুসন্ধান লইয়া প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের এমত জ্ঞান করিবার কারণ না থাকিলে তিনি স্বীকার বাক্য কাগজপত্রের মধ্যে লিখিয়া রাখিবেন না। ঐ স্বীকারবাক্য লিপিবদ্ধ

memorandum at the foot thereof to the following effect —

"I believe that this confession was voluntarily made It was read over to the person making it and was admitted by him to be correct."

(Signed) A B,
Presidency Magistrate

করিলে তাহার নিম্নভাগে তিনি নিম্নলিখিত মর্ম্মানুসারে সংক্ষেপ কথা লিখিবেন.

"আমি বোধ করি যে স্বেচ্ছাপূর্ব্বক এই অপরাধ স্বীকার হইল। স্বীকারকারি ব্যক্তির নিকট পাঠ করা গেলে সে ঐ কথা ঠিক বলিয়া স্বীকার করিল।"

এ, বি,
প্রসিডেন্সী মাজিষ্ট্রেট।

17. Upon complaint made to a Presidency Magistrate on oath of the abduction or unlawful detention of a woman, or of a female child under the age of fourteen years, for any unlawful purpose, he may make an order for the immediate restoration of such woman to her liberty, or of such female child to her husband, parent, guardian, or other person having the lawful charge or government of such child, and may compel compliance with such order, using force if necessary.

Power to compel restoration of abducted females

১৭ ধারা। কোন স্ত্রীকে কিম্বা চৌদ্দ বৎসরের ন্যূন বয়সের বালিকাকে অবৈধ কার্য্যের নিমিত্ত ফুসলাইয়া হরণ করা কি আটক করিয়া রাখা গিয়াছে, প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে শপথপূর্ব্বক এই নালিশ করা গেলে তিনি তৎক্ষণাৎ ঐ স্ত্রীকে ছাড়িয়া দিবার কিম্বা ঐ বালিকাকে আপন স্বামির কি পিতার কি মাতার কি অভিভাবকের কিম্বা বৈধমতে ঐ বালিকার রক্ষণের কি শাসনের ভারপ্রাপ্ত অন্য ব্যক্তির নিকট ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ও সেই আজ্ঞামতে কার্য্য করাইবেন ও আবশ্যক হইলে বলপূর্ব্বক করাইবেন ইতি।

অপহৃতা স্ত্রীকে অগৌণেই ফিরিয়া দেওনের ক্ষমতার কথা।

CHAPTER III

THE PLACE OF INQUIRY AND TRIAL

তৃতীয় অধ্যায়।

অনুসন্ধান লওয়ার ও বিচার করিবার স্থানবিষয়ক বিধি।

18. Every offence shall ordinarily be inquired into, and, if triable by a Magistrate, shall be tried in the district in which it was committed If triable by a High Court, it shall (subject to the provisions of section 64A of the Code of Criminal Procedure) be tried by the High Court to which the Magistrate commits

Place for inquiry and trial of offence

EXPLANATION — Offences created by local and special laws may be inquired into and tried in any place where the inquiry or trial might be held under the provisions of those laws or of this Act

১৮ ধারা। কোন অপরাধ যে জিলার মধ্যে করা যায়, সচরাচর সেই জিলার মধ্যে তাহার অনুসন্ধান লওয়া যাইবে, ও মাজিষ্ট্রেটের বিচার্য্য হইলে সেই জিলার মধ্যে বিচার হইবে। হাই কোর্টের বিচার্য্য হইলে (ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৬৪ক ধারার বিধান প্রবল মানিয়া) ঐ মাজিষ্ট্রেট যে হাই কোর্টে অপরাধিদিগকে সমর্পণ করেন ঐ হাই কোর্টে বিচার হইবে।

অনুসন্ধান লওয়ার ও বিচার করিবার স্থানের কথা।

অর্থ করণের কথা।—স্থানীয় ও বিশেষ আইন দ্বারা যে অপরাধ নির্দ্দিষ্ট হয়, ঐ২ আইনের কিম্বা এই আইনের বিধানে তাহার অনুসন্ধান লওয়ার ও বিচার হইবার যে স্থান নির্দ্ধারিত হয় সেই স্থানে তাহার অনুসন্ধান লওয়া ও বিচার করা যাইতে পারিবে ইতি।

19 When a person is accused of the commission of any offence by reason of anything which has been done, and of any consequence which has ensued, such offence may be inquired into or tried in any district in which any such thing has been done, or any such consequence has ensued

Accused triable in district where act done, or where consequence ensues

১৯ ধারা। কোন কার্য্য করণপ্রযুক্ত এবং তাহার ফল প্রযুক্ত কোন অপরাধ হইয়াছে বলিয়া কোন ব্যক্তির নামে অভিযোগ হইলে, যে জিলায় উক্ত কার্য্য করা গেল বা তাহার উক্ত ফল হইল ইহার অন্যতর জিলায় ঐ অপরাধের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে ইতি।

যে জিলায় ক্রিয়া করা যায় ও যে জিলায় ক্রিয়ার ফল প্রকাশ হয় ইহার একতর জিলায় অভিযুক্ত ব্যক্তির বিচার হইতে পারিবার কথা।

Illustrations

(*a*) A is wounded in district X and dies in district Z The offence of the culpable homicide of A may be inquired into and tried either in X or Z

উদাহরণ।

(ক) বর্দ্ধমান জিলায় আমন্দের আঘাত হইলে নদীয়া জিলায় তাহার মৃত্যু হয়। বর্দ্ধমান জিলায় কিম্বা নদীয়া জিলায় আমন্দকে অপরাধঘটিত হত্যাকরণ অপরাধের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(*b*) A is wounded in district X, and is, during twenty days, unable to follow his ordinary pursuits in district Y, where he is being treated The offence of causing grievous hurt to A may be inquired into and tried either in X or Y

(*c*) A is put in fear of injury in district X, and is thereby induced, in district Y, to deliver property to the person who put him in fear The offence of extortion committed on A may be inquired into and tried either in X or Y

Place for trial where act is offence by reason of relation to other offence

20. When an act is an offence by reason of its relation to any other act which is also an offence, a charge of the first-mentioned offence may be inquired into and tried, either in the district in which it was committed, or in the district in which the other act was committed

Illustrations

(*a*) A charge of abetment may be inquired into and tried, either in the district in which the abetment was committed, or in the district in which the offence abetted was committed

(*b*) A charge of receiving or retaining stolen goods may be inquired into and tried, either in the district in which the goods were stolen, or in the district in which any of them were at any time dishonestly received or retained

(*c*) A charge of wrongfully concealing a person known to have been kidnapped may be inquired int› and tried in the district in which the wrongful concealing, or in the district in which the kidnapping, took place

(*d*) A, B, C, and others combine together to abet the waging of war against the Queen Any of the conspirators may be tried in any district in which acts were done by any one of the persons with whom he or they conspired, in pursuance of their original concerted plan and with reference to their common object

Place for inquiry or trial where scene of offence is uncertain, or offence not committed in one district only, or offence is continuing, or consists of several acts in different districts

21. When it is uncertain in which of several districts an offence was committed, or

where an offence is committed partly in one district and partly in another, or

where an offence is a continuing one and continues to be committed in more districts than one, or

where an offence consists of several acts done in different districts,

(খ) আনন্দ বৰ্দ্ধমান জিলায় আঘাতী হইয়া চিকিৎসা করাইবার জন্যে নদীয়া জিলায় গেলেন, সেই জিলায় বিশ দিনপর্য্যন্ত আপনার সাংসারিক কর্ম্ম চালাইতে পারিলেন না। হয় বৰ্দ্ধমান, না হয় নদীয়া জিলায় আনন্দকে গুরুতর পীড়া দেওনাপরাধের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(গ) কোন ব্যক্তি বৰ্দ্ধমান জিলায় আনন্দের হিংসা করিবার ভয় দর্শাইয়া সেই ভয়প্রদর্শক ব্যক্তিকে নদীয়া জিলার অন্তর্গত সম্পত্তি দিবার প্রবৃত্তি জন্মায়। হয় বৰ্দ্ধমান, না হয় নদীয়া জিলায় আনন্দকে ভয় দর্শাইয়া তাহার দ্রব্য গ্রহণাপরাধের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

অন্য অপরাধের সহিত সম্বন্ধথাকাপ্রযুক্ত কোন ক্রিয়া অপরাধ হইলে বিচার স্থানের কথা।

২০ ধারা। অপরাধসূচক কোন ক্রিয়ার সহিত সম্বন্ধ থাকাপ্রযুক্ত অন্য ক্রিয়া অপরাধ হইলে, প্রথমোক্ত অপরাধ যে জিলায় অথবা ঐ অন্য ক্রিয়া যে জিলায় করা গেল ইহার কোন এক জিলায়, ঐ অপরাধের অভিযোগের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে ইতি।

উদাহরণ।

(ক) সহায়তা করণের অভিযোগ হইলে, যে জিলায় সহায়তা করা গেল, কিম্বা যে অপরাধের সহায়তা করা যায় তাহা যে জিলায় করা গেল সেই জিলায়, ঐ অভিযোগের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(খ) চোরা দ্রব্য গ্রহণ করিবার কি রাখিবার অভিযোগ হইলে, যে জিলায় দ্রব্য চুরী করা যায়, কিম্বা উক্ত দ্রব্যের মধ্যে কোন দ্রব্য কোন সময়ে যে জিলায় কুটিলভাবে গ্রহণ করা কি রাখা যায় সেই জিলায় ঐ অভিযোগের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(গ) মনুষ্য চুরি হইয়াছে জানিয়া সেই মনুষ্যকে অন্যায় মতে লুকাইয়া রাখিবার অভিযোগ হইলে যে জিলায় তাহাকে অন্যায়মতে লুকাইয়া রাখা গেল কিম্বা যে জিলায় চুরি করা গেল ইহার মধ্যে কোন এক জিলায় সেই অভিযোগের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

(ঘ) আনন্দ, বলরাম ও চন্দ্র প্রভৃতি কএক ব্যক্তি ষড়যন্ত্র করিয়া শ্রীশ্রীমতী মহারাণীর সহিত যুদ্ধ করিবার সহায়তা করে। তাহাদের মূল কল্পনামতে ও সাধারণ উদ্দেশ্য লক্ষ করিয়া তাহারদের কোন একজন অন্য যে ব্যক্তির কি ব্যক্তিদের সঙ্গে ষড়যন্ত্র করিল সে কি তাহারা যে কোন জিলায় কোন কার্য্য করে সেই জিলায় তাহাদের কোন ব্যক্তির বিচার হইতে পারিবে।

অপরাধ যে স্থানে করা গেল তাহা নিশ্চয় না হইলে, কিম্বা কেবল এক জিলায় করা না গেলে কিম্বা অপরাধ ক্রমাগত করা গেলে, কিম্বা ভিন্ন২ জিলায় অনেক কার্য্য লইয়া অপরাধ হইলে অনুসন্ধান লইবার ও বিচার করিবার স্থানের কথা।

২১ ধারা। অনেক জিলার মধ্যে কোন্ জিলায় অপরাধ করা গেল ইহা নিশ্চয় না হইলে,

কিম্বা অপরাধের এক অংশ এক জিলায় অন্য অংশ অন্য জিলায় করা গেলে,

কিম্বা অপরাধ ক্রমিক হইলে ও দুই কি তদধিক জিলায় করা যাইতে থাকিলে,

কিম্বা ভিন্ন২ জিলায় কৃত নানা ক্রিয়া লইয়া অপরাধ হইলে,

it may be inquired into and tried in any of such districts.

উক্ত অন্যতর জিলায় ঐ অপরাধের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

Or offence is committed on journey or voyage

An offence committed on a journey or voyage may be inquired into and tried in any district through or into which the person by whom the offence was committed, or the person against whom, or the thing in respect of which, the offence was committed, passed in the course of that journey or voyage

কিম্বা পথে কি যাত্রাকালে অপরাধ করা গেলে তাহার কথা।

স্থলপথে কি জলপথে যাত্রাকরণ সময়ে কোন অপরাধ করা গেলে, যে ব্যক্তি অপরাধ করিল কিম্বা যাহার উপর কি যে বিষয় লইয়া অপরাধ করা গেল, স্থলপথে কি জলপথে ঐ যাত্রা করণসময়ে সে বা ঐ বিষয়টি যে কোন জিলা দিয়া বা যে জিলায় গিয়াছিল তাহার কোন এক জিলায় ঐ অপরাধের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে ইতি।

Being a thug or dacoit
Escaping from custody

22. The offence of being a thug, or of having belonged to a gang of dacoits, or of having escaped from custody, may be inquired into and tried wherever the accused person happens to be when the complaint is made

ঠগ কি ডাকাইত হওনাপরাধের কথা।

হেফাজৎহইতে পলাইবার কথা।

২২ ধারা। কোন ব্যক্তির নামে ঠগ হওন কিম্বা দস্যুদের দলভুক্ত হওন কি হেফাজৎহইতে পলায়নকরণ অপরাধের নালিশ হইলে, নালিশ হওন সময়ে অভিযুক্ত ব্যক্তি যে জিলায় থাকে সেই জিলায় সেই অভিযোগের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

Criminal misappropriation and criminal breach of trust

The offence of criminal misappropriation, or of criminal breach of trust, may be inquired into and tried either in the district in which the property which is the subject of the offence was received by the accused person, or in any other district in which the offence was committed

অপরাধভাবে দ্রব্যের অবিহিত ব্যবহারের ও অপরাধভাবে বিশ্বাসঘাতকতার কথা।

অপরাধভাবে দ্রব্য লইয়া অবিহিত ব্যবহার করণের, কিম্বা অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণের অপরাধ হইলে, যে দ্রব্য লইয়া ঐ অপরাধ হয় অভিযুক্ত ব্যক্তি তাহা যে জিলায় গ্রহণ করিল কিম্বা অন্য যে জিলায় ঐ অপরাধ করা গেল, তাহার কোন এক জিলায় ঐ অভিযোগের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

Murder as a thug, dacoity, or dacoity with murder

The offence of murder as a thug, dacoity, or dacoity with murder, may be inquired into and tried wherever the person accused happens to be when arrested, or in any other district in which he might be tried under any other provision of this Act, or any other law relating to the trial of such offence

ঠগ হইয়া হত্যাকরণের কি দস্যুতার কি হত্যাসহিত দস্যুতার কথা।

কোন ব্যক্তির নামে ঠগ হইয়া হত্যা করিবার কি দস্যুতা করিবার কিম্বা হত্যাসহিত দস্যুতা করিবার অভিযোগ হইলে, অভিযুক্ত ব্যক্তি যে সময়ে ধৃত হয় সেই সময়ে যে জিলায় থাকে, কিম্বা এই আইনের কিম্বা ঐ অপরাধের বিচার বিষয়ক অন্য কোন আইনের বিধানমতে অন্য যে জিলায় তাহার বিচার হইতে পারে, সেই জিলায় তাহার সেই অপরাধের অনুসন্ধান লওয়া যাইতে ও বিচার হইতে পারিবে।

Stealing cattle

The offence of stealing an animal may be inquired into and tried either in the district in which such animal was stolen, or in any other district through or into which it was conveyed

পশুচুরির কথা।

পশু চুরী করণের অপরাধ হইলে, যে জিলায় ঐ পশু চুরী করা গিয়াছিল কিম্বা অন্য যে জিলা দিয়া কি যে জিলায় চালান হইয়াছিল, ইহার মধ্যে কোন জিলায় ঐ অপরাধের অনুসন্ধান লইয়া বিচার হইতে পারিবে ইতি।

High Court to decide in case of doubt district where inquiry shall take place

23. Whenever any doubt arises as to the district in which any offence should be inquired into or tried, the High Court within whose jurisdiction the offender is apprehended may decide in which district the offence shall be inquired into or tried

কোন্ জিলায় অনুসন্ধান লওয়া যাইবে ইহার সন্দেহ হইলে হাই কোর্টের দ্বারা তাহা নির্ণয় হইবার কথা।

২৩ ধারা। কোন্ জিলায় অপরাধের অনুসন্ধান লওয়া যাইবে কি বিচার হইবে ইহার সন্দেহ হইলে, যে হাই কোর্টের বিচারাধীন স্থানে অপরাধিকে ধরা যায় সেই হাই কোর্ট উক্ত কথা নিশ্চয় করিবেন ইতি।

24. No sentence or order of any Criminal Court shall be liable to be set aside merely on the ground that the inquiry or trial was held in a wrong district, unless it is proved, or appears, that the accused person in his defence, or the prosecutor in his prosecution, was actually prejudiced by such error, in either of which cases a new trial may be ordered

Effect, on sentence, of holding investigation, inquiry, or trial in wrong district

CHAPTER IV

Of Complaints to a Presidency Magistrate.

25 A Presidency Magistrate may take cognizance of any offence—

When Presidency Magistrate may take cognizance of offences

(*a*) upon a complaint by a private person,

(*b*) upon information or report by a police-officer,

(*c*) upon information received under section 245.

26 Any person acquainted with the facts of a case may make a complaint

Who may make complaints

Every such information or report shall be regarded as a complaint

27. On receipt of a complaint, a Presidency Magistrate may, if the person complained of be not already in custody, proceed by summons or warrant to compel his appearance

Process to compel appearance

28 A complaint gives jurisdiction to a Presidency Magistrate to inquire into or try (as the case may be) any offence covered by the facts complained of, or disclosed on such inquiry or trial, and also to try or commit for trial (as the case may be) any person not complained against, but who, at the time when the complaint is made, or subsequently, appears to have committed any offence so disclosed

Jurisdiction given by complaint

29. Nothing in sections 27 or 28 shall be held to authorize a Presidency Magistrate to take cognizance, without complaint, of any offence falling under chapters XIX, XX or XXI

Complaint or sanction required in certain cases

২৪ ধারা। অনুসন্ধান লওনের কার্য্য কি বিচার অনুপযুক্ত জিলায় হইলেও কেবল সেই কারণে কোন ফৌজদারী আদালতের দণ্ডাজ্ঞা কি অন্য আজ্ঞা অসিদ্ধ হইবে না, কিন্তু সেই ভ্রমহেতুক উত্তর দেওন পক্ষে অভিযুক্ত ব্যক্তির, কি অভিযোগ করণপক্ষে অভিযোক্তার বিঘ্ন হইয়াছে, ইহার প্রমাণ হইলে বা ইহা দৃষ্ট হইলে নূতন বিচার হইবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

অনুপযুক্ত জিলায় তদন্ত কি অনুসন্ধান লওয়া গেলে কি বিচার হইলে দণ্ডাজ্ঞা পক্ষে তাহার ফলের কথা।

চতুর্থ অধ্যায়।

প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট নালিশবিষয়ক বিধি।

২৫ ধারা। নিম্নলিখিত স্থলে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট কোন অপরাধের নালিশ গ্রাহ্য করিতে পারিবেন,

প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট যে স্থলে অপরাধের নালিশ গ্রাহ্য করিতে পারেন তাহার কথা।

(ক) সাধারণ ব্যক্তি নালিশ করিলে।

(খ) পোলীসের কর্ম্মকারক সন্ধান জানাইলে কি রিপোর্ট দিলে।

(গ) ২৪৫ ধারামতে সন্ধান পাইলে ইতি।

২৬ ধারা। কোন ব্যক্তি কোন ব্যাপারের বৃত্তান্ত জানিলে নালিশ করিতে পারিবেন।

নালিশ করিতে কে পারে ইহার কথা।

পূর্ব্বোক্ত কোন সন্ধান কি রিপোর্ট নালিশ বলিয়া জ্ঞান হইবে ইতি।

২৭ ধারা। যে ব্যক্তির নামে নালিশ হয় সে তৎকালেই হেফাজতে না থাকিলে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট নালিশ হইলেই তিনি সমন কি ওয়ারন্ট দিয়া বলপূর্ব্বক ঐ ব্যক্তিকে উপস্থিত করাইতে পারিবেন ইতি।

উপস্থিত করাইবার পরওয়ানার কথা।

২৮ ধারা। কোন নালিশের বৃত্তান্ত দ্বারা যে অপরাধ লক্ষিত হয়, নালিশ হইলেই প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সেই অপরাধের অনুসন্ধান ল'বার কিম্বা বিষয়বিশেষে বিচার করিবার, কিম্বা উক্ত রূপ অনুসন্ধান লওন কি বিচার করণদ্বারা যে অপরাধ প্রকাশ হয় তাহার অনুসন্ধান লওয়ার কি বিচার করণের অধিকার জন্মে, এবং যে ব্যক্তির নামে নালিশ নাও হয় এমত ব্যক্তি পূর্ব্বোক্তমতে প্রকাশিত কোন অপরাধ করিয়াছে নালিশ করণসময়ে কি তৎপরেও ইহা দৃষ্ট হইলে, সেই ব্যক্তির বিচার করিবার কিম্বা বিষয়বিশেষে তাহাকে বিচারার্থে সমর্পণ করিবার অধিকার জন্মে ইতি।

নালিশ হওনদ্বারা বিচারাধিপত্য হওয়ার কথা।

২৯ ধারা। কোন অপরাধ ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৯ কি ২০ কি ২১ অধ্যায়ের মধ্যে আইলে, সেই অপরাধের নালিশ না হইলে ২৭ কিম্বা ২৮ ধারার কোন

স্থল বিশেষে নালিশ করিবার কি অনুমতি পাইবার প্রয়োজনের কথা।

of the Indian Penal Code, nor without sanction to receive a complaint, or to take cognizance without complaint, of any offence, where such complaint or offence, by any law in force for the time being, may not be received or taken cognizance of without sanction

30. Whenever a complaint is made to a Presidency Magistrate, such Magistrate, if he has jurisdiction in the case, shall examine the complainant, and such examination may be on oath or affirmation, or not, as the Magistrate in each case thinks fit

Magistrate to examine complainant

Provided that the Magistrate, if he thinks fit, may, before the matter of the complaint is brought before him, require it to be reduced to writing

Where the complaint has been made by petition, and the Magistrate neglects to examine the complainant, the trial of the person accused shall not be set aside on this ground

Effect of omission

31 If the Magistrate sees cause to distrust the truth of the complaint, he may postpone the issuing of process for compelling the attendance of the person complained against, and may direct a previous inquiry or investigation to be made, either by means of any officer subordinate to such Magistrate, or of a local police-officer, or in such other mode as he thinks fit, for the purpose of ascertaining the truth or falsehood of the complaint.

Postponement of issue of process.

32 The Magistrate before whom the complaint is duly made may, if, after examining the complainant, there is in his judgment no sufficient ground for proceeding, dismiss the complaint

Dismissal of complaint

The dismissal of a complaint shall not prevent subsequent proceedings

33. If it appears to such Magistrate that there is sufficient ground for proceeding, he shall issue his summons or his warrant (as the case may be) for causing the accused person to appear before him

Issue of process

34 When a complaint is made before a Presidency Magistrate having jurisdiction in the case that any person has committed, or is suspected of having committed, any offence triable by such Magistrate and punishable with fine only, or with imprisonment for a period not

When summons may issue

কথার দ্বারা কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট সেই অপরাধের মোকদ্দমা গ্রাহ্য করিতে সক্ষম হইবেন না, আরো যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে অনুমতি বিনা যে অপরাধের নালিশ গ্রাহ্য বা বিচার হইতে না পারে, তিনি অনুমতি বিনা সেই অপরাধের নালিশ গ্রাহ্য করিতে, কিম্বা নালিশ না হইলেও সেই অপরাধের মোকদ্দমা গ্রাহ্য করিতে সক্ষম হইবেন না ইতি।

৩০ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট নালিশ হইলে, সেই মোকদ্দমার তাঁহার বিচারাধিপত্য থাকিলে তিনি বাদিকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন। মাজিষ্ট্রেট প্রত্যেক স্থলে যেমন উচিত বোধ করেন তেমনি শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইয়া কি না করাইয়া ঐ জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

বাদির পরীক্ষা মাজিষ্ট্রেটের লওনের কথা।

কিন্তু মাজিষ্ট্রেট বিহিত বোধ করিলে নালিশের বিষয় সম্মুখে উপস্থিত করাইবার পূর্ব্বে তাহা লিখিয়া দিবার আদেশ করিতে পারিবেন।

দরখাস্ত দ্বারা নালিশ হইলে ও মাজিষ্ট্রেট বাদিকে জিজ্ঞাসাবাদ করিতে ত্রুটি করিলে, তৎপ্রযুক্ত অভিযুক্ত ব্যক্তির বিচার অন্যথা হইবে না ইতি।

ত্রুটির ফলের কথা।

৩১ ধারা। মাজিষ্ট্রেট নালিশের সত্যতায় অবিশ্বাস করিবার কারণ জানিলে, যাহার নামে নালিশ হইল তাহাকে বলপূর্ব্বক উপস্থিত করাইবার পরওয়ানা স্থগিত রাখিয়া ঐ নালিশ সত্য কি মিথ্যা ইহা নিশ্চয়মতে জানিবার নিমিত্ত আপনার অধীন কোন আমলার দ্বারা কিম্বা স্থানীয় পোলীসের কর্ম্মকারকের দ্বারা কিম্বা অন্য যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে অনুসন্ধান কি তদন্ত লওয়ার আদেশ করিতে পারিবেন ইতি।

পরওয়ানা দেওয়া স্থগিত রাখার কথা।

৩২ ধারা। মাজিষ্ট্রেটের নিকট নিয়মিতরূপে নালিশ করা গেলে তিনি বাদিকে জিজ্ঞাসাবাদ করিলে পর সেই বিষয়ের আর কোন কার্য্য অনুষ্ঠান করিবার বিশিষ্ট কারণ নাই বোধ করিলে ঐ নালিশ ডিসমিস করিতে পারিবেন।

নালিশ ডিসমিস করিবার কথা।

নালিশ ডিসমিস হইলেও পশ্চাৎ কোন কার্য্যানুষ্ঠানের বাধা হইবে না ইতি।

৩৩ ধারা। কার্য্যানুষ্ঠান করিবার বিশিষ্ট কারণ আছে, উক্ত মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে, অভিযুক্ত ব্যক্তিকে আপনার সম্মুখে উপস্থিত করাইবার জন্যে সমন কিম্বা বিষয়বিশেষে ওয়ারেণ্ট দিবেন ইতি।

পরওয়ানা দিবার কথা।

৩৪ ধারা। কোন মোকদ্দমায় যে প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে তাঁহার বিচার্য্য যে অপরাধের কেবল অর্থদণ্ড কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড হইতে পারে, কোন ব্যক্তি এমত অপরাধ করিয়াছে, কিম্বা কোন ব্যক্তিকে এমত অপরাধের অপরাধী বলিয়া

যেং স্থলে সমন দেওয়া যাইবে তাহার কথা।

exceeding six months, or with both, the Magistrate may issue his summons directed to such person, requiring him to appear to answer the complaint at a certain time and place before such Magistrate as may then be there

If the Magistrate believes that the accused person is about to abscond, he may, instead of issuing a summons, issue a warrant in the first instance for the arrest of such person

Where warrant or summons may issue on complaint

35 When a complaint is made before a Presidency Magistrate having jurisdiction in the case that any person has committed, or is suspected of having committed—

(*a*) any offence triable by such Magistrate and punishable with imprisonment for a period exceeding six months, or

(*b*) any offence triable exclusively by the High Court, or which, in the opinion of such Magistrate, ought to be tried by the High Court,

such Magistrate may issue his warrant to arrest such person, or, if he thinks fit, his summons directed to such person, requiring him to appear to answer the complaint at a certain time and place before such Magistrate as may then be there

Warrant to arrest, if summons not obeyed

36 If the person served with a summons does not appear before the Magistrate at the time mentioned in such summons, and the Magistrate is satisfied that such summons was duly served in what he deems a reasonable time before the time therein appointed for appearing pursuant thereto,

or if it appears to the Magistrate that, after due diligence, the summons could not be served according to the provisions of this Act,

the Magistrate may issue his warrant to apprehend the accused person

Magistrate may dispense with personal attendance of accused

37. Whenever the Magistrate issues a summons, he may, if he sees sufficient cause, dispense with the personal attendance of the accused person, and permit him to appear by his advocate, attorney, or pleader

But such Magistrate may in his discretion, at any stage of the proceedings, direct the personal attendance of the accused person, and, if necessary, enforce such attendance by issuing a warrant to arrest him

বোধ হয় তাঁহার নিকট এই মর্ম্মের নালিশ হইলে, তিনি সেই ব্যক্তির নামে সমন দিয়া তাহাকে ঐ অভিযোগের উত্তর দিবার জন্যে নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে যে মাজিষ্ট্রেট তথায় থাকেন তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন।

অভিযুক্ত ব্যক্তি পলায়ন করিতে উদ্যত আছে মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে, সমন না দিয়া প্রথমেই ঐ ব্যক্তিকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

নালিশ হইলেই যে স্থলে ওয়ারণ্ট বা সমন বাহির হইতে পারিবে তাহার কথা।

৩৫ ধারা। কোন মোকদ্দমায় যে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে,

(ক) তাঁহার বিচার্য্য যে অপরাধের নিমিত্তে ছয় মাসের অধিক কাল কারাদণ্ড হইতে পারে,

(খ) কিম্বা যে অপরাধ কেবল হাই কোর্টের বিচার্য্য কিম্বা ঐ মাজিষ্ট্রেটের বিবেচনায় যে অপরাধ হাই কোর্টের বিচার করা উচিত, কোন ব্যক্তি এমত অপরাধ করিয়াছে কিম্বা কোন ব্যক্তিকে সেই অপরাধের অপরাধী বলিয়া বোধ হয়, এই মর্ম্মের নালিশ হইলে,

ঐ মাজিষ্ট্রেট সেই ব্যক্তিকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন, কিম্বা উচিত বোধ করিলে তাহার নামে সমন দিয়া বিশেষ সময়ে ও স্থানে যে মাজিষ্ট্রেট তথায় থাকেন তাঁহার সম্মুখে ঐ অভিযোগের উত্তর দিবার জন্যে উপস্থিত হইবার আদেশ করিবেন ইতি।

সমনমতে না আইলে ধরিবার ওয়ারণ্টের কথা।

৩৬ ধারা। যে ব্যক্তির নামে সমন দেওয়া যায় সে ঐ সমনের লিখিত সময়ে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত না হইলে, এবং সমনে উপস্থিত হইবার যে দিন নিরূপণ হইল তাহার পূর্ব্বে মাজিষ্ট্রেটের বিবেচনায় সঙ্গত সময় থাকিতে ঐ সমন নিয়মমতে ঐ ব্যক্তিকে দেওয়া গিয়াছে ইহা সন্তোষমতে জানিলে,

অথবা উপযুক্তমতে চেষ্টা হইলেও এই আইনের বিধানমতে সমন দেওয়া যাইতে পারিল না, মাজিষ্ট্রেটের এমত বোধ হইলে,

তিনি অভিযুক্ত ব্যক্তিকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তির উপস্থিত না হইবার অনুমতি দিতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।

৩৭ ধারা। মাজিষ্ট্রেট সমন দিলে, তিনি উপযুক্ত কারণ জানিলে অভিযুক্ত ব্যক্তির স্বয়ং উপস্থিত না হইয়া আপনার আডবোকেটের বা মোক্তারের বা উকীলের দ্বারা উপস্থিত হইবার অনুমতি দিতে পারিবেন।

কিন্তু কার্য্যানুষ্ঠানের কোন সময়ে মাজিষ্ট্রেট বিহিত বোধ করিলে অভিযুক্ত ব্যক্তির স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা দিতে ও আবশ্যক হইলে তাহাকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিয়া বলপূর্ব্বক উপস্থিত করাইতে পারিবেন ইতি।

CHAPTER V.

OF PROSECUTIONS IN CERTAIN CASES.

Prosecutions for offences against the State

38. A complaint of an offence punishable under chapter VI of the Indian Penal Code, except section 127, or punishable under section 294A of the same Code, shall not be received by any Presidency Magistrate, unless it be made by order of, or under authority from, the Governor-General in Council or the Local Government, or some officer empowered by the Governor-General in Council to order or authorize such complaint, or unless it be made by the Advocate-General

পঞ্চম অধ্যায়।

স্থলবিশেষে অভিযোগবিষয়ক বিধি।

রাজবিরুদ্ধ অপরাধের অভিযোগের কথা।

৩৮ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১২৭ ধারাভিন্ন ৬ অধ্যায়মতে দণ্ডনীয়, কিম্বা উক্ত আইনের ২৯৪ক ধারামতে দণ্ডনীয় অপরাধের নালিশ হইলে, মন্ত্রিসভাধিষ্ঠিত ভারতবর্ষের শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কিম্বা স্থানবিশেষের গবর্ণমেণ্টের আজ্ঞা কিম্বা তাঁহার দত্ত ক্ষমতাক্রমে, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের স্থানে যে কর্ত্তৃপক্ষ তদ্রূপ মোকদ্দমা উপস্থিত করিবার আজ্ঞা করিতে কি ক্ষমতা দিতে শক্তি পান তাঁহার আজ্ঞা কিম্বা তাঁহার দত্ত ক্ষমতাক্রমে, কিম্বা আডবোকেট জেনরল সাহেবের দ্বারা নালিশ উপস্থিত করা না গেলে, কোন প্রসিডেনসী মাজিষ্ট্রেট তদ্রূপ অপরাধের নালিশ গ্রাহ্য করিবেন না ইতি।

Prosecution of Judges and public servants

39. A complaint of an offence of which any Judge, or any public servant not removable from his office without the sanction of the Government, is accused as such Judge or public servant, shall not be received by any Presidency Magistrate, except with the previous sanction, or under the direction,

(*a*) of the Government, or

(*b*) of some officer empowered in this behalf by the Government, or

(*c*) of some Court or other authority to which such Judge or public servant is subordinate, and whose power so to sanction or direct such complaint has not been limited by the Government

বিচারকর্ত্তাদের ও রাজকীয় কার্য্যকারকদের নামে অভিযোগের কথা।

৩৯ ধারা। বিচারকর্ত্তাস্বরূপ কিম্বা রাজকীয় অন্য যে কার্য্যকারক গবর্ণমেণ্টের অনুমতিবিনা পদচ্যুত হইতে না পারেন এমত কার্য্যকারকস্বরূপ সেই বিচারকর্ত্তার কি কার্য্যকারকের নামে, কোন অপরাধের অভিযোগ হইলে,

(ক) স্থানবিশেষের গবর্ণমেণ্টের

(খ) কিম্বা এতৎপক্ষে স্থানবিশেষের গবর্ণমেণ্টহইতে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের অনুমতি কি আজ্ঞাভিন্ন,

(গ) অথবা ঐ বিচারকর্ত্তা কিম্বা রাজকীয় কার্য্যকারক যে আদালতের কিম্বা অন্য কর্ত্তৃপক্ষের অধীন থাকেন স্থানবিশেষের গবর্ণমেণ্ট তদ্রূপ নালিশ হওনার্থে তাঁহার অনুমতি কি আজ্ঞা করণের ক্ষমতা সঙ্কোচ না করিলে তাঁহার অনুমতি কি আদেশভিন্ন, ঐ নালিশ গ্রাহ্য হইবে না।

No such Judge or public servant shall, unless with the previous sanction of the Government, be prosecuted for any act purporting to be done by him in the discharge of his duty

উক্ত কোন বিচারপতি কি রাজকীয় কার্য্যকারক আপন কর্ত্তব্য কর্ম্মের অন্তর্গত ক্রিয়া বলিয়া যে কার্য্য করেন, তদ্ধেতুক গবর্ণমেণ্টের অনুমতি বিনা তাঁহার নামে নালিশ হইতে পারিবে না।

Power of Government as to prosecution

The Government may, in any case or class of cases, prescribe the person by whom, and the manner in which, the prosecution is to be conducted, and may specify the Court before which the trial shall be held

অভিযোগ সম্পর্কে গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

কোন মোকদ্দমার কি মোকদ্দমাশ্রেণীর পক্ষে যে ব্যক্তির দ্বারা ও যে নিয়মমতে ঐ অভিযোগের অনুষ্ঠান হইতে পারিবে, গবর্ণমেণ্ট ইহা নির্ণয় করিতে, ও যে আদালতের সম্মুখে ঐ মোকদ্দমার বিচার হইবে ইহা নির্দ্দেশ করিতে পারিবেন।

Definition of 'Government,' 'Judge,' and 'public servant'

In this section the expression 'Government' means either the Local Government or the Governor-General in Council, and the expressions 'Judge' and 'public servant' have the meaning assigned to them respectively by the Indian Penal Code

'গবর্ণমেণ্ট' 'জজ' ও 'রাজকীয় কার্য্যকারক' এই২ শব্দের অর্থনির্ণায়ক কথা।

এই ধারায় "গবর্ণমেণ্ট" শব্দে স্থানীয় গবর্ণমেণ্ট কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবকে জানিতে হইবে। এবং ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে "বিচারপতি" ও "রাজকীয় কার্য্যকারক" শব্দের যে অর্থ নির্ণয় হইল, এই ধারায় ঐ২ শব্দের সেই অর্থ জানিতে হইবে ইতি।

40. A complaint of any offence described in chapter X of the Indian Penal Code, not falling within section 175, 178, 179, 180, or 228 of that Code, shall not be received by any Presidency Magistrate, except with the sanction or on the complaint of the public servant concerned, or of his official superior

Prosecution for contempts of the lawful authority of public servants

৪০ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১০ অধ্যায়ের নির্দ্দিষ্ট যে অপরাধ ঐ আইনের ১৭৫ কি ১৭৮ কি ১৭৯ কি ১৮০ কি ২২৮ ধারার মধ্যে না আইসে, সেই অপরাধ রাজকীয় যে কার্য্যকারকের পক্ষে হইয়া থাকে তিনি কিম্বা তাঁহার উপরিস্থ পদের কর্ম্মকারক অনুমতি না দিলে, কি নালিশ না করিলে, কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট ঐ অপরাধের নালিশ গ্রাহ্য করিবেন না ইতি।

রাজকীয় কার্য্যকারকদের আইনসিদ্ধ ক্ষমতার অবজ্ঞা বিষয়ক অভিযোগের কথা।

41. A complaint of an offence against public justice, described in section 193, 194, 195, 196, 199, 200, 205, 206, 207, 208, 209, 210, 211, or 228 of the Indian Penal Code, when such offence is committed before or against a Civil or Criminal Court, shall not be received by any Presidency Magistrate, except with the sanction of the Court before or against which the offence was committed, or of some other Court to which such Court is subordinate

Sanction to prosecution for certain offences against public justice.

৪১ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৯৩, ১৯৪, ১৯৫, ১৯৬, ১৯৯, ২০০, ২০৫, ২০৬, ২০৭, ২০৮, ২০৯, ২১০, ২১১, কি ২২৮ ধারায় সাধারণের পক্ষে ন্যায় বিচারের বিরুদ্ধ যে২ অপরাধ নির্দ্দিষ্ট হইয়াছে, তাহা যে আদালতের সম্মুখে কি বিপক্ষে করা গেল তাহার, কিম্বা সেই আদালত অন্য যে আদালতের অধীন থাকেন, সেই আদালতের অনুমতি না হইলে, কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট ঐ অপরাধের নালিশ গ্রাহ্য করিবেন না ইতি।

সাধারণের পক্ষে ন্যায় বিচারের কোন২ অপরাধহেতুক অভিযোগের অনুমতির কথা।

42 A complaint of an offence relating to documents, described in section 463, 471, 475, or 476 of the Indian Penal Code, when the document has been given in evidence in any proceedings in any Civil or Criminal Court, shall not be received against a party to such proceedings by any Presidency Magistrate, except with the sanction of the Court in which the document was given in evidence, or of some other Court to which such Court is subordinate

Sanction to prosecution for certain offences relating to documents given in evidence

৪২ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৬৩ ৪৭১, ৪৭৫, কি ৪৭৬ ধারায় যে২ দলীল নির্দ্দিষ্ট হইয়াছে, দেওয়ানী কি ফৌজদারী কোন আদালতের আনুষ্ঠানিক কোন কার্য্যে সেই২ দলীল প্রমাণস্বরূপ উপস্থিত করা গেলে, যে আদালতে উপস্থিত করা যায় তাঁহার, কিম্বা সেই আদালত অন্য যে আদালতের অধীন থাকেন তাঁহার অনুমতি না হইলে, কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট ঐ আনুষ্ঠানিক কার্য্যের কোন পক্ষের নামে সেই দলীলসম্পর্কীয় কোন অপরাধের নালিশ গ্রাহ্য করিবেন না ইতি।

দলীল প্রমাণস্বরূপ দেওয়া গেলে তৎসম্পর্কীয় কোন২ অপরাধের অভিযোগের অনুমতির কথা।

43 The sanction referred to in sections 40, 41, and 42 respectively may be expressed in general terms, and need not name the accused person, and may be given at any time But it shall, so far as practicable, specify the Court or other place in which, and the occasion on which, the offence is alleged to have been committed

Nature of sanction necessary

A sanction under any one of the three last preceding sections shall be deemed sufficient authority for the Presidency Magistrate to alter the charge (if any) to one of an offence coming within either of the two remaining sections, if the facts disclose such offence

৪৩ ধারা। ৪০ ও ৪১ ও ৪২ ধারার উল্লিখিত অনুমতি সাধারণ কথায় ব্যক্ত হইতে পারিবে, অভিযুক্ত ব্যক্তির নাম লিখিবার প্রয়োজন নাই। ঐ অনুমতি কোন সময়েই দেওয়া যাইতে পারিবে। কিন্তু যে আদালতে কি অন্য স্থানে ও যে ভাবগতিকে ঐ অপরাধ করা যাইবার কথা আছে তাহা যত দূর হইতে পারে বিশেষ করিয়া লিখিতে হইবে।

যে প্রকারের অনুমতি পাওয়া আবশ্যক তাহার কথা।

ইহার পূর্ব্ব তিনটী ধারার কোন এক ধারামতে যে অনুমতি দেওয়া যায়, বৃত্তান্তক্রমে অন্য দুই ধারার কোন এক ধারামত অপরাধ দৃষ্ট হওয়াতে, অভিযোগ পত্র থাকিলে তাহা পরিবর্ত্তন করিয়া সেই ধারামতে অপরাধের অভিযোগ করণার্থে সেই অনুমতিই প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের পক্ষ বিশিষ্ট ক্ষমতা বলিয়া জ্ঞান হইবে ইতি।

44. When any Civil, Criminal, or other Court inferior to a High Court is of opinion that there is sufficient ground for inquiring into any complaint mentioned in section 40, 41, or 42, such Court may either itself inquire into and

Procedure in cases mentioned in section 40, 41, or 42.

৪৪ ধারা। ৪০ ও ৪১ ও ৪২ ধারার নির্দ্দিষ্ট কোন নালিশের অনুসন্ধান লওযার বিশিষ্ট কারণ আছে, দেওয়ানী কি ফৌজদারী কিম্বা হাই কোর্টের অধীন অন্য কোন আদালত এমত বোধ করিলে, সেই

৪০ ও ৪১ ও ৪২ ধারায় লিখিত স্থলে কার্য্যপ্রণালীর কথা।

commit the case for trial before the High Court, or may send the case for disposal to any Presidency Magistrate having jurisdiction.

The Court may send the accused person in custody, or take sufficient bail for his appearance before such Magistrate, and may bind over any person to appear and give evidence in the case.

45. A complaint of an offence under section 497 of the Indian Penal Code shall be made only by the husband of the woman concerned, or by the other person (if any) under whose care she was living at the time when the adultery was committed

Prosecution for adultery

A complaint of an offence under section 498 of the Indian Penal Code shall be made only by the husband of the woman concerned, or by the person (if any) having the care of her on behalf of her husband at the time when the offence was committed

Prosecution for enticing away married woman

46 The application of the public servant or Court to a Presidency Magistrate to inquire into or try any case under this chapter shall be deemed a sufficient complaint

Application to be deemed a complaint

আদালত আপনি অনুসন্ধান লইয়া হাই কোর্টে বিচার হইবার নিমিত্ত মোকদ্দমা সমর্পণ করিতে পারিবেন, কিম্বা বিচার করিবার ক্ষমতাপন্ন কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট সেই মোকদ্দমা নিষ্পত্তি করণার্থে প্রেরণ করিতে পারিবেন।

উক্ত আদালত সেই অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির জিম্মায় দিয়া পাঠাইতে, কিম্বা ঐ মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত জামিন লইতে পারিবেন, ও কোন ব্যক্তিকে সেই মোকদ্দমায় উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার প্রতিজ্ঞাবদ্ধ করিতে পারিবেন ইতি।

৪৫ ধারা। স্ত্রীর স্বামী ভিন্ন, কিম্বা পরদার গমন অপরাধ যে সময়ে করা যায় সেই সময়ে স্ত্রী যাঁহার কর্তৃত্বাধীনে ছিল সেই ব্যক্তি ভিন্ন, কেহ ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৯৭ ধারামত অপরাধের অভিযোগ উপস্থিত করিতে পারিবে না।

ব্যভিচারের অভিযোগের কথা।

স্ত্রীর স্বামী কিম্বা অপরাধকরণ সময়ে ঐ স্বামির পক্ষে স্ত্রীর রক্ষকভিন্ন কেহ ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ৪৯৮ ধারামত অপরাধের অভিযোগ উপস্থিত করিতে পারিবে না ইতি।

বিবাহিতা স্ত্রীকে ভুলাইয়া হরণ করিবার অভিযোগের কথা।

৪৬ ধারা। এই অধ্যায়মতে কোন মোকদ্দমার অনুসন্ধান লইয়া বিচার করিবার নিমিত্ত প্রসিডেন্সী মাজিষ্ট্রেটকে রাজকীয় কার্য্যকারক কি আদালত যে প্রার্থনাপত্র দেন তাহা উপযুক্ত নালিশ বলিয়া জ্ঞান হইবে ইতি।

প্রার্থনাপত্র নালিশ বলিয়া জ্ঞান করিবার কথা।

CHAPTER VI

OF THE SUMMONS AND WARRANT

47 Every summons issued by a Presidency Magistrate to an accused person shall be in writing signed by such Magistrate, and shall be in the form (A) given in the third schedule to this Act, or to the like effect

Form of summons

48 If the accused person can be found, the summons shall be served on him personally, wherever he may be, by delivering or tendering the summons to him

Summons how served

Every person to whom a summons is delivered or tendered under this section, shall, if required by the person delivering or tendering the same, sign a receipt therefor, or countersign a copy thereof

49 If the accused person cannot be found, the summons may be served by leaving it for him with some adult male member or servant of his family residing with him, and the person with whom

Service when accused cannot be found

ষষ্ঠ অধ্যায়।

সমনের ও ওয়ারেন্টের বিধি।

৪৭ ধারা। অভিযুক্ত ব্যক্তির নামে প্রসিডেন্সী মাজিষ্ট্রেট যে সমন দেন তাহা এই আইনের তৃতীয় তফসীলের (A) চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিয়া দেওয়া যাইবে, ও তাহাতে ঐ মাজিষ্ট্রেট স্বাক্ষর করিবেন ইতি।

সমন লিখিবার কথা।

৪৮ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে পাওয়া যাইতে পারিলে সে যে স্থানেই থাকুক নিজ তাহাকেই সমন দিয়া কিম্বা দিবার প্রস্তাব করিয়া ঐ সমন তাহার উপর জারী করা যাইবে।

সমন যে প্রকারে জারী করিতে হইবে তাহার কথা।

যে কার্য্যকারক সমন জারী করেন তিনি আদেশ করিলে, যাহাকে এই ধারামতে সমন দেওয়া যায় কি দিবার প্রস্তাব হয় সেই ব্যক্তি তাহা পাইবার রসীদে স্বাক্ষর করিবে কিম্বা সমনের নকলে ক্রোড স্বাক্ষর করিবে ইতি।

৪৯ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে পাওয়া যাইতে না পারিলে, তাহাকে দিবার জন্যে তাহার পরিবারস্থ সহবাসি বয়ঃপ্রাপ্ত পুরুষের কি চাকরের হাতে রাখিয়া

অভিযুক্ত ব্যক্তিকে পাওয়া যাইতে না পারিলে সমন জারীর কথা।

the summons is so left, shall, if so required by the serving officer, sign a receipt therefor, or countersign a copy thereof If there is no such member or servant with whom the summons can be left, the serving officer shall fix it on some conspicuous part of the house in which the accused person ordinarily resides, and thereupon the summons shall be deemed to have been duly served

আইলে ঐ সমন জারী হইতে পারিবে। ও যাহার হাতে তদ্রূপে সমন দেওয়া যায় জারীকরণিয়া কার্য্যকারক তাহাকে আদেশ করিলে, সে ঐ সমন পাইবার রসীদে স্বাক্ষর করিবে কিম্বা সমনের নকলে ক্রোড় স্বাক্ষর করিবে। যাহার হাতে সমন রাখিয়া আসিতে পারে এমত কোন পুরুষ কি চাকর না থাকিলে, অভিযুক্ত ব্যক্তি সচরাচর যে ঘরে বাস করে সমন জারী করণিয়া কার্য্যকারক সেই ঘরের কোন প্রকাশ স্থানে তাহা লাগাইয়া দিবে; তাহা হইলে সমন নিয়মমতে জারী করা গেল বলিয়া জ্ঞান হইবে।

Service on servants of Government and Railway Companies

When the person summoned is in the service of Government or of any Railway Company, the Magistrate issuing the summons may send it to the head of the office in which the person summoned is employed, and such head shall thereupon cause the summons to be served in manner hereinbefore provided

গবর্ণমেণ্টের ও রেলওয়ে কোম্পানির কার্য্যকারকের নামে সমন দিবার কথা।

যে ব্যক্তিকে সমন করা যায় তিনি গবর্ণমেণ্টের কিম্বা কোন রেলওয়ে কোম্পানির কর্ম্মে নিযুক্ত থাকিলে, যে মাজিষ্ট্রেট ঐ সমন দেন তিনি ঐ ব্যক্তির কর্ম্ম স্থানের প্রধান কর্ম্মকারকের নিকট ঐ সমন পাঠাইতে পারিবেন। তাহা হইলে ঐ প্রধান কর্ম্মকারক পূর্ব্বোক্ত বিধানমতে সমন জারী করাইবেন ইতি।

Service of summons outside Presidency Towns

50 When a summons issued by a Presidency Magistrate is to be served at any place outside the local limits of his jurisdiction, he may send the summons in duplicate to the Magistrate of the place where the accused resides or is, to be there served

রাজধানীর বহির্ভূত স্থানে সমন জারী করিবার কথা।

৫০ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট যে সমন দেন তাহা তাঁহার বিচারাধীন স্থানের বহির্ভূত কোন স্থানে জারী করিতে হইলে, অভিযুক্ত ব্যক্তি যে স্থানে বাস করে কিম্বা থাকে মাজিষ্ট্রেট তথায় তাহার উপর জারী করিবার নিমিত্ত ঐ স্থানের মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ সমনের দোকর লিপি পাঠাইবেন ইতি।

Proof of service in such cases and when server not present

51 When a summons issued by a Presidency Magistrate is served outside such local limits as aforesaid, and also in cases where the person who has served the same is not present at the hearing of the complaint, the service may be proved

তদ্রূপ স্থলে ও যে ব্যক্তি সমন জারী করেন তিনি উপস্থিত না থাকিলে সমন জারী হওয়ার প্রমাণের কথা।

৫১ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট যে সমন দেন তাহা পূর্ব্বোক্ত সীমার বহির্ভূত স্থানে জারী করা গেলে, ও যে ব্যক্তি ঐ সমন জারী করিলেন তিনি নালিশ শুনিবার সময়ে উপস্থিত না হইলে, এমত স্থলে

(a) by a solemn declaration, purporting to be made before a Magistrate, that such summons has been served, and such declaration may be endorsed on the duplicate summons and returned to the Magistrate who issued the summons, or

(ক) ঐ সমন জারী হইল বলিয়া যে ধর্ম্মতঃ প্রতিজ্ঞা কোন মাজিষ্ট্রেটের সম্মুখে করার মত দেখায় তদ্দ্বারা ঐ সমন জারী হওয়ার প্রমাণ করা যাইতে পারিবে। সেই প্রতিজ্ঞা ঐ দোকর সমনপত্রের পৃষ্ঠে লিখিত হইয়া যে মাজিষ্ট্রেট সমন বাহির করিলেন তাঁহার নিকট ফিরিয়া পাঠান যাইতে পারিবে, কিম্বা

(b) by a copy of the summons purporting to be countersigned by the person to whom it is addressed, or

(খ) যে ব্যক্তির নামে সমন দেওয়া যায় সেই সমনের প্রতিলিপিতে তাহারই স্বাক্ষরকরণসূচক স্বাক্ষর দ্বারা

(c) by a receipt under section 48.

(গ) কিম্বা ৪৮ ধারামত রসীদ দ্বারা ঐ সমন জারী হওয়ার প্রমাণ করা যাইতে পারিবে ইতি।

Provisions applicable to all summonses under Act

52 The provisions relating to a summons, its issue and service, contained in sections 47 to 51 (both inclusive), shall be applicable to every summons issued under this Act.

উক্ত বিধান এই আইনমত সকল সমনের প্রতি খাটিবার কথা।

৫২ ধারা। ৪৭ অবধি ৫১ পর্য্যন্ত সকল ধারায় সমনের ও সমন দিবার ও জারী করিবার যেই বিধান আছে সেইং বিধান এই আইনমতে প্রচারিত প্রত্যেক সমনের প্রতি বর্ত্তিবে ইতি।

Issue of warrant in addition to summons.

53. A Presidency Magistrate may, notwithstanding the issue of a summons under this Chapter, either before the appearance of the accused person as required by such summons, or after he fails so to appear, issue a warrant of arrest against him

সমন ভিন্ন পরওয়ানাও বাহির করিবার কথা।

৫৩ ধারা। এই অধ্যায়মতে সমন বাহির হইলেও, ঐ সমনের আদেশ মতে অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার পূর্ব্বে কিম্বা উপস্থিত হইবার ত্রুটি করিলে পরও, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট তাঁহাকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

Summons or warrant for apprehension of person within jurisdiction for offence committed beyond.

54. A Presidency Magistrate may issue a summons for the attendance, or a warrant for the apprehension, of any person within the local limits of his jurisdiction, in respect of any offence alleged to have been committed by such person in a different district, or on the high seas, or in a foreign country provided that if the offence were committed within such local limits, the Magistrate might issue a summons or warrant.

তাঁহার বিচারাধীন স্থানের বাহিরে অপরাধ করা গেলে তন্মধ্যে অপরাধির নামে সমন কি তাহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিবার কথা।

৫৪ ধারা। কোন ব্যক্তি ভিন্নজিলায় কিম্বা মহাসাগরে কি ভিন্নদেশে অপরাধ করিয়াছে এমত কথিত হইলে, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের সীমার মধ্যে ঐ অপরাধ হইলে, যদি তিনি সমন কি ওয়ারণ্ট দিতে পারিতেন, তবে উক্ত অপরাধের জন্যে ঐ সীমার অন্তর্গত ঐ ব্যক্তির নামে উপস্থিত হইবার সমন কিম্বা তাহাকে ধরিবার ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

Magistrate's procedure on arrest, under his own warrant, for offence committed out of his jurisdiction

55. On the attendance or apprehension of such person, if the Presidency Magistrate has not jurisdiction in the case, he shall either send such person to Magistrate within the local limits of whose jurisdiction the offence is alleged to have been committed, or, if the offence is bailable, take bail for his appearance before such Magistrate.

When the Presidency Magistrate cannot satisfy himself as to the Magistrate to whom the person so attending or arrested should be sent, he shall report the case for the orders of the High Court

মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের বাহিরে অপরাধ করা গেলে তাঁহার পরওয়ানামত অপরাধি ধৃত হইলে কার্য্যপ্রণালীর কথা।

৫৫ ধারা। উক্ত প্রকারের ব্যক্তি উপস্থিত হইলে কিম্বা তাহাকে ধরিয়া আনা গেলে, সেই মোকদ্দমায় যদি প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য না থাকে, তবে যে মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের মধ্যে কথিতমতে অপরাধ করা গিয়াছে তাঁহার নিকট তিনি সেই ব্যক্তিকে পাঠাইবেন, কিম্বা অপরাধের নিমিত্ত হাজির জামিন লওয়া যাইতে পারিলে ঐ মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার উপস্থিত হওয়ার জামীন লইবেন।

তদ্রূপে যে ব্যক্তি উপস্থিত হয় কি যাহাকে ধরিয়া আনা যায় তাহাকে কোন্ মাজিষ্ট্রেটের নিকট পাঠান উচিত, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট ইহা ভালমতে না জানিলে হাই কোর্টের আজ্ঞার জন্যে ঐ বিষয়ের রিপোর্ট করিবেন ইতি।

Form of warrant

56 Every warrant issued by a Presidency Magistrate shall be in writing under his hand, and shall be in the form (B) given in the third schedule to this Act, or to the like effect

ওয়ারণ্ট লিখিবার পাঠের কথা।

৫৬ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট যে সকল ওয়ারণ্ট দেন তাহা এই আইনের তৃতীয় তফসীলের (B) চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লিখিয়া দেওয়া যাইবে, ও তাহাতে ঐ মাজিষ্ট্রেট স্বাক্ষর করিবেন।

Force of warrant of arrest

Every warrant issued under this Act remains in force until it is cancelled by the Magistrate who issued it, or until it is executed

ধৃত করিবার ওয়ারণ্টের কথা।

এই আইনমতে যে ওয়ারণ্ট দেওয়া যায় তাহা যে মাজিষ্ট্রেট দিলেন তিনি যত দিন তাহা রহিত না করেন, কিম্বা তদনুসারে যত দিন কার্য্য সাধন না হয়, তত দিন প্রবল থাকিবে ইতি।

Fees for summonses and warrants.

57. A fee of eight annas shall be paid for every summons or warrant issued by a Presidency Magistrate, except in the case of a summons to attend and give evidence or to produce documents, in which case there shall be paid a fee of four annas.

সমনের ও ওয়ারণ্টের জন্যে ফীর কথা।

৫৭ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট যে প্রত্যেক সমন কি ওয়ারণ্ট দেন তজ্জন্যে ।।০ আট আনা ফী লাগিবে। কিন্তু কোন ব্যক্তির উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার সমনের জন্যে ।০ চারি আনা ফী লাগিবে।

Provided that such Magistrate may in any case remit any such fee, if he is satisfied that the complainant is unable to pay the same, and shall remit it when the complaint is made by a public servant in the execution of his duty

Power to remit fees

কিন্তু যে ব্যক্তি নালিশ করেন তিনি ঐ ফী দিতে পারেন না ঐ মাজিষ্ট্রেট ইহা জ্ঞাতসারে জানিলে উক্ত কোন ফী ক্ষমা করিতে পারিবেন, এবং রাজকীয় কার্য্যকারক আপনার কর্ত্তব্য কর্ম্ম সম্পাদনক্রমে ঐ নালিশ করিলে ঐ ফী ক্ষমা করিবেন ইতি।

ফী ক্ষমা করিবার ক্ষমতার কথা।

58 A Presidency Magistrate, in issuing a warrant for the arrest of any person, may in his discretion direct by endorsement on the warrant that, if such person give sufficient bail as therein mentioned for his appearance before the Magistrate on a specified day to answer the complaint, the officer to whom the warrant is directed shall take such bail, and shall release such person from custody

When Magistrate may direct bail to be taken

৫৮ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেট কোন ব্যক্তিকে ধরিবার ওয়ারন্ট দেওন সময়ে উচিত বোধ করিলে যে কার্য্যকারকের নামে ওয়ারন্ট দেওয়া যায় ঐ ওয়ারন্টের পৃষ্ঠে লিখিয়া তাঁহার প্রতি এই আদেশ করিতে পারিবেন, যে উক্ত ব্যক্তি ঐ ওয়ারন্টের লিখিতমতে নালিশের উত্তর দিবার জন্যে নির্দ্দিষ্ট দিনে মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইবার উপযুক্ত জামিন দিলে সেই জামিন লইয়া ঐ ব্যক্তিকে হেফাজৎ হইতে ছাড়িয়া দিবেন।

মাজিষ্ট্রেট যে স্থানে হাজির জামিন লইবার আজ্ঞা করিতে পারেন তাহার কথা।

The endorsement shall state (a) the number of sureties, (b) the amount in which they and the accused person are to be respectively bound, and (c) the day on which he is to appear before the Magistrate

(ক) যত জন প্রতিভূ দিতে হইবে, (খ) তাহারা ও অভিযুক্ত ব্যক্তি যত টাকা তাইনে বদ্ধ হইবে ও (গ) মাজিষ্ট্রেটের সম্মুখে যে দিনে উপস্থিত হইতে হইবে, এই সকল কথা ঐ পৃষ্ঠলিপিতে লিখিতে হইবে।

If bail be taken, the said officer shall forward the recognizance to the Presidency Magistrate

Recognizance to be forwarded

জামিন লওয়া গেলে উক্ত কর্ম্মকারক প্রসিডেন্সী মাজিষ্টের নিকট ঐ জামিনীপত্র পাঠাইয়া দিবেন ইতি।

জামিনীপত্র পাঠাইবার কথা।

59 A warrant shall ordinarily be directed to a police-officer, but the Magistrate issuing a warrant may, if immediate execution be necessary and no police-officer be immediately available, direct it to any other person

Warrants to whom directed

৫৯ ধারা। ওয়ারন্ট সচরাচর পোলীসের কোন কর্ম্মকারকের নামে লিখিয়া দেওয়া যাইবে। কিন্তু ত্বরায় জারী করা আবশ্যক হইলে ও তৎকালে পোলীসের কর্ম্মকারককে পাঠান যাইতে না পারিলে, যে মাজিষ্ট্রেট তাহা বাহির করেন তিনি অন্য কোন ব্যক্তির নামে তাহা লিখিয়া দিতে পারিবেন ইতি।

যাহার নামে ওয়ারন্ট দিতে হইবে তাহার কথা।

60. A warrant may be directed to several persons, and, when so directed, may be executed by all, or by any one or more of such persons

Warrant to several persons

৬০ ধারা। ওয়ারন্ট অনেক ব্যক্তির নামে লিখিয়া দেওয়া যাইতে পারিবে। তাহা হইলে তাঁহাদের সকলের কি তাঁহাদের কোন এক কি অধিক জনের দ্বারা ঐ ওয়ারন্ট জারী হইতে পারিবে ইতি।

অনেক লোককে ওয়ারন্ট দিবার কথা।

61 A warrant directed to any police-officer may also be executed by any other police-officer whose name is endorsed upon the warrant by the officer to whom it is directed or endorsed

Execution of warrant by police-officer other than the one addressed

৬১ ধারা। পোলীসের কোন কর্ম্মকারকের নামে ওয়ারন্ট লিখিয়া দেওয়া গেলে কিম্বা ওয়ারন্টের পৃষ্ঠে তাঁহার নাম লেখা গেলে, তিনি ঐ ওয়ারন্টের পৃষ্ঠে পোলীসের অন্য কর্ম্মকারকের নাম লিখিয়া দিলে, তাঁহাদ্বারা ঐ ওয়ারন্ট জারী করা যাইতে পারিবে ইতি।

পোলীসের যে কর্ম্মকারককে ওয়ারন্ট দেওয়া যায় তদ্ভিন্ন কোন কর্ম্মকারকের দ্বারা তাহা জারী করিবার কথা।

62 Any Presidency Magistrate who issues a warrant of arrest may attend personally for the purpose of seeing that the warrant is duly executed

Magistrate issuing warrant may superintend its execution

৬২ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেট কোন ব্যক্তিকে ধরিবার ওয়ারন্ট দিলে, ঐ ওয়ারন্টমতে কার্য্য উপযুক্ত রূপে করা যায় ইহা দেখিবার জন্যে তিনি স্বয়ং উপস্থিত থাকিতে পারিবেন।

যে মাজিষ্ট্রেট ওয়ারন্ট দেন তাঁহার ঐ ওয়ারন্ট জারীর কার্য্য স্বয়ং তত্ত্বাবধারণ করিবার কথা।

Arrest in presence of Magistrate.

Any such Magistrate may also at any time direct the arrest, in his presence, of any person for whose arrest he may issue a warrant

মাজিষ্ট্রেটের সাক্ষাতে ধরিবার কথা।

উক্ত কোন মাজিষ্ট্রেট যে ব্যক্তিকে ধরিবার ওয়ারণ্ট দিতে পারেন, কোন সময়ে তিনি আপনার সাক্ষাতে সেই ব্যক্তিকে ধরিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

Where warrant may be executed

63 A warrant issued by a Presidency Magistrate shall ordinarily be executed within the local limits of his jurisdiction

ওয়ারণ্ট যে স্থানে জারী হইতে পারিবে তাহার কথা।

৬৩ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট যে ওয়ারণ্ট দেন তাহা সচরাচর তাঁহার বিচারাধীন স্থানের সীমার মধ্যেই জারী করা যাইবে।

But if the person against whom the warrant is issued goes into, or is in, any place outside such limits, the warrant may be executed in such place

কিন্তু যে ব্যক্তির নামে ওয়ারণ্ট বাহির হয় সে ঐ সীমার বহির্ভূত কোন স্থানে গেলে কি থাকিলে, ওয়ারণ্ট সেই স্থানে জারী করা যাইতে পারিবে ইতি।

Execution of warrant outside issuing Magistrate's jurisdiction

64 A Presidency Magistrate may direct a warrant to be executed outside the local limits of his jurisdiction, either with or without endorsement by a Magistrate within the local limits of whose jurisdiction it is to be executed

মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের বহির্ভূত স্থানে ওয়ারণ্ট জারী করিবার কথা।

৬৪ ধারা। কোন রাজধানীর মাজিষ্ট্রেট আপন এলাকার বহির্ভূত অন্য মাজিষ্ট্রেটের এলাকার সীমার মধ্যে তাঁহার পৃষ্ঠলিপিযুক্ত বা তদ্ব্যতীত ওয়ারণ্ট জারী করিবার আজ্ঞা দিতে পারিবেন।

Such warrant shall ordinarily be endorsed by the Magistrate within the local limits of whose jurisdiction it is to be executed

যে মাজিষ্ট্রেটের এলাকার সীমার মধ্যে তাহা জারী করিতে হইবে তিনিই সচরাচর ঐ ওয়ারেণ্টের পৃষ্ঠলিপি লিখিবেন।

The warrant may be forwarded to such Magistrate for endorsement either by post or by any police-officer to whom it is directed

ঐ মাজিষ্ট্রেটের ঐ পৃষ্ঠলিপি লিখিবার জন্যে ঐ ওয়ারণ্ট ডাকযোগে কিম্বা পোলীসের যে কর্ম্মকারকের নামে দেওয়া যায় তাঁহার দ্বারা ঐ মাজিষ্ট্রেটের নিকট পাঠান যাইতে পারিবে।

The Magistrate to whom such warrant is forwarded by post shall endorse his name thereon and cause it to be executed within the local limits of his jurisdiction

ঐ ওয়ারণ্ট ডাকযোগে ঐ মাজিষ্ট্রেটের নিকট পাঠান গেলে, তিনি ওয়ারেণ্টের পৃষ্ঠে আপনার নাম লিখিয়া আপনার এলাকার সীমার মধ্যে তাহা জারী করাইবেন।

If the warrant is forwarded by a police-officer to whom it is directed, he may take it either to a Magistrate, or to a police-officer not below the rank of an officer in charge of a station, within the local limits of whose jurisdiction the warrant is to be executed

ওয়ারণ্ট পোলীসের কর্ম্মকারকের নামে দিয়া তাঁহার দ্বারা পাঠান গেলে, যাঁহার এলাকার সীমার মধ্যে জারী করিতে হইবে, তিনি এমত মাজিষ্ট্রেটের নিকট কিম্বা থানার অধ্যক্ষতা ভাবপ্রাপ্ত কর্ম্মকারকের অন্যূন পদস্থ পোলীসের কোন কর্ম্মকারকের নিকট তাহা লইয়া যাইতে পারিবেন।

Such Magistrate or police-officer shall endorse his name thereon, and such endorsement shall be sufficient authority to the police-officer to whom the warrant is directed to execute the same within such limits, and the local police shall be bound to assist such officer in executing the warrant

ঐ মাজিষ্ট্রেট কিম্বা পোলীসের ঐ কর্ম্মকারক ওয়ারণ্টের পৃষ্ঠে নাম লিখিবেন, তাহা হইলে পোলীসের যে আমলার নামে ঐ ওয়ারণ্ট দেওয়া গেল ঐ পৃষ্ঠলিপিই সেই সীমার মধ্যে ঐ ওয়ারণ্ট জারী করিবার প্রভূত ক্ষমতা হইবে, ও ঐ ওয়ারণ্ট জারী করণকার্য্যে তৎস্থানের পোলীস ঐ আমলার সহকারিতা করিতে বদ্ধ হইবেন।

Whenever there is reason to believe that the delay occasioned by obtaining the endorsement of the Magistrate or police officer within the local limits of whose jurisdiction the warrant is to be executed will prevent such execution the police-officer to whom it is directed may execute the same without such endorsement in any place beyond the local limits of the jurisdiction of the Magistrate who issued it

ওয়ারণ্ট যে মাজিষ্ট্রেটের কিম্বা পোলীসের যে কর্ম্মকারকের এলাকার মধ্যে জারী করিতে হইবে, তাঁহার পৃষ্ঠলিপি করাইতে হইলে বিলম্ব সম্ভাবনা হেতুক ঐ ওয়ারণ্ট জারী করিতে পারা যাইবে না, এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, পোলীসের যে আমলার নামে ওয়ারণ্ট দেওয়া যায় তিনি উক্ত প্রকারে পৃষ্ঠলিপি ব্যতীত, যে মাজিষ্ট্রেট ওয়ারণ্ট দিলেন তাঁহার এলাকার বহির্ভূত কোন স্থানে তাহা জারী করিতে পারিবেন ইতি।

Procedure on execution of warrant outside issuer's jurisdiction

65 If a warrant is executed, whether with or without endorsement, outside the district in which it was issued, the person arrested shall, unless the Presidency Magistrate who issued the warrant be within twenty miles, or be nearer than the Magistrate in whose local jurisdiction the arrest was made, or unless bail be taken under section 58, be brought before the Magistrate within the local limits of whose jurisdiction the arrest was made

Such Magistrate shall, if the person arrested appears to be the person intended by the Presidency Magistrate, direct his removal in custody to such Magistrate, unless such person is then ready and willing to give the bail (if any) required under section 58, in which case the Magistrate before whom he is so brought shall accept such bail and forward the recognizance to the Presidency Magistrate

Magistrate and police officer

66 Every Magistrate or police-officer to whom a warrant under this Act is directed for execution shall execute the same, or cause it to be executed

Proclamation for person absconding

67 If a Presidency Magistrate having jurisdiction in the case has reason to believe that any person accused of an offence not coming within section 34 is absconding or concealing himself, so that a warrant issued against him under this Act cannot be executed, such Magistrate may issue a written proclamation, requiring him to appear to answer the complaint within a fixed period, not less than 30 days from the date of publishing the proclamation

Proclamation how published

Such proclamation shall be published as follows—

(*a*) it shall be publicly read in some conspicuous place of the town or village in which the accused person usually resides,

(*b*) it shall be affixed to some conspicuous part of his ordinary place of abode, or some conspicuous place of such town or village, and

(*c*) a copy thereof shall be affixed to some conspicuous part of such Magistrate's court-house

Evidence of publication

A statement by the Magistrate to the effect that the proclamation was duly published shall be conclusive evidence of compliance with the requirements of this section

যিনি ওয়ারণ্ট দিলেন তাঁহার এলাকার বহির্ভূত স্থানে ওয়ারণ্ট জারী হইলে কার্য্যপ্রণালীর কথা।

৬৫ ধারা। ওয়ারণ্ট যে জিলায় বাহির হয় সেই জিলার বহির্ভূত স্থানে পৃষ্ঠলিপি সহিত কি তদ্ব্যতীত জারী করা গেলে, যে প্রসিডেন্সী মাজিষ্ট্রেট ওয়ারণ্ট দিলেন তিনি বিশ মাইলের মধ্যে না থাকিলে কিম্বা যাঁহার এলাকার মধ্যে ব্যক্তিকে ধরা গেল তাঁহার অপেক্ষা নিকট না থাকিলে, কিম্বা ৫৮ ধারামতে হাজিরজামিন না লওয়া গেলে, যে মাজিষ্ট্রেটের এলাকার মধ্যে ঐ ব্যক্তিকে ধরা গেল তাঁহার নিকট ধৃত ব্যক্তিকে আনিতে হইবে।

প্রসিডেন্সী মাজিষ্ট্রেট যাহাকে ধরিতে কল্পনা করিলেন ঐ ধৃত ব্যক্তি সেই বোধ হইলে, উক্ত মাজিষ্ট্রেট তাহাকে হেফাজতে রাখিয়া ঐ মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইতে আদেশ করিবেন। কিন্তু সেই ব্যক্তির স্থানে হাজির জামিন লওয়া যাইতে পারিলে ও সে ৫৮ ধারার নির্দ্দিষ্টমতে হাজিরজামিন দিতে প্রস্তুত ও সম্মত হইলে, তাহাকে যে মাজিষ্ট্রেটের সম্মুখে আনা গেল তিনি ঐ হাজিরজামীন লইয়া প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট জামিনীপত্র পাঠাইবেন ইতি।

মাজিষ্ট্রেটের ও পোলীসের কর্ম্মকারকের কথা।

৬৬ ধারা। এই আইনমতে ওয়ারণ্ট জারী করিবার নিমিত্তে যে মাজিষ্ট্রেটের কিম্বা পোলীসের যে কর্ম্মকারকের নামে লিখিয়া দেওয়া যায়, তিনি তাহা জারী করিবেন কি করাইবেন ইতি।

পলাতক ব্যক্তির নিমিত্ত ঘোষণার কথা।

৬৭ ধারা। ৩৪ ধারার মধ্যে যে অপরাধ না আইসে কোন ব্যক্তির নামে এমত অপরাধের অভিযোগ হইলে, সেই ব্যক্তি পলায়ন করিল কিম্বা গোপনে আছে ও তৎপ্রযুক্ত তাহার নামে এই আইনমতে ওয়ারণ্ট বাহির হইলেও জারী হইতে পারে না, উক্ত মোকদ্দমায় যাঁহার বিচারাধিপত্য থাকে, সেই প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, তিনি লিখিত ঘোষণাপত্র প্রচার করাইয়া সেই ব্যক্তিকে ঐ ঘোষণাপত্র প্রকাশ হওয়ার তারিখ অবধি ত্রিশ দিনের অন্যূন নিরূপিত কোন দিনে উপস্থিত হইয়া ঐ নালিশের উত্তর দিতে আদেশ করিবেন।

ঘোষণাপত্র যেরূপে প্রকাশ করা যাইবে তাহার কথা।

ঐ ঘোষণাপত্র নিম্নলিখিতমতে প্রচার করা যাইবে—

(ক) অভিযুক্ত ব্যক্তি সচরাচর যে নগরে কি গ্রামে বাস করিয়া থাকে সেই নগরের কি গ্রামের কোন প্রকাশ স্থানে প্রকাশরূপে পাঠ করা যাইবে,

(খ) সেই ব্যক্তি সচরাচর যে ঘরে থাকে সেই ঘরের কিম্বা ঐ নগরের কি গ্রামের কোন প্রকাশ স্থানে ঐ পত্র লাগাইয়া দেওয়া যাইবে। ও

(গ) ঘোষণাপত্রের প্রতিলিপি উক্ত মাজিষ্ট্রেটের আদালত ঘরের কোন প্রকাশস্থানে লাগাইয়া দেওয়া যাইবে।

প্রকাশ হইবার প্রমাণের কথা।

নিয়মমতে ঘোষণা করা গিয়াছে মাজিষ্ট্রেটের এই মর্ম্মের উক্তিই এই ধারার বিধানানুসারে কার্য্য হইবার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

68. A Presidency Magistrate may order the attachment of any property, moveable or immoveable, belonging to any person believed to be absconding or concealing himself

Attachment of property of person absconding

৬৮ ধারা। কোন ব্যক্তি ভক্রূপে পলায়ন করিল কি গোপনে আছে বোধ হইলে, কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট তাহার স্থাবর কি অস্থাবর কোন সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন।

পলাতক ব্যক্তির সম্পত্তি ক্রোক করিবার কথা।

Such order shall authorize the attachment of any property within the local limits of the jurisdiction of the Magistrate making the order; and it shall authorize the attachment of any property without such local limits when endorsed by the Magistrate of the district in which such property is situate

যে মাজিষ্ট্রেট ঐ আজ্ঞা করিলেন তাঁহার এলাকার অন্তর্গত স্থানের মধ্যে যে সম্পত্তি থাকে, ঐ আজ্ঞাক্রমে সেই সম্পত্তি ক্রোক করিবার অনুমতি হইবে। এবং ঐ মাজিষ্ট্রেটের এলাকার বহির্ভূত যে জিলায় ঐ সম্পত্তি থাকে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ আজ্ঞাপত্রের পৃষ্ঠে লিখিয়া দিলে তাঁহার এলাকার মধ্যে যে সম্পত্তি থাকে ঐ আজ্ঞাক্রমে সেই সম্পত্তিও ক্রোক করিবার অনুমতি হইবে।

If the property ordered to be attached be immoveable, the attachment under this section shall, in the case of land paying revenue to Government, be made through the Collector of the district in which the land is situate, and, in all other cases, (a) by seizure under the order of the Magistrate having jurisdiction, or (b) by the appointment of a manager and receiver, or (c) by an order prohibiting the payment of rent to the absent person, or by all or any two of such processes as such Magistrate deems proper

যে সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা হয় তাহা স্থাবর ও গবর্ণমেণ্টের রাজস্বদায়ি ভূমি হইলে, যে জিলায় ভূমি থাকে সেই জিলার কালেক্টর সাহেবের দ্বারা এই ধারামতে ক্রোক করা যাইবে। অন্য সকল স্থলে (ক) বিচারাধিপত্য বিশিষ্ট মাজিষ্ট্রেটের আজ্ঞামতে ক্রোক করণদ্বারা, কিম্বা (খ) কার্য্যাধ্যক্ষকে কি গ্রাহককে নিযুক্ত করণ দ্বারা কিম্বা (গ) অনুপস্থিত ব্যক্তিকে খাজানা দিবার নিষেধসূচক আজ্ঞা করণ দ্বারা, কিম্বা উক্ত মাজিষ্ট্রেট উক্ত যে সকল কিম্বা যে দুই পরওয়ানা উচিত বোধ করেন তদ্দ্বারা ঐ সম্পত্তি ক্রোক করা যাইবে।

If the person so believed to be absconding or concealing himself does not appear within the time specified in the proclamation, the property under attachment shall be at the disposal of Government, but shall not be sold until the expiration of six months from the date of the attachment, unless it is of a perishable nature, or such Magistrate considers that the sale would be for the benefit of the owner, in either of which cases the Magistrate may cause it to be sold whenever he thinks fit

যে ব্যক্তিকে পলাতক কিম্বা আত্মগোপনকারী বলিয়া জ্ঞান হয় সে ঐ ঘোষণাপত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে উপস্থিত না হইলে, ঐ ক্রোক করা সম্পত্তি গবর্ণমেণ্টের স্বেচ্ছাধীনে থাকিবে। কিন্তু ক্রোক করিবার তারিখ অবধি ছয় মাস না গেলে বিক্রয় করা যাইবে না, পরন্তু কাঁচা মাল হইলে কিম্বা বিক্রয় করা গেলে স্বামির লাভ হইবার সম্ভাবনা ঐ মাজিষ্ট্রেটের এমত বিবেচনা থাকিলে, যখনই উচিত জ্ঞান করেন তখনই তাহা বিক্রয় করাইতে পারিবেন ইতি।

69 When any person whose property is or has been at the disposal of Government under the last paragraph of section 68, appears or is found within two years from the date of the attachment, and proves to the satisfaction of the Magistrate by whose order the property was attached that he did not abscond or conceal himself for the purpose of evading justice, such property, or, if the same has been sold, the nett proceeds of the sale, or if part only thereof has been sold, the nett proceeds of the sale and the residue of the property, shall, after satisfying thereout all costs incurred in consequence of the attachment, be delivered to him

Restoration of forfeited property

৬৯ ধারা। ৬৮ ধারার শেষপ্রকরণমতে কোন ব্যক্তির সম্পত্তি গবর্ণমেণ্টের স্বেচ্ছাধীনে আইলে পর সেই ব্যক্তি ঐ সম্পত্তি ক্রোক হইবার তারিখ অবধি দুই বৎসরের মধ্যে উপস্থিত হইলে কিম্বা তাঁহার উদ্দেশ পাওয়া গেলে, ও বিচার এড়াইবার জন্যে সে পলায়ন করে নাই কি গোপনে থাকে নাই সম্পত্তি যে মাজিষ্ট্রেটের সাহেবের আজ্ঞাক্রমে ক্রোক হইল তাঁহার হৃদ্বোধমতে এই কথার প্রমাণ করিলে, ঐ সম্পত্তিহইতে ক্রোক করণ প্রযুক্ত খরচ সকল বাদ দিয়া ঐ সম্পত্তি তাহাকে ফিরিয়া দেওয়া যাইবে, কিম্বা পূর্ব্বে বিক্রয় হইয়া থাকিলে ঐ খরচাবাদে বিক্রয়োৎপন্ন টাকা, কিম্বা একাংশ মাত্র বিক্রয় করা গেলে সেই বিক্রয়োৎপন্ন টাকা ও সম্পত্তির অবশিষ্টাংশ তাহাকে দেওয়া যাইবে ইতি।

রাজহৃত সম্পত্তি ফিরিয়া দিবার কথা।

CHAPTER VII.

Of Bail

70 Every person arrested under this Act shall be kept in custody until he is discharged by the order of a competent Court, or until he is admitted to bail

Custody of person arrested

When any person appears or is brought before a Presidency Magistrate accused of any bailable offence, such person shall be admitted to bail Provided that cases in which the Magistrate has power to inflict fine only, or imprisonment for a term not exceeding six months, the Magistrate may discharge him on his binding himself by a personal recognizance in such sum of money as the Magistrate thinks sufficient, to appear and attend at the time and place therein mentioned, and to continue so to attend until otherwise directed by the Magistrate

When bail shall be taken

71 When any person accused of any non-bailable offence appears or is brought before a Presidency Magistrate, such person shall not be admitted to bail, if there appear reasonable grounds for believing that he has been guilty of the offence of which he is accused

When bail shall not be taken

If the evidence given in support of the complaint is, in the opinion of the Magistrate, not such as to afford such grounds,

When bail may be taken

or if such evidence is adduced on behalf of the accused person as, in the opinion of the Magistrate, weakens the presumption of his guilt,

but there appears to the Magistrate, in either of such cases, to be sufficient ground for further inquiry into his guilt,

the accused person shall be admitted to bail pending such inquiry

But if the Magistrate decide not to admit the accused person to bail, he shall commit him to custody by a warrant in the form (C) given in the third schedule hereto annexed, or to the like effect

Warrant for intermediate custody

Any Presidency Magistrate may, at any subsequent stage of any proceeding under this Act,

সপ্তম অধ্যায়।

হাজিরজামিন বিষয়ক বিধি।

৭০ ধারা। এই আইনমতে কোন ব্যক্তি ধৃত হইলে, যত দিন তাহাকে উপযুক্ত-ক্ষমতাপন্ন আদালতের আজ্ঞাক্রমে ছাড়িয়া না দেওয়া যায় কি তাহার পক্ষে হাজিরজামিন গ্রাহ্য না হয়, তত দিন তাহাকে হেফাজতে রাখিতে হইবে।

ধৃত ব্যক্তির রক্ষণের কথা।

যে অপরাধের নিমিত্ত হাজিরজামিন লওয়া যাইতে পারে এমত অপরাধের অভিযোগে কোন ব্যক্তিকে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত করা কি আনা গেলে, তাহার স্থানে হাজিরজামিন লওয়া যাইবে। পরন্তু যে স্থলে মাজিষ্ট্রেটের কেবল অর্থদণ্ডের কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ডের আজ্ঞা করিবার ক্ষমতা থাকে, সেই স্থলে মাজিষ্ট্রেট যত টাকা উচিত বোধ করেন ঐ ব্যক্তি তত টাকা দিবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া ঐ পত্রলিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইবার ও মাজিষ্ট্রেট সাহেবের অন্যরূপ আজ্ঞা না হওনপর্য্যন্ত তদ্রূপে উপস্থিত থাকিবার প্রতিজ্ঞাবদ্ধ হইলে, মাজিষ্ট্রেট তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

যে স্থলে হাজিরজামিন লইতে হইবে তাহার কথা।

৭১ ধারা। যে অপরাধ হইলে হাজিরজামিন লওয়া যাইতে না পারে, কোন ব্যক্তির নামে এমত অপরাধের অভিযোগ হওয়াতে সে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইলে কিম্বা তাহাকে আনা গেলে এবং তাহার নামে যে অপরাধের অভিযোগ হইল সে ঐ অপরাধের অপরাধী এমত জ্ঞান করিবার যুক্তিমত কারণ দৃষ্ট হইলে, তাহার হাজিরজামিন দিবার অনুমতি হইবে না।

যে স্থলে হাজিরজামিন লওয়া যাইবে না তাহার কথা।

নালিশের পোষকতায় যে প্রমাণ দেওয়া যায় তদ্দ্বারা পূর্ব্বোক্ত অপরাধের তদ্রূপ কারণ দৃষ্ট হয় না মাজিষ্ট্রেটের এমত বিবেচনা হইলে,

যে স্থলে লওয়া যাইতে পারিবে তাহার কথা।

অথবা অভিযুক্ত ব্যক্তির সপক্ষে যে প্রমাণ দেওয়া যায় তদ্দ্বারা তাহার অপরাধি হওয়ার অনুমান অপেক্ষাকৃত ন্যূন হইলে।

কিন্তু উক্ত কোন স্থলে তাহার অপরাধের আরো অনুসন্ধান লওয়ার বিশিষ্ট হেতু আছে মাজিষ্ট্রেটের এইরূপ বিবেচনা হইলে,

ঐ অনুসন্ধান না লওন পর্য্যন্ত অভিযুক্ত ব্যক্তির হাজিরজামিন দিবার অনুমতি হইবে।

কিন্তু মাজিষ্ট্রেট সাহেব অভিযুক্ত ব্যক্তির স্থানে হাজিরজামিন না লইতে স্থির করিলে, তিনি এই আইনের তৃতীয় তফসীলের C পাঠে কি তাহার মর্ম্মানুসারে ওয়ারণ্ট দিয়া তাহাকে হেফাজতে অর্পণ করিতে পারিবেন।

ইতিমধ্যে হেফাজতে রাখিবার পরওয়ানার কথা।

পশ্চাৎ এই আইনমতে কোন কার্য্যানুষ্ঠান হওয়ার কোন সময়েই কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট এই ধারামতে

cancel the admission under this section of any accused person to bail, and may commit him to custody, or may admit to bail any person who has been committed to custody under this section

কোন অভিযুক্ত ব্যক্তির হাজিরজামিন লওযার অনুমতি রহিত করিয়া তাহাকে হেফাজতে অর্পণ করিতে পারিবেন, কিম্বা এই ধারামতে যে কোন ব্যক্তিকে হেফাজতে রাখা গেল তাহার স্থানে হাজিরজামিন লইবার অনুমতি দিতে পারিবেন ইতি।

Recognizance of accused and sureties

72 When any person accused before a Presidency Magistrate of any offence is admitted to bail, a recognizance, in such sum of money as the Magistrate thinks sufficient, shall be entered into by the person so accused and one or more sufficient sureties, conditioned that such person shall attend at the time and place mentioned in the recognizance, and shall continue so to attend until otherwise directed by the Magistrate, and if required, shall appear when called upon at the High Court, to answer the charge

অভিযুক্ত ব্যক্তির ও প্রতিভূদের প্রতিজ্ঞাপত্র।

৭২ ধারা। কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির নামে কোন অপরাধের অভিযোগ হইয়া তাহাকে হাজির জামিন দিবার অনুমতি হইলে, মাজিষ্ট্রেট যত টাকা উপযুক্ত জ্ঞান করেন ঐ অভিযুক্ত ব্যক্তি ও এক কি অধিক জন বিশিষ্ট প্রতিভূ তত টাকার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবে। প্রতিজ্ঞাপত্রের নিয়ম এই যে, ঐ ব্যক্তি ঐ প্রতিজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট সময়ে ও স্থানে উপস্থিত হইবে, ও মাজিষ্ট্রেটের অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত উপস্থিত থাকিবে, এবং আদেশ পাইলে সেই অভিযোগের উত্তর দিবার জন্যে আহ্বান করা গেলেই হাই কোর্টে উপস্থিত হইবে।

It is the duty of the Presidency Magistrate or other officer accepting bail to satisfy himself that every surety entering into such recognizance is a person of whom it may reasonably be presumed that he can, if necessary, satisfy its terms

যে প্রত্যেক প্রতিভূ ঐ প্রতিজ্ঞাপত্রে বদ্ধ থাকেন তাঁহাকে আবশ্যকমতে সেই পত্রের নিয়মানুযায়ি কার্য্য করিতে সক্ষম বলিয়া সঙ্গতরূপে অনুভব হইতে পারে ইহা জানিয়া লওয়া প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের কিম্বা হাজিরজামিনগ্রাহি অন্য কার্য্যকারকের কর্ত্তব্য।

Every such recognizance shall be in the form (D) given in the third schedule hereto annexed, or to the like effect

উক্ত প্রত্যেক প্রতিজ্ঞাপত্র এই আইনের তৃতীয় তফসীলের D চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে লিখিতে হইবে ইতি।

Discharge on bail

73 After the recognizance has been entered into, the Presidency Magistrate, in case the accused person has appeared voluntarily or is in the custody of some officer, shall thereupon release him, and in case he is in some jail, shall issue a warrant of release to the officer in charge of the jail, and such officer shall thereupon release him

জামিন দিলে মুক্ত হওয়ার কথা।

৭৩ ধারা। প্রতিজ্ঞাপত্র লিখিয়া দেওয়া গেলে পর যদি অভিযুক্ত ব্যক্তি স্বেচ্ছামতে উপস্থিত হইয়া থাকে কিম্বা কোন কর্ম্মকারকের হেফাজতে আটক থাকে, তবে প্রসিডেন্সী মাজিষ্ট্রেট তৎকালে তাহাকে মুক্ত করিবেন। যদি কোন কারাগারে থাকে, তবে জেলের অধ্যক্ষের নামে তাহাকে মুক্ত করিবার ওয়ারেণ্ট দিবেন। তাহা হইলে ঐ কার্য্যকারক তাহাকে মুক্ত করিবেন ইতি।

Admission to bail after failure in first instance

74 If the accused person cannot find sufficient bail when permitted so to do he may, if the Presidency Magistrate thinks fit, be admitted to bail upon finding the same at any time afterwards before conviction

প্রথমে উপযুক্ত জামীন দিতে না পারিলে পশ্চাৎ লইবার কথা।

৭৪ ধারা। অভিযুক্ত ব্যক্তির প্রতি হাজিরজামিন দিবার অনুমতি হইলেও যদি উপযুক্ত হাজির জামিন পাইতে না পারেন, তবে প্রসিডেন্সী মাজিষ্ট্রেট উচিত বোধ করিলে, তাহার অপরাধ নির্ণয় হওয়ার পূর্ব্বে কোন সময়ে প্রতিভূ দিতে পারিলে তাহা গ্রাহ্য হইবে ইতি।

Power to order sufficient bail when that first taken is insufficient

75 If, through mistake or fraud, insufficient bail have been taken, or if the bail become afterwards insufficient, the accused person may be ordered by a Presidency Magistrate to find sufficient bail, and on failing so to do may be committed to prison

প্রথমে যে হাজিরজামিন লওয়া যায় তাহা প্রচুর না হইলে প্রচুর জামিন দিবার আজ্ঞার কথা।

৭৫ ধারা। ভ্রান্তি কি প্রতারণাক্রমে অল্প টাকার জামিন লওয়া গিয়া থাকিলে কিম্বা হাজিরজামিন পশ্চাৎ অপ্রচুর হইলে প্রসিডেন্সী মাজিষ্ট্রেট ঐ অভিযুক্ত ব্যক্তিকে উপযুক্ত হাজিরজামিন দিতে আজ্ঞা করিতে পারিবেন, না দিলে তাহাকে কারাবদ্ধ করা যাইতে পারিবে ইতি।

76 The sureties for the attendance and appearance of an accused person admitted to bail may, at any time, apply to a Presidency Magistrate to discharge their recognizance

Discharge of sureties

On such application being made, the Magistrate shall issue his warrant of arrest, directing that the accused person be brought before him

On the appearance of such person pursuant to the warrant, or on his voluntary surrender, the Magistrate shall direct the recognizance of the sureties to be discharged, and shall call upon the accused person to find other sufficient sureties, and if he fail to do so, may commit him to prison

77 Whenever, by reason of default of attendance or appearance of the person bailed, a Presidency Magistrate is of opinion that proceedings should be had to recover the penalty mentioned in the recognizance into which such person has entered, he shall proceed to recover the same, by issuing a warrant for the attachment and sale of the moveable property belonging to such person, which may be found within the local limits of the jurisdiction of such Magistrate

Procedure to compel payment of penalty by accused

Such warrant may be executed within such limits, and it shall authorize the distress and sale of any moveable property belonging to the accused person without such limits, when endorsed by the Magistrate within the local limits of whose jurisdiction such property is found

78 Whenever, by reason of default of attendance or appearance of the person bailed, the Presidency Magistrate is of opinion that proceedings should be had to recover from the sureties the penalty mentioned in the recognizance, he shall give them notice to pay the same, or to show cause why it should not be paid

Procedure to compel payment of penalty by sureties

If such penalty be not paid, and if no sufficient cause for its non-payment be shown, the Presidency Magistrate shall proceed to recover the penalty from such sureties, by issuing a warrant for the attachment and sale of any moveable property belonging to them, or either of them, which may be found within the local limits of the jurisdiction of such Magistrate Such warrant may be executed within such limits, and it shall authorize the attachment and sale of any moveable property belonging to the sureties, or either

৭৬ ধারা। অভিযুক্ত ব্যক্তির হাজিরজামিন দিবার অনুমতি হইলে তাহার বিদ্যমান হওয়ার ও উপস্থিত থাকার প্রতিভূগণ কোন সময়েই প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকটে আপনাদের প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

প্রতিভূদের মুক্ত হওয়ার কথা।

তদ্রূপ প্রার্থনা হইলে মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তিকে আপনার সম্মুখে উপস্থিত করাইবার আদেশ করিয়া তাহাকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিবেন।

সেই ব্যক্তি ওয়ারণ্টক্রমে উপস্থিত হইলে, কিম্বা স্বেচ্ছামতে আপনাকে ধরা দিলে, মাজিষ্ট্রেট ঐ প্রতিভূদের প্রতিজ্ঞা রহিত হইবার আজ্ঞা করিয়া, ঐ অভিযুক্ত ব্যক্তিকে উপযুক্ত অন্য প্রতিভূ দিতে আজ্ঞা করিবেন, তাহা দিতে না পারিলে তাহাকে কারাবদ্ধ করিতে পারিবেন ইতি।

৭৭ ধারা। যে ব্যক্তির হাজিরজামিন লওয়া গেল সে যে প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিল বিদ্যমান না থাকা কি উপস্থিত না হওয়া প্রযুক্ত সেই প্রতিজ্ঞাপত্রের লিখিত দণ্ড আদায় করিবার কার্য্যানুষ্ঠান হওয়া উচিত, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে, তাঁহার এলাকার সীমার মধ্যে ঐ ব্যক্তির অস্থাবর যে দ্রব্য পাওয়া যাইতে পারে তাহা ক্রোক ও নীলাম করিবার ওয়ারণ্ট দিয়া ঐ টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন।

অভিযুক্ত ব্যক্তির দণ্ড দেওয়াইবার কার্য্যপ্রণালীর কথা।

ঐ সীমার মধ্যে ঐ ওয়ারণ্ট জারী করা যাইতে পারিবে, ও তন্মধ্যে এই অনুমতি থাকিবে যে, তাঁহার এলাকার বহির্ভূত স্থানে অভিযুক্ত ব্যক্তির যে অস্থাবর দ্রব্য থাকে, সেই স্থানের মাজিষ্ট্রেট ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে লিখিয়া দিলে ঐ দ্রব্যও ক্রোক করিয়া নীলাম করা যাইতে পারিবে ইতি।

৭৮ ধারা। যে ব্যক্তির হাজিরজামিন লওয়া গেল সে বর্ত্তমান না থাকাতে বা উপস্থিত না হওয়াতে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট প্রতিভূদের প্রতিজ্ঞাপত্রের লিখিত দণ্ডের টাকা আদায় করিবার কার্য্য করা কর্ত্তব্য বোধ করিলে, তাঁহাদিগকে ঐ টাকা দিবার কিম্বা না দেওনের কারণ দর্শাইবার নোটিস দিবেন।

প্রতিভূদের দণ্ড দেওয়াইবার কার্য্যপ্রণালীর কথা।

ঐ দণ্ডের টাকা না দেওয়া গেলে ও না দিবার উপযুক্ত কারণ দর্শান না গেলে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের এলাকার অন্তর্গত স্থানের মধ্যে ঐ প্রতিভূদের কি তাঁহাদের কোন ব্যক্তির অস্থাবর যে দ্রব্য পাওয়া যায় তিনি তাহা ক্রোক ও নীলাম করিবার ওয়ারণ্ট দিয়া ঐ টাকা আদায় করিতে প্রবর্ত্ত হইবেন। ঐ এলাকার সীমার মধ্যে ঐ ওয়ারণ্ট জারী করা যাইতে পারিবে, ও তন্মধ্যে এই অনুমতি থাকিবে যে, উক্ত মাজিষ্ট্রেটের এলাকার বহির্ভূত অন্য স্থানে ঐ প্রতিভূদের কি তাঁহাদের কোন ব্যক্তির যে অস্থাবর দ্রব্য থাকে সেই স্থানের মাজিষ্ট্রেট ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে

of them, without such limits, when endorsed by the Magistrate within the local limits of whose jurisdiction such property is found

লিখিয়া দিলে ঐ দ্রব্যও ক্রোক করিয়া নীলাম করা যাইতে পারিবে।

If such penalty be not paid and cannot be recovered by such attachment and sale, such sureties shall be liable to confinement by order of the Presidency Magistrate, in the civil jail, during a period not exceeding six months

সেই দণ্ডের টাকা না দেওয়া গেলে, ও উক্ত প্রকারে ক্রোক ও নীলাম করণদ্বারা তাহা আদায় হইতে না পারিলে, প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের আজ্ঞাক্রমে ঐ প্রতিভূদিগকে দেওয়ানী জেলখানার ছয় মাসের অনধিক কাল বদ্ধ করা যাইতে পারিবে ইতি।

In what cases powers given by sections 77 and 78 may be exercised

79. The powers given by sections 77 and 78 may be exercised by every Presidency Magistrate in every case in which a recognizance has been given for the appearance of any person, if default is made by the non-appearance of such person before such Magistrate, according to the conditions of the recognizance

৭৭ ও ৭৮ ধারার দত্ত ক্ষমতাক্রমে যেং স্থলে কার্য্য হইতে পারে তাহার কথা।

৭৯ ধারা। কোন পক্ষ কিম্বা সাক্ষী স্বয়ং দণ্ড দিবার নিয়মে উপস্থিত হইবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলে কিম্বা হাজিরজামিন দিলে পর যদি সেই প্রতিজ্ঞাপত্রের নিয়মানুসারে প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে ঐ পক্ষের কি সাক্ষির উপস্থিত না হওয়াতে ত্রুটি হয়, তবে উক্ত প্রত্যেক স্থলে উক্ত প্রত্যেক জন মাজিষ্ট্রেট ৭৭ ও ৭৮ ধারার দত্ত ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

Remission of part of penalty

Provided that the Magistrate may, at his discretion, remit any portion of the penalty mentioned in any such recognizance and enforce payment in part only

দণ্ডের একাংশ ক্ষমা করিবার কথা।

কিন্তু মাজিষ্ট্রেট আপনার বিবেচনামতে উক্ত প্রতিজ্ঞাপত্রের উল্লিখিত দণ্ডের একাংশ ক্ষমা করিয়া অংশমাত্র দেওয়া প্রবল করিতে পারিবেন ইতি।

Deposit instead of bail

80 When any person is required by a Presidency Magistrate to give bail, such Magistrate may permit him to deposit a sum of money or Government promissory notes to such amount as the Magistrate may fix in lieu of such bail

হাজিরজামিনের পরিবর্ত্তে টাকা দিবার কথা।

৮০ ধারা। কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট কোন ব্যক্তিকে হাজিরজামিন দিতে আজ্ঞা করিলে, তিনি হাজিরজামিনের পরিবর্ত্তে যত টাকা নির্দ্ধার্য্য করেন ঐ ব্যক্তিকে নগদ কিম্বা তত টাকার গবর্ণমেণ্টের প্রমিসরি নোট গচ্ছিত করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

CHAPTER VIII

OF INQUIRY INTO CASES TRIABLE BY THE HIGH COURT

অষ্টম অধ্যায়।

হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার অনুসন্ধান লওন বিষয়ক বিধি।

Procedure in preliminary inquiries

81 Cases triable by a High Court in the exercise of its ordinary original criminal jurisdiction, or which in the opinion of the Presidency Magistrate before whom the accused person is brought ought to be tried by such Court, shall be inquired into by a Presidency Magistrate, and in such inquiry he shall adopt the following procedure

প্রথমস্থলে অনুসন্ধান লওয়ার কার্য্যপ্রণালীর কথা।

৮১ ধারা। ফৌজদারী মোকদ্দমা আদৌ বিচারকরণ পক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতানুসারে কোন মোকদ্দমা বিচার্য্য হইলে কিম্বা অভিযুক্ত ব্যক্তিকে যে প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে আনা যায়, তাঁহার বিবেচনায় ঐ কোর্টের সেই মোকদ্দমা বিচার করা উচিত বোধ হইলে, প্রসিডেন্সী মাজিষ্ট্রেট তাহার অনুসন্ধান লইবেন, ও সেই অনুসন্ধান লওনে তিনি এই প্রণালীমতে কার্য্য করিবেন ইতি।

Examination of complainant and witnesses for prosecution

82. When the accused person appears or is brought before the Magistrate, or if his personal attendance is dispensed with, after reasonable notice to his advocate, attorney, or pleader, the Magistrate shall at such time as he thinks fit, take the evidence of the complainant and of such persons as are stated [by the com]plainant to have any knowledge of the

বাদির ও তৎপক্ষ সাক্ষিদের পরীক্ষা লওনের কথা।

৮২ ধারা। অভিযুক্ত ব্যক্তি মাজিষ্ট্রেটের সম্মুখে আইলে কিম্বা তাহাকে উপস্থিত করা গেলে, অথবা তাহার স্বয়ং উপস্থিত না হওয়ার অনুমতি থাকিলে তাহার আডবোকেট কি মোক্তারকে কি উকীলকে যুক্তিমতে নোটিস দেওয়া গেলে পর, ঐ মাজিষ্ট্রেট যে সময়ে উচিত বোধ করেন, বাদির সাক্ষ্য গ্রহণ করিবেন ও যে বিষয়ের অভিযোগ হয় সেই বিষয়ের ও তাহার পূর্ব্বাপর ঘটনার কোন কথা

facts which form the subject-matter of the accusation and the attendant circumstances

Such evidence shall be recorded in the manner described in clauses 2, 3, and 4 of section 115

83 The complainant and the witnesses for the prosecution shall be examined in the presence of the accused person, or, when his personal attendance is dispensed with, of his advocate, attorney, or pleader (if any)

Examination to be in presence of accused.

The Magistrate may, in his discretion, summon or examine any witness offered on behalf of the accused person to answer or disprove the evidence against him

Procedure in inquiries preliminary to commitment

The accused person or his advocate, attorney, or pleader shall be permitted to examine his own witnesses, to cross-examine the complainant and his witnesses, and to re-examine his own witnesses, in accordance with the Indian Evidence Act, 1872

Accused may examine, cross examine, and re examine

84 Whenever an accused person is examined in the course of a preliminary inquiry into a case triable by the High Court, the whole of such examination, including every question put to him and every answer given by him, shall be recorded in full, and shall be shown or read to him, and he shall be at liberty to explain or add to his answers

Examination of accused how recorded

When the whole is made conformable to what he declares is the truth, the examination shall be attested by the signature of the Magistrate, who shall certify under his own hand that it was taken in his presence and in his hearing, and contains accurately the whole of the statement made by the accused person

85 The Magistrate may, at any stage of the proceedings, summon and examine any person whose evidence he considers essential to the inquiry, and recall and re-examine any person already examined.

Power of Magistrate to summon and examine any person

86 If, from the absence of a witness or from any other reasonable cause, it becomes necessary or advisable to adjourn the inquiry, the Magistrate may, by a written order, from

Adjournment of inquiry and remand

জানে বলিয়া বাদী যে ব্যক্তিদের নামোল্লেখ করেন তাঁহাদের সাক্ষ্য গ্রহণ করিবেন।

১১৫ ধারার ২ ও ৩ ও ৪ প্রকরণের বিধানমতে ঐ সাক্ষ্য লিপিবদ্ধ করা যাইবে ইতি।

৮৩ ধারা। অভিযুক্ত ব্যক্তির সম্মুখে, কিম্বা সে স্বয়ং অনুপস্থিত থাকিবার অনুমতি পাইলে তাঁহার আডবোকেট কি মোক্তার কি উকীল থাকিলে তাঁহার সম্মুখে বাদির ও অভিযোগের সপক্ষ সাক্ষিদের পরীক্ষা লওয়া যাইবে।

অভিযুক্ত ব্যক্তির সাক্ষাতে পরীক্ষা লইবার কথা।

অভিযুক্ত ব্যক্তির বিপক্ষে যে সাক্ষ্য দেওয়া যায়, তাহার উত্তর দিবার কি তাহা অপ্রমাণ করিবার জন্যে ঐ ব্যক্তির সপক্ষ কোন সাক্ষির নাম দেওয়া গেলে, মাজিষ্ট্রেট স্বীয় বিবেচনামতে ঐ সাক্ষিকে সমন করিয়া তাঁহার সাক্ষ্য লইতে পারিবেন।

অর্পণ করিবার পূর্ব্বে অনুসন্ধান লওয়ার কার্য্যপ্রণালীর কথা।

অভিযুক্ত ব্যক্তি কিম্বা তাঁহার আডবোকেট কি মোক্তার কি উকীল ভারতবর্ষীয় সাক্ষ্য বিষয়ক ১৮৭২ সালের আইন অনুসারে আপন সাক্ষিদের পরীক্ষা লইবার ও বাদির ও তাঁহার সাক্ষিদের কূটপরীক্ষা ও আপন সাক্ষিদের পুনঃ পরীক্ষা লইবার অনুমতি পাইবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা ও কূট পরীক্ষা ও পুনঃ পরীক্ষা করিতে পারিবার কথা।

৮৪ ধারা। হাই কোর্টের বিচার্য্য মোকদ্দমার প্রথম স্থলের অনুসন্ধান লওনসময়ে, অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা হইলে, তাহাকে যেং প্রশ্ন করা গেল ও সে যেং উত্তর দিল তাহা সুদ্ধ তাহার সাক্ষ্য সমষ্টি সম্পূর্ণরূপে লিপিবদ্ধ হইয়া তাহাকে দেখান যাইবে কিম্বা তাহার নিকট পাঠ করা যাইবে ও তাহার প্রতি কোন কথার অর্থ করিয়া দিবার কিম্বা উত্তরের সঙ্গে আর কথা সংযোগ করিয়া দিবার অনুমতি দেওয়া যাইবে।

অভিযুক্ত ব্যক্তির সাক্ষ্য যেরূপে লিপিবদ্ধ হইবে তাহার কথা।

সে যাহা সত্য বলিয়া জানায় সকলই তদনুরূপ করা গেলে পর মাজিষ্ট্রেট আপনার স্বাক্ষর দ্বারা সেই সাক্ষ্য প্রমাণ করিয়া, ঐ সাক্ষ্য আমার সাক্ষাৎ ও শ্রুতিগোচরে লওয়া গিয়াছে ও অভিযুক্ত ব্যক্তি যাহাং কহিয়াছে ইহাতে সেই সমুদয় কথা ঠিক লেখা গিয়াছে; এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিবেন ইতি।

৮৫ ধারা। অনুসন্ধান লওনের কার্য্যার্থে মাজিষ্ট্রেট যে ব্যক্তির সাক্ষ্য আবশ্যক জ্ঞান করেন, কার্য্যানুষ্ঠান করিবার কোন সময়ে তিনি এমত কোন ব্যক্তিকে সমন করিয়া তাহার পরীক্ষা লইতে পারিবেন, ও পূর্ব্বে যাহার পরীক্ষা লওয়া গিয়াছে তাহাকেও পুনশ্চ ডাকাইয়া তাহার পুনঃপরীক্ষা লইতে পারিবেন ইতি।

সমন করিয়া কোন ব্যক্তির পরীক্ষা লইতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।

৮৬ ধারা। কোন সাক্ষির অনুপস্থানপ্রযুক্ত কিম্বা সঙ্গত অন্য কারণে সেই অনুসন্ধান লওনের দিনান্তর নিরূপণ করা আবশ্যক কি বিহিত হইলে মাজিষ্ট্রেট

অনুসন্ধানের কার্য্য স্থগিত রাখিয়া ব্যক্তিকে ফিরিয়া পাঠাইবার কথা।

time to time adjourn the inquiry on such terms as he thinks fit, and remand the accused person for a reasonable time, not exceeding fifteen days

আজ্ঞা লিখিয়া দিয়া সময়েং যে নিয়ম উচিত বোধ করেন তদনুসারে সেই অনুসন্ধানের কার্য্য স্থগিত রাখিয়া পঞ্চদশ দিনের অনধিক সঙ্গত কালের নিমিত্ত অভিযুক্ত ব্যক্তিকে ফিরিয়া পাঠাইতে পারিবেন।

EXPLANATION.—After commencing the inquiry, if sufficient evidence has been obtained to raise a suspicion that the person accused may have committed an offence, and it appears likely that further evidence may be obtained by a remand, this is a reasonable cause for a remand.

অর্থের কথা।—অভিযুক্ত ব্যক্তি কোন অপরাধ করিয়াছে অনুসন্ধান লওনের কার্য্য আরম্ভ হইবার পর এমত অনুমান করিবার বিশিষ্ট প্রমাণ পাওয়া গেলে ও তাহাকে ফিরিয়া পাঠাইলে আরো প্রমাণ পাইবার সম্ভাবনা হইলে, তাহাই তাহাকে ফিরিয়া পাঠাইবার সঙ্গত কারণ হয় ইতি।

When accused person to be discharged.

87 When a Presidency Magistrate finds that there are not sufficient grounds for committing the accused person for trial before the High Court, or for remanding him, he shall discharge him unless it appears to the Magistrate that such person should be tried before himself, in which case he shall proceed accordingly

যে স্থলে অভিযুক্ত ব্যক্তিকে ছাড়িয়া দেওয়া যাইবে তাহার কথা।

৮৭ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে হাই কোর্টের বিচারার্থে সমর্পণ করিবার কিম্বা তাহাকে ফিরিয়া পাঠাইবার বিশিষ্ট হেতু নাই, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট এমত বোধ করিলে তাহাকে ছাড়িয়া দিবেন। কিন্তু আপনার সম্মুখে সেই ব্যক্তির বিচার হওয়া উচিত জ্ঞান করিলে, তিনি তদনুসারে কর্ম্ম করিবেন।

EXPLANATION I —The absence of the complainant, except when the offence may lawfully be compounded, shall not be deemed sufficient ground for a discharge, if there appear other evidence of a nature rendering a trial desirable

অর্থের প্রথম কথা।—যে স্থলে ন্যায্যমতে অপরাধের মোকদ্দমা রফা হইতে পারে তদ্ভিন্ন স্থলে, যদি অন্য প্রমাণের ভাব দৃষ্টে তাহার বিচার হওয়া উচিত বোধ হয়, তবে বাদির উপস্থিত না থাকাই অভিযুক্ত ব্যক্তিকে ছাড়িয়া দিবার বিশিষ্ট কারণ বলিয়া জ্ঞান হইবে না।

EXPLANATION II —A discharge is not equivalent to an acquittal, and does not bar the revival of a prosecution for the same offence

অর্থের দ্বিতীয় কথা।—ছাড়িয়া দেওয়া নির্দ্দোষী করণের তুল্য নয়। ও সেই অপরাধ হেতুক পুনশ্চ অভিযোগ হইবার বাধা নাই।

EXPLANATION III —An order of discharge shall not ordinarily be made until the evidence of the witnesses named for the prosecution has been taken

অর্থের তৃতীয় কথা।—অভিযোগের সপক্ষে যে সাক্ষিদের নাম দেওয়া গেল সচরাচর তাহাদের সাক্ষ্য না লওনপর্য্যন্ত ছাড়িয়া দিবার আজ্ঞা করা যাইবে না ইতি।

When accused to be committed for trial

88 When evidence has been given before a Presidency Magistrate which appears to justify him in committing the accused person for trial for an offence triable exclusively by the High Court, or which, in the opinion of the Magistrate, ought to be tried by such court, the accused person shall be committed for trial accordingly

যে স্থলে অভিযুক্ত ব্যক্তিকে বিচারার্থে সমর্পণ করিতে হইবে তাহার কথা।

৮৮ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে যে সাক্ষ্য দেওয়া যায়, তদ্দৃষ্টে কেবল হাই কোর্টের বিচার্য্য অপরাধের নিমিত্ত, কিম্বা মাজিষ্ট্রেটের বিবেচনামতে উক্ত হাই কোর্টে যে অপরাধের বিচার হওয়া উচিত এমত অপরাধের নিমিত্ত তিনি অভিযুক্ত ব্যক্তিকে বিচারার্থে প্রেরণ করা কর্ত্তব্য বোধ করিলে, ঐ অভিযুক্ত ব্যক্তিকে বিচার হইবার নিমিত্তে তদনুসারে হাই কোর্টে সমর্পণ করা যাইবে ইতি।

Framing of charge on which accused is to be tried before High Court

89 When the Magistrate determines to commit the accused person for trial before the High Court, he shall, after the evidence has been recorded, frame a charge under his hand, declaring with what offence the accused person is charged, and (subject to the provisions of the High Court's Criminal Procedure Act, 1875) committing him for trial by such Court on such charge.

যে অভিযোগপত্রমতে হাই কোর্টের সম্মুখে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবে তাহার কথা।

৮৯ ধারা। মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তির বিচার হইবার জন্যে তাহাকে হাই কোর্টে সমর্পণ করিতে স্থির করিলে, সাক্ষ্য লিপিবদ্ধ হইলে পর অভিযুক্ত ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হইল তিনি তাহা লিখিয়া ও হাই কোর্টের ফৌজদারী মোকদ্দমার কার্য্যপ্রণালীবিষয়ক ১৮৭৫ সালের আইনের বিধান প্রবল মানিয়া ঐ অভিযোগমতে ঐ কোর্টের দ্বারা বিচার হওনার্থে ঐ ব্যক্তিকে সমর্পণ করিয়া অভিযোগপত্র প্রস্তুত করিয়া তাহাতে স্বাক্ষর করিবেন।

All such charges shall be drawn up in accordance with the provisions of chapter IX

Form of commitment

Pending such trial, the Magistrate may commit the accused person to custody by warrant in the form (E) given in the third schedule hereto annexed, or to the like effect, and the charge, the record of the enquiry, and any weapon or other article necessary to produce in evidence shall be sent to the Clerk of the Crown or other officer appointed in this behalf by the High Court

Charge, &c., to be forwarded to High Court.

Commitment when to be notified

When the accused person is committed for trial before the High Court, the Magistrate shall issue an order to such person as may be appointed by the Local Government in this behalf, notifying the commitment, and stating the offence in the same form as the charge, unless the Magistrate is satisfied that such person is already aware of the commitment and the form of the charge

Charge to be explained, and copy furnished, to accused

90 As soon as the charge on which the accused person is to be tried has been prepared it shall be read and explained to him, and a copy thereof shall be furnished to him, if he so require

List of witnesses for defence on trial before High Court

91 The accused person shall be required at once to give in, orally or in writing, a list of the persons whom he wishes to be summoned to give evidence on his trial before the High Court

The Magistrate may, if he thinks proper, summon all or any such persons to attend and give evidence at the inquiry, and if he does so, the commitment shall not be considered to have been made until such evidence has been taken

Further list

The Magistrate may, in his discretion, allow the accused person to give in any further list of witnesses at a subsequent time.

Power to summon supplementary witnesses

The Magistrate may summon and examine supplementary witnesses after commitment and before the commencement of the trial. Such examination shall, if possible, be taken in the presence of the accused person.

উক্ত সকল অভিযোগ ৯ অধ্যায়ের বিধানমতে লিখিত হইবে।

সমর্পণ পত্র লিখিবার পাঠের কথা।

ঐ বিচার না হওন পর্য্যন্ত মাজিষ্ট্রেট এই আইনের তৃতীয় তফসীলের E চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মানুসারে ওয়ারন্ট দিয়া অভিযুক্ত ব্যক্তিকে হেফাজতে অর্পণ করিতে পারিবেন। ও অভিযোগপত্র, ও অনুসন্ধানঘটিত কাগজপত্র ও সাক্ষিস্বরূপ যে অস্ত্রশস্ত্র কি অন্য দ্রব্য উপস্থিত করা আবশ্যক, তাহা ক্লার্ক অফ দি ক্রৌন সাহেবের কিম্বা হাই কোর্ট এতৎপক্ষে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তাঁহার নিকট পাঠান যাইবে।

অভিযোগপত্র প্রভৃতি হাই কোর্টে পাঠাইবার কথা।

সমর্পণ করিবার নোটিস যে সময়ে দিতে হইবে তাহার কথা।

অভিযুক্ত ব্যক্তিকে হাই কোর্টের সম্মুখে বিচার হওনার্থে সমর্পণ করা গেলে, স্থানীয় গবর্ণমেণ্ট এতৎকার্য্যপক্ষে যে ব্যক্তিকে নিযুক্ত করেন তিনি ঐ ব্যক্তির সমর্পণ হওয়ার ও অভিযোগের মর্ম্ম পূর্ব্বে জানিয়াছেন, মাজিষ্ট্রেট ইহা হৃদ্বোধমতে না জানিলে, তাঁহার নামে আজ্ঞাপত্র লিখিয়া ঐ ব্যক্তির সমর্পণ হওয়ার নোটিস দিয়া অভিযোগপত্র লিখিবার তুল্য পাঠে তাহার অপরাধ লিখিয়া জানাইবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তিকে অভিযোগ বুঝাইয়া দিবার ও অভিযোগপত্রের নকল দিবার কথা।

৯০ ধারা। যে অভিযোগে অভিযুক্ত ব্যক্তির বিচার হইবে সেই অভিযোগপত্র প্রস্তুত করা গেলেই তাহার নিকট পাঠ করা ও বুঝাইয়া দেওয়া যাইবে ও চাহিলে তাহার নকল তাহাকে দেওয়া যাইবে ইতি।

হাই কোর্টে বিচারকালে প্রতিবাদের সপক্ষ সাক্ষিদের ফর্দ্দের কথা।

৯১ ধারা। হাই কোর্টে বিচার হওনকালে অভিযুক্ত ব্যক্তি সাক্ষ্য দিবার জন্যে যাহাদিগকে সমন করাইতে চাহে, তৎকালেই তাহারদিগের নাম বাচনিক জানাইতে কি লিখিয়া দিতে তাহার প্রতি আজ্ঞা হইবে।

মাজিষ্ট্রেট বিহিত বোধ করিলে অনুসন্ধান লওনসময়ে ঐ সকল কিম্বা তন্মধ্য কোন ব্যক্তিকে উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার জন্যে সমন করিতে পারিবেন। তাহা করিলে যত দিন সেই সাক্ষ্য না লওয়া যায় তত দিন সমর্পণ করা হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না।

অন্য ব্যক্তিদের নাম নিঘণ্টের কথা।

মাজিষ্ট্রেট উপযুক্ত বোধ করিলে তৎপশ্চাৎ কোন সময়েও অভিযুক্ত ব্যক্তিকে সাক্ষিদের নামের আর এক ফর্দ্দ দিবার অনুমতি দিতে পারিবেন।

পরিশিষ্ট সাক্ষিদিগকে সমন করিবার ক্ষমতার কথা।

সমর্পণ করিবার পরে ও বিচার আরম্ভ হইবার পূর্ব্বে মাজিষ্ট্রেট পরিশিষ্ট সাক্ষিদিগকে সমন করিয়া তাহাদের সাক্ষ্য লইতে পারিবেন। হইতে পারিলে অভিযুক্ত ব্যক্তির সাক্ষাৎ ঐ সাক্ষ্য লওয়া যাইবে।

Nothing in this section shall be deemed to preclude the accused person from giving at any time before his trial before the High Court to the Clerk of the Crown a further list of the persons whom he wishes to be summoned to give evidence on such trial

অভিযুক্ত ব্যক্তি ঐ বিচারকালে সাক্ষ্য দিবার জন্যে অন্য ব্যক্তিদিগকে সমন করাইতে বাঞ্ছা করিলে, হাই কোর্টের সম্মুখে বিচার হওনের পূর্ব্বে ক্লার্ক অফ দি ক্রৌন সাহেবকে তাহাদের নামের নির্ঘন্ট দিবার কোন বাধা আছে, এই ধারার কোন কথাক্রমে এমত বোধ হইবে না ইতি।

Summons to witnesses when accused person is to be committed

92 When the person accused is to be committed for trial, and has given in any list of the persons referred to in section 91, the Magistrate may either summon such persons to appear before the High Court, or leave them to be summoned by the Clerk of the Crown

অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিতে হইলে সাক্ষিদিগকে সমন করিবার কথা।

৯২ ধারা। বিচার হইবার জন্যে অভিযুক্ত ব্যক্তিকে সমর্পণ করিতে হইলে, এবং সে ৯১ ধারাব উল্লিখিত ব্যক্তিদের নামের নির্ঘন্টপত্র দিলে, মাজিষ্ট্রেট সাহেব হাই কোর্টের সম্মুখে উপস্থিত হইবার জন্যে ঐ ব্যক্তিদের নামে সমন দিতে পারিবেন, কিম্বা তাহাদিগকে সমন করিবার কার্য্য ক্লার্ক অফ দি ক্রৌন সাহেবের হাতে রাখিতে পারিবেন ইতি।

Recognizances of complainants and witnesses

93 Complainants and witnesses for the prosecution and defence, whose attendance before the High Court is necessary, and who appear before the Presidency Magistrate, shall execute before him recognizances, in the form (H) given in the third schedule to this Act, or to the like effect, to be in attendance when called upon at the High Court to prosecute or to give evidence, as the case may be

অভিযোক্তাদের ও সাক্ষিদের প্রতিজ্ঞাপত্রের কথা।

৯৩ ধারা। হাই কোর্টে অভিযোগের ও প্রতিবাদের সপক্ষ যে বাদিদেব ও সাক্ষিদের উপস্থিত হওয়া আবশ্যক তাহারা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটটের সম্মুখে উপস্থিত হইলে, হাই কোর্টে মোকদ্দমা চালাইবার কিম্বা বিষয় বিশেষে সাক্ষ্য দিবার জন্যে তাহাদিগকে আহ্বান করা গেলেই তাহারা উপস্থিত হইবে, মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্রে সাক্ষর কবিবে। সেই প্রতিজ্ঞাপত্র এই আইনের তৃতীয় তফসীলের H চিহ্নিত পাঠে কি তাহার মর্ম্মমতে লেখা যাইবে।

Detention in custody in case of refusal to attend or to execute recognizance

If any complainant or witness refuses to attend before the High Court, or to execute the recognizance above directed, the Presidency Magistrate may detain him in custody until he executes such recognizance, or until his attendance at the High Court is required, when the Magistrate shall send him in custody to the High Court

উপস্থিত হইতে কি প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিতে সম্মত না হইলে হেফাজতে থাকিবার কথা।

কোন বাদী কি সাক্ষী হাই কোর্টে উপস্থিত হইতে কিম্বা পূর্ব্ব আজ্ঞামত প্রতিজ্ঞাপত্রে স্বাক্ষর করিতে অসম্মত হইলে যত দিন স্বাক্ষর না করে কিম্বা হাই কোর্টে তাহার যত দিন উপস্থিত হওয়া প্রয়োজন না হয়, মাজিষ্ট্রেট তাহাকে তত দিন হেফাজতে রাখিয়া তৎকালে প্রহরির জিম্মা করিয়া হাই কোর্টে পাঠাইবেন ইতি।

CHAPTER IX

OF THE CHARGE

Form of Charges

Charge to state offence

94 Every charge under this Act shall state the offence with which the accused person is charged

Specific name of offence sufficient description

If the law which creates the offence gives it any specific name, the offence may be described in the charge by that name only

নবম অধ্যায়।

অভিযোগবিষয়ক বিধি।

অভিযোগপত্রের পাঠ।

অভিযোগপত্রে অপরাধ নির্দ্দিষ্ট করিবার কথা।

৯৪ ধারা। অভিযুক্ত ব্যক্তির নামে যে অপরাধের অভিযোগ হয় এই আইনমত প্রত্যেক অভিযোগপত্রে তাহা ব্যক্ত থাকিবে।

অপরাধের বিশেষ নাম লেখাই উপযুক্ত বর্ণনা জ্ঞান হওয়ার কথা।

যে আইনে কোন কর্ম্ম অপরাধ বলিয়া নির্দ্দিষ্ট হয় সেই আইনে ঐ অপরাধের বিশেষ নাম থাকিলে, অভিযোগপত্রে কেবল সেই নাম লিখিলেই অপরাধ নির্দ্দিষ্ট হইতে পারিবে।

How stated where offence has no specific name

If the law which creates the offence does not give it any specific name, so much of the definition of the offence must be stated as to give the accused person notice of the matter with which he is charged

অপরাধের নাম নিরূপণ না হইলে যেরূপে বর্ণনা হইবে তাহার কথা।

যে আইনে কোন কর্ম্ম অপরাধ বলিয়া নির্দ্দিষ্ট হয় সেই আইনে ঐ অপরাধের বিশেষ নাম না থাকিলে, অভিযুক্ত ব্যক্তির নামে যে বিষয়ের অভিযোগ হয় তাহা যেন সে জানিতে পায়, এই নিমিত্ত ঐ অপরাধ নির্দ্দেশ করণের যত কথা উল্লেখ করা প্রয়োজন তাহা উল্লেখ করিতে হইবে।

The law and section of the law against which the offence is said to have been committed shall be mentioned in the charge

যে আইনের এবং আইনের যে২ ধারার বিপক্ষে অপরাধ করা গিয়াছে কথিত হয়, অভিযোগপত্রে সেই আইনের সেই২ ধারার উল্লেখ করিতে হইবে।

What implied in charges

The fact that the charge is made shall be equivalent to a statement that every legal condition, necessary by law to constitute the offence charged, was fulfilled in the particular case

অভিযোগপত্রদ্বারা যাহা বুঝা যাইবে তাহার কথা।

অপরাধের অভিযোগ হইলে, আইনসংক্রান্ত যে২ ভাবগতিক বর্ত্তিলে আইনমতে ঐ অপরাধ হইয়া উঠে, উক্ত বিশেষ স্থলে সেই২ ভাবগতিক বর্ত্তিল ঐ অভিযোগপত্রই এই কথা লেখার তুল্য হয়।

Language of charge

The charge shall be written in English If English is not understood by the accused person, the charge shall be interpreted to him in a language which he understands

অভিযোগপত্র যে ভাষায় লেখা যাইবে তাহার কথা।

অভিযোগপত্র ইঙ্গরেজী ভাষায় লেখা যাইবে। অভিযুক্ত ব্যক্তি ঐ ভাষা বুঝিতে না পারিলে, যে ভাষা বুঝে সেই ভাষায় তাহার নিকট ঐ অভিযোগ বুঝাইয়া দেওয়া যাইবে।

Previous conviction when to be set out

If the accused person has been previously convicted of any offence punishable under Chapter XII or Chapter XVII of the Indian Penal Code with imprisonment for a term of three years or upwards, or of any other offence mentioned in section 3 or section 4 of Act No VI of 1864 (*to authorize the punishment of whipping in certain cases*), and it is intended to prove such previous conviction for the purpose of affecting the punishment which is to be awarded, the fact of the previous conviction must be stated in the charge If such statement is omitted, it may be added at any time before sentence is passed, but not afterwards

পূর্ব্ব নির্ণীত অপরাধ যে সময়ে লিখিতে হইবে তাহার কথা।

ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১২ অধ্যায় কি ১৭ অধ্যায়মতে যে অপরাধের তিন বৎসরের কি তদধিক কালের কারাদণ্ড হইতে পারে, অভিযুক্ত ব্যক্তির এমত কোন অপরাধ, কিম্বা (কোন২ স্থলে প্রহারদণ্ডের অনুমতি দেওনার্থ) ১৮৬৪ সালের ৬ আইনের ৩ কি ৪ ধারার উল্লিখিত অন্য কোন অপরাধ পূর্ব্বে নির্ণয় হইয়া থাকিলে, এবং যে দণ্ডের আজ্ঞা হইবার সম্ভাবনা তাহার বৃদ্ধি-াদি করণাভিপ্রায়ে পূর্ব্বনির্ণীত অপরাধের প্রমাণ করিবার কল্পনা থাকিলে, পূর্ব্বে ঐ অপরাধ নির্ণয় হইয়াছে অভিযোগপত্রে এই কথা লিখিতে হইবে। প্রথমে যদি না লেখা গিয়া থাকে, তবে দণ্ডের আজ্ঞা হইবার পূর্ব্বে কোন সময়ে তাহা অভিযোগপত্রে সংযোগ করিয়া দেওয়া যাইতে পারিবে, পরে নয় ইতি।

Illustrations

(*a*) A is charged with the murder of B

This is equivalent to a statement that A's act fell within the definition of murder given in sections 299 and 300 of the Indian Penal Code, that it did not fall within any of the general exceptions of the Penal Code, and that it did not fall within any of the five exceptions to section 300, or that, if it did fall within exception I, one or other of the three provisos to that exception applied to it

উদাহরণ।

(ক) আমন্দের নামে বলরামকে বধ করণাভিযোগ হয় ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২৯৯ ও ৩০০ ধারায় নরাপরাধের যে অর্থ নির্ণয় হইয়াছে সেই অর্থের মধ্যে আমন্দের কর্ম্ম আইসে, ও দণ্ডবিধির আইনের সাধারণ বর্জ্জিত কথার মধ্যে আইসে না, ও ৩০০ ধারায় যে পাঁচটি বর্জ্জিত কথা আছে তাহার কোন কথার মধ্যে আইসে না কিম্বা প্রথম বর্জ্জিত কথার মধ্যে আইলেও ঐ বর্জ্জিত কথার তিন উপবিধির কোন উপবিধি ঐ অভিযোগের প্রতি খাটে, উক্ত অভিযোগই সেই সকল কথা লেখার তুল্য হয়।

(*b*) A is charged, under section 326 of the Indian Penal Code, with voluntarily causing grievous hurt to B, by means of an instrument for shooting This is equivalent to a statement that the case was not provided for

(খ) আমন গুলি ছুড়িবার যন্ত্রদ্বারা ইচ্ছাপূর্ব্বক বলরামের গুরুতর পীড়া জন্মাইয়াছে বলিয়া, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩২৬ ধারামতে তাহার নামে অভিযোগ হয়। এই স্থলে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৩৩৫

by section 335 of the Indian Penal Code, and that the general exceptions did not apply to it

ধারায় ঐ অপরাধের বিধান হয় নাই ও সাধারণ বর্জিত কথা ঐ অপরাধের প্রতি বর্ত্তে না, উক্ত অভিযোগই এই কথা লেখার তুল্য হয়।

(c) A is accused of murder, cheating, theft, extortion, adultery or criminal intimidation, or using a false property mark. The charge may state that A committed murder, or cheating, or theft, or extortion, or adultery, or criminal intimidation, or that he used a false property mark, without reference to the definitions of those crimes contained in the Indian Penal Code; but the sections under which the offence is punishable must, in each instance, be referred to in the charge.

(গ) আসামের নামে বধ বা প্রবঞ্চনা বা চৌর্য্য বা অপহরণ বা পরদারগমন বা অপরাধঘটিত ভয় দর্শাওন বা দ্রব্যের স্বামিত্বের চিহ্ন মিথ্যারূপে ব্যবহার করণ অপরাধের অভিযোগ হয়। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনে ঐ২ অপরাধের যে২ অর্থ নির্ণয় হইয়াছে তাহার উল্লেখ না করিয়া, আসামী বধ করিয়াছে বা প্রবঞ্চনা বা চৌর্য্য বা অপহরণ বা পরদারগমন করিয়াছে বা অপরাধঘটিত ভয় দর্শাইয়াছে বা দ্রব্যের স্বামিত্বের চিহ্ন মিথ্যারূপে ব্যবহার করিয়াছে অভিযোগপত্রে কেবল এই কথা লেখা থাকিতে পারিবে। কিন্তু যে২ ধারামতে অপরাধের দণ্ড হইতে পারে উক্ত প্রত্যেক স্থলে অভিযোগপত্রে তাহার উল্লেখ করিতে হইবে।

(d) A is charged, under section 184 of the Indian Penal Code, with intentionally obstructing a sale of property offered for sale by the lawful authority of a public servant. The charge should be in those words.

(ঘ) রাজকীয় কার্য্যকারক আইনসিদ্ধ ক্ষমতামতে কোন দ্রব্য বিক্রয় করিতে আজ্ঞা করিলে আসামী ইচ্ছাপূর্ব্বক ঐ বিক্রয়ের বাধা দিল বলিয়া ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৮৪ ধারাক্রমে আসামের নামে অভিযোগ হয়। অভিযোগপত্রে সেই২ কথা লিখিতে হইবে।

95. The charge shall contain such particulars as to the time and place of the alleged offence and the person against whom, or the thing in respect of which, it was committed as are reasonably sufficient to give notice to the accused person of the matter with which he is charged.

Particulars as to time, place and person.

৯৫ ধারা। যে সময়ে যে স্থানে যে ব্যক্তির বিপক্ষে বা যে বিষয় লইয়া কথিত অপরাধ হইয়াছে এই২ বৃত্তান্ত অভিযোগপত্রে এমন সঙ্গতরূপে লিখিতে হইবে যেন আপন নামে যে বিষয়ের অভিযোগ হইল, অভিযুক্ত ব্যক্তি তাহা অবগত থাকে ইতি।

সময়ের ও স্থানের ও ব্যক্তির বিশেষ কথা।

96. When the nature of the case is such that the particulars mentioned in sections 94 and 95 do not give sufficient notice to the accused person of the matter with which he is charged, the charge shall also contain such particulars of the manner in which the alleged offence was committed as will be sufficient for that purpose.

When manner of committing offence must be stated.

৯৬ ধারা। অভিযুক্ত ব্যক্তির নামে যে বিষয়ের অভিযোগ হয় যদি ভাব বিবেচনায় ৯৪ ও ৯৫ ধারার উল্লিখিত কথাদ্বারা সেই ব্যক্তি সেই বিষয় উপযুক্তমতে জানিতে না পারে, তবে কথিত অপরাধ যে প্রকারে করা গিয়াছিল ইহার বিশেষ যে কথা লিখিলে পূর্ব্বোক্ত অভিপ্রায় সফল হয় তাহাও অভিযোগপত্রে লিখিতে হইবে ইতি।

অপরাধ যে প্রকারে করা গিয়াছিল এই কথা যে স্থলে লিখিতে হইবে তাহার কথা।

Illustrations.

উদাহরণ।

(a) A is accused of the theft of a certain article at a certain time and place. The charge need not set out the manner in which the theft was effected.

(ক) আসামের নামে অমুক সময়ে ও স্থানে অমুক দ্রব্য চুরি করিবার অভিযোগ হয়। যে প্রকারে চুরি করিয়াছিল অভিযোগপত্রে এই কথা লিখিবার প্রয়োজন নাই।

(b) A is accused of cheating B at a given time and place. The charge must set out the manner in which A cheated B.

(খ) অমুক সময়ে ও স্থানে বলরামকে বঞ্চনা করিয়াছে বলিয়া আসামের নামে অভিযোগ হইলে, আসামী যে প্রকারে বলরামকে বঞ্চনা করিল অভিযোগপত্রে এই কথাও লিখিতে হইবে।

(c) A is accused of giving false evidence at a given time and place. The charge must set out that portion of the evidence given by A which is alleged to be false.

(গ) আসামের নামে অমুক সময়ে ও স্থানে মিথ্যা সাক্ষ্য দেওনাপরাধের অভিযোগ হইলে আসামের সাক্ষ্যের যে অংশ মিথ্যা বলিয়া কহা গেল অভিযোগপত্রে সেই অংশও লিখিতে হইবে।

(d) A is accused of obstructing B, a public servant, in discharge of his public functions at a given time and place. The charge must set out the manner in which A obstructed B in the discharge of his functions.

(ঘ) বলরাম নামক রাজকীয় কার্য্যকারক রাজকীয় কর্ম্ম নির্ব্বাহ করিতেছেন এমন সময়ে আসামী অমুক সময়ে ও স্থানে তাঁহাকে বাধা দিল বলিয়া আসামের নামে অভিযোগ হইলে, বলরামের কর্ম্ম নির্ব্বাহকরণ সময়ে আসামী যে প্রকারে তাঁহার বাধা দিল অভিযোগপত্রে এই কথাও লিখিতে হইবে।

(e) A is accused of the murder of B at a given time and place The charge need not state the manner in which A murdered B.

(f) A is accused of disobeying a direction of the law with intent to save B from punishment The charge must set out the disobedience charged and the law infringed

97 The charge may be in the form given in the third schedule to this Act, or to the like effect

Forms in schedule

98 No error, either in the way in which the offence is stated, or in the particulars required to be stated in section 96, and no omission to state the offence, or to state those particulars, shall be regarded at any stage of the case as material, unless the person accused was in fact misled by such error or omission

Effect of errors

Illustrations

(a) A is charged, under section 242 of the Indian Penal Code, with "having been in possession of counterfeit coin, having known at the time when he became possessed thereof that such coin was counterfeit the word "fraudulently' being omitted in the charge Unless it appears that A was in fact misled by this omission the error shall not be regarded as material

(b) A is charged with cheating B, and the manner in which he cheated B is not set out in the charge or is set out incorrectly A defends himself, calls witnesses, and gives his own account of the transaction The Court may infer from this that the omission to set out the manner of the cheating is not material

(c) A is charged with cheating B, and the manner in which he cheated B is not set out in the charge There were many transactions between A and B, and A had no means of knowing to which of them the charge referred and offered no defence The Court may infer from such facts that the omission to set out the manner of the cheating was, in this case, a material error

(d) A is charged with the murder of Khoda Baksh on the 21st January In fact, the murdered person's name was Haidar Baksh, and the date of the murder was the 20th January A was never charged with any murder but one, and had heard the inquiry before the Magistrate, which referred exclusively to the case of Haidar Baksh The Court may infer from these facts that A was not misled, and that the error in the charge was immaterial

(ঙ) আনন্দ অমুক সময়ে ও স্থানে বলরামকে বধ করিয়াছে বলিয়া তাহার নামে অভিযোগ হইলে, আনন্দ যে প্রকারে বলরামকে বধ করিয়াছিল অভিযোগপত্রে এই কথা লিখিবার প্রয়োজন নাই।

(চ) বলরামের দণ্ড না হয় এই উদ্দেশে আনন্দ আইনের কোন আদেশ অমান্য করিয়াছে বলিয়া তাহার নামে অভিযোগ হইলে যে কার্য্য দ্বারা আজ্ঞার অমান্য হইল ও যে আইন লঙ্ঘন হইল অভিযোগপত্রে এই২ কথাও লিখিতে হইবে।

৯৭ ধারা। অভিযোগপত্র এই আইনের তৃতীয় তফসীলের নির্দ্দিষ্ট পাঠে কি তাহার মর্ম্মানুসারে লেখা যাইতে পারিবে ইতি।

তফসীলের পাঠের কথা।

৯৮ ধারা। অপরাধ যে প্রকারে লেখা যায় তাহা, কিম্বা ৯৬ ধারায় যে বৃত্তান্ত লিখিবার আদেশ হইল তাহা লিখিতে কোন ভ্রম হইলেও, এবং অপরাধ লিখিতে কিম্বা ঐ বৃত্তান্ত ব্যক্ত করিতে ত্রুটি হইলেও, যদি সেই ভ্রম কি ত্রুটিহেতুক অভিযুক্ত ব্যক্তির বস্তুতঃ ভ্রম না হইয়া থাকে তবে মোকদ্দমার বিচার করণের কোন কালে ঐ ভ্রম কি ত্রুটি গুরুতর বলিয়া জ্ঞান হইবে না ইতি।

ভ্রমের ফলের কথা।

উদাহরণ।

(ক) আনন্দের নিকট কৃত্রিম মুদ্রা ছিল ও যে সময়ে তাহা পাইয়াছিল সেই সময়ে তাহা কৃত্রিম জানিত বলিয়া ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২৪২ ধারামতে তাহার নামে অভিযোগ হইল। কিন্তু অভিযোগপত্রে "প্রতারণাভাবে" এই শব্দ লেখা যায় নাই। সেই শব্দ না লেখাতে আনন্দের যে বস্তুতঃ ভ্রম হইয়াছে ইহা দৃষ্ট না হইলে, ঐ ভ্রম গুরুতর বলিয়া জ্ঞান করিতে হইবে না।

(খ) আনন্দের নামে বলরামকে বঞ্চনা করিবার অভিযোগ হয়, কিন্তু তাহাকে যে প্রকারে বঞ্চনা করিল এই কথা অভিযোগপত্রে লেখা যায় নাই কিম্বা অশুদ্ধরূপে লেখা গেল। আনন্দ প্রতিবাদ করিয়া সাক্ষিদিগকে ডাকিয়া আপনার জ্ঞানানুসারে সেই ব্যাপারের বৃত্তান্ত জানাইল সেই বঞ্চনা কার্য্য যে প্রকারে করা গিয়াছিল এই কথা না লেখাই গুরুতর নয় আদালত উক্ত ক্রিয়াদ্বারা এমত অনুমান করিতে পারিবেন।

(গ) আনন্দের নামে বলরামকে বঞ্চনা করিবার অভিযোগ হয় কিন্তু তাহাকে যে প্রকারে বঞ্চনা করিল এই কথা ঐ অভিযোগপত্রে লেখা যায় নাই। আনন্দের ও বলরামের মধ্যে অনেক ব্যাপার চলিত, অতএব কোন্ ব্যাপার ধরিয়া ঐ অভিযোগ হইল আনন্দ ইহা নিরূপণ করিতে না পারিয়া প্রতিবাদ করে নাই। এই স্থলে বঞ্চনা যে প্রকারে করা গিয়াছিল এই কথা না লেখাই গুরুতর ভ্রম, আদালত উক্ত বৃত্তান্ত দৃষ্টে এই অনুমান করিতে পারিবেন।

(ঘ) আনন্দ জানুয়ারি মাসের ২১ তারিখে খোদাবক্সকে বধ করিল বলিয়া তাহার নামে অভিযোগ হয়। হত ব্যক্তির প্রকৃত নাম হয়দরবক্স, ও জানুয়ারি মাসের ২০ তারিখে তাহাকে বধ করা যায়। আনন্দের নামে সেই একটি বধাপরাধভিন্ন অন্য বধাপরাধের অভিযোগ হয় নাই। ও কেবল হায়দরবক্সের বধের বিষয়ে মাজিষ্ট্রেটের সম্মুখে অনুসন্ধান লওয়া গেলে আনন্দ উপস্থিত হইয়া তাহা শুনিল। এই বিষয় বিবেচনায়, আনন্দের ভ্রম হয় নাই ও অভিযোগপত্রে যে ভুল ছিল তাহা গুরুতর নয়, আদালত এই অনুমান করিতে পারিবেন।

(e.) A was charged with murdering Haidar Baksh on the 20th January, and Khodá Baksh (who tried to arrest him for that murder) on the 21st January When charged for the murder of Haidar Baksh, he was tried for the murder of Khodá Baksh The witnesses present in his defence were witnesses in the case of Haidar Baksh The Court may infer from this that A was misled, and that the error was material

99 Any accused person may apply to a Presidency Magistrate for an amendment of the charge made against him, and in considering whether any error in a charge did in fact mislead the accused person, the Magistrate shall take into account the fact that he did or did not make such an application

Prisoner may apply for amendment

100 A Presidency Magistrate may, upon the application of the accused person, or of the complainant, or upon his own motion alter any charge at any stage of the proceedings before judgment is pronounced

Magistrate may alter charge

Every such alteration shall be read and explained to the accused person

101 If the alteration is such that proceeding immediately with the trial is not likely, in the opinion of the Presidency Magistrate, to prejudice the accused person in his defence, the Magistrate may, in his discretion, after making such alteration, proceed with the trial as if the altered charge had been the original charge

When trial may proceed immediately after alteration

102 If the alteration is such that proceeding immediately with the trial is likely, in the opinion of the Presidency Magistrate, to prejudice the accused person in his defence, the Magistrate may either direct a new trial, or suspend the trial for such period as may be necessary to enable the accused person to make his defence to the altered charge, and, after hearing his defence, the Magistrate may further adjourn the trial to admit of the appearance of any witness whose evidence the Magistrate may consider to be material to the case, or whom the accused person may wish to be summoned in his defence

When new trial may be directed or trial suspended

Adjournment

(ঙ) আকস্য জানুয়ারি মাসের ২০ তারিখে হাইদরবক্সকে বধ করিল ও খোদাবক্স তাহাকে ধরিতে গেলে জানুয়ারি মাসের ২১ তারিখে তাহাকেও বধ করিল আকস্যের নামে এই অভিযোগ হইল। হাইদরবক্সকে বধ করিবার অভিযোগে খোদাবক্সকে বধ করিবার নিমিত্ত তাহার বিচার হয়। তাহার স্বপক্ষে যে সাক্ষিরা উপস্থিত ছিল তাহারা হাইদর বক্সের বধের সাক্ষী। ইহাতে আকস্যের ভ্রম হইল ও গুরুতর ভুল হইয়াছে আদালত এই অনুমান করিতে পারিবেন।

৯৯ ধারা। অভিযুক্ত ব্যক্তি আপনার বিপক্ষ অভিযোগ সংশোধন হইবার জন্যে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিকট প্রার্থনা করিতে পারিবে। এবং অভিযোগপত্রে কোন ভুল থাকাতে বস্তুতঃ অভিযুক্ত ব্যক্তির ভ্রম জন্মিল কি না, আদালত ইহা বিবেচনা করিবার সময়ে অভিযুক্ত ব্যক্তি তদ্রূপ প্রার্থনা করিল কি না করিল এই বিষয়ও ধরিবেন ইতি।

সংশোধন করিবার প্রার্থনা করিতে প্রতিবাদির ক্ষমতার কথা।

১০০ ধারা। নিস্পত্তি প্রচার হইবার পূর্ব্বে মোকদ্দমার অনুষ্ঠান করিবার কোন সময়ে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তির কিম্বা বাদির প্রার্থনামতে কিম্বা স্বীয় বিবেচনামতে কোন অভিযোগ পরিবর্ত্তন করিতে পারিবেন।

অভিযোগপত্র পরিবর্ত্তন করিতে মাজিষ্ট্রেটের ক্ষমতার কথা।

তদ্রূপ সংশোধিত কথা অভিযুক্ত ব্যক্তির নিকট পাঠ করা যাইবে ও তাহাকে বুঝাইয়া দেওয়া যাইবে ইতি।

১০১ ধারা। অভিযোগপত্র যেরূপে পরিবর্ত্তন করা গেল তদনুসারে মোকদ্দমার কার্য্য অগৌণে চলিলেও অভিযুক্ত ব্যক্তির প্রতিবাদে তাহার বিঘ্ন হওয়া সম্ভাবনা নাই, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের এই অভিমত থাকিলে অভিযোগপত্র তদ্রূপে পরিবর্ত্তন করিলে পর তিনি স্বীয় বিবেচনামতে সেই পরিবর্ত্তিত অভিযোগ প্রথম অভিযোগ জ্ঞান করিয়া মোকদ্দমার বিচার করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

সংশোধন হইলেই যে স্থলে বিচারের কার্য্য চলিতে পারে তাহার কথা।

১০২ ধারা। অভিযোগপত্র যে প্রকারে পরিবর্ত্তন করা গেল তদনুসারে মোকদ্দমার কার্য্য অগৌণে চলিলে অভিযুক্ত ব্যক্তির প্রতিবাদ করণে তাহার বিঘ্ন হওয়া সম্ভাবনা, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট এমত বিবেচনা করিলে নূতন বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন, অথব অভিযুক্ত ব্যক্তির ঐ পরিবর্ত্তিত অভিযোগ পত্রের উত্তর দিতে যত কাল প্রয়োজন তত কাল বিচার কার্য্য স্থগিত রাখিতে পারিবেন। ও তাহার উত্তর শুনিলে পর, মাজিষ্ট্রেট মোকদ্দমার পক্ষে যে সাক্ষিদের সাক্ষ্য গুরুতর জ্ঞান করেন, কিম্বা অভিযুক্ত ব্যক্তি আপনার উত্তরের পোষকতায় যে সাক্ষিদিগকে সমন করাইতে ইচ্ছা করে, সেই সাক্ষিরা যেন উপস্থিত হইতে পারে এই নিমিত্ত আদালত অন্য দিন পর্য্যন্ত মোকদ্দমার বিচার কার্য্য আবার স্থগিত রাখিতে পারিবেন ইতি।

যে স্থলে নূতন বিচারের আজ্ঞা কিম্বা বিচার স্থগিত হইতে পারিবে তাহার কথা।

দিনান্তর নিরূপণের কথা।

To paragraph III

(m) A commits house-breaking by day with intent to commit adultery, and commits, in the house so entered, adultery with B's wife. A may be separately charged with, and convicted of, offences under sections 454 and 497 of the Indian Penal Code, but the Presidency Magistrate who tries him may not inflict a severer punishment than if he had convicted him under section 497 only.

(n) A commits robbery on B, and in doing so voluntarily causes hurt to him. A may be separately charged with, and convicted of, offences under sections 323, 392, and 394 of the Indian Penal Code, but the Presidency Magistrate who tries him may not inflict a severer punishment than if he had convicted him under section 392 or 394 only.

(o) A entices B, the wife of C, away from C with intent to commit adultery with B, and then commits adultery with her. A may be separately charged with and convicted of, offences under sections 498 and 497 of the Indian Penal Code, but the Presidency Magistrate who tries him may not inflict a severer punishment than if he had convicted him under section 497 only.

108 If a single act or series of acts is of such a nature that it is doubtful which of several offences the facts which can be proved will constitute, the accused person may be charged with having committed all or any of such offences, and any number of such charges may be tried at once; or he may be charged in the alternative with having committed some one of the said offences.

Where it is doubtful what offence has been committed.

Illustrations

A is accused of an act which may amount to theft or receiving stolen property or criminal breach of trust, or cheating. He may be charged with theft, receiving stolen property, criminal breach of trust and cheating, or he may be charged with having committed theft or receiving stolen property or criminal breach of trust, or cheating.

109 If, in the case mentioned in the last preceding section, one charge only is brought against an accused person, and it appears in evidence that he committed a different offence, for which he might have been charged under the provisions of that section he may be convicted of the offence which he is shown to have committed, although he was not charged with it.

When a person is charged with one offence he can be convicted of another.

গৃহভঙ্গ করিবার উদ্দেশে দিবাভাগে সেই গৃহে প্রবিষ্ট হইলে [illegible] আসামির নামে ভারতবর্ষীয় দণ্ড- ও ৪৯৭ ধারামত অপরাধের স্বতন্ত্র [illegible] অপরাধ নির্ণয় হইতে পারিবে, ম্যাজিষ্ট্রেট তাহার বিচার করেন তিনি তাহার অপরাধ নির্ণয় করিয়া যে অপেক্ষা কঠিন দণ্ডের আজ্ঞা করিতে [illegible]

[illegible] উপর দস্যুতা করে ও সেই কার্য্য [illegible] তাহার পীড়া জন্মায় আসামির নামে আইনের ৩২৩ ও ৩৯২ ও ৩৯৪ [illegible] অভিযোগ ও তাহার সেইং অপ- [illegible], কিন্তু যে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট [illegible] কেবল ৩৯২ কিম্বা ৩৯৪ ধারামতে [illegible] করিয়া যত দণ্ড করিতে পারিতেন আজ্ঞা করিতে পারিবেন না।

[illegible] নামার নিকট পরদারগমনাপরাধ [illegible] নিকটহইতে নামাকে ফুসলাইয়া লইয়া [illegible] আসামির নামে ভারতবর্ষীয় দণ্ডবিধির [illegible] ধারামত অপরাধের স্বতন্ত্র অভিযোগ নির্ণয় হইতে পারিবে, কিন্তু যে [illegible] তার বিচার করেন তিনি কেবল ৪৯৭ [illegible] নির্ণয় করিয়া যে দণ্ড করিতে [illegible] দণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

১০৮ [illegible] বৃত্তান্তের প্রমাণ করা যাইতে পারে, তদ্দ্বারা অনেক অপ- রাধ হইলেও একি ক্রিয়ার কিম্বা ক্রিয়া সংযোগের ভাব [illegible] হইল এই বিষয়ের সন্দেহ [illegible] ক্তির নামে ঐ সকল কিম্বা তন্মধ্য [illegible] অভিযোগ হইতে পারিবে। [illegible] মধ্যে কএকটি অভিযোগের [illegible] হইতে পারিবে। কিম্বা উক্ত [illegible] কোন এক অপরাধ করিয়াছে [illegible] অভিযোগ হইতে পারিবে ইতি।

উদাহরণ।

[illegible] অভিযোগ হয় তাহা চৌর্য্য [illegible] অপরাধভাবে বিশ্বাসঘাতকতা বা [illegible] হইতে পারে। তাহার নামে [illegible] ও অপরাধভাবে বিশ্বাসঘাতকতা [illegible] অপরাধের পৃথকং অভিযোগ হইতে [illegible] চোরা দ্রব্য গ্রহণ কিম্বা অপরাধ [illegible] কিম্বা বঞ্চনাকরণ ইহার মধ্যে কোন [illegible] অভিযোগ হইতে পারিবে।

১০৯ [illegible] পূর্ব্ব ধারার লিখিত স্থলে অভি- যুক্ত ব্যক্তির নামে কেবল এক অপরাধের অভিযোগ হইলেও, ঐ ধারার বিধান- মতে অন্য যে অপরাধের অভিযোগ হইতে পারিত সে ঐ অন্য অপরাধ করি- [illegible] দৃষ্ট হইলে, তাহার যে অপ- [illegible] তাহার নামে সেই অপরাধের তাহার সেই অপরাধ নির্ণয়

Illustration

A is charged with theft It appears that he committed the offence of criminal breach of trust, or that of receiving stolen goods He may be convicted of criminal breach of trust, or of receiving stolen goods (as the case may be), though he was not charged with such offence

উদাহরণ।

আনন্দের নামে চৌর্য্যের অভিযোগ হয়। কিন্তু সে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিয়াছে কিম্বা চোরা দ্রব্য গ্রহণ করিয়াছে ইহা দৃষ্ট হইল। তাহার নামে ঐ২ অপরাধের অভিযোগ না হইলেও তাহার অপরাধভাবে বিশ্বাসঘাতকতাকরণ কিম্বা বিষয়বিশেষে চোরা দ্রব্য গ্রহণ অপরাধ নির্ণয় হইতে পারিবে।

110. When a person is charged with an offence and part of the charge is not proved, but the part which is proved amounts to a different offence, he may be convicted of the offence which he is proved to have committed, though he was not charged with it

When offence proved included in offence charged

১১০ ধারা। কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইয়া অভিযোগের এক অংশের প্রমাণ না হইলেও অন্য যে অংশের প্রমাণ হয় তাহাই অন্য অপরাধের তুল্য হইলে, তাহার যে অপরাধ প্রমাণ হইল তাহার নামে সেই অপরাধের অভিযোগ না হইলেও তাহার সেই অপরাধ নির্ণয় হইতে পারিবে ইতি।

যে অপরাধের প্রমাণ হয় তাহা অভিযোগমত অপরাধের মধ্যে ধরা গেলে তাহার কথা।

Illustrations

(*a*) A is charged, under section 407 of the Indian Penal Code, with criminal breach of trust in respect of property entrusted to him as a carrier It appears that he did commit criminal breach of trust under section 406 in respect of the property, but that it was not entrusted to him as a carrier He may be convicted of criminal breach of trust under section 406

(*b*) A is charged with murder He may be convicted of culpable homicide, or of causing death by negligence

উদাহরণ

(ক) বাহক বলিয়া আনন্দের প্রতি বিশ্বাসপূর্ব্বক কোন দ্রব্য দেওয়া গেলে সে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিয়াছে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪০৭ ধারামতে এই অভিযোগ হইল। সেই ব্যক্তি ঐ দ্রব্য লইয়া ৪০৬ ধারামতে অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করিল, কিন্তু বাহক বলিয়া ঐ দ্রব্য বিশ্বাসপূর্ব্বক তাহাকে দেওয়া যায় নাই, ইহা দৃষ্ট হইলে ৪০৬ ধারামতে তাহার অপরাধভাবে বিশ্বাসঘাতকতা করণ অপরাধ নির্ণয় হইতে পারিবে।

(খ) আনন্দের নামে জ্ঞানকৃত বধের অভিযোগ হয়। তাহার দোষভাবে নরহত্যা কিম্বা অমনোযোগে পরের মৃত্যুর কারণ হওন অপরাধ নির্ণয় হইতে পারিবে।

111. When more persons than one are accused of the same offence, or of different offences committed in the same transaction, or when one person is accused of committing any offence and another of abetment of, or attempt to commit, such offence, they may be charged and tried together, or separately, as the Presidency Magistrate thinks fit, and the provisions contained in the former part of this chapter shall apply to all such charges

What persons may be charged jointly

১১১ ধারা। দুই কি তদধিক ব্যক্তির নামে একি অপরাধের কিম্বা একি ব্যাপারযুক্ত ভিন্ন২ অপরাধের অভিযোগ হইলে, কিম্বা এক ব্যক্তির নামে অপরাধ করণের ও অন্য ব্যক্তির নামে ঐ অপরাধের সহায়তা কি অপরাধ করিবার উদ্যোগ করণের অভিযোগ হইলে, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট যেমন উচিত বোধ করেন তেমনি তাহাদের নামে অভিযোগ ও তাহাদের বিচার একত্র বা স্বতন্ত্র হইতে পারিবে। তদ্রূপ সকল অভিযোগের প্রতি এই অধ্যায়ের পূর্ব্বলিখিত বিধান খাটিবে ইতি।

যেং ব্যক্তিদের অভিযোগ একত্র ধরা যাইতে পারে তাহাদের কথা।

Illustrations

(*a*) A and B are accused of the same murder A and B may be charged and tried together for the murder

(*b*) A and B are accused of a robbery, in the course of which A commits a murder with which B has nothing to do A and B may be tried together on a charge, charging both of them with the robbery, and A alone with the murder

(*c*) A and B are both charged with a theft, and B is charged with two other thefts committed by him in the course of the same transaction A and B may be both tried together on a charge, charging both with the one theft, and B alone with the two other thefts

উদাহরণ।

(ক) আনন্দ ও বলরাম উভয়ের নামে একি বধাপরাধের নালিশ হয়। উভয়ের নামে একি অভিযোগপত্র হইতে পারে ও উভয়ের একি কালে বিচার হইতে পারিবে।

(খ) আনন্দ ও বলরাম উভয়ের নামে দস্যুতার নালিশ হয়, সেই দস্যুতাকরণ সময়ে আনন্দ কোন ব্যক্তিকে বধ করিল, তাহাতে বলরামের সম্পর্ক ছিল না। এমত স্থলে দস্যুতাকরণের অভিযোগে আনন্দ ও বলরামের একত্র বিচার হইতে পারিবে, এবং বধাপরাধের নিমিত্ত কেবল আনন্দের বিচার হইতে পারিবে।

(গ) আনন্দ ও বলরাম একি চৌর্য্য করিয়াছে বলিয়া দুই জনের নামে নালিশ হয়। ও সেই ব্যাপারের মধ্যে বলরাম অন্য দুই চৌর্য্যাপরাধ করিয়াছে বলিয়া তাহার নামে নালিশ হয়। যে নালিশমতে আনন্দ ও বলরাম দুই জনের চৌর্য্যাপরাধ করিবার অভিযোগ হইল সেই অভিযোগে দুই জনের একত্র বিচার এবং অন্য দুই চৌর্য্যাপরাধে কেবল বলরামের বিচার হইতে পারিবে।

112 When more charges than one are made against the same person, and when a conviction has been had on one or more of them, the complainant, or the Government Solicitor, or other officer conducting the prosecution, may, with the consent of the Presidency Magistrate, withdraw, or such Magistrate of his own accord may suspend, the inquiry into, or trial of, the remaining charge or charges

Withdrawal of remaining charges on conviction on one of several charges

Previous Acquittals or Convictions

113 A person who has once been tried for an offence and convicted or acquitted of such offence shall, while such conviction or acquittal remains in force, not be liable to be tried again for the same offence, nor on the same facts for any other offence for which a different charge from the one made against him might have been made under section 108, or for which he might have been convicted under section 109.

Person once convicted or acquitted not to be tried for same offence

A person convicted or acquitted of any offence may be afterwards tried for any offence for which a separate charge might have been made against him on the former trial under section 107, paragraph 1

A person acquitted or convicted of any offence constituted by any act causing consequences which, together with such act, constituted a different offence from that for which he was acquitted or convicted, may be afterwards tried for such last mentioned offence, if the consequences had not happened, or were not known to the Court to have happened, at the time when he was acquitted or convicted

A person acquitted or convicted of any offence constituted by any acts may, notwithstanding such acquittal or conviction, be subsequently charged with, and tried for, any other offence constituted by the same acts which he may have committed if the Court by which he was first tried was not competent to try the offence with which he is subsequently charged

Illustrations

(*a*) A is tried upon a charge of theft as a servant and acquitted He cannot afterwards be charged with theft

১১২ ধারা। একি ব্যক্তির নামে দুই কি তদধিক অভিযোগ হইয়া তন্মধ্য এক কি অধিক অভিযোগমতে অপরাধ নির্ণয় হইলে, বাদী কিম্বা গবর্ণমেণ্টের উকীল কিম্বা অন্য যে কর্ম্মকারক অভিযোগের সপক্ষ কার্য্য চালান তিনি, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের অনুমতি গ্রহণপূর্ব্বক, অন্য এক কি অধিক অভিযোগ উঠাইয়া লইতে পারিবেন, কিম্বা ঐ মাজিষ্ট্রেট আপন ইচ্ছামতে ঐ অন্য অভিযোগের অনুসন্ধান লওন বা বিচার করণকার্য্য স্থগিত রাখিতে পারিবেন ইতি।

অনেক অভিযোগ হইয়া একের প্রমাণ হইলে অন্য সকল অভিযোগ উঠাইয়া লইবার কথা।

নির্দ্দোষ করণ বা অপরাধ নির্ণয়করণরূপ পূর্ব্বকৃত আজ্ঞার কথা।

১১৩ ধারা। কোন অপরাধের নিমিত্তে কোন ব্যক্তির একবার বিচার হইয়া তাহার সেই অপরাধ নির্ণয় হইলে কি তাহাকে নির্দ্দোষী করা গেলে, যত দিন সেই অপরাধ নির্ণয় কি সেই নির্দ্দোষকরণের আজ্ঞা প্রবল থাকে, তত দিন সেই অপরাধহেতুক, কিম্বা ১০৮ ধারামতে তাহার নামে তদ্ভিন্ন যে অপরাধের অভিযোগ হইতে পারিত কিম্বা ১০৯ ধারামতে তাহার যে অপরাধ নির্ণয় হইতে পারিত, সেই বৃত্তান্তমূলক এমত অন্য কোন অপরাধহেতুক তাহার পুনর্ব্বিচার হইতে পারিবে না।

যে ব্যক্তি একবার নির্দ্দোষী কি অপরাধী বলিয়া নির্ণয় হইল তাহার সেই অপরাধের জন্যে বিচার না হইবার কথা।

কোন ব্যক্তির কোন অপরাধ নির্ণয় হইলে কিম্বা তাহাকে নির্দ্দোষ করা গেলে পর, যদি সেই বিচারকালে ১০৭ ধারার ১ প্রকরণমতে তাহার নামে কোন অপরাধহেতুক স্বতন্ত্র অভিযোগ হইতে পারিত, তবে পশ্চাৎ সেই অপরাধের নিমিত্ত তাহার বিচার হইতে পারিবে।

কোন ক্রিয়া দ্বারা যে অপরাধ হয় সেই অপরাধে ব্যক্তিকে নির্দ্দোষ করা গেলে কিম্বা তাহার সেই অপরাধ নির্ণয় হইলে, সেই ক্রিয়াহইতে যে ফল উৎপন্ন হয় যদি ঐ ক্রিয়া সহযোগে সেই ফলপ্রযুক্ত ঐ অপরাধভিন্ন অন্য অপরাধ হয়, তবে যে সময়ে তাহাকে নির্দ্দোষ করা যায় কি তাহার অপরাধ নির্ণয় হয় সেই সময়ে সেই ফল না হইয়া থাকিলে কিম্বা হইলেও আদালত তাহা অবগত না থাকিলে শেষোক্ত অপরাধহেতুক সেই ব্যক্তির পশ্চাৎ বিচার হইতে পারিবে।

কোন ক্রিয়া দ্বারা যে অপরাধ হয় সেই অপরাধে ব্যক্তিকে নির্দ্দোষ করা গেলে কিম্বা তাহার অপরাধ নির্ণয় হইলে পর, সেই ক্রিয়া দ্বারা ঐ ব্যক্তি অন্য কোন অপরাধ করিয়া থাকিলেও যে আদালত প্রথমে তাহার বিচার করিয়াছিলেন সেই আদালত পশ্চাৎ সেই অন্য অপরাধের অভিযোগে ঐ ব্যক্তির বিচার করিতে সক্ষম না হইলে, পূর্ব্বে নির্দ্দোষী করা গেলেও কি অপরাধ নির্ণয় হইলেও সেই অন্য অপরাধহেতুক পশ্চাৎ তাহার নামে অভিযোগ ও তাহার বিচার হইতে পারিবে ইতি।

উদাহরণ।

(ক) আবদ্দ চাকর হইয়া চুরি করিয়াছে এই অভিযোগে বিচার হইয়া তাহাকে নির্দ্দোষ করা গেল। তাহা হইলে

as a servant, or, upon the same facts, with theft simply or with criminal breach of trust

আনন্দের নামে চাকরস্বরূপ চুরি করিবার কিম্বা সেই বৃত্তান্ত ধরিয়া কেবল চুরি করিবার কি অপরাধ ভাবে বিশ্বাসঘাতকতা করিবার অন্য অভিযোগ হইতে পারিবে না।

(*b*) A is tried upon a charge of murder and acquitted There is no charge of robbery, but it appears from the facts that A committed robbery at the time when the murder was committed, he may afterwards be charged with, and tried for, robbery

(খ) বধ করণাভিযোগে আনন্দের বিচার হইয়া তাহাকে নির্দোষ করা গেল। তৎকালে দস্যুতার অভিযোগ হয় নাই। কিন্তু যে সময়ে ব্যক্তিকে বধ করা গেল সেই সময়ে আনন্দ দস্যুতাও করিয়াছিল বৃত্তান্তদ্বারা ইহা দৃষ্ট হইলে, তৎপশ্চাৎ তাহার নামে দস্যুতা করণাপরাধের অভিযোগ হইতে পারে ও সেই অভিযোগমতে তাহার বিচার হইতে পারিবে।

(*c*) A is tried for an assault and convicted The person assaulted afterwards dies A may be tried again for culpable homicide

(গ) আক্রমণ করিবার অভিযোগে আনন্দের বিচার হইয়া তাহার অপরাধ নির্ণয় হইল। পশ্চাৎ সেই আক্রান্ত ব্যক্তির মৃত্যু হয়। দোষঘটিত নরহত্যার নিমিত্ত আনন্দের পুনশ্চ বিচার হইতে পারিবে।

(*d*) A is tried, under section 270 of the Indian Penal Code, for malignantly doing an act likely to spread the infection of a disease dangerous to life and is acquitted The act so done afterwards causes a person permanently to lose his eyesight A may be charged, under section 325 of the same Code, with voluntarily causing grievous hurt to that person

(ঘ) যে ক্রিয়ার দ্বারা মনুষ্যের প্রাণের আশঙ্কাজনক রোগের সঞ্চার হওয়া সম্ভাবনা, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ২৭০ ধারামতে ঈর্ষ্যাপূর্ব্বক সেই ক্রিয়া করণ-হেতুক আনন্দের বিচার হইয়া তাহাকে নির্দোষ করা গেল। পশ্চাৎ তাহার সেই ক্রিয়ার ফলে কোন ব্যক্তির দৃষ্টি শক্তি একেবারে নষ্ট হইল। এই স্থলে ঐ আইনের ৩২৫ ধারামতে ইচ্ছা করিয়া সেই ব্যক্তির গুরুতর পীড়া জন্মাইবার অভি-যোগে আনন্দের বিচার হইতে পারিবে।

(*e*) A is charged by a Presidency Magistrate with, and convicted by him of, voluntarily causing hurt to B A may not afterwards be tried for voluntarily causing grievous hurt to B on the same facts, unless the case comes within paragraph 3 of this section

(ঙ) আনন্দ ইচ্ছাপূর্ব্বক বলরামের পীড়া জন্মাইল বলিয়া প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট তাহার নামে অভিযোগ করিয়া তাহার অপরাধ নির্ণয় করিলেন। তৎপরে ঐ মোকদ্দমা এই ধারার ৩ প্রকরণের মধ্যে না আইলে সেই বৃত্তান্ত ধরিয়া ইচ্ছাপূর্ব্বক বলরামের গুরুতর পীড়া জন্মাইবার নিমিত্ত আনন্দের পুনশ্চ বিচার হইতে পারিবে না।

(*f*) A is charged by a Presidency Magistrate with, and convicted by him of, theft of property from the person of B A may be subsequently charged with, and tried for, robbery on the same acts

(চ) আনন্দ বলরামের বস্ত্রহইতে দ্রব্য চুরি করিল বলিয়া প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট তাঁহার নামে অভিযোগ করিয়া তাহার অপরাধ নির্ণয় করিলেন। সেই বৃত্তান্ত ধরিয়া আনন্দের নামে পুনশ্চ দস্যুতা করণের অভিযোগ হইয়া তাহার বিচার হইতে পারিবে।

(*g*) A, B and C are charged by a Presidency Magistrate with, and convicted by him of, robbing D A, B and C may afterwards be charged with, and tried for, dacoity on the same fact

(ছ) আনন্দ ও বলরাম ও চন্দ্র দীননাথের উপর দস্যুতা করিল বলিয়া প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট তাহাদের নামে অভি-যোগ করিয়া অপরাধ নির্ণয় করিলেন। তৎপরে সেই বৃত্তান্ত ধরিয়া আনন্দের ও বলরামের ও চন্দ্রের নামে ডাকাইতী করিবার অভিযোগ হইয়া তাহাদের বিচার হইতে পারিবে।

CHAPTER X

OF THE TRIAL OF CASES BY PRESIDENCY MAGISTRATES.

১০ দশম অধ্যায়।

প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের দ্বারা মোকদ্দমার বিচার বিষয়ক বিধি।

Cases may be tried summarily

114 The following procedure shall be observed in the trial of cases by Presidency Magistrates

সরাসরীমতে মোকদ্দমার বিচার হইবার কথা।

১১৪ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটেরা মোকদ্দমার বিচার করিতে গেলে নিম্ন-লিখিত প্রণালীমতে কার্য্য করিবেন।—

In every such case the Magistrate shall record the following particulars

(*a*) the serial number,
(*b*) the date of the commission of the offence,
(*c*) the name of the complainant,
(*d*) the name of the accused person,
(*e*) the offence complained of or proved,
(*f*) the prisoner's plea,

উক্ত প্রত্যেক স্থলে মাজিষ্ট্রেট নিম্নলিখিত বিবরণ লিপিবদ্ধ করিবেন,

(ক) ক্রমিক নম্বর।
(খ) যে তারিখে অপরাধ করা গেল সেই তারিখ।
(গ) বাদির নাম।
(ঘ) অভিযুক্ত ব্যক্তির নাম।
(ঙ) যে অপরাধের নালিশ কি প্রমাণ হয় তাহা।
(চ) প্রতিবাদির উত্তর।

(*g*) the final order,

(*h*) the date of such order.

115. No Presidency Magistrate shall impose a fine exceeding two hundred rupees or imprisonment for a term exceeding six months, unless he has recorded the evidence of the witnesses.

Record of evidence.

Sentences passed under section 13 on the same occasion shall for the purposes of this section be considered as one sentence

Where the Magistrate records such evidence, it shall be sufficient either to take it down with his own hand or to cause it to be taken down in writing from his dictation in open Court All evidence so taken down shall be signed by the Magistrate and shall be part of the record

Evidence so taken down shall ordinarily be taken in the form of narrative, but the Magistrate may in his discretion take down, or cause to be taken down, any particular question or answer

Every Magistrate recording the evidence of a witness shall record such remarks as he thinks material respecting the demeanour of such witness while under examination

116. In cases in which the Magistrate has power to impose fine only, or imprisonment for a term not exceeding six months, no formal charge need be made against the accused person, and the Magistrate may convict him of any offence punishable with fine only or with imprisonment for a term not exceeding six months, and which, from the facts proved, he appears to have committed

Charge when dispensed with

In cases in which the Magistrate has power to impose imprisonment for a term exceeding six months, there shall be a formal charge against the accused person

Charge when necessary

All charges under this section shall be drawn up by the Magistrate in accordance with the provisions of chapter IX

117 Neither the complaint nor the process issued thereon shall be regarded otherwise than as notice to the accused person of the facts to be inquired into No defect in the complaint or process shall invalidate the proceedings, unless it appears that the accused person was actually misled by such defect, and, in con-

Effect on proceedings of defect in complaint or process

(ছ) শেষ আজ্ঞা।

(জ) ঐ আজ্ঞার তারিখ ইতি।

১১৫ ধারা। কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট সাক্ষিদের সাক্ষ্য লিপিবদ্ধ না করিলে, দুইশত টাকার অধিক অর্থদণ্ডের কিম্বা ছয় মাসের অধিক কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন না।

প্রমাণ লিপিবদ্ধ করণের কথা।

১৩ ধারামতে একিকালে যেং দণ্ডের আজ্ঞা হয় তাহা এই ধারার কার্য্যপক্ষে একি দণ্ড বলিয়া জ্ঞান হইবে।

মাজিষ্ট্রেট সাক্ষ্য লিপিবদ্ধ করিলে, স্বহস্তে লিখিয়া লইলে, কিম্বা মুক্তদ্বার আদালতে আপন কথনমতে লেখাইয়া লইলেই চলিতে পারিবে। তদ্রূপে যে সকল সাক্ষ্য লিখিয়া লওয়া যায় তাহাতে মাজিষ্ট্রেট স্বাক্ষর করিবেন ও তাহা কাগজপত্রের একাংশ হইবে।

তদ্রূপে যে সাক্ষ্য লিখিয়া লওয়া যায় তাহা সচরাচর বৃত্তান্তের অনুরূপ লেখা যাইবে, কিন্তু মাজিষ্ট্রেট স্বীয় বিবেচনামতে কোন বিশেষ প্রশ্ন কি উত্তর লিখিয়া বা লেখাইয়া লইতে পারিবেন।

সাক্ষী সাক্ষ্যদেওন সময়ে যেরূপ আচরণ করে মাজিষ্ট্রেট এই বিষয়ের যে মন্তব্য কথা গুরুতর জ্ঞান করেন, ঐ সাক্ষির সাক্ষ্য লিপিবদ্ধ করণসময়ে, সেই মন্তব্য কথাও লিখিবেন ইতি।

১১৬ ধারা। যেং মোকদ্দমায় মাজিষ্ট্রেট সাহেবের কেবল অর্থদণ্ডের কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ডের আজ্ঞা করিবার ক্ষমতা থাকে, সেইং মোকদ্দমায় অভিযুক্ত ব্যক্তির নামে দাঁড়ামতে অভিযোগপত্র লিখিবার প্রয়োজন নাই। ও যে বৃত্তান্তের প্রমাণ করা গেল তদ্দ্বারা ঐ ব্যক্তি কেবল অর্থদণ্ডের কি ছয় মাসের অনধিককাল কারাদণ্ডের দণ্ডনীয় অপরাধ করিয়াছে দৃষ্ট হইলে মাজিষ্ট্রেট সাহেব তাহার সেই অপরাধ নির্ণয় করিতে পারিবেন।

যে স্থলে অভিযোগ না হইলেও কার্য্য চলিতে পারে তাহার কথা।

যেং স্থলে মাজিষ্ট্রেট সাহেব ছয় মাসের অধিক কাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারেন, সেইং স্থলে অভিযুক্ত ব্যক্তির নামে দাঁড়ামতে অভিযোগপত্র হইবে।

যে স্থলে অভিযোগপত্র আবশ্যক সেই স্থলের কথা।

এই ধারামতে যে অভিযোগপত্র করা যায়, মাজিষ্ট্রেট ৯ অধ্যায়ের বিধানানুসারে তাহা লিখিবেন ইতি।

১১৭ ধারা। যে বৃত্তান্তের অনুসন্ধান লইতে হইবে, নালিশ ও তৎপশ্চাৎ পরওয়ানা অভিযুক্ত ব্যক্তির পক্ষে সেই বৃত্তান্তের নোটিস মাত্র বলিয়া জ্ঞান হইবে। নালিশে কি পরওয়ানায় কোন দোষ থাকিলেও তদ্দ্বারা অভিযুক্ত ব্যক্তির নিতান্ত ভ্রম হইয়াছে ইহা দৃষ্ট না হইলে

নালিশের কি পরওয়ানার দোষ হইলে আনুষ্ঠানিক কার্য্যের পক্ষে যে ফল বর্ত্তে তাহার কথা।

sidering whether or not he was so misled, the Magistrate shall have regard to the manner in which the accused person conducted his defence.

সেই দোষহেতুক আনুষ্ঠানিক কার্য্য অসিদ্ধ হইবে না। আর অভিযুক্ত ব্যক্তির সেই ভ্রম হইয়াছে কি না ইহা বিবেচনা করিতে গেলে, অভিযুক্ত ব্যক্তি আপনার প্রতিবাদের কার্য্য যেরূপে চালায় মাজিষ্ট্রেট তৎপ্রতি মনোযোগ করিবেন ইতি।

Dismissal or adjournment on non appearance of complainant

118 If upon the day appointed for the appearance of the accused person, or any day subsequent thereto on which the case may be called on, the complainant does not appear, the Magistrate shall dismiss the complaint, unless he thinks fit to adjourn the hearing of the same to some other day Such adjournment shall be made upon such terms as the Magistrate thinks fit

বাদী উপস্থিত না হইলে মোকদ্দমা ডিসমিস করিবার কি অন্য দিন নিরূপণ করিবার কথা।

১১৮ ধারা। অভিযুক্ত ব্যক্তির উপস্থিত হইবার নিরূপিত দিনে, কিম্বা তৎপশ্চাৎ যে দিনে মোকদ্দমার তলব হয়, বাদী সেই দিনে উপস্থিত না হইলে, মাজিষ্ট্রেট ঐ নালিশ ডিসমিস করিবেন। কিন্তু তিনি সেই মোকদ্দমা শুনিবার জন্যে অন্য দিন নিরূপণ করা উপযুক্ত বোধ করিলে যে নিয়ম উচিত জ্ঞান করেন সেই নিয়মানুসারে তাহা করিতে পারিবেন ইতি।

Procedure on appearance of parties

119 On the appearance of both parties on the day fixed for the trial, the substance of the complaint shall be stated to the accused person, and he shall be asked if he has any cause to show why he should not be convicted.

উভয় পক্ষ উপস্থিত হইলে কার্য্যপ্রণালীর কথা।

১১৯ ধারা। বিচার হইবার নিরূপিত দিনে উভয় পক্ষ উপস্থিত হইলে, অভিযুক্ত ব্যক্তিকে নালিশের মর্ম্ম জ্ঞাত করা যাইবে, ও তোমাকে অপরাধী নির্ণয় না করিবার কোন কারণ দেখাইতে পার কি না এই কথা তাহাকে জিজ্ঞাসা করা যাইবে ইতি।

Conviction on admission of truth of complaint

120 If the accused person admit the truth of the complaint, his admission shall be recorded, and if he shows no sufficient cause why he should not be convicted, the Magistrate may convict him accordingly

নালিশ সত্য বলিয়া স্বীকার করিলে অপরাধ নির্ণয়ের কথা।

১২০ ধারা। অভিযুক্ত ব্যক্তি অভিযোগ সত্য বলিয়া স্বীকার করিলে, তাহার সেই কথা লিপিবদ্ধ করা যাইবে, ও তাহাকে অপরাধী নির্ণয় করিবার উপযুক্ত কারণ না দেখাইলে মাজিষ্ট্রেট তাহাকে তদনুসারে অপরাধী নির্ণয় করিতে পারিবেন ইতি।

Procedure when no such admission is made

121 If the accused person does not admit the truth of the complaint, the Magistrate shall proceed to hear the complainant and such witnesses as he produces in support of his complaint, and also to hear the accused person and such witnesses as he produces in his defence

তদ্রূপ স্বীকার না করিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

১২১ ধারা। অভিযুক্ত ব্যক্তি ঐ অভিযোগ সত্য বলিয়া স্বীকার না করিলে, মাজিষ্ট্রেট বাদির কথা ও তিনি নালিশের পোষকতায় যে২ সাক্ষিকে উপস্থিত করেন তাঁহারদের কথাও শুনিবেন, এবং অভিযুক্ত ব্যক্তির কথা ও সে প্রতিবাদের পোষকতায় যে২ সাক্ষিকে উপস্থিত করে তাহারদেরও কথা শুনিবেন।

Whenever any charge is drawn up under this Act, it shall be drawn up as soon as the Magistrate is of opinion that a *primâ facie* case has been established against the accused person, and shall be read and explained to the accused person, and he shall be asked whether he is guilty or has any defence to make

এই আইনমতে অভিযোগপত্র লিখিতে হইলে, আদি দৃষ্টে অভিযুক্ত ব্যক্তির বিপক্ষে মোকদ্দমা করিবার বিষয় স্থাপন হইয়াছে মাজিষ্ট্রেট এমত অনুভব করিলেই অভিযোগপত্র লিখিয়া তাহার নিকট পাঠ করিয়া তাহাকে বুঝাইয়া দেওয়া যাইবে, ও সে অপরাধী কি না, কিম্বা ইহার কোন উত্তর করিবে কি না, এই কথা তাহাকে জিজ্ঞাসা করা যাইবে ইতি।

Procedure on examining accused

122 If the accused person be examined, the procedure prescribed in section 84 shall be followed

অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা লওনের কার্য্যপ্রণালীর কথা।

১২২ ধারা। অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা লইতে হইলে, ৮৪ ধারার নির্দ্দিষ্ট প্রণালীমতে কার্য্য করিতে হইবে ইতি।

Adjournment

123. Before or during the hearing of any complaint, the Magistrate may, in order to secure the attendance of witnesses or for any other reason, adjourn the hearing, on such terms as he thinks

দিনান্তর নিরূপণের কথা।

১২৩ ধারা। নালিশ শুনিবার পূর্ব্বে কি তাহা শ্রবণ সময়ে, মাজিষ্ট্রেট সাক্ষিদিগকে উপস্থিত করাইবার জন্যে কি অন্য কারণে ঐ শ্রবণের কার্য্য স্থগিত রাখিয়া তৎকালে যে নিয়ম উচিত বোধ করেন

fit, to a day to be then appointed and stated in the presence of the parties.

If on the day to which such hearing or such further hearing has been so adjourned the accused person does not appear, the Magistrate may issue his warrant for the arrest of such person

If on such day the complainant does not appear, the Magistrate may dismiss the complaint

Compensation to person groundlessly given in charge or complained against.

124 Whenever any person causes a police-officer to arrest another person, and whenever a complaint of any offence is made before any Presidency Magistrate,

if it appears to the Magistrate by whom the case is heard that there was no sufficient ground for causing such arrest or for making such complaint, the Magistrate may award such compensation, not exceeding fifty rupees, to be paid by the person so causing the arrest or making the complaint, to the person so arrested or complained against, for his loss of time and expenses in the matter, as the Magistrate thinks fit.

In such cases, if more persons than one are arrested or complained against, the Magistrate may, in like manner, award to each of them such compensation not exceeding fifty rupees, as such Magistrate thinks fit

All compensation, awarded under this section, may be recovered as if it were a fine

Withdrawal of complaint

125 If a complainant, at any time before a final order is passed in any case in which the Presidency Magistrate may impose fine only or imprisonment for a term not exceeding six months, satisfies the said Magistrate that there are sufficient grounds for permitting him to withdraw his complaint, the Magistrate may permit him to do so

The withdrawal under this section of a complaint shall operate as an acquittal of the accused person

Acquittal

126. If the Magistrate, in any case tried under this chapter, finds the accused person not guilty, he shall record an order of acquittal

Sentence

If the accused person is convicted, the Magistrate shall pass sentence upon him, and, in all cases in which the Magistrate inflicts imprisonment, or fine exceeding fifty rupees, or both, he shall add to the final order mentioned in section 114,

সেই নিয়মানুসারে অন্য দিন নিরূপণ করিয়া এক কি উভয়পক্ষের সম্মুখে ও শ্রুতিগোচরে দিন জানাইবেন।

তদ্রূপ শ্রবণ কি পুনঃশ্রবণ করিবার জন্য যে দিন নিরূপণ হয়, সেই দিনে অভিযুক্ত ব্যক্তি উপস্থিত না হইলে মাজিষ্ট্রেট তাহাকে ধরিয়া আনিবার ওয়ারেণ্ট দিতে পারিবেন।

বাদী সেই দিনে উপস্থিত না হইলে মাজিষ্ট্রেট ঐ নালিশ ডিসমিস করিতে পারিবেন ইতি।

যে ব্যক্তিকে অকারণে প্রহরির জিম্মায় দেওয়া যায় কি যাহার নামে নালিশ হয় তাহার হানিপূরণের কথা।

১২৪ ধারা। কোন ব্যক্তি পোলীসের কোন কর্ম্মকারকের দ্বারা অন্য ব্যক্তিকে ধৃত করাইলে,

ও কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে কোন অপরাধের নালিশ করা গেলেও যে মাজিষ্ট্রেট মোকদ্দমা শুনেন তাঁহার বিবেচনামতে ঐ ব্যক্তিকে ধৃত করিবার কিম্বা ঐ নালিশ করিবার উপযুক্ত কারণ না থাকিলে, যে ব্যক্তিকে ধরা গেল কি যাহার নামে নালিশ হইল মাজিষ্ট্রেট সাহেব তাহার সময় হরণের কি খরচের জন্যে হানিপুরণস্বরূপ পঞ্চাশ টাকার অনধিক যত টাকা পাওয়া উচিত জ্ঞান করেন, যে ব্যক্তি তাহাকে তদ্রূপে ধৃত করাইল কি তাহার নামে নালিশ করিল তাহাকে সেই ব্যক্তির তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

উক্ত স্থলে দুই কি তদধিক জনকে ধৃত করা গেলে কি তাহাদের নামে নালিশ হইলে, মাজিষ্ট্রেট সাহেব উক্ত প্রকারে তাহাদের এক২ জনের পঞ্চাশ টাকার অনধিক যত হানিপূরণ উচিত জ্ঞান করেন ততই পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

এই ধারামতে হানিপূরণস্বরূপ যে টাকা দিবার আজ্ঞা হয় তাহা অর্থদণ্ডের ন্যায় আদায় হইতে পারিবে ইতি।

নালিশ উঠাইয়া লইবার কথা।

১২৫ ধারা। যে মোকদ্দমায় প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট কেবল অর্থদণ্ডের কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ডের আজ্ঞা করিতে পারেন সেই মোকদ্দমায় শেষ আজ্ঞা হইবার পূর্ব্বে কোন সময়ে নালিশ উঠাইয়া লইবার অনুমতি দেওয়ার উপযুক্ত হেতু আছে, বাদী এই বিষয়ে মাজিষ্ট্রেটের হৃদ্বোধ জন্মাইতে পারিলে, তিনি ঐ নালিশ উঠাইয়া লইবার অনুমতি দিতে পারিবেন।

এই ধারামতে নালিশ উঠাইয়া লওয়ার ফল অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষ করণের তুল্য হইবে ইতি।

নির্দ্দোষ নির্ণয়ের কথা।

১২৬ ধারা। এই অধ্যায়মত বিচারিত কোন মোকদ্দমায় মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষী নির্ণয় করিলে তিনি নিরপরাধের আজ্ঞা লিপিবদ্ধ করিবেন।

দণ্ডাজ্ঞার কথা।

অভিযুক্ত ব্যক্তি অপরাধী নির্ণয় হইলে মাজিষ্ট্রেট তাহার দণ্ডের আজ্ঞা করিবেন। ও মাজিষ্ট্রেট কোন মোকদ্দমায় কারাদণ্ডের কিম্বা ৫০ টাকার অধিক অর্থদণ্ডের কি উভয় দণ্ডের আজ্ঞা করিলে, তিনি ১১৪ ধারার (অ) প্রকরণের উল্লিখিত শেষ আজ্ঞার সঙ্গে অপরাধ

clause (g), a brief statement of the reasons for the conviction

When the personal attendance of the accused person during the trial has been dispensed with, the sentence of the Magistrate shall be pronounced in his presence, except where the sentence is for fine only, in which case it may be pronounced in the presence of the accused person's advocate, attorney or pleader

Procedure when, after commencement of trial, Magistrate finds case beyond his jurisdiction

127 If in the course of any trial before a Presidency Magistrate, it appears that the case is one which he has not jurisdiction to try, or one which, in his opinion, ought to be tried by the High Court, he shall stop further proceedings under this chapter, and shall either forward the case to the Magistrate having jurisdiction, or commit the accused person, in accordance with the provisions of chapter VIII, to the High Court for trial

Trial of persons previously convicted of offences against coinage, stamp law or property

128 Whoever having been convicted of an offence punishable under chapter XII or chapter XVII of the Indian Penal Code with imprisonment for a term of three years or upwards, is again accused of any offence punishable under either of those chapters with imprisonment for a term of three years or upwards, shall ordinarily, if the Presidency Magistrate considers him an habitual offender, be committed to the High Court

General Provisions as to Inquiries and Trials

Permission to conduct prosecution

129 A Presidency Magistrate inquiring into or trying any case may permit any person to conduct the case as prosecutor, but no person other than the Advocate-General, Standing Counsel, and Government Solicitor shall be entitled to do so without such permission

Any person conducting the case may do so personally or by an advocate, attorney, or pleader

Right of accused to be defended

130 Every person accused before a Presidency Magistrate of an offence, may of right be defended by any advocate, attorney or pleader.

নির্ণয় করিবার হেতুর সংক্ষেপ কথাও সংযোগ করিয়া দিবেন।

বিচারকালে যদি অভিযুক্ত ব্যক্তির উপস্থিত না হওয়ার অনুমতি হইয়া থাকে, তবে মাজিষ্ট্রেট তাহার সাক্ষাৎ দণ্ডের আজ্ঞা প্রচার করিবেন। কিন্তু কেবল অর্থদণ্ডের আজ্ঞা হইলে, অভিযুক্ত ব্যক্তির আডবোকেটের কিম্বা মোক্তারের কি উকীলের সাক্ষাৎ ঐ দণ্ডের আজ্ঞা প্রচার করা যাইতে পারিবে ইতি।

বিচারকার্য্য আরম্ভ হইবার পরে তাঁহার সেই মোকদ্দমা বিচার করিবার ক্ষমতা নাই মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে তাঁহার কর্তব্যের কথা।

১২৭ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে কোন মোকদ্দমার বিচার হইতেছে এমন সময়ে তাঁহারই সেই মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা নাই দৃষ্ট হইলে, কিম্বা হাই কোর্টে সেই মোকদ্দমার বিচার হওয়া উচিত ঐ মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে, তিনি এই অধ্যায়মত আর সকল কার্য্য স্থগিত রাখিয়া যে মাজিষ্ট্রেটের বিচারাধিপত্য থাকে তাঁহার প্রতি মোকদ্দমা অর্পণ করিবেন, কিম্বা ৮ অষ্টম অধ্যায়ের বিধানমতে অভিযুক্ত ব্যক্তিকে হাই কোর্টে বিচার হওনার্থে সমর্পণ করিবেন ইতি।

মুদ্রা কি ইষ্টাম্পের আইন কি সম্পত্তির বিপরীতে কোন ব্যক্তির অপরাধ পূর্ব্বে নির্ণয় হইলে তাহার বিচারের কথা।

১২৮ ধারা। ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১২ বা ১৭ অধ্যায়মতে যে অপরাধের তিন বৎসর বা তদধিক কারাদণ্ড হইতে পারে, কোন ব্যক্তির এমত অপরাধ নির্ণয় হইলে পর, তাহার নামে পুনশ্চ উক্ত একতর অধ্যায়মতে তিন বৎসর কি তদধিক কালের কারাদণ্ডে দণ্ডনীয় কোন অপরাধের অভিযোগ হইলে, ও প্রসিডেন্সী মাজিষ্ট্রেট তাহাকে নিয়ত অপরাধি বলিয়া জ্ঞান করিলে সচরাচর তাহাকে হাই কোর্টে সমর্পণ করা যাইবে ইতি।

অনুসন্ধান লওন ও বিচার বিষয়ক সাধারণ বিধান।

অভিযোগ করিবার অনুমতির কথা।

১২৯ ধারা। কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট কোন মোকদ্দমার অনুসন্ধান লইলে কি বিচার করিলে, কোন ব্যক্তিকে অভিযোক্তাস্বরূপ মোকদ্দমা চালাইবার অনুমতি দিতে পারিবেন, কিন্তু অনুমতি না পাইলে আডবোকেট জেনরল সাহেব ও ষ্টাণ্ডিং কৌনসেল ও গবর্ণমেণ্ট সোলিসিটর ভিন্ন কোন ব্যক্তির সেই কর্ম্ম করিবার অধিকার নাই।

কোন ব্যক্তি মোকদ্দমা চালাইলে, তিনি স্বয়ং কিম্বা আডবোকেট কি মোক্তার কি উকীলদ্বারা তাহা চালাইতে পারিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তির উকীল নিযুক্ত করিবার অধিকারের কথা।

১৩০ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইলে, কোন আডবোকেটের কিম্বা মোক্তারের কিম্বা উকীলের দ্বারা সেই ব্যক্তির পক্ষ সমর্থন হইবার অধিকার থাকিবে ইতি।

131. If an accused person, though not insane, cannot be made to understand the proceedings, the Magistrate may proceed with the inquiry or trial, and if such inquiry results in a committal, or if such trial results in a conviction, the proceedings shall be forwarded to the High Court, with a report of the circumstances of the case, and the High Court shall pass thereon such order as it thinks fit

Procedure where accused does not understand proceedings.

132 The place in which the court of a Presidency Magistrate is held for the purpose of inquiring into or trying any offence, shall be deemed an open Court, to which the public generally may have access, so far as the same can conveniently contain them

Presidency Magistrates' Courts to be open

Provided that the Magistrate may, if he thinks fit, order at any stage of any inquiry into or trial of any particular case, that the public generally, or any particular person, shall not have access to, or be, or remain in, the room or building used by the Magistrate

133 In the case of offences which may lawfully be compounded, the injured person may compound the offence out of Court, or in Court with the permission of the Presidency Magistrate Such composition shall have the effect of an acquittal of the accused

Compounding offences

CHAPTER XI

Of Evidence

A —Of Securing the Attendance of Witnesses.

134 Any Presidency Magistrate may, at any stage of any proceeding, inquiry or trial under this Act, summon, in manner provided by chapter VI, any witness, or examine any person in attendance though not summoned as a witness, and the Magistrate shall summon and examine such person if his evidence appears essential to the just decision of the case

Power to summon material witness or examine person present

135 If a Presidency Magistrate has reason to believe that any witness whose attendance is required will not attend to give evidence without being com-

When warrant of arrest may issue in first instance

১৩১ ধারা। অভিযুক্ত ব্যক্তি ক্ষিপ্তমনা না হইলেও তাহাকে আনুষ্ঠানিক কার্য্য বুঝাইয়া দিলেও বুঝিতে না পারিলে, মাজিষ্ট্রেট অনুসন্ধান লওয়ার কি বিচারের কার্য্য চালাইতে পারিবেন। ও অনুসন্ধান লইয়া যদি তাহাকে বিচারার্থে সমর্পণ করা যায়, কিম্বা বিচার হইয়া যদি তাহার অপরাধ নির্ণয় হয়, তবে ঐ ব্যাপারের বৃত্তান্ত সহিত ঐ আনুষ্ঠানিক কার্য্যের কাগজপত্র হাই কোর্টে পাঠান যাইবে। হাই কোর্ট তদ্বিষয়ের যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তি আনুষ্ঠানিক কার্য্য বুঝিতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

১৩২ ধারা। কোন অপরাধের অনুসন্ধান লওয়ার কি বিচার হইবার নিমিত্তে যে স্থানে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের আদালতের অধিবেশন হয় সেই স্থানটি মুক্তদ্বার বিচারালয় জ্ঞান হইবে। তথায় সর্ব্বসাধারণ যত লোক সুবিধামতে ধরিতে পারে, তাহাদের যাইবার বাধা নাই।

প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের আদালত মুক্তদ্বার হওয়ার কথা।

কিন্তু মাজিষ্ট্রেট কোন বিশেষ মোকদ্দমার অনুসন্ধান কি বিচার করণের কোন সময়ে উপযুক্ত বোধ করিলে, এই আজ্ঞা করিতে পারিবেন যে, সাধারণ লোক কিম্বা কোন ব্যক্তিবিশেষ মাজিষ্ট্রেটের ব্যবহৃত ঐ ঘরের কি অট্টালিকার মধ্যে যাইতে কি থাকিতে কি অবস্থান করিতে না পায় ইতি।

১৩৩ ধারা। অপরাধের মোকদ্দমা বৈধমতে রফা করা যাইতে পারিলে ক্ষতিগ্রস্ত ব্যক্তি আদালতের বাহিরে কিম্বা প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের অনুমতি হইলে আদালতের মধ্যে ঐ মোকদ্দমা রফা করিয়া লইতে পারিবেন। রফা হইলে অভিযুক্ত ব্যক্তিকে নির্দ্দোষ করণের তুল্য ফল হইবে ইতি।

অপরাধের রফা করিবার কথা।

একাদশ অধ্যায়।

সাক্ষ্যবিষয়ক বিধি।

ক।—সাক্ষিদিগকে উপস্থিত করাইবার বিধি।

১৩৪ ধারা। কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট এই আইনমতে মোকদ্দমার অনুষ্ঠান করিবার কি অনুসন্ধান লইবার কি বিচার করিবার কোন সময়ে ৬ ষষ্ঠ অধ্যায়ের বিধানমতে কোন সাক্ষিকে সমন করিতে পারিবেন ও সমন না হইয়া যে ব্যক্তি আদালতে উপস্থিত থাকে সাক্ষিস্বরূপ তাহারও পরীক্ষা লইতে পারিবেন। এবং ন্যায়মতে মোকদ্দমার নিষ্পত্তি হইবার নিমিত্তে ঐ ব্যক্তির সাক্ষ্য অত্যাবশ্যক বোধ হইলে মাজিষ্ট্রেট তাহাকে সমন করিয়া তাহার সাক্ষ্য লইবেন ইতি।

গুরুতর সাক্ষিকে সমন করিবার কিম্বা উপস্থিত ব্যক্তির পরীক্ষা লইবার ক্ষমতার কথা।

১৩৫ ধারা। যে সাক্ষির উপস্থিত হওয়া প্রয়োজন এমত সাক্ষিকে বলপূর্ব্বক উপস্থিত না করা গেলে সে সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইবে না, প্রেসিডেন্সী

যে স্থলে প্রথমেই ধরিবার ওয়ারণ্ট বাহির হইতে পারে তাহার কথা।

pelled to do so, he may, instead of issuing a summons, issue a warrant of arrest in the first instance

136 If any person summoned under this Act to give evidence neglects or refuses to appear at the time and place appointed by the summons, and no reasonable excuse is offered for such neglect or refusal, the Presidency Magistrate, upon proof of the summons having been duly served, may issue a warrant under his hand to bring such person before him to testify as aforesaid

Arrest of person disobeying summons

137 If such warrant cannot be executed, and the Magistrate has reason to believe that the witness absconds or conceals himself for the purpose of preventing the execution thereof, he may issue a notice, requiring the attendance of such witness to give evidence at a time and place to be named therein, and such notice shall be affixed to some conspicuous part of such witness' ordinary place of abode, or, if he has no such abode, of the Magistrate's Court

Procedure when warrant cannot be served

If the witness does not attend at the time and place so named, the Magistrate may order the attachment of any moveable property belonging to such witness, equal in value, as nearly as may be, to the amount of the costs of attachment and of any fine to which the witness may be liable under the provisions of section 172 of the Indian Penal Code

138 The provisions of section 68 and section 69 as to the attachment, sale and restoration of moveable property shall apply to all property ordered to be attached under section 137.

Attachment &c of property ordered to be attached under section 137

139 Notwithstanding anything contained in the Prisoners' Testimony Act, 1869, any Presidency Magistrate desirous of examining, as a witness or accused person in any case pending before him, any person confined in any jail within the local limits of his jurisdiction may issue an order to the officer in charge of the said jail requiring him to bring such prisoner in proper custody, at a time to be therein named, to the Magistrate for examination

Power to order prisoner in jail to be brought up for examination

The officer so in charge, on receipt of such order, shall act in accordance therewith, and shall

মাজিষ্ট্রেটের এমত বিশ্বাস করিবার কারণ থাকিলে, তিনি সমন না দিয়া প্রথমেই তাহাকে ধরিয়া আনিবার ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

১৩৬ ধারা। কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার জন্যে এই আইনমতে সমন করা গেলেও, সে সমনের নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে শৈথিল্য করিলে কি অসম্মত হইলে ও সেই শৈথিল্যের কি অসম্মতির উপযুক্ত কারণ না জানাইলে সেই সমন তাহাকে উপযুক্তমতে দেওয়া গিয়াছে ইহার প্রমাণ হইলে প্রসিডেন্সী মাজিষ্ট্রেট পূর্ব্বোক্তমতে সাক্ষ্য দেওনার্থে ঐ ব্যক্তিকে আপনার সম্মুখে আনাইবার জন্যে স্বীয় স্বাক্ষরিত ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

সমন না মানিলে ধরিবার কথা।

১৩৭ ধারা। ঐ পরওয়ানা জারী হইতে না পারিলে, ও পরওয়ানা জারী না হয় সাক্ষী এই কারণে পলায়ন করিয়াছে কি গোপনে আছে, মাজিষ্ট্রেটের এমত বোধ করিবার কারণ থাকিলে তিনি নোটিসে সময় ও স্থান নির্দ্দেশ করিয়া সাক্ষ্য দিবার জন্যে সাক্ষির সেই সময়ে ও স্থানে উপস্থিত হইবার আজ্ঞাসূচক এমত নোটিস দিবেন, ও ঐ ব্যক্তির নিয়ত নিবাসের কোন প্রকাশস্থানে, কিম্বা তাহার তদ্রূপ বাসস্থান না থাকিলে মাজিষ্ট্রেটের আদালতে ঐ নোটিস লাগাইয়া দেওয়া যাইবে।

ওয়ারণ্ট দেওয়া যাইতে না পারিলে তাহার কথা।

সাক্ষী সেই নিরূপিত সময়ে ও স্থানে উপস্থিত না হইলে, তাহার অস্থাবর দ্রব্য ক্রোক করিতে যত খরচ লাগে ও ভারতবর্ষের দণ্ডবিধির আইনের ১৭২ ধারার বিধানমতে তাহার যত টাকা অর্থদণ্ড হইতে পারে, মাজিষ্ট্রেট তাহার ন্যূনাধিক তত টাকা মূল্যের অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

১৩৮ ধারা। ১৩৭ ধারামতে যে দ্রব্য ক্রোক করিবার আজ্ঞা হয় তাহার প্রতি অস্থাবর সম্পত্তি ক্রোক ও বিক্রয় করণ ও ফিরিয়া দেওন বিষয়ক ৬৮ ও ৬৯ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

১৩৭ ধারামতে যে সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা হয় তাহা ক্রোক করণাদির কথা।

১৩৯ ধারা। বন্দিদের সাক্ষ্য গ্রহণ বিষয়ক ১৮৬৯ সালের আইনে ভাবান্তরের বিধান থাকিলেও, কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত কোন মোকদ্দমায় তিনি সাক্ষি কি অভিযুক্ত ব্যক্তিস্বরূপ আপন এলাকার সীমার অন্তর্গত দেওয়ানী কি ফৌজদারী জেলখানায় বদ্ধ কোন ব্যক্তির সাক্ষ্য লইতে চাহিলে, মাজিষ্ট্রেট ঐ জেলের অধ্যক্ষের নামে আজ্ঞাপত্র লিখিয়া ঐ পত্রের লিখিত সময়ে সাক্ষ্য দিবার জন্যে ঐ ব্যক্তিকে উপযুক্ত প্রহরির জিম্মায় আপনার নিকট পাঠাইতে আজ্ঞা করিবেন।

কারাবদ্ধ ব্যক্তির পরীক্ষার জন্যে তাহাকে আনাইতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

জেলের অধ্যক্ষ সেই আজ্ঞা পাইলে তদনুসারে কার্য্য করিবেন ও পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্ত ঐ বন্দী যতক্ষণ

provide for the safe custody of the prisoner during his absence from the jail for the purpose aforesaid.

জেলখানায় ফিরিয়া না আইসে ততক্ষণ তাহার নির্ব্বিঘ্নে রক্ষা করিবার বিধান করিবেন ইতি ।

140 The Presidency Magistrate may require complainants and witnesses for the prosecution and defence whose attendance before him is necessary, to execute recognizances, in the form (F) given in the third schedule to this Act, or to the like effect, to be in attendance when called upon to prosecute or give evidence, as the case may be

Power to require complainants, &c, to execute recognizances

১৪০ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে অভিযোগ করিবার ও উত্তর দিবার জন্যে যে বাদিদের ও সাক্ষিদের উপস্থিত হওয়া আবশ্যক তাঁহাদিগকে আহ্বান করা গেলেই তাঁহারা অভিযোগ করিবার কিম্বা বিষয় বিশেষে সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইবেন এই আইনের তৃতীয় তফসীলের F চিহ্নিত পাঠে এই মর্ম্মের প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি ।

বাদিপ্রভৃতির মুচলকা লিখিয়া দিতে আজ্ঞা করিবার ক্ষমতার কথা ।

141 If any witness summoned or brought before a Presidency Magistrate refuses to answer such questions as are put to him, without offering any reasonable excuse for such refusal, such Magistrate may sentence him to simple imprisonment, or commit him to the custody of an officer of the Court, for any term not exceeding seven days, unless in the meantime such person consents to be examined and to answer, after which, in the event of his persisting in his refusal, he may be dealt with according to the provisions of section 205 or 206

Committal of person refusing to answer

১৪১ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে কোন সাক্ষিকে সমন কি উপস্থিত করা গেলে পর, তাহাকে যে কথা জিজ্ঞাসা করা যায় সে তাহার উত্তর দিতে অসম্মত হইলে ও অসম্মতির কোন সঙ্গত কারণ না জানাইলে ঐ মাজিষ্ট্রেট ঐ ব্যক্তির সাত দিনের অনধিক কাল সামান্য কারাদণ্ডের আজ্ঞা করিতে কিম্বা তাহাকে তত দিন আদালতের কোন কার্য্যকারকের হেফাজতে অর্পণ করিতে পারিবেন। ইতিমধ্যে সাক্ষ্য ও উত্তর দিতে সম্মত হইলে তাহাকে মুক্ত করা যাইবে। কিন্তু সেই সাত দিনের পরেও অসম্মত থাকিলে তাহার প্রতি এই আইনের ২০৫ কি ২০৬ ধারার বিধানমতে কার্য্য হইতে পারিবে ইতি ।

উত্তর দিতে স্বীকার না করিলে হেফাজতে রাখিবার কথা ।

B.—Of Witnesses

খ।—সাক্ষিদের কথা।

142 In the case of offences punishable with fine only or with imprisonment for a term not exceeding six months, or with both, it shall ordinarily be the duty of the complainant and accused to produce their own witnesses But the Presidency Magistrate may in his discretion—

(*a*) summon any person who appears to him likely to give material evidence on behalf of the complainant or the accused,

(*b*) summon any witness named by the complainant or the accused

Provided that the Magistrate may, before summoning a witness, require that his reasonable expenses incurred in attending for the purposes of the trial be deposited in Court

In cases tried upon summons

১৪২ ধারা। যে২ অপরাধের কেবল অর্থদণ্ড কিম্বা ছয় মাসের অনধিক কারাদণ্ড কিম্বা ঐ দুই দণ্ড হইতে পারে, সেই২ অপরাধের মোকদ্দমায় সচরাচর বাদির ও অভিযুক্ত ব্যক্তির আপন২ সাক্ষিকে উপস্থিত করা কর্ত্তব্য। কিন্তু প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের বিবেচনায়

সমনের মোকদ্দমায় সাক্ষিদের কথা ।

(ক) কোন ব্যক্তি বাদির কি অভিযুক্ত ব্যক্তির সপক্ষে গুরুতর সাক্ষ্য দিতে পারিলে তিনি স্বীয় বিবেচনামতে তাহাকে সমন করিতে পারিবেন,

(খ) বাদী কি অভিযুক্ত ব্যক্তি যে সাক্ষির নাম দেয়, তাহাকে সমন করিতে পারিবেন।

কিন্তু বিচারের কার্য্যপক্ষে সাক্ষির উপস্থিত হইবার যে খরচ যুক্তিমতে লাগিতে পারে, মাজিষ্ট্রেট তাহাকে সমন করিবার পূর্ব্বে আদালতে ঐ খরচ আমানৎ করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি ।

143 In the case of all other offences, the Magistrate shall ascertain from the complainant, or otherwise, the names of any persons likely to be acquainted with the facts of the case and to be able to give evidence for the prosecution, and shall summon to give evidence before him such of them as he thinks necessary

In cases tried upon warrant

The Magistrate shall also summon any witness and take any evidence that may be offered, in be-

১৪৩। অন্য সকল অপরাধের মোকদ্দমায়, মোকদ্দমার বৃত্তান্ত যাহাদের অবগত থাকার সম্ভাবনা ও যাহারা অভিযোগের সপক্ষে সাক্ষ্য দিতে পারে মাজিষ্ট্রেট বাদির স্থানে কিম্বা অন্য প্রকারে এমত ব্যক্তিদের নাম জানিয়া লইয়া তাহারদের মধ্যে যাহাদিগকে আবশ্যক বোধ করেন আপনার সম্মুখে সাক্ষ্য দিবার জন্যে সমন করিবেন।

ওয়ারণ্টক্রমে যে মোকদ্দমার বিচার হয় তাহার কথা ।

আরো অভিযুক্ত ব্যক্তির বিপক্ষে যে সাক্ষ্য দেওয়া যায় তাহার উত্তর দিবার কি তাহা খণ্ডাইবার জন্যে

half of the accused person, to answer or disprove the evidence against him

C.—Of Securing Documentary Evidence

144 Whenever a Presidency Magistrate considers that the production of any document or other thing is necessary or desirable for the purposes of any inquiry, trial, or other proceeding under this Act, he may issue a summons to the person in whose possession or power such document or thing is believed to be, requiring him to attend and produce it at the time and place stated in the summons

Summons to produce document required as evidence

145 Where there is reason to believe that the person to whom the summons is addressed will not produce the document or other thing as directed in the summons, the Magistrate may issue a warrant to search for such document or thing in the first instance

Issue of search warrant in first instance

146 If any letter in the custody of the Postal Department, or any telegram in the custody of any telegraph officer as defined in Act No I of 1876, is wanted for the purpose of any inquiry or trial by a Presidency Magistrate, the Magistrate may, if he is the Chief Magistrate, direct the postal authorities or such telegraph officer (as the case may be) to deliver such letter or telegram to such person as the Magistrate directs, and if he is not the Chief Magistrate, may apply to the Chief Magistrate, who may, if he thinks fit, give such direction

Procedure as to letters and telegrams in custody of Postal Department or telegraph officer

The letter or telegram referred to in any direction given under this section shall be delivered accordingly

147 Any Presidency Magistrate may, if he thinks fit, impound any document or other thing produced before him, or may, at the conclusion of the proceedings, order it to be returned to the person who produced it

Power to impound document produced.

D.—Of the Examination of Accused Persons

148 At any stage of any inquiry or trial under this Act, the Magistrate may, without previously warning the accused person, put such questions to him as he considers necessary

Examination of accused

অভিযুক্ত ব্যক্তির সপক্ষ কোন সাক্ষির নাম উল্লেখ করা গেলে মাজিষ্ট্রেট তাহাকেও সমন করিয়া তাহার সাক্ষ্য লইবেন ইতি।

গ।—লিখিত প্রমাণ আনাইবার কথা।

১৪৪ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেট এই আইনমত কোন বিষয়ের অনুসন্ধান কি বিচার কি আনুষ্ঠানিক অন্য কার্য্যের পক্ষে কোন দলীল কি অন্য দ্রব্য উপস্থিত করা আবশ্যক কি বিহিত বোধ করিলে, ঐ দলীল কি দ্রব্য যে ব্যক্তির অধিকারে আছে বলিয়া বোধ হয়, ঐ মাজিষ্ট্রেট তাহার নামে সমন দিয়া তাহাকে ঐ সমনের লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইয়া ঐ দলীল কি দ্রব্য আনিয়া দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

সাক্ষ্যস্বরূপ দলীলের প্রয়োজন হইলে তাহা আনাইবার সমনের কথা।

১৪৫ ধারা। যে ব্যক্তির নামে সমন দেওয়া গেল সে ঐ সমনের আদেশমতে দলীল কি অন্য দ্রব্য আনিয়া দেখাইবে না এমত জ্ঞান করিবার কারণ থাকিলে, উক্ত মাজিষ্ট্রেট প্রথমেই ঐ দলীলের কি দ্রব্যের তলাশী পরওয়ানা দিতে পারিবেন ইতি।

তলাশী পরওয়ানা যেস্থলে প্রথমে বাহির হইতে পারে তাহার কথা।

১৪৬ ধারা। প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের অনুসন্ধান লওয়ার কি বিচারকার্য্যের পক্ষে ডাকঘর সংক্রান্ত কর্ম্মবিভাগের জিম্মাগত কোন পত্রের কিম্বা ১৮৭৬ সালের ১ আইনের নির্দ্দিষ্ট টেলিগ্রাফের কোন কর্ম্মকারকের জিম্মাগত কোন টেলিগ্রামের প্রয়োজন থাকিলে, ঐ মাজিষ্ট্রেট প্রধান মাজিষ্ট্রেট হইলে, ডাকঘরের কর্ত্তৃপক্ষদের প্রতি কিম্বা বিষয়বিশেষে ঐ টেলিগ্রাফের কার্য্যকারকের প্রতি মাজিষ্ট্রেট যাহার আজ্ঞা করেন তাঁহারই হাতে ঐ পত্র কি টেলিগ্রাফ দিতে আদেশ করিবেন। প্রধান মাজিষ্ট্রেট না হইলে তিনি প্রধান মাজিষ্ট্রেট সাহেবের নিকট প্রার্থনা করিবেন ও তিনি উচিত বোধ করিলে তদ্রূপ আদেশ দিবেন।

ডাকঘরের কি টেলিগ্রাফের কর্ম্মকারকের জিম্মায় যে পত্র ও টেলিগ্রাম থাকে তদ্বিষয়ের কার্য্যপ্রণালীর কথা।

এই ধারামতে যে আদেশপত্র দেওয়া যায় তাহার উল্লিখিত পত্র কি টেলিগ্রাম ঐ আদেশানুসারে দেওয়া যাইবে ইতি।

১৪৭ ধারা। কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে কোন দলীল কি অন্য দ্রব্য আনিয়া দেখান গেলে, ঐ মাজিষ্ট্রেট বিহিত বোধ করিলে তাহা আটক রাখিতে পারিবেন, কিম্বা যে ব্যক্তি তাহা উপস্থিত করিল আনুষ্ঠানিক কার্য্য সমাপ্ত হইলে পর তাহাকে ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

দলীল উপস্থিত করা গেলে তাহা রাখিবার ক্ষমতার কথা।

ঘ।—অভিযুক্ত ব্যক্তিদের পরীক্ষাবিষয়ক বিধি।

১৪৮ ধারা। এই আইনমত কোন অনুসন্ধান লওয়ার কি বিচার করণের কোন সময়ে মাজিষ্ট্রেট অভিযুক্ত ব্যক্তিকে অগ্রে সতর্ক না করিয়া, যে২ প্রশ্ন আবশ্যক জ্ঞান করেন তাহার নিকট তাহা করিতে পারিবেন।

অভিযুক্ত ব্যক্তির পরীক্ষার কথা।

The accused person shall not render himself liable to punishment for refusal to answer such questions, or for giving false answers to them, but the Magistrate shall draw such inference as may to him seem just from such refusal or false answers

অভিযুক্ত ব্যক্তি ঐ প্রশ্নের উত্তর না দেওয়া কি মিথ্যা উত্তর দেওয়াপ্রযুক্ত দণ্ডের যোগ্য হইবে না, কিন্তু তাহার উত্তর না দেওয়াতে কিম্বা মিথ্যা উত্তর দেওয়াতে যদ্রূপ অনুমান করা ন্যায় বোধ করেন, মাজিষ্ট্রেট এমত অনুমান করিবেন।

EXPLANATION —The answer given by an accused person may be put in evidence against him, not only in such inquiry or trial, but also in any other inquiry into or trial for any other offence which such answer may tend to show he has committed

অর্থের কথা।—অভিযুক্ত ব্যক্তি যে উত্তর দেয়, কেবল উক্ত অনুসন্ধান লওযার কি বিচার করণের সময়ে নয়, কিন্তু ঐ উত্তর দ্বারা সে অন্য কোন অপরাধ করিয়াছে বলিয়া বোধ হইলে সেই অপরাধের অনুসন্ধান লওন ও বিচারকরণ কালেও ঐ উত্তর তাহার বিপরীত প্রমাণস্বরূপে উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

149. Except as is provided in section 150, no influence, by means of any promise or threat or otherwise, shall be used to an accused person to induce him to disclose or withhold any matter within his knowledge

No influence to be used to induce disclosures

১৪৯ ধারা। ১৫০ ধারায় যে স্থলের বিধান হইযাছে তদ্ভিন্ন স্থলে, অভিযুক্ত ব্যক্তির নিকট কোন অঙ্গীকার করিয়া কি তাহাকে ভয় দেখাইয়া কিম্বা অন্য প্রকারে তাহার অবগত কোন কথা প্রকাশ করিবার কি গুপ্ত রাখিবার প্রবৃত্তি জন্মাইয়া দিতে হইবে না ইতি।

কোন কথা প্রকাশ করিবার প্রবৃত্তি না দিবার কথা।

150 A Presidency Magistrate may, with the view of obtaining the evidence of any person supposed to have been directly or indirectly concerned in, or privy to, any offence specified in column seven of the second schedule hereto annexed as triable exclusively by the High Court, tender a pardon to such person on condition of his making a full and true disclosure of the whole of the circumstances, within his knowledge, relative to such offence and to every other person concerned in the perpetration thereof

Tender of pardon to accomplice

১৫০ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলের ৭ ঘরে কেবল হাই কোর্টের বিচার্য্য বলিয়া যে অপরাধ নির্দ্দিষ্ট আছে, সেই অপরাধে যাহারদের স্পষ্টরূপে কি চক্রান্তে সম্পর্ক কি সমজ্ঞান থাকা অনুভব হয়, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট তাহাদের কোন ব্যক্তির সাক্ষ্য পাইবার অভিপ্রায়ে ঐ কৃত অপরাধ বিষয়ে ও ঐ অপরাধ করণে অন্য যত জন লিপ্ত থাকে তাহাদের বিষয়ে যাহ জ্ঞাত আছে, সম্পূর্ণ ও যথার্থ ভাবে তাহার তাবৎ বৃত্তান্ত প্রকাশ করিবে, এই নিয়মে তাহাকে ক্ষমা করিবার প্রস্তাব করিতে পারিবেন।

সহায়কে ক্ষমা করিতে প্রস্তাব করিবার কথা।

Every person accepting a tender under this section shall be examined as a witness in the case

কোন ব্যক্তি এই ধারামত ক্ষমার প্রস্তাব গ্রাহ্য করিলে, ঐ মোকদ্দমার সাক্ষির ন্যায় ঐ ব্যক্তির সাক্ষ্য লওয়া যাইবে।

Such person, if not on bail, shall be detained in custody until the termination of the trial

সেই ব্যক্তি যদি হাজিরজামিন দিয়া মুক্ত না থাকে, তবে ঐ মোকদ্দমার বিচার সমাপ্ত না হওন পর্য্যন্ত তাহাকে হেফাজতে রাখা যাইবে ইতি।

151 When a pardon has been tendered under section 150, if before the trial it appears to the Presidency Magistrate that any person who has accepted such tender has either by wilfully concealing anything essential, or by giving false evidence, not complied with the condition under which the tender was made, such Magistrate may commit him for trial for the offence in respect of which the pardon was so tendered or for any other offence of which he may appear to have been guilty in connection with the same matter

Commitment of person to whom pardon has been tendered

১৫১ ধারা। ১৫০ ধারামতে ক্ষমার প্রস্তাব হইলে পর, কোন ব্যক্তি ঐ ক্ষমার প্রস্তাব গ্রাহ্য করিলেও আবশ্যক কোন কথা ইচ্ছাপূর্ব্বক গোপন করিয়া কিম্বা মিথ্যা সাক্ষ্য দিয়া ঐ ক্ষমা পাইবার প্রস্তাবের নিয়ম অনুযায়ি কার্য্য করে নাই, বিচার হইবার পূর্ব্বে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট এমত বোধ করিলে, যে অপরাধ সম্পর্কে ক্ষমার প্রস্তাব হইয়াছে ঐ মাজিষ্ট্রেট সেই অপরাধের নিমিত্তে, কিম্বা সেই ব্যক্তিকে ঐ বিষয় সম্পর্কীয় অন্য যে অপরাধের অপরাধি বলিয়া জ্ঞান হয় সেই অপরাধের নিমিত্ত বিচার হওনার্থে ঐ ব্যক্তিকে সমর্পণ করিতে পারিবেন।

যাহাকে ক্ষমা করিবার প্রস্তাব হয় তাহাকেও সমর্পণ করিবার কথা।

The statement made by a person under pardon, which pardon has been withdrawn under this section, may be put in evidence against him

এই ধারামতে ক্ষমার প্রস্তাব রহিত করা গেলে, ক্ষমা পাইবার আশয়ে ঐ ব্যক্তি যে কথা কহিয়াছিল তাহা তাহার বিপক্ষ প্রমাণস্বরূপ উল্লেখ হইতে পারিবে ইতি।

F.—Special Rules of Evidence

চ।—সাক্ষ্য বিষয়ক বিশেষ বিধি।

Deposition of medical witness

152. The deposition of a civil surgeon or other medical witness, taken and duly attested by a Magistrate, may be given in evidence in any inquiry or trial under this Act, although the deponent is not called as a witness

চিকিৎসক সাক্ষির সাক্ষ্যের কথা।

১৫২ ধারা। মাজিষ্ট্রেট সিবিল চিকিৎসকের কিম্বা চিকিৎসা কর্ম্মকারি অন্য সাক্ষির সাক্ষ্য লইয়া নিয়মমতে স্বাক্ষর করিলে, এই আইনমত কোন অনুসন্ধান লওন কি বিচার করণকার্য্যে তাঁহাকে সাক্ষিস্বরূপ আহ্বান করা না গেলেও, তাঁহার সেই সাক্ষ্য প্রমাণ বলিয়া দেওয়া যাইতে পারিবে।

Power to summon medical witness

The Presidency Magistrate may, if he thinks fit, summon and examine such deponent as to the subject-matter of his deposition

চিকিৎসাকর্ম্মকারি সাক্ষিকে সমন করিতে পারিবার কথা।

প্রসিডেন্সী মাজিষ্ট্রেট উচিত বোধ করিলে, সেই সাক্ষিকে সমন করিয়া তাঁহার সাক্ষ্যের বিষয় লইয়া তাঁহার পরীক্ষা করিতে পারিবেন ইতি।

Report of chemical examiner

153 Any document purporting to be a report from the chemical examiner, or assistant chemical examiner to Government, upon any matter or thing duly submitted to him for examination or analysis and report, in the course of any inquiry or trial under this Act, or in any preliminary inquiry relating thereto, may, if it bears his signature, be used as evidence in any inquiry or trial under this Act

কিমীয় দ্রব্য পরীক্ষকের রিপোর্টের কথা।

১৫৩ ধারা। এই আইনমতে কোন অনুসন্ধান কি বিচার করণ কার্য্য চলন-সময়ে কিম্বা তৎসম্বন্ধীয় প্রথমস্থলীয় কোন অনুসন্ধান লওন সময়ে, গবর্ণমেণ্টের পক্ষে কিমীয় দ্রব্য পরীক্ষককে কিম্বা কিমীয দ্রব্যের সহকারি পরীক্ষককে কোন বিষয় কি দ্রব্য পরীক্ষা করিয়া কি তাহার মূলাংশ পৃথক করিয়া রিপোর্ট করণার্থে দেওয়া গেলে, তদ্বিষয়ে তাঁহার রিপোর্ট বলিয়া যে দলীল থাকে তাহাতে ঐ পরীক্ষকের স্বাক্ষর থাকিলে, তাহা এই আইনমতে অনুসন্ধান লওন কি বিচারকরণকালে প্রমাণস্বরূপে গ্রাহ্য হইতে পারিবে।

Genuineness of signature may be presumed

The Presidency Magistrate may presume that the signature to any such document is genuine, and that the person signing it held the office which he professed to hold at the time when he signed it

স্বাক্ষর প্রকৃত ব্যক্তির স্বাক্ষর বলিয়া অনুমান করিবার কথা।

তদ্রূপ কোন দলীলে যে স্বাক্ষর থাকে তাহা প্রকৃত ব্যক্তিরই স্বাক্ষর ও তিনি যে সময়ে স্বাক্ষর করিলেন সেই সময়ে আপনাকে যে পদধারী বলিয়া স্বীকার করেন সেই পদধারী ছিলেন, প্রসিডেন্সী মাজিষ্ট্রেট ইহা অনুমান করিতে পারিবেন।

Power to summon chemical examiner

The Presidency Magistrate may, if he thinks fit, summon and examine such chemical examiner or assistant chemical examiner as to the subject-matter of his said report

কিমীয় দ্রব্য পরীক্ষককে সমন করিতে পারিবার কথা।

প্রসিডেন্সী মাজিষ্ট্রেট উচিত বোধ করিলে, ঐ কিমীয় দ্রব্য পরীক্ষককে কিম্বা কিমীয দ্রব্যের সহকারী পরীক্ষককে সমন করিয়া তাঁহার উক্ত রিপোর্টের বিষয় লইয়া তাঁহার পরীক্ষা করিতে পারিবেন ইতি।

Previous conviction or acquittal how proved

154 A previous conviction or acquittal may be proved (*a*) by an extract certified, under the hand of the officer having the custody of the records of the Court in which such conviction or acquittal was had, to be a copy of the sentence or order, or (*b*) in case of a conviction by a certificate signed by the officer in charge of the jail in which the punishment or any part thereof was inflicted

পূর্ব্বে অপরাধ নির্ণয় বা নির্দ্দোষ হওয়ার প্রমাণ যেরূপে করা যাইবে তাহার কথা।

১৫৪ ধারা। অভিযুক্ত ব্যক্তির অপরাধ পূর্ব্বে নির্ণয় হইলে কিম্বা তাহাকে পূর্ব্বে নির্দ্দোষ করা গেলে ইহার প্রমাণ এইরূপে করা যাইতে পারিবে। (ক) যে আদালতে ঐ ব্যক্তির অপরাধ নির্ণয় কি তাহাকে নির্দ্দোষ করা গেল সেই আদালতের কাগজপত্র যে কার্য্যকারকের জিম্মায় থাকে তিনি দণ্ডের আজ্ঞার কি আজ্ঞার নকল ঐ কাগজপত্রহইতে উদ্ধৃত কথা বলিয়া সর্টিফিকট লিখিয়া স্বাক্ষর করিলে তদ্দ্বারা, কিম্বা (খ) অপরাধ নির্ণয় হইলে, দণ্ড কি দণ্ডের একাংশ যে কারাগারে ভোগ হইল সেই কারাগারের অধ্যক্ষের স্বাক্ষরিত সর্টিফিকটদ্বারা, সেই অপরাধ নির্ণয়ের প্রমাণ করা যাইতে পারিবে ইতি।

Record of evidence in absence of accused.

155. If an accused person abscond and after due pursuit cannot be arrested, the Presidency Magistrate may, in his absence, examine the witnesses (if any) produced on behalf of the prosecution, and record their depositions, and any such deposition may on the arrest of such person, be put in on his trial for the offence with which he is charged, if the attendance of the deponent cannot be procured

অভিযুক্ত ব্যক্তির অনুপস্থানে সাক্ষ্য লিপিবদ্ধ হওয়ার কথা।

১৫৫ ধারা। অভিযুক্ত ব্যক্তি পলায়ন করিলে, ও যথোচিত উদ্যোগ হইলেও তাহাকে ধর যাইতে না পারিলে, ও অভিযোগের সপক্ষ সাক্ষিদিগকে উপস্থিত করা গেলে, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট তাহার অনুপস্থানে ঐ সাক্ষিদের সাক্ষ্য লইয়া তাহাদের উক্তি লিখিয়া রাখিতে পারিবেন। পরে সেই ব্যক্তিকে ধরা গেলে যদি ঐ সাক্ষিদিগকে উপস্থিত করা যাইতে না পারে তবে তাহার নামে যে অপরাধের অভিযোগ হয় সেই অপরাধের নিমিত্ত তাহার বিচার কালে ঐ সাক্ষ্য উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

Convictions on evidence partly recorded by one Magistrate and partly by another

156. Whenever any Presidency Magistrate, after having heard the whole or any part of the evidence in an inquiry or trial, ceases to exercise jurisdiction therein and is succeeded by another Magistrate who has and who exercises such jurisdiction, the Magistrate so succeeding may act on the evidence so recorded by his predecessor, or partly recorded by his predecessor and partly recorded by himself, or he may re-summon the witnesses and re-commence the inquiry or trial

Provided that the accused person may, when the second Magistrate commences his proceedings, demand that the witnesses be re summoned and reheard, in which case the inquiry or trial shall be re-commenced

Provided also that the High Court may set aside any conviction passed on evidence not wholly recorded by the Magistrate before whom the conviction was had, if such Court is of opinion that the accused person has been materially prejudiced thereby, and may order a new inquiry or trial

সাক্ষ্যের এক অংশ এক মাজিষ্ট্রেটের ও অন্য অংশ অন্য মাজিষ্ট্রেটের দ্বারা লিপিবদ্ধ হইলে সেই সাক্ষ্যক্রমে অপরাধ নির্ণয় হইবার কথা।

১৫৬ ধারা। কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট কোন অনুসন্ধান লওন কি বিচার করণকার্য্যে সাক্ষ্যের সমুদয় কি এক অংশ শুনিলে পর সেই কার্য্যে তাঁহার বিচারাধিপত্য রহিত হইলে, ও তাঁহার পরে সেই কার্য্যে বিচাধিপত্য বিশিষ্ট অন্য মাজিষ্ট্রেট সেই বিচারাধিপত্যক্রমে কর্ম্ম করিলে শেষোক্ত মাজিষ্ট্রেট পূর্ব্বপদধারি মাজিষ্ট্রেটের তদ্রূপে লিপিবদ্ধ সাক্ষ্যক্রমে, কিম্বা অংশতঃ পূর্ব্বপদধারির ও অংশত আপনার লিপিবদ্ধ সাক্ষ্যমতে কার্য্য করিতে পারিবেন, অথবা সাক্ষিদিগকে পুনশ্চ সমন করিয়া নূতন অনুসন্ধান লইতে কি বিচার করিতে আরম্ভ করিতে পারিবেন।

কিন্তু দ্বিতীয় মাজিষ্ট্রেট মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিতে আরম্ভ করিলেই, সাক্ষিদিগকে পুনর্বার সমন করাইয়া তাহাদের কথা পুনরায় শুনা যায়, অভিযুক্ত ব্যক্তি ইহার দাওয়া করিতে পারিবে। করিলে ঐ অনুসন্ধান লওন কি বিচার করণ কার্য্য প্রথমাবধি পুনরারম্ভ হইবে।

আরো যে মাজিষ্ট্রেটের সম্মুখে অপরাধ নির্ণয় হইল তিনি নিজে যে সাক্ষ্য সম্পূর্ণরূপে লিপিবদ্ধ করেন নাই তৎক্রমে ঐ অপরাধ নির্ণয় হইয়া অভিযুক্ত ব্যক্তির পক্ষে গুরুতর হানি হইয়াছে, হাই কোর্টের এমত অনুভব হইলে, ঐ অপরাধ নির্ণয়করণসূচক সেই নিষ্পত্তি অন্যথা করিয়া নূতন অনুসন্ধান লওয়ার কি বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

When attendance of witness may be dispensed with

157 Whenever in the course of a trial under this Act it appears that the attendance of a witness cannot be procured without an amount of delay, expense or inconvenience which, under the circumstances of the case, would be unreasonable, the Presidency Magistrate may dispense with such attendance

যে স্থলে সাক্ষির স্বয়ং উপস্থিত না হইবার অনুমতি হইতে পারে তাহার কথা।

১৫৭ ধারা। অনেক বিলম্ব কি খরচ কি কষ্ট না হইলে সাক্ষিকে উপস্থিত করা যাইতে পারে না, এবং বিষয়ের ভাবগতিক বিবেচনায় তদ্রূপ বিলম্ব প্রভৃতি যুক্তিসিদ্ধ নয়, এই আইনমতে বিচার করণ কালে ইহা দৃষ্ট হইলে, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট সেই সাক্ষির অনুপস্থানেও কার্য্য চালাইতে পারিবেন ইতি।

Issue of commission and procedure thereunder

158 Such Magistrate may direct a commission to any Magistrate of the District or Magistrate of the first class, within the local limits of whose jurisdiction such witness may be

কমিশ্যন দিবার ও তদনুসারে কার্য্যপ্রণালীর কথা।

১৫৮ ধারা। সাক্ষী যে জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেটের এলাকার সীমার মধ্যে থাকে উক্ত মাজিষ্ট্রেট তাঁহার নামে কমিশ্যন লিখিয়া দিতে পারিবেন।

The Magistrate to whom the commission is directed, or, if he be the Magistrate of the District, such Magistrate of the first class as he appoints in this behalf shall proceed to the place where such witness is, or shall summon such witness before himself, and shall take the evidence of such witness in the same manner, and may for this purpose exercise the same powers as in trials of warrant cases under the Code of Criminal Procedure

If the witness is within the local limits of the jurisdiction of any Presidency Magistrate, other than the Magistrate dispensing with his attendance, the latter Magistrate may direct a commission to the former Magistrate who thereupon shall have the like power to compel the attendance of, and to examine, such witness as he possesses for that purpose in cases pending before himself

Commission in case of witness being within Presidency town

The complainant and the accused person may respectively forward interrogatories in writing, upon which the Magistrate to whom the commission is directed shall examine the witness,

Complainant and accused may examine witness

or the complainant and the accused person (if on bail) may appear before such Magistrate,

or the complainant and the accused person may so appear respectively by advocate, attorney or pleader, and may examine, cross examine and re examine (as the case may be) the said witness

After any commission issued under this section has been duly executed, it shall be returned, together with the deposition of the witness examined thereunder, to the Magistrate by whom it was issued, and the commission, the return thereto, and the deposition of such witness may be used as evidence in the case and shall form part of the record

Return of commission

F—Of Search-warrants

159 When a Presidency Magistrate considers that the production of any thing is essential to the conduct of an inquiry into an offence known or suspected to have been committed or to the discovery of the offender,

Search warrants when grantable

or when he considers that such inquiry or discovery will be furthered by a general search or inspection,

যে মাজিষ্ট্রেটের নামে কমিশ্যন দেওয়া যায় তিনি, কিম্বা তিনি জিলার মাজিষ্ট্রেট হইলে এই কার্য্য-পক্ষে প্রথম শ্রেণীর যে মাজিষ্ট্রেট নিযুক্ত করেন তিনি যে স্থানে সাক্ষী আছেন সেই স্থানে গিয়া কিম্বা ঐ সাক্ষিকে আপনার সম্মুখে সমন করিয়া, যে মোকদ্দমার পরওয়ানা বাহির হয় ফৌজদারী মোকদ্দমার কার্য্য-বিধানের আইন অনুসারে সেই মোকদ্দমার বিচারকালে যেরূপে সাক্ষিদের সাক্ষ্য লওয়া যায় ও যে ক্ষমতামতে কার্য্য করা যায় সেইরূপে ঐ সাক্ষির সাক্ষ্য লইবেন ও ঐ কার্য্যপক্ষে সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন।

যে মাজিষ্ট্রেট সাক্ষির স্বয়ং অনুপস্থিত থাকার অনুমতি দেন, সাক্ষী সেই মাজিষ্ট্রেট-ভিন্ন প্রেসিডেন্সী কোন মাজিষ্ট্রেটের এলাকার সীমার মধ্যে থাকিলে, প্রথমোক্ত মাজিষ্ট্রেট শেষোক্ত মাজিষ্ট্রেটের নামে কমিশ্যন দিতে পারিবেন, তাহা হইলে ঐ মাজিষ্ট্রেটের সম্মুখে মোকদ্দমা উপস্থিত থাকিলে, সাক্ষিদিগকে উপস্থিত করিয়া তাহাদের সাক্ষ্য লইবার তাঁহার যে ক্ষমতা থাকে, তিনি সেই ক্ষমতামতে ঐ সাক্ষিকে উপস্থিত করাইয়া তাঁহার সাক্ষ্য লইতে পারিবেন।

সাক্ষী রাজধানীর মধ্যে থাকিলে কমিশ্যনের কথা।

বাদী এবং অভিযুক্ত ব্যক্তি কএক প্রশ্ন লিখিয়া পাঠাইতে পারিবেন, ও যে মাজিষ্ট্রেটের নামে কমিশ্যন দেওয়া যায় তিনি সেই প্রশ্নমতে সাক্ষির পরীক্ষা লইবেন।

অভিযোক্তার ও অভিযুক্ত ব্যক্তির সাক্ষির পরীক্ষা করিবার ক্ষমতার কথা।

কিম্বা বাদী, এবং অভিযুক্ত ব্যক্তি হাজিরজামিন দিয়া মুক্ত থাকিলে সেও ঐ মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইয়া,

কিম্বা বাদী এবং অভিযুক্ত ব্যক্তি আডবোকেটের কি মোক্তারের কম্বা উকীলের দ্বারা তদ্রূপে উপস্থিত হইয়া,

উক্ত সাক্ষির পরীক্ষা ও বিষয়বিশেষে কূট পরীক্ষা ও পুনঃপরীক্ষা করিতে পারিবেন।

এই ধারামতে যে কমিশ্যন দেওয়া যায় তদনুসারে কার্য্য সম্পাদন হইলে পর, তদনুসারে যে সাক্ষির সাক্ষ্য লওয়া গেল তাহার সেই সাক্ষ্য সমেত ঐ কমিশ্যন যে মাজিষ্ট্রেটের নিকট-হইতে বাহির হইল তাঁহারই নিকটে ফিরিয়া পাঠান যাইবে। ও সেই কমিশ্যন ও তাহার প্রত্যাবর্ত্তন ও ঐ সাক্ষির সাক্ষ্য লইয়া ঐ মোকদ্দমার প্রমাণ বলিয়া কার্য্য হইতে পারিবে ও তাহা কাগজপত্রের একাংশ হইবে ইতি।

কমিশ্যন ফিরিয়া দিবার কথা।

ছ।—তলাশী পরওয়ানার কথা।

১৫৯ ধারা। কোন অপরাধ করা গিয়াছে ইহা জানা গেলে কি এমত সংশয় থাকিলে যদি তাহার অনুসন্ধান লওনের কিম্বা অপরাধির উদ্দেশ পাওনের জন্যে কোন দ্রব্য উপস্থিত করা আবশ্যক হয়,

যে স্থলে তলাশী পরওয়ানা দেওয়া যাইতে পারে তাহার কথা।

কিম্বা কোন স্থানে সাধারণমতে অন্বেষণ করিলে কিম্বা দেখিলে ঐ অনুসন্ধান লওয়ার কিম্বা অপরাধির উদ্দেশ পাওয়ার সাহায্য হয়

he may grant his search-warrant, and the officer charged with the execution of such warrant may search or inspect any place within the local limits of the jurisdiction of such Magistrate.

প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে তলাশী পরওয়ানা দিতে পারিবেন। এবং যে কর্ম্মকারকের প্রতি ঐ পরওয়ানামতে কর্ম্ম করিবার ভার অর্পিত হয়, তিনি ঐ মাজিষ্ট্রেটের এলাকার সীমার অন্তর্গত কোন স্থানে অন্বেষণ করিতে বা দেখিয়া লইতে পারিবেন।

The Magistrate may, if he thinks fit, specify in the warrant the particular place, building or part thereof to which only the search or inspection shall extend, and the officer charged with the execution of such warrant shall then search or inspect only the place, building or part so specified

যে স্থান কিম্বা যে ঘর কি তাহার যে অংশভিন্ন অন্য স্থানে খুজিয়া কি দেখিয়া লইতে না হইবে, মাজিষ্ট্রেট বিহিত বোধ করিলে সেই পরওয়ানায় সেই স্থানটি নির্দ্দিষ্ট করিবেন। তাহা হইলে যে কর্ম্মকারকের প্রতি ঐ পরওয়ানামতে কার্য্য করিবার ভার অর্পিত হয়, তিনি তদ্রূপ নির্দ্দিষ্ট স্থান কি ঘর কি তদংশ ভিন্ন অন্য স্থানে খুজিবেন কি দেখিবেন না।

Nothing in this section or in section 145 shall authorize a Magistrate to grant a warrant to search for a letter or telegram in the custody of the Postal Department or of a telegraph officer

যে পত্র কি টেলিগ্রাম ডাকঘরের কর্ম্মবিভাগের কি টেলিগ্রাফের কার্য্যকারকের জিম্মায় থাকে, মাজিষ্ট্রেট এই ধারার কিম্বা ১৪৫ ধারার কোন কথার বলে সেই পত্রের কি টেলিগ্রামের তলাশী পরওয়ানা দিতে ক্ষমতা পান নহেন ইতি।

160 If a Presidency Magistrate, upon information and after such inquiry as he thinks necessary, has reason to believe that any place is used for the deposit or sale of stolen property, or of property which has been fraudulently obtained,

Search of house suspected to contain stolen property or forged documents

or for the deposit or sale or manufacture of forged documents, or counterfeit Government stamps, or counterfeit coin, or instruments or materials for counterfeiting coin or for forging,

১৬০ ধারা। কোন স্থান চোরা দ্রব্য, কিম্বা যে দ্রব্য প্রতারণাক্রমে পাওয়া গেল তাহা রাখিবার কি বিক্রয় করিবার স্থান,

যে গৃহাদিতে চোরা দ্রব্য কি কৃত্রিম দলীল থাকার অনুভব হয় তাহাতে অন্বেষণ করিবারক ধা।

কিম্বা জাল করা দলীল কিম্বা গবর্ণমেণ্টের কৃত্রিম ইষ্টাম্প কিম্বা কৃত্রিম মুদ্রা কিম্বা মুদ্রা কৃত্রিম করিবার কি জাল করিবার যন্ত্র কি সরঞ্জাম রাখিবার কি বিক্রয় কি প্রস্তুত করিবার স্থানস্বরূপ ব্যবহার হইয়া থাকে,

or that any forged documents, or counterfeit stamps, or false seals, or counterfeit coin, or instruments or materials used for counterfeiting coin, or for forging, are kept or deposited in any place,

কিম্বা কোন জাল করা দলীল কি কৃত্রিম ইষ্টাম্প কিম্বা জাল করা মোহর কিম্বা কৃত্রিম মুদ্রা কি মুদ্রা কৃত্রিম করিবার কি জাল করিবার যন্ত্র কি সরঞ্জাম কোন স্থানে রাখা গিয়া কি গচ্ছিত হইয়া থাকে, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট সন্ধান পাইয়া ও যে অনুসন্ধান লওয়া আবশ্যক বোধ করেন তাহা লইয়া ইহা জানিতে পাইলে,

he may by his warrant authorize any police-officer above the rank of a constable—

তিনি পোলীসের কনষ্টেবলের উচ্চ শ্রেণীর কোন কর্ম্মকারককে পরওয়ানা দিয়া,

(*a*) to enter, with such assistance as may be required, and by force if necessary, such place, and

(ক) তাঁহাকে প্রয়োজনমতে সহকারি লোক লইয়া, ও আবশ্যক হইলে বলপূর্ব্বক, উক্ত কোন স্থানে প্রবেশ করিবার, এবং,

(*b*) to search the same as specified in the warrant, and

(খ) পরওয়ানার নির্দ্দিষ্টমতে তন্মধ্যে অন্বেষণ করিবার, ও

(*c*) to take possession of any property, documents, stamps, seals or coins therein found, which he reasonably suspects to be stolen, unlawfully obtained, forged, false or counterfeit, and also any such intruments and materials as aforesaid, and

(গ) যে দ্রব্য কি দলীল কি ইষ্টাম্প কি মোহর কি মুদ্রা পাওয়া যায় যুক্তিসিদ্ধমতে তাহা চোরা কি অন্যায়মতে প্রাপ্ত কি কৃত্রিম কি জাল কি কূট জ্ঞান করিলে তাহা, এবং পূর্ব্বোক্ত যন্ত্র ও সরঞ্জাম স্বীয় অধিকারে লইবার,

(*d*) to convey such property, documents, stamps, seals, coins, instruments or materials before a Presidency Magistrate, or to guard the same on the spot until the offender is taken before a Presidency Magistrate, or otherwise to dispose thereof in some place of safety, and

ও (ঘ) ঐ দ্রব্য কি দলীল কি ইষ্টাম্প কি মোহর কি মুদ্রা কি যন্ত্রাদি কি সরঞ্জাম প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে চালান করিবার, কিম্বা অপরাধিকে যতকাল প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে আনা না যায় ততকাল ঐ স্থানেই ঐ দ্রব্যের উপর চৌকী রাখিবার, কিম্বা তাহা লইয়া নির্ব্বিঘ্ন কোন স্থানে রাখিবার, এবং

(*e*) to take into custody and carry before the said Magistrate every person found in such place,

(ঙ) ঐ দ্রব্য চোরা কি অন্য প্রকারে অন্যায়মতে পাওয়া গেল কিম্বা উক্ত দলীল ও ইষ্টাম্প ও মোহর ও

who appears to have been privy to the deposit, sale or manufacture or keeping of any such property, documents, stamps, seals, coins, instruments or materials knowing or having reasonable cause to suspect the said property to have been stolen or otherwise unlawfully obtained, or the said documents, stamps, seals, coins, instruments or materials to have been forged, falsified or counterfeited, or the said instruments or materials to have been or to be intended to be used for counterfeiting coin or for forging

মুদ্রা ও যন্ত্র কি সরঞ্জাম জাল করা কি কূট করা কি কৃত্রিম কিম্বা মুদ্রা কৃত্রিম কি জাল করিবার জন্যে ঐ যন্ত্রের কি দ্রব্যের ব্যবহার হইয়াছে কি ব্যবহার করিবার কল্পনা আছে যে ব্যক্তি ইহা জানে কিম্বা যাহার এমত জানিবার সঙ্গত কারণ থাকে, ও উক্ত কোন দ্রব্য কি দলীল কি ইস্টাম্প কি মোহর কি মুদ্রা কি যন্ত্র কি সরঞ্জাম গচ্ছিত করিয়া রাখিবার কি বিক্রয় করিবার কি গড়াইবার কি রাখিবার সহজ্ঞানী আছে বলিয়া বোধ হয়, এমত যেং ব্যক্তিকে সেই স্থানে পান সেই প্রত্যেক ব্যক্তিকে ধরিয়া রাখিবার ও উক্ত মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে চালান করিবার ক্ষমতা দিতে পারিবেন ইতি।

161 The provisions of sections 59 to 62, both inclusive, shall apply to all search-warrants issued under this chapter

Direction, &c, of search warrants

১৬১ ধারা। এই অধ্যায়মতে যত তলাশী পরওয়ানা দেওয়া যায় তাহার প্রতি ৫৯ অবধি ৬২ পর্য্যন্ত সকল ধারার বিধান বর্ত্তিবে ইতি।

তলাশী পরওয়ানা যাহার নামে দিতে হইবে তৎপ্রভৃতির কথা।

162 Whenever any house or place liable to search or inspection under this chapter is closed, any person residing in, or being in charge of such house or place shall, on demand of the officer or other person executing the warrant, allow such officer or other person free ingress thereto, and afford all reasonable facilities for a search therein

Persons in charge of closed house to allow search

১৬২ ধারা। এই অধ্যায়মতে যে ঘর কি স্থান তলাশ করিতে কি দেখিয়া লইতে হইবে, তাহা বন্ধ থাকিলে, যে কার্য্যকারক কি অন্য যে ব্যক্তি ঐ পরওয়ানামতে কার্য্য করিবেন তাঁহার দাওয়া হইলে, ঐ গৃহ কি স্থানবাসি ব্যক্তি কিম্বা তাহা যে ব্যক্তির জিম্মায় থাকে তিনি ঐ কার্য্যকারককে কি ঐ অন্য ব্যক্তিকে অবাধে সেই ঘরে কি স্থানে প্রবেশ করিতে দিবেন ও তথায় তলাশ করিবার যুক্তিমত সুবিধা করিয়া দিবেন ইতি।

বন্ধ ঘর যে ব্যক্তির জিম্মায় থাকে তাহার তলাশ করিবার অনুমতি দিতে হইবার কথা।

163 A Police-officer or other person, authorized by a warrant to search any house or place, may break open any outer or inner door or window of such house or place, in order to execute the warrant, if, after notification of his authority and purpose and demand of admittance duly made, he cannot otherwise obtain admittance

Place to be searched may be broken open

১৬৩ ধারা। পোলীসের যে কর্ম্মকারক কি অন্য যে ব্যক্তি পরওয়ানাক্রমে কোন ঘর কি স্থান তলাশ করিবার ক্ষমতা পান, তিনি আপনার ক্ষমতার ও অভিপ্রায়ের নোটিস দিয়া নিয়মমতে প্রবেশ করিবার অনুমতি চাহিলে পর অন্য প্রকারে প্রবেশ করিতে না পারিলে, ঐ পরওয়ানামতে কার্য্য করিবার নিমিত্তে ঐ ঘরের কি স্থানের কোন বাহির দ্বার কি ভিতরের দ্বার কি খিড়কী ভাঙ্গিয়া খুলিতে পারিবেন ইতি।

তলাশ করিবার স্থান ভাঙ্গিয়া খুলিতে পারিবার কথা।

164 If the place ordered to be searched is an apartment in the actual occupancy of a woman who, according to the customs of the country, does not appear in public, the officer or other person charged with the execution of the warrant shall, unless a warrant of arrest has been issued against her, give her notice that she is at liberty to withdraw

Search of zanáná

After giving such notice and allowing a reasonable time for such woman to withdraw, and affording her every reasonable facility for withdrawing, such officer or person may enter such apartment for the purpose of making the search, using at the same time every precaution consistent with this section for preventing the clandestine removal of the thing mentioned in the warrant

১৬৪ ধারা। যে স্থানে তলাশ করিবার আজ্ঞা হইল, দেশাচারমতে প্রকাশ্যস্থানে না যায় এমত স্ত্রীলোক তৎকালে ঐ স্থানে থাকিলে, ও তাহাকেই গ্রেফ্তার করিবার পরওয়ানা বাহির না হইলে, উক্ত পরওয়ানা জারী করিবার জন্যে যে কার্য্যকারককে কি অন্য ব্যক্তিকে দেওয়া যায় তিনি ঐ স্ত্রীলোকের অন্যত্র যাইবার অনুমতির নোটিস দিবেন।

অন্তঃপুর তলাশীর কথা।

ঐ কার্য্যকারক কি অন্য ব্যক্তি সেই নোটিস দিলে পর ও ঐ স্ত্রীলোকের অন্যত্র যাইবার যুক্তিসঙ্গত সময় দিলে ও যুক্তিমতে তাহার অন্যত্র যাইবার সুবিধা করিয়া দিলে পর, ও পরওয়ানার উল্লিখিত দ্রব্য গোপনে স্থানান্তর না করা যায় এং ধারামতে ইহার সঙ্গত সন্বিধান করিলে পর, তলাশ করিবার জন্যে ঐ ঘরে প্রবেশ করিতে পারিবেন ইতি।

Search to be made in presence of witnesses.

165. Before making a search under this chapter the officer or other person about to make it shall call upon two or more respectable inhabitants of the locality in which the place to be searched is situate to attend and witness the search

The search shall be made in their presence, but they shall not be required to attend the Court of the Magistrate as witnesses, unless especially summoned by him

Occupant of place searched may attend

The occupant of the place searched, or some person in his behalf, shall, in every instance, be permitted to attend during the search

Mode of searching women

166 Whenever it is necessary to cause a woman to be searched, the search shall be made with strict regard to the customs of the country.

CHAPTER XII

Of Appeals

Appeal by person convicted

167 Any person convicted on a trial held by a Presidency Magistrate, may appeal to the High Court if the Magistrate has sentenced him to imprisonment for a term exceeding six months or to fine exceeding two hundred rupees

Provided that, where an accused person has been convicted on his own plea, no such appeal shall lie except as to the extent or legality of the sentence

Sentences passed under section 13 on the same occasion shall for the purposes of this section be considered as one sentence

For the purposes of the Indian Limitation Act, 1871, all appeals under this section, and all applications to the High Court for the exercise of the powers given by Act No X of 1875, section 147, shall be deemed to be appeals under the Code of Criminal Procedure

Appeal by Government from order of acquittal

168 The Local Government may direct the Public Prosecutor or other officer specially or generally appointed in this behalf to present an appeal to the High Court from a Presidency Magistrate's order of acquittal, or of dismissal, or of discharge, but in no other case shall there be an appeal by the prosecution from any order under this Act

সাক্ষিদের সাক্ষাতে তলাশ করিতে হইবার কথা।

১৬৫ ধারা। যে কার্য্যকারক কিম্বা অন্য যে ব্যক্তি তলাশ করিবেন তিনি এই অধ্যায়মতে তলাশ করিবার পূর্ব্বে ঐ স্থানবাসি দুই কি তদধিক জন সভ্রান্ত ব্যক্তিকে উপস্থিত হইয়া ঐ তলাশী কার্য্যের সাক্ষি হইবার নিমিত্তে আহ্বান করিবেন।

তাঁহাদের সাক্ষাতে তলাশ করা যাইবে, কিন্তু মাজিষ্ট্রেট তাহাদিগকে বিশেষমতে সমন না করিলে, মাজিষ্ট্রেটের আদালতে তাঁহাদের সাক্ষিস্বরূপ উপস্থিত হইবার প্রয়োজন নাই।

যে স্থানের তলাশ হয় সেই স্থানবাসির উপস্থিত হইতে পারিবার কথা।

যে স্থানের তলাশ হয় তথায় তলাশ করিবার সময়ে সেই স্থানবাসির কিম্বা তৎপক্ষে কোন ব্যক্তির সর্ব্বদাই উপস্থিত থাকিবার অনুমতি হইবে ইতি।

স্ত্রীর গা তলাশী করিবার নিয়মের কথা।

১৬৬ ধারা। স্ত্রীর গা তলাশী করিবার আবশ্যক হইলে, অতি দৃঢ়মতে দেশাচার মানিয়া তলাশ করিতে হইবে ইতি।

দ্বাদশ অধ্যায়।

আপীলবিষয়ক বিধি।

যাহার অপরাধ নির্ণয় হইল তাহার আপীলের কথা।

১৬৭ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের বিচারমতে কোন ব্যক্তির অপরাধ নির্ণয় হইয়া ছয় মাসের অধিক কাল কারাদণ্ডের কিম্বা দুই শত টাকার অধিক অর্থদণ্ডের আজ্ঞা হইলে ঐ ব্যক্তি হাই কোর্টে আপীল করিতে পারিবে।

কিন্তু অভিযুক্ত ব্যক্তির নিজ স্বীকারমতে তাহার অপরাধ নির্ণয় হইলে, ঐ দণ্ডাজ্ঞার পরিমাণ কিম্বা ঐ দণ্ডাজ্ঞা আইনসিদ্ধ কি না এই বিষয় লইয়া আপীল হইতে পারিবে, নতুবা আপীল নাই।

তৎকালেই ১৩ ধারামতে যে২ দণ্ডের আজ্ঞা হয় তাহা এই ধারার কার্য্যপক্ষে একি দণ্ড বলিয়া জ্ঞান হইবে।

এই ধারামতে যে সকল আপীল হয় ও হাই কোর্টের প্রতি ১৮৭৫ সালের ১০ আইনের ১৪৭ ধারার প্রদত্ত ক্ষমতানুসারে কার্য্য হইবার যে প্রার্থনা করা যায়, তাহা ভারতবর্ষীয় মিয়াদবিষয়ক ১৮৭১ সালের আইনের কার্য্যপক্ষে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমত আপীল বলিয়া জ্ঞান হইবে ইতি।

নির্দ্দোষকরণের আজ্ঞার উপর গবর্ণমেণ্টের আপীল করিবার কথা।

১৬৮ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট কোন ব্যক্তিকে নির্দ্দোষ করণের কিম্বা মোকদ্দমা ডিসমিস করণের কিম্বা ব্যক্তিকে মুক্ত করণের যে আজ্ঞা করেন, স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় অভিযোক্তার প্রতি কিম্বা আপীল করণার্থে বিশেষমতে কি সাধারণমতে নিযুক্ত কোন কার্য্যকারকের প্রতি ঐ আজ্ঞার উপর হাই কোর্টে আপীল উপস্থিত করিবার আদেশ করিতে পারিবেন। কিন্তু অন্য কোন স্থলে এই আইনমত কোন আজ্ঞার উপর অভিযোগের সপক্ষ আপীল নাই।

No appeal shall be presented under this section after two months from the date of the order complained of

যে আজ্ঞার বিষয়ে আপত্তি হয় তাহার তারিখ অবধি দুই মাস গত হইলে পর এই ধারামত আপীল উপস্থিত করা যাইতে পারিবে না।

When an appeal is presented under this section, the High Court may order the accused person to be arrested and brought before it, and may commit him to prison pending the disposal of the appeal, or (if the offence of which he is accused be bailable) admit him to bail

এই ধারামতে আপীল উপস্থিত করা গেলে, হাই কোর্ট অভিযুক্ত ব্যক্তিকে ধরিয়া আপনার সম্মুখে আনাইবার আজ্ঞা করিতে পারিবেন, ও আপীলী মোকদ্দমার নিষ্পত্তি না হওন পর্য্যন্ত তাহাকে কারাগারে অর্পণ করিতে পারিবেন, কিম্বা যে অপরাধের অভিযোগ হইল তন্নিমিত্ত হাজিরজামিন লওয়া যাইতে পারিলে তাহার হাজিরজামীন লইবার অনুমতি দিতে পারিবেন।

The High Court may, in any case so appealed, direct a new trial by any Presidency Magistrate, or may pass such order as may be warranted by law

তদ্রূপে আপীল উপস্থিত করা গেলে হাই কোর্ট প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের দ্বারা নূতন বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা আইনমতে যদ্রূপ আজ্ঞা করা যাইতে পারে তাহা করিবেন ইতি।

169 Every petition of appeal under this Act shall be accompanied by a copy of the order appealed against

Copy of order to accompany petition

১৬৯ ধারা। এই আইনমতে আপীলের যে দরখাস্ত দেওয়া যায়, যে আজ্ঞার উপর আপীল হয় তাহার নকলও ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবে ইতি।

দরখাস্তের সঙ্গে নিষ্পত্তিপত্রের নকল দিতে হইবার কথা।

170 If any person affected by an order passed under this Act desires to have a copy of such order, or of any deposition or other part of the record, he shall, on applying for such copy, be furnished therewith provided that he pay for the same, unless the Magistrate, for some special reason, thinks fit to furnish it free of cost

Copies of proceedings

১৭০ ধারা। এই আইনমতে প্রচারিত কোন আজ্ঞা দ্বারা কোন ব্যক্তির ক্ষতি কি লাভ হওয়াতে সেই আজ্ঞার কিম্বা কোন সাক্ষ্যের কিম্বা কাগজপত্রের কোন অংশের নকল চাহিলে, তিনি প্রার্থনা করিয়া তাহার খরচ দিলে তাহাকে ঐ নকল দেওয়া যাইবে, কিন্তু আদালত বিশেষ কোন কারণে তাহাকে বিনাখরচে ঐ নকল দেওয়া উচিত বোধ করিলে অমনি দিতে পারিবেন ইতি।

রুবকারীর নকলের কথা।

171 If the appellant be in jail, he shall be at liberty to present his petition of appeal and the copy of the order appealed against, to the officer in charge of the jail, who shall thereupon forward such petition and copy to the High Court

Procedure when appellant in jail

১৭১ ধারা। আপেলান্ট কারাবদ্ধ থাকিলে, সেই আপীলের দরখাস্ত ও যে আজ্ঞার উপর আপীল করিবে তাহার নকল জেলের অধ্যক্ষকে দিতে পারিবেন। তিনি তাহা পাইলে হাই কোর্টে সেই দরখাস্ত ও নকল পাঠাইবেন ইতি।

আপেলান্ট কারাবদ্ধ হইলে তাহার কার্য্যপ্রণালীর কথা।

172 On receiving the petition of appeal and the copy of the order appealed against, the High Court shall peruse the same, and may fix a reasonable time for hearing the appellant or his advocate or pleader, or if he be present may hear him at once

Procedure on receiving petition of appeal

১৭২ ধারা। হাই কোর্ট আপীলের দরখাস্ত ও যে আজ্ঞার উপর আপীল হইল তাহার নকল পাইলে পর তাহা পাঠ করিয়া আপেলান্টের কিম্বা তাঁহার আডবোকেটের কি উকীলের কথা শুনিবার যুক্তিসঙ্গত সময় নিরূপণ করিবেন, কিম্বা তিনি উপস্থিত থাকিলে তৎকালেই তাঁহার কথা শুনিবেন।

আপীলের দরখাস্ত পাইলে কার্য্যপ্রণালীর কথা।

The High Court may, if it considers that there is no sufficient ground for altering or revising the order appealed against, reject the appeal summarily

Power to reject appeal summarily

যে আজ্ঞার উপর আপীল হয় তাহার পরিবর্ত্তন কি পুনরালোচনা করিবার প্রভৃত কারণ নাই, হাই কোর্ট এমত জ্ঞাত করিলে সরাসরীমতে আপীল অগ্রাহ্য করিতে পারিবেন।

আপীল সরাসরীমতে অগ্রাহ্য করিবার ক্ষমতার কথা।

Before rejecting an appeal under this section, the High Court may call for the record of the case, but shall not be bound to do so

Power to call for record

এই ধারামতে আপীল অগ্রাহ্য করিবার পূর্ব্বে হাই কোর্ট মোকদ্দমার কাগজপত্র আনাইতে পারিবেন, কিন্তু আনাইতেই হইবে এমত নয়।

কাগজপত্র আনাইবার ক্ষমতার কথা।

Sentence not to be enhanced when appeal rejected under this section

In rejecting under this section an appeal by a person convicted, the High Court shall not enhance the sentence

এই ধারামতে আপীল অগ্রাহ্য হইলে দণ্ডবৃদ্ধি না করিবার কথা।

যাহার অপরাধ নির্ণয় হইল হাই কোর্ট এই ধারামতে তাহার আপীল অগ্রাহ্য করিলে তাহার দণ্ড বৃদ্ধি করিবেন না ইতি।

Notice of day for hearing appeal

173 If the High Court does not reject the appeal summarily, it shall cause notice to be given to the appellant and the Public Prosecutor, Government Solicitor, or other officer empowered by Government in that behalf, of the day on which such appeal will be heard,

and in case of appeals under section 168, the High Court shall also cause a like notice to be given to the respondent

আপীল শুনিবার দিনের নোটিসের কথা।

১৭৩ ধারা। হাই কোর্ট সরাসরীমতে আপীল অগ্রাহ্য না করিলে, আপেলান্টকে ও রাজকীয় অভিযোক্তাকে কি গবর্ণমেণ্টের উকীলকে কিম্বা অন্য যে কার্য্যকারক তৎপক্ষে গবর্ণমেণ্টহইতে ক্ষমতা প্রাপ্ত হন তাঁহাকে সেই আপীল শুনিবার দিনের নোটিস দেওয়াইবেন।

১৬৮ ধারামত আপীলের মোকদ্দমায় হাই কোর্ট রিস্পাণ্ডেণ্টকেও তদ্রূপ নোটিস দেওয়াইবেন।

Service of notice

All such notices shall be served in manner provided by this Act for serving a summons

নোটিস জারী করিবার কথা।

এই আইনে সমন জারী করিবার যে বিধান আছে উক্ত সকল নোটিস সেই বিধানমতে জারী করা যাইবে ইতি।

High Court may alter or reverse finding and sentence, or enhance sentence

174 The High Court shall send for the record of the case, and after perusing the same, and hearing the appellant or his advocate or pleader, if he appears, and the Government solicitor or other officer empowered by Government in this behalf, if he appears, may—

(*a*) alter or reverse the order of such Court, or

(*b*) enhance any punishment that has been awarded, but not so as to inflict a greater punishment than is prescribed by law for the offence, or

(*c*) order the appellant to be re-tried before any Presidency Magistrate or before the High Court, or

(*d*) if it considers that there is no sufficient ground for interfering with the sentence or order appealed against, reject the appeal

নিণয় ও দণ্ডাজ্ঞা পরিবর্ত্তন কি অন্যথা কি দণ্ডবৃদ্ধি করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।

১৭৪ ধারা। হাই কোর্ট ঐ মোকদ্দমাঘটিত কাগজপত্র আনাইয়া পাঠ করিলে পর, ও আপেলান্ট কি তাহার আডবোকেট কি উকীল উপস্থিত থাকিলে তাঁহার কথা শুনিলে পর, ও গবর্ণমেণ্টের উকীল কিম্বা গবর্ণমেণ্টের দ্বারা তৎপক্ষে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারক উপস্থিত থাকিলে তাঁহার কথা শুনিলে পর,

(ক) ঐ আদালতের আজ্ঞা মতান্তর কি অন্যথা করিতে পারিবেন,

(খ) কিম্বা যে দণ্ডের আজ্ঞা হইয়াছে তাহা বৃদ্ধি করিলেও করিতে পারিবেন, কিন্তু আইনে ঐ অপরাধের যে দণ্ড ধার্য্য হইয়াছে তদপেক্ষা ভারি দণ্ড দেওয়াইবেন না। কিম্বা

(গ) কোন প্রেসিডেন্সীর মাজিষ্ট্রেটের কিম্বা হাই কোর্টের সম্মুখে আপেলান্টের পুনর্ব্বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন। কিম্বা

(ঘ) যে দণ্ডাজ্ঞার কি আজ্ঞার উপর আপীল হইল তাহাতে হস্তক্ষেপ করিবার প্রভূত কারণ নাই জ্ঞান করিলে, ঐ আপীল অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

Suspension of sentence pending appeal
Release of appellant on bail

175 Pending any appeal under section 167, the High Court may direct that the execution of the order appealed against be suspended and if the appellant be in confinement for a bailable offence may order that he be released on bail

Where the appellant is ultimately sentenced to imprisonment, the time during which he is so released shall be excluded in calculating the term of his imprisonment

আপীল উপস্থিত থাকিতে দণ্ডাজ্ঞা স্থগিত করিবার কথা। হাজিরজামিন দিলে আপেলান্টকে মুক্ত করিবার কথা।

১৭৫ ধারা। যে আজ্ঞার উপর আপীল উপস্থিত করা যায় ১৬৭ ধারামতে সেই আপীল যত দিন উপস্থিত থাকে হাই কোর্ট তত দিন সেই আজ্ঞানুযায়ি কার্য্য না হইবার আদেশ করিতে পারিবেন। ও যে অপরাধ হইলে হাজির জামিন লওয়া যাইতে পারে, আপেলান্ট এমত অপরাধহেতুক কারাবদ্ধ থাকিলে, হাজিরজামিন লইয়া তাহাকে মুক্ত করিবার আজ্ঞা দিতে পারিবেন।

শেষে আপেলান্টের কারাদণ্ডের আজ্ঞা হইলে, সে উক্ত প্রকারে যত দিন মুক্ত ছিল কারাদণ্ডের মিয়াদ নিরূপণ করিতে গেলে সেই সকল দিন ধরিতে হইবে না, ইতি।

176 In dealing with any appeal under this chapter, the High Court, if it thinks additional evidence upon any point bearing upon the guilt or innocence of the accused person to be necessary, may either take such evidence itself, or may direct it to be taken by a Presidency Magistrate

High Court may make or direct further inquiry

When the additional evidence is taken by the Presidency Magistrate, he shall certify such evidence to the High Court, and the High Court shall thereupon proceed to dispose of the appeal

Unless the High Court otherwise directs, the accused person or his advocate, attorney or pleader shall be present when the additional evidence is taken

The provisions of this Act relating to summoning and enforcing the attendance of witnesses and their examination, shall, so far as may be, apply to witnesses examined before a Magistrate under this section

১৭৬ ধারা। এই অধ্যায়মত আপীলসংক্রান্ত কার্য্য করণ সময়ে, অভিযুক্ত ব্যক্তির দোষাদোষ সংক্রান্ত কোন বিষয়ের অধিক প্রমাণ লওয়া আবশ্যক, হাই কোর্ট এমত বোধ করিলে আপনি সেই প্রমাণ লইতে পারিবেন, কিম্বা প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের দ্বারা তাহা লইবার আজ্ঞা করিতে পারিবেন।

অধিক অনুসন্ধান লইতে কি লইবার আজ্ঞা করিতে হাই কোর্টের ক্ষমতার কথা।

প্রসিডেন্সী মাজিষ্ট্রেট সেই অধিক প্রমাণ লইলে, তিনি হাই কোর্টের নিকট সর্টিফিকট সহিত সেই প্রমাণ পাঠাইবেন, ও হাই কোর্ট তদনুসারে আপীল নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন।

হাই কোর্ট অন্যরূপ আদেশ না করিলে, ঐ অধিক প্রমাণ লওনের সময়ে অভিযুক্ত ব্যক্তি কিম্বা তাঁহার আডবোকেট কি মোক্তার কি উকীল উপস্থিত থাকিবেন।

এই আইনের সাক্ষিদিগকে সমন করণ ও বলপূর্ব্বক উপস্থিত করাওন ও তাহাদের পরীক্ষা গ্রহণ বিষয়ের যে সকল বিধান আছে, এই ধারামতে মাজিষ্ট্রেটের সম্মুখে যে সাক্ষিদের পরীক্ষা লওয়া যায় তাহাদের প্রতিও সেই২ বিধান যত দূর বর্ত্তিতে পারে বর্ত্তিবে ইতি।

177 No order passed by a Presidency Magistrate shall be reversed or altered on appeal on account of any error or defect, either in the charge or in the proceedings, or on account of the improper admission or rejection of any evidence, unless such error or defect has occasioned a failure of justice, either by affecting the due conduct of the prosecution, or by prejudicing the accused person in his defence

Order when reversible by reason of error or defect in charge or proceedings

১৭৭ ধারা। অভিযোগপত্রে কি আনুষ্ঠানিক কার্য্যে কোন ভ্রম কি দোষ হওন কিম্বা কোন সাক্ষ্য অনুচিতমতে গ্রাহ্য কি অগ্রাহ্য হওনপ্রযুক্ত, যদি সেই ভ্রম কি দোষ দ্বারা অভিযোগ সংক্রান্ত কার্য্য উপযুক্তমতে চলিবার ব্যাঘাত হইয়া, কিম্বা প্রতিবাদির উত্তর দেওন সম্পর্কে বিঘ্ন হইয়া ন্যায়বিচারের ত্রুটি না হইয়া থাকে, তবে আপীল হইলে ঐ ভ্রম কি দোষহেতুক প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের কোন আজ্ঞা অসিদ্ধ কি পরিবর্ত্তন করা যাইবে না ইতি।

অভিযোগপত্রে কিম্বা আনুষ্ঠানিক কার্য্যে ভ্রম কি দোষ হওয়াতে আজ্ঞা কি অংশে পরিবর্ত্তন হইতে পারে তাহার কথা।

178. No irregularity in the proceedings prior to the commencement of the trial is a sufficient ground for reversing or altering any order passed in a trial properly held

Irregularity before trial properly held

১৭৮ ধারা। বিচারকার্য্য উপযুক্তমতে হইয়া যে আজ্ঞা করা যায়, বিচারকার্য্যের আরম্ভ হওনের পূর্ব্বে আনুষ্ঠানিক কার্য্যে দাঁড়ার ব্যতিক্রম হইলেও তাহা সেই আজ্ঞা অসিদ্ধ কি পরিবর্ত্তন করিবার প্রভূত কারণ নয় ইতি।

বিচার হইবার পূর্ব্বকৃত বেদাঁড়ার কার্য্যের কথা।

179 When a Presidency Magistrate has passed an order inflicting punishment on any person for an offence not triable by such Magistrate, the High Court shall cancel the order and either try the case itself or direct it to be tried by a Court of competent jurisdiction

Procedure in case of conviction by Magistrate not having jurisdiction

১৭৯ ধারা। যে অপরাধ প্রসিডেন্সী মাজিষ্ট্রেটের বিচার্য্য নয়, তিনি এমত অপরাধ হেতুক কোন ব্যক্তির দণ্ডের আজ্ঞা করিলে, হাই কোর্ট ঐ আজ্ঞা অসিদ্ধ করিয়া আপনি মোকদ্দমার বিচার করিবেন, কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের দ্বারা ঐ মোকদ্দমার বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

যাঁহার উপযুক্ত ক্ষমতা নাই এমত মাজিষ্ট্রেটের দ্বারা অপরাধ নির্ণয় হইলে কার্য্যপ্রণালীর কথা।

180. No appeal shall lie from any order of a Presidency Magistrate, except in the cases provided for by this Act or by any other law for the time being in force

Unless otherwise provided, no appeal to lie from order of Presidency Magistrate.

Illustrations

(*a*) There is no appeal against an order refusing to grant compensation in case of a groundless complaint

(*b*) There is no appeal against an order requiring a person to furnish security to keep the peace

(*c*) There is no appeal against an order requiring a person to furnish security to be of good behaviour

(*d*) There is no appeal against an order of maintenance

১৮০ ধারা। এই আইনে কিম্বা অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে সেই আইনে যে২ স্থলের বিধান থাকে, তদ্ভিন্ন স্থলে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের কোন আজ্ঞার উপর আপীল নাই ইতি।

প্রকারান্তরের বিধান না থাকিলে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের আজ্ঞার উপর আপীল না হইবার কথা।

উদাহরণ।

(ক) অমূলক নালিশ হইলে খেসারত না দিবার যে আজ্ঞা হয় তাহার উপর আপীল নাই।

(খ) কোন ব্যক্তির প্রতি শান্তিভঙ্গ না করিবার জামিন দিতে যে আজ্ঞা হয় তাহার উপর আপীল নাই।

(গ) কোন ব্যক্তির সদাচরণের জামিন দিবার যে আজ্ঞা হয় তাহার উপর আপীল নাই।

(ঘ) ভরণপোষণের আজ্ঞার উপর আপীল নাই।

181. Whenever an application is made to the High Court for the exercise of the powers conferred by the High Courts' Criminal Procedure Act, 1875, section 147, the applicant shall give to the Public Prosecutor, Government Solicitor, or such other officer as the Local Government appoints in this behalf, notice in writing of the application, together with a copy of the grounds on which it is to be made, and no order shall be made on the merits of the application unless at least twenty-four hours have elapsed between the giving of such notice and the hearing of the application

Notice to Public Prosecutor of intention to apply under Act X of 1875, section 147

১৮১ ধারা। ফৌজদারী মোকদ্দমায় হাই কোর্টের কার্য্যপ্রণালী বিষয়ক ১৮৭৫ সালের আইনের ১৪৭ ধারায় যে২ ক্ষমতা প্রদান করা গেল, হাই কোর্টে সেই২ ক্ষমতানুসারে কার্য্য হইবার প্রার্থনা করা গেলে, প্রার্থক রাজকীয় অভিযোক্তাকে কিম্বা গবর্ণমেণ্টের উকীলকে কিম্বা স্থানীয় গবর্ণমেণ্ট এই কার্য্য পক্ষে অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন, তাঁহাকে ঐ প্রার্থনার নোটিস লিখিয়া যে২ হেতুতে প্রার্থনা করা গেল সেই২ হেতুপত্রের নকল ঐ নোটিসের সঙ্গে দিবেন। এবং নোটিস দেওয়ার ও প্রার্থনাপত্র শুনিবার মধ্যে ন্যূনকল্পে চব্বিশ ঘণ্টা গত না হইলে ঐ প্রার্থনাপত্রের দোষগুণানুসারে কোন আজ্ঞা করা যাইবে না ইতি।

১৮৭৫ সালের ১০ আইনের ১৪৭ ধারামতে প্রার্থনা করিবার কল্পনা থাকিলে রাজকীয় অভিযোক্তাকে নোটিস দিবার কথা।

182. When the decision of any Presidency Magistrate is called in question in the High Court the Magistrate may submit with the record of the case a statement setting forth the grounds of his decision and any facts which he thinks material to the issue, and the Court shall consider such statement before overruling or setting aside the said decision

Statement by Magistrate of grounds of his decision to be considered by High Court

১৮২ ধারা। হাই কোর্টে কোন প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের নিষ্পত্তির বিষয়ে আপত্তি হইলে, মাজিষ্ট্রেট যে২ কারণে ঐ নিষ্পত্তি করিলেন, ও নিষ্পত্তির উপলক্ষে তিনি যে বৃত্তান্ত গুরুতর বলিয়া জ্ঞান করেন, মোকদ্দমার কাগজপত্রের সঙ্গে সেই২ কারণের ও বৃত্তান্তের বর্ণনাপত্রও অর্পণ করিবেন। হাই কোর্ট ঐ নিষ্পত্তি ব্যর্থ কি অসিদ্ধ করণের পূর্ব্বে সেই২ হেতু ও বৃত্তান্ত বিবেচনা করিবেন ইতি।

মাজিষ্ট্রেট আপন নিষ্পত্তির যে২ কারণ জানান হাই কোর্টের তাহা বিবেচনা করিবার কথা।

CHAPTER XIII

Of Execution

183. In cases tried by a Presidency Magistrate, the Magistrate passing any order inflicting imprisonment or whipping shall forward the accused person with a warrant for the execution of the sentence to the officer in charge of the jail of the Presidency town in which the trial was held,

Court to send accused with warrant for execution of sentence to officer in charge of jail

১৩ ত্রয়োদশ অধ্যায়।

দণ্ডাজ্ঞামতে কার্য্যসাধন বিষয়ক বিধি।

১৮৩ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট মোকদ্দমার বিচার করিয়া কারাদণ্ডের কি প্রহার দণ্ডের আজ্ঞা করিলে, যে রাজধানীতে মোকদ্দমার বিচার করিলেন অগোণে সেই রাজধানীর জেলের অধ্যক্ষের নিকট ঐ আজ্ঞামতে দণ্ড হইবার ওয়ারেণ্টের সহিত অভিযুক্ত ব্যক্তিকে পাঠাইবেন,

দণ্ডের আজ্ঞামতে কার্য্য করণের পরওয়ানার সহিত অভিযুক্ত ব্যক্তিকে জেলরক্ষকের নিকট পাঠাইবার কথা।

or where there are more such jails than one, to the officer in charge of such of them as the Local Government from time to time directs in this behalf

The warrant shall state the offence of which the accused person has been convicted, the nature of the punishment to which he has been sentenced, and if he has been sentenced to imprisonment, the term for which he is to be imprisoned

184 Every such warrant shall be in writing under the hand of the Magistrate who issues it, and shall be directed to the officer in charge of the jail aforesaid, and shall be in the form (F) given in the third schedule to this Act, or to the like effect.

Form and direction of warrant of commitment

185 Whenever a fine is imposed under this Act, the Presidency Magistrate may issue a warrant for the levy of the amount of the fine by distress and sale of any moveable property belonging to the offender, although the sentence directs that, in default of payment of the fine, the offender shall be imprisoned

Levy of fine

Such warrant may be executed within the local limits of such Magistrate's jurisdiction, and it shall authorize the distress and sale of any such property without such limits when endorsed by the Magistrate of the District in which it is found

This section shall not apply to cases in which any special procedure is laid down, by any special or local law in force for the time being, for the recovery of any fine, but shall apply to cases in which no such procedure is laid down, and to all fines not levied when this Act comes into force, but which might have been levied under this section if it had been in force when they were imposed.

Section to what cases applicable

When a warrant is issued under this section, the Presidency Magistrate may order the offender to be imprisoned until return can be conveniently made to such warrant, unless the offender enter into a recognizance with or without sureties as the Magistrate thinks fit, conditioned for his appearance before the Magistrate on the day appointed for such return, such day not being more than eight days from the time of taking the recognizance But if, before issuing such warrant of distress, it appears to the Magistrate, by the admission of the offender or otherwise, that no sufficient distress can be had

Detention of offender until return made to distress warrant

রাজধানীর মধ্যে দুই কি তদধিক জেলখানা থাকিলে, স্থানীয় গবর্ণমেণ্ট সময়েং এতৎপক্ষে যে জেলের আদেশ করেন সেই জেলের অধ্যক্ষের নিকট তাহাকে পাঠাইবেন।

অভিযুক্ত ব্যক্তির যে অপরাধ নির্ণয় হইল, ও যে প্রকারের দণ্ডের আজ্ঞা হইয়াছে ও কারাদণ্ডের আজ্ঞা হইলে যত দিন কারাবদ্ধ থাকিতে হইবে, ওয়ারণ্টে এইং কথা লেখা থাকিবে ইতি।

১৮৪ ধারা। উক্ত প্রকারের প্রত্যেক ওয়ারণ্ট লিখিয়া দেওয়া যাইবে, ও যে মাজিষ্ট্রেট তাহা দেন তিনি তাহাতে স্বাক্ষর করিবেন। ও পূর্ব্বোক্ত জেলের অধ্যক্ষের নামে এই আইনের তৃতীয় তফসীলের F পাঠে কিম্বা তাহার মর্ম্মানুসারে লিখিয়া দেওয়া যাইবে ইতি।

সমর্পণ করিবার ওয়ারণ্ট লিখিবার পাঠের ও শিরোনামার কথা।

১৮৫ ধারা। এই আইনমতে অর্থদণ্ডের আজ্ঞা হইলে অর্থদণ্ডের টাকা না দেওয়া গেলে অপরাধির কারাদণ্ড হইবে আজ্ঞাপত্রে এই আদেশ থাকিলেও, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট অপরাধির অস্থাবর কোন সম্পত্তি ক্রোক ও বিক্রয়করণ দ্বারা ঐ টাকা আদায় করিবার পরওয়ানা দিতে পারিবেন।

অর্থদণ্ড আদায়ের কথা।

ঐ মাজিষ্ট্রেটের এলাকার সীমান্তর্গত স্থানের মধ্যে ঐ ওয়ারণ্ট অনুযায়ি কার্য্য করা যাইতে পারিবে, এবং তদ্রূপ সম্পত্তি ঐ সীমার বহির্ভূত অন্য জিলায় থাকিলে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ ওয়ারণ্টের পৃষ্ঠে লিখিয়া দিলে সেই সম্পত্তিও ক্রোক ও বিক্রয় হয়, ঐ ওয়ারণ্টে এই অনুমতি থাকিবে।

অর্থদণ্ড আদায় করণার্থ কোন বিশেষ কি স্থানীয় আইন যৎকালে প্রবল থাকে সেই আইনে কোন বিশেষ কার্য্যপ্রণালী নির্দ্দিষ্ট থাকিলে, এই ধারা সেই স্থলে খাটিবে না। কিন্তু তদ্রূপ কার্য্য প্রণালী নির্দ্দিষ্ট না থাকিলে খাটিবে। এবং অর্থদণ্ডের আজ্ঞা হওনসময়ে এই ধারা প্রবল থাকিলে যদি এই ধারামতে সেই দণ্ড আদায় হইতে পারিত, তবে এই আইন প্রচলিত হওনসময়ে ঐ অর্থদণ্ড আদায় না হইয়া থাকিলে এই ধারা সেই দণ্ডের প্রতি খাটিবে।

এই ধারা যেং স্থলে বর্ত্তিবে তাহার কথা।

এই ধারামতে পরওয়ানা জারির করা গেলে, ঐ পরওয়ানা ফিরিয়া আসিবার নিরূপিত দিনে অপরাধী প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে যে উপস্থিত হইবে জামিন সহিত কি জামিন বিনা এই নিয়মের প্রতিজ্ঞাপত্র লিখিয়া না দিলে, ঐ পরওয়ানা যত দিন সুবিধামতে ফিরিয়া আনা যাইতে না পারে মাজিষ্ট্রেট তত দিন অপরাধিকে বদ্ধ করিয়া রাখিবার আজ্ঞা করিতে পারিবেন। প্রতিজ্ঞাপত্র লিখিয়া দিলে তাহা লিখিবার সময়াবধি ঐ পরওয়ানা ফিরিয়া আনিবার নিমিত্ত আট দিনের অধিক নিরূপণ হইবে না। কিন্তু যে দ্রব্য লইয়া ঐ অর্থদণ্ড কি অন্য দণ্ড আদায় হইতে পারিবে, ঐ মাজিষ্ট্রেটের এলাকার

ক্রোকী পরওয়ানার প্রত্যাবর্ত্তন পর্য্যন্ত অপরাধিকে আটক রাখিবার কথা।

within the local limits of his jurisdiction whereon to levy such fine or penalty, he may, if he think fit, refrain from issuing such warrant.

Distress not illegal, nor distrainer a trespasser for defect of form in proceedings

No distress made under this Act shall be deemed unlawful, nor shall any person making the same be deemed a trespasser on account of any defect or want of form in the summons, conviction, warrant of distress or other proceeding relating thereto

Who may issue distress warrant

The said warrant may be issued either by the Magistrate who imposes the fine, or by his successor in office

Payment of fine in compensation

186 Whenever a Presidency Magistrate imposes a fine under any law in force for the time being, he may order the whole or any part of the fine to be paid in compensation—

(*a*) for expenses properly incurred in the prosecution,

(*b*) for the injury complained of, where such injury can, in the opinion of such Magistrate, be compensated by money

Such payment shall be made, as the Magistrate thinks fit, to or for the benefit of the complainant, or the person injured, or both

If the fine be imposed in a case which is subject to appeal, no such payment shall be made until the period allowed for presenting the appeal has elapsed, or, if an appeal be presented, until after the decision of the appeal

At the time of awarding damages in any subsequent civil suit relating to the same matter, the Court shall take into consideration any sum which may have been paid under this section

Whipping if imposed in addition to imprisonment in appealable case when to be inflicted

187 When the punishment of whipping is imposed, in addition to imprisonment, in a case which is subject to appeal, the whipping shall not be inflicted until fifteen days from the date of such sentence, or, if an appeal be made within that time, until the sentence is confirmed by the High Court but the whipping shall be inflicted immediately on the expiry of the fifteen days, or in case of an appeal, immediately on the receipt of the order of the High Court confirming the sentence

সীমার মধ্যে এমত দ্রব্য নাই মাজিষ্ট্রেট পরওয়ানা বাহির করিয়া দিবার পূর্ব্বে অপরাধির কথার দ্বারা কি প্রকারান্তরে ইহা জানিতে পাইলে উচিত বোধ করিলে ঐ পরওয়ানা দিবেন না।

আনুষ্ঠানিক কার্য্যে দাঁড়ার দোষ থাকাতে ক্রোক বেআইনী না হওয়ার ও ক্রোককারি ব্যক্তি অনধিকার প্রবেশকারি বলিয়া জ্ঞান না হওয়ার কথা।

এই আইনের বলে যে ক্রোক করা যায়, সমনে কি অপরাধ নির্ণয়পত্রে কি ক্রোকী পরওয়ানায় কি তৎসম্পর্কীয় অন্য কার্য্যেতে দাঁড়ার কোন দোষ কিঅভাব প্রযুক্ত, তাহা বেআইনী বলিয়া জ্ঞান হইবে না, ও যে ব্যক্তি ক্রোক করে তাহাকে অনধিকার প্রবেশকারি বলিয়া জ্ঞান হইবে না।

কে ওয়ারণ্ট দিতে পারেন তাঁহার কথা।

যে মাজিষ্ট্রেট অর্থদণ্ডের আজ্ঞা করেন তিনি অথবা তাঁহার উত্তরপদধারি অন্য ব্যক্তি ঐ ওয়ারণ্ট দিতে পারিবেন ইতি।

অর্থদণ্ডের টাকা ক্ষতিপূরণস্বরূপ দিবার কথা।

১৮৬ ধারা। যৎকালে যে আইন প্রচলিত থাকে, কোন প্রসিডেন্সী মাজিষ্ট্রেট তদনুসারে অর্থদণ্ডের আজ্ঞা করিলে তিনি

(ক) মোকদ্দমা চালাইবার উপযুক্ত খরচের পরিশোধে,

(খ) ও যে অপরাধের অভিযোগ হইল মাজিষ্ট্রেটের বিবেচনায় অর্থদ্বারা তাহার প্রতিকার হইতে পারিলে সেই হানির প্রতিকারার্থে, ঐ অর্থদণ্ডের সমুদয় টাকা কিম্বা তাহার কোন অংশ দিবার আজ্ঞা করিতে পারিবেন।

মাজিষ্ট্রেট যেমন উচিত বোধ করেন ঐ টাকা তেমনি অভিযোক্তাকে কিম্বা ক্ষতিগ্রস্ত ব্যক্তিকে কি উভয়কে বা তাহাদের উপকারার্থে দেওয়া যাইবে।

যে মোকদ্দমায় ঐ অর্থদণ্ডের আজ্ঞা করা গেল সেই মোকদ্দমার নিষ্পত্তির উপর আপীল হইতে পারিলে, আপীল উপস্থিত করিবার মিয়াদ গত না হওন পর্য্যন্ত কিম্বা আপীল উপস্থিত করা গেলে তাহার নিষ্পত্তি না হওন পর্য্যন্ত সেই টাকা দেওয়া যাইবে না।

তৎপশ্চাৎ সেই বিষয় লইয়া দেওয়ানী মোকদ্দমা হইয়া হানিপূরণের আজ্ঞা হইলে, এই ধারামতে যে টাকা দিবার আজ্ঞা হইয়া থাকে আদালত তাহা বিবেচনায় আনিবেন ইতি।

আপীলের যোগ্য মোকদ্দমায় কারাদণ্ডের সহিত প্রহারের আজ্ঞা হইলে প্রহার করিবার সময়ের কথা।

১৮৭ ধারা। যে মোকদ্দমায় আপীল হইতে পারে এমত মোকদ্দমায়, কোন ব্যক্তির কারাদণ্ডের সহিত প্রহারদণ্ডেরও আজ্ঞা হইলে, ঐ দণ্ডাজ্ঞার তারিখ অবধি পঞ্চদশ দিন গত না হইলে, ও তৎকালের মধ্যে যদি আপীল হইয়া থাকে, তবে হাই কোর্ট ঐ দণ্ডাজ্ঞা দৃঢ় না করিলে প্রহার করিতে হইবে না, কিন্তু সেই পঞ্চদশ দিন গত হইলেই, কিম্বা যদি আপীল হইয়া থাকে তবে হাই কোর্টের সেই দণ্ডের আজ্ঞা দৃঢ় করণসূচক আজ্ঞা পাইলেই, ঐ প্রহারদণ্ড হইবে ইতি।

188 In the case of a person of or over sixteen years of age, the punishment of whipping shall be inflicted with such instrument, in such mode, and on such part of the person, as the Local Government directs, and in the case of a person under sixteen years of age, it shall be inflicted in the way of school discipline with a light ratan

Mode of inflicting punishment of whipping

In no case, if the cat-o'-nine tails be the instrument employed, shall the punishment of whipping exceed one hundred and fifty lashes, or if the ratan be employed, shall such punishment exceed thirty stripes

The punishment of whipping shall be inflicted in the presence of the officer in charge of the jail

189 The punishment of whipping shall not be inflicted unless a medical officer, if present, certifies, or if there is not a medical officer present, unless it appears to the officer present, that the offender is in a fit state of health to undergo such punishment

Punishment not to be inflicted if offender not in fit state of health

If, during the execution of a sentence of whipping, a medical officer certifies, or it appears to the officer present, that the offender is not in a fit state of health to undergo the remainder of the sentence, the whipping shall be finally stopped

Stay of execution

190 No sentence of whipping shall be executed by instalments

Not to be executed by instalments

191 In any case in which, under section 189, a sentence of whipping is wholly or partially prevented from being executed, the offender shall be kept in custody till the Magistrate who passed the sentence can revise it, and the said Magistrate may, at his discretion, either remit such sentence, or sentence the offender, in lieu of whipping, or in lieu of so much of the sentence of whipping as was not executed, to imprisonment for any period which may be in addition to any other punishment to which he may have been sentenced for the same offence

Procedure if punishment cannot be inflicted under section 188

Provided that the whole period of imprisonment to which such offender is sentenced shall not exceed that to which he is liable by law, or that which the Magistrate is competent to inflict

192 When sentence is passed under this Act on an escaped convict, such sentence, if of fine or whipping, shall take effect im-

Currency of sentence on escaped convicts.

১৮৮ ধারা। ষোল বৎসরের কি তাহার ঊর্দ্ধ বয়সের ব্যক্তির সেই দণ্ডের আজ্ঞা হইলে, স্থানবিশেষের গবর্ণমেণ্ট যদ্দ্বারা যেরূপে ও শরীরের যে স্থানে প্রহার করিবার আদেশ করেন তদনুসারে ঐ দণ্ড সাধন হইবে। অপরাধী ষোল বৎসরের ন্যূন বয়স্ক হইলে পাঠশালার শাসনের ন্যায় লঘু বেত্রে প্রহার হইবে।

ঐ দণ্ড যেরূপে সাধন হইবে তাহার কথা।

যদি নগাছা কোড়া দ্বারা প্রহার করা যায়, তবে দেড় শত ঘার অধিক করা যাইবে না, বেত্র দ্বারা প্রহার হইলে ৩০ ঘার অধিক করা যাইবে না।

জেলের অধ্যক্ষের সাক্ষাতে প্রহার দণ্ড সাধন হইবে ইতি।

১৮৯ ধারা। শরীরের স্বাস্থ্য বিবেচনায় অপরাধী ঐ দণ্ড সহ্য করিতে পারে, চিকিৎসক বর্ত্তমান থাকিয়া ইহার সার্টিফিকট দিলে, কিম্বা চিকিৎসক না থাকিলে তৎস্থানে উপস্থিত কর্ত্তৃপক্ষ এইরূপ বোধ করিলে, ঐ প্রহারদণ্ড সাধন হইবে, নতুবা নয়।

অপরাধির শরীর অসুস্থ থাকিলে ঐ দণ্ড না হইবার কথা।

প্রহার করা যাইতেছে এমন সময়ে অপরাধির শরীরগতিক বিবেচনায় তাহার আর প্রহার সহ্য হয় না, চিকিৎসক ইহা সংসিতরূপে কহিলে কিম্বা যে কর্ত্তৃপক্ষ উপস্থিত থাকেন তিনি এমত বোধ করিলে, ঐ দণ্ড একেবারে স্থগিত করা যাইবে ইতি।

স্থগিত হইবার কথা।

১৯০ ধারা। প্রহারদণ্ড ভাগ করিয়া সাধন করিতে হইবে না ইতি।

থামিয়া২ না মারিবার কথা।

১৯১ ধারা। প্রহারদণ্ডের আজ্ঞা হইয়াও ১৮৯ ধারামতে তাহা সম্পূর্ণরূপে কিম্বা তাহার একাংশ হইবার বাধা হইলে, যে মাজিষ্ট্রেট ঐ দণ্ডের আজ্ঞা করেন তিনি যত দিন ঐ দণ্ডাজ্ঞা সংশোধন করিতে না পারেন, তত দিন অপরাধিকে হেফাজতে রাখিতে হইবে। ও সেই মাজিষ্ট্রেট স্বীয় বিবেচনামতে অপরাধির সেই দণ্ড ক্ষমা করিতে পারিবেন, অথবা প্রহারের পরিবর্ত্তে কিম্বা ঐ দণ্ডের যে অংশ দেওয়া যাইতে পারে নাই তৎপরিবর্ত্তে তাহার কিয়ৎকাল কারাদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন। এমত স্থলে সেই অপরাধের নিমিত্তে প্রহার ভিন্ন অপরাধির অন্য দণ্ডের আজ্ঞা থাকিলে ঐ কারাদণ্ড তদতিরিক্ত হইবে।

১৮৯ ধারামতে দণ্ড হইতে না পারিলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

কিন্তু আইনমতে অপরাধির যতদিন কারাদণ্ড হইতে পারে কিম্বা উক্ত মাজিষ্ট্রেট যত দিন কারাদণ্ড করিতে ক্ষমতাপন্ন হন, ঐ অপরাধির সর্ব্বসুদ্ধ তাহার অধিক হইবে না ইতি।

১৯২ ধারা। এই আইনমতে পলাতক বন্দির দণ্ডের আজ্ঞা হইলে, যদি অর্থদণ্ডের কি প্রহার দণ্ডের আজ্ঞা হইয়া থাকে, তবে

পলাতক বন্দির দণ্ড চলনের কথা।

mediately, and if of imprisonment, shall take effect after he has undergone the portion of his former sentence which remained unexpired at the time of his escape

Commencement of sentence on offender already sentenced for other offence

193 When a person already under sentence of imprisonment or transportation is sentenced under this Act to imprisonment, such imprisonment shall commence at the expiration of the imprisonment or transportation to which such person has been previously sentenced

---

CHAPTER XIV

Of Lunatics.

Procedure when accused is a lunatic.

194 When any person accused before a Presidency Magistrate of an offence appears to such Magistrate to be of unsound mind and incapable of making his defence, the Magistrate shall inquire into the fact of such unsoundness, and shall cause the accused person to be examined by such medical officer as the Local Government directs, and thereupon shall examine such officer as a witness, and shall reduce the examination into writing

If such Magistrate is of opinion that the accused person is of unsound mind, he shall stay further proceedings in the case

When accused appears to have been insane

195 When, from the evidence given before a Presidency Magistrate, there appears to be sufficient ground for believing that an accused person committed an act which, if he had been of sound mind, would have been an offence, and that he was at the time when the act was committed, by reason of unsoundness of mind, incapable of knowing the nature of such act, or that he was doing what was contrary to law, the Presidency Magistrate shall, if such accused person appears to be of sound mind at the time of the inquiry or trial, proceed with the case

Release of lunatic on bail

196 Whenever an accused person is found to be of unsound mind and incapable of making his defence, the Presidency Magistrate, if the offence of which such person is accused be bailable, may release him on sufficient bail being given that he shall be properly taken care of, and shall be prevented from doing injury to himself or to any other person, and for his appearance when required before the Magistrate or

অপরাধির অগোচরে সেই দণ্ড হইবে, যদি কারাদণ্ডের আজ্ঞা হইয়া থাকে, তবে তাহার পলায়ন কালে পূর্ব্ব দণ্ডাজ্ঞামতে তাহার কারাদণ্ডের যত কাল বাকী ছিল, তত কাল দণ্ডভোগ হইলে পর তাহার ঐ দণ্ড হইবে ইতি।

এক অপরাধের দণ্ডভোগ করণকালে অন্য অপরাধের দণ্ডের আজ্ঞা হইলে সেই আজ্ঞামত দণ্ডের আরম্ভের কথা।

১৯৩ ধারা। কোন ব্যক্তি কোন অপরাধের নিমিত্তে কারাদণ্ড কি দ্বীপান্তর প্রেরণ দণ্ড ভোগ করিতেছে এমন সময়ে এই আইনমতে তাহার কারাদণ্ডের অন্য আজ্ঞা হইলে, পূর্ব্বোক্ত আজ্ঞামতে কারাদণ্ডের কি দ্বীপান্তর প্রেরণ দণ্ডের মিয়াদ গত হইলেই ঐ দ্বিতীয় কারাদণ্ডের আরম্ভ হইবে ইতি।

---

১৪ চতুর্দ্দশ অধ্যায়।

ক্ষিপ্তমনা ব্যক্তিদের কথা।

অভিযুক্ত ব্যক্তি ক্ষিপ্তমনা হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

১৯৪ ধারা। প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তির নামে অপরাধের অভিযোগ হইলে, সেই ব্যক্তি বিকৃতমনা ও উত্তর দিতে অক্ষম, ঐ মাজিষ্ট্রেটের এইরূপ বোধ হইলে, তিনি ঐ ব্যক্তির মনের অস্বাস্থ্যের অনুসন্ধান লইয়া স্থানীয় গবর্ণমেন্ট যে চিকিৎসকের দ্বারা পরীক্ষা হইবার আদেশ করেন তাঁহারই দ্বারা ঐ অভিযুক্ত ব্যক্তির পরীক্ষা করাইবেন, এবং সাক্ষিস্বরূপ ঐ চিকিৎসকের সাক্ষ্য গ্রহণ পূর্ব্বক ঐ সাক্ষ্য লিখিয়া রাখিবেন।

মাজিষ্ট্রেট ঐ অভিযুক্ত ব্যক্তিকে ক্ষিপ্তমনা জ্ঞান করিলে সেই মোকদ্দমার অন্য সকল কার্য্য স্থগিত রাখিবেন ইতি।

অভিযুক্ত ব্যক্তিকে ক্ষিপ্ত দেখা গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

১৯৫ ধারা। অভিযুক্ত ব্যক্তি যে কার্য্য করিয়াছে, প্রকৃতমনা হইয়া সেই কার্য্য করিলে তাহা অপরাধ হইত, কিন্তু যে সময়ে ঐ ক্রিয়া করিয়াছিল সেই সময়ে মনের বিকৃতি প্রযুক্ত ঐ ক্রিয়ার ভাব বুঝিতে পারিল না ও আইনবিরুদ্ধ কর্ম্ম করিতেছে ইহাও জানিতে পারিল না, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের সম্মুখে যে সাক্ষ্য দেওয়া যায় তদ্দ্বারা তাঁহার এমত জ্ঞান করিবার প্রভূত কারণ থাকিলে, কিন্তু অনুসন্ধান লইবার কি বিচার করণের সময়ে তাহাকে সুস্থমনা দেখা গেলে, ঐ প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট ঐ মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিবেন ইতি।

জামিন লইয়া ক্ষিপ্ত ব্যক্তিকে মুক্ত করিবার কথা।

১৯৬ ধারা। অভিযুক্ত ব্যক্তিকে বিকৃতমনা ও উত্তর দিতে অক্ষম জানা গেলে, তাহার যে অপরাধের অভিযোগ হয় যদি সেই অপরাধ হেতুক হাজিরজামিন লওয়া যাইতে পারে, তবে সেই ব্যক্তির উপযুক্তমতে তত্ত্বাবধারণ করা যাইবে ও সে আপনার কি অন্য কাহার হানি করিতে পাইবে না ও আজ্ঞা হইলে তাহাকে প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের কিম্বা তিনি এতৎকার্য্য পক্ষে যে কর্ম্মকারককে নিযুক্ত

such officer as the Magistrate appoints in this behalf

Custody when bail not given

If the offence be non-bailable, or if sufficient bail be not given, the Magistrate shall report the case for the order of the Local Government, and the accused person shall be kept in safe custody in such place as the Local Government directs

Resumption of inquiry or trial

197 Whenever proceedings are stayed under section 194, the Presidency Magistrate may at any time resume the inquiry or trial, and require the accused person to appear or to be brought before him

When the accused person has been released under section 196, and the sureties for his appearance produce him to the officer whom the Magistrate appoints in this behalf, the certificate of such officer that the accused person is capable of making his defence shall be receivable as evidence

Procedure on accused appearing before Magistrate

198 If, when the accused person appears or is again brought before the Magistrate, such Magistrate considers him capable of making his defence, the inquiry or trial shall proceed

If the Magistrate considers the accused person to be still incapable of making his defence, the Magistrate shall again act according to section 194

Finding in case of acquittal on ground of being lunatic

199 Whenever any person is acquitted by a Presidency Magistrate upon the ground that at the time at which such person is alleged to have committed an offence he was, by reason of unsoundness of mind, incapable of knowing the nature of the act alleged as constituting the offence complained of, or that he was doing what was contrary to law, the order of acquittal shall state specially whether he committed the act or not

Procedure when lunatic committed the act alleged.

200 Whenever such order states that the accused person committed the act alleged, the Presidency Magistrate before whom the trial was held shall, if such act would, but for the incapacity found, have constituted an offence, order such person to be kept in safe custody in such place and manner as the

করেন তাঁহার সম্মুখে উপস্থিত করা যাইবে এইং নিয়মে উপযুক্ত জামিন দেওয়া গেলে, ঐ মাজিস্ট্রেট তাহাকে ছাড়িয়া দিতে পারিবেন।

হাজির জামিন না দেওয়া গেলে তাহার রক্ষার কথা।

সেই অপরাধের নিমিত্তে হাজিরজামিন লওয়া যাইতে না পারলে, কিম্বা উপযুক্ত জামিন না দেওয়া গেলে, মাজিস্ট্রেট স্থানবিশেষের গবর্ণমেন্টের আজ্ঞার জন্যে ঐ ব্যাপারের রিপোর্ট করিবেন, ও স্থানীয় গবর্ণমেণ্ট যে স্থান নিরূপণ করেন ঐ অভিযুক্ত ব্যক্তিকে সেই স্থানে নির্ব্বিঘ্নে আটক করিয়া রাখা যাইবে ইতি।

অনুসন্ধান কি বিচারকার্য্যে পুনশ্চ প্রবর্ত্ত হইবার কথা।

১৯৭ ধারা। ১৯৪ ধারামতে মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখা গেলে পর, প্রেসিডেন্সী মাজিস্ট্রেট কোন সময়েই ঐ অনুসন্ধান কি বিচারের কার্য্যে পুনশ্চ প্রবর্ত্ত হইয়া অভিযুক্ত ব্যক্তিকে আপনার সম্মুখে আনিতে কি আসিতে আজ্ঞা করিতে পারিবেন।

অভিযুক্ত ব্যক্তিকে ১৯৬ ধারামতে মুক্ত করা গিয়া থাকিলে, ও মাজিস্ট্রেট এতৎকার্য্যপক্ষে যে কার্য্যকারককে নিযুক্ত করেন ঐ ব্যক্তির উপস্থিত হইবার প্রতিভূগণ তাহাকে তাঁহার সম্মুখে আনিলে, অভিযুক্ত ব্যক্তি উত্তর করিতে সক্ষম ঐ কার্য্যকারকের এই মর্ম্মের সর্টিফিকট প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে ইতি।

অভিযুক্ত ব্যক্তি মাজিস্ট্রেটের সম্মুখে উপস্থিত হইলে ইতিকর্ত্তব্যতার কথা।

১৯৮ ধারা। অভিযুক্ত ব্যক্তি মাজিস্ট্রেটের সম্মুখে আইলে কি তাহাকে পুনশ্চ উপস্থিত করা গেলে, মাজিস্ট্রেট তাহাকে উত্তর দিতে সক্ষম জ্ঞান করিলে, ঐ মোকদ্দমার অনুসন্ধান লওন কি বিচার করণ কার্য্য চলিবে।

ঐ মাজিস্ট্রেট তৎকালেও অভিযুক্ত ব্যক্তিকে উত্তর দিবার অক্ষম জ্ঞান করিলে, পুনশ্চ ১৯৪ ধারামতে কার্য্য করিবেন ইতি।

ক্ষিপ্ত হওয়াপ্রযুক্ত নিরপরাধী হইলে নির্ণয়ের কথা।

১৯৯ ধারা। কোন ব্যক্তি যে সময়ে অপরাধ করিয়াছে বলিয়া, কথিত হয়, সেই সময়ে ঐ অপরাধসূচক যে ক্রিয়ার নালিশ হয় মনের অস্বাস্থ্য প্রযুক্ত সে ঐ ক্রিয়ার ভাব বুঝিতে পারে নাই, ও আইন বিরুদ্ধ কর্ম্ম করিতেছে ইহা জানে নাই, এইহেতু প্রেসিডেন্সী মাজিস্ট্রেট তাহাকে নিরপরাধী করিলে, সেই ব্যক্তি ঐ ক্রিয়া করিয়াছিল কি না নির্দ্দোষকরণপত্রে এই কথা স্পষ্ট করিয়া লিখিতে হইবে ইতি।

ক্ষিপ্ত ব্যক্তি কথিত ক্রিয়া করিয়া থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

২০০ ধারা। ঐ অভিযুক্ত ব্যক্তি অভিযোগমত ক্রিয়া করিয়াছে নির্ণয়পত্রে ইহা ব্যক্ত থাকিলে, ও তাহার উক্ত অক্ষমতা না হইলে অভিযোগমত ঐ ক্রিয়া অপরাধ হইতে পারিলে, যে প্রেসিডেন্সী মাজিস্ট্রেটের সম্মুখে ঐ বিচার হয়, তিনি যে স্থান ও যেরূপ উপযুক্ত বোধ করেন সেই স্থানে ও সেইরূপে ঐ

Magistrate thinks fit, and shall report the case for the order of the Local Government

The Local Government may order such person to be kept in safe custody in a lunatic asylum or other suitable place of safe custody

ব্যক্তিকে নিরাপদে আটক রাখিবার আজ্ঞা করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞার জন্যে ঐ বিষয়ের রিপোর্ট করিবেন।

স্থানীয় গবর্ণমেণ্ট ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয়বাটীতে, কিম্বা নির্ব্বিঘ্নে বদ্ধ রাখিবার জন্য উপযুক্ত স্থানে ঐ ব্যক্তিকে নিরাপদে আটক রাখিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Visiting of lunatic prisoners

201. When any person is confined under the provisions of section 196 or 200, the Inspector-General of Prisons, if such person is confined in a jail, or the visitors of the lunatic asylums, or any two of them, if he is confined in a lunatic asylum, may visit him in order to ascertain his state of mind, and he shall be visited once at least in every six months by such Inspector-General or by two of such visitors as aforesaid, and such Inspector-General or visitors shall make a special report to the Local Government as to the state of mind of such person

ক্ষিপ্ত ব্যক্তির সঙ্গে সাক্ষাৎ করিবার কথা।

২০১ ধারা। ১৯৬ কিম্বা ২০০ ধারার বিধানমতে কোন ব্যক্তিকে বদ্ধ করা গেলে, সেই ব্যক্তি কারাগারে বদ্ধ থাকিলে জেলের ইনস্পেক্টর জেনরল সাহেব, কিম্বা ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয়বাটীতে বদ্ধ থাকিলে ঐ আশ্রয় বাটীর পরিদর্শকেরা কিম্বা তাঁহাদের কোন দুই জন ঐ ব্যক্তির মনের অবস্থা জ্ঞাত হওনার্থে তাহার সঙ্গে সাক্ষাৎ করিতে পারিবেন। ও সেই ইনস্পেক্টর জেনরল সাহেব কিম্বা পূর্ব্বোক্ত দুই জন পরিদর্শক ছয়২ মাসান্তর ন্যূনকল্পে একবার তাহার সঙ্গে সাক্ষাৎ করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের নিকট তাহার মনের অবস্থার বিশেষ রিপোর্ট করিবেন ইতি।

Procedure where lunatic prisoner reported capable of making defence

202 If such person is confined under section 196, and such Inspector-General or visitors as aforesaid shall certify that, in his or their opinion, such person is capable of making his defence, he shall be taken before the Presidency Magistrate at such time as such Magistrate appoints, and such Magistrate shall deal with such person under the provisions of section 198, and the certificate of such Inspector-General or visitors as aforesaid shall be receivable as evidence

বদ্ধ ক্ষিপ্ত ব্যক্তি উত্তর দিতে সক্ষম বলিয়া রিপোর্ট হইলে তাহার কথা।

২০২ ধারা। ঐ ব্যক্তি ১৯৬ ধারামতে বদ্ধ থাকিলে ও উত্তর দিতে সক্ষম সেই ইনস্পেক্টর জেনরল সাহেব কিম্বা ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয়বাটীর পূর্ব্বোক্ত পরিদর্শকেরা আপনাদের এই অভিমত রিপোর্ট করিলে, প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট যে সময় নিরূপণ করেন সেই সময়ে ঐ ব্যক্তিকে তাঁহার সম্মুখে উপস্থিত করা যাইবে। ও তিনি সেই ব্যক্তির প্রতি ১৯৮ ধারার বিধানমতে কার্য্য করিবেন, ও সেই ইনস্পেক্টর জেনরলের কি পরিদর্শকদের পূর্ব্বোক্ত সর্টিফিকট প্রমাণ স্বরূপে গ্রাহ্য হইবে ইতি।

Procedure where lunatic confined under section 199 is declared capable of being discharged

203 If such person is confined under the provisions of section 200, and such Inspector-General or visitors as aforesaid certify that, in his or their judgment, he may be discharged without danger of his doing injury to himself or to any other person, the Local Government may thereupon either order him to be discharged, or to be detained in custody, or to be transferred to a public lunatic asylum, if he has not been already sent to such an asylum, and may appoint a commission, consisting of a judicial officer and two medical officers, whereof the chief medical officer attached to the lunatic asylum shall be one

The said commission shall make formal inquiry into the state of mind of such person, taking such evidence as is necessary, and shall report to the Local Government, who may order his discharge or detention, as it thinks fit

১৯৯ ধারামতে বদ্ধ ক্ষিপ্ত ব্যক্তি মুক্ত হইবার যোগ্য প্রকাশ হইলে কার্য্যপ্রণালীর কথা।

২০৩ ধারা। সেই ব্যক্তি ২০০ ধারার বিধানমতে বদ্ধ থাকিলে এবং তাহাকে মুক্ত করা গেলে সে আপনার কি অন্য কাহার হানি যে করিবে আমার (কি আমাদের) বিবেচনায় এমত শঙ্কা নাই উক্ত জেলের ইনস্পেক্টর জেনরল সাহেব কিম্বা পূর্ব্বোক্ত পরিদর্শকেরা এই মর্ম্মের সর্টিফিকট দিলে, স্থানীয় গবর্ণমেণ্ট তাহার মুক্ত হইবার, অথবা তাহাকে আটক রাখিবার, কিম্বা পূর্ব্বে ক্ষিপ্ত ব্যক্তিদের রাজকীয় আশ্রয় বাটীতে প্রেরিত না হইয়া থাকিলে তাহাকে তথায় পাঠাইবার আজ্ঞা করিয়া কোন এক জন বিচারকর্ত্তাকে ও দুই জন চিকিৎসক সাহেবকে কমিশ্যনস্বরূপে নিযুক্ত করিবেন। ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয়বাটীর প্রধান চিকিৎসক ঐ চিকিৎসকদের এক জন হইবেন।

ঐ কমিশ্যন আবশ্যকমত প্রমাণ লইয়া ঐ ব্যক্তির মনের অবস্থার বিষয়ে নিয়মিতরূপে অনুসন্ধান লওনপূর্ব্বক স্থানীয় গবর্ণমেণ্টে রিপোর্ট করিবেন। গবর্ণমেণ্ট যেমন উচিত বোধ করেন তেমনি ঐ ব্যক্তিকে ছাড়িয়া দিবার কিম্বা তাহার আটক থাকিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

204. Whenever any relative or friend of any person detained under the provisions of section 200 is desirous that he shall be delivered over to his care and custody, the Local Government, upon the application of such relative or friend, and on his giving security to the satisfaction of such Government that the person so detained shall be properly taken care of and shall be prevented from doing injury to himself or another, may order such person to be delivered to such relative or friend

Delivery of lunatic to care of relative

Whenever such person is so delivered over, it shall be upon condition that he shall be produced for the inspection of such officer as the Local Government appoints, and at such times as such Government directs

The provisions of sections 201 and 203 shall, *mutatis mutandis*, apply to persons detained under the provisions of this section, and the certificate of the inspecting officer appointed under this section shall be dealt with as a certificate of the Inspector-General of Prisons, or the visitors of lunatic asylums under the said sections

২০৪ ধারা। ২০০ ধারার বিধানমতে কোন ব্যক্তি আটক থাকিলে, যদি তাহার জ্ঞাতি কুটুম্ব কি বন্ধু তাহাকে আপনার রক্ষণে ও তত্ত্বাবধারণে লইতে ইচ্ছা করে, তবে স্থানীয় গবর্ণমেণ্টের নিকটে দরখাস্ত করিলে, ও সেই ব্যক্তির উপযুক্তমতে তত্ত্ব লওয়া যাইবে ও সে আপনার কি অন্য ব্যক্তির হানি করিতে পাইবে না, ঐ গবর্ণমেণ্টের সন্তোষমতে ইহার প্রতিভূ দিলে, গবর্ণমেণ্ট ঐ ব্যক্তিকে উক্ত জ্ঞাতি কুটুম্বের কি বন্ধুর নিকটে সমর্পণ করিবার আজ্ঞা দিতে পারিবেন।

আত্মীয়ের তত্ত্বাবধারণে ক্ষিপ্তকে অর্পণ করিবার কথা।

তাহাকে সেই প্রকারে অর্পণ করা গেলেও, স্থানীয় গবর্ণমেণ্ট যে কর্ম্মকারককে নিযুক্ত করেন ঐ ব্যক্তিকে দৃষ্টি করিবার জন্যে ঐ গবর্ণমেণ্টের নিরূপিত সময়ে২ তাঁহারই সম্মুখে উপস্থিত করা যাইবে এই নিয়মে তাহাকে অর্পণ করা যাইবে।

এই ধারার বিধানমতে যে ব্যক্তিদিগকে আটক করা যায় ২০১ ও ২০৩ ধারার কথা প্রয়োজনমতে পরিবর্ত্তন করিলে তাহাদের প্রতি সেই২ ধারার বিধান খাটিবে। ও এই ধারামতে দৃষ্টি করণার্থে যে কার্য্যকারককে নিযুক্ত করা যায় তাঁহার সর্টিফিকট লইয়া ঐ২ ধারার লিখিত জেলের ইনস্পেক্টর জেনরল সাহেবের কি ক্ষিপ্ত ব্যক্তিদের আশ্রয় বাটীর পরিদর্শকদের সর্টিফিকটের তুল্য কার্য্য হইবে ইতি।

CHAPTER XV

Of Contempts of Court

205. When any such offence as is described in sections 175, 178, 179, 180, or 228 of the Indian Penal Code is committed in the view or presence of a Presidency Magistrate, he may cause the offender to be detained in custody, and, at any time before the Magistrate leaves his court on the same day, he may take cognizance of the offence, and sentence the offender to punishment by fine not exceeding two hundred rupees, and, in default of payment, by imprisonment in the civil jail for a period not exceeding one month, unless such fine be sooner paid

Procedure in certain cases of contempt

In every such case the Magistrate shall record the acts constituting the offence, with the statement (if any) made by the offender, as well as the finding and sentence

If the offence is under section 228 of the Indian Penal Code, the record must show the nature and stage of the judicial proceeding in which the Magistrate interrupted or insulted was sitting, and the nature of the insult or interruption

---

পঞ্চদশ অধ্যায়।

আদালতের অবজ্ঞা বিষয়ক বিধি।

২০৫ ধারা। ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৫ কি ১৭৮ কি ১৭৯ কি ১৮০ কি ২২৮ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধ প্রেসিডেন্সী মাজিষ্ট্রেটের দৃষ্টি গোচরে কি সম্মুখে করা গেলে, তিনি অপরাধিকে আটক করাইয়া রাখিতে পারিবেন, ও সেই দিনে আদালতহইতে উঠিয়া যাইবার পূর্ব্বে কোন সময়ে ঐ অপরাধের বিচার করিয়া অপরাধির দুই শত টাকার অনধিক অর্থদণ্ডের আজ্ঞা করিতে পারিবেন, ও সেই অর্থদণ্ড না দেওয়া গেলে দেওয়ানী জেলখানায় তাহার এক মাসের অনধিক কাল বদ্ধ হইবার আজ্ঞা করিতে পারিবেন। ইতি মধ্যে ঐ অর্থদণ্ড দেওয়া গেলেই তাহাকে মুক্ত করা যাইবে।

কোন২ স্থলে অবজ্ঞা হইলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

উক্ত প্রত্যেক স্থলে যে২ কার্য্যদ্বারা অপরাধ হইল, মাজিষ্ট্রেট সেই২ কার্য্য, ও অপরাধী সেই বিষয়ে কোন কথা কহিলে, সেই কথা, ও যে বিচার ও দণ্ডাজ্ঞা হয় তাহা লিপিবদ্ধ করিবেন।

43 „ subsequent indorsee against first indorser, the indorsement being special	৪৩। হুণ্ডীর পৃষ্ঠলিপি বিশেষ হওয়াতে পৃষ্ঠলিখন দ্বারা পশ্চাৎ যে ব্যক্তির টাকা প্রাপ্য হয় পৃষ্ঠলিপির প্রথম লেখকের নামে তাঁহার আবেদনপত্র।
44 „ subsequent indorsee against his immediate indorser	৪৪। পৃষ্ঠে লিখনদ্বারা পশ্চাৎ যে ব্যক্তির টাকা প্রাপ্য হয় তাঁহার অব্যবহিত পূর্ব্বে পৃষ্ঠলিপি লেখকের নামে আবেদনপত্র।
45 „ subsequent indorsee against intermediate indorser	৪৫। পৃষ্ঠে লিখনদ্বারা পশ্চাৎ যে ব্যক্তির টাকা প্রাপ্য হয় মধ্যবর্ত্তি পৃষ্ঠলিপি লেখকের নামে তাঁহার আবেদনপত্র।
46 „ indorsee against drawer, acceptor, and indorser	৪৬। পৃষ্ঠে লিখন দ্বারা যে ব্যক্তির টাকা প্রাপ্য হয়, হুণ্ডী লেখকের ও স্বীকারকারির ও পৃষ্ঠলিপিকারকের নামে তাঁহার আবেদনপত্র।
47 „ of payee against drawer for non-acceptance	৪৭। হুণ্ডীর টাকা যে ব্যক্তির প্রাপ্য হয়, হুণ্ডী স্বীকার না করণ প্রযুক্ত হুণ্ডী লেখকের নামে তাঁহার আবেদনপত্র।
48 „ payee against acceptor	৪৮। যে ব্যক্তির টাকা প্রাপ্য হয় স্বীকারকারির নামে তাঁহার আবেদনপত্র।
49 „ on a marine [open] policy, on vessel lost by perils of the sea	৪৯। সমুদ্রগত বিপত্তি দ্বারা জাহাজ মারা পড়িলে অনির্দ্দিষ্ট টাকার সমুদ্রীয় বিমাপত্র ধরিয়া আবেদনপত্র।
50 „ cargo, lost by fire —valued policy	৫০। অগ্নিদ্বারা বোঝাই মাল নষ্ট হইলে, নির্দ্দিষ্ট টাকার বিমাপত্রের উপর আবেদনপত্র।
51 „ freight —valued policy	৫১। মালের ভাডা সম্পর্কীয় নির্দ্দিষ্ট টাকার বিমাপত্রের উপর আবেদনপত্র।
52 „ for a loss by general average	৫২। জাহাজ রক্ষা করিবার জন্যে মালপ্রভৃতি জলে ফেলা গেলে তাহার হানিপূরণস্বরূপ দেওয়া টাকা পাইবার আবেদনপত্র।
53 „ for a particular average loss	৫৩। বিশেষ মালের হানি হওয়াতে সেই হানিপূরণের নিমিত্ত আবেদনপত্র।
54 „ on a fire insurance policy	৫৪। অগ্নিদ্বারা ক্ষতির নিষ্কৃতির বিমাপত্রের উপর আবেদনপত্র।
55 „ against sureties for payment of rent.	৫৫। ভাডা দিবার প্রতিভূর নামে আবেদনপত্র।
B.—Plaints for Compensation for Breach of Contract	খ।—চুক্তি ভঙ্গ হেতুক হানিপূরণ পাইবার নিমিত্ত আবেদনপত্র।
56 Plaint for breach of agreement to convey land	৫৬। ভূমি হস্তান্তর করিবার একরারনামা ভঙ্গ হেতুক আবেদনপত্র।
57. „ for breach of agreement to purchase land	৫৭। ভূমি ক্রয় করিবার একরারনামা ভঙ্গ হেতুক আবেদনপত্র।
58 „ for not completing a purchase of immoveable property.	৫৮। স্থাবর সম্পত্তি ক্রয় সিদ্ধ না করণ হেতুক আবেদনপত্র।
59 " for not delivering goods sold.	৫৯। বিক্রীত মাল না দেওনহেতুক আবেদনপত্র।
60. „ for breach of contract to employ.	৬০। কর্ম্ম দিবার চুক্তি ভঙ্গ হেতুক আবেদনপত্র।

Forms		পাঠ।
61.	Pl* } for breach of contract to employ, where the employment never took effect	৬১। কর্ম্ম দিবার চুক্তি হইলে ও কর্ম্ম না করা গেলে ঐ চুক্তির উপর আবেদনপত্র।
62	„ for breach of contract to serve	৬২। চাকরী করিবার চুক্তি ভঙ্গ হেতুক আবেদনপত্র।
63	„ against a builder for defective workmanship	৬৩। উপযুক্তমতে কর্ম্ম না হওনপ্রযুক্ত গৃহ নির্ম্মাতার নামে আবেদনপত্র।
64	„ by the master against the father or guardian of an apprentice	৬৪। আপ্রেন্টিসের পিতার কি অভিভাবকের নামে কর্ত্তার আবেদনপত্র।
65	„ by the apprentice against the master	৬৫। কর্ত্তার নামে আপ্রেন্টিসের আবেদনপত্র।
66	„ on a bond for the fidelity of a clerk	৬৬। কেরাণীর বিশ্বস্ততাবিষয়ক নিবন্ধপত্রের উপর আবেদনপত্র।
67	„ by tenant against landlord, with special damage	৬৭। ভূম্যাধিকারির নামে বিশেষ হানি ধরিয়া প্রজার আবেদনপত্র।
68	„ for breach of warranty of moveables	৬৮। অস্থাবর দ্রব্যের নির্দ্দোষপত্র ভঙ্গ হেতুক আবেদনপত্র।
69	„ on an agreement of indemnity	৬৯। নিষ্কৃতিপত্রের উপর আবেদনপত্র।
70	„ by owner against freightor for not loading	৭০। বোঝাই মাল না দেওনের কি জাহাজে না তোলনের নিমিত্তে স্বামীর আবেদনপত্র।
C.—Plaints for Compensation upon Wrongs		গ।—অন্যায়হেতুক হানিপূরণ পাইবার আবেদনপত্র।
71	Plaint for trespass on land	৭১। ভূমিতে অনধিকার প্রবেশহেতুক আবেদনপত্র।
72	„ for trespass in entering a dwelling-house	৭২। বসতবাটীর মধ্যে অনধিকার প্রবেশহেতুক আবেদনপত্র।
73	„ for trespass on moveables	৭৩। অস্থাবর দ্রব্যের উপর অনধিকার প্রবেশের আবেদনপত্র।
74	„ for the conversion of moveable property	৭৪। অস্থাবর সম্পত্তির অবৈধ ব্যবহার করণ হেতুক আবেদনপত্র।
75	„ against a warehouseman for refusal to deliver goods	৭৫। মাল দিতে সম্মত না হওয়াতে আড়তদারের নামে আবেদনপত্র।
76	„ for procuring property by fraud	৭৬। প্রতারণা দ্বারা সম্পত্তি প্রাপণহেতুক আবেদনপত্র।
77	„ for fraudulently procuring credit to be given to another person	৭৭। পশ্চাৎমূল্য পাইবার অপেক্ষায় অন্য ব্যক্তিকে দ্রব্য দিবার প্রবৃত্তি প্রতারণাভাবে জন্মাওন হেতুক আবেদনপত্র।
78	„ for polluting the water under the plaintiff's land	৭৮। বাদির ভূমির নিম্নভাগের জল ঘোলা করণ হেতুক আবেদনপত্র।
79	„ for carrying on a noxious manufacture	৭৯। অস্বাস্থ্যজনক ব্যবসায় করণহেতুক আবেদনপত্র।
80.	„ for obstructing a way	৮০। পথাবরোধ করণপ্রযুক্ত আবেদনপত্র।
81.	„ for diverting a water-course	৮১। জলপ্রণালী অন্য মুখ করণহেতুক আবেদনপত্র।
82.	„ for obstructing a right to use water for irrigation.	৮২। ভূমিতে সেঁচিবার নিমিত্ত জলের ব্যবহার করিবার স্বত্ব অবরোধহেতুক আবেদনপত্র।
83.	„ for waste by a lessee	৮৩। পাট্টাদারের দ্বারা অপব্যয়হেতুক আবেদনপত্র।
84	„ for assault and battery	৮৪। আক্রমণ ও প্রহার হেতুক আবেদনপত্র।
85	„ for assault and battery, with special damage	৮৫। আক্রমণ করিয়া ও মারিয়া বিশেষ হানি হেতুক আবেদনপত্র।
86	„ for assault and false imprisonment	৮৬। আক্রমণ ও অন্যায়মতে কয়েদ করণ হেতুক আবেদনপত্র।
87	„ for injuries caused by negligence on a railroad	৮৭। অনবধানতা প্রযুক্ত রেলপথে যাওন সময়ে অপকার হেতুক আবেদনপত্র।
88	„ for libel, the words being libellous in themselves.	৮৮। কথাই অপবাদজনক হওয়াতে অপবাদ হেতুক আবেদনপত্র।
89	„ for libel, the words not being libellous in themselves.	৮৯। কথাই অপবাদজনক না হইলে অপবাদহেতুক আবেদনপত্র।
90.	„ for slander, the words being actionable in themselves.	৯০। কথাই নালিশের যোগ্য হইলে, গ্লানিহেতুক আবেদনপত্র।

FORMS.	পাঠ।
91 Plaint for slander, the words not being actionable in themselves	৯১। কথা নালিশের যোগ্য না হইলে গ্লানিহেতুক আবেদনপত্র।
92 „ for malicious prosecution	৯২। দ্বেষপূর্ব্বক অভিযোগহেতুক আবেদনপত্র।
93 „ for slander of title	৯৩। স্বত্বের অপলাপহেতুক আবেদনপত্র।
D Plaints in suits for specific Property	ঘ।—বিশেষ সম্পত্তির নিমিত্ত মোকদ্দমার আবেদনপত্র।
94 Plaint by the absolute owner for the possession of immoveable property	৯৪। স্থাবর সম্পত্তির অধিকার প্রাপণার্থ একক স্বামির আবেদনপত্র।
95 „ by the tenant	৯৫। প্রজার আবেদনপত্র।
96 „ for moveable property wrongfully taken	৯৬। অস্থাবর সম্পত্তি অন্যায়মতে হরণ করা গেলে তন্নিমিত্ত আবেদনপত্র।
97 „ for moveables wrongfully detained	৯৭। অস্থাবর সম্পত্তি অন্যায়মতে আটক রাখা গেলে তজ্জন্য আবেদনপত্র।
98 „ against a fradulent purchaser and his transferee	৯৮। কোন ব্যক্তি প্রতারণাপূর্ব্বক ক্রেতা হইয়া অন্য ব্যক্তিকে দ্রব্য দিলে তাহার নামে আবেদনপত্র।
E Plaints in suits for special Relief	ঙ।—বিশেষ উপকার প্রাপণার্থ মোকদ্দমার আবেদনপত্র।
99 Plaint for rescission of a contract on the ground of mistake	৯৯। ভুলক্রমে চুক্তি করা গেলে তাহা অসিদ্ধ করণার্থ আবেদনপত্র।
100 „ for an injunction restraining waste	১০০। অপচয় নিবারণার্থ নিষেধসূচক আজ্ঞা পাইবার আবেদনপত্র।
101 „ for abatement of a nuisance	১০১। অনিষ্টজনক বিষয় নিবারণার্থ আবেদনপত্র।
102 „ for an injunction against the diversion of a water-course	১০২। জলপ্রণালী অন্যমুখ করিবার নিষেধার্থ আবেদনপত্র।
103 „ for restoration of moveable property threatened with destruction, and for an injunction	১০৩। অস্থাবর সম্পত্তি নষ্ট করিবার ভয় দর্শাওনপ্রযুক্ত তাহা ফিরিয়া পাইবার ও নিষেধসূচক আজ্ঞার জন্যে আবেদনপত্র।
104 „ for interpleader	১০৪। মুজাহিমী আবেদনপত্র।
105 „ for administration by creditor	১০৫। উত্তমর্ণদ্বারা দ্রব্যনিরূপণাধিকার বিষয়ক আবেদনপত্র।
106 „ for administration by specific legatees	১০৬। উইলক্রমে নির্দ্দিষ্ট সম্পত্তিপ্রাপ্তার দ্রব্যনিরূপণাধিকারিত্বপত্রবিষয়ক আবেদনপত্র।
107 „ for administration by pecuniary legatees	১০৭। উইলক্রমে যাঁহারা ধন প্রাপ্ত হন তাঁহাদের দ্বারা দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্রবিষয়ক আবেদনপত্র।
108 „ for execution of trusts	১০৮। ন্যাসসংক্রান্ত কার্য্যসম্পাদনবিষয়ক আবেদনপত্র।
109 „ for foreclosure	১০৯। বন্ধকী দ্রব্য বিক্রয় করণ বিষয়ক আবেদনপত্র।
110. „ for redemption	১১০। বন্ধকী সম্পত্তি উদ্ধার করণ বিষয়ক আবেদনপত্র।
111 „ for specific performance (No 1)	১১১। নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদনার্থ আবেদনপত্র (১নং)।
112 „ for specific performance (No 2)	১১২। নির্দ্দিষ্ট কার্য্য সম্পাদনার্থ আবেদনপত্র (২নং)।
113 for dissolution of partnership	১১৩। অংশিত্ব লোপ করণার্থ আবেদনপত্র।
F Miscellaneous	ছ।—বিবিধ বিষয়ক।
114 Register of civil suits	১১৪। দেওয়ানী মোকদ্দমার রেজিষ্টর।
115 Summons for disposal of suit	১১৫। মোকদ্দমা নিষ্পত্তি করণার্থ সমনের পাঠ।
116 Summons for settlement of issues	১১৬। ইস্যু নিরূপণ করণার্থ সমনের পাঠ।
117 Summons to appear	১১৭। উপস্থিত হইবার সমনের পাঠ।
118 Order for transmission of summons for service in the jurisdiction of another Court.	১১৮। সমন জারী করিবার জন্যে অন্য আদালতের এলাকায় পাঠাইবার আজ্ঞাপত্র।
119 Process to accompany return of summons of another Court	১১৯। অন্য আদালতহইতে সমন ফিরিয়া পাঠান গেলে তাহার সঙ্গে পরওয়ানা।
120 Defendant's statement	১২০। প্রতিবাদির বর্ণনাপত্র।
121. Subpœna	১২১। সফীনা।
122. Summons to attend and give evidence	১২২। উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার সমন।

Forms		পাঠ।	
123	Notice to a party to the suit to show cause why he should not attend and give evidence	১২৩।	মোকদ্দমার এক পক্ষ উপস্থিত হইয়া সাক্ষ্য না দেন ইহার কারণ দর্শাইবার নিমিত্তে তাঁহার নামে নোটিস।
124	Simple money-decree.	১২৪।	টাকার নিমিত্তে সামান্য ডিক্রী।
125	Decree for sale in a suit by a mortgagee or person entitled to a lien	১২৫।	বন্ধক গ্রহীতার কিম্বা দ্রব্য রাখিবার স্বত্ববান ব্যক্তির প্রার্থনামতে বিক্রয় করিবার ডিক্রী।
126	Final decree for foreclosure	১২৬।	বন্ধকী দ্রব্য বিক্রয় করিবার শেষ ডিক্রী।
127	Preliminary order in administration suit	১২৭।	দ্রব্য নিরূপণাধিকারিত্বপত্র বিষয়ক মোকদ্দমার প্রথম স্থলের আজ্ঞা।
128	Final decree in an administration suit by a legatee	১২৮।	উইলক্রমে ধনাদি প্রাপ্তার দ্রব্যনিরূপণাধিকারিত্ববিষয়ক মোকদ্দমার চূড়ান্ত ডিক্রী।
129	Order for dissolution of partnership	১২৯।	অংশিত্ব লোপকরণ বিষয়ক আজ্ঞা।
130	Final decree in partnership suit	১৩০।	অংশিত্ববিষয়ক মোকদ্দমার শেষ ডিক্রী।
131	Notice to show cause why execution should not issue	১৩১।	ডিক্রী জারী না করিবার কারণ দেখাইবার নোটিস।
132	Warrant to bailiff to give possession of land, &c	১৩২।	বেলিফের নামে ভূমিপ্রভৃতির অধিকার দেওয়াইবার পরওয়ানা।
133.	Order for committal for resisting, &c, execution of decree for land	১৩৩।	ভূমির নিমিত্ত ডিক্রী জারী করিবার প্রতিবন্ধকতা প্রভৃতিকরণপ্রযুক্ত কারাবদ্ধ করিবার আজ্ঞা।
134	Warrant of attachment of moveable property in defendant's possession in execution of a decree for money	১৩৪।	টাকার ডিক্রী জারী করণার্থে প্রতিবাদির অধিকারগত অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার ওয়ারণ্ট।
135	Attachment in execution Prohibitory order where property to be attached consists of moveable property to wich defendant is entitled subject to lien of other person to immediate possession.	১৩৫।	ডিক্রী জারীক্রমে ক্রোক। অন্য ব্যক্তির অগৌণে অধিকারে রাখিবার স্বত্বাধীনে প্রতিবাদির যে অস্থাবর সম্পত্তি প্রাপ্ত হইবার অধিকার থাকে, এমত সম্পত্তি ক্রোক করিতে হইলে নিষেধসূচক আজ্ঞা।
136	Attachment in execution. Prohibitory order where property consists of debts not being negotiable instruments	১৩৬।	ডিক্রী জারীক্রমে ক্রোক। যে নিদর্শনপত্র ক্রয়বিক্রয় হইতে পারে তদ্ভিন্ন ঋণ লইয়া সম্পত্তি হইলে নিষেধসূচক আজ্ঞা।
137	Attachment in execution Prohibitory order where property consists of shares in public Company, &c	১৩৭।	ডিক্রীজারীক্রমে ক্রোক। প্রকাশ্য কোম্পানির শ্যার প্রভৃতি লইয়া সম্পত্তি হইলে নিষেধসূচক আজ্ঞা।
138	Attachment in execution Prohibitory order where property consists of immoveable property	১৩৮।	ডিক্রী জারীক্রমে ক্রোক। স্থাবর সম্পত্তি হইলে নিষেধসূচক আজ্ঞা।
139	Attachment Prohibitory order where property consists of money or of any security in hands of a Court of Justice or officer of Government	১৩৯।	ক্রোক। আদালতের কিম্বা গবর্ণমেণ্টের কোন কর্তৃপক্ষের হস্তগত ধন কি কোন নিদর্শনপত্র লইয়া সম্পত্তি হইলে, নিষেধসূচক আজ্ঞা।
140	Order for payment to plaintiff, &c, of money, &c, in hands of third party	১৪০।	অন্য ব্যক্তির হস্তগত ধনাদি বাদিপ্রভৃতিকে দিবার আজ্ঞাপত্র।
141	Appointment of manager	১৪১।	কার্য্যাধ্যক্ষের নিয়োগপত্র।
142	Authority to Collector to stay public sale of land on securities being given	১৪২।	জামিন দেওয়া গেলে কালেক্টর সাহেবের প্রতি ভূমির নীলাম স্থগিত রাখিবার ক্ষমতাপত্র।
143	Warrant of sale of property in execution of decree for money	১৪৩।	টাকার নিমিত্ত ডিক্রী জারীক্রমে সম্পত্তি নীলাম করিবার ওয়ারণ্ট।
144	Order confirming sale of land, &c	১৪৪।	ভূমি প্রভৃতির নীলাম সিদ্ধ করণের আজ্ঞা।
145	Certificate of sale of land	১৪৫।	ভূমি বিক্রয়ের সর্টিফিকট।
146	Notice to person in possession of moveable property sold in execution	১৪৬।	ডিক্রী জারীক্রমে বিক্রীত অস্থাবর সম্পত্তি যাঁহার অধিকারে থাকে তাঁহার নামে নোটিস।
147	Order for delivery to certified purchaser of land at sale in execution	১৪৭।	ডিক্রী জারীক্রমে বিক্রীত ভূমির সর্টিফিকট প্রাপ্ত ক্রেতাকে ঐ ভূমি সমর্পণ করিবার আজ্ঞা।

Forms		পাঠ।	
148.	Prohibitory order against payment of debts sold in execution to other than purchaser	১৪৮।	ডিক্রী জারীক্রমে ঋণ বিক্রয় হইলে, ক্রেতা-ভিন্ন কোন ব্যক্তিকে ঐ ঋণের টাকা না দিবার নিষেধসূচক আজ্ঞা।
149.	Prohibitory order against transfer of shares sold in execution	১৪৯।	ডিক্রী জারীক্রমে শ্যার বিক্রয় হইলে তাহা হস্তান্তর না করিবার নিষেধসূচক আজ্ঞা।
150	Warrant of arrest in execution	১৫০।	ডিক্রী জারীক্রমে গ্রেপ্তারী পরওয়ানা।
151.	Certificate of non-satisfaction of decree	১৫১।	ডিক্রী সাধন না হইবার সর্টিফিকট।
152	Notice to attaching creditor	১৫২।	ক্রোককারি উত্তমর্ণের নামে নোটিস।
153	Commission to examine absent witnesses	১৫৩।	অনুপস্থিত সাক্ষিদের সাক্ষ্য লইবার কমিশ্যন।
154.	Commission for local enquiry, or for investigation of accounts	১৫৪।	স্থানবিশেষে অনুসন্ধান লইবার কিম্বা হিসাবের তদন্ত লইবার কমিশ্যন।
155	Undertaking by next friend of minor to be responsible for defendant's costs	১৫৫।	প্রতিবাদির খরচের নিমিত্ত নাবালগের আসন্ন বন্ধুর দায়ী হইবার প্রতিজ্ঞাপত্র।
156	Warrant of arrest before judgment	১৫৬।	নিষ্পত্তির পূর্ব্বে গ্রেফ্তারী পরওয়ানা।
157	Order for committal	১৫৭।	হেফাজতে রাখিবার আজ্ঞা।
158	Attachment before judgment with order to call for security for fulfilment of decree	১৫৮।	ডিক্রীর পূর্ব্বে ক্রোক ও ডিক্রীসাধন হইবার জামিন দিবার আজ্ঞা।
159	Attachment before judgment on proof of failure to furnish security	১৫৯।	জামিন না দেওয়ার প্রমাণ হইলে নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক।
160	Attachment before judgment Prohibitory order where property to be attached consists of moveable property, to which the defendant is entitled, subject to lien of other person to immediate possession	১৬০।	ডিক্রী হওয়ার পূর্ব্বে ক্রোক। অন্য ব্যক্তির অগৌণে অধিকারে রাখিবার স্বত্বাধীনে প্রতিবাদির যে অস্থাবর সম্পত্তি প্রাপ্ত হইবার অধিকার থাকে সেই সম্পত্তি ক্রোক করিতে হইলে নিষেধসূচক আজ্ঞা।
161	Attachment before judgment Prohibitory order where property consists of immoveable property	১৬১।	ডিক্রী হওয়ার পূর্ব্বে ক্রোক। স্থাবর সম্পত্তি হইলে নিষেধসূচক আজ্ঞা।
162	Attachment before judgment Prohibitory order where property consists of money in hands of other persons, or of debts not being negotiable instruments	১৬২।	ডিক্রী হওয়ার পূর্ব্ব ক্রোক। অন্য ব্যক্তিদের হস্তগত ধন কিম্বা যে নিদর্শনপত্রাদি বিক্রয় হইতে পারে তদ্ভিন্ন ঋণ লইয়া সম্পত্তি হইলে নিষেধসূচক আজ্ঞা।
163	Attachment before judgment Prohibitory order where property consists of shares in public Company, &c	১৬৩।	ডিক্রী হওয়ার পূর্ব্বে ক্রোক। প্রকাশ্য কোম্পানির শ্যার লইয়া সম্পত্তি হইলে, নিষেধসূচক আজ্ঞা।
164	Notice of application for injunction	১৬৪।	নিষেধসূচক আজ্ঞা পাইবার প্রার্থনার নোটিস।
165	Bond to be given by Receiver	১৬৫।	গ্রাহকের নিবন্ধপত্র।
166	Order of reference to arbitration under agreement of parties	১৬৬।	উভয় পক্ষের সম্মতিক্রমে সালিসীতে অর্পণ করিবার আজ্ঞা।
167	Order of reference to arbitration by Court with consent	১৬৭।	উভয় পক্ষের সম্মতিক্রমে আদালতকর্ত্তৃক সালিসীতে অর্পণ করিবার আজ্ঞা।
168	Summons in summary suit on negotiable instrument	১৬৮।	যে নিদর্শনপত্রের ক্রয়বিক্রয় হইতে পারে তদ্বিষয়ক সরাসরী মোকদ্দমায় সমন।
169	Memorandum of appeal	১৬৯।	আপীলের মর্ম্মাত্মকপত্র।
170	Register of appeals	১৭০।	আপীলের রেজিষ্টর।
171	Notice to respondent of day fixed for hearing of appeal	১৭১।	রিস্পাণ্ডেণ্টকে আপীল শুনিবার নিরূপিত দিনের নোটিস।
172	Decree on appeal	১৭২।	আপীলক্রমে ডিক্রী।
173	Register of appeals from appellate decrees	১৭৩।	আপীলী মোকদ্দমার ডিক্রীর উপর আপীলের রেজিষ্টর।
174	Notice to show cause why review should not be granted	১৭৪।	পুনরালোচনা করিবার অনুমতি না দেওনের কারণ জানাইবার নোটিস।
175	Notice of change of pleader	১৭৫।	উকীল পরিবর্ত্তন হওয়ার নোটিস।
176	Memorandum to be placed at foot of every summons, notice, decree, or order of Court, or any other process of Court	১৭৬।	আদালতের প্রত্যেক সমনের ও নোটিসের ও ডিক্রীর ও আজ্ঞাপত্রের ও আদালতের অন্য কোন পরওয়ানার নিম্নভাগের স্মারকলিপি।

A Bill to consolidate and amend the Laws relating to the Procedure of the Courts of Civil Judicature

Preamble

WHEREAS it is expedient to consolidate and amend the laws relating to the procedure of the Courts of Civil Judicature, It is hereby enacted as follows —

PRELIMINARY

Short title

1 This Act may be cited as "The Code of Civil Procedure"

Local extent

It extends to the whole of British India except the Scheduled Districts as defined in Act No XIV of 1874,

Commencement

And it shall come into force on the day of 1876

Interpretation clause

2 In this Act, unless there be something repugnant in the subject or context—

"Chapter

"Chapter" means a chapter of this Code

"District'

"District" means the local limits of the jurisdiction of a principal Civil Court of original jurisdiction, and includes the local limits of the ordinary original civil jurisdiction of a High Court

District Court

"District Court" means the principal Civil Court of original jurisdiction in a district

Subordinate Court

"Subordinate Court" means any Court subordinate to a High Court

Pleader

"Pleader" denotes every person entitled to appear and plead for another in Court and includes an Advocate and a Vakil

Collector'

"Collector" denotes every officer performing the duties of a Collector of Land Revenue

দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধনার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইন সংগ্রহ ও সংশোধন করা বিহিত এই হেতুক নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

পরিভাষা।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। "দেওয়ানী আদালতের কার্য্যপ্রণালী বিষয়ক আইন" নামে এই আইনের উল্লেখ হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

১৮৭৪ সালের ১৪ আইনে তফসীলে লেখা যে প্রদেশ নির্ণয় হইয়াছে এই আইন সেই প্রদেশ ছাড়া ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত তাবদ্দেশে প্রচলিত হইবে।

যে অবধি প্রচলিত হইবে।

ও ১৮৭৬ সালের অমুক মাসের অমুক তারিখ অবধি প্রচলিত হইবে ইতি।

অর্থ করণের ধারা।

২ ধারা। বিষয় বিবেচনায় কি পূর্ব্বাপর কথা দ্বারা বিপরীত ভাব বোধ না হইলে, এই আইনে,

"পরিচ্ছেদ।

"পরিচ্ছেদ" শব্দে এই আইনের পরিচ্ছেদ জানিতে হইবে।

"জিলা।"

মোকদ্দমা আদৌ শুনিবার পক্ষে প্রধান দেওয়ানী আদালতের বিচারাধিপত্য যে সীমার মধ্যে ব্যাপ্ত হয় "জিলা" শব্দে সেই সীমান্তর্গত স্থান জানিতে হইবে। দেওয়ানী মোকদ্দমা আদৌ শুনিবার পক্ষে হাইকোর্টের সাধারণ বিচারাধিপত্য যে সীমার মধ্যে ব্যাপ্ত হয় ঐ শব্দের মধ্যে সেই সীমান্তর্গত স্থানও গণ্য।

"জিলার আদালত।

কোন জিলার মধ্যে মোকদ্দমা আদৌ শুনিবার পক্ষে প্রধান যে দেওয়ানী আদালতের বিচারাধিপত্য থাকে, "জিলার আদালত" শব্দে সেই আদালত জানিতে হইবে।

'অধীন আদালত।'

"অধীন আদালত" শব্দে হাইকোর্টের অধীন কোন আদালত জানিতে হইবে।

"প্লীডর।

কোন ব্যক্তির সপক্ষে আদালতে উপস্থিত হইয়া যে ব্যক্তির সমর্থন করিবার অধিকার আছে 'প্লীডর' শব্দে তাঁহাকে বুঝাইবে, ইহার মধ্যে আডবোকেট ও উকীলও গণ্য।

"কালেক্টর।

যে প্রত্যেক কার্য্যকারক ভূমির রাজস্বের কালেক্টরের কর্ম্ম করেন "কালেক্টর" শব্দে তাঁহাকে বুঝাইবে।

'The cause of action' means the whole of the circumstances which the plaintiff must allege in order to shew a right to sue, and 'a material part of the cause of action' means some one of those circumstances

'The cause of action'
'A material part of the cause of action'

"Judgment" denotes the statement given by the Judge as the grounds on which his order or decision is founded

"Judgment"

"Decree" means the order or decision by which a suit or appeal is determined so far as concerns the Court which passes the order or decision An order on appeal, remanding a suit for retrial, is not within this definition

"Decree"

"Foreign Court" means a Court situate beyond the limits of British India and not established by the authority of the Governor-General in Council, and "foreign judgment" means the judgment of a Foreign Court

'Foreign Court'
'Foreign judgment'

"Jail" means the civil jail of the District, or any place appointed by the Local Government for the confinement of persons under civil process

"Jail"

And in any part of British India in which this Code operates, "Government" includes the Government of India as well as the Local Government

"Government"

3 The enactments specified in the first schedule hereto annexed are hereby repealed to the extent mentioned in the third column of the same schedule, but not so as to render invalid any thing lawfully done in conformity with any of them

Enactments repealed

4 But when in any other Act or in any Regulation or Notification passed or issued prior to the day of 187 , reference is made to Act VIII of 1859, Act XXIII of 1861, or the 'Code of Civil Procedure,' such reference shall, so far as may be practicable, be read as applying to this Code, and when any procedure is directed to be in accordance with the provisions of Act VIII of 1859, Act XXIII of

References in previous Acts

নালিশ করিবার অধিকার দেখাইবার জন্যে বাদির যে সকল বৃত্তান্ত জানাইতে হইবে, 'নালিশের হেতু' শব্দে সেই সকল বৃত্তান্ত বুঝাইবে। এবং 'নালিশের হেতুর গুরুতর অংশ' এই কথায় উক্ত বৃত্তান্তের মধ্যে কোন এক বৃত্তান্ত বুঝাইবে।

"নালিশের হেতু।"
'নালিশের হেতুর গুরুতর অংশ।"

জজ আপনার আজ্ঞার কি নিষ্পত্তির মূল বলিয়া যে হেতু ব্যক্ত করেন "বিচার" শব্দে তাহাই বুঝাইবে।

'বিচার।'

যে আদালত যে আজ্ঞা কি নিষ্পত্তি করিয়া মোকদ্দমা কি আপীল নির্ণয় করেন, সেই আদালতের সঙ্গে যত দূর সম্পর্ক থাকে তত দূর "ডিক্রী" শব্দে সেই আজ্ঞা কি নিষ্পত্তি জানিতে হইবে। আপীল মুখে পুনর্বিচার হইবার নিমিত্ত মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার যে আজ্ঞা হয় তাহা এই অর্থের মধ্যে ধরিতে হইবে না।

'ডিক্রী।"

ব্রিটনীয় ভারতবর্ষের সীমার বহির্ভূত যে আদালত মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের আজ্ঞাক্রমে স্থাপিত না হয়, "ভিন্নদেশীয় আদালত" শব্দে সেই আদালত জানিতে হইবে, এবং 'ভিন্নদেশীয় বিচার" শব্দে ভিন্নদেশীয় আদালতের বিচার জানিতে হইবে।

"ভিন্নদেশীয় আদালত।'
'ভিন্নদেশীয় বিচার।

"জেল" শব্দে জিলার দেওয়ানী জেলখানা কি দেওয়ানী পরওয়ানাক্রমে কোন ব্যক্তিকে কারাবদ্ধ রাখিবার জন্য স্থানীয় গবর্ণমেণ্ট যে স্থান নিরূপণ করেন সেই স্থান জানিতে হইবে।

"জেল।

এবং আইন ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে প্রচলিত হয় সেই স্থানে "গবর্ণমেণ্ট" শব্দের মধ্যে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ও স্থানীয় গবর্ণমেণ্ট উভয়ই গণ্য ইতি

"গবর্ণমেণ্ট।

৩ ধারা। এই আইনের প্রথম তফসীলে যেং আইনের উল্লেখ হইয়াছে, ঐ তফসীলের তৃতীয় ঘরে যত দূর নির্দ্দিষ্ট হইল ঐং আইন এতৎক্রমে তত দূর রহিত করা গেল। কিন্তু উক্ত কোন আইনক্রমে যে কোন কর্ম্ম বৈধমতে করা গিয়াছে সেই কর্ম্ম ব্যর্থ হইবে না ইতি।

যেং আইন রহিত হইল তাহার কথা।

৪ ধারা। কিন্তু অমুক সালের অমুক মাসের অমুক তারিখের পূর্ব্বে অন্য যে আক্ট কি আইন কি জ্ঞাপনপত্র প্রচারিত কি প্রচলিত হইয়া থাকে, তন্মধ্যে ১৮৫৯ সালের ৮ আইন কিম্বা ১৮৬১ সালের ২৩ আইন কিম্বা "দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন" উল্লেখ হইলে, যত দূর হইতে পারে তত দূর এই আইনের উল্লেখ হইল বলিয়া জানিতে হইবে আর ১৮৫৯ সালের ৮ আইনের কিম্বা ১৮৬১ সালের ২৩ আইনের কিম্বা

পূর্ব্বপ্রকাশিত আইনে উল্লেখ হওয়ার কথা।

1861, or the 'Code of Civil Procedure,' such procedure shall be deemed to be directed to be in accordance with the provisions of this Code

Saving of certain Acts affecting Oudh, the Panjab, and Burma

And save as aforesaid nothing herein contained shall be deemed to affect the following enactments (namely)—

The Oudh Civil Courts Act, 1871

The Panjáb Appeals Act, 1878

The Burma Courts Act, 1875

Sections extending to Mofussil Small Cause Courts

5 The chapters and sections specified in the second schedule hereto annexed, extend (so far as they are applicable) to Courts of Small Causes constituted under Act No XI of 1865 The other chapters and sections do not extend to such Courts

Saving of jurisdiction and procedure—

6 Nothing in this Code alters or affects the jurisdiction or procedure—

(a) of Military Courts Request

(a) of Military Courts of Request

(b) of single officers appointed to try small suits in Madras and Bombay,

(b) of a single officer duly authorized and appointed under the rules in force in the Presidencies of Madras and Bombay respectively, for the trial of small suits in Military Bázars at Cantonments and Stations occupied by the Troops of those Presidencies respectively, or

(c) of Village Munsifs and Village and District Panchâyats in Madras

(c) of Village Munsifs or Village or District Panchayats under the provisions of the Madras Code,

(d) of Military Panchâyats in Madras

(d) of Panchayats in regard to suits against Military persons, according to the rules in force in the Presidency of Madras

7 With respect to—

Saving of certain special or local laws

(a) the jurisdiction exercised by certain jágírdárs and other authorities invested

দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের বিধানমতে কোন কার্য্য হইবার বিধান থাকিলে, এই আইনের বিধানমতে কার্য্য হইবার বিধান হইল বলিয়া জানিতে হইবে।

অযোধ্যা ও পঞ্জাব ও বর্ম্মাদেশ সম্পর্কীয় কোনং আইন প্রবল রাখিবার কথা।

পূর্ব্বোক্ত স্থল ছাড়া এই আইনের কোন কথাক্রমে নিম্নলিখিত আইনের যে ব্যতিক্রম হইয়াছে এমত জ্ঞান করিতে হইবে না, অর্থাৎ।

অযোধ্যার দেওয়ানী আদালত বিষয়ক ১৮৭১ সালের আইন।

পঞ্জাবের আপীল বিষয়ক ১৮৭৩ সালের আইন।

বর্ম্মাদেশের আদালত বিষয়ক ১৮৭৫ সালের আইন ইতি।

মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি যেং ধারা খাটে তাহার কথা।

৫ ধারা। এই আইনের দ্বিতীয় তফসীলে যেং পরিচ্ছেদের ও ধারার উল্লেখ হইয়াছে, তাহা যত দূর বর্ত্তিতে পারে ১৮৬৫ সালের ১১ আইনমতে স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি তত দূর বর্ত্তিবে। অন্য সকল পরিচ্ছেদ ও ধারা সেইং আদালতের প্রতি খাটে না ইতি।

বিচারাধিপত্য ও কার্য্য প্রণালী রক্ষার কথা।

৬ ধারা। এই আইনের কোন কথার দ্বারা নিম্নলিখিত আদালত প্রভৃতির অর্থাৎ,

(ক) সৈনিক কোর্ট রিকুয়েষ্ট।

(ক) সৈনিক কোর্ট রিকোয়েষ্টের,

(খ) মান্দ্রাজে ও বোম্বাইয়ে ক্ষুদ্র মোকদ্দমার বিচারার্থে নিযুক্ত সৈনিকদের কথা।

(খ) মান্দ্রাজ ও বোম্বাইদেশের সৈন্যেরা যে সেনানিবেশ স্থানে ও নগরে বাস করেন, তথাকার সৈনিক বাজারে ঐং দেশের প্রচলিত বিধিমতে যে কার্য্যকারক একক ক্ষুদ্র মোকদ্দমার বিচার করণার্থে নিয়মমতরূপে ক্ষমতাপ্রাপ্ত ও নিযুক্ত হন তাঁহার,

(গ) মান্দ্রাজের গ্রামের মুনসেফ ও গ্রামের ও জিলার পঞ্চায়তের কথা।

(গ) মান্দ্রাজদেশীয় আইনের বিধানমতে গ্রাম্যমুনসেফদের কিম্বা গ্রামের কি জিলার পঞ্চায়তদের।

মান্দ্রাজের সৈনিক পঞ্চায়তদের কথা।

(ঘ) মান্দ্রাজের প্রচলিত বিধিমতে সৈন্যসংক্রান্ত ব্যক্তিদের নামে যেং মোকদ্দমা হয় সেইং মোকদ্দমায় পঞ্চায়তদের বিচারাধিপত্যের কি কার্য্যপ্রণালীর পরিবর্ত্তন কি ব্যতিক্রম হইবে না ইতি।

বিশেষ কি স্থানীয় কোনং আইন প্রবল রাখিবার কথা।

৭ ধারা। এই ধারায় যেং আইনের কথা আছে বা যেং আইনের উল্লেখ হইয়াছে, তাহার কোন বিশেষ বিধানের সঙ্গে এই আইনের নিরূপিত বিধি অসঙ্গত না হইলে,

(ক) বোম্বাইয়ের ১৮৩০ সালের ১৩ আইনের (অর্থাৎ কোনং জায়গীরদারদের ও সরঞ্জামদারদের ও ইনামদারদের প্রতি আপনং ভূমির সীমানার মধ্যে

with powers under the provisions of Bombay Regulation XIII, 1830 *(for vesting certain Jugheerdars, Surinjameedars, and Enamdars with the power of deciding suits within the Boundaries of their respective estates)* and Act XV of 1840 *(for extending Regulations XV of 1827, and XIII of 1830, of the Bombay Code to the Agent of Foreign Sovereigns)* in the cases therein mentioned, and

(*b*) cases of the nature defined in the enactments specified in the third schedule hereto annexed,

How far this Code applies to them

the procedure in such cases and in the regular and special appeals to the Civil Courts allowed therein, shall be according to the rules laid down in this Code, except where those rules are inconsistent with any specific provisions contained in the enactments mentioned or referred to in this section,

Code not be apply to Presidency Small Cause Courts till specially extended

8 Save as hereinafter provided, this Code shall not extend to any suit or proceeding in any Court of Small Causes established in the towns of Calcutta, Madras, and Bombay

But the Local Government may, by notification published in the official Gazette, extend to any such Court this Code or any part thereof, except so far as relates to appeals and reviews of judgment

Division of Code

9 This Act is divided into ten parts as follows —

The first Part	Suits in General
The second Part	Incidental Proceedings
The third Part	Suits in Particular Cases
The fourth Part	Provisional Remedies
The fifth Part	Special Proceedings
The sixth Part	Appeals
The seventh Part	Review of Judgment
The eighth Part	References to the High Court
The ninth Part	Special Rules relating to the High Court
The tenth Part	Certain Miscellaneous Matters

PART I
OF SUITS IN GENERAL
CHAPTER I
Of the Jurisdiction of the Courts and *Res Judicata*

No person exempt from jurisdiction by reason of descent or place of birth

10 No person shall, by reason of his descent or place of birth, be in any civil proceeding exempted from the jurisdiction of any of the Courts

মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা প্রদান করণার্থ আইনের) ও ১৮৪০ সালের ১৫ আইনের (অর্থাৎ ভিন্নদেশীয় রাজাদের কর্ম্মকারকদের প্রতি বোম্বাইদেশের ১৮২৭ সালের ১৫ আইন ও ১৮৩০ সালের ১৩ আইন বর্ত্তাইবার আইনের) উল্লিখিত মোকদ্দমায় ঐ আইনের বিধানমতে ক্ষমতাপ্রাপ্ত কোন জায়গীরদারেরা ও অন্য কর্ত্তৃপক্ষেরা যে ক্ষমতামতে কার্য্য করিয়া থাকেন তৎসম্পর্কে এবং

(খ) এই আইনের তৃতীয় তফসীলে যে২ আইন নির্দ্দিষ্ট হইয়াছে সে ২ আইনে যে২ প্রকারের মোকদ্দমার উল্লেখ হইয়াছে তৎসম্পর্কে,

তদ্বিষয়ে এই আইন যত দূর খাটে তাহার কথা।

ঐ২ মোকদ্দমার কার্য্যপ্রণালী এবং ঐ২ আইন অনুসারে দেওয়ানী আদালতে জাবেতামত ও খাস যে২ আপীল করিবার অনুমতি হয় তৎসংক্রান্ত কার্য্যপ্রণালী এই আইনের নির্দ্ধারিত বিধিমতে হইবে ইতি।

রাজধানীর ক্ষুদ্র মোকদ্দমার আদালতের প্রতি এই আইন বিশেষমতে বর্ত্তান না গেলে না বর্ত্তিবার কথা।

৮ ধারা। পশ্চাৎ যে স্থলের বিধান হইতেছে সেই স্থলছাড়া, এই আইন কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাইনগরে স্থাপিত ক্ষুদ্র মোকদ্দমার কোন আদালতে কোন মোকদ্দমার কি আনুষ্ঠানিক কোন কার্য্যের প্রতি খাটিবে না,

কিন্তু স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া, উক্ত কোন আদালতে আপীল ও বিচারের পুনরালোচনা বিষয়ক বিধি ছাড়া এই আইন কি তাহার কোন অংশ প্রচলিত করিতে পারিবেন ইতি।

আইনের বিভাগের কথা।

৯ ধারা। এই আইন নিম্নলিখিত দশ অধ্যায়ে বিভক্ত,

প্রথম অধ্যায়। নানাপ্রকারের মোকদ্দমার সাধারণ বিধি।

দ্বিতীয় অধ্যায়।—নৈমিত্তিক কার্য্যানুষ্ঠানের বিধি।

তৃতীয় অধ্যায়।—বিশেষস্থলের মোকদ্দমার বিধি।

চতুর্থ অধ্যায়।—অল্পকালীন প্রতিকারের বিধি।

পঞ্চম অধ্যায়।—বিশেষ কার্য্যানুষ্ঠানের বিধি।

ষষ্ঠ অধ্যায়।—আপীলের বিধি।

সপ্তম অধ্যায়।—বিচারের পুনরালোচনার বিধি।

অষ্টম অধ্যায়।—হাইকোর্টের প্রতি অর্পণ করিবার বিধি।

নবম অধ্যায়।—হাইকোর্ট সম্পর্কীয় বিশেষ বিধি।

দশম অধ্যায়।—বিবিধ কোন২ বিষয়ের বিধি।

প্রথম অধ্যায়।

নানা প্রকারের মোকদ্দমার সাধারণ বিধি।

১ পরিচ্ছেদ।

আদালতের বিচারাধিপত্যের ও নিষ্পত্তি করা বিষয়ের কথা।

বংশ কি জন্মস্থান হেতুক আদালতের বিচারাধিপত্য হইতে কোন ব্যক্তির মুক্ত না থাকার কথা।

১০ ধারা। মোকদ্দমাঘটিত কোন দেওয়ানী কার্য্যপক্ষে কোন ব্যক্তি বংশ কি জন্মস্থান হেতুক কোন আদালতের বিচারাধিপত্যহইতে মুক্ত হইবেন না ইতি।

11. The Court shall try all suits of a civil nature excepting suits of which their cognizance is barred by law

Courts to try all civil suits unless specially barred

১১ ধারা। আইনমতে আদালতের কোন মোকদ্দমা গ্রাহ্য করিবার বাধা না হইলে, আদালত দেওয়ানী সকল মোকদ্দমার বিচার করিবেন ইতি।

বিশেষমতে নিবারিত না হইলে আদালতের দ্বারা দেওয়ানী সকল মোকদ্দমার বিচার হইবার কথা।

12. Except where a suit has been stayed under section 17, the Court shall not try any suit in which the matter in issue is also in issue in a previously instituted suit between the same parties, or between parties under whom they or any of them claim, pending in the same or any other Court, whether superior or inferior, in British India, or in any Court beyond the limits of British India established by the authority of the Governor General in Council

Pending suits

১২ ধারা। কোন মোকদ্দমায় যে বিষয় লইয়া বিবাদ হয়, যদি সেই বিষয় লইয়া সেই ব্যক্তিদের মধ্যে, কিম্বা সেই ব্যক্তিরা কি তাঁহাদের কোন জন যাঁহাদের অধীনে দাওয়া করেন তাঁহাদের মধ্যে, অন্য মোকদ্দমা পুর্ব্বে উপস্থিত করা গিয়া তৎকালে সেই আদালতে কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত নিম্নতর কি উচ্চতর শ্রেণীর অন্য কোন আদালতে কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের সীমার বহির্ভূত স্থানে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে স্থাপিত কোন আদালতে উপস্থিত থাকে, তবে ১৭ ধারামতে মোকদ্দমা স্থগিত করা না গেলে, ঐ আদালত সেই বিষয়ের সেই মোকদ্দমার বিচার করিবেন না।

যেং মোকদ্দমা উপস্থিত থাকে তাহার কথা।

Explanation—The pendency of a suit in a Foreign Court does not preclude the Courts in British India from trying a suit founded on the same cause of action

অর্থ করণের কথা।—ভিন্নদেশীয় আদালতে মোকদ্দমা উপস্থিত থাকিলেও, ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন আদালতে নালিশের সেই হেতু মূলক মোকদ্দমার বিচার হইবার নিষেধ নাই ইতি।

13 The Courts shall dismiss any suit in which the matter substantially in issue has been heard and finally decided by a Court of competent jurisdiction proceeding according to the forms of law, by a valid sentence, in a former suit between the same parties, or between parties under whom they or any of them claim, litigating under the same title and in the same quality

Res judicata

১৩ ধারা। উপযুক্ত ক্ষমতাপন্ন কোন আদালত আইনের দাঁড়ামতে কার্য্যানুষ্ঠান করিয়া কোন বিষয় শুনিয়া প্রমাণিক আজ্ঞা করিয়া চূড়ান্ত নিষ্পত্তি করিলে পর, সেই মোকদ্দমার উভয় পক্ষ, কিম্বা তাঁহারা কি তাঁহাদের কোন জন যেং পক্ষের অধীনে দাওয়া করেন তাঁহারা সেই অধিকারক্রমে ও সেই সম্বন্ধ হেতুক বিবাদ করিয়া ইস্যুর নির্ণীত বাস্তবিক সেই বিষয় লইয়া মোকদ্দমা উপস্থিত করিলে আদালত সেই মোকদ্দমা ডিসমিস করিবেন।

নিষ্পত্তি করা বিষয়ের কথা।

Explanation I—The matter above referred to must in the former suit have been alleged by one party and either denied or confessed, expressly or impliedly, by the other

অর্থ করণের প্রথম কথা।—উক্ত যে বিষয়ের উল্লেখ হইয়াছে, প্রথমোক্ত মোকদ্দমায় এক পক্ষের সেই বিষয় ব্যক্ত করা, ও অন্য পক্ষের স্পষ্টরূপে কি ভাবতঃ সেই বিষয় অপহ্নব কিম্বা স্বীকার করা আবশ্যক।

Explanation II—Where a foreign judgment is relied on, the production of the judgment duly authenticated is presumptive evidence that the Court which made it had competent jurisdiction, unless the contrary appear on the record, but such presumption may be removed by shewing the want of jurisdiction by such evidence as is allowed by law

অর্থ করণের দ্বিতীয় কথা।—যদি ভিন্নদেশীয় বিচারের উপর নির্ভর হইয়া থাকে, তবে যে আদালত ঐ বিচার করিলেন কাগজপত্র দৃষ্টে সেই আদালতের বিচারাধিপত্য নাই দেখা না গেলে, নিয়মিতরূপে সত্যাকৃত সেই বিচারপত্র উপস্থিত করাই সেই আদালতের উপযুক্ত ক্ষমতার আনুমানিক প্রমাণ হইবে। কিন্তু আইনমতে যে প্রমাণ দেওয়া যাইতে পারে তদ্দ্বারা বিচারাধিপত্য না থাকা দেখান যাইতে পারিলে সেই অনুমানের নিরাকরণ হইতে পারিবে।

No foreign judgment shall operate as a bar to a suit in British India—

নিম্নলিখিত স্থলে ভিন্নদেশীয় বিচারপ্রযুক্ত ব্রিটনীয় ভারতবর্ষে মোকদ্দমা উপস্থিত করিবার বাধা হইবে না,

(*a*) if it has not been given on the merits of the case

(ক) যদি মোকদ্দমার দোষগুণ বিবেচনায় বিচার না হইয়া থাকে,

(*b*) if it appears on the face of the proceedings to be founded on an incorrect view of international law or of any law in force in British India

(খ) ভিন্নং দেশের মধ্যে পরস্পর যে ব্যবস্থা স্বীকৃত আছে সেই ব্যবস্থার কিম্বা ব্রিটনীয় ভারতবর্ষের প্রচলিত কোন আইনের ভ্রমাত্মক মর্ম্ম ধরিয়া বিচার হইল, আনুষ্ঠানিক কার্য্য দেখিলেই যদি আপাততঃ ইহা বোধ হয়,

(*c*) if it is in the opinion of the Court before which it is produced contrary to natural justice

(গ) যে আদালতের সম্মুখে ঐ বিচারপত্র উপস্থিত করা যায় সেই আদালতের জ্ঞানে যদি সেই বিচার স্বাভাবিক ন্যায়ের বিপরীত হইয়া থাকে,

(*d*) if it has been obtained by fraud

(ঘ) যদি প্রতারণাক্রমে পাওয়া যায়,

(*e*) if it sustains a claim founded on a breach of any law in force in British India

(ঙ) ব্রিটনীয় ভারতবর্ষে প্রচলিত কোন আইনের উল্লঙ্ঘনমূলক যে দাওয়া হয় যদি সেই বিচারে এমত দাওয়ার প্রতিপোষণ হইয়া থাকে।

Explanation III—A decision is final within the meaning of this section when it is such as the Court making it could not alter on the application of either party or reconsider of its own motion A decision liable to appeal may be final within the meaning of this section until the appeal is made

অর্থ করণের তৃতীয় কথা।—আদালত নিষ্পত্তি করিলে পর যদি কোন পক্ষের প্রার্থনামতে তাহা পরিবর্ত্তন করিতে কিম্বা নিজপ্রবৃত্তিক্রমে পুনর্ব্বিবেচনা করিতে না পারেন তবে সেই নিষ্পত্তি এই ধারার তাৎপর্য্যানুসারে চূড়ান্ত। যে নিষ্পত্তির উপর আপীল হইতে পারে, যত দিন আপীল না করা যায় তত দিন সেই নিষ্পত্তি এই ধারার মর্ম্মানুসারে চূড়ান্ত হইতে পারে।

A decision is not final within the meaning of this section when it has been obtained by arrangement between the parties and the Court has not given a judicial opinion on the matter

আদালত বিবাদীয় বিষয়ে বিচারপত্তিস্বরূপ অভিমত না জানাইলে উভয়পক্ষের ঐক্যমতে যে নিষ্পত্তি হয় তাহা এই ধারার মর্ম্মানুসারে চূড়ান্ত নয়।

Illustrations

উদাহরণ।

The following decision shall cause the dismissal of a subsequent suit —

নিম্নলিখিত স্থলে মোকদ্দমা নিষ্পত্তি হইলে পর অন্য মোকদ্দমা ডিসমিস করা যাইবে।

(*a*) In a suit brought by one of the inhabitants of a village for the purpose of determining a right of way claimed by such inhabitants, a decree is made against him Such decree shall bar all the other persons claiming the same right under the same title, but not if they claim under a different title

(ক) কোন গ্রামবাসিরা পথস্বত্বের দাওয়া করাতে, তাঁহাদের মধ্যে এক জন সেই স্বত্ব নির্ণয় করিবার জন্যে মোকদ্দমা উপস্থিত করিলে তাঁহার বিপক্ষে ডিক্রী হয়। অন্য সকল ব্যক্তি সেই অধিকার দেখাইয়া সেই স্বত্বের দাওয়া করিলেও উক্ত ডিক্রী দ্বারা তাঁহাদের বাধা হইবে। কিন্তু যদি অন্য অধিকার দেখাইয়া দাওয়া করেন তবে বাধা হইবে না।

(*b*) A sues B for a flock of sheep and obtains a decree This is a bar to a subsequent suit by B against A for the flock, although the individual animals composing it may not be the same at the time of both suits, for the character of the whole matter in dispute is the same

(খ) আনন্দ মেষের পাল পাইবার জন্যে বলরামের নামে মোকদ্দমা করিয়া ডিক্রী পাইলেন। তাহার পরে বলরাম সেই মেষপাল পাইবার জন্যে আনন্দের নামে মোকদ্দমা করিতে পারিবে না, প্রথম মোকদ্দমা করিবার সময়ে পালের যেং মেষ ছিল সেইং মেষ না থাকিলেও বিবাদীয় সম্পূর্ণ বিষয়ের একি ভাব থাকাতে বলরামের মোকদ্দমা করিবার বাধা হইল।

(*c*) A sues B for a particular beegha of land Decree is made in favor of B A dies intestate, and C obtains letters of administration to his estate B dies testate, leaving D his executor who proves his will C cannot sue D under the same title for any part of the same land

(গ) আনন্দ বিশেষ এক বিঘা ভূমী পাইবার জন্যে বলরামের নামে মোকদ্দমা করিলে বলরামের পক্ষে ডিক্রী হয়। পরে আনন্দ উইল না লিখিয়া মরেন ও চন্দ্র তাঁহার দ্রব্য নিরূপণ করিবার অধিকারিত্বপত্র পান। বলরামও উইল লিখিয়া দিননাথকে আপনার কর্ম্মসম্পাদক করিয়া মরেন ও দিননাথ উইলের প্রমাণ করিয়া লন। এই স্থলে চন্দ্র সেই অধিকার দেখাইয়া সেই জমীর কোন অংশ পাইবার নিমিত্ত দিননাথের নামে নালিশ করিতে পারিবেন না।

(*d*) A sues B for two separate pieces of land Decree is made in favor of A, who sells the two pieces to C B cannot afterwards sue C under the same title for either piece separately

(ঘ) আনন্দ পৃথকং দুই খণ্ড ভূমি পাইবার জন্যে বলরামের নামে নালিশ করেন। আনন্দের পক্ষে ডিক্রী হইলে পর আনন্দ চন্দ্রের নিকট সেই দুই খণ্ড বিক্রয় করেন। তাহার পর বলরাম সেই অধিকার দেখাইয়া ঐ দুই খণ্ডের মধ্যে স্বতন্ত্র কোন এক খণ্ডের জন্যে চন্দ্রের নামে নালিশ করিতে পারিবেন না।

(*e*) A sues B for Rs 1000 The Court decides that this sum was never due to A A then sues B for interest on the said sum The decree in the former suit is a bar to this suit, for the subject of the second suit, though not identical with, is incident to, and involved in, the subject of the first

(ঙ) আনন্দ ১০০০৲ টাকা পাইবার জন্যে বলরামের নামে নালিশ করেন। আদালত সেই টাকা আনন্দের কখন পাওনা নয় বলিয়া নিষ্পত্তি করিলেন। পরে আনন্দ সেই টাকার সুদ পাইবার জন্যে বলরামের নামে নালিশ করেন। এই স্থলে পূর্ব্ব মোকদ্দমার ডিক্রী শেষ মোকদ্দমার বাধাজনক। কারণ দ্বিতীয় মোকদ্দমার বিষয় প্রথম মোকদ্দমার বিষয়ের তুল্য না হইলেও, ঐ প্রথম মোকদ্দমাসংক্রান্ত ও তদ্ঘটিত হয়।

(*f*) A sues B for a piece of land bordering on a river and obtains a decree This decision is a bar to a subsequent suit by B against A for alluvial soil since added to

(চ) আনন্দ নদীর ধারের এক খণ্ড ভূমী পাইবার জন্যে বলরামের নামে নালিশ করিয়া ডিক্রী পান। পরে পয়বস্তী দ্বারা সেই জমী বৃদ্ধি হইলে, যে অধিকারক্রমে ঐ ভূমির দাওয়া

the land, or for trees the growth of the land, or for rent or mesne profits in respect of its occupation, by virtue of the same title under which the land was claimed

হইয়াছিল বলরাম সেই অধিকারের বলে সেই বর্জিত অংশ কিম্বা ঐ জমীতে যে গাছ হইয়াছে তাহা, কিম্বা ঐ জমীর দখলের নিমিত্ত খাজানা কি ওয়াসিলাৎ পাইবার জন্যে আনন্দের নামে নালিশ করিতে পারিবেন না।

(*g*) In a suit by A against B respecting lights, the Court decides that the defendant has no right to raise his wall ten feet This decision is a bar to a suit by B against A to enforce his alleged right to raise the wall twenty feet, for the thing demanded by the latter suit is so included in that which was decided in the former suit, that the decree in the latter suit must confirm or annul the decree in the former suit

(ছ) আলোর বিষয়ে আনন্দ বলরামের নামে নালিশ করেন। তাহাতে আদালত এই নিষ্পত্তি করিলেন যে দশ ফুট উচ্চ করিয়া দেয়াল তুলিতে প্রতিবাদির অধিকার নাই। তৎপরে বলরাম ২০ ফুট উচ্চ করিয়া আপন দেওয়াল তুলিবার স্বত্ব আছে বলিয়া সেই স্বত্ব প্রবল করিবার জন্যে আনন্দের নামে মোকদ্দমা করিতে পারিবেন না। কারণ দ্বিতীয় মোকদ্দমায় যে বিষয়ের দাওয়া হয় তাহা পূর্ব্ব মোকদ্দমার নিষ্পত্তি করা বিষয়ের মধ্যে এমন আইসে, যে দ্বিতীয় মোকদ্দমায় যে ডিক্রী হউক তাহাতে পূর্ব্ব মোকদ্দমার ডিক্রী স্থির রাখা যাইবে, না হয় অসিদ্ধ করা যাইবে।

(*h*) A sues B on a written obligation for the payment of money Decree is made in favor of B on the ground that the money claimed is not due This is a bar to a subsequent suit by A against B for money claimed not on the written obligation but on the same transaction

(জ) বলরামের টাকা দিবার প্রতিজ্ঞাপত্রের উপর আনন্দ তাহার নামে নালিশ করেন। যে টাকার দাওয়া হইল তাহা দেনা নয় বলিয়া বলরামের পক্ষে ডিক্রী হয়। তাহার পরে আনন্দ সেই প্রতিজ্ঞাপত্রের উপর না হইয়া সেই ব্যাপারের উপর টাকার দাওয়া করিয়া বলরামের নামে নালিশ করিতে পারিবেন না।

(*i*) A sues B and C jointly for having together wrongfully fouled the water of a stream running through A's land, and obtains a decree against them This is a bar to a subsequent suit by A against B separately for the same wrong, even though the decree in the prior suit has remained unexecuted

(ঝ) আনন্দের ভূমীর মধ্য দিয়া যে জলস্রোত চলে বলরাম ও চন্দ্র মিলিয়া তাহার জল অন্যায়মতে ময়লা করিয়াছেন বলিয়া আনন্দ ঐ বলরামের ও চন্দ্রের নামে নালিশ করিয়া তাঁহাদের বিপক্ষে ডিক্রী পান। ঐ ডিক্রী জারী না হইলেও আনন্দ তৎপরে সেই অন্যায়ের জন্যে বলরামের নামে স্বতন্ত্র নালিশ করিতে পারিবেন না।

(*j*) B and C jointly divert the water of A's water course A sues B for the diversion, and the suit is dismissed This is a bar to a subsequent suit by A against C for the same wrong

(ঞ) বলরাম ও চন্দ্র মিলিয়া আনন্দের জলপ্রণালী অন্য মুখ করিয়া দেন। তৎপ্রযুক্ত আনন্দ বলরামের নামে নালিশ করিলে, মোকদ্দমা ডিসমিস হইল। তাহার পর আনন্দ সেই অন্যায়হেতুক চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না।

(*k*) A and B, by their joint promissory note, promise to pay C Rs 1,000 C sues them for non payment of this sum, and obtains a decree against them This is a bar to a subsequent suit by C against A on the same note

(ট) আনন্দ ও বলরাম মিলিয়া চন্দ্রকে ১০০০৲ টাকা দিবার প্রতিজ্ঞাপত্র লিখিয়া দেন। ঐ টাকা না দেওয়াতে চন্দ্র তাহাদের নামে নালিশ করিয়া ডিক্রী পান। তাহার পর চন্দ্র সেই পত্রের উপর আনন্দের নামে নালিশ করিতে পারিবে না।

The following decisions shall not cause the dismissal of a subsequent suit —

নিম্নলিখিত প্রকারের নিষ্পত্তি হইলে পর মোকদ্দমা উপস্থিত করা গেলেও ডিসমিস করা যাইবে না।

(*l*) An interlocutory order that a party shall account, for this decision is not final

(ঠ) মোকদ্দমা চলিবার সময়ে এক পক্ষের হিসাব দিতে হইবে এই মর্ম্মের যে আজ্ঞা করা যায় তাহা। কারণ সেই নিষ্পত্তি চূড়ান্ত নয়।

(*m*) A decree passed by a subordinate Court under section 655 contingent upon the opinion of the High Court upon a point referred, for this decision is not final

(ড) হাইকোর্টের অভিমত জানিবার নিমিত্তে কোন বিষয় অর্পিত হইলে অধীন আদালত ৬৫৫৲ ধারামতে সেই অভি-মতের অপেক্ষায় যে ডিক্রী করেন তাহা। কারণ ঐ নিষ্পত্তি চূড়ান্ত নয়।

(*n*) A decree of a Court of Small Causes under Act XI of 1865, for Rs 1,001, for this decision has not been given by a Court of competent jurisdiction

(ঢ) ১৮৬৫ সালের ১১ আইনমতে ক্ষুদ্র মোকদ্দমার যে আদালত স্থাপন হয় সেই আদালত ১০০১৲ টাকার যে ডিক্রী করেন তাহা। কারণ ঐ নিষ্পত্তি উপযুক্ত ক্ষমতাপন্ন আদালতের নিষ্পত্তি নয়।

(*o*) A decree of a like Court for the balance of a partnership account, such balance not having been struck by the parties or their agents, for such Courts have no jurisdiction to make such decrees

(ণ) কোন ব্যবসায়ের অংশিরা কিম্বা তাহাদের পক্ষ কর্ম্ম কারকেরা হিসাবের বাকীর ফর্দ্দ না করিলে উক্ত প্রকারের আদালত ঐ বাকীর নিমিত্ত যে ডিক্রী করেন তাহা। কারণ সেই আদালতের সেই প্রকারের ডিক্রী করিবার ক্ষমতা নাই।

(*p*) A decree of a Revenue Court in a suit for rent declaring the validity or invalidity of a bond, for such Courts have no jurisdiction to make such declarations

(ত) রাজস্বসংক্রান্ত আদালতে খাজানার নিমিত্ত মোকদ্দমা হইলে ঐ আদালত খতের প্রবলতা কি অসিদ্ধতা নির্ণয়সূচক যে ডিক্রী করেন তাহা। কারণ ঐ আদালতের তদ্রূপ নির্ণয় করিবার ক্ষমতা নাই।

(*q*) A decree in a suit in which it appears on the face of the record that summons has not been served on

(থ) প্রতিবাদিকে কি তাহার মোক্তারকে সমন দেওয়া যায় নাই, মোকদ্দমার কাগজপত্র দৃষ্টে ইহা জানা গেলে, ও সেই সমন

the defendant or his agent, when the defendant or his agent has not expressly or impliedly waived the necessity of such service

দেওয়া যে আবশ্যক নয় ঐ প্রতিবাদী কি তাহার মোক্তার স্পষ্টরূপে কি ভাবতঃ ইহা না জানাইলেও সেই মোকদ্দমায় যে ডিক্রী হয় তাহা।

(r) A decree that the defendant pay the damages which the plaintiff sustained, for here the decision is uncertain, and is not rendered certain by any part of the record

(দ) বাদির যে হানি হইয়াছে প্রতিবাদির সেই হানিপুরণ করিতে হইবে এইরূপ যে ডিক্রী হয় তাহা। কারণ এই স্থলে নিষ্পত্তি নিশ্চিত নয়, ও কাগজপত্রের কোন অংশ দ্বারা তাহা নিশ্চয় করা যায় না।

(s) A decree that the plaintiff shall recover such compensation as Z shall determine, for here the decision is not final

(ধ) যদু হানিপুরণের যত টাকা নির্ণয় করেন বাদী তত টাকা পাইবেন এইরূপ যে ডিক্রী হয় তাহা। কারণ সেই স্থলে নিষ্পত্তি চূড়ান্ত নয়।

(t) A decree in a suit for three hogsheads of sugar that the defendant pay, at the rate of Rs 150 per hogshead, the sum of Rs 460, for here the sentence is invalid, evident error appearing on the decree itself

(ন) তিন পিপা চিনি পাইবার নিমিত্ত মোকদ্দমা হইলে প্রতিবাদী পীপাপ্রতি ১৫০৲ টাকা করিয়া মোটে ৪৬০৲ টাকা দিবে এই মর্ম্মের যে ডিক্রী হয় তাহা। কারণ ডিক্রীতেই ভ্রম স্পষ্ট দেখা যাইতেছে অতএব আজ্ঞা অসিদ্ধ।

(u) A decree declaring that the defendant shall go quit of a debt demanded by the plaintiff, and which the defendant had confessed to be due in his written statement in the same suit, for here the decision is invalid as being contrary to the judicial confession of a party

(প) বাদী যে ঋণের দাওয়া করেন ও সেই ঋণ যে দেনা আছে প্রতিবাদী সেই মোকদ্দমায় আপনার বর্ণনাপত্রে এই কথা স্বীকার করিলেও, প্রতিবাদী সেই ঋণহইতে মুক্ত হইল এই মর্ম্মের যে ডিক্রী হয় তাহা। কারণ এই স্থলে এক পক্ষ যাহা আদালতে স্বীকার করিয়াছেন তাহার বিপরীত নিষ্পত্তি হওয়াতে সেই নিষ্পত্তি অসিদ্ধ।

(v) A decree given against one not a party to the suit, or against a minor not properly represented by a guardian

(ফ) যে ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ নন, কিম্বা নাবালগের যে অভিভাবককে উপযুক্তরূপে তাঁহার স্থলাভিষিক্ত করা যায় নাই তাহার বিপক্ষ যে ডিক্রী করা যায় তাহা।

(w) A sues B for one beegha of land The Court decrees that A shall recover three beeghas The defendant then sues A for the two additional beeghas The former decree is no bar, because it was not in a matter alleged by one party and denied by the other in the suit in which it was made

(ব) আনন্দ এক বিঘা ভূমির জন্য বলরামের নামে নালিশ করেন। আদালত আনন্দের তিন বিঘা ভূমি পাইবার ডিক্রী করিলেন প্রতিবাদী আর দুই বিঘার জন্যে আনন্দের নামে নালিশ করেন। এই স্থলে পূর্ব্ব ডিক্রীর দ্বারা দ্বিতীয় মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই, কারণ মোকদ্দমার এক পক্ষের ব্যক্ত ও অন্য পক্ষের অস্বীকৃত যে বিষয় এমত বিষয়ে ঐ ডিক্রী করা যায় নাই।

(x) A's executor B sues C for property belonging to A's estate It appears that C has no such property, and a decree is thereupon made in his favor Afterwards C gets possession of part of A's estate The former decree is no bar to a subsequent suit by B against C

(ভ) বলরাম আনন্দের উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদক হইয়া আনন্দের সম্পত্তির মধ্য কোন সম্পত্তি পাইবার জন্যে চন্দ্রের নামে নালিশ করেন। চন্দ্রের নিকট সেই সম্পত্তি নাই দৃষ্ট হইলে তাহার পক্ষে ডিক্রী হইল। পরে চন্দ্র আনন্দের সম্পত্তির কোন অংশ পান। এই স্থলে পূর্ব্ব ডিক্রীপ্রযুক্ত চন্দ্রের নামে বলরামের পশ্চাৎ মোকদ্দমা করিবার বাধা নাই।

(y) A sues B, C, and D Before the judgment, D's name is struck out of the proceedings A decree afterwards given in the suit does not bind D, unless his name has been reinstated on the record and is thereon at the date of the judgment

(ম) আনন্দ বলরামের ও চন্দ্রের ও দিননাথের নামে নালিশ করেন। নিষ্পত্তির পূর্ব্বে মোকদ্দমার কাগজপত্রহইতে দিননাথের নাম উঠাইয়া দেওয়া যায়। পশ্চাৎ তাহার নাম পুনরায় সেই কাগজপত্রে না দেওয়া গেলে ও নিষ্পত্তি হইবার তারিখে তাহার নাম সেই কাগজপত্রে না থাকিলে ঐ মোকদ্দমায় যে ডিক্রী করা যায় দিননাথ তাহাতে বদ্ধ হইবে না।

(z) A sues B and C Before the judgment D's name is introduced as a party on the record by fraud and without his knowledge A decree afterwards given in the suit does not bind D unless he has consented to becoming a party

(য) আনন্দ বলরামের ও চন্দ্রের নামে নালিশ করেন। নিষ্পত্তির পূর্ব্বে প্রতারণাক্রমে ও দিননাথের অজ্ঞাতসারে মোকদ্দমার কাগজপত্রের মধ্যে এক পক্ষ বলিয়া তাহার নাম লেখা যায়। দিননাথ ঐ মোকদ্দমার এক পক্ষ হইতে সম্মত না হইলে, পশ্চাৎ যে ডিক্রী করা যায় দিননাথ তাহাতে বদ্ধ হইবে না।

(aa) A obtains against B a decree declaring that A is the owner of certain land This is no bar to a subsequent suit by B against A for a right of way over the same land

(র) আনন্দ কোন ভূমিখণ্ডের স্বামী আছেন বলিয়া বলরামের বিপক্ষে ডিক্রী পান। এই ডিক্রীপ্রযুক্ত সেই ভূমি দিয়া যাইবার স্বত্বের নিমিত্ত আনন্দের নামে বলরামের পশ্চাৎ মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই।

(bb) A sues B to obtain a right to an easement for the passage of cattle Decree is made in favor of B This is no bar to a subsequent suit by A against B for a right of footway, for the easements are of different kinds

(ল) আনন্দ গোমেষাদির যাইবার স্বত্ব পাইবার নিমিত্ত বলরামের নামে নালিশ করিলে বলরামের পক্ষে ডিক্রী হয়। এই ডিক্রীপ্রযুক্ত আপনার পদব্রজে যাইবার স্বত্বের নিমিত্ত বলরামের নামে আনন্দের পশ্চাৎ মোকদ্দমা করিবার বাধা নাই, কারণ ঐ পথস্বত্ব, ভিন্ন২ প্রকারের,

(cc) A sues B for trespassing on his land Decree is made in favor of B This does not bar a subsequent

(ব) বলরাম আমার জমীতে অনধিকার প্রবেশ করিয়াছেন বলিয়া আনন্দ তাঁহার নামে নালিশ করিলে, বলরামের পক্ষে

suit by A against B claiming rent from him as tenant of such land

ডিক্রী হয়। এই ডিক্রীপ্রযুক্ত ঐ ভূমির প্রজা বলিয়া বলরামের স্থানে আনন্দের খাজানার দাওয়া করিয়া মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই।

(dd) A, as executor to B, sues C for certain land Decree is made in favor of C A may nevertheless in his own right sue C for the same land, for here the plaintiff in each suit does not prosecute in the same quality

(শ) বলরামের উইলক্রমে নিরূপিত কর্ম্মসম্পাদকস্বরূপ আনন্দ কোন ভূমিখণ্ডের নিমিত্ত চন্দ্রের নামে নালিশ করিলে চন্দ্রের সপক্ষ ডিক্রী করা যায়। করা গেলেও আনন্দ নিজ স্বত্বের বলে ঐ ভূমির নিমিত্ত চন্দ্রের নামে নালিশ করিতে পারিবেন কারণ এই দুই মোকদ্দমায় যে ব্যক্তি বাদী হন তিনি একি সম্বন্ধভাবে নালিশ করেন না।

(ee) On the death of A, a Hindu, B takes possession of A's land, claiming to hold it as A's adopted son A's widow, C, sues B for possession as widow B pleads the adoption The Court finds that B was not adopted, and decrees in favor of C On C's death, A's collateral kindred take possession of the land The former decree does not bar a suit by B against them for possession as A's adopted son, for the collateral kindred do not claim under C

(ষ) আনন্দ নামক এক জন হিন্দু মরিলে বলরাম তাঁহার পোষ্যপুত্রস্বরূপ দাওয়া করিয়া আনন্দের জমী অধিকার করেন। আনন্দের স্ত্রী চন্দ্রমণি স্ত্রীস্বরূপ অধিকার পাইবার জন্যে বলরামের নামে মোকদ্দমা উপস্থিত করেন। বলরাম উত্তর করিয়া আপনাকে পোষ্যপুত্র জানান। কিন্তু বলরাম পুত্রস্বরূপ গৃহীত হন নাই আদালত ইহা নির্ণয় করিয়া চন্দ্রমণির সপক্ষে ডিক্রী করিলেন। চন্দ্রমণির মৃত্যু হইলে আনন্দের জ্ঞাতিগণ ঐ ভূমি অধিকার করিয়া লন। ঐ ডিক্রী হওয়া প্রযুক্ত ঐ ভূমির অধিকার পাইবার জন্যে ঐ জ্ঞাতিদের নামে আনন্দের গৃহীত পুত্র বলিয়া বলরামের নালিশ করিবার বাধা নাই। কারণ ঐ জ্ঞাতিরা চন্দ্রমণির অধীনে দাওয়া করেন না।

CHAPTER II

Of the Place of Suing

দ্বিতীয় পরিচ্ছেদ।

মোকদ্দমা যে স্থানে উপস্থিত করিতে হইবে তাহার কথা।

Court in which suit to be instituted

14 Every suit shall be instituted in the Court of the lowest grade competent to try it, unless an option as to the selection of the Court is allowed by this Code or some other law

যে আদালতে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে তাহার কথা।

১৪ ধারা। যে আদালতে যে মোকদ্দমা উপস্থিত করিতে হইবে এই আইনে কিম্বা অন্য কোন আইনে তাহা স্বেচ্ছাধীনে মনোনীত করিবার অনুমতি না থাকিলে, অতি নিম্ন শ্রেণীর যে আদালত মোকদ্দমা বিচার করিতে ক্ষমতাপন্ন হন সেই আদালতে উপস্থিত করিতে হইবে ইতি।

Suits to be instituted where subject matter situate

15 Subject to the pecuniary or other limitations prescribed by any law, suits

(*a*) for the recovery of immoveable property,

(*b*) for the partition of immoveable property,

(*c*) for the foreclosure or redemption of a mortgage of immoveable property,

(*d*) for the determination of any other right or interest to or in immoveable property,

(*e*) for the recovery of moveable property distrained or attached for any cause,

shall be instituted in the Court within the local limits of whose jurisdiction the property is situate

Provided that suits to obtain relief respecting immoveable property held by the defendant may, when the relief sought can be entirely obtained through his personal obedience, be instituted either in the Court within the local limits of whose jurisdiction the property is situate, or in the Court to whose jurisdiction he is personally subject.

বিবাদীয় বিষয় যে স্থানে থাকে সেই স্থানে মোকদ্দমা উপস্থিত করিতে হইবার কথা।

১৫ ধারা। কোন আইনে টাকার কি অন্য বিষয়ের যে সীমা নির্দ্ধারিত হয় তাহা প্রবল মানিয়া,

(ক) স্থাবর সম্পত্তি ফিরিয়া পাইবার,

(খ) স্থাবর সম্পত্তি বণ্টন করিবার,

(গ) স্থাবর সম্পত্তি বন্ধক দেওয়া গেলে তাহা বিক্রয় কি পরিক্রয় করিবার,

(ঘ) স্থাবর সম্পত্তিতে অন্য কোন স্বত্ব কি সম্পর্ক নির্ণয় করিবার,

(ঙ) অস্থাবর সম্পত্তি কোন কারণে আটক রাখা কি ক্রোক করা গেলে তাহা ফিরিয়া পাইবার,

মোকদ্দমা হইলে, সম্পত্তি যে আদালতের এলাকার সীমার মধ্যে থাকে সেই আদালতে উপস্থিত করিতে হইবে।

পরন্তু প্রতিবাদির অধিকারে যে অস্থাবর সম্পত্তি থাকে তৎসম্পর্কে উপকার পাইবার প্রার্থনা হইলে, যদি আজ্ঞামতে তাহার কর্ম্ম করণ দ্বারা সেই প্রার্থিত উপকার সম্পূর্ণরূপে পাওয়া যাইতে পারে, তবে ঐ সম্পত্তি যে আদালতের এলাকার সীমার মধ্যে থাকে, হয় সেই আদালতে, না হয় প্রতিবাদী যে আদালতের এলাকায় থাকে সেই আদালতে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

Explanation—In this section 'property' means property situate in British India

অর্থ করণের কথা।—এই ধারার 'সম্পত্তি' শব্দে ব্রিটনীয ভারতবর্ষের অন্তর্গত সম্পত্তি জানিতে হইবে ইতি।

Suits to be instituted where defendants reside or cause of action arose

16. Subject to the limitations aforesaid, all other suits shall be instituted in a Court within the local limits of whose jurisdiction—

প্রতিবাদিরা যে স্থানে বাস করেন কিম্বা মোকদ্দমার হেতু যে স্থানে উত্থিত হয় সেই স্থানে মোকদ্দমা উপস্থিত করিবার কথা।

১৬ ধারা। পূর্ব্বোক্ত সীমা প্রবল মানিয়, অন্য সকল মোকদ্দমা এমত কোন আদালতে উপস্থিত করিতে হইবে যাহার এলাকার সীমার মধ্যে

(*a*) all the defendants, at the time of the commencement of the suit, actually and voluntarily reside, or carry on business, or personally work for gain, or

(ক) মোকদ্দমার আরম্ভ হইবার সময়ে, সকল প্রতিবাদী যথার্থই ও ইচ্ছাপূর্ব্বক বাস করেন কি ব্যবসায চালান কি নিজে লভ্যার্থে কর্ম্ম করেন, অথবা

(*b*) any of the defendants, at the time of the commencement of the suit, actually and voluntarily resides, or carries on business, or personally works for gain provided that either the leave of the Court is given, or the defendants who do not reside or carry on business or personally work for gain as aforesaid acquiesce, or

(খ) প্রতিবাদিদের কোন জন মোকদ্দমার আরম্ভ হইবার সময়ে যথার্থই ও ইচ্ছাপূর্ব্বক বাস করেন কি ব্যবসায চালান কি নিজে লভ্যার্থে কর্ম্ম করেন,কিন্তু এই স্থলে আদালতের অনুমতি লওয়া, কিম্বা যে প্রতিবাদিরা পূর্ব্বোক্ত স্থানে বাস না করেন কি ব্যবসায় না চালান কি নিজে লভ্যার্থে কর্ম্ম না করেন তাঁহাদের সম্মত হওয়া প্রয়োজন। অথবা

(*c*) the cause of action arises, or

(গ) নালিশের হেতু উত্থিত হয়, অথবা

(*d*) a material part of the cause of action arises

(ঘ) নালিশের হেতুর কোন গুরুতর অংশ উত্থিত হয়।

Explanation I—Where a person has a permanent dwelling at one place and also a lodging at another place for a temporary purpose only, he shall be deemed to reside at both places in respect of any cause of action occurring at the place where he has such temporary lodging

অর্থ করণের প্রথম কথা।—কোন ব্যক্তির এক স্থানে নিয়ত নিবাস ও অন্য স্থানে কেবল কিয়ৎকালীন কার্য্যের নিমিত্ত বাসা থাকিলে, কিয়ৎকালের নিমিত্ত তাঁহার যে স্থানে বাসা থাকে সেই স্থানে নালিশের হেতু হইলে তৎসম্পর্কে তাঁহার উভয় স্থানে বাস হইতেছে এমত জ্ঞান হইবে।

Explanation II—A Corporation or Company shall be deemed to carry on business at its sole or principal office, or, in respect of any cause of action occurring at any place where it has also a subordinate office, at such place

অর্থ করণের দ্বিতীয় কথা।—কোন সমাবায়িত সমাজ কি কোম্পানি আপনার একই কিম্বা প্রধান কার্য্যালয়ে ব্যবসায় চালাইতেছেন বলিয়া জ্ঞান হইবে, কিম্বা অন্য স্থানে তাহার অধীন কার্য্যালয় থাকিলে ও সেই স্থানে নালিশের কোন হেতু ঘটিলে তৎসম্পর্কে সেই স্থানে ব্যবসায় চালাইতেছেন এমত জ্ঞান হইবে ইতি।

Illustration

(*a*) A is a tradesman in Calcutta B carries on business in Delhi B, by his agent in Calcutta, buys goods of A, and requests A to deliver them to the East Indian Railway Company A delivers the goods accordingly in Calcutta A may sue B for the price of the goods either in Calcutta, where the cause of action has occurred, or in Delhi, where B carries on business

(*b*) A resides at Simla B at Calcutta, and C at Delhi A, B, and C being together at Benares, B and C make a joint promissory note payable on demand and deliver it to A A may sue B and C at Benares where the cause of action occurred He may also sue them at Calcutta, where B resides or at Delhi, where C resides, but in each of these cases, if the non resident defendant objects, the suit cannot be maintained without the leave of the Court

উদাহরণ।

(ক) আনন্দ কলিকাতার এক জন ব্যবসায়ি। বলরাম দিল্লীতে ব্যবসায় চালাইতেছেন। কলিকাতায় তাঁহার যে কর্ম্মকারক থাকেন বলরাম তাঁহার দ্বারা আনন্দের স্থানে মাল ক্রয় করিয়া তাঁহাকে ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির হস্তে ঐ মাল অর্পণ করিতে বলেন। আনন্দ তদনুসারে কলিকাতায় ঐ মাল দেন। আনন্দ সেই দ্রব্যের মূল্য পাইবার নিমিত্ত বলরামের নামে নালিশ করিতে চাহিলে, কলিকাতায় নালিশের হেতু হওয়াতে কলিকাতায়, কিম্বা দিল্লীতে বলরাম ব্যবসায় চালাইতেছেন বলিয়া দিল্লীতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

(খ) আনন্দ শিমলায় বলরাম কলিকাতায়, চন্দ্র দিল্লীতে বাস করেন। বারাণসীতে তিন জনেরই পরস্পর সাক্ষাৎ হইল। খৎ দেখাইলেই যাহার টাকা দেওয়া যাইবে বলরাম ও চন্দ্র মিলিয়া এমত এক খানি খৎ লিখিয়া আনন্দকে দেন। বারাণসীতে নালিশের হেতু হইয়াছিল বলিয়া আনন্দ সেই স্থানে বলরামের ও চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। আরও বলরাম কলিকাতায় ও চন্দ্র দিল্লীতে বাস করেন বলিয়া কলিকাতায় কিম্বা দিল্লীতে নালিশ করিতে পারিবেন। কিন্তু ইহার প্রত্যেক স্থলে যে বাদী যে স্থানে বাস না করেন তিনি আপত্তি করিলে আদালতের অনুমতি বিনা ঐ মোকদ্দমা সেই স্থানে গ্রাহ্য হইতে পারিবে না।

(c) A draws, in Simla, a bill on B, who accepts the bill in Calcutta, and returns it by post to A. The bill does not mention any place of payment. It is presented to B in Calcutta, and he fails to pay. One material part of the cause of action has occurred at Simla and others at Calcutta. The suit may therefore, be brought either in Simla or in Calcutta.

(গ) আনন্দ শিমলায় থাকিয়া বলরামের নামে হুণ্ডী লিখিয়া দেন। বলরাম কলিকাতায় ঐ হুণ্ডী সাকরাইয়া ডাকযোগে আনন্দের নিকট ফিরিয়া পাঠাইলেন। টাকা কোন্ স্থানে দেওয়া যাইবে হুণ্ডীতে ইহার কথা নাই। কলিকাতায় বলরামকে দেওয়া গেলে তিনি ঐ টাকা দিলেন না। নালিশের হেতুর এক গুরুতর অংশ শিমলায় অন্যং অংশ কলিকাতায় হইয়াছিল। অতএব সেই মোকদ্দমা শিমলায় কিম্বা কলিকাতায় উপস্থিত করা যাইতে পারিবে।

(d) A signs a contract in Calcutta for the delivery of rice to B at Delhi, and delivers it accordingly. B does not pay the price, and A sues him for it. One material part of the cause of action has occurred in Calcutta and another in Delhi. The suit may therefore be brought either in Calcutta or in Delhi.

(ঘ) আনন্দ দিল্লীতে বলরামের নিকট চাউল পঁহুছাইয়া দিবার চুক্তিপত্রে কলিকাতায় স্বাক্ষর করিয়া দেন। তদনুসারে তাহা পঁহুছাইয়া দিলে বলরাম তাহার মূল্য না দেওয়াতে আনন্দ তাহার নামে মোকদ্দমা উপস্থিত করেন। নালিশের হেতুর এক ভারি অংশ কলিকাতায় অন্য অংশ দিল্লীতে হইয়াছে এই হেতুক হয় কলিকাতায় না হয় দিল্লীতে ঐ মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

(e) A lets a house in Howrah to B at a monthly rent payable in Howrah. A dies intestate. C obtains, in Calcutta, a grant of letters of administration to A's estate. B allows the rent to fall into arrear. One material part of the cause of action has occurred in Calcutta and another in Howrah, and C may, therefore sue B for the arrears either in Calcutta or in Howrah.

(ঙ) আনন্দ হাবড়ায় বলরামকে ঘর ভাড়া দেন, সেই ভাড়া হাবড়ায় দিতে হইবে। পরে আনন্দ উইল না লিখিয়া মরিলে কলিকাতায় চন্দ্র আনন্দের সম্পত্তি নিরূপণ করিবার অধিকারপত্র পান। বলরামের খাজানা বাকী পড়িল। এই স্থলে নালিশের হেতুর গুরুতর এক অংশ কলিকাতায় ও অন্য অংশ হাবড়ায় হওয়াতে চন্দ্র ঐ বাকীর নিমিত্ত বলরামের নামে কলিকাতায় কিম্বা হাবড়ায় নালিশ করিতে পারিবেন।

Power to stay proceedings where the whole cause of action did not arise and all defendants do not reside within jurisdiction.

17. If a suit is instituted in a Court within the local limits of whose jurisdiction only part of the cause of action arose, and where all the defendants do not actually and voluntarily reside, or carry on business, or personally work for gain, any defendant may move the Court to stay proceedings, and if the Court is satisfied that justice is more likely to be done by the suit being instituted in some other Court, it may stay proceedings either finally or till further order, and make such order as it thinks fit as to the costs already incurred by the parties or any of them.

আদালতের এলাকার অন্তর্গত স্থানে মোকদ্দমার সমুদয় হেতু না হইলে ও সকল প্রতিবাদী তথায় বাস না করিলে মোকদ্দমার কার্য্য স্থগিত করিবার ক্ষমতার কথা।

১৭ ধারা। আদালতের এলাকার অন্তর্গত স্থানে নালিশের হেতুর কেবল এক অংশ হইলে, ও সকল প্রতিবাদী ঐ স্থানে যথার্থই ও ইচ্ছাপূর্ব্বক বাস না করিলে কি ব্যবসায় না চালাইলে কি আপনারাই লভ্যার্থে কর্ম্ম না করিলে, আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে, কোন প্রতিবাদী আদালতে মোকদ্দমার কার্য্যানুষ্ঠান স্থগিত করিতে প্রার্থনা করিতে পারিবেন। অন্য কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে ন্যায় বিচার হইবার অধিক সম্ভাবনা আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, একেবারে কিম্বা অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত কার্য্যানুষ্ঠান স্থগিত রাখিতে পারিবেন, ও তৎপূর্ব্বে উভয় পক্ষের কি কোন পক্ষের যত খরচা লাগিয়াছে তদ্বিষয়ের যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

Illustration

উদাহরণ।

A and B in Calcutta enter into a written contract to carry on a partnership business in Delhi, and carry it on accordingly. B resides in Benares. A sues B in Calcutta for an account of partnership transactions. If the Court finds that justice is more likely to be done by the suit being instituted in Delhi or in Benares it may on B's motion stay the proceedings.

আনন্দ ও বলরাম দিল্লীতে অংশিস্বরূপে ব্যবসায় করিব বলিয়া কলিকাতায় একখানি চুক্তিপত্র লিখিয়া তদনুসারে ব্যবসায় করেন। বলরাম বারাণসীতে বাস করেন। সেই অংশিত্ব ব্যাপারের হিসাব পাইবার জন্যে আনন্দ বলরামের নামে কলিকাতায় নালিশ করেন। সেই মোকদ্দমা দিল্লীতে কি বারাণসীতে উপস্থিত করা গেলে ন্যায় বিচার হইবার অধিক সম্ভাবনা আদালত ইহা দেখিতে পাইলে বলরামের প্রার্থনামতে ঐ মোকদ্দমার কার্য্য স্থগিত করিতে পারিবেন।

Motion when to be made.

18. Every such motion shall be made before the settlement of issues and at the earliest possible opportunity, and any defendant not so moving shall be deemed to have acquiesced in the institution of the suit.

প্রার্থনা যে সময়ে করিতে হইবে তাহার কথা।

১৮ ধারা। ইস্যু নির্ণয় হইবার পূর্ব্বে ও মোকদ্দমার প্রথমযোগে সাধ্যমতে ত্বরায় উক্ত প্রকারের প্রার্থনা করিতে হইবে। কোন প্রতিবাদী তদ্রূপে প্রার্থনা না করিলে মোকদ্দমার উপস্থিত হওন বিষয়ে সম্মত হইয়াছেন বলিয়া জ্ঞান হইবে ইতি।

19 Where the Court, under section 17, stays proceedings, and the plaintiff institutes his suit in another Court, the plaint shall not be chargeable with any fee under the Court Fees' Act provided that the proper fee has been levied on the institution of the suit in the former Court

Remission of Court fee where suit instituted in another Court

The interval between the institution of the suit and the date of so staying proceedings therein shall be excluded in computing the period of limitation prescribed for such suit

১৯ধারা। আদালত ১৭ ধারামতে মোকদ্দমার কার্য্যানুষ্ঠান স্থগিত করিলে, ও বাদী অন্য আদালতে মোকদ্দমা উপস্থিত করিলে, আদালতের বস্তুমবিষয়ক আইনমতে আবেদনপত্রের উপর কোন ফী লাগিবে না। কিন্তু এমতস্থলে প্রযোজন যে পূর্ব্ব আদালতে মোকদ্দমা উপস্থিত করণসময়ে উপযুক্ত ফী দেওয়া গিয়া থাকে।

অন্য আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে আদালতের ফী ক্ষমা হইবার কথা।

ঐ মোকদ্দমা উপস্থিত করিবার মিয়াদের হিসাব করিতে গেলে, মোকদ্দমা উপস্থিত করণঅবধি সেই মোকদ্দমার কার্য্যানুষ্ঠান স্থগিত হওনপর্য্যন্ত যে সময় যায় তাহা ধরিতে হইবে না ইতি।

20 In suits for compensation for wrong done to person or property, if the wrong was done within the local limits of the jurisdiction of one Court and the defendant resides within the local limits of the jurisdiction of another Court, the plaintiff may at his option sue in either of the said Courts

Forum in suits for compensation for wrongs

২০ ধারা। কোন ব্যক্তির কি সম্পত্তির উপর অন্যায় কার্য্য হওয়াতে হানিপূরণ পাইবার যে মোকদ্দমা হয়, সেই অন্যায় কার্য্য যদি এক আদালতের এলাকার অন্তর্গত স্থানে হইয়া থাকে ও প্রতিবাদী অন্য আদালতের এলাকার অন্তর্গত স্থানে বাস করেন তবে বাদী উক্ত যে আদালতে চাহেন সেই আদালতে নালিশ করিতে পারিবেন ইতি।

অন্যায় কার্য্যের নিমিত্ত হানিপূরণ পাইবার মোকদ্দমা যে আদালতে উপস্থিত করিতে হইবে তাহার কথা।

Illustrations

(a) A, residing in Delhi, beats B in Calcutta B may sue A either in Calcutta or in Delhi

(b) A, residing in Delhi, publishes in Calcutta statements defamatory of B B may sue A either in Calcutta or in Delhi

(c) A, travelling on the line of a Railway Company whose principal office is at Howrah, is upset and injured at Allahabad by negligence imputable to the Company He may sue either at Howrah or at Allahabad

উদাহরণ।

(ক) আনন্দ দিল্লীতে বাস করেন ও কলিকাতায় আসিয়া বলরামকে প্রহার করেন। বলরাম কলিকাতায় কিম্বা দিল্লীতে আনন্দের নামে নালিশ করিতে পারিবেন।

(খ) আনন্দ দিল্লীতে বাস করিয়া কলিকাতায় বলরামের অপবাদজনক কথা প্রকাশ করেন। বলরাম কলিকাতায় কিম্বা দিল্লীতে আনন্দের নামে নালিশ করিতে পারিবেন।

(গ) রেলওয়ে কোম্পানির প্রধান কার্য্যাশয় হাবড়ায় আছে আনন্দ সেই কোম্পানির রেলগাড়ীতে যাইতেছে এমন সময়ে আলাহাবাদে পঁহুছিলে গাড়ী উলটিয়া পড়িলে তাহার ক্ষত হইল সেই দোষটা কোম্পানির প্রতি বর্ত্তিতে পারে। আনন্দ হাবড়ায় কিম্বা আলাহাবাদে নালিশ করিতে পারিবেন।

21. The District Court may withdraw any suit instituted in any Court subordinate to such District Court, and try the suit itself, or may, after giving notice to the parties, transfer it for trial to any other such subordinate Court competent in respect of the amount of value or the subject-matter of the suit to try the same.

Transfer of suits

২১ ধারা। জিলার আদালতের অধীন কোন আদালতে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, জিলার আদালত তাহা উঠাইয়া আনিয়া আপনি তাহার বিচার করিতে পারিবেন, কিম্বা মোকদ্দমার বিবাদীয় যত টাকা কিম্বা বিবাদীয় বিষয়ের যে মূল্য হয়, তদ্বিবেচনায় অন্য যে অধীন আদালত ঐ মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন হন, উভয় পক্ষকে নোটিস দিয়া সেই আদালতে বিচার হইবার নিমিত্ত ঐ মোকদ্দমা পাঠাইতে পারিবেন ইতি।

এক আদালত হইতে অন্য আদালতে মোকদ্দমা পাঠাইবার কথা।

22 The High Court may order that the cognizance of any suit or appeal instituted in any subordinate Court other than a Court of Small Causes, shall be transferred to any other subordinate Court, not being a Court of Small Causes, competent in respect of the amount or value of the subject-matter of the suit or appeal to try the same.

High Court may transfer suits and appeals

২২ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালত ভিন্ন কোন অধীন আদালতে কোন মোকদ্দমা কি আপীল উপস্থিত করা গেলে, হাই কোর্ট তথাহইতে সেই মোকদ্দমা উঠাইয়া, মোকদ্দমার কি আপীলের বিবাদীয় টাকা কি বিবাদীয় বিষয়ের মূল্য বিবেচনায়, ক্ষুদ্র মোকদ্দমার আদালত ভিন্ন অন্য যে অধীন আদালত তাহা বিচার করিবার ক্ষমতাপন্ন হন, সেই আদালতে পাঠাইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

মোকদ্দমা ও আপীল এক আদালতহইতে উঠাইয়া অন্য আদালতে পাঠাইতে হাই কোর্টের ক্ষমতার কথা।

Suits for immovable property situate in single districts, but within jurisdictions of different Courts

23. If the suit be for immovable property situate within the limits of a single district, but within the jurisdiction of different Courts, the suit may be brought in the Court within whose jurisdiction any portion of the property is situate, provided that, in respect of the value of the subject-matter of the suit, the entire claim be cognizable by such Court

In such case the defendant may apply to the District Court to transfer the suit to another of the Courts having jurisdiction, and the District Court shall determine in which of the several Courts having jurisdiction the suit shall proceed

Suits for immovable property situate in different districts

24 If the immovable property be situate within the limits of different districts, the suit may be brought in any Court, otherwise competent to try it, within whose jurisdiction any portion of the property is situate

In such case the defendant may apply to the High Court to transfer the suit to another of the Courts having jurisdiction If the suit is brought in any Court subordinate to a District Court, the application shall be submitted through the District Court to which such Court is subordinate The High Court may determine in which of the several Courts having jurisdiction the suit shall proceed

Suits for immovable property situate in districts subject to different High Courts

25 If the districts within the limits of which the immovable property is situate, are subject to different High Courts, the application shall be submitted to the High Court to which the district in which the suit is brought is subordinate,

and such High Court may, after hearing the objections, if any, of the defendant, determine whether or not the suit shall proceed in the Court in which it is instituted

Suit for immovable property alleged to be within another local jurisdiction

26 If in a suit for immovable property, the defendant object to the hearing of the suit on the ground that the property is not situate within the local limits of the jurisdiction of the Court, the Court may determine the point, and if the Court find that the property is situate within such limits, it shall proceed to try the suit.

স্থাবর সম্পত্তি একি জিলার মধ্যে কিন্তু ভিন্ন২ আদালতের এলাকায় থাকিলে মোকদ্দমার কথা।

২৩ ধারা। স্থাবর সম্পত্তি একি জিলার সীমার মধ্যে কিন্তু ভিন্ন২ আদালতের এলাকায় থাকিলে, ঐ সম্পত্তির কোন অংশ যে আদালতের এলাকায় থাকে বিবাদীয় বিষয়ের মূল্য বিবেচনায় ঐ আদালত সম্পূর্ণ দাওয়া গ্রাহ্য করিতে পারিলে, মোকদ্দমা সেই আদালতে উপস্থিত করা যাইতে পারিবে।

এমত স্থলে প্রতিবাদী এক আদালতহইতে উঠাইয়া মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাপন্ন অন্য আদালতে প্রেরণ হইবার জন্যে জিলার আদালতে প্রার্থনা করিতে পারিবেন। তাহা হইলে ঐ মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাপন্ন নানা আদালতের মধ্যে মোকদ্দমা যে আদালতে চলিবে, জিলার আদালত তাহা স্থির করিবেন ইতি।

স্থাবর সম্পত্তি ভিন্ন২ জিলার মধ্যে থাকিলে মোকদ্দমার কথা।

২৪ ধারা। স্থাবর সম্পত্তি ভিন্ন২ জিলার মধ্যে থাকিলে, সম্পত্তির কোন অংশ যে আদালতের এলাকায় থাকে, সেই আদালত মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন হইলে, সেই আদালতে ঐ মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে।

এমত স্থলে প্রতিবাদী এক আদালতহইতে উঠাইয়া ঐ মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাপন্ন অন্য আদালতে প্রেরণ হইবার জন্যে হাই কোর্টে প্রার্থনা করিতে পারিবেন। জিলার আদালতের অধীন কোন আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে, ঐ আদালত যে জিলার আদালতের অধীন থাকে দরখাস্ত সেই জিলার আদালতের দ্বারা দিতে হইবে। ঐ মোকদ্দমা বিচার করিবার ক্ষমতাপন্ন নানা আদালতের মধ্যে যে আদালতে চলিবে হাই কোর্ট তাহা নির্ণয় করিতে পারিবেন ইতি।

স্থাবর সম্পত্তি ভিন্ন২ হাই কোর্টের অধীন জিলায় থাকিলে মোকদ্দমার কথা।

২৫ ধারা। স্থাবর সম্পত্তি যে২ জিলার সীমার মধ্যে থাকে সেই২ জিলা ভিন্ন২ হাই কোর্টের অধীন থাকিলে, মোকদ্দমা যে জিলায় উপস্থিত করা গেল তাহা যে হাই কোর্টের অধীনে থাকে সেই হাই কোর্টে দরখাস্ত দিতে হইবে।

ও প্রতিবাদির কোন আপত্তি থাকিলে, হাই কোর্ট সেই আপত্তি শুনিয়া, মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা গেল সেই আদালতে চলিবে কি না ইহা নির্ণয় করিতে পারিবেন ইতি।

স্থাবর সম্পত্তি অন্য এলাকার মধ্যে আছে কথিত হইলে মোকদ্দমার কথা।

২৬ ধারা। স্থাবর সম্পত্তি বিষয়ক মোকদ্দমায় প্রতিবাদী ঐ সম্পত্তি ঐ আদালতের এলাকার সীমার অন্তর্গত স্থানে নাই বলিয়া মোকদ্দমার শ্রবণ বিষয়ে আপত্তি করিলে, আদালত সেই কথা নির্ণয় করিবেন।

ও সম্পত্তি সেই সীমার অন্তর্গত আছে আদালত ইহা নির্ণয় করিলে সেই মোকদ্দমার বিচার করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

CHAPTER III

OF PARTIES AND THEIR APPEARANCES, APPLICATIONS, AND ACTS

তৃতীয় পরিচ্ছেদ।

উভয় পক্ষের ও তাঁহাদের উপস্থিত হওয়ার ও প্রার্থনাপত্রের ও কার্য্যের কথা।

Who to be joined as plaintiffs

27 All persons having an interest in the subject-matter of the suit and in obtaining the relief sought, may be joined as plaintiffs, except as otherwise provided in this Code

যাহাদিগকে বাদী করিয়া সংযোগ করা যাইতে পারে তাঁহাদের কথা।

২৭ ধারা। মোকদ্দমার বিবাদীয় বিষয়ে ও যে উপকারের প্রার্থনা হয় সেই উপকারে যে ব্যক্তিদের স্বার্থ থাকে, এই আইনে প্রকারান্তরের বিধান না থাকিলে, তাঁহারদের সকলকে বাদী বলিয়া সংযোগ করা যাইতে পারিবে।

Distinct claims

But persons having distinct claims against another in respect of distinct matters cannot, if the defendant object, join to enforce such claims in one suit

পৃথক২ দাওয়ার কথা।

কিন্তু কোন এক জনের বিপক্ষে কএক ব্যক্তির পৃথক২ বিষয়ে পৃথক২ দাওয়া থাকিলে, যদি প্রতিবাদী আপত্তি করেন তবে তাঁহারা মিলিয়া একি মোকদ্দমায় সেই সকল দাওয়া প্রবল করিতে পারিবেন না ইতি।

Illustration

A and B are partners C deals with the firm, and becomes indebted to it A sells a horse, his private property, to C A and B cannot, if C objects, sue him in one suit for the debt due to the firm and also for the price of the horse

উদাহরণ।

আনন্দ ও বলরাম অংশী। চন্দ্র তাঁহারদের সঙ্গে কারবার করিয়া তাঁহাদের নিকট ঋণী হন। আনন্দ চন্দ্রের নিকটে আপনার নিজ ঘোড়া বিক্রয় করিল। চন্দ্র আপত্তি করিলে আনন্দ ও বলরাম মিলিয়া একি মোকদ্দমায় আপনাদের কুঠির পাওনা টাকার মধ্যে ঘোড়ার মূল্যও ধরিয়া তাহার নামে নালিশ করিতে পারিবেন না।

Who to be defendant

28 Any person may be made a defendant who has or claims an interest in the controversy adverse to the plaintiff, or who is a necessary party to the complete determination or settlement of the questions involved therein

কে প্রতিবাদী হইবে ইহার কথা।

২৮ ধারা। বিবাদে যে ব্যক্তি বাদির বিপরীত স্বার্থযুক্ত হন বা স্বার্থের দাওয়া রাখেন, কিম্বা সেই বিবাদে যে বিষয় লিপ্ত থাকে তাহার সম্পূর্ণ নির্ণয়ের কি নিষ্পত্তির পলক্ষে যে ব্যক্তি অবশ্যই এক পক্ষ হন, তাহাকে প্রতিবাদী করা যাইতে পারিবে।

But persons against whom distinct claims are made in respect of distinct matters cannot if they or any of them object or objects be joined for the purpose of enforcing such claims in one suit

কিন্তু যাঁহাদের বিপক্ষে ভিন্ন২ বিষয় লইয়া ভিন্ন২ দাওয়া হয়, তাঁহারা কি তাঁহাদের কোন ব্যক্তি আপত্তি করিলে, ঐ২ দাওয়া প্রবল করণার্থ একি মোকদ্দমায় তাঁহাদিগকে সংযুক্তভাবে প্রতিবাদী করা যাইতে পারিবে না ইতি।

Illustration

A and B are partners, and become as such indebted to C in Rs 5,000 A on his own account buys a horse for Rs 1,000 from C, and fails to pay the price C cannot if A or B objects, sue in the same suit A and B for the Rs 5,000 and A for the Rs 1,000

উদাহরণ।

আনন্দ ও বলরাম অংশী। অংশীরভাবে চন্দ্রের নিকট তাঁহাদের ৫০০০৲ টাকা দেনা হয়। আনন্দ আপনার জন্যে চন্দ্রের স্থানে ১০০০৲ টাকায় একটি ঘোড়া ক্রয় করিয়া তাহার মূল্য দেন নাই। আনন্দ কিম্বা বলরাম আপত্তি করিলে চন্দ্র আনন্দের ও বলরামের স্থানে ৫০০০৲ টাকা ও আনন্দের স্থানে ১০০০ টাকা পাইবার জন্যে একি মোকদ্দমা করিতে পারিবেন না।

Parties to be joined

29 Of the parties to the suit those who are united in interest must be joined as plaintiffs or defendants But if the consent of any one who should have been joined as plaintiff cannot be obtained, he may be joined as a defendant, the reason thereof being stated in the plaint

যেং পক্ষের সংযোগ হইবে তদ্বিষয়ের কথা।

২৯ ধারা। মোকদ্দমার উভয় পক্ষের মধ্যে যাঁহারা স্বার্থপক্ষে সংযুক্ত হন তাঁহাদিগকে বাদী কি প্রতিবাদী বলিয়া সংযোগ করিতে হইবে। কিন্তু যে ব্যক্তিকে বাদিস্বরূপ সংযুক্ত করা উচিত তাঁহার অনুমতি পাওয়া যাইতে না পারিলে, তাঁহাকে প্রতিবাদী বলিয়া সংযুক্ত করা যাইতে পারিবে ও আবেদনপত্রে তাহার কারণ ব্যক্ত করিতে হইবে।

And when the question is one of common or general interest of so many persons that it is impracticable to bring them all before the Court, one or more may sue or defend on behalf of the

আরও বিবাদীয় বিষয়ে বহুতর লোকের সাধারণ কি সম স্বার্থ থাকাতে যদি তাঁহাদের সকলকে আদালতের সম্মুখে উপস্থিত করা যাইতে না পারে, তবে সমুদায়ের সপক্ষে এক কি কএক জন বাদ কি প্রতি-

whole, the reason thereof being stated in the plaint.

বাদ করিতে পারিবেন ও আবেদনপত্রে তাহার কারণ ব্যক্ত করিতে হইবে ইতি।

Parties to bills, hundis, and notes

30 Persons severally liable upon the same obligation or instrument, including the parties to bills of exchange, hundis, and promissory notes, may all or any of them be included in the same suit at the option of the plaintiff.

বিল ও হুণ্ডী ও খতের পক্ষীয় ব্যক্তিদের কথা।

৩০ ধারা। যে ব্যক্তিরা একি প্রতিজ্ঞাপত্রে কি নির্দ্দনপত্রে স্বতন্ত্র দায়ি হন ও যে ব্যক্তিরা বিল অফ এক্সচেঞ্জে ও হুণ্ডীতে ও প্রমিসরি নোটে এক পক্ষস্বরূপ লিপ্ত থাকেন, বাদির ইচ্ছামতে তাঁহাদের সকলকে কি তাঁহাদের মধ্য কোন২ ব্যক্তিকে একি মোকদ্দমায় সংযোগ করা যাইতে পারিবে ইতি।

Time for taking objections as to non joinder or misjoinder of parties

31 All objections for want of parties, or for joinder of parties who have no interest in the suit, or for misjoinder as co-plaintiffs or co-defendants, shall be taken at the earliest possible opportunity, and any such objection not taken before the settlement of issues shall be deemed to have been waived by the defendant

সংযোগ না করণ কিম্বা অনুপযুক্ত মতে সংযোগ করণ বিষয়ে আপত্তি করণের সময়ের কথা।

৩১ ধারা। সহবাদি কি সহপ্রতিবাদিস্বরূপ যাঁহাদিগকে সংযোগ করা উচিত তাঁহাদিগকে সংযোগ করা যায় নাই, কিম্বা মোকদ্দমায় যাঁহাদের স্বার্থ নাই কিম্বা যাঁহাদিগকে সংযোগ করা উচিত নয় তাঁহাদিগকে সংযোগ করা গেল বলিয়া কোন আপত্তি থাকিলে, সুযোগ পাইলেই সাধ্যমতে ত্বরায় তাহা জানাইতে হইবে। ইসু নিরূপণের পূর্ব্বে তদ্রূপ কোন আপত্তি করা না গেলে, প্রতিবাদী সেই আপত্তি ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান করিতে হইবে ইতি।

Appearances applications and acts may be in person, by recognized agent, or by pleader

32 Any appearance, application or act in or to any Court, made or done by a party to a suit in such Court, may, except when otherwise expressly provided by this Code, be made or done by the party in person or by his recognized agent, or by a pleader duly appointed to act on his behalf

নিজে কিম্বা স্বীকৃত মোক্তারের কি উকীলের দ্বারা উপস্থিত হইতেও দরখাস্ত দিতে ও কার্য্য করিতে পারিবার কথা।

৩২ ধারা। এই আইনে প্রকারান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, কোন আদালতে মোকদ্দমার কোন পক্ষের উপস্থিত হইতে কি প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে হইলে ঐ পক্ষ আপনি কিম্বা আপনার স্বীকৃত মোক্তারের দ্বারা কিম্বা আপনার পক্ষে কর্ম্ম করণার্থে নিয়মমতে নিযুক্ত উকীল দ্বারা উপস্থিত হইতে কি ঐ প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে পারিবেন।

Provided that any such appearance shall be made by the party in person if the Court so direct

কিন্তু আদালত আজ্ঞা করিলে সেই ব্যক্তির স্বয়ং উপস্থিত হইতে হইবে ইতি।

Each of several plaintiffs or defendants may authorize any other to appear, &c, for him

33 When there are more plaintiffs than one, any one or more of them may be authorized by any other of them to appear, plead and act for such other and in like manner when there are more defendants than one, any one or more of them may be authorized by any other of them to appear, plead or act for such other

অনেক বাদী কি প্রতিবাদী থাকিলে এক কি কএক জনের অন্যকে কি অন্যদিগকে আপনার পক্ষে উপস্থিত হইয়া কার্য্য করিবার ক্ষমতা দেওয়ার কথা।

৩৩ ধারা। দুই কি তদধিক জন বাদী থাকিলে তাঁহাদের কোন এক ব্যক্তি অন্য এক কি কএক ব্যক্তিকে আপনার নিমিত্ত উপস্থিত হইয়া উত্তর দিবার ও কার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবেন। তদ্রূপেও দুই কি তদধিক জন প্রতিবাদী থাকিলে, তাঁহারদের কোন এক ব্যক্তি অন্য এক কি কএক জনকে আপনার নিমিত্ত উপস্থিত হইয়া উত্তর দিবার ও কার্য্য করিবার ক্ষমতা দিতে পারিবেন।

Authority to be in writing signed and filed

The authority shall be in writing, signed by the parties giving it, and shall be filed in Court

সেই ক্ষমতা লিখিয়া দেওয়া যাইবার ও স্বাক্ষর করা গেলে গাঁথিয়া রাখিবার কথা।

ঐ ক্ষমতা লিখিয়া দেওয়া যাইবে ও যে২ ব্যক্তিরা দেন তাঁহারাই তাহাতে স্বাক্ষর করিবেন ও সেই ক্ষমতা পত্র আদালতে গাঁথিয়া রাখা যাইবে ইতি।

34. The recognized agents of parties by whom such appearances, applications and acts may be made or done are—

Recognised agents.

1st—Persons holding general powers-of-attorney from parties not within the jurisdiction of the District Court within the limits of which the appearance, application or act is made or done, authorizing them to make and do such appearances, applications and acts on behalf of such parties

Persons holding powers-of attorney from parties out of jurisdiction

2ndly—Persons carrying on trade or business for and in the names of parties not within the jurisdiction of the District Court within the limits of which the appearance, application or act is made or done, in matters connected with such trade or business only, where no other agent is expressly authorized to make and do such appearances, applications and acts

Persons carrying on trade or business for parties out of jurisdiction

Explanation—A partner is not, as such, a recognized agent within the meaning of this clause

35. Processes served on a recognized agent relative to a suit shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been given to or served on the party in person, unless the Court shall otherwise direct

Service of process on recognized agent

The provisions of this Code relative to the service of process on a party to a suit apply to the service of process on a recognized agent.

36 The appointment of a pleader to make or do any appearance, application or act as aforesaid shall be in writing under the hand of the client and shall be filed in Court

Appointment of pleader

When so filed, it shall be considered to be in full force until revoked by a writing signed by the client and filed in Court, or until the pleader dies, or the suit is determined

৩৪ ধারা। স্বীকৃত যে মোক্তারেরা কোন পক্ষের নিমিত্ত উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে ও কার্য্য করিতে পারিবেন তাঁহারা এই২—

স্বীকৃত মোক্তারদের কথা।

প্রথম।—যে জিলার সীমার মধ্যে কোন পক্ষের উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে হইবে, তাঁহারা সেই জিলার আদালতের ক্ষমতাধীন স্থানের মধ্যে না থাকিলে তাঁহারদের নিমিত্ত যে ব্যক্তিরা উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিবার ও কার্য্য করিবার ক্ষমতাসূচক আম মোক্তারনামা পান, সেই ব্যক্তিরা।

আদালতের এলাকার বহির্ভূত স্থানে যাঁহারা থাকেন তাঁহাদের মোক্তারনামা যাঁহারা পান তাঁহারা।

দ্বিতীয়।—যে জিলার সীমার মধ্যে কোন পক্ষের উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে কি কার্য্য করিতে হইবে সেই জিলার আদালতের ক্ষমতাধীন স্থানের মধ্যে না থাকাতে যদি সেই পক্ষের নিমিত্ত অন্য কোন মোক্তার উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে ও কার্য্য করিতে স্পষ্ট ক্ষমতা না পান, তবে যে ব্যক্তিরা তাঁহারদের নিমিত্ত ও তাঁহাদের নামে বাণিজ্য কি ব্যবসায়াদি করেন তাঁহারা কেবল সেই বাণিজ্য কি ব্যবসায় সম্পর্কীয় বিষয়ে ঐ পক্ষের নিমিত্ত উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিতে কিম্বা কার্য্য করিতে পারিবেন।

আদালতের এলাকার বহির্ভূত স্থানবাসিদের নিমিত্ত যাঁহারা ব্যবসায়াদি চালান তাঁহারা।

অর্থের কথা।—কোন অংশী কেবল অংশী হওয়া প্রযুক্ত এই প্রকরণের অর্থানুসারে স্বীকৃত মোক্তার নহেন ইতি।

৩৫ ধারা। মোকদ্দমার সম্পর্কে কোন পক্ষের স্বীকৃত মোক্তারকে পরওয়ানা দেওয়া গেলে আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, মোকদ্দমা সম্পর্কীয় সকল কার্য্যপক্ষে নিজ সেই পক্ষকে দেওনের কি তাঁহার নামে জারী করণের ন্যায় তাহা প্রবল হইবে।

স্বীকৃত মোক্তারের উপর পরওয়ানা জারী করিবার কথা।

এই আইনে মোকদ্দমার কোন পক্ষের উপর পরওয়ানা জারী করণ বিষয়ে যে২ বিধান আছে স্বীকৃত মোক্তারের উপর পরওয়ানা জারী করণের প্রতি সেই২ বিধান খাটে ইতি।

৩৬ ধারা। পূর্ব্বোক্তমতে উপস্থিত হইয়া প্রার্থনাপত্র দিবার কি কার্য্য করিবার নিমিত্ত উকীল নিযুক্ত করিতে হইলে, মওক্কেল লিখিয়া তাঁহাকে নিযুক্ত করিয়া সেই নিয়োগপত্রে স্বাক্ষর করিবেন ও তাহা আদালতে গাঁথিয়া রাখা যাইবে।

উকীলকে নিযুক্ত করিবার কথা।

তদ্রূপে গাঁথিয়া রাখা গেলে পর যত দিন সেই মওক্কেলের স্বাক্ষরিত পত্রদ্বারা তাহা রহিত না করা যায় ও সেই পত্রও আদালতে না গাঁথা যায়, কিম্বা যত দিন উকীল না মরেন কি মোকদ্দমার নিষ্পত্তি না হয় তত দিন ঐ নিয়োগপত্র প্রবল থাকিবে ইতি।

37. Processes served on the pleader of any party or left at the office or ordinary residence of such pleader, relative to a suit, and whether the same be for the personal appearance of the party or not, shall be presumed to be duly communicated and made known to the party whom the pleader represents, and, unless the Court otherwise directs, shall be as effectual for all purposes in relation to the suit as if the same had been given to or served on the party in person.

Service of process on pleader

38 In all cases in which a party to a suit has not appointed a pleader to act for him, all processes shall be served upon such party in the manner hereinafter provided for the service of a summons upon a defendant to appear and answer

Service of process on party who has not appointed a pleader

39 Besides the recognized agents described in section 34, any person residing within the jurisdiction of the Court may be appointed an agent to accept service of processes

Agent to receive process

Such appointment shall be in writing signed by the principal, and the original appointment, or a copy thereof if the appointment be a general one, shall be filed in Court

His appointment to be in writing and to be filed in Court

40 If at any stage of a suit, it appear to the Court that any person who may be entitled to, or who may claim some share or interest in, the subject-matter of the suit, and who may be likely to be affected by the result, has not been made a party,

Court may direct that persons appearing to be interested shall be made parties

or that any one of several plaintiffs should be made a defendant,

the Court may, in its discretion, direct that such person shall be made a party or that such plaintiff shall be made a defendant, as the case may be.

In such case the Court shall issue a notice to such person in the manner hereinafter provided for the service of a summons on a defendant

৩৭ ধারা। মোকদ্দমা সম্পর্কীয় পরওয়ানা কোন পক্ষের উপস্থিত হইবার নিমিত্ত হউক বা নাই হউক, সেই পক্ষের উকীলকে দেওয়া গেলে কিম্বা তাঁহার কার্য্যালয়ে কি নিয়ত বাসস্থানে দেওয়া গেলে, উকীল যে পক্ষের প্রতিনিধি হন ঐ পরওয়ানা নিয়মমতে তাঁহাকেই দেওয়া গেল ও জ্ঞাত করা গেল এমত অনুমান হইবে, ও আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, মোকদ্দমাসংক্রান্ত সকল কার্য্যপক্ষে ঐ পরওয়ানা নিজ সেই পক্ষকে দেওয়া যাওনের কি তাঁহার উপর জারী হওনের ন্যায় বলবৎ হইবে ইতি।

উকীলের নামে পরওয়ানা জারী করিবার কথা।

৩৮ ধারা। মোকদ্দমার কোন পক্ষ আপনার নিমিত্ত কার্য্য করিবার জন্যে উকীল নিযুক্ত না করিলে প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর দিবার সমন জারী করিবার যে বিধান পশ্চাৎ করা যাইতেছে, ঐ পক্ষের উপরও সেই বিধানমতে সকল পরওয়ানা জারী করা যাইবে ইতি।

কোন পক্ষ উকীল নিযুক্ত না করিলে তাহার উপর পরওয়ানা জারী করিবার কথা।

৩৯ ধারা। ৩৪ ধারায় যে স্বীকৃত মোক্তারের কথা আছে তাঁহাছাড়া আদালতের এলাকার অন্তর্গত স্থানবাসি কোন ব্যক্তিকে পরওয়ানা গ্রাহ্য করিবার মোখতারস্বরূপ নিযুক্ত করা যাইতে পারিবে।

মোক্তারের পরওয়ানা গ্রাহ্য করিবার কথা।

সেই নিয়োগপত্র লিখিত হইয়া মুখ্য ব্যক্তির দ্বারা স্বাক্ষর করা যাইবে, ও সেই আসল নিয়োগপত্র, কিম্বা আমমোক্তারনামা হইলে তাহার নকল আদালতে গাঁথিয়া রাখা যাইবে ইতি।

তাঁহার নিয়োগপত্র লিখিত হইয়া আদালতে অর্পণ করিবার কথা।

৪০ ধারা। কোন মোকদ্দমায় যে বিষয় লইয়া বিবাদ হইতেছে, সেই বিষয়ের কোন অংশে কি তৎসংক্রান্ত কোন স্বার্থে যে ব্যক্তির অধিকার কিম্বা যাঁহার দাওযা থাকিতে পারে, কিম্বা তাহার ফলে যে ব্যক্তির লাভ কি হানি হইতে পারে, সেই ব্যক্তিকে মোকদ্দমার এক পক্ষ করা গেল না,

যাঁহাদিগকে স্বার্থযুক্ত বলিয়া বোধ হয় তাঁহাদিগকে এক পক্ষ করণ বিষয়ে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

কিম্বা অনেক বাদির মধ্য কোন এক জনকে প্রতিবাদী করা উচিত,

মোকদ্দমা চলনের কোন সময়ে আদালতের এমত বোধ হইলে আদালত আপনার বিবেচনামতে ঐ ব্যক্তিকে এক পক্ষ করিবার কিম্বা বিষয়বিশেষে ঐ বাদিকে প্রতিবাদী করিবার আজ্ঞা দিতে পারিবেন।

এমত স্থলে প্রতিবাদির নামে নোটিস জারী করিবার যে বিধান পশ্চাৎ করা যাইতেছে, আদালত সেই বিধানমতে সেই ব্যক্তির নামে নোটিস প্রচার করিবেন ইতি।

41. If at any stage of the suit, it appear to the Court that any person has been improperly made a party, the Court may direct that his name shall be struck out from the plaint, or that the proceedings shall be stayed as against him.

Power to remove parties.

৪১ ধারা। কোন ব্যক্তিকে অনুপযুক্তমতে এক পক্ষ করা গিয়াছে, আদালত মোকদ্দমা চলনের কোন সময়ে ইহা দেখিতে পাইলে, আবেদনপত্রহইতে তাহার নাম উঠাইয়া দিবার কিম্বা তাঁহার বিপক্ষে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

কোন পক্ষকে উঠাইয়া দিবার ক্ষমতার কথা।

CHAPTER IV

Of the Frame of the Suit and the Form of the Plaint

চতুর্থ পরিচ্ছেদ।

মোকদ্দমার আকার প্রকারের ও আবেদনপত্রের পাঠের কথা।

42 Every suit shall as far as practicable be so framed as to afford ground for a single decision upon the whole subject in dispute, and so to prevent further litigation concerning it

Suit how to be framed

৪২ ধারা। যত দূর হইতে পারে প্রত্যেক মোকদ্দমার এমত আকার প্রকার থাকিবে যেন বিবাদীয় সমুদয় বিষয় লইয়া এক মাত্র নিষ্পত্তি হয়, ও তদ্বিষয়ের আর বিবাদ হইতে না পারে ইতি।

মোকদ্দমা যে আকারে করিতে হইবে তাহার কথা।

43 Every suit shall include the whole of the claim arising out of the cause of action, but a plaintiff may relinquish any portion of his claim in order to bring the suit within the jurisdiction of any Court, and the fact of such relinquishment shall be entered on the record

Suit to include the whole claim.

৪৩ ধারা। নালিশের হেতুহইতে যে দাওয়া উত্থাপন হয় প্রত্যেক মোকদ্দমার মধ্যে সেই সম্পূর্ণ দাওয়া ধরিতে হইবে, কিন্তু বাদী কোন বিশেষ আদালতের বিচারাধিপত্যের মধ্যে মোকদ্দমা আনাইবার জন্যে আপনার দাওয়ার কোন অংশ ত্যাগ করিতে পারিবেন। ও মোকদ্দমার কাগজ পত্রে সেই ত্যাগের কথা লিপিবদ্ধ করা যাইবে।

মোকদ্দমার মধ্যে সম্পূর্ণ দাওয়া ধরিবার কথা।

If a plaintiff intentionally relinquish or omit to sue for any portion of his claim, a suit for the portion so relinquished or omitted shall not afterwards be entertained

Relinquishment of part of claim

বাদী জানিয়া শুনিয়া আপনার দাওয়ার কোন অংশ ত্যাগ করিলে কিম্বা তজ্জন্যে প্রার্থনা না করিলে সেই ত্যক্ত অংশের নিমিত্ত পরে মোকদ্দমা গ্রাহ্য হইবে না ইতি।

দাওয়ার একাংশ ত্যাগের কথা।

Illustrations

(a) Two partners, A and B, dispute regarding unsettled accounts of the partnership A sues B for a particular item of the accounts The suit must be dismissed, for it should have been for the whole of A's demand against B, so that there might be a general adjustment of the accounts

(b) A, as heir of Z, claims the ownership of lands in two districts, B and C D claims the same lands also as heir of Z A sues D in district B for the lands in that district only, omitting the rest of the lands A's suit against D for the lands in district C cannot afterwards be entertained

(c) A sues D as in the last preceding illustration A also claims other lands from D, alleging that D obtained a conveyance of them from A by fraud A may make those lands the subject of a separate suit

উদাহরণ।

(ক) আনন্দ ও বলরাম কোন ব্যবসায়ের অংশী হইয়া অংশিত্বের যে হিসাব নিষ্পত্তি হয় নাই তদ্বিষয়ে বিবাদ করেন। আনন্দ ঐ হিসাবের কোন বিশেষ দফা ধরিয়া বলরামের নামে নালিশ করেন। কিন্তু বলরামের বিপক্ষে আনন্দের যত টাকার দাওয়া থাকে ঐ সম্পূর্ণ হিসাবের নিষ্পত্তি হইবার জন্যে তাঁহার সেই সমুদয় টাকার নিমিত্তে মোকদ্দমা করা উচিত ছিল। এই কারণে ঐ মোকদ্দমা ডিসমিস করা যাইবে।

(খ) যদুর উত্তরাধিকারী বলিয়া আনন্দ বাকরগঞ্জ ও কৃষ্ণনগর জিলার অন্তর্গত ভূমির স্বামিত্বের দাওয়া করেন। দিননাথও যদুর উত্তরাধিকারী বলিয়া সেই ভূমির দাওয়া করেন। আনন্দ অন্য ভূম ত্যাগ করিয়া কেবল বাকরগঞ্জ জিলার অন্তর্গত ভূমি পাইবার জন্যে ঐ জিলায় দিননাথের নামে মোকদ্দমা করেন। তাহা হইলে কৃষ্ণনগর জিলার অন্তর্গত ভূমীর নিমিত্তে দিননাথের নামে আর মোকদ্দমা গ্রাহ্য হইতে পারিবে না।

(গ) ইহার পূর্ব্ব উদাহরণমতে আনন্দ দিননাথের নামে মোকদ্দমা উপস্থিত করেন। দিননাথ প্রতারণা করিয়া আনন্দের স্থানে হস্তান্তরকরণপত্র পাইলেন বলিয়া আনন্দ তাঁহার নিকট-হইতে আর ভূমিও পাইবার দাওয়া করেন। আনন্দ সেই ভূমির বিষয়ে স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন।

44. Two or more claims, founded on distinct causes of action, by and against the same parties, and cognizable (as regards their nature) by the same Court, may, at the option of the plaintiff, be joined

Joinder of several claims in the same suit

৪৪ ধারা। একি পক্ষের দ্বারা কিম্বা একি পক্ষের বিরুদ্ধে নালিশের ভিন্ন২ হেতুমূলক দুই কি তদধিক দাওয়া থাকিলে, ও দাওয়ার ভাব বিবেচনায় তাহা একি আদালতে বিচার্য্য হইলে,

একি মোকদ্দমায় অনেক দাওয়া সংযোগের কথা।

in the same suit, provided that, when claims are so joined, the jurisdiction of the Court to hear the suit shall depend on the amount or value of the aggregate subject-matters

Multifariousness

But different claims, founded on distinct causes of action, against different parties, cannot be joined in the same suit where each of those parties has a separate interest

And claims made against a defendant in different characters, cannot be joined in the same suit

Illustrations

(*a*) A and B, by their three joint promissory notes, promise to pay to C on demand Rs 1,000, Rs 1,500, and Rs 2,000 A and B fail to pay the same C may sue A and B in the same suit for Rs 4,500, being the aggregate amount of the three notes

(*b*) A, the guardian of B, a minor, sells a portion of the minor's property to C, another portion to D, and another to E B attains majority and sues in the same suit C, D, and E to set aside the sales to them respectively Any of the defendants may object that the suit is wrongly framed

(*c*) A sues B, the executor of C, in the same suit for a debt due from C, and also for a debt due from B personally The defendant may object that the suit is wrongly framed

Objections on ground of multifariousness

45. All objections under section 44 shall be taken at the earliest possible opportunity, and any objection not taken before the settlement of issues shall be deemed to have been waived by the defendant

Power to order distinct claims to be tried separately

46. If two or more claims founded on distinct causes of action be joined in one suit, and the Court is of opinion that they can not conveniently be tried together, the Court may, at any stage of the suit, order such claims, or any of them, to be tried separately on the record as made up

Claims for immoveable property and for mesne profits

47. A claim for immovable property, and a claim for the mesne profits of such property, may, at the option of the plaintiff, be deemed to be founded on distinct rights to sue, within the meaning of sections 44 and 46.

বাদির ইচ্ছামতে একি মোকদ্দমায় সেই২ দাওয়ার সংযোগ হইতে পারিবে। কিন্তু তদ্রূপে দাওয়ার সংযোগ হইলে বিবাদীয় সমস্ত টাকার কিম্বা বিবাদীয় বিষয়ের মূল্য সমষ্টি বিবেচনায় আদালতের সেই মোকদ্দমা শুনিবার ক্ষমতা থাকিলে ঐ আদালত সেই মোকদ্দমা শুনিতে পারিবেন।

অনেক প্রকারের দাওয়া থাকিলে তাহার কথা।

পরন্তু ভিন্নং পক্ষের উপর, নালিশের ভিন্নং হেতু মূলক ভিন্নং দাওয়া থাকিলে, যদি ঐ২ পক্ষের পৃথক২ স্বার্থ থাকে, তবে একি মোকদ্দমায় সেইং দাওয়ার সংযোগ হইতে পারে না।

ও প্রতিবাদির ভিন্নং পদোপলক্ষে তাঁহার উপর যেং দাওয়া থাকে একি মোকদ্দমায় তাহার সংযোগ হইতে পারিবে না ইতি।

উদাহরণ।

(ক) আনন্দ ও বলরাম মিলিয়া তিনখানি খং লিখিয়া চন্দ্রের দাওয়ামতে তাঁহাকে ১,০০০ টাকা ও ১,৫০০ টাকা ও ২০০০৲ টাকা দিতে প্রতিজ্ঞা করেন। আনন্দ ও বলরাম সেই টাকা দিলেন না। এই স্থলে চন্দ্র একি মোকদ্দমায় আনন্দ ও বলরামের নামে ঐ তিন খতের মোট ৪,৫০০ টাকায় নিমিত্ত নালিশ করিতে পারিবেন।

(খ) বলরাম নাবালগ। তাঁহার অভিভাবক আনন্দ তাঁহার সম্পত্তির একাংশ চন্দ্রের নিকট, একাংশ দিননাথের নিকট, একাংশ ঈশানের নিকট বিক্রয় করেন, বলরাম বয়োপ্রাপ্ত হইলে ঐ২ বিক্রয় অসিদ্ধ করিবার নিমিত্ত চন্দ্রে ও দিননাথের ও ঈশানের নামে একি মোকদ্দমা উপস্থিত করেন। প্রতিবাদিদের মধ্যে কোন ব্যক্তি ঐ মোকদ্দমার অন্যায় আকৃতি হইয়াছে বলিয়া আপত্তি করিতে পারিবেন।

(গ) বলরাম চন্দ্রের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক। চন্দ্রের স্থানে আনন্দের টাকা পাওনা আছে, নিজ বলরামের স্থানেও তাঁহার টাকা পাওনা আছে, ও তিনি ঐ দুই ঋণ আদায়ের জন্যে একি মোকদ্দমা উপস্থিত করেন। প্রতিবাদী মোকদ্দমার অন্যায় আকৃতি হইয়াছে বলিয়া আপত্তি করিতে পারিবেন।

নানা প্রকারের দাওয়া হেতুক আপত্তির কথা।

৪৫ ধারা। ৪৪ ধারামতে যে আপত্তি থাকে সুযোগ পাইলেই তাহা সাধ্যমতে ত্বরায় জানাইতে হইবে। ইসু নির্ণয়ের পূর্ব্বে আপত্তি করা না গেলে প্রতিবাদী তাহা ত্যাগ করিয়াছেন এমত জ্ঞান হইবে ইতি।

ভিন্নং দাওয়ার স্বতন্ত্র বিচার হইবার আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

৪৬ ধারা। নালিশের ভিন্নং হেতু মূলক দুই কি ততধিক দাওয়া একি মোকদ্দমায় সংযোগ করা গেলে, ও তাহার একত্র বিচার সুবিধামতে হইতে পারে না আদালতের এমত বিবেচনা থাকিলে, আদালত মোকদ্দমা চলনের কোন সময়ে মোকদ্দমার কাগজপত্র যেমন প্রস্তুত করা গিয়াছে তদনুসারে ঐ২ দাওয়ার কি তাহার মধ্যে কোনং দাওয়ার স্বতন্ত্র বিচার হইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

স্থাবর সম্পত্তির ও ওয়াসিলাতের দাওয়ার কথা।

৪৭ ধারা। স্থাবর সম্পত্তির নিমিত্ত, এবং ঐ সম্পত্তির উপর ওয়াসিলাতের নিমিত্ত দাওয়া থাকিলে, বাদির স্বেচ্ছামতে ৪৪ ও ৪৬ ধারার অর্থানুসারে ঐ২ দাওয়া মোকদ্দমা করিবার ভিন্নং স্বত্বমূলক জ্ঞান হইতে পারিবে ইতি।

CHAPTER V.

OF THE INSTITUTION OF SUITS.

Suits to be commenced by plaint.

48. Every regular suit shall be commenced by a plaint

Particulars to be contained in plaint

49. The plaint must be distinctly written in the language in use in proceedings before the Court, and must contain the following particulars —

(1.) the name of the Court in which the suit is brought,

(2) the name, description, and place of abode of the plaintiff,

(3) the name, description, and place of abode of the defendant, so far as they can be ascertained,

(4.) a plain and concise statement of the facts constituting the cause of action, and where and when it accrued,

(5) a demand of the relief which the plaintiff claims

Explanation 1 —When the plaintiff sues in a representative character, the plaint should show, not only that he has an actual existing interest in the subject-matter, but that he has taken the steps necessary to enable him to institute a suit concerning it

Illustrations

(*a*) A sues as B's executor The plaint must state that A has proved B s will

(*b*) A sues as C's administrator The plaint must state that A has taken out administration to C's estate

(*c*) A sues, as guardian of D, a Mahomedan minor A is not D's guardian according to Mahomedan law and usage The plaint must state that A has been specially appointed D's guardian

Explanation 2.—The plaint must show that the defendant is or claims to be interested in the subject-matter, and that he is liable to be called upon to answer the plaintiff's demand.

Illustration

A dies leaving B his executor, C his legatee, and D a debtor to A's estate C sues D to compel him to pay his debt in satisfaction of C s legacy The plaint must show that B has causelessly refused to sue D, or that B and D have colluded for the purpose of defrauding C, or other such circumstances rendering D liable to C

পঞ্চম পরিচ্ছেদ।

মোকদ্দমা উপস্থিত করিবার কথা।

আবেদনপত্রদ্বারা মোকদ্দমা আরম্ভ করিবার কথা।

৪৮ ধারা। আবেত্তাদস্ত প্রত্যেক মোকদ্দমা আবেদনপত্রদ্বারা আরম্ভ করিতে হইবে ইতি।

আবেদনপত্রে যে২ কথা লিখিতে হইবে তাহার কথা।

৪৯ ধারা। আদালতের সম্মুখে যে কার্য্যানুষ্ঠান হয় তৎসম্পর্কে যে ভাষার ব্যবহার হইয়া থাকে আবেদনপত্র সেই ভাষায় স্পষ্ট করিয়া লিখিতে হইবে ও তন্মধ্যে এইং বৃত্তান্ত লেখা থাকিবে—

(১) মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালতের নাম।

(২) বাদির নাম ও বর্ণনা ও বাসস্থান।

(৩) প্রতিবাদির নাম ও বর্ণনা ও বাস স্থান যত দূর জানা যাইতে পারে তাহা।

(৪) যে২ বৃত্তান্ত লইয়া মোকদ্দমার হেতু হয় তাহার স্পষ্ট ও সংক্ষেপ বর্ণনা ও সেই হেতু যে সময়ে ও যে স্থানে হইযাছিল তাহা।

(৫) বাদী যে উপকারের দাওয়া করেন তাহার দাবী।

অর্থের প্রথম কথা।—বাদী অন্যের স্থলাভিষিক্তস্বরূপ নালিশ করিলে বিবাদীয় বিষয়ে তাঁহার যথার্থই স্বার্থ আছে, আবেদনপত্রে যেমন ইহা প্রকাশ করিতে হইবে, তেমনি তদ্বিষযেব মোকদ্দমা উপস্থিত করিতে পাবিবার জন্যে তাঁহার যে২ কর্ম্ম আবশ্যক তাহাও করিয়াছেন ইহাও দেখাইতে হইবে ইতি।

উদাহরণ।

(ক) বলরামের উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদক বলিয়া আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ বলবামের উইলের প্রমাণ যে করিয়াছেন আবেদনপত্রে ইহাও লিখিতে হইবে।

(খ) চন্দ্রের দ্রব্য নিরূপণাধিকারিস্বরূপ আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। আনন্দ চন্দ্রেব সম্পত্তি নিরূপণাধিকারিপত্র যে লইয়াছেন, আবেদনপত্রে এই কথাও লিখিতে হইবে।

(গ) দিলওয়ার নামক মুসলমান নাবালগের অছি বলিয়া আনন্দ মোকদ্দমা উপস্থিত করেন। কিন্তু মুসলমানদের শরা ও আচারমতে আনন্দ তাহার অছি নহেন, অতএব তিনি বিশেষ মতে দিলওযারের অছিস্বরূপ যে নিযুক্ত হইয়াছেন আবেদনপত্রে এই কথা লিখিতে হইবে।

অর্থের দ্বিতীয় কথা।—বিবাদীয় বিষয়ে প্রতিবাদির স্বার্থ আছে কিম্বা তিনি স্বার্থের দাওয়া রাখেন, ও বাদির দাওয়ার উত্তর দিবার যোগ্য, আবেদনপত্রে ইহা দেখাইতে হইবে।

উদাহরণ।

আনন্দ আপন উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকস্বরূপ বলরামকে নিযুক্ত করিয়া ও চন্দ্রকে আপনার উইল অনুসারে ধনের অধিকারি করিয়া ও দিননাথকে খাতক জানাইয়া মরিলেন। চন্দ্র যে ধন পাইবেন তাহা পাইবার নিমিত্ত দিননাথের ঋণ শোধ করাইবার জন্যে তাঁহার নামে নালিশ করেন। বলরাম অকারণে দিননাথের নামে নালিশ করিলেন না, কিম্বা চন্দ্রের প্রাপ্য প্রতারণা করিয়া লইবার জন্যে বলরাম ও দিননাথ যোগ করিয়াছেন আবেদন পত্রে এই কথা কিম্বা অন্য যে তাবগতিক হেতু দিননাথ চন্দ্রের নিকট দায়ী হইলেন তাহা দেখাইতে হইবে।

Explanation 3.—If the cause of action arose beyond the period ordinarily allowed by any law for commencing the suit, the plaint must show the ground upon which exemption from such law is claimed.

Explanation 4.—If the plaintiff seek the recovery of money, the plaint must state the precise amount, so far as the case admits.

Illustration

A sues for mesne profits.

A sues for the amount which will be found due to him on taking unsettled accounts between him and B.

In each of these cases the plaint need only state approximately the amount sued for.

50. The plaint shall be subscribed by the plaintiff and his pleader (if any), and shall be verified at the foot by the plaintiff in the manner following, or to the like effect:—

Plaint to be subscribed and verified.

I (A B), the plaintiff named in the above plaint, do declare that what is stated therein is true to the best of my information and belief.

51. If the plaintiff, by reason of absence or for other good cause, be unable to subscribe and verify the plaint, the Court may, if it think fit, allow it to be subscribed and verified on his behalf by any person whom the Court considers personally acquainted with the facts of the case and otherwise competent to make the verification.

Subscription and verification in case of plaintiff's inability.

What, besides absence, is good cause, is for the consideration of the Court in each case.

Illustrations

(*a*) The fact that a plaintiff has been exempted from attendance in Court on account of his rank is not good cause why he should not subscribe and verify the plaint.

(*b*.) Severe illness may be good cause.

52. The plaint may, at the discretion of the Court, and at any time before the decree is passed, be rejected, returned for amendment within a time to be fixed by the Court, or amended then and there, upon such terms as to

When the plaint may be rejected, returned for amendment, or amended.

অর্থের তৃতীয় কথা।—কোন আইন দ্বারা মোকদ্দমা আরম্ভ করিবার যে মিয়াদ সচরাচর দেওয়া যায়, নালিশের কারণ যদি সেই মিয়াদের অতিরিক্ত কালে উপস্থিত হইয়া থাকে, তবে যে হেতুতে ঐ আইনের বিধান হইতে মুক্তি পাইবার দাওয়া হয় আবেদন পত্রে তাহা দেখাইতে হইবে।

অর্থের চতুর্থ কথা।—বাদী টাকা পাইবার প্রার্থনা করিলে ঠিক কত টাকা পাইবে বিষয় বিবেচনায় ইহা যত দূর জানাইতে পারা যায়, আবেদন পত্রে তাহা তত দূর জানাইতে হইবে ইতি।

উদাহরণ।

আনন্দ ওয়াসিলাৎ পাইবার প্রার্থনা করেন।

আনন্দের ও বলরামের মধ্যে হিসাব নিষ্পত্তি না হইয়া থাকিলে সেই হিসাব মতে আনন্দের যত টাকা পাওনা হয় তাহা পাইতে প্রার্থনা করেন।

ইহার একতর স্থলে যত টাকার প্রার্থনা হয় আবেদনপত্রে তাহা ন্যূনাধিকরূপে জানাইলেই চলিতে পারিবে।

৫০ ধারা। আবেদনপত্রে বাদী স্বাক্ষর করিবেন, ও তাঁহার উকীল থাকিলে তিনিও স্বাক্ষর করিবেন, এবং আবেদনপত্রের নিম্নভাগে বাদী সত্যাকরণের এই কথা কিম্বা এই মর্ম্মের কথা লিখিবেন,—

আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও তাহা সত্যা করিবার কথা।

এই আবেদনপত্রে যাহা লেখা গেল তাহা আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য, ঐ আবেদনপত্রের উল্লিখিত বাদী আমি শ্রীঅমুক ইহা নির্দ্দেশ করিয়া কহিলাম ইতি।

৫১ ধারা। বাদী উপস্থিত না থাকাতে কিম্বা বিশিষ্ট অন্য কারণে আবেদনপত্রে স্বাক্ষর করিতে ও সত্যাকরণের কথা লিখিতে না পারিলে, আদালতের বিবেচনায় অন্য যে ব্যক্তি মোকদ্দমার বৃত্তান্ত নিজে জানেন ও অন্য কারণে ঐ সত্যাকরণের কথা লিখিতে ক্ষমতাপন্ন হন, আদালত বিহিত বোধ করিলে সেই ব্যক্তিকেই বাদির স্বপক্ষ হইয়া ঐ আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার অনুমতি দিতে পারিবেন।

বাদী স্বাক্ষর করিতে ও সত্যাকরণের কথা লিখিতে না পারিলে যেরূপ কার্য্য হইবে তাহার কথা।

উপস্থিত না থাকন ছাড়া অন্য যে কারণ বিশিষ্ট হয়, আদালত প্রত্যেক স্থলে আপন বিবেচনামতে তাহা স্থির করিবেন ইতি।

উদাহরণ।

(ক) বাদী আপনার সম্ভ্রম হেতুক আদালতে প্রবেশন হইতে মুক্ত হইলেন, এই কারণটি তাঁহার আবেদনপত্রে স্বাক্ষর না করিবার ও সত্যাকরণের কথা না লিখিবার বিশিষ্ট কারণ নয়।

(খ) গুরুতর পীড়া বিশিষ্ট কারণ হইতে পারে।

৫২ ধারা। নিম্নলিখিত কোন স্থলে আদালতের বিবেচনামতে ও ডিক্রী হইবার পূর্ব্বে কোন সময়ে আবেদনপত্র অগ্রাহ্য হইতে পারিবে, কিম্বা সংশোধন করিতে হইলে যে শরুত লাগিবে আদালত সেই শরুত দিবার যে নিয়ম বিহিত বোধ

আবেদনপত্র যে স্থলে অগ্রাহ্য হইতে কিম্বা সংশোধন করিবার জন্যে ফিরিয়া দেওয়া যাইতে কিম্বা সংশোধন করা যাইতে পারে তাহার কথা।

the payment of costs occasioned by the amendment as the Court thinks fit,

করেন সেই নিয়মানুসারে আদালতের নিরূপিত কোন সময়ের মধ্যে তাহা সংশোধন করিবার জন্যে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে, কিম্বা তৎকালে তৎস্থানে সংশোধন করা যাইতে পারিবে। বিশেষতঃ—

(*a*) if it do not state correctly and without prolixity the several particulars hereinbefore required to be specified therein,

(ক) পূর্ব্বলিখিত বিধানমতে আবেদনপত্রের মধ্যে যে সকল বৃত্তান্ত বিশেষ করিয়া লেখা কর্ত্তব্য তাহা শুদ্ধ রূপে ও অতিরিক্ত কথাবিনা লেখা না গেলে,—

(*b*) if it contain any particulars other than those so required,

(খ) তদ্রূপে যেং বৃত্তান্ত লিখিবার আদেশ থাকে তাহার অধিক লেখা থাকিলে,—

(*c*) if it be not subscribed and verified as hereinbefore required, or

(গ) পূর্ব্বলিখিত বিধানমতে তাহাতে স্বাক্ষর করা না গেলে ও সত্যকরণের কথা লেখা না গেলে,— কিম্বা

(*d*) if it do not disclose a cause of action

(ঘ) তন্মধ্যে নালিশের হেতু প্রকাশ না হইলে।

Explanation —A plaint cannot be altered so as to convert a suit of one character into a suit of another and inconsistent character

অর্থের কথা।—এক প্রকারের মোকদ্দমার পরিবর্ত্তে যাহাতে অন্য প্রকারের ও অসঙ্গত ভাবের অন্য মোকদ্দমা হইয়া উঠে, আবেদনপত্র এমত পরিবর্ত্তন করা যাইতে পারিবে না ইতি।

When the plaint shall be returned to be presented to the proper Court

53 The plaint, when presented, shall be returned to be presented to the proper Court in the following cases —

উপযুক্ত আদালতে উপস্থিত করিবার নিমিত্তে আবেদনপত্র যে স্থলে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

৫৩ ধারা। আবেদনপত্র উপস্থিত করা গেলে পর নিম্নলিখিত স্থলে উপযুক্ত আদালতে উপস্থিত করিবার জন্যে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে,—

(*a*) If a suit has been instituted in a Court whose grade is lower or higher than that of the Court competent to try it, where such Court exists, or where no option as to the selection of the Court is allowed by law

(ক) মোকদ্দমার বিচার করিবার ক্ষমতাপন্ন আদালত থাকিতেও কিম্বা যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যাইবে আইন দ্বারা ইহা স্বেচ্ছামতে মনোনীত করিবার অনুমতি না থাকিলেও যে আদালতে মোকদ্দমার বিচার করিবার ক্ষমতা আছে তদপেক্ষা নিম্ন কি উচ্চ শ্রেণীর আদালতে মোকদ্দমা উপস্থিত করা গেলে,

(*b*) If, in a suit relating to immovable property, but not coming under the proviso to section 15, it appear that no part of such property is situate within the local limits of the Court's jurisdiction

(খ) স্থাবর সম্পত্তির যে মোকদ্দমা ১৫ ধারার উপবিধির মধ্যে না আইসে, এমত মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায়, সেই আদালতের এলাকার অন্তর্গত স্থানের মধ্যে ঐ সম্পত্তির কোন অংশ নাই দৃষ্ট হইলে,

(*c*) If, in any other case, it appear that the cause of action, or a material part thereof, did not occur, and that none of the defendants are dwelling or carrying on business, or personally working for gain, within such local limits

(গ) অন্য কোন স্থলে মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায়, সেই আদালতের এলাকার অন্তর্গত স্থানের মধ্যে নালিশের হেতু কি তাহার গুরুতর অংশ ঘটে নাই, ও প্রতিবাদিদের কোন ব্যক্তি তথায় বাস করেন কি ব্যবসায় চালান না কি লভ্যের নিমিত্ত নিজে কর্ম্ম করেন না দৃষ্ট হইলে ইতি।

When the plaint shall be rejected

54 The plaint shall be rejected in the following cases —

আবেদনপত্র যে স্থলে অগ্রাহ্য হইবে তাহার কথা।

৫৪ ধারা। নিম্নলিখিত স্থলে আবেদনপত্র অগ্রাহ্য হইবে,—

(*a*) If the relief sought is undervalued, and the plaintiff, on being required by the Court to correct the valuation within a time to be fixed by the Court, fails to do so

(ক) যে উপকার প্রার্থনা হয় তাহার ন্যূনমূল্য ধরা গেলে, এবং আদালত নিরূপিত সময়ের মধ্যে ঐ মূল্য শুদ্ধ করিয়া লিখিতে আদেশ করিলেও বাদী সেই কার্য্য না করিলে,

(*b*) If the relief sought is properly valued, but the plaint is written upon paper insufficiently stamped, and the plaintiff, on being required by the Court to supply the requisite stamp-paper within a time to be fixed by the Court, fails to do so:

(খ) যে উপকারের প্রার্থনা হয় তাহার উপযুক্ত মূল্য ধরা গেলেও আবেদনপত্র ন্যূনমূল্যের ইষ্টাম্প কাগজে লেখা থাকিলে এবং আদালত নিরূপিত সময়ের মধ্যে উপযুক্ত ইষ্টাম্প কাগজ দিতে আদেশ করিলেও বাদী তাহা না দিলে।

(*c*) If, in the case mentioned in section 369, the plaintiff fail to furnish security for the payment of the costs that may be incurred by the defendant:

(গ) ৩৬৯ ধারার উল্লিখিত স্থলে, প্রতিবাদির যত খরচ হইতে পারে বাদী তাহা শোধ করিবার জামিন না দিলে,

(*d*) If the suit appear from the statement in the plaint to be barred by any positive rule of law.

(ঘ) আইনের কোন স্পষ্ট বিধানক্রমে মোকদ্দমা করিবার বাধা হইল, আবেদনপত্রের কোন বর্ণনাদ্বারা ইহা দৃষ্ট হইলে ইতি।

Procedure on rejecting a plaint.

55 When a plaint is rejected, the Judge shall record with his own hand an order to that effect with the reason for such order, and the plaint, with the order and any deposition made by or on behalf of the plaintiff, shall be deposited in the record-room of the Court.

আবেদনপত্র অগ্রাহ্য হইলে কার্য্য প্রণালীর কথা।

৫৫ ধারা। আবেদনপত্র অগ্রাহ্য করা গেলে, জজ আপন হাতে সেই মর্ম্মের আজ্ঞা ও সেই আজ্ঞা করিবার কারণ লিখিয়া দিবেন, ও সেই আজ্ঞার সহিত ও বাদির দ্বারা কিম্বা তাঁহার পক্ষে যে সাক্ষ্য দেওয়া যায় তৎসহিত ঐ আবেদনপত্র আদালতের মহাফেজখানায় রাখা যাইবে।

Procedure on returning a plaint

When a plaint is returned for amendment, the date of its presentation and return, the name of the party presenting it, and a brief statement of the reason for returning it, shall be endorsed upon it before it is returned, and shall be signed and sealed by the Judge

আবেদনপত্র ফিরিয়া দেওয়া গেলে কার্য্যপ্রণালীর কথা।

আবেদনপত্র সংশোধন করিবার জন্যে ফিরিয়া দেওয়া গেলে, ফিরিয়া দিবার পূর্ব্বে তাহা উপস্থিত করিবার ও ফিরিয়া দিবার তারিখ ও যে ব্যক্তি উপস্থিত করিলেন তাঁহার নাম ও তাহা ফিরিয়া দিবার কারণ সংক্ষেপরূপে পৃষ্ঠে লিখিয়া ও জজের দ্বারা স্বাক্ষরিত ও মোহরাঙ্কিত হইয়া ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

When rejection of plaint does not preclude presentation of fresh plaint

56 The rejection of the plaint on any of the grounds hereinbefore mentioned shall not of its own force preclude the plaintiff from presenting a fresh plaint in respect of the same cause of action.

যে স্থলে আবেদনপত্র অগ্রাহ্য হইলেও নূতন আবেদনপত্র উপস্থিত করিবার বাধা না থাকে তাহার কথা।

৫৬ ধারা। ইহার পূর্ব্বে যে২ কারণের উল্লেখ হইয়াছে তন্মধ্যে কোন কারণে আবেদনপত্র গ্রাহ্য হইলেও কেবল তৎপ্রযুক্ত নালিশের সেই হেতু ধরিয়া বাদির নূতন আবেদনপত্র উপস্থিত করিবার বাধা নাই ইতি।

Procedure on admitting plaint

57 If the Court consider the plaint admissible, it shall cause to be endorsed thereon a memorandum of the documents (if any) which the plaintiff has filed along with it, together with the names of the persons presenting them

আবেদনপত্র গ্রাহ্য হইলে কার্য্যপ্রণালীর কথা।

৫৭ ধারা। আদালত আবেদনপত্র গ্রাহ্য হইবার উপযুক্ত জ্ঞান করিলে, বাদী ঐ পত্রের সঙ্গে২ কোন দলীলও উপস্থিত করিলে আদালত সেই দলীলের স্মারক কথা ও যাঁহারা সেই২ দলীল উপস্থিত করেন তাঁহাদের নাম ঐ আবেদনপত্রের পৃষ্ঠে লেখাইবেন।

The Court shall also cause the particulars mentioned in section 49 to be entered in a book to be kept for the purpose, and called the Register of Civil Suits The entries shall be numbered in every year according to the order in which the plaint is presented

আরও দেওয়ানী মোকদ্দমার রেজিষ্টর নামে যে বহী রাখিতে হইবে আদালত সেই বহীর মধ্যে ৪৯ ধারার উল্লিখিত বিবরণও লেখাইবেন। আবেদনপত্র যে ক্রমে উপস্থিত করা যায় প্রতিবৎসর সেই ক্রমানুসারে ১, ২ প্রভৃতি নম্বর দিয়া সেই বহীতে লেখা যাইবে ইতি।

Production of document on which plaintiff sues

Delivery of document or copy

58 If a plaintiff sue upon a written document in his own possession or power, he shall produce it in Court when the plaint is presented, and shall at the same time deliver the document or a copy thereof to be filed with the plaint.

বাদী যে দলীলের উপর নালিশ করেন তাহা দেখাইবার কথা।

দলীল কি তাহার নকল গচ্ছিত করিবার কথা।

৫৮ ধারা। বাদির নিকট কি তাঁহার অধিকারে যে দলীল থাকে তিনি সেই দলীলের উপর নালিশ করিলে, যে সময়ে আবেদনপত্র উপস্থিত করেন সেই সময়ে ঐ দলীলও দেখাইবেন, ও আবেদনপত্রের সঙ্গে গাঁথিয়া রাখিবার জন্যে ঐ দলীল কিম্বা তাহার নকল দিবেন।

If he rely on any other documents as evidence in support of his claim, he shall enter such documents in a list to be added at the foot of the plaint.

List of other documents.

59. In case of any suit founded upon a bill of exchange or other negotiable instrument, if it be proved to the satisfaction of the Court that the instrument is lost, and if an indemnity be given by the plaintiff, to the satisfaction of the Court, against the claims of any other person upon such instrument, the Court may make such decree as it would have made if the plaintiff had produced the instrument in Court when the plaint was presented, and had at the same time delivered a copy of the instrument to be filed with the plaint.

Suits on lost negotiable instruments

60. If the document on which the plaintiff sues be an entry in a shop-book or other book, the plaintiff shall produce the book to the Court, together with a copy of the entry on which he relies

Production of shop book

The Court shall forthwith mark the document for the purpose of identification, and after examining and comparing the copy with the original, shall return the book to the plaintiff

Original entry to be marked and returned

61. A document which ought to be produced in Court by the plaintiff when the plaint is presented, or to be entered at the foot of the plaint, and which is not produced or entered accordingly, shall not be received in evidence on his behalf at the hearing of the suit without the leave of the Court.

Inadmissibility of document not produced when plaint filed

Explanation —A document handed to a witness merely to refresh his memory is not received in evidence within the meaning of this section

Issue of Summons

62. When the plaint has been registered, a summons shall be issued to the defendant to appear and answer the claim on a day to be therein specified

Summons

(*a*) in person, or

(*b*) by a pleader duly instructed and able to answer all material questions relating to the suit, or

(*c*) by a pleader accompanied by some other person able to answer all such questions.

আপন দাওয়ার প্রতিপোষকার্থে প্রমাণস্বরূপে অন্য কোন দলীলের প্রতি তাঁহার নির্ভর থাকিলে, তিনি আবেদনপত্রের নিম্নভাগে সেই সকল দলীলের নির্ঘণ্টপত্র লিখিয়া দিবেন ইতি।

অন্যং দলীলের নির্ঘণ্টপত্র দিবার কথা।

৫৯ ধারা। বিল অফ এক্সচেঞ্জ কিম্বা ক্রয়বিক্রয়ের যোগ্য অন্য নিদর্শনপত্রমূলক মোকদ্দমা হইলে, ও সেই নিদর্শনপত্র হারাণ গেল আদালতের জ্ঞানোধমতে ইহার প্রমাণ করা গেলে, ও সেই নিদর্শনপত্রের উপর কোন ব্যক্তির দাওয়া থাকিলে বাদী তাহার ক্ষতিপুরণ করিবেন, আদালতের জ্ঞানোধমতে এই মর্ম্মের নিষ্কৃতিপত্র দিলে, এমন স্থলে বাদী আবেদনপত্র উপস্থিত করণসময়ে সেই নিদর্শনপত্রও উপস্থিত করিলে ও আবেদনপত্রেব সহিত গাঁথিয়া রাখিবার জন্যে ঐ নিদর্শনপত্রের নকল দিলে আদালত যদ্রূপ ডিক্রী করিতেন, তদ্রূপ ডিক্রী করিতে পারিবেন ইতি।

ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্র হারাণ গেলে তদুপরি মোকদ্দমার কথা।

৬০ ধারা। দোকানী কি অন্য খাতায যে কথা লেখা আছে বাদী সেই কথারূপ দলীলের উপর মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ খাতা বহী ও তল্লিখিত যে কথাব উপর নির্ভর করেন সেই কথার নকল আদালতে উপস্থিত করিবেন।

দোকানী খাতা দেখাইবার কথা।

ঐ দলীল পুনরায় চেনা যাইতে পারে এই নিমিত্ত আদালত তৎক্ষণে তাহাতে চিহ্ন দিবেন, এবং আসলের সঙ্গে নকল মিলাইয়া দেখিলে পব বাদিকে ঐ খাতা বহী ফিরিয়া দিবেন ইতি।

আসল কথায চিহ্ন দিয়া খাতা ফিরিয়া দিবার কথা।

৬১ ধারা। আবেদনপত্র যে সমযে উপস্থিত করা যায় সেই সমযে যে দলীলও আদালতে উপস্থিত করা কিম্বা আবেদনপত্রের নিম্নভাগে লিখিয়া দেওয়া উচিত তাহা তদনুসাবে উপস্থিত না করা কিম্বা লেখা না গেলে, আদালতের অনুমতিবিনা মোকদ্দমা শুনিবাব সময়ে ঐ দলীল বাদিব সপক্ষ প্রমাণস্বরূপ গ্রাহ্য হইবে না।

আবেদনপত্র দেওন সমযে দলীলও না আনিলে তাহা গ্রাহ্য না হইবার কথা।

অর্থের কথা।—সাক্ষির স্মরণ করাইবার হেতু মাত্রে তাঁহাকে দলীল দেওয়া গেলে তাহা এই ধারার মর্ম্মানুসারে প্রমাণস্বরূপে গ্রাহ্য নয় ইতি।

সমন জারী করিবার কথা।

৬২ ধারা। আবেদনপত্র রেজিষ্ট্রী করা গেলে পর সমনের নির্দ্দিষ্ট তারিখে আসামীব উপস্থিত হইয়া,

সমনের কথা।

(ক) স্বয়ং, কিম্বা

(খ) যাঁহাকে উপযুক্তমতে শিক্ষা দেওয়া গেল ও যিনি মোকদ্দমা সম্পর্কীয় গুরুতর সকল প্রশ্নের উত্তর দিতে পারিবেন এমত উকীল দ্বারা, কিম্বা

(গ) সেই সকল প্রশ্নের উত্তর দিতে পারে এমত কোন ব্যক্তির সঙ্গেং উকীলের দ্বারা উপস্থিত হইয়া দাওয়ার উত্তর দিবার জন্যে তাহার নামে সমন বাহির হইবে।

Every such summons shall be signed by the Judge or such officer as he appoints, and shall be sealed with the seal of the Court.

জজ কিম্বা তিনি অন্য যে কার্য্যকারককে নিযুক্ত করেন তিনি সেই সমনপত্রে স্বাক্ষর করিবেন ও তাহা আদালতের মোহরে মোহরাঙ্কিত হইবে ইতি।

Court may order defendant or plaintiff to appear in person

63 If the Court see reason to require the personal appearance of the defendant, the summons shall order him to appear in person in Court on the day therein specified

প্রতিবাদির কি বাদির স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

৬৩ ধারা। আদালত প্রতিবাদির স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা করিবার কারণ জানিলে, ঐ সমনপত্রে তাঁহার ঐ পত্রের নির্দ্দিষ্ট তারিখে স্বয়ং আদালতে উপস্থিত হইবার আজ্ঞা থাকিবে।

If the Court see reason to require the personal appearance of the plaintiff on the same day, it may make an order for such appearance

আদালত সেই দিবসে বাদিরও স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা করিবার কারণ জানিলে তাঁহারও আদালতে আসিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

No party to be ordered to appear in person unless resident within 50 miles,

or within local jurisdiction of Court,

64 No plaintiff or defendant shall be ordered to appear in person who at the time is *bonâ fide* residing at a distance of more than fifty miles from the place where the Court is held, unless he be resident within the local limits of the jurisdiction of the Court

কোন ব্যক্তি ৫০ মাইলের মধ্যে বাস না করিলে,

কিম্বা আদালতের এলাকার মধ্যে বাস না করিলে

৬৪ ধারা। যে স্থানে আদালতের অধিবেশন হয়, বাদী কি প্রতিবাদী তৎকালে প্রকৃত প্রস্তাবে সেই স্থানহইতে পঞ্চাশ মাইলের অধিক দূরে বাস করিলে ও আদালতের এলাকার অন্তর্গত স্থানের মধ্যে বাস না করিলে তাঁহার প্রতি স্বয়ং আদালতে আসিতে আজ্ঞা হইবে না।

or unless there be railway communication

Provided that, if railway communication exists between the place where he resides and the place where the Court is held, or within a convenient distance from such places, the Court shall have a discretion as to making such order

কিম্বা রেলওয়ে দ্বারা যাইবার পথ না থাকিলে, তাহার স্বয়ং আসিবার আজ্ঞা হইতে না পারিবার কথা।

কিন্তু তিনি যে স্থানে বাস করেন ও আদালতের যে স্থানে অধিবেশন হইয়া থাকে, এই দুই স্থানের মধ্যে কিম্বা তথাহইতে সুবিধামতে অদূরে রেলওয়ে দ্বারা যাতায়াত হইতে পারিলে, আদালত আপন বিবেচনামতে তদ্রূপ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Summons to be either to settle issues, or for final disposal

65 The Court shall determine, at the time of issuing the summons, whether it shall be for the settlement of issues only, or for the final disposal of the suit, and the summons shall contain a direction accordingly

ইস্যু নিরূপণের কিম্বা চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন হইবার কথা।

৬৫ ধারা। কেবল ইস্যু নির্ণয় করিবার জন্যে, না মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির জন্যে সমন দেওয়া যাইবে, আদালত সমন দিবার সময়ে ইহা স্থির করিবেন ও সমনপত্রে তদনুযায়ি আদেশ থাকিবে।

Provided that, in every suit cognizable by Courts of Small Causes, the summons shall be for the final disposal of the suit

কিন্তু ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য প্রত্যেক মোকদ্দমায়, চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া যাইবে ইতি।

Fixing day for appearance of defendant

66 The day for the appearance of the defendant shall be fixed by the Court with reference to the place of residence of the defendant and the time necessary for the service of the summons, and the day shall be so fixed as to allow the defendant sufficient time to enable him to appear and answer on such day.

প্রতিবাদির উপস্থিত হইবার দিন নিরূপণের কথা।

৬৬ ধারা। প্রতিবাদী যে স্থানে বাস করেন, ও সমন জারী করিতে যত সময় লাগে আদালত ইহা বিবেচনা করিয়া প্রতিবাদির উপস্থিত হইবার দিন নিরূপণ করিবেন। ও প্রতিবাদী সেই দিনে উপস্থিত হইয়া উত্তর দিবার যেন উপযুক্ত অবকাশ পান ইহা বিবেচনা করিয়া ঐ দিন নিরূপণ করা যাইবে।

What shall be deemed 'sufficient time' must be determined with reference to the circumstances of the case.

"উপযুক্ত অবকাশ" কাহাকে বলে মোকদ্দমার আকারপ্রকার লক্ষ করিয়া ইহা স্থির করিতে হইবে ইতি।

67. The summons to appear and answer shall order the defendant to produce any document in his possession or power, containing evidence relating to the merits of the plaintiff's case, or upon which the defendant intends to rely in support of his case.

Summons to order defendant to produce documents required by plaintiff or relied on by defendant

68 When the summons is for the final disposal of the suit, it shall direct the defendant to produce, on the day fixed for his appearance, the witnesses upon whose evidence he intends to rely in support of his case

On issue of summons for final disposal, parties to be directed to produce their witnesses

A similar direction shall be given to the plaintiff at the time of issuing the summons

The summons may contain a demand of the costs incurred to the time of payment

---

CHAPTER VI

SERVICE OF SUMMONS ON THE DEFENDANT

69 The summons shall be delivered to the proper officer of the Court, to be served by him or one of his subordinates

Delivery of summons for service

70 Service of the summons shall be made by delivering or tendering a copy thereof signed by the Judge or by the Registrar or Clerk of the Court and sealed with the seal of the Court

Mode of service

71 When there are more defendants than one, service of the summon shall be made on each defendant

Service on several defendants

Provided that, if the defendants are partners, and the suit relates to a partnership-transaction, service on one defendant for himself and for the other defendants shall be sufficient, unless the Court otherwise directs

72 Whenever it may be practicable, the service shall be on the defendant in person, unless he have an agent empowered to accept the service, in which case service on such agent shall be sufficient.

Service to be on defendant in person, when practicable, or on duly empowered agent

৬৭ ধারা। যে দলীলে বাদির পক্ষ মোকদ্দমার দোষ গুণের প্রমাণ থাকে, কিম্বা প্রতিবাদী স্বপক্ষ মোকদ্দমার প্রতিপোষণার্থে যে২ দলীলের উপর নির্ভর করেন প্রতিবাদির নিকট কি তাঁহার অধিকারে এমত যে কোন দলীল থাকে, তাঁহার উপস্থিত হইয়া উত্তর দিবার সমনপত্রে সেই দলীলও আনিয়া দেখাইবার আজ্ঞা হইবে ইতি।

যে২ দলীলে বাদির প্রয়োজন থাকে কিম্বা প্রতিবাদী যে দলীলের উপর নির্ভর করেন সমনপত্রে প্রতিবাদির সেইং দলীলও দেখাইবার আজ্ঞা হইবার কথা।

৬৮ ধারা। মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া গেলে, সেই সমনপত্রে প্রতিবাদির প্রতি এই আজ্ঞা হইবে যে তিনি স্বপক্ষ মোকদ্দমার পোষকতার জন্যে যে সাক্ষিদের প্রমাণের উপর নির্ভর করিতে চাহেন, আপনার উপস্থিত হইবার নিরূপিত দিনে সেই সাক্ষিদিগকেও উপস্থিত করান।

চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া গেলে, উভয় পক্ষের সাক্ষিদিগকেও আনিবার আজ্ঞা হওয়ার কথা।

সমন দেওবার সময়ে বাদিরও প্রতি সেইরূপ আজ্ঞা দেওয়া যাইবে।

আরো খরচা দিবার সময় পর্য্যন্ত যত খরচা লাগে সমনপত্রে সেই খরচারও দাওয়া থাকিতে পারিবে ইতি।

ষষ্ঠ অধ্যায।

প্রতিবাদিকে সমন দেওন বিষযক বিধি।

৬৯ ধারা। আদালতের উপযুক্ত কর্ম্মকারকের কিম্বা তাহার অধীন কোন আমলার দ্বারা জারী করিবার জন্যে ঐ সমনপত্র সেই কর্ম্মকারককে দেওয়া যাইবে ইতি।

সমন জারী করিবার জন্যে দিবার কথা।

৭০ ধারা। সমনপত্রের এক কেতা নকলে জজের কিম্বা আদালতের রেজিস্ট্রারের কি ক্লার্কের স্বাক্ষর থাকিলে ও আদালতের মোহরে মোহরাঙ্কিত হইলে সেই নকল খানি দিয়া কিম্বা দিবার প্রস্তাব করিয়া ঐ সমন জারী করা যাইবে ইতি।

যেরূপে জারী হইবে তাহার কথা।

৭১ ধারা। একের অধিক প্রতিবাদী থাকিলে, প্রত্যেক জন প্রতিবাদিকে সমন দেওয়া যাইবে।

অনেক প্রতিবাদী থাকিলে সমন দিবার কথা।

কিন্তু যদি প্রতিবাদিরা অংশী হইযা থাকেন, ও মোকদ্দমা যদি অংশিত্ব ব্যবসায সম্পর্কীয় মোকদ্দমা হইয়া থাকে, তবে আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে কোন এক প্রতিবাদিকে আপনার ও অন্য প্রতিবাদিদের নিমিত্তে ঐ সমন দেওযা গেলেই চলিতে পারিবে ইতি।

৭২ ধারা। নিজ প্রতিবাদিকেই সমন দেওয়া যাইতে পারিলে দেওয়া যাইবে। কিন্তু তাঁহার সেই সমন গ্রাহ্য করিবার উপযুক্ত ক্ষমতা প্রাপ্ত মোক্তার থাকিলে ঐ মোক্তারকে দিলেই প্রচুর ইতি।

নিজ প্রতিবাদিকেই সমন দেওয়া যাইতে পারিলে তাহাকে দিবার কিম্বা উপযুক্ত ক্ষমতাপ্রাপ্ত মোক্তারকে দিবার কথা।

73. In a suit relating to any business or work against a person who does not reside within the local limits of the jurisdiction of the Court from which the summons issues, service on any manager or agent, who, at the time of service, personally carries on such business or work for such person within such limits, shall be deemed good service

Service on agent by whom defendant carries on business

74. In a suit for immovable property, if the summons cannot be served on the defendant in person, and the defendant have no agent empowered to accept the service of the summons, it may be served on any agent of the defendant in charge of the property

Service on agent in charge in suits for immovable property

75 If in any suit the defendant cannot be found and if he have no agent empowered to accept the service of the summons on his behalf, the service may be made on any adult male member of the family of the defendant who is residing with him.

When service may be on male member of defendant's family

Explanation —A servant is not a member of the family within the meaning of this section

76. When the summons is served on the defendant personally, or on an agent or other person on his behalf, the serving officer shall require the signature of the person on whom the service is made to an acknowledgment of service to be endorsed on the original summons or on a copy thereof signed and sealed as aforesaid

Person served to endorse summons

If such person refuse to sign the acknowledgment, the serving officer may affix the copy of the summons on some conspicuous part of the house in which the defendant is dwelling, but the service of the summons shall be held sufficient if it be proved to the satisfaction of the Court, notwithstanding that a copy of the summons shall not have been so affixed.

Procedure where he refuses

77 If the defendant cannot be found and there is no agent empowered to accept the service of the summons on his behalf, nor any other person on whom the service can be made, the serving officer shall fix the copy of the summons on some conspicuous part of the house in which the defendant is dwelling, and the summons shall thereupon be deemed to have been served.

If summons cannot be served copy to be fixed on dwelling house

৭৩ ধারা। কোন ব্যবসায় কি কর্ম্মসম্পর্কীয় মোকদ্দমা হইলে, ও যে আদালত-হইতে সমন বাহির হয় সেই আদালতের অন্তর্গত স্থানের সীমার মধ্যে যে ব্যক্তি বাস না করেন তাঁহার নামে মোকদ্দমা হইলে, ঐ সমন জারী করণের সময়ে তাঁহার যে কার্য্যাধ্যক্ষ কি প্রতিনিধি স্বয়ং সেই সীমার মধ্যে তাঁহারই পক্ষে ঐ ব্যবসায় কি কর্ম্ম চালান তাঁহাকে সমন দেওয়া গেলে তাহা উপযুক্তমতে জারী হইল বলিয়া জ্ঞান হইবে ইতি।

প্রতিবাদী যে প্রতিনিধির দ্বারা কার্য্য চালান তাঁহাকে সমন দিবার কথা।

৭৪ ধারা। স্থাবর সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা হইলে নিজ প্রতিবাদিকে সমন দেওয়া যাইতে না পারিলে ও ঐ সমন গ্রাহ্য করিবার ক্ষমতাপ্রাপ্ত মোক্তার না থাকিলে প্রতিবাদির যে নাএবের প্রতি ঐ সম্পত্তির অধ্যক্ষতা ভার থাকে তাঁহাকেই সমন দেওয়া যাইতে পারিবে ইতি।

স্থাবর সম্পত্তির নিমিত্ত মোকদ্দমায় যে নাএবের প্রতি অধ্যক্ষতাভার থাকে তাঁহাকে সমন দিবার কথা।

৭৫ ধারা। কোন মোকদ্দমায় প্রতিবাদিকে পাওয়া যাইতে না পারিলে, ও তাঁহার পক্ষে সমন গ্রাহ্য করিবার ক্ষমতাপ্রাপ্ত মোক্তার না থাকিলে, প্রতিবাদির পরিবারীয় বয়ঃপ্রাপ্ত যে পুরুষ তাঁহার সঙ্গে বাস করেন, তাহাকে সমন দেওয়া যাইতে পারিবে।

যে স্থলে প্রতিবাদির পরিবারের কোন পুরুষকে সমন দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

অর্থের কথা।—এই ধারার মর্ম্মানুসারে চাকর পরিবারীয় লোক নয় ইতি।

৭৬ ধারা। সমন নিজ প্রতিবাদিকে কিম্বা তাঁহার স্বপক্ষ মোক্তারকে কি অন্য ব্যক্তিকে দেওয়া গেলে, ঐ আসল সমনের কিম্বা পূর্ব্বোক্তমতে স্বাক্ষর ও মোহর করা ঐ নকলের পৃষ্ঠে তিনি ঐ সমন পাওয়ার কথায় স্বাক্ষর করুন, যে কর্ম্মকারক ঐ সমন দিলেন তিনি তাঁহাকে এই আদেশ করিবেন।

সমন যাঁহাকে দেওয়া যায় তাঁহার ঐ সমনের পৃষ্ঠে লিখিতে হইবার কথা।

সেই ব্যক্তি ঐ সমন পাওয়ার কথায় স্বাক্ষর করিতে না চাহিলে, যে কর্ম্মকারক সমন জারী করেন তিনি ঐ প্রতিবাদির বাসগৃহের কোন প্রকাশ স্থানে ঐ সমনের নকল লাগাইয়া দিবেন, কিন্তু সমনের নকল তদ্রূপে লাগাইয়া না দেওয়া গেলেও সমন যে দেওয়া গেল আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করা গেলে, উপযুক্তমতে সমন জারী হইল এমত জ্ঞান হইবে ইতি।

স্বাক্ষর না করিলে কার্য্য প্রণালীর কথা।

৭৭ ধারা। প্রতিবাদির উদ্দেশ পাওয়া না গেলে, ও তাঁহার পক্ষে সমন গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কোন মোক্তার কিম্বা যাঁহাকে সমন দেওয়া যাইতে পারে এমত অন্য ব্যক্তি না থাকিলে, যে কর্ম্মকারক সমন জারী করিবেন তিনি প্রতিবাদির বাসগৃহের কোন প্রকাশ স্থানে ঐ সমনের নকল লাগাইয়া দিবেন, তাহা হইলে সমন দেওয়া গেল এমত জ্ঞান হইবে।

সমন দেওয়া যাইতে না পারিলে বাসগৃহে তাহার নকল লাগাইয়া দিবার কথা।

Explanation.— The manner of dwelling here ntended is such as renders it probable that the fact of the fixing of the copy will come to the defendant's knowledge.

Summons when returned with endorsement of non service

78. If the summons cannot be otherwise served on the defendant, and the serving officer cannot find any house in which the defendant is dwelling, the serving officer shall return the summons to the Court from which it issued, with an endorsement thereon that he has been unable to serve it.

Endorsement of time and manner of service

79. The serving officer shall, in all cases in which the summons has been served, endorse on the original summons, or on a copy thereof signed and sealed as aforesaid, the time when and the manner in which the summons was served, and such endorsement shall be evidence of the service of the summons

When summons is returned unserved Court to order substituted service if satisfied that defendant is avoiding service

80. When a summons is returned without having been served, if the plaintiff satisfies the Court that there is reason to believe that the defendant is keeping out of the way for the purpose of avoiding the service, or if for any other reason the summons cannot be served, the Court shall order the summons to be served by affixing a copy thereof in some conspicuous place in the Court-house, and also upon some conspicuous part of the house in which the defendant last resided, or in such other manner as the Court thinks fit

The service substituted by order of the Court, shall be as effectual as if it had been made in any of the modes hereinbefore mentioned

Service of summons when defendant resides within jurisdiction of another Court and has no agent to accept service

81. If the defendant resides within the jurisdiction of any Court other than the Court in which the suit is instituted, and has no agent empowered to accept the service of the summons, the Court in which the suit is instituted shall send the summons, either by an officer of the Court or by post, to any Court not being a High Court, having jurisdiction at the place where the defendant resides, by which it can be most conveniently served, and shall fix such time for the appearance of the defendant as the case may require.

অর্থের কথা।—যে বাসগৃহে সমন লাগাইয়া দেওয়া গেলে প্রতিবাদির তাহা জানিতে পাইবার সম্ভাবনা থাকে, এই স্থলে তাঁহার সেই প্রকারের বাস জানিতে হইবে ইতি।

সমন জারী না হওয়ার কথা সমনের পৃষ্ঠে লিখিত হইয়া ঐ সমন ফিরিয়া আনিবার কথা।

৭৮ ধারা। সমন কোন প্রকারে প্রতিবাদিকে দেওয়া যাইতে না পারিলে, ও যে কর্ম্মকারক সমন জারী করিবেন তিনি প্রতিবাদির কোন বাসগৃহ পাইতে না পারিলে, তাহা জারী করিতে পারিলেন না সমনের পৃষ্ঠে এই কথা লিখিয়া যে আদালতহইতে সমন বাহির হইল তথায় ফিরিয়া দিবেন ইতি।

যে সময়ে ও যে প্রকারে জারী হইল সমনের পৃষ্ঠে তাহা লিখিবার কথা।

৭৯ ধারা। সমন জারী করা গেলে পর, তাহা যে সময়ে ও যে প্রকারে জারী করা গেল, যে কর্ম্মকারক জারী করিলেন তিনি আসল সমনের পৃষ্ঠে কিম্বা পূর্ব্বোক্তমতে স্বাক্ষর ও মোহর করা নকলের পৃষ্ঠে এই কথা লিখিবেন, ও সেই পৃষ্ঠলিপি সমন জারী হওযার প্রমাণ হইবে ইতি।

সমন জারী না হইয়া ফিরিয়া আনা গেলে, ও প্রতিবাদী সমন এড়াইতে চেষ্টা করিতেছেন আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে অন্য প্রকারে জারী করিবার আজ্ঞার কথা।

৮০ ধারা। সমন জারী না হইয়া ফিরিয়া আনা গেলে ও জারী না হইবার জন্যে প্রতিবাদী লুকিয়া থাকেন আদালতের হৃদ্বোধমতে ইহা জানিবার কারণ থাকিলে, কিম্বা অন্য কারণে সমন জারী হইতে না পারিলে, আদালত আপনার কাছারী ঘরের কোন প্রকাশ স্থানে ও প্রতিবাদী শেষ যে ঘরে বাস করিতেন তাহার কোন প্রকাশ স্থানে ঐ সমনের নকল লাগাইয়া দিয়া, কিম্বা আদালত অন্য যে প্রকারে উচিত বোধ করেন সেই প্রকারে সমন জারী করাইবেন।

আদালতের আজ্ঞাক্রমে নিয়মমতে জারী করিবার পরিবর্ত্তে অন্য প্রকারে সমন জারী হইলে, তাহা ইহার পূর্ব্ব লিখিত কোন নিয়মমতে জারী হওযার ন্যায় সফল হইবে ইতি।

প্রতিবাদী অন্য আদালতের এলাকার মধ্যে বাস করিলে ও সমন গ্রাহ্য করিবার মোক্তার না থাকিলে ঐ সমন জারীর কথা।

৮১ ধারা। যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায় প্রতিবাদী তাহাছাড়া অন্য আদালতের এলাকার মধ্যে বাস করিলে, ও তাঁহার সমন গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কোন মোক্তার না থাকিলে, প্রতিবাদী যে স্থানে বাস করেন সেই স্থান হাই কোর্টছাড়া যে আদালতের এলাকার মধ্যে থাকে, ও যাহার দ্বারা সমন সুবিধামতে জারী হইতে পারে মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা গেল সেই আদালত আপনার কোন আমলার দ্বারা কিম্বা ডাকযোগে ঐ অন্য আদালতের নিকট সমন পাঠাইবেন ও প্রতিবাদির যে সময়ে উপস্থিত হওয়া প্রয়োজন তাঁহার উপস্থিত হইবার সেই সময় নিরূপণ করিবেন।

The Court to which the summons is sent shall, upon receipt thereof, deliver it to the proper officer of such Court, to be served in the manner hereinbefore directed

Upon the return of the summons by the serving-officer, it shall be sent back to the Court from which it originally issued

Explanation —In the towns of Calcutta, Madras, and Bombay, the Courts to which summonses shall be sent for service under this section are the Courts of Small Causes

82 If the defendant be in jail under either civil or criminal process, the summons shall be delivered to the officer in charge of the jail in which the defendant is confined, and such officer shall cause the summons to be served upon the defendant

Service of summons on defendant in jail

The summons shall be returned to the officer from whom it was received, with a statement of the service endorsed thereon and signed by the officer in charge of the jail

83 If the jail in which the defendant is confined is not in the district in which the suit is brought, the summons may be sent by post or otherwise to the officer in charge of such jail, and such officer shall cause the summons to be served upon the defendant, and shall return the summons to the Court from which it issued, with a statement of the service endorsed thereon, and signed as provided in section 82

Procedure if jail be in a different district

84. If the defendant resides out of British India and has no agent empowered to accept the service, the summons shall be addressed to the defendant at the place where he is residing, and forwarded to him by post if there be a post to such place

Service of summons when defendant resides out of British India and has no agent to accept service

85 If there be a British Resident or Agent of Government in or for the territory in which the defendant resides, the summons may be sent to such Resident or Agent, by post or otherwise, for the purpose of being served upon the defendant, and if the Resident or Agent return the summons with his endorsement that the summons has been served on the defendant, such endorsement shall be conclusive evidence of the service

Service through a British Resident or Agent of Government

সমন যে আদালতের নিকটে পাঠান যায়, সেই আদালত তাহা পাইলে, পূর্ব্ব লিখিত বিধানমতে জারী করিবার জন্যে ঐ আদালতের উপযুক্ত আমলাকে দিবেন।

ঐ কর্ম্মকারক সমন ফিরিয়া আনিলে, যে আদালত-হইতে প্রথমে বাহির হইল সেই আদালতে ফীরিয়া পাঠান যাইবে।

অর্থের কথা।—এই ধারামতে সমন জারী করিবার জন্যে কলিকাতা কি মান্দ্রাজ কি বোম্বাই নগরে পাঠাইতে হইলে, ক্ষুদ্র মোকদ্দমার আদালতে পাঠাইতে হইবে ইতি।

৮২ ধারা। প্রতিবাদী দেওয়ানী কি ফৌজদারী আদালতের পরওয়ানাক্রমে কারাবদ্ধ থাকিলে, তিনি যে জেলে বদ্ধ থাকেন সেই জেলের অধ্যক্ষকে সমন দেওয়া যাইবে, ও তিনি প্রতিবাদিকে তাহা দেওয়াইবেন।

প্রতিবাদি কারাবদ্ধ থাকিলে তাহাকে সমন দিবার কথা।

সমন জারী হইলে জেলের অধ্যক্ষ সমনের পৃষ্ঠে ঐ কথা লিখিয়া স্বাক্ষর করিলে, যে কার্য্যকারকের স্থানে সমন পাওয়া গেল তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

৮৩ ধারা। মোকদ্দমা যে জিলায় উপস্থিত করা গেল, প্রতিবাদী তাহা ছাড়া অন্য জিলার জেলে বদ্ধ থাকিলে, ঐ জেলের অধ্যক্ষের নিকট ডাকযোগে কি অন্য প্রকারে সমন পাঠান যাইতে পারিবে। ও সেই অধ্যক্ষ প্রতিবাদিকে সমন দেওয়াইবেন, ও সমন জারী হইলে ৮২ ধারার বিধানমতে সমনের পৃষ্ঠে ঐ কথা লিখিয়া স্বাক্ষর করিয়া যে আদালতহইতে সমন বাহির হইল তথায় তাহা ফিরিয়া পাঠাইবেন ইতি।

ভিন্ন জিলায় জেল থাকিলে কার্য্যপ্রণালীর কথা।

৮৪ ধারা। প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করিলে, ও তাঁহার সমন গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কর্ম্মকারক না থাকিলে, তিনি যে স্থানে বাস করেন, সেই স্থানে তাহার শিরোনামা লিখিয়া, ঐ স্থানে ডাকযোগে পত্র পঁহুছাইতে পারিলে ডাকযোগে সমন পাঠান যাইবে ইতি।

প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করিলে ও তাঁহার সমন গ্রাহ্য করিবার কর্ম্মকারক না থাকিলে সমন যে রূপে জারী হইবে তাহার কথা।

৮৫ ধারা। প্রতিবাদী যে দেশে বাস করেন, সেই দেশে কি সেই দেশের পক্ষে ব্রিটিশ রেসিডেন্ট কিম্বা গবর্ণমেন্টের এজেন্ট থাকিলে, সমন প্রতিবাদিকে দিবার নিমিত্ত ডাকযোগে কি অন্য প্রকারে ঐ রেসিডেন্ট কি এজেন্ট সাহেবের নিকট পাঠান যাইতে পারিবে। এবং প্রতিবাদির উপর সমন জারী হইয়াছে ঐ রেসিডেন্ট কি এজেন্ট সাহেব সমনের পৃষ্ঠলিখিত এই কথায় স্বাক্ষর করিয়া তাহা ফিরিয়া পাঠাইলে, ঐ পৃষ্ঠলিপিই সমন জারী হওয়ার সিদ্ধান্ত প্রমাণ হইবে ইতি।

ব্রিটিশ রেসিডেন্ট কিম্বা গবর্ণমেন্টের এজেন্ট সাহেবের দ্বারা সমন জারী করিবার কথা।

86 Nothing herein contained shall prevent the Court from substituting for the summons a letter signed by the Judge or Registrar or Clerk of the Court, and under the seal of the Court, when the person whose appearance is required is of a rank which entitles him to such mark of consideration

Substitution of letter for summons

The letter shall contain all the particulars required to be stated in the summons, and, subject to the provisions contained in section 87, shall be treated in all respects as a summons

৮৬ ধারা। যে ব্যক্তিকে উপস্থিত করাইবার প্রয়োজন থাকে, মান্য প্রযুক্ত তাঁহার নামে সমন না দিয়া তাঁহার নিকট পত্র লেখা উচিত বোধ হইলে, এই আইনের কোন কথাক্রমে সমনের পরিবর্ত্তে জজের কিম্বা আদালতের রেজিষ্ট্রারের কি ক্লার্কের স্বাক্ষরিত ও আদালতের মোহরাঙ্কিত এক খানি পত্র পাঠাইবার বাধা নাই।

সমনের পরিবর্ত্তে পত্র দিবার কথা।

সমনে যে সকল বিবরণ লিখিবার আদেশ আছে ঐ পত্রেও সেইং বিবরণ লেখা থাকিবে, ও ৮৭ ধারার বিধান প্রবল মানিয়া, সমন লইয়া যদ্রূপ কার্য্য হইয়া থাকে ঐ পত্রও লইয়া সর্ব্বতোভাবে তদ্রূপ কার্য্য হইবে ইতি।

87 When a letter or other communication is substituted for a summons, it may be sent by post or by a special messenger selected by the Court, or in any other manner which the Court thinks fit, unless the person whose appearance is required has an agent empowered to accept the service of the summons, in which case it shall be served on such agent

Mode of sending such letter

৮৭ ধারা। সমনের পরিবর্ত্তে পত্রাদি দেওয়া গেলে, তাহা ডাকযোগে চালান হইতে, কিম্বা আদালতের মনোনীত বিশেষ হরকরার দ্বারা, কিম্বা আদালত অন্য যে প্রকারে বিহিত বোধ করেন সেই প্রকারে পঁহুছাইয়া দেওয়া যাইতে পারিবে। কিন্তু যে ব্যক্তির উপস্থিত হওয়া প্রয়োজন, তাঁহার সমন গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কর্ম্মকারক থাকিলে ঐ কর্ম্মকারককে দেওয়া যাইবে ইতি।

তদ্রূপ পত্র পাঠাইবার নিয়মের কথা।

CHAPTER VII

Of the Appearance of the Parties and Consequence of Non-appearance

সপ্তম পরিচ্ছেদ।

উভয় পক্ষের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হইবার ফলবিষয়ক বিধি।

88 On the day fixed in the summons for the defendant to appear and answer, the parties shall be in attendance at the Court-house, and the suit shall then be heard, unless the hearing be adjourned to a future day fixed by the Court

Parties to appear on day fixed in summons for defendant to appear and answer

৮৮ ধারা। সমনপত্র প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর দিবার যে দিন নিরূপন হয়, সেই দিনে উভয় পক্ষ আদালত ঘরে উপস্থিত হইবেন, এবং আদালত সেই দিনে মোকদ্দমা শুনিবার কার্য্য স্থগিত রাখিয়া অন্য দিন নিরূপণ না করিলে, সেই দিনেই মোকদ্দমা শুনা যাইবে ইতি।

সমনে প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর দিবার যে দিন নিরূপণ হয়, সেই দিনে উভয় পক্ষের উপস্থিত হইবার কথা।

89 If on the day fixed for the defendant to appear and answer, it be found that the summons has not been served upon him in consequence of the failure of the plaintiff to deposit, within the time allowed, the sum required to defray the cost of issuing such summons, the Court may order that the suit be dismissed

Dismissal of suit where summons not served in consequence of plaintiff's failure to deposit costs of issuing it

৮৯ ধারা। সমন জারী করিবার জন্যে যত খরচার প্রয়োজন হয়, বাদী নিরূপিত সময়ের মধ্যে সেই খরচার টাকা আমানৎ না করাতে ঐ সমন জারী হয় নাই, প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর দিবার নিরূপিত দিনে ইহা দেখা গেলে, আদালত মোকদ্দমা ডিসমিস হইবার আজ্ঞা করিতে পারিবেন।

বাদী সমন জারী করিবার খরচ না দেওয়াতে জারী না হইলে মোকদ্দমা ডিসমিস করিবার কথা।

Provided that no such order shall be passed although the summons has not been served upon the defendant, if, on the day fixed for him to appear and answer, he has entered an appearance by a pleader or by a duly authorized agent, when he is allowed to appear by agent, or is in attendance in person

Proviso

কিন্তু প্রতিবাদিকে সমন দেওয়া না গেলেও, উকীলের কিম্বা নিয়মিতরূপে ক্ষমতাপ্রাপ্ত মোক্তারের দ্বারা তাঁহার উপস্থিত হইবার অনুমতি থাকিলে যদি তিনি উপস্থিত হইয়া উত্তর দিবার নিরূপিত দিনে, উকীলের কি মোক্তারের দ্বারা কিম্বা নিজে উপস্থিত হন, তবে উক্ত প্রকারের আজ্ঞা করা যাইবে না ইতি।

উপবিধি।

90. If on the day fixed for the defendant to appear and answer, or on any other subsequent day to which the hearing of the suit may be adjourned, neither party appears when called upon by the Court, the suit shall be dismissed

If neither party appear, suit to be dismissed

৯০ ধারা। প্রতিবাদির উপস্থিত হইয়া উত্তর দিবার নিরূপিত দিনে, কিম্বা সেই দিনে কার্য্য স্থগিত হইয়া অন্য দিন নিরূপণ করা গেলে সেই দিনেও আদালত ডাকিলে যদি কোন পক্ষ উপস্থিত না থাকেন, তবে মোকদ্দমা ডিসমিস করা যাইবে ইতি।

কোন পক্ষ উপস্থিত না হইলে, মোকদ্দমা ডিসমিস করিতে হইবার কথা।

91 Whenever a suit is dismissed under either of the last two preceding sections, the plaintiff may bring a fresh suit, or if within the period of thirty days from the date of the order dismissing the suit he satisfies the Court that there was a sufficient excuse for his not making the deposit required within the time allowed or for his non appearance, as the case may be, the Court may restore the suit to its file

In such case plaintiff may bring fresh suit,

or Court may restore the suit to its file

৯১ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার কোন এক ধারামতে মোকদ্দমা ডিসমিস করা গেলে, বাদী নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন। কিম্বা নিরূপিত সময়ের মধ্যে বাদির খরচার টাকা আমানৎ না করিবার কিম্বা বিষয়বিশেষে উপস্থিত না হইবার বিশিষ্ট কারণ ছিল, বাদী ঐ মোকদ্দমা ডিসমিস হইবার আজ্ঞার তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলে, আদালত সেই মোকদ্দমা পুনরায় নথির শামিল করিয়া দিতে পারিবেন ইতি।

উক্ত স্থলে বাদির নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

কিম্বা পুনরায় নথীর শামিল করিতে আদালতের ক্ষমতার কথা।

92 If the plaintiff appears and the defendant does not appear, and the Court is satisfied that the summons was duly served, the Court may proceed *ex parte* either to dispose of the suit or to settle issues, according to the tenor of the summons

Procedure if plaintiff only appear

৯২ ধারা। বাদী উপস্থিত হইলে ও প্রতিবাদী উপস্থিত না হইলে, ও সমন নিয়মমতে জারী করা গিয়াছে, আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, আদালত এক পক্ষ মাত্র উপস্থিত থাকিতে সমনের মর্ম্মানুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিতে কিম্বা ইস্যু নির্ণয় করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

কেবল বাদী উপস্থিত হইলে কার্য্য প্রণালীর কথা।

93 If the plaintiff appears and the defendant does not appear, and the Court is not satisfied that the summons was duly served in any of the modes of service hereinbefore provided, the Court may direct a second summons to the defendant to be issued in any of the said modes

If plaintiff only appear, and due service of summons be not proved, Court may order issue of second summons

৯৩ ধারা। বাদী উপস্থিত হইলে ও প্রতিবাদী উপস্থিত না হইলে, ও পূর্ব্বলিখিত বিধানমতে সমন যে২ প্রকারে জারী হইতে পারে তাহার মধ্য কোন এক প্রকারে সমন নিয়মমতে জারী হইল আদালত ইহা হৃদ্বোধমতে না জানিলে, প্রতিবাদির নামে উক্ত কোন এক প্রকারে দ্বিতীয় সমন জারী করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

কেবল বাদী উপস্থিত হইলে ও সমন নিয়মমতে জারী হওয়ার প্রমাণ না হইলে, আদালতের দ্বিতীয় সমন জারী করিতে আজ্ঞা করিবার কথা।

94 If the plaintiff appears and the defendant does not appear, and it is proved to the satisfaction of the Court that the summons was served on the defendant, but not in sufficient time to enable him to appear and answer on the day fixed in the summons, the Court shall postpone the hearing of the suit to a future day to be fixed by the Court, and may direct notice of such day to be given to the defendant

Procedure where plaintiff only appears, and it is proved that summons was served, but not in due time

৯৪ ধারা। বাদী উপস্থিত হইলে ও প্রতিবাদী উপস্থিত না হইলে, ও প্রতিবাদিকে সমন দেওয়া গিয়াছিল কিন্তু তিনি সমনের নিরূপিত দিনে উপস্থিত হইয়া উত্তর দিতে পারেন এমত উপযুক্ত সময় থাকিতে দেওয়া যায় নাই, আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ হইলে, আদালত মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিয়া সেই দিনপর্য্যন্ত শুনিবার কার্য্য স্থগিত রাখিবেন, এবং প্রতিবাদিকে সেই দিনের নোটিস দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

কেবল বাদী উপস্থিত হইলে ও সমন জারী হইলেও উপযুক্ত সময় থাকিতে হয় নাই, প্রমাণ হইলে কার্য্যপ্রণালীর কথা।

95. If the defendant, on any subsequent day to which the hearing of the suit *ex parte* has been adjourned, appear and assign good cause for his previous non-appearance, he may, upon such terms as the Court may direct as to costs or otherwise, be heard in answer to the suit, in like manner as if he had appeared on the day fixed for his appearance

Procedure where defendant appears on day of adjourned hearing, and assigns good cause for previous non appearance

96. If the defendant appears and the plaintiff does not appear, the Court shall pass a decree against the plaintiff by default, unless the defendant admits the claim, in which case the Court shall pass a decree against the defendant upon such admission.

Procedure where defendant only appears

97. If on the day fixed for the hearing of a suit against a defendant residing out of British India, who has no agent empowered to accept service of summons, or on any day to which the hearing has been adjourned, the defendant does not appear, the plaintiff may apply to the Court, and the Court may direct that the plaintiff be at liberty to proceed with his suit in such manner and subject to such conditions as the Court thinks fit

Procedure where defendant residing out of British India does not appear

98. When a decree is passed against a plaintiff by default, he shall be precluded from bringing a fresh suit in respect of the same right to sue

Decree against plaintiff by default bars fresh suit

99 If there are more plaintiffs than one, and one or more of them shall appear in person or by a pleader or by a co-plaintiff duly authorized, and the other or others of them shall not appear in person nor by a pleader nor by a co-plaintiff duly authorized, the Court may proceed with the suit at the instance of the plaintiff or plaintiffs who may have appeared, in the same way as if all the plaintiffs had appeared, and pass such order as it thinks fit

Procedure in case of non attendance of one or more of several plaintiffs

৯৫ ধারা। এক পক্ষমাত্র উপস্থিত থাকিতে মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ হইলে ও প্রতিবাদী সেই দিনে উপস্থিত হইয়া পূর্ব্বে উপস্থিত না হইবার বিশিষ্ট কারণ জানাইলে আদালত খরচা প্রভৃতির যে নিয়মের আজ্ঞা করেন সেই নিয়মানুসারে, ঐ মোকদ্দমায় প্রতিবাদির উপস্থিত হইবার নিরূপিত দিনে যেন উপস্থিত হইলেন এমতে তাঁহার উত্তর শুনা যাইবে ইতি।

মোকদ্দমা স্থগিত হইয়া যে দিন নিরূপণ হয় প্রতিবাদী সেই দিনে উপস্থিত হইয়া, পূর্ব্বে উপস্থিত না হইবার উপযুক্ত কারণ জানাইলে কার্য্য প্রণালীর কথা।

৯৬ ধারা। প্রতিবাদী উপস্থিত হইলে ও বাদী উপস্থিত না হইলে, আদালত ত্রুটি প্রযুক্ত বাদির বিপক্ষে ডিক্রী করিবেন। কিন্তু প্রতিবাদী তাঁহার দাওয়া স্বীকার করিলে, আদালত সেই স্বীকার অনুসারে প্রতিবাদির বিপক্ষে ডিক্রী করিবেন ইতি।

কেবল প্রতিবাদী উপস্থিত হইলে কার্য্যপ্রণালীর কথা।

৯৭ ধারা। প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করিলে, ও তাঁহার পক্ষে সমন গ্রাহ্য করিবার ক্ষমতাপন্ন কোন কর্ম্মকারক না থাকিলে, তাঁহার নামে মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনে কিম্বা সেই দিন কার্য্য স্থগিত হইয়া মোকদ্দমা শুনিবার নিরূপিত অন্য দিনে যদি প্রতিবাদী উপস্থিত না হন, তবে বাদী আদালতে প্রার্থনা করিলে আদালত যে প্রকারে ও যে নিয়ম বিহিত বোধ করেন বাদিকে সেই প্রকারে ও সেই নিয়মানুসারে সেই মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিবার অনুমতি দেওনরূপ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

প্রতিবাদী ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করাতে উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

৯৮ ধারা। ত্রুটিপ্রযুক্ত বাদির বিপক্ষে ডিক্রী হইলে, তিনি নালিশ করিবার সেই স্বত্ব হেতুক নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না ইতি।

ত্রুটিপ্রযুক্ত বাদির বিপক্ষে ডিক্রী হইলে তাঁহার নূতন মোকদ্দমা করিতে না পারিবার কথা।

৯৯ ধারা। একের অধিক জন বাদী থাকিলে, ও তাঁহাদের এক কি কএক জন স্বয়ং কিম্বা উকীলের দ্বারা কিম্বা অন্য বাদিকে নিয়মমতে ক্ষমতা দিয়া তাঁহার দ্বারা উপস্থিত হইলে, ও অন্য এক কি কএক জন স্বয়ং কিম্বা উকীলের দ্বারা কিম্বা অন্য বাদিকে নিয়মমতে ক্ষমতা দিয়া তাঁহার দ্বার উপস্থিত না হইলে, সকল বাদী উপস্থিত হইলে আদালত যে প্রকারে করিতে পারিতেন, যে বাদী কি বাদিরা উপস্থিত হইলেন আদালত সেই প্রকারে তাঁহাদের যত্নানুসারে মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিয়া যেরূপ আজ্ঞা করা বিহিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

অনেক জন বাদী থাকিলেও তাঁহাদের এক কি কএক জন উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

100 If there be more defendants than one, and one or more of them appear in person or by a pleader or by a co-defendant duly authorized, and the others of them do not appear in person or by a pleader or by a co defendant duly authorized, the Court shall proceed with the suit, and shall at the time of passing judgment make such order with respect to the defendant or defendants who have not appeared as it thinks fit

Procedure in case of non attendance of one or more of several defendants

101 If a plaintiff or defendant who has been ordered to appear in person under the provisions of section 63 or section 430 does not appear in person, or show sufficient cause to the satisfaction of the Court for failing so to appear, he shall be subject to all the provisions of the foregoing sections applicable to plaintiffs and defendants respectively, who do not appear

Consequence of non attendance without sufficient cause shown, of party ordered to appear in person

102 In support of the cause shown by a plaintiff or defendant for failing to appear in person, the Court shall receive any declaration in writing on paper signed by such plaintiff or defendant and verified in manner hereinbefore provided for the verification of plaints

Court to receive written declaration in support of cause shown for failure to appear

---

CHAPTER VIII

OF WRITTEN STATEMENTS

103 The parties may, at the first hearing of the suit, tender written statements of their respective cases, and the Court shall record such statement and deal with them as if given in evidence

Written statements

104 Written statements shall be chargeable with the fee prescribed by the Court Fees' Act, 1870, for petitions to the Court

Written statements chargeable with Court fees

105 If in a suit for the recovery of money the defendant claims to set-off against the plaintiff's demand any ascertained sum of money legally recoverable by him from the plaintiff, and if in such claim of the defendant against the

Particulars of set-off to be given in written statement

১০০ ধারা। একের অধিক জন প্রতিবাদী থাকিলে ও তাঁহাদের এক কি কএক জন স্বয়ং কিম্বা উকীলের দ্বারা, কিম্বা অন্য প্রতিবাদিকে নিয়মমতে ক্ষমতা দিয়া তাঁহার দ্বারা উপস্থিত হইলে, ও অন্য প্রতিবাদিরা স্বয়ং কি উকীলের দ্বারা কিম্বা অন্য প্রতিবাদিকে নিয়মমতে ক্ষমতা দিয়া তাঁহার দ্বারা উপস্থিত না হইলে, আদালত মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিবেন, ও যে প্রতিবাদী কি প্রতিবাদিগণ উপস্থিত হন নাই, নিষ্পত্তি করণের সময়ে তাঁহাদের বিষয়ে যে আজ্ঞা করা উচিত বোধ করেন করিবেন ইতি।

অনেক জন প্রতিবাদির মধ্যে এক কি কএক জন উপস্থিত না হইলে কার্য্য প্রণালীর কথা।

১০১ ধারা। বাদির কি প্রতিবাদির প্রতি ৬৩ ধারার কিম্বা ৪৩০ ধারার বিধানমতে স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা হইলেও তিনি নিজে না আইলে কিম্বা আদালতের হৃদ্বোধমতে আপনার না আসিবার উপযুক্ত কারণ না দেখাইলে, অনুপস্থিত বাদিদের ও প্রতিবাদিদের বিষয়ে পূর্ব্বলিখিত ধারার যে সকল বিধান খাটে তাঁহার প্রতিও সেই সকল বিধান খাটিবে ইতি।

কোন পক্ষের প্রতি স্বয়ং উপস্থিত হইবার আজ্ঞা হইলেও উপযুক্ত কারণ না থাকিলে ও তিনি না আইলে তাহার ফলের কথা।

১০২ ধারা। বাদী কি প্রতিবাদী নিজে আসিতে না পারিবার যে কারণ জানান, আদালত সেই কারণের প্রতিপোষক কোন নির্দ্দেশ বাক্য গ্রাহ্য করিতে পারিবেন, সেই নির্দ্দেশ বাক্য লিখিত হইয়া বাদির কি প্রতিবাদির দ্বারা স্বাক্ষর করা যাইবে, ও পূর্ব্বলিখিত বিধানমতে আবেদনপত্রে যেরূপে সত্যাকরণের কথা লিখিতে হইবে ঐ নির্দ্দেশ বাক্যেও সেইরূপে সত্যাকরণের কথা লেখা যাইবে ইতি।

উপস্থিত না হইবার যে কারণ প্রকাশ করা যায় তাহার প্রতিপোষণার্থ পত্রাদি আদালতের গ্রাহ্য করিতে পারিবার কথা।

অষ্টম পরিচ্ছেদ।

বর্ণনাপত্র বিষয়ক বিধি।

১০৩ ধারা। মোকদ্দমার প্রথম শ্রবণ কালে উভয় পক্ষ আপনং পক্ষের লিখিত বর্ণনাপত্র দিতে পারিবেন, ও আদালত সেই বর্ণনাপত্র কাগজপত্রের মধ্যে রাখিবেন, ও যেন প্রমাণস্বরূপ দেওয়া গেল তাহা লইয়া এমত কার্য্য করিবেন ইতি।

বর্ণনাপত্রের কথা।

১০৪ ধারা। আদালতের রসুম বিষয়ক ১৮৭০ সালের আইনে আদালতের নিকট দরখাস্তের যে রসুম নির্দ্ধারিত আছে, ঐ বর্ণনাপত্রের উপরও সেই রসুম লাগিবে ইতি।

বর্ণনাপত্রের উপর আদালতের রসুম লাগিবার কথা।

১০৫ ধারা। টাকা আদায়ের নিমিত্ত মোকদ্দমা হইলে, ও বাদী যে দাওয়া করেন প্রতিবাদীও বাদির স্থানে আইনমতে নিশ্চিত কতক টাকা পাইতে পারেন বলিয়া, বাদির সেই দাও-

এক দাওয়ার বিপক্ষে অন্য দাওয়া উপস্থিত করা গেলে বর্ণনাপত্রে তাহার বিবরণ লিখিবার কথা।

plaintiff both parties fill the same character as they fill in the plaintiff's suit, the defendant may, at the first hearing of the suit, but not afterwards, unless permitted by the Court, tender a written statement containing the particulars of the debt sought to be set-off

ধার বিপক্ষে ঐ দাওয়া উপস্থিত করিলে, এবং বাদির মোকদ্দমার উভয়পক্ষের পরস্পর যদ্রূপ সম্বন্ধ থাকে, বাদির বিপক্ষে প্রতিবাদির সেই দাওয়াসম্পর্কে তাঁহাদের পরস্পর সেই সম্বন্ধ থাকিলে, প্রতিবাদী মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে সেই দাওয়ার বিপক্ষ আপনার প্রাপ্য ঋণের বিবরণ সূচক বর্ণনাপত্র দিতে পারিবেন, তৎপরে আদালতের অনুমতি না হইলে দিতে পারিবেন না।

The Court shall thereupon inquire into the same,

তাহা হইলে আদালত সেই বিষয়ের অনুসন্ধান লইবেন,

and if it find that the case fulfils the requirements of the former part of this section,

এবং মোকদ্দমার এই ধারার পূর্ব্ব ভাগের সকল নিয়ম পূর্ণ হইল ইহা দেখিতে পাইলে,

the Court shall set-off the one debt against the other

আদালত এক দাওয়ার বিপক্ষে অন্য দাওয়া গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

Illustrations

উদাহরণ।

(*a*) A bequeaths Rs 2,000 to B and appoints C his executor and residuary legatee B dies and D takes out administration to B's effects C pays Rs 1,000 as surety for D Then D sues C for the legacy C cannot set off the debt of Rs 1,000 against the legacy, for neither C nor D fills the same character with respect to the legacy as they fill with respect to the payment of the Rs 1,000

(ক) আনন্দ উইল লিখিয়া বলরামকে ২,০০০ টাকা দিবার আদেশ করেন ও চন্দ্রকে আপনার উইলের নিরূপিত কর্য্যসম্পাদক ও অবশিষ্ট ধনের অধিকারী করিয়া যান। বলরাম মরিলে, দিননাথ তাঁহার বিষয়নিরূপণের অধিকারিত্বপত্র লন। চন্দ্র ঐ দিননাথের জামিনস্বরূপে ১,০০০৲ টাকা দেন। পরে আনন্দের দত্ত ঐ ২,০০০৲ টাকা পাইবার জন্যে দিননাথ চন্দ্রের নামে মোকদ্দমা উপস্থিত করেন। এই স্থলে চন্দ্র জামিনস্বরূপে যে ১,০০০৲ টাকা দিলেন ঐ ২,০০০৲ টাকাহইতে তাহা বাদ দিবার দাওয়া করিতে পারিবেন না, কারণ ঐ ১,০০০ টাকা দেওনসম্পর্কে চন্দ্রের ও দিননাথের পরস্পর যে সম্বন্ধ থাকে, আনন্দের দত্ত ২,০০০ টাকাসম্পর্কে তাঁহাদের পরস্পর সেই সম্বন্ধ ছিল না।

(*b*) A dies intestate and in debt to B C takes out administration to A's effects, and B buys part of the effects from C In a suit for the purchase money by C against B, the latter cannot set off the debt against the price, for C fills two different characters, one as the vender to B, in which he sues B, and the other as representative to A, in which B seeks the set off

(খ) আনন্দ বলরামের টাকা ধারে ও উইল না লিখিয়া মরে। চন্দ্র আনন্দের বিষয় নিরূপণ করিবার অধিকারিত্বপত্র লন, ও চন্দ্রের স্থানে বলরাম সেই বিষয়ের একাংশ ক্রয় করেন পরে চন্দ্র সেই খরীদী দ্রব্যের মূল্য পাইবার জন্যে বলরামের নামে নালিশ করেন, এই স্থলে বলরাম আনন্দের স্থানে টাকা পাইবেন বলিয়া ঐ দ্রব্যের মূল্যহইতে ঐ ঋণ বাদ দিবার দাওয়া করিতে পারিবেন না, কারণ চন্দ্রের দুই প্রকারের সম্বন্ধ আছে, বলরামের নিকট তাঁহার বিক্রেতার সম্বন্ধ হেতুক বলরামের নামে নালিশ করেন, ও আনন্দের নিকট তাঁহার স্থলাভিষিক্তস্বরূপ সম্বন্ধের উপলক্ষে বলরাম ঐ টাকা বাদ দেওয়ার প্রার্থনা করেন।

(*c*) A sues B on a bill of exchange B alleges that A has wrongfully neglected to insure B's goods and is liable to him in compensation which he claims to set off The amount not being ascertained cannot be set-off

(গ) আনন্দ কোন হুণ্ডীর উপর বলরামের নামে নালিশ করেন, তাহাতে বলরাম কহেন যে আনন্দ আমার মালের উপর বিমাপত্র লইতে অন্যায়মতে শৈথিল্য করিয়াছেন, ইহার হানিপূরণার্থে আমার নিকট দায়ী আছেন, উহার দাওয়াহইতে ঐ হানিপূরণের টাকা বাদ দিবার দাওয়া রাখিলাম। এই স্থলে কত টাকা দাওয়া করেন ইহা নিশ্চয় না হওয়াতে তাহা বাদ দেওয়া যাইতে পারিবে না।

(*d*) A sues B on a bill of exchange for Rs 500 B holds a judgment against A for Rs 1,000 The two claims being both definite pecuniary demands may be set off

(ঘ) আনন্দ ৫০০ টাকার হুণ্ডীর উপর বলরামের নামে নালিশ করেন। বলরামের নিকট আনন্দের বিপক্ষে ১০০০ টাকার ডিক্রী আছে। এই স্থলে উভয়ের দাওয়ার টাকা নিশ্চিত হওয়াপ্রযুক্ত এক দাওয়াহইতে অন্য দাওয়ার টাকা বাদ দেওয়া যাইতে পারিবে।

(*e*) A sues B for compensation on account of a trespass B holds a promissory note for Rs 1,000 from A, and claims to set-off that amount against any sum that A may recover in the suit B may do so, for as soon as A recovers, both sums are definite pecuniary demands

(ঙ) বলরাম অনধিকার প্রবেশ করাতে আনন্দ তাঁহার নামে খেসারতের নালিশ করেন। বলরামের নিকট আনন্দের ১০০০ টাকার খত আছে, তাহাতে বলরাম কহেন যে আনন্দ এই মোকদ্দমায় যত টাকা পাইতে পারেন, সেই হাজার টাকাহইতে তাহা বাদ দিবার প্রার্থনা করি। তাহা করিতেও পারিবেন, কারণ আনন্দের পক্ষে ঐ খেসারতের আজ্ঞা হইলেই উভয় পক্ষের দাওয়ায় টাকা নিশ্চিত হয়।

106 Except as provided in the last preceding section, no written statement shall be received after the first hearing of the suit unless called for by the Court

No written statement to be received after first hearing unless called for by Court

১০৬ ধারা। মোকদ্দমা প্রথম শুনা যাইবার পরে, ইহার পূর্ব্ব ধারার নির্দ্দিষ্ট স্থল ভিন্ন, আদালত বর্ণনাপত্র না চাহিলে বর্ণনাপত্র গ্রাহ্য হইবে না।

প্রথম শ্রবণের পর আদালত বর্ণনাপত্র না চাহিলে তাহা গ্রাহ্য হইতে না পারিবার কথা।

The Court, in the exercise of its original jurisdiction, may at any time require a full and true written statement, or additional written statement, from any of the parties, and fix a time for presenting the same

Court may at any time call for written statement

আদালত মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতানুসারে কার্য্য করিয়া, কোন সময়েই কোন পক্ষের সম্পূর্ণ ও যথার্থ বর্ণনাপত্র কিম্বা অতিরিক্ত বর্ণনাপত্র দিবার আজ্ঞা করিতে, ও সেই পত্র দিবার সময় নিরূপণ করিতে পারিবেন।

আদালতের কোন সময়েই বর্ণনাপত্র আনাইবার ক্ষমতার কথা।

If any party from whom a written statement is so called for fail to present the same within the time fixed by the Court, the Court may pass a decree against him, or make such other order in relation to the suit as it thinks fit And in case of wilful disobedience to the requisition of the Court, he shall also be liable to the penalties provided by section 176 of the Indian Penal Code

Procedure when party fails to present written statement called for by Court

উক্ত প্রকারে যে পক্ষের প্রতি বর্ণনাপত্র দিবার আদেশ থাকে, সেই পক্ষ আদালতের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই পত্র না দিলে, আদালত তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে, কিম্বা মোকদ্দমা সম্পর্কীয় অন্য যে আজ্ঞা উচিত জ্ঞান করেন করিতে পারিবেন। আর ইচ্ছা পূর্ব্বক আদালতের ঐ আদেশ লঙ্ঘন হইলে, ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭৬ ধারার বিধানমতে ঐ ব্যক্তির দণ্ড হইতে পারিবে ইতি।

আদালত কোন পক্ষের নিকট বর্ণনাপত্র চাহিলেও তিনি তাহা না দিলে কার্য্য প্রণালীর কথা।

107 Written statements shall be as brief as the nature of the case will admit, and shall not be argumentative, nor by way of answer one to the other, but shall be confined as much as possible to a simple narrative of the fact which the party by whom or on whose behalf the written statement is made believes to be material to the case, and which he believes he will be able to prove

Frame of written statements

১০৭ ধারা। মোকদ্দমার ভাবগতিক বিবেচনায় ঐ বর্ণনাপত্র যত সংক্ষেপে লেখা যাইতে পারে লেখা যাইবে। তন্মধ্যে তর্ক-বিতর্ক কিম্বা উত্তরস্বরূপ কিছু লিখিতে হইবে না। কিন্তু যে ব্যক্তি ঐ বর্ণনাপত্র লেখেন কিম্বা যাঁহার পক্ষে তাহা লেখা যায় তিনি মোকদ্দমার যেং বৃত্তান্ত গুরুতর জ্ঞান করেন ও যাহার প্রমাণ করিতে আপনাকে সক্ষম জানেন, সাধ্যমতে কেবল সেইং বৃত্তান্ত সহজ বর্ণনার ভাবে লিখিবেন ইতি।

লিখিত বর্ণনাপত্রের আকারের কথা।

108 Written statements shall be subscribed and verified in the manner hereinbefore provided for subscribing and verifying plaints, and no written statement shall be received unless it be so subscribed and verified

Written statements to be subscribed and verified

১০৮ ধারা। আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার যেং বিধান পূর্ব্বে হইয়াছে, বর্ণনাপত্রেও সেইং বিধানমতে স্বাক্ষর করিতে ও সত্যাকরণের কথা লিখিতে হইবে। তদ্রূপে স্বাক্ষর করা ও সত্যাকরণের কথা লেখা না গেলে বর্ণনাপত্র গ্রাহ্য হইবে না।

বর্ণনাপত্র স্বাক্ষর করিতে ও তাহা সত্যাকরণ করিতে হইবার কথা।

Persons exempted from attendance in Court are not exempted thereby from subscribing and verifying written statements.

যে ব্যক্তিরা আদালতে প্রবেশনহইতে মুক্তি পান, তাঁহারা তৎপ্রযুক্ত বর্ণনাপত্রে স্বাক্ষরকরণ ও সত্যাকরণের কথা লিখনহইতে মুক্ত নহেন ইতি।

109. If it appear to the Court that any written statement, whether called for by the Court or spontaneously tendered, is argumentative or prolix, or contains matter irrelevant to the suit, the Court may strike out any part of the statement, or, by an order to be endorsed thereon, reject the same, and return it to the party by whom it was made, imposing such terms as to costs or otherwise as the Court thinks fit

Rejection of argumentative, prolix or irrelevant written statements

It shall not be competent to such party to present another written statement, unless it be expressly called for or allowed by the Court

১০৯ ধারা। বর্ণনাপত্র আদালতের আজ্ঞামতে কিম্বা ইচ্ছাপূর্ব্বক দেওয়া গেলেও, আদালতের বিবেচনামতে সেই পত্র তর্ক-বিতর্কের ভাবাপন্ন কিম্বা অতিবিস্তৃত কিম্বা তন্মধ্যে মোকদ্দমার অপ্রাসঙ্গিক কথা থাকিলে, আদালত ঐ বর্ণনাপত্রের কোন অংশ কাটিয়া দিতে পারিবেন, কিম্বা পৃষ্ঠে আজ্ঞা লিখিয়া তাহা অগ্রাহ্য করিয়া, খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়ম ধার্য্য করিয়া, যে ব্যক্তি লিখিয়া দিলেন তাঁহাকে ফিরিয়া দিতে পারিবেন।

বর্ণনাপত্রে তর্কবিতর্ক কি অপ্রাসঙ্গিক কথা থাকিলে কিম্বা অতি বিস্তারিত হইলে তাহা অগ্রাহ্য করিবার কথা।

আদালতের স্পষ্ট আজ্ঞা কি অনুমতি না হইলে, সেই ব্যক্তি আর এক খানি বর্ণনাপত্র দিতে পারিবেন ইতি।

CHAPTER IX

Of the Examination of the Parties at the first Hearing

110 At the first hearing of the suit, or at any subsequent hearing, any party appearing in person or present in Court, or any person able to answer any material questions relating to the suit by whom he or his pleader is accompanied, may be examined orally by the Court

Oral examination of party or companion of himself or his pleader

The substance of the examination shall be reduced to writing and shall form part of the record

Substance of examination to be written

111 If any party to a suit refuses, without lawful excuse, to answer any material question relating to the suit which the Court thinks fit to put to him, the Court may pass a decree against him, or make such order in relation to the suit as it thinks fit

Consequence of refusal of party to answer material question

112 If the pleader of any party who appears by a pleader refuses or is unable to answer any material question relating to the suit which the Court is of opinion that the party whom he represents ought to answer, and is likely to be able to answer if interrogated in person, the Court may postpone the hearing of the suit to a future day, and direct that such party shall appear in person on such day

Consequence of refusal or inability of pleader to answer

নবম পরিচ্ছেদ।

প্রথম শুনিবার সময়ে উভয় পক্ষের পরীক্ষা লওনবিষয়ক বিধি।

১১০ ধারা। মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে, কিম্বা তৎপশ্চাৎ শুনিবার অন্য কোন সময়ে, কোন পক্ষ আদালতে স্বয়ং উপস্থিত হইলে কি বর্ত্তমান থাকিলে, আদালত, তাঁহার কিম্বা যিনি মোকদ্দমা সম্পর্কীয় কোন গুরুতর প্রশ্নের উত্তর দিতে পারেন ঐ পক্ষের কি তাঁহার উকীলের সঙ্গী এমত অন্য ব্যক্তির বাচনিক পরীক্ষা লইতে পারিবেন।

এক পক্ষের কিম্বা তাহার সঙ্গি ব্যক্তির কি তাহার উকীলের বাচনিক পরীক্ষার কথা।

পরীক্ষার ফলের মর্ম্ম লিখিয়া রাখা যাইবে, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ইতি।

পরীক্ষার ফলের মর্ম্ম লিখিয়া রাখিবার কথা।

১১১ ধারা। আদালত মোকদ্দমার কোন পক্ষকে মোকদ্দমা সম্পর্কীয় গুরুতর কোন কথা জিজ্ঞাসা করিলে, যদি উপযুক্ত কারণ না থাকিতেও তিনি উত্তর দিতে সম্মত না হন, তবে আদালত তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, কিম্বা মোকদ্দমা সম্পর্কীয় যে আজ্ঞা করা উচিত বোধ করেন, করিতে পারিবেন ইতি।

কোন পক্ষ গুরুতর প্রশ্নের উত্তর দিতে না চাহিলে তাহার ফলের কথা।

১১২ ধারা। কোন পক্ষ উকীলের দ্বারা উপস্থিত হইলে, ও তিনি যে পক্ষের প্রতিনিধি হন আদালতের বিবেচনামতে সেই পক্ষের মোকদ্দমা সম্পর্কীয় যে গুরুতর প্রশ্নের উত্তর দেওয়া উচিত ও নিজ তাঁহাকেই জিজ্ঞাসা করিলে সেই প্রশ্নের উত্তর দিতে তাঁহার সক্ষম হওয়া সম্ভাবনা, ঐ উকীল এমত প্রশ্নের উত্তর দিতে সম্মত না হইলে কিম্বা না পারিলে, আদালত মোকদ্দমা শুনিবার জন্য দিন নিরূপণ করিয়া ঐ পক্ষকে সেই দিনে নিজে আসিতে আজ্ঞা দিবেন।

উকীল উত্তর না দিলে কি দিতে না পারিলে তাহার ফলের কথা।

If such party fails without lawful excuse to appear in person on the day so appointed, the Court may pass a decree against him, or make such order in relation to the suit as it thinks fit

CHAPTER X

OF THE ADMISSION, INSPECTION, PRODUCTION, IMPOUNDING AND RETURN OF DOCUMENTS

113 Either party may exhibit to the other or to his pleader, at any time before the hearing, any document material to the suit, and request an admission in writing of its genuineness

Admission of documents.

If the adverse party or his pleader fail to give the admission within four days after the request, and if the party exhibiting the document be afterwards put to expense in order to prove its genuineness and the same be finally proved or admitted at the hearing, such expense, to be ascertained at the hearing, shall be paid by the party refusing admission, unless the Court is satisfied that there were good reasons for the refusal

114 Subject to the other provisions of this Code and to the rules of the Indian Evidence Act, 1872, the Court before which a suit is pending may, in its discretion and upon application in writing order any party to give to any other party within a specified time, an inspection and copy, or permission to take a copy, of any books, papers, or other documents in his possession or under his control, containing evidence relating to the merits of the suit or the defence therein

Inspection of documents

The application shall state—

(*a*) that the suit is pending,

(*b*) the nature of the suit,

(*c*) that the applicant has just grounds to maintain or defend the suit, as the case may be,

(*d*) his belief that the documents are in the possession or under the control of the party against whom the order is sought,

(*e*) the reason of the application,

(*f*) the existence, nature, identification, and admissibility of the documents, and

(*g*) that the application has been made at the earliest opportunity, or (where this is not the case) that there was good cause (stating it) for the delay

সেই পক্ষ উপযুক্ত কারণ না থাকিতেও সেই নিরূপিত দিনে আপনি না আইলে, আদালত তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, কিম্বা মোকদ্দমা সম্পর্কীয় অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন, করিতে পারিবেন ইতি।

দশম পরিচ্ছেদ।

দলীল গ্রাহ্য ও দৃষ্টি করণ ও দেখাওন ও আটক রাখণ ও ফিরিয়া দেওনবিষয়ক বিধি।

১১৩ ধারা। মোকদ্দমা শুনিবার পূর্ব্বে কোন সময়ে, কোন এক পক্ষ অন্য পক্ষের কি তাঁহার উকীলের নিকট মোকদ্দমাসম্পর্কীয় কোন গুরুতর দলীল দেখাইয়া, ঐ দলীল প্রকৃত বলিয়া স্বীকার করিবার আদেশ করিতে পারিবেন।

দলীল গ্রাহ্য করণের কথা।

ঐ আদেশ করা গেলে পর যদি বিপক্ষ ব্যক্তি কিম্বা তাঁহার উকীল চারি দিনের মধ্যে সেই স্বীকারপত্র না দেন, ও যে পক্ষ ঐ দলীল দেখাইলেন তাহার প্রকৃততা প্রমাণ করিবার নিমিত্ত যদি ঐ ব্যক্তির পশ্চাৎ কোন খরচ লাগে ও শেষে তাহা সপ্রমাণ করা যায় কিম্বা মোকদ্দমা শুনিবার সময়ে গ্রাহ্য হয়, তবে মোকদ্দমা শুনিবার সময়ে তাঁহার সেই খরচ নির্ণয় করা যাইবে ও যে পক্ষ ঐ স্বীকারপত্র দিতে সম্মত ছিলেন না তাঁহার তাহা না দিবার উপযুক্ত কারণ ছিল আদালত ইহা হৃদ্বোধমতে জানিতে না পাইলে তাঁহারই ঐ খরচ দিতে হইবে ইতি।

১১৪ ধারা। যে আদালতের সম্মুখে মোকদ্দমা উপস্থিত থাকে, সেই আদালতের নিকট কোন পক্ষ লিখিয়া প্রার্থনা করিলে, ঐ আদালত এই আইনের অন্যান্য বিধান ও ভারতবর্ষীয় সাক্ষ্যবিষয়ক ১৮৭২ সালের আইনের বিধি প্রবল মানিয়া, আপনার বিবেচনামতে অন্য পক্ষের প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে, মোকদ্দমার দোষ গুণ বিষয়ক কিম্বা উত্তর বিষয়ক প্রমাণ ঐ পক্ষের নিকট কি তাহার অধিকারগত যে বহীতে কি কাগজপত্রে কি অন্য দলীলে থাকে নির্দ্দিষ্ট সময়ের মধ্যে অন্য পক্ষকে তাহা দেখিতে দেন ও তাহার নকল দেন কি নকল করিবার অনুমতি দেন,

দলীল দেখিবার কথা।

প্রার্থনাপত্রের মধ্যে এইং কথা লিখিতে হইবে,—

(ক) মোকদ্দমা উপস্থিত আছে।

(খ) মোকদ্দমার ভাব।

(গ) প্রার্থকের সেই মোকদ্দমার প্রতিপোষণ করিবার কিম্বা বিষয়বিশেষে তাহার উত্তর দিবার ন্যায্য হেতু আছে।

(ঘ) যাঁহার বিপক্ষে ঐ আজ্ঞার প্রার্থনা হয়, প্রার্থকের বিশ্বাসমতে সেই দলীল তাঁহার নিকটে কিম্বা তাঁহার অধিকারে আছে।

(ঙ) ঐ প্রার্থনা করিবার কারণ।

(চ) দলীল যে আছে এই কথা ও তাহা যে প্রকারের দলীল ও যেরূপে চেনা যাইতে পারে ও দলীল খানি গ্রাহ্য হওয়ার উপযুক্ত এইং কথা।

(ছ) সুযোগ পাইলেই প্রার্থনা অবিলম্বে করা গেল এই কথা। (কিম্বা তদ্রূপ না হইলে) বিলম্ব করিবার উপযুক্ত কারণ ছিল এই কথা, সেই কারণও লিখিতে হইবে।

Every such application must be subscribed and verified in the manner hereinbefore provided for subscribing and verifying plaints

পূর্ব্ব লিখিত বিধানমতে আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার যে বিধান হইয়াছে, উক্ত প্রত্যেক প্রার্থনাপত্রেও সেই প্রকারে স্বাক্ষর করিতে ও সত্যাকরণের কথা লিখিতে হইবে ইতি।

Court may send for papers from its own records or from other public offices or Courts.

115 The Court may, of its own accord, and may, in its discretion, upon the application of any of the parties to a suit, send for, either from its own records or from any other Court or public office, the record of any other suit or case, or any other official paper, and inspect the same

আপনার কাগজপত্রহইতে কিম্বা সরকারী অন্য কার্য্যালয় কি আদালত হইতে আদালতের কাগজপত্র আনাইবার কথা।

১১৫ ধারা। আদালত আপনার ইচ্ছামতে, এবং মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনা হইলে আপনার বিবেচনামতে, আপনার কাগজপত্রের মধ্যহইতে, কিম্বা অন্য কোন আদালতের কি রাজকীয় কার্য্যালয়ের কাগজপত্রহইতে অন্য কোন মোকদ্দমার কি মোকদ্দমাঘটিত ব্যাপারের কাগজপত্র কিম্বা রাজকীয় কর্ম্মসংক্রান্ত অন্য কাগজপত্র আনাইয়া দেখিতে পারিবেন।

Every application made under this section must be supported by an affidavit showing how the record or paper is material to the suit in which the application is made

যে মোকদ্দমার সম্পর্কে ঐ প্রার্থনা করা যায় সেই মোকদ্দমা সম্বন্ধে ঐ কাগজ কি পত্র যে প্রকারে গুরুতর হয় ইহা দেখাইবার জন্যে এই ধারামত প্রার্থনাপত্রের সঙ্গে আফিডেবিটও দিতে হইবে।

Except State papers

Provided that the Court shall have no power to compel the production of any document relating to affairs of State, the production of which may, in the opinion of the officer in whose custody it is, be contrary to good policy

রাজ্য সম্বন্ধীয় কাগজপত্র বর্জ্জিত হওয়ার কথা।

কিন্তু দলীল রাজ্যসংক্রান্ত ব্যাপার সম্পর্কীয় হইলে, ও যে ব্যক্তির জিম্মায় থাকে তাঁহার বিবেচনায় সেই দলীল দেখান রাজনীতিবিরুদ্ধ হইলে, আদালতের সেই দলীল বলপূর্ব্বক আনাইবার ক্ষমতা নাই ইতি।

Of the Production of Documents at the First Hearing

মোকদ্দমার প্রথম শ্রবণ কালে দলীল উপস্থিত করণ বিষয়ক বিধি।

Documentary evidence to be produced at first hearing

116 The parties or their pleaders shall bring with them and have in readiness at the first hearing of the suit, to be produced when called on by the Court, all their documentary evidence of every description on which they intend to rely, and which has not already been filed in Court,

প্রথম শ্রবণের সময়ে লিখিত প্রমাণ উপস্থিত করিবার কথা।

১১৬ ধারা। পূর্ব্বে যে দলীল আদালতে অর্পণ করা যায় নাই উভয় পক্ষ কিম্বা তাঁহাদের উকীলের নানা প্রকারের এমত যে সকল লিখিত প্রমাণের উপর নির্ভর করিতে কল্পনা করেন, তাহা মোকদ্দমার প্রথম শ্রবণ সময়ে সঙ্গে করিয়া আনিবেন, ও আদালতের আদেশ হইলেই তাহা দেখাইতে প্রস্তুত রাখিবেন।

and all documents or other things specified in any order made by the Court under section 114 at any time before the hearing of the suit

এবং আদালত ১১৪ ধারামতে মোকদ্দমা শ্রবণের পূর্ব্বে কোন সময়ে যে আজ্ঞা করেন, সেই আজ্ঞার নির্দ্দিষ্ট সকল দলীল ও অন্য২ বিষয়ও সঙ্গে আনিবেন।

No documentary evidence of any kind, which the parties or any of them may desire to produce, shall be received at any subsequent stage of the proceedings unless good cause be shown to the satisfaction of the Court for the non production thereof at the first hearing And the Judge receiving such evidence shall record the grounds of his doing so

তাহার পর মোকদ্দমা চলিবার কোন সময়ে কোন পক্ষ কিম্বা তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি প্রমাণস্বরূপ আর কোন প্রকারের দলীল দেখাইতে চাহিলে, প্রথম শ্রবণের সময়ে তাহা উপস্থিত না করিবার উপযুক্ত কারণ আদালতের হৃদ্বোধমতে দর্শান না গেলে তাহা গ্রাহ্য হইবে না। কোন জজ সেই প্রমাণ গ্রাহ্য করিলে তাহা গ্রাহ্য করিবার কারণ লিপিবদ্ধ করিয়া রাখিবেন ইতি।

Documents to be received by Court

117. The Court shall receive the documents produced by the parties

সকল দলীল আদালতের গ্রাহ্য করিবার কথা।

১১৭ ধারা। উভয় পক্ষ যে সকল দলীল উপস্থিত করেন আদালত তাহা গ্রাহ্য করিবেন।

The Court may at any stage of the suit reject any document which it considers irrelevant or otherwise inadmissible, recording the grounds of such rejection

Rejection of irrelevant or inadmissible documents

118 When a document is admitted in evidence at any stage of the suit, it shall be endorsed with the number and title of the suit, the name of the person producing it and the date on which it was produced, and shall be filed as part of the record

Admitted documents to be marked and filed

Provided that, if the document be an entry in a shop-book or other book, the party on whose behalf such book is produced may furnish a copy of the entry, which may be endorsed as aforesaid, and shall be filed as part of the record, and the book shall be returned to the person producing it

Entries in shop books

119 When a document is rejected by the Court, it shall be endorsed in the manner specified in the last preceding section with the addition of the word "rejected," and the endorsement shall be signed by the Judge

Rejected documents to be marked

The document shall then be returned to the party who produced it, unless the Court thinks proper, on suspicion of the document having been fabricated, or for any other reason, to order that it be impounded

and returned unless detained by Court

120 The Court may, if it see sufficient cause, direct any document produced before it in any suit to be impounded and kept in the custody of an officer of the Court, for such period and subject to such conditions as the Court thinks fit

Court may order any document to be impounded

121 In suits in which an appeal is allowed, when the time for preferring an appeal from the decree has elapsed, or, if an appeal has been preferred, then after the appeal has been disposed of, any person, whether a party to the suit or not, desirous of receiving back any document produced by him in the suit, shall ordinarily be entitled, on application to the Judge of the Court in which such document may be, to receive back the same

After lapse of time for appeal document admitted in evidence may be returned

আদালত কোন দলীল অপ্রাসঙ্গিক কিম্বা অন্য কারণে গ্রাহ্য হওয়ার অনুপযুক্ত জ্ঞান করিলে, তাহা অগ্রাহ্য করিবার কারণ লিখিয়া মোকদ্দমা চলনের কোন সময়ে অগ্রাহ্য করিতে পারিবেন ইতি।

অপ্রাসঙ্গিক কি অনুপযুক্ত দলীল অগ্রাহ্য করিবার কথা।

১১৮ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে কোন দলীল প্রমাণস্বরূপ গ্রাহ্য হইলে, তাহার পৃষ্ঠভাগে মোকদ্দমার নম্বর ও নাম, ও যে ব্যক্তি দলীল উপস্থিত করিলেন তাঁহার নাম, ও তাহা উপস্থিত করিবার তারিখ লিখিয়া, কাগজপত্রের একাংশ বলিয়া গাঁথিয়া রাখা যাইবে।

দলীল গ্রাহ্য হইলে চিহ্ন দিয়া গাঁথিয়া রাখিবার কথা।

কিন্তু দোকানের খাতার কি অন্য খাতা বহীর লিখিত কথা ঐ দলীল হইলে, যে পক্ষের নিমিত্ত ঐ খাতাবহী উপস্থিত করা যায়, তিনি ঐ কথার নকল দিতে পারিবেন, সেই নকল খানির পৃষ্ঠে পূর্ব্বোক্ত কথা লেখা যাইবে, ও তাহা কাগজপত্রের একাংশ বলিয়া গাঁথিয়া রাখা যাইবে, ও খাতাবহী যে ব্যক্তি উপস্থিত করিলেন তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

দোকানের খাতার লিখিত কথা।

১১৯ ধারা। আদালত কোন দলীল অগ্রাহ্য করিলে, ইহার পূর্ব্ব ধারার নির্দিষ্ট মতে ঐ দলীলের পৃষ্ঠে লেখা গিয়া "অগ্রাহ্য হইল" এই কথাও লেখা যাইবে, ও জজ সেই পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবেন।

দলীল অগ্রাহ্য হইলে তাহাতে চিহ্ন দিবার কথা।

পরে সেই দলীল কৃত্রিম বলিয়া সন্দেহ থাকাতে কি অন্য কারণে আদালত তাহ[া] আটক করিয়া রাখিবার আজ্ঞা না করিলে, যে ব্যক্তি দলীল আনিলেন তাঁহাকে ফিরিয়া দেওয়া যাইবে ইতি।

এবং আদালতে আটক রাখা না গেলে ফিরিয়া দিবার কথা।

১২০ ধারা। কোন মোকদ্দমায় আদালতের সম্মুখে যে দলীল উপস্থিত কর[া] যায়, উপযুক্ত কারণ জানিলে আদালত সেই দলীল আট[ক] করিয়া, যত দিন ও যে নিয়মাধীনে উচিত বো[ধ] করেন তত দিন ও সেই নিয়মানুসারে আদালতের কোন আমলার জিম্মায় রাখিতে পারিবেন ইতি।

কোন দলীল আটক করিয়া রাখিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

১২১ ধারা। যে মোকদ্দমায় আপীল করিবার অনুমতি আছে, সেই মোকদ্দমার ডিক্রীর উপর আপীল করিবার মিয়াদ গত হইলে পর, কিম্বা আপীল উপস্থিত করা গেলে সেই আপীল মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর, কোন ব্যক্তি মোকদ্দমা[র] এক পক্ষ হউন বা না হউন, ঐ মোকদ্দমায় যে দলী[ল] উপস্থিত করিলেন তাহা ফিরিয়া পাইতে চাহিলে, আদালতে ঐ দলীল থাকে সেই আদালতের জজে[র] নিকট প্রার্থনা করিলে সচরাচর তাঁহার সেই দলী[ল] ফিরিয়া পাইবার অধিকার থাকিবে ইতি।

প্রমাণস্বরূপ যে দলীল গ্রাহ্য হয়, আপীলের মিয়াদ গত হইলে তাহা ফিরিয়া দিবার কথা।

122. In suits in which an appeal is not allowed, the document may be returned, on application to the Court at any time after the suit has been disposed of

If no appeal, document may be returned as soon as decree is made.

123 A document may be returned before the time mentioned in section 121 or section 122, if the Judge of the Court in which the document may be thinks proper, for any special reason, to order its return

Document may for special reasons be returned before time limited

124 No document shall be returned which, by force of the decree, has become void or useless, or which the Court has directed to be detained for purposes of public justice

Document not to be returned in certain cases

125 When a document is returned during the pendency of the suit in which it has been produced a certified copy, made at the expense of the applicant, and bearing the stamp prescribed by law or copies of documents, shall be substituted for the original in the record of the suit

Certified copy to be kept

126 On the return of a document which has been admitted in evidence, a receipt shall be given by the party receiving it, in a receipt-book to be kept for the purpose

Receipt to be giving for returned document

CHAPTER XI

OF THE SETTLEMENT OF ISSUES

127 Issues arise when a proposition of fact or law is affirmed by the one party and denied by the other

Framing of issues

They are of two kinds (1) issues of fact, (2) issues of law

At the first hearing of the suit, the Court shall enquire upon what propositions of fact or of law the parties are at variance, and shall thereupon proceed to frame and record the issues on which the right decision of the case appears to the Court to depend

When issues both of law and of fact arise in the same suit, and the Court is of opinion that the

১২২ ধারা। যে মোকদ্দমায় আপীল করিবার অনুমতি নাই, সেই মোকদ্দমার নিষ্পত্তি হইলে পর কোন সময়ে আদালতে প্রার্থনা করা গেলে, সেই দলীল ফিরিয়া দেওয়া যাইতে পারিবে ইতি।

আপীল হইতে না পারিলে, ডিক্রী হইলেই দলীল ফিরিয়া পাইবার কথা।

১২৩ ধারা। দলীল যে আদালতে থাকে সেই আদালতের জজ কোন বিশেষ কারণে দলীল ফিরিয়া দিবার আজ্ঞা করা উচিত জ্ঞান করিলে, ১২১ কিম্বা ১২২ ধারার লিখিত সময়ের পূর্ব্বেও সেই দলীল ফিরিয়া দেওয়া যাইতে পারিবে ইতি।

বিশেষ কারণ থাকিলে মিয়াদ ফুরাইবার পূর্ব্বেও দলীল ফিরিয়া দিতে পারিবার কথা।

২৪ ধারা। ডিক্রীর বলে কোন দলীল ব্যর্থ কি অকর্ম্মণ্য হইলে, কিম্বা সাধারণের ন্যায়বিচারের কার্য্যপক্ষে আদালত কোন দলীল আটক রাখিবার আজ্ঞা করিলে, সেই দলীল ফিরিয়া দেওয়া যাইবে না ইতি।

স্থলবিশেষে দলীল ফিরিয়া দিতে না হইবার কথা।

১২৫ ধারা। দলীল যে মোকদ্দমায় উপস্থিত করা গেল, সেই মোকদ্দমা চলন সময়ে ঐ দলীল ফিরিয়া দেওয়া গেলে, যাঁহার প্রার্থনামতে ফিরিয়া দেওয়া যায় তাঁহার খরচে ঐ দলীলের সর্টিফিকটযুক্ত নকল করা যাইবে এবং আইন মতে দলীলের নকলে যত টাকা ইষ্টাম্প লাগে তত টাকার ইষ্টাম্প দেওয়া যাইবে, ও মোকদ্দমার কাগজপত্রের মধ্যে আসলের পরিবর্ত্তে ঐ নকলখানি থাকিবে ইতি।

সর্টিফিকটযুক্ত নকল রাখিতে হইবার কথা।

১২৬ ধারা। দলীল ফিরিয়া পাইবার রসীদ বহী রাখা যাইবে, প্রমাণস্বরূপ যে দলীল গ্রাহ্য হইল তাহা ফিরিয়া দেওয়া গেলে, যে ব্যক্তি তাহা লইয়া যান তিনি ঐ বহীতে ঐ দলীলের রসীদ লিখিবেন ইতি।

দলীল ফিরিয়া দেওয়া গেলে রসীদ লইবার কথা।

একাদশ পরিচ্ছেদ।

ইস্যু নির্ণয় করণবিষয়ক বিধি।

১২৭ ধারা। এক পক্ষ বৃত্তান্ত কি আইন ঘটিত যে প্রসঙ্গ করেন অপর পক্ষ তাহা স্বীকার না করিলে ইস্যুর উত্থাপন হয়।

ইস্যু স্থির করিবার কথা।

ইস্যু দুই প্রকারের (১) বৃত্তান্ত ঘটিত ইস্যু। (২) আইনঘটিত ইস্যু।

বৃত্তান্ত কিম্বা আইনঘটিত যে২ প্রসঙ্গ ধরিয়া উভয় পক্ষের অনৈক্য হয়, আদালত মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে এই কথা জিজ্ঞাসা করিবেন ও আপনার বিবেচনামতে যে২ ইস্যুর উপর মোকদ্দমার ন্যায্য নিষ্পত্তির নির্ভর হয়, তিনি সেই ইস্যু স্থির করিয়া লিপিবদ্ধ করিতে প্রবৃত্ত হইবেন।

একি মোকদ্দমায় আইন ও বৃত্তান্ত এই দুই বিষয়ঘটিত ইস্যু হইলে, এবং কেবল আইনঘটিত ইস্যু ধরিয়া

case may be disposed of on the issues of law only, it may try those issues first

Allegations from which issues may be framed

128 The Court may frame the issues from any of the following materials —

(a) allegations orally made by the parties, or by any persons present on their behalf, or by their pleaders,

(b) allegations made in the plaint or in the written statements (if any) tendered in the suit,

(c) the contents of documents produced by either party

Court may examine witnesses or documents before framing issues

129 If the Court be of opinion that the issues cannot be correctly framed without the examination of some person not before the Court, or without the inspection of some document not produced in the suit, it may adjourn the framing of the issues to a future day, to be fixed by the Court and may compel the attendance of any person or the production of any document by the person in whose hands it may be, by summons or other process

Amendment of issues

Addition of issues

130 The Court may at any time before passing a decree amend the issues or frame additional issues on such terms as it thinks fit, and all such amendments or additional issues as may be necessary for determining the real question or controversy between the parties shall be so made or framed

The Court may also, at any time before passing a decree, strike out any issues that appear to it to be wrongly framed or introduced

Of Issues by Agreement of Parties

Questions of fact or law may by agreement be stated in the form of an issue

131 When the parties to a suit are agreed as to the question of fact or of law to be decided between them, they may state the same in the form of an issue and enter into an agreement in writing,

(a) that upon the finding of the Court in the affirmative or the negative of such issue, a sum of money specified in the agreement, or to be ascer-

মোকদ্দমার নিষ্পত্তি হইতে পারে আদালতের এই বিবেচনা থাকিলে, তিনি প্রথমে সেই ইসুর বিচার করিবেন ইতি।

যেং কথা ধরিয়া ইসু ধার্য্য করা যাইতে পারে তাহার কথা।

১২৮ ধারা। আদালত নিম্নলিখিত কোন গুরুতর কথা হইতে ইসু তুলিতে পারিবেন,—

(ক) উভয় পক্ষ, কিম্বা তাঁহাদের সপক্ষে উপস্থিত কোন ব্যক্তিরা কিম্বা তাঁহাদের উকীলেরা বাচনিক যে প্রসঙ্গ করেন তাহা হইতে।

(খ) মোকদ্দমার আরোদমপত্র কিম্বা লিখিত বর্ণনাপত্র দেওয়া গেলে সেই পত্রে যে প্রসঙ্গ লেখা হইয়াছে তাহা হইতে।

(গ) কোন পক্ষ যে দলীল উপস্থিত করেন তাহার মর্ম্ম হইতে ইতি।

ইসু ধার্য্য করিবার পূর্ব্বে আদালতে সাক্ষিদিগকে কি দলীল পরীক্ষা করিতে পারিবার কথা।

১২৯ ধারা। আদালতের সম্মুখে যে ব্যক্তি উপস্থিত নাই এমত কোন ব্যক্তির পরীক্ষা না লইলে, কিম্বা মোকদ্দমায় যে দলীল উপস্থিত করা যায় নাই এমত দলীল না দেখিলে, ইসু শুদ্ধরূপে ধার্য্য করা যাইতে পারে না, আদালত এইরূপ বিবেচনা করিলে, অন্য দিন নিরূপণ করিয়া, সেই দিনপর্য্যন্ত ইসু ধার্য্য করিবার কার্য্য স্থগিত রাখিয়া, সমন কিম্বা অন্য পরওয়ানা দিয়া বলপূর্ব্বক কোন ব্যক্তিকে উপস্থিত করাইতে পারিবেন, কিম্বা দলীল যাঁহার হাতে থাকে তাঁহার দ্বারা তাহা আনাইতে পারিবেন ইতি।

ইসু সংশোধনের কথা।

আরো ইসু লিখিবার কথা।

১৩০ ধারা। আদালত ডিক্রী করিবার পূর্ব্বে কোন সময়ে যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে ইসু সংশোধন করিতে কিম্বা আর কোন ইসু ধার্য্য করিতে পারিবেন এবং উভয় পক্ষের মধ্যে প্রকৃত যে প্রশ্ন কি বিবাদ থাকে তাহা নির্ণয় করিবার নিমিত্ত যে ইসু সংশোধন কি নূতন যে ইসু ধার্য্য করা আবশ্যক। তাহাও সেই প্রকারে সংশোধন কি ধার্য্য করা যাইতে পারিবে।

আরও কোন ইসু অন্যায়মতে ধার্য্য কি উপস্থিত করা গিয়াছে, আদালত এমত বোধ করিলে ডিক্রী করিবার পূর্ব্বে কোন সময়ে তাহা উঠাইয়া দিতে পারিবেন ইতি।

উভয় পক্ষের সম্মতিমতে ইসুবিষয়ক বিধি।

উভয় পক্ষের সম্মতি হইলে বৃত্তান্ত কি আইন ঘটিত বিবাদের কথা ইসুর ন্যায় লেখা যাইতে পারিবার কথা।

১৩১ ধারা। উভয় পক্ষের মধ্যে বৃত্তান্ত কি আইনঘটিত যে বিবাদ নিষ্পত্তি করিতে হইবে তদ্বিষয়ে উভয় পক্ষই একবাক্য হইলে তাঁহারা ইসুর মতে তাহা ব্যক্ত করিয়া এই মর্ম্মের নিয়মপত্র লিখিয়া দিতে পারিবেন যে

(ক) আদালত ঐ ইসুর সপক্ষে বা বিপক্ষে যাহা নিশ্চয় করেন, তদনুসারে আমাদের এক পক্ষ অন্য পক্ষকে এই নিয়মপত্রের নির্দ্দিষ্ট এত টাকা, কিম্বা আদালত যত

tained by the Court, or in such manner as the Court may direct, shall be paid by one of the parties to the other of them, or

(*b*) that upon such finding some property specified in the agreement and in dispute in the suit shall be delivered by one of the parties to the other of them, or as that other may direct, or

(*c*) that upon such finding one or more of the parties shall do or abstain from doing some particular act, specified in the agreement, and relating to the matter in dispute

Court if satisfied that the agreement was executed in good faith may give judgment

132 If the Court be satisfied, after making such enquiry as it deems proper,

(*a*) that the agreement was duly executed by the parties,

(*b*) that they have a real interest in the decision of such question as aforesaid, and

(*c*) that the same is fit to be tried and decided,

it may proceed to record and try the issue and deliver its finding or opinion thereon in the same manner as if the issue had been framed by the Court,

and may, upon the finding or decision on such issue, give judgment according to the terms of the agreement,

and upon the judgment so given, decree shall follow and may be executed in the same way as if the judgment had been pronounced in a contested suit

---

CHAPTER XII

DISPOSAL OF THE SUIT AT THE FIRST HEARING

If the parties are not at issue on any question of law or fact

133 If at the first hearing of a suit it appear that the parties are not at issue on any question of law or of fact, the Court may at once give judgment

If one of several defendants be not at issue with the plaintiff

134 Where there are more defendants than one, and any one of the defendants is not at issue with the plaintiff on any question of law or fact, the Court may at once give judgment for or against such defendant, and the suit shall proceed only against the other defendants

টাকা নির্ণয় করেন তত টাকা, কিম্বা আদালত যেরূপে আজ্ঞা করেন সেইরূপে নির্ণীত টাকা দিব। অথবা

(খ) মোকদ্দমায় যে সম্পত্তি লইয়া বিবাদ হইল উক্ত প্রকারে যাহা নির্ণয় হয় তদনুসারে এক পক্ষ অন্য পক্ষকে কিম্বা ঐ অন্য পক্ষের আদেশমতে ঐ নিয়ম পত্রের নির্দ্দিষ্ট সেই সম্পত্তি দিবেন। অথবা

(গ) নিয়মপত্রে বিবাদীয় বিষয় সংক্রান্ত যে বিশেষ কার্য্য নির্দ্দিষ্ট হইল, উক্ত প্রকারে যাহা নির্ণয় হয় তদনুসারে এক পক্ষ কি অন্য পক্ষ সেই কার্য্য করিবেন কিম্বা সেই কার্য্য করিতে নিবত্ত হইবেন ইতি।

ঐ নিয়মপত্র সরল ভাবে সম্পাদন করা গেল আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে নির্ণয় করিবার কথা।

১৩২ ধারা। আদালত যে প্রকারের অনুসন্ধান লওয়া উচিত বোধ করেন তাহা লইয়া,

(ক) উভয় পক্ষ নিয়মমতে ঐ নিয়মপত্র সম্পাদন করিলেন ও

(খ) উক্ত বিবাদের নিষ্পত্তিতে তাঁহাদের যথার্থই স্বার্থ আছে, ও

(গ) সেই বিষয় বিচার করিয়া নিষ্পত্তি করণো-উপযুক্ত

ইহা হৃদ্বোধমতে জানিলে, সেই ইস্যু লিপিবদ্ধ করিয়া বিচার করিতে প্রবর্ত্ত হইবেন, ও আদালতেরই দ্বারা ইস্যু নির্ণয় হইলে যে প্রকারে করিতেন সেই প্রকারে আপনার নির্ণয় কি অভিমত জানাইবেন।

এবং সেই ইস্যুর উপর যাহা নির্ণয় কি নিষ্পত্তি করেন ঐ নিয়মপত্রের নিয়মানুসারে ঐ নিষ্পত্তি জানাইবেন।

ও তদ্রূপে যে নিষ্পত্তি জ্ঞাত করেন তদনুসারে ডিক্রী হইবে, ও মোকদ্দমায় উভয় পক্ষের বাদপ্রতিবাদ হইলে যদ্রূপে জারী করা যাইত, সেই মোকদ্দমায় ঐ ডিক্রী তদ্রূপে জারী করা যাইবে ইতি।

দ্বাদশ অধ্যায়।

প্রথমবার শুনিবার সময়ে মোকদ্দমা নিষ্পত্তি করণ বিষয়ক বিধি।

আইন কি বৃত্তান্তঘটিত বিষয় লইয়া বিবাদ না হইলে তদ্বিষয়ের কথা।

১৩৩ ধারা। উভয় পক্ষের মধ্যে আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয় লইয়া বিবাদ নাই, মোকদ্দমা প্রথম শুনিবার সময়ে ইহা দৃষ্ট হইলে, আদালত একেবারে নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।

অনেক জন প্রতিবাদী থাকিলে যদি বাদির সঙ্গে তাহাদের এক জনের বিবাদ না হয়, তবে সেই স্থলের কথা।

১৩৪ ধারা। দুই কি তদধিক জন প্রতিবাদী হইলে, এবং আইন কি বৃত্তান্তঘটিত কোন বিষয় লইয়া বাদির সঙ্গে তাঁহাদের মধ্যে কোন এক জনের বিবাদ না থাকিলে, আদালত একেবারে সেই প্রতিবাদির সপক্ষ কি বিপক্ষ নিষ্পত্তি করিতে পারিবেন ও অন্য প্রতিবাদিদের বিপক্ষে মোকদ্দমা চলিতে পারিবে ইতি।

135 When the parties are at issue on some question of law or of fact, and issues have been framed by the Court as hereinbefore provided, if the Court be satisfied that no further argument or evidence than such as the parties can at once supply is required upon any such of the issues as may be sufficient for the decision of the suit, and that no injustice will result from proceeding with the suit forthwith, the Court may proceed to determine such issue,

If the parties are at issue on questions of law or fact

and if the finding thereon is sufficient for the decision, may pronounce judgment accordingly, whether the summons has been issued for the settlement of issues only or for the final disposal of the suit

Court may determine issue and give judgment

Provided that, where the summons has been issued for the settlement of issues only, the parties are present and none of them object

Otherwise the Court shall postpone the further hearing of the suit, and shall fix a day for the production of such further evidence, or for such further argument as the case requires

136 If the summons has been issued for the final disposal of the suit, and either party fails without sufficient cause to produce the evidence on which he relies, the Court may at once give judgment

If either party fails to produce his evidence, Court may give judgment

137 After the issue of such summons, if the Court is unable to give judgment at the first hearing of the suit by reason of additional evidence being required, or for any other cause, the Court shall frame the issues requiring to be determined as provided in section 127

Procedure where Court cannot give judgment at first hearing

CHAPTER XIII

Of Adjournments

138 The Court may, if sufficient cause be shown, at any stage of the suit, grant time to the parties, or to any of them, and may from time to time adjourn the hearing of the suit

Court may grant time or adjourn hearing

১৩৫ ধারা। আইন কি বৃত্তান্ত ঘটিত কোন বিষয় লইয়া উভয় পক্ষের বিবাদ হইলে, এবং পূর্ব্ববিধানমতে আদালত কর্ত্তৃক ইস্যু ধার্য্য করা গেলে, উভয় পক্ষ তৎকালেই যে তর্ক কি প্রমাণ উপস্থিত করিতে পারেন মোকদ্দমার নিষ্পত্তির নিমিত্ত উক্ত কোন ইস্যু সম্পর্কে তাহার অধিক কোন তর্কের কি প্রমাণের প্রয়োজন নাই ও তৎকালেই মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হইলে কোন অন্যায়জনক ফলের সম্ভাবনা নাই, আদালত ইহা স্বপ্রমাণমতে জানিলে, ঐ ইস্যু নিষ্পন্ন করিতে প্রবর্ত্ত হইবেন।

আইন কি বৃত্তান্তঘটিত বিষয় লইয়া বিবাদ হইলে তদ্বিষয়ের কথা।

ও তদ্বিষয়ে যাহা নির্ণয় করেন তাহা নিষ্পত্তির নিমিত্ত প্রভৃত হইলে, কেবল ইস্যু ধার্য্য করিবার জন্যে কিম্বা মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির জন্যেও সমন হইলে, আদালত তদনুসারে নিষ্পত্তি জানাইতে পারিবেন।

ইস্যু নির্ণয় করিয়া নিষ্পত্তি জানাইবার কথা।

কিন্তু যদি কেবল ইস্যু ধার্য্য করিবার জন্যে সমন বাহির হইয়া থাকে তবে উক্ত স্থলে প্রয়োজন যে উভয় পক্ষ উপস্থিত হন ও তাঁহাদের মধ্যে কেহ আপত্তি না করেন,

করিলে আদালত মোকদ্দমা শুনিবার কার্য্য স্থগিত রাখিয়া, মোকদ্দমার প্রয়োজনানুসারে আরও প্রমাণ উপস্থিত করিবার কিম্বা আরও কারণ দর্শাইবার জন্যে দিন নিরূপণ করিবেন ইতি।

১৩৬ ধারা। যদি মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন বাহির হইয়া থাকে, ও কোন পক্ষ যে প্রমাণের উপর নির্ভর করেন, উপযুক্ত কারণ না থাকিতেও সেই প্রমাণ উপস্থিত না করিয়া থাকেন, তাহা হইলে আদালত তৎকালেই নিষ্পত্তি জানাইতে পারিবেন ইতি।

কোন পক্ষ প্রমাণ উপস্থিত না করিলে আদালতের নিষ্পত্তি জানাইতে পারিবার কথা।

১৩৭ ধারা। উক্ত প্রকারের সমন বাহির হইলে পর, আরো প্রমাণের আবশ্যক হওয়াতে কি অন্য কোন কারণে আদালত মোকদ্দমা প্রথম শ্রবণের সময়ে নিষ্পত্তি করিতে না পারিলে যেং ইস্যু নির্ণয় করা প্রয়োজন ১২৭ ধারার বিধানমতে তাহা ধার্য্য করিবেন ইতি।

প্রথম শুনিবার সময়ে নিষ্পত্তি জানাইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

ত্রয়োদশ পরিচ্ছেদ।

মোকদ্দমা শুনিবার দিনান্তর নিরূপণ বিষয়ক বিধি।

১৩৮ ধারা। মোকদ্দমা চলিবার কোন সময়ে উপযুক্ত কারণ দেখান গেলে, আদালত উভয় পক্ষকে কিম্বা তাঁহাদের কোন ব্যক্তিকে অবকাশ দিতে, ও সময়েং মোকদ্দমা শুনিবার অন্য দিন নিরূপণ করিতে পারিবেন।

আদালতের অবকাশ দিবার কিম্বা মোকদ্দমা শুনিবার দিনান্তর নিরূপণ করিবার ক্ষমতার কথা।

In all such cases the Court shall fix a day for the further hearing of the suit, and may make such order as it thinks fit with respect to the costs occasioned by the adjournment

Costs of adjournment

Provided that, when the hearing of evidence has once begun, the hearing of the suit shall not be adjourned at the application of any of the parties or except from day to day when all the witnesses cannot be examined on the same day

139 If, on any day to which the hearing of the suit is adjourned, the parties or either of them fail to appear, the Court may proceed to dispose of the suit in one of the modes directed in that behalf by chapter VII, or make such other order as it thinks fit

Procedure if parties fail to appear on day fixed

140 If either party to a suit to whom time has been granted fails to produce his proofs, or to cause the attendance of his witnesses, or to perform any other act necessary to the further progress of the suit, for which time has been allowed, the Court may, notwithstanding such default, proceed to a decision of the suit on the record

Court may proceed notwithstanding either party fails to produce proofs or witnesses

---

CHAPTER XIV

OF SUMMONING WITNESSES

141 The parties may, after the issue of the summons to the defendant, if the summons be for the final disposal of the suit, or after the issues have been recorded, if the summons to the defendant be for the settlement of issues only, obtain, on application to the Court at some reasonable time before the day fixed for such disposal or settlement, as the case may be, summonses to persons whose attendance is necessary or proper either to give evidence or to produce a document

Summons to attend to give evidence or produce documents

In any such summons the names of any number of persons may be inserted

142 The person applying for a summons shall pay into Court such sum of money as appears to the Court to be reasonable to defray the travelling and other expenses of the

Expenses of witnesses to be paid into Court on applying for summons

তদ্রূপ সকল স্থলে আদালত মোকদ্দমার আরং কথা শুনিবার দিন নিরূপণ করিবেন, ও দিনান্তর নিরূপণ করাপ্রযুক্ত যে খরচা হয় তদ্বিষয়ের যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন।

দিনান্তর নিরূপণের খরচার কথা।

কিন্তু প্রমাণ শুনিতে আরম্ভ হইলেই, কোন পক্ষের প্রার্থনমতে মোকদ্দমা শুনিবার দিনান্তর নিরূপণ করা যাইবে না, কেবল একি দিনে সকল সাক্ষির পরীক্ষা লওয়া যাইতে না পারিলে, ক্রমশঃ দিনং ঐ কার্য্য চলিতে পারিবে ইতি।

১৩৯ ধারা। মোকদ্দমা শুনিবার দিনান্তর নিরূপণ করা গেলে, যদি উভয় কি একতর পক্ষ উপস্থিত না হন, তবে সেই স্থলের উপলক্ষে সপ্তম অধ্যায়ে যেং প্রথার আজ্ঞা হইল আদালত তাহার কোন এক প্রথামতে মোকদ্দমা নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন, কিম্বা অন্য যে আজ্ঞা করা বিহিত জ্ঞান করেন করিতে পারিবেন ইতি।

উভয়পক্ষ নিরূপিত দিনে না আইলে কার্য্যপ্রণালীর কথা।

১৪০ ধারা। মোকদ্দমার কোন পক্ষকে অবকাশ দেওয় গেলেও যদি তিনি আপনার প্রমাণ উপস্থিত করিতে, কিম্বা আপন সাক্ষিদিগকে উপস্থিত করাইতে, কিম্বা মোকদ্দমা চালাইবার জন্যে আবশ্যক অন্য যে কর্ম্মের নিমিত্ত অবকাশ দেওয়া গেল সেই কর্ম্ম করিতে ত্রুটি করেন, তবে ঐ ত্রুটি হইলেও আদালত মোকদ্দমার কাগজপত্র অনুসারে মোকদ্দমা নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।

কোন এক পক্ষ প্রমাণ কি সাক্ষিদিগকে উপস্থিত না করিলেও আদালতের কার্য্যানুষ্ঠান করিতে পারিবার কথা।

চতুর্দ্দশ পরিচ্ছেদ।

সাক্ষিদিগকে সমন করণবিষয়ক বিধি।

১৪১ ধারা। সাক্ষ্য দিবার কিম্বা দলীল সঙ্গে আনিবার জন্যে কোন ব্যক্তিদের উপস্থিত হওয়া আবশ্যক কি উপযুক্ত হইলে, যদি মোকদ্দমার চুড়ান্ত নিষ্পত্তির নিমিত্ত সমন দেওয়া গিয়া থাকে, তবে প্রতিবাদিকে সমন দেওয়া গেলে পর, কিম্বা প্রতিবাদির নামে যে সমন দেওয়া যায় তাহা যদি কেবল ইস্যু ধার্য্য করিবার নিমিত্ত দেওয়া গিয়া থাকে, তবে ইস্যু লিপিবদ্ধ করা গেলে পর, উভয় পক্ষ, মোকদ্দমা নিষ্পত্তি করিবার কিম্বা বিষয়বিশেষে ইস্যু ধার্য্য করিবার নিমিত্ত নিরূপিত দিনের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে, আদালতে প্রার্থনা করিয়া ঐ ব্যক্তিদের নামে সমন লইতে পারিবেন।

প্রমাণ দিবার কি দলীল দেখাইবার নিমিত্ত উপস্থিত হইবার সমনের কথা।

যত ব্যক্তি হউক উক্ত সমনে তত ব্যক্তির নাম লেখা যাইতে পারিবে ইতি।

১৪২ ধারা। যে ব্যক্তির নামে সমন দেওয়া যায় তাঁহার যে আদালতে উপস্থিত হইতে হইবে সেই আদালতে আসিতে ও তথা-হইতে ফিরিয়া যাইতে ও

সমন প্রার্থনা করিবার সময়ে সাক্ষিদের খরচ আদালতে দিতে হইবার কথা।

person summoned, in passing to and from the Court in which he is required to attend, and for one day's attendance

এক দিন উপস্থিত থাকিতে তাঁহার পথ প্রভৃতির খরচ বলিয়া আদালত যত টাকা সঙ্গত বোধ করেন, যে ব্যক্তি সমন প্রার্থনা করেন আদালতে তাঁহার তত টাকা দিতে হইবে।

Scale of expenses

If the Court be a subordinate Court, regard shall be had, in fixing the scale of such expenses, to the rules (if any) laid down by the Court to which such Court is subordinate

খরচার কর্দ্দের কথা।

আদালত নিম্নতর আদালত হইলে খরচের হার নিরূপণ করিতে গেলে, ঐ আদালত অন্য যে আদালতের অধীন থাকে সেই আদালত তদ্বিষয়ের কোন বিধি নিষ্কার্য্য করিয়া থাকিলে, সেই বিধি মানিয়া ঐ খরচ ধার্য্য হইবে।

Tender of expenses to witness

The sum so paid into Court shall be tendered to the person summoned, at the time of serving the summons if it can be served personally

সাক্ষিদিগকে খরচ দিবার প্রস্তাবের কথা।

যাঁহাকে সমন করা যায়, নিজ তাঁহাকে সমন দেওয়া যাইতে পারিলে, খরচের যে টাকা উক্ত প্রকারে আদালতে দেওয়া যায়, সমন দিবার সময়ে তাঁহাকে সেই টাকাও দেওয়া যাইবে ইতি।

Procedure where insufficient sum paid in

143 If it appear to the Court that the sum paid into Court on account of the travelling and other expenses of the person summoned in passing to and from the Court is not sufficient to cover such expenses, and for one day's attendance, the Court may direct such further sum to be paid to him as appears to be necessary on that account, and, in case of default in payment, may order such sum to be levied by attachment and sale of the goods of the person obtaining the summons, or the Court may discharge the person summoned without requiring him to give evidence

যত টাকা দেওয়া গেল তাহাতে না কুলাইলে কার্য্য প্রণালীর কথা।

১৪৩ ধারা। যাহাকে সমন করা গেল আদালতে তাঁহার আসিবার ও তথা হইতে ফিরিয়া যাইবার ও এক দিন উপস্থিত থাকিবার নিমিত্ত পথপ্রভৃতির যত খরচ লাগে, যে টাকা আদালতে দেওয়া গেল তাহা সেই খরচের নিমিত্ত কুলায় না, আদালত এমত বোধ করিলে, তজ্জন্য আর যত টাকা আবশ্যক বোধ হয়, আদালত তাঁহাকে আর তত টাকা দিতে আজ্ঞা করিতে পারিবেন। সেই টাকা না দেওয়া গেলে, যে ব্যক্তি সমন বাহির করিলেন আদালত তাঁহার মাল ক্রোক ও নিলাম করিয়া ঐ টাকা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন, অথবা সমন করা ঐ ব্যক্তির সাক্ষ্য না লইয়া তাঁহাকে বিদায় করিয়া দিতে পারিবেন।

Expenses if witness detained more than one day

If it be necessary to detain the person summoned for a longer period than one day, the Court may from time to time order the party at whose instance he was summoned, to pay into Court such sum as is sufficient to defray the expenses of his detention for such further period, and in default of such deposit being made, may order such sum to be levied by attachment and sale of the goods of the party at whose instance he was summoned, or the Court may discharge the person summoned without requiring him to give evidence

সাক্ষীর এক দিনের অধিক থাকিতে হইলে তাহার খরচের কথা।

যে ব্যক্তিকে সমন করা গেল, তাঁহার এক দিনের অধিক থাকিবার আবশ্যক হইলে, তাঁহার সেই অধিক কাল থাকিবার খরচের নিমিত্ত যত টাকায় কুলায়, যাঁহার অনুরোধে তাঁহাকে সমন করা গেল আদালত তাঁহাকে সময়ে২ তত টাকা দিতে আজ্ঞা করিবেন, ও সেই টাকা না দেওয়া গেলে, তাঁহার মাল ক্রোক ও নিলাম করিয়া ঐ টাকা আদায় করিতে আজ্ঞা করিবেন, অথবা আদালত ঐ সমন করা ব্যক্তির সাক্ষ্য না লইয়া তাঁহাকে বিদায় করিয়া দিতে পারিবেন ইতি।

Time, place and purpose of attendance to be specified in summons

144 Every summons for the attendance of a person to give evidence or produce a document shall specify the time and place at which he is required to attend, and also whether his attendance is required for the purpose of giving evidence or to prduce a document, or for both purposes, and any particular document which the person summoned is called on to produce,

যে সময়ে যে স্থানে যে কারণে উপস্থিত হইতে হইবে সমনে বিশেষ করিয়া লিখিবার কথা।

১৪৪ ধারা। সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে কোন ব্যক্তির উপস্থিত হইবার যে সমন দেওয়া যায়, যে সময়ে যে স্থানে ও যে কারণে, অর্থাৎ সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে কি উভয় কারণে তাঁহার উপস্থিত হওয়ার প্রয়োজন আছে, সমনে এই২ কথা বিশেষ করিয়া লিখিতে হইবে। ও যাহাকে সমন করা যায়, তাঁহার প্রতি বিশেষ কোন দলীল

shall be described in the summons with convenient certainty

145 Any person, whether a party to the suit or not, may be summoned to produce a document, without being summoned to give evidence, and any person summoned merely to produce a document shall be deemed to have complied with the summons, if he cause such document to be produced instead of attending personally to produce the same

Summons to produce a document

SERVICE OF SUMMONS ON PERSONS REQUIRED TO GIVE EVIDENCE OR PRODUCE DOCUMENTS

146 Every summons to a person to give evidence or produce a document shall be served as nearly as may be in manner hereinbefore prescribed for the service of summons on the defendant, and the rules for the guidance of officers serving summonses on the defendant shall, *mutatis mutandis*, apply to officers serving summonses under this section

Summons how served

147 The service shall in all cases be made a sufficient time before the time specified in the summons for the attendance of the person summoned, to allow him a reasonable time for preparation and for travelling to the place at which his attendance is required

Time for serving summons

148 If the summons for the attendance of a person, either to give evidence or to produce a document, cannot be served in any of the ways hereinbefore specified, the Court, on being certified thereof by the return of the serving officer, and upon being satisfied that the evidence of such person or the production of such document is material, and that he is absconding or keeping out of the way for the purpose of avoiding the service of the summons, may cause a proclamation requiring his attendance to give evidence or produce the document, at a time and place to be named therein, to be affixed on some conspicuous place of the house in which he is dwelling,

Attachment of property of absconding witness

and if he does not attend at the time and place named in such proclamation, the Court may in its discretion, at the instance of the party on

দেখাইতে আজ্ঞা হইলে, তাহা যাহাতে সঙ্গতরূপে নিশ্চিতমতে জানা যাইতে পারে সমনে তাহার এমত বর্ণনা থাকিবে ইতি।

১৪৫ ধারা। কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষের মধ্যে হউন বা নাই হউন, সাক্ষ্য দিবার জন্যে তাঁহাকে সমন না করিয়া দলীল দেখাইবার জন্যে সমন করা যাইতে পারিবে। আরও কোন ব্যক্তিকে কেবল দলীল দেখাইবার জন্যে সমন করা গেলে, তিনি স্বয়ং উপস্থিত হইয়া ঐ দলীল না দেখাইলেও যদি অন্যদ্বারা উপস্থিত করান, তাহা হইলে সমনমতে কার্য্য করিলেন বলিয়া জ্ঞান হইবে ইতি।

দলীল উপস্থিত করিবার সমনের কথা।

সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে যে ব্যক্তিদের প্রয়োজন থাকে তাঁহাদিগকে সমন দেওন বিষয়ক বিধি।

১৪৬ ধারা। প্রতিবাদিকে সমন দিবার যে বিধি এই আইনের পূর্ব্ব ভাগে নিদ্ধারিত হইল, কোন ব্যক্তির নামে সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে যে সমন জারী হয়, যতদূর হইতে পারে তাহাও ততদূর সেই বিধিমতে তাঁহাকে দেওয়া যাইবে। ও প্রতিবাদিকে যে আমলারা সমন দেন, তাঁহারদের কার্য্যপদ্ধতি দেখাইবার যে বিধি আছে, সেই বিধি প্রয়োজনমতে মতান্তর করিয়া এই ধারামতে সমন জারীকরণিয়া আমলাদেরও প্রতি খাটিবে ইতি।

সমন যে প্রকারে দেওয়া যাইবে তাহার কথা।

১৪৭ ধারা। যে ব্যক্তিকে সমন করা যায়, সমনে তাঁহার উপস্থিত হইবার যে সময় নিদ্ধারিত হইল, তাঁহার প্রস্তুত হইয়া যে স্থানে উপস্থিত হইতে হইবে, তিনি সেই স্থানে যাইবার যুক্তিসঙ্গত অবকাশ পান, সর্ব্বদা এমত সময় থাকিতে ঐ সমন দেওয়া যাইবে ইতি।

সমন দিবার সময়ের কথা।

১৪৮ ধারা। সাক্ষ্য দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে কোন ব্যক্তির উপস্থিত হইবার যে সমন দেওয়া যায়, তাহা ইহার পূর্ব্বনির্দ্দিষ্ট কোন প্রকারে তাঁহাকে দেওয়া যাইতে পারিল না, যে আমলা তাহা জারী করিলেন তাঁহার রিটর্ন দ্বারা আদালত ইহা নিশ্চয়মতে জানিতে পাইলে, এবং সেই ব্যক্তির সাক্ষ্য কিম্বা সেই দলীল উপস্থিত করা গুরুতর বিষয়, ও সমন তাহাকে দেওয়া যাইতে না পারে ঐ ব্যক্তি এই কারণে পলায়ন করিয়াছেন কিম্বা নিরুদ্দেশ হইয়াছেন, আদালত ইহা প্রবোধমতে জানিলে, ঐ ব্যক্তি যে ঘরে বাস করেন সেই ঘরের কোন প্রকাশস্থানে ঘোষণাপত্র লাগাইয়া দিয়া, ঐ পত্রে সময় ও স্থান নিরূপণ করিয়া, তাঁহার প্রতি সাক্ষ্য দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে সেই সময়ে ও স্থানে উপস্থিত হইবার আজ্ঞা করিবেন।

সাক্ষী পলাইলে তাহার সম্পত্তি ক্রোক করিবার কথা।

তিনি ঐ ঘোষণাপত্রের উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত না হইলে, তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক করিতে যত টাকা খরচ হইতে পারে, এবং ১৫০ ধারার

whose application the summons was issued, make an order for the attachment of the moveable property of the person whose attendance is required, to such amount as the Court deems reasonable, not being in excess of the amount of the costs of attachment and of any fine to which he may be liable under the provisions of section 150

বিধানমতে তাঁহার যত টাকা অর্থদণ্ড হইতে পারে আদালত তাহার অনধিক যত টাকা যুক্তিসঙ্গত বোধ করেন, যে পক্ষের অনুরোধে ঐ ব্যক্তির নামে সমন বাহির হইল তাঁহার প্রার্থনা হইলে, আদালত স্বীয় বিবেচনামতে ঐ ব্যক্তির তত টাকার অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

If witness appears, attachment may be withdrawn

149 If, on the attachment of his property, such person appears and satisfies the Court that he did not abscond or keep out of the way to avoid service of the summons, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Court shall direct that the property be released from attachment, and shall make such order in regard to the costs of the attachment as it thinks fit

সাক্ষী উপস্থিত হইলে ক্রোক উঠাইয়া দিবার কথা।

১৪৯ ধারা। ঐ ব্যক্তিব সম্পত্তি ক্রোক করা গেলে যদি তিনি উপস্থিত হন, এবং তাঁহাকে সমন দেওযা যাইতে না পারে এই উদ্দেশে তিনি পলায়ন করেন নাই কি নিরুদ্দেশ হন নাই, এবং যাহাতে ঘোষণাপত্রের উল্লিখিত সমযে ও স্থানে উপস্থিত হইতে পারেন এমত সময় থাকিতে ঐ ঘোষণাপত্রেব নোটিস পান নাই, এই সকল বিষয়ে যদি আদালতেব হৃদ্বোধ জন্মাইযা দেন, তবে আদালত তাঁহার সম্পত্তির উপর ঐ ক্রোক উঠাইযা দিবাব আজ্ঞা কবিযা, ঐ ক্রোক করিবার খরচার বিষযে যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

Procedure if witness fails to appear

150 If the person whose attendance is required does not appear, or appearing, fails to satisfy the Court that he did not abscond or to keep out of the way to avoid service of the summons, and that he had not notice of the proclamation in time to attend at the time and place named therein, the Court may impose upon him such fine not exceeding the amount in dispute as the Court thinks fit, having regard to his condition in life and all the circumstances of the case, and may order the property attached, or any part thereof, to be sold for the purpose of satisfying all costs incurred in consequence of such attachment, together with the amount of the said fine if any

সাক্ষী উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

১৫০ ধারা। যে ব্যক্তির উপস্থিত হওয়ার আজ্ঞা হয, সেই ব্যক্তি উপস্থিত না হইলে, কিম্বা হইলেও সমন যেন তাঁহাকে দেওয়া যাইতে না পাবে এই কারণে পলাযন করেন নাই কিম্বা নিরুদ্দেশ হন নাই, ও যাহাতে ঘোষণাপত্রের উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইতে পারেন এমত সমষ থাকিতে ঐ ঘোষণাপত্রের নোটিস পান নাই, এই২ বিষয়ে আদালতেব হৃদ্বোধ জন্মাইতে না পাবিলে, মোকদ্দমায় যত টাকার বিবাদ হইতেছে আদালত ঐ ব্যক্তির সঙ্গতি ও মোকদ্দমার ভাব-গতিক বিবেচনায তাহার অনধিক যত টাকা বিহিত বোধ করেন তত টাকাব দণ্ড ধার্য্য করিতে পারিবেন, এবং ঐ ক্রোক করাপ্রযুক্ত যত টাকা খরচ হয তাহা এবং অর্থদণ্ডের আজ্ঞা হইলে ঐ অর্থদণ্ডের টাকা আদায করিবার জন্যে তাঁহার ক্রোক করা ঐ সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ বিক্রয করিবার আজ্ঞা দিতে পাবিবেন।

If the person whose attendance is required pays into Court the costs and fine as aforesaid, the Court shall order the property to be released from attachment

যে ব্যক্তির উপস্থিত হইবার আজ্ঞা হয, তিনি উক্ত খরচেব ও দণ্ডের টাকা আদালতে দিলে, আদালত তাঁহাব সম্পত্তিব উপব ঐ ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন ইতি।

Of summoning and examining Strangers to the Suit

মোকদ্দমাব নিঃসম্পর্ক ব্যক্তিদিগকে সমন করণ ও তাহাদের সাক্ষ্য লওন বিষযক বিধি।

Court may of its own accord summon as witnesses strangers to suit

151 If the Court at any time thinks it necessary to examine any person other than a party to the suit, and not named as a witness by a party to the suit, the Court may, of its own accord, cause such person to be summoned as a witness to give evidence, or to produce any document in his possession, on a date to be appointed, and may examine

মোকদ্দমার নিঃসম্পর্কব্যক্তিদিগকে আদালতের সাক্ষিস্বরূপ সমন করিতে পারিবার কথা।

১৫১ ধারা। যে ব্যক্তি মোকদ্দমার এক পক্ষেব অন্তর্গত নহেন, ও মোকদ্দমার কোন পক্ষ সাক্ষী বলিয়া যাঁহার নাম দেন নাই, আদালত কোন সমযে এমত কোন ব্যক্তির সাক্ষ্য লওয়া আবশ্যক জ্ঞান করিলে, দিন নিরূপণ করিযা আপনার বিবেচনামতে সেই দিনে সাক্ষ্য দিবার জন্যে ও তাঁহার নিকট যে দলীল থাকে সেই দলীল আনিবা

him as a witness or require him to produce such document

দেখাইবার জন্য তাহাকে সাক্ষিস্বরূপ সমন করাইতে পারিবেন, ও সাক্ষী বলিয়া তাঁহার সাক্ষী লইতে কিম্বা তাঁহাকে সেই দলীল দেখাইতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

152 Whenever any person not a party to the suit is summoned to give evidence or to produce any document in a suit otherwise than on the application of a party to the suit, the cost of summoning such person, including his travelling and other expenses, if not deposited by any party to the suit, shall (if the Court so directs) be paid by the Collector of the District, and shall be costs in the suit, and shall be paid out of any money recovered on account of costs in the suit, whether at the instance of the Government or of any of the parties to the suit, before any other costs in the suit are paid

Payment of cost of summons

১৫২ ধারা। যে ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ নহেন, মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে না হইয়া প্রকারান্তরে তাঁহাকে কোন মোকদ্দমার সাক্ষ্য দিবার কিম্বা দলীল আনিয়া দেখাইবার জন্যে সমন করা গেলে, যদি মোকদ্দমার কোন পক্ষ তাঁহার পথ প্রভৃতির খরচ সুদ্ধ তাঁহার সমন করিবার খরচ আমানৎ না করিয়া থাকেন, তবে আদালতের আজ্ঞা হইলে, জিলার কালেক্টর সাহেব ঐ খরচ দিবেন। ও তাহা মোকদ্দমার খরচার মধ্যে ধরা যাইবে, এবং গবর্ণমেণ্টের কিম্বা মোকদ্দমার কোন পক্ষের অনুরোধেই হউক, মোকদ্দমার খরচ বলিয়া যে টাকা আদায় হয় তাহাহইতে মোকদ্দমার অন্য খরচ দিবার অগ্রে ঐ খরচ দেওয়া যাইবে ইতি।

সমনের খরচ দিবার কথা।

Attendance of Witnesses and Consequence of Non-attendance

সাক্ষিদের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হওয়ার ফলবিষয়ক বিধি।

153 Whoever is summoned to appear and give evidence in a suit, must attend at the time and place named in the summons for that purpose

Persons summoned to give evidence must attend

১৫৩ ধারা। মোকদ্দমায় উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার জন্যে কোন ব্যক্তিকে সমন করা গেলে, তজ্জন্যে সমনে যে সময় ও স্থান লেখা যায়, তাঁহার সেই সময়ে ও স্থানে উপস্থিত হইতে হইবে ইতি।

কোন ব্যক্তিকে সাক্ষ্য দিবার জন্যে সমন করা গেলে তাহার আসিতে হইবার কথা।

154 If any person on whom a summons to give evidence or produce a document has been served fails, without lawful excuse, to comply with the summons, the Court may order him to be apprehended and brought before the Court

Consequences of non attendance by witness

১৫৪ ধারা। সাক্ষ্য দিবার কিম্বা দলীল আনিয়া দেখাইবার জন্যে কোন ব্যক্তিকে সমন দেওয়া গেলে পর, সেই ব্যক্তি উপযুক্ত কারণ না থাকিতেও যদি সমনমতে কার্য্য না করেন, তবে আদালত তাঁহাকে ধরিয়া আদালতের সম্মুখে আনাইবার আজ্ঞা করিতে পারিবেন।

সাক্ষির উপস্থিত না হওয়ার ফলের কথা।

If he absconds or keeps out of the way, so that he cannot be apprehended and brought before the Court, his property may be attached and sold for the purpose of realizing such fine and costs as the Court may order him to pay, in the manner and subject to the rules provided in sections 148, 149, and 150, with respect to any person on whom the service of summons cannot be effected

পলায়ন করাতে কি নিরুদ্দেশ হওয়াতে যদি তাঁহাকে ধরিয়া আদালতের সম্মুখে আনা যাইতে না পারে, তবে কোন ব্যক্তির উপর সমন জারী হইতে না পারিলে তাহার বিষয়ে ১৪৮, ১৪৯ ও ১৫০ ধারার বিধানমতে যেরূপে ও যে বিধি মানিয়া কার্য্য করা যায়, সেইরূপে ও সেই বিধিমতে ঐ ব্যক্তির সম্পত্তি ক্রোক করা যাইবে, ও আদালত তাঁহার যত টাকা দণ্ড ও খরচা দিবার আজ্ঞা করেন তাহা আদায় করিবার জন্যে ঐ সম্পত্তি বিক্রয় করা যাইবে।

Explanation — Before ordering a person to be apprehended it should appear to the Court that there is reason to believe that he has no lawful excuse for his failure to comply with the summons, but it is not necessary for this purpose to institute a formal investigation and come to a determination on evidence adduced

অর্থের কথা।—কোন ব্যক্তিকে ধরিয়া আনিবার আজ্ঞা করণের পূর্ব্বে, সমনমতে তাঁহার কর্ম্ম না করিবার বৈধ কারণ যে ছিল না, আদালতের এমন জ্ঞান করিবার কারণ থাকা উচিত। কিন্তু এই বিষয়ের দাঁড়ামত অনুসন্ধান লওয়ার ও প্রমাণ গ্রহণ পূর্ব্বক নির্ণয় করার আবশ্যক নাই ইতি।

155. If any person attending or being present in Court refuses, without lawful excuse, to give evidence, or to produce any document in his custody or possession named in such summons as aforesaid, upon being required by the Court so to do, the Court may commit him to jail for such time as it thinks fit, unless, in the mean time, he consents to give his evidence or to produce the document

Consequences of refusal to give evidence or produce documents.

If after the expiration of such time he persists in his refusal, the Court may proceed to deal with him according to the provisions of the Indian Penal Code or any other law for the punishment of persons refusing to give evidence

Explanation—"Lawful excuse" means, in this section, such an excuse as, under the Indian Evidence Act, 1872, justifies a refusal to give the evidence or produce the document required

156 Any person present in Court, whether a party to the suit or not may be called upon by the Court to give evidence and to produce any document then and there in his actual possession or in his power, in the same manner and subject to the same rules as if he had been summoned to attend and give evidence or to produce such document

Any person present in Court may be called upon to give evidence though not summoned

Such person shall be liable to be dealt with by the Court in the same manner as a party or witness, as the case may be, would be liable, under any of the provisions hereinafter contained, to be dealt with for any refusal to obey the order of the Court

---

CHAPTER XV

Examination of Parties and Witnesses

157 When a party to a suit appears in person at any hearing of the suit, he may be examined as a witness, either on his own behalf or on behalf of any other party to the suit in the same manner as if he were not a party

Party to suit appearing in person may be examined as witness.

১৫৫ ধারা। কোন ব্যক্তি আদালতে আইলে কিম্বা উপস্থিত থাকিলে ও আদালত তাঁহাকে সাক্ষ্য দিতে, কিম্বা পূর্ব্বোক্ত সমনে উল্লিখিত দলীল তাহার জিম্মায় কি অধিকারে থাকিলে তাহা দেখাইতে আদেশ করিলেও তিনি বৈধ কোন কারণ বিনা সম্মত না হইলে, আদালত যত কাল উচিত বোধ করেন তত কালের নিমিত্ত তাঁহাকে কারাগারে সমর্পণ করিতে পারিবেন, ইতিমধ্যে সাক্ষ্য দিতে কি দলীল দেখাইতে সম্মত হইলে মুক্ত করিবেন।

সাক্ষ্য দিতে কি দলীল দেখাইতে অসম্মত হওয়ার ফলের কথা।

কিন্তু ঐ কাল গত হইলেও তিনি সাক্ষ্য না দিতে কি দলীল না দেখাইতে দৃঢ়প্রতিজ্ঞ হইলে, আদালত তাঁহাকে লইয়া ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের কিম্বা সাক্ষ্য দিতে অসম্মত হওয়াপ্রযুক্ত দণ্ড বিধানের অন্য কোন আইনের বিধানমতে কার্য্য করিবেন।

অর্থের কথা।—ভারতবর্ষীয় সাক্ষ্যবিষয়ক ১৮৭২ সালের আইনমতে যে কারণ থাকিলে, আদেশমতে সাক্ষ্য দিতে কি দলীল দেখাইতে অসম্মত হইলেও ব্যক্তি নির্দ্দোষী হয়, এই ধারায় "বৈধ কারণ" শব্দে সেই প্রকারের কারণ জানিতে হইবে ইতি।

১৫৬ ধারা। কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ হইলে বা না হইলেও আদালতে উপস্থিত থাকিলে, তাহাকে সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার নিমিত্ত সমন করা গেলে যেরূপে ও যে বিধিমতে তাহার প্রতি কার্য্য হইতে পারিত, আদালত তাঁহার প্রতি সেই প্রকারে ও সেই বিধিমতে সাক্ষ্য দিতে ও তৎকালে তৎস্থানে তাহার নিকট কি তাহার নিজ অধিকারে যে দলীল থাকে তাহা দেখাইতে আদেশ করিতে পারিবেন।

সমন না করা গেলেও কোন ব্যক্তি আদালতে থাকিলে, তাহার প্রতি সাক্ষ্য দিবার আদেশ হইতে পারিবার কথা।

মোকদ্দমার এক পক্ষ কিম্বা বিষয়বিশেষে সাক্ষী আদালতের আজ্ঞা মানিতে অসম্মত হইলে পূর্ব্বলিখিত বিধানমতে তাঁহার প্রতি যদ্রূপ কার্য্য হইতে পারিত, উক্ত ব্যক্তি অসম্মত হইলে আদালত তাঁহাকেও লইয়া তদ্রূপ কার্য্য করিতে পারিবেন ইতি।

পঞ্চদশ অধ্যায়।

উভয় পক্ষের ও সাক্ষিদের সাক্ষ্য লওন বিষয়ক বিধি।

১৫৭ ধারা। মোকদ্দমা শুনিবার কোন সময়ে মোকদ্দমার এক পক্ষ স্বয়ং উপস্থিত হইলে, এক পক্ষ না হওয়ার ন্যায় তাঁহার নিজ পক্ষে কিম্বা মোকদ্দমাসম্পর্কীয় অন্য ব্যক্তির সপক্ষ সাক্ষির ন্যায় তাহার সাক্ষ্য লওয়া যাইতে পারিবে ইতি।

মোকদ্দমার কোন পক্ষ স্বয়ং উপস্থিত হইলে সাক্ষির ন্যায় তাহার সাক্ষ্য লওয়া যাইতে পারিবার কথা।

158. If a party to a suit require to enforce the attendance of any other party thereto as a witness at any stage of the suits he shall make a special application to the Court for an order requiring such attendance, and if he shows to the satisfaction of the Court sufficient ground in support of such application, an order shall be made accordingly.

Special application to enforce attendance of party as witness.

If he fails to show such ground the Court shall dismiss the application.

১৫৮ ধারা। মোকদ্দমা চলনের কোন সময়ে একপক্ষ মোকদ্দমাসম্পর্কীয় অন্য ব্যক্তিকে সাক্ষিস্বরূপ বলপূর্ব্বক আনাইতে চাহিলে, তাঁহার উপস্থিত হইবার আজ্ঞা করণার্থে আদালতে বিশেষ প্রার্থনা করিতে পারিবেন, আর সেই প্রার্থনার পোষকতায় আদালতের বোধমতে উপযুক্ত হেতু দেখাইতে পারিলে তদনুযায়ি আজ্ঞা করা যাইবে।

কোন পক্ষকে বলপূর্ব্বক সাক্ষিস্বরূপে উপস্থিত করাইবার বিশেষ প্রার্থনার কথা।

তদ্রূপ হেতু দর্শাইতে না পারিলে আদালত ঐ প্রার্থনা অগ্রাহ্য করিবেন ইতি।

159. The Court, before making such order, may cause notice to be given to the party whose attendance is required, fixing a day for him to show cause why he should not attend and give evidence; and may also from time to time, for sufficient reason, enlarge the time for such purpose.

Court may first give notice fixing a day to show cause why he should not attend.

১৫৯ ধারা। যে ব্যক্তিকে উপস্থিত করাইবার অভিপ্রায় থাকে, আদালত উক্ত আজ্ঞা করিবার পূর্ব্বে নোটিস দিয়া তাঁহার উপস্থিত না হইবার ও সাক্ষ্য না দিবার কারণ জানাইবার দিন নিরূপণ করিবেন। আরো উপযুক্ত হেতু থাকিলে সময়েং তাঁহার সেই কারণ জানাইবার সময় বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

উপস্থিত না হইবার কারণ থাকিলে সেই কারণ জানাইবার জন্যে দিন নিরূপণ করিয়া আদালতের নোটিস দিবার কথা।

160. In support of the cause shown, the Court shall receive any declaration in writing of the party, if signed by him and verified in the manner hereinbefore provided for the verification of plaints.

Written declaration in support of cause shown

১৬০ ধারা। ঐ ব্যক্তি উক্ত কারণের পোষকতায় কোন নির্দ্দেশবাক্য লিখিয়া তাহাতে স্বাক্ষর করিলে ও আবেদনপত্রে সত্যাকরণের কথা লিখিবার পূর্ব্বোক্ত বিধানমতে সত্যাকরণের কথা লিখিয়া দিলে আদালত সেই নির্দ্দেশবাক্য গ্রাহ্য করিবেন ইতি।

যে কারণ জ্ঞাত করা যায় তাহার পোষকতার্থ নির্দ্দেশ বাক্যের কথা।

161. If no sufficient cause be shown on the day fixed, or upon any subsequent day to which the Court may enlarge the time for that purpose, the Court shall issue its order requiring the party to attend and give evidence.

If no sufficient cause shown, order to issue

১৬১ ধারা। নিরূপিত দিনে কিম্বা আদালত সময় বাড়াইয়া দিয়া তৎপশ্চাৎ যে দিন নিরূপণ করেন সেই দিনে উপযুক্ত কারণ জ্ঞাত না করা গেলে, আদালত ঐ ব্যক্তির উপস্থিত হইয়া সাক্ষ্য দিবার আজ্ঞা করিবেন।

উপযুক্ত কারণ জ্ঞাত করা না গেলে, আজ্ঞা হইবার কথা।

Such order may be served either on the party personally or on his pleader or recognised agent.

ঐ আজ্ঞাপত্র নিজ সেই ব্যক্তিকে কিম্বা তাঁহার উকীলকে কি স্বীকৃত মোক্তারকে দেওয়া যাইতে পারিবে ইতি।

162. If the Court thinks it necessary to examine any party to the suit, or to inspect any document in his possession or power, and if he is not

Court may of its own accord summon and examine any party as a witness

(*a*) unable from sickness or infirmity to attend before the Court to be personally examined, nor

(*b*) exempted by reason of rank or sex from personal appearance in Court,

the Court may, of its own accord, at any stage of the suit, cause him to be summoned to attend as a witness to give evidence or to produce such document if in his possession or power, on a day to be appointed in the summons, and may examine

১৬২ ধারা। আদালত মোকদ্দমার কোন পক্ষের সাক্ষ্য লওয়া কিম্বা তাঁহার নিকট কি তাঁহার অধিকারগত কোন দলীল দেখিয়া লওয়া আবশ্যক বোধ করিলে ও সেই ব্যক্তি

আদালতের আপন বিবেচনামতে কোন পক্ষকে সাক্ষিস্বরূপ সমন করিয়া তাহার সাক্ষ্য লইবার কথা।

(ক) পীড়াপ্রযুক্ত কি দুর্ব্বলতা হেতুক নিজে আদালতে আসিয়া সাক্ষ্য দিতে অক্ষম না হইলে, কিম্বা

(খ) মান্যহেতুক কি স্ত্রীলোকপ্রযুক্ত আদালতে প্রবেশনহইতে মুক্ত থাকিলে,

আদালত স্বীয় বিবেচনামতে মোকদ্দমা চলনের কোন সময়ে তাঁহাকে সমনের নিরূপিত দিনে, সাক্ষিস্বরূপে সাক্ষ্য দিবার কিম্বা তাঁহার নিকট কি অধিকারে যে দলীল থাকে তাহা দেখাইবার জন্যে আসিতে সমন করাইতে পারিবেন, ও সাক্ষিস্বরূপ

him as a witness or cause him to be examined in such other manner as the Court directs.

তাঁহার সাক্ষ্য লইতে কিম্বা আদালত অন্য যেরূপে আজ্ঞা করেন সেইরূপে তাঁহার সাক্ষ্য গ্রহণ করাইতে পারিবেন।

If he resides at a place distant more than fifty miles from the place at which the Court is held, the Court shall not exercise the power conferred by this section, unless railway communication exists between such places, or within a convenient distance from such places, in which case the Court shall have a discretion as to exercising such power

আদালতের যে স্থানে অধিবেশন হয়, ঐ ব্যক্তি সেই স্থানহইতে পঞ্চাশ মাইলের অধিক দূরে বাস করিলে, এই ধারাক্রমে যে ক্ষমতা প্রদান করা গেল আদালত সেই ক্ষমতামতে কার্য্য করিবেন না, কিন্তু ঐ দুই স্থানের মধ্যে কিম্বা তথাহইতে সুবিধামতে অদূরে রেলওয়ে দ্বারা আসা যাওয়া হইতে পারিলে, আদালত স্বীয় বিবেচনামতে ঐ ক্ষমতানুসারে কার্য্য করিবেন ইতি।

Consequences of party's non-attendance, refusal to give evidence or produce documents.

163 If any party to the suit is summoned to attend to give evidence or produce a document, and, without lawful excuse, fails to comply with such summons, or, attending or being present in Court, refuses, without lawful excuse, to give evidence or to produce any document in his custody or possession named in such summons as aforesaid upon being required by the Court so to do, the Court may in its discretion either pass a decree against him, or make such other order in relation to the suit as the Court thinks fit,

কোন পক্ষের না আসিবার কিম্বা সাক্ষ্য দিতে কি দলীল দেখাইতে অসম্মত হওয়ার ফলের কথা।

১৬৩ ধারা। মোকদ্দমার কোন পক্ষকে সাক্ষ্য দিবার কি দলীল দেখাইবার জন্যে আসিতে সমন করা গেলেও তিনি বৈধ কারণ না থাকিতেও সেই সমনমতে কার্য্য না করিলে, কিম্বা আদালতে আসিয়া কি উপস্থিত থাকিয়া ও আদালত আজ্ঞা করিলে বৈধ কারণ না থাকিতেও সাক্ষ্য দিতে কিম্বা ঐ সমনের উল্লিখিত যে দলীল তাঁহার নিকটে কি অধিকারে থাকে তাহা দেখাইতে সম্মত না হইলে, আদালত আপনার বিবেচনামতে তাঁহার বিপক্ষে ডিক্রী করিতে পারিবেন, কিম্বা মোকদ্দমা-সম্বন্ধীয় অন্য যে আজ্ঞা বিহিত বোধ করেন করিতে পারিবেন।

Provided, in the case of a party summoned to attend and failing to do so, that the summons to attend has been duly served upon him

পরন্তু কোন পক্ষকে আসিতে সমন করা গেলে যদি না আইসেন, তবে আসিবার সমন যে তাঁহাকে নিয়মমতে দেওয়া গিয়াছে, ইহাই প্রয়োজন।

Nothing in the former part of this section shall be deemed to enable the Court [illegible] decree claim which on the face of the record is [illegible] warranted by law

মোকদ্দমার কাগজপত্র দেখিয়া আইন অনুসারে যে দাওয়ার ডিক্রী করা যাইতে না পারে, এই ধারার পূর্ব্ব ভাগের কথা ধরিয়া আদালত যে তদ্রূপ ডিক্রী করিতে সক্ষম হন এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

Illustration

(*a*) A sues for rent The Court orde[illegible] to attend to give evidence A, without la[illegible] excu[illegible] to attend pursuant to the order The Court, if it [illegible] evidence before it sufficient, should, notwithstand[illegible] failure, make a decree in his favour

উদাহরণ।

(ক) আমজ খাজানার জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। আদালত তাঁহাকে সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইতে আজ্ঞা করেন, বৈধ কারণ না থাকিতেও তিনি সেই আজ্ঞামতে আইসেন না। এই স্থলে আদালতের সম্মুখে যে প্রমাণ থাকে তাহা আমজের সপক্ষে ডিক্রী হইবার জন্যে প্রচুর হইলে আমজ না আইলেও তাঁহার সপক্ষে ডিক্রী করিবেন।

Witness not bound to attend if residing beyond a certain distance from Court

164 No person shall be boun[illegible] attend in person to g[illegible] evidence in a Court if [illegible] resides at a place distan[illegible] than fifty miles from [illegible] place at which the Court is held, unless th[illegible] specially orders that he shall appear, nor in [illegible] case if he resides at a place distant more tha[illegible] hundred miles from the place at which the [illegible] is held

১৬৪ ধারা। যে স্থানে আদালতের অধিবেশন হইয়া থাকে, কোন ব্যক্তি সেই স্থানহইতে পঞ্চাশ মাইলের অধিক দূরে বাস করিলে, আদালত তাঁহার উপস্থিত হইবার বিশেষ আজ্ঞা না করিলে, এবং যে স্থানে আদালতের অধিবেশন হইয়া থাকে সেই স্থান-হইতে একশত মাইলের অধিক দূরে বাস করিলে তিনি কোনমতে, সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইতে বদ্ধ হইবেন না।

সাক্ষী আদালতহইতে দূরে বাস করিলে তাঁহার আসিতে আবদ্ধ না হইবার কথা।

Provided that, if Railway comm[illegible] exists between the place at which he resi[illegible] the place where the Court is held, or with[illegible] convenient distance from such places, the C[illegible] shall have a discretion as to making such order[illegible]

কিন্তু যে স্থানে বাস করেন ও আদালতের যে স্থানে অধিবেশন হয় এই দুই স্থানের মধ্যে কিম্বা তথাহইতে সুবিধামতে অদূরে রেলওয়ে দ্বারা যাতায়াত হইতে পারিলে আদালত আপনার বিবেচনামতে সেই আজ্ঞা করিতে পারিবেন ইতি।

165. Whenever a party to a suit is summoned as a witness, the rules as to witnesses contained in this Code shall apply to him so far as they are applicable.

Rules as to witnesses to apply to parties summoned.

166. The Court, on making an order for the attendance of a witness residing at a distance exceeding fifty miles by the ordinary means of communication from the place where the Court is held, shall record the reasons for making such order.

Reasons to be recorded, of order for attendance of witness at distance exceeding 50 miles.

Examination of Witnesses

167 On the day appointed for the hearing of the suit, or on any other day to which the hearing is adjourned, the evidence of the witnesses in attendance shall be taken orally in open Court in the presence and hearing and under the personal direction and superintendence of the Judge

Witnesses to be examined at hearing in open Court

168 If a witness be about to leave the jurisdiction of the Court, or if other sufficient cause be shown to the satisfaction of the Court why his examination should be taken immediately, the Court may, upon the application of either party or of the witness, at any time after the institution of the suit, take the examination of such witness forthwith, or on any day fixed for that purpose, of which due notice shall be given to the parties if the day be fixed in their absence.

A witness may for sufficient cause be examined immediately

The witness shall be examined and his evidence shall be taken down in writing, in the manner hereinafter provided for the examination of witnesses, and the evidence so taken down may be read in evidence at any hearing of the suit

169. In cases in which an appeal is allowed, the evidence of each witness shall be taken down in writing, in the language in use in proceedings before the Court, by or in the presence and under the personal direction and superintendence of the Judge, not ordinarily in the form of question and answer, but in that of a narrative, and, when completed, shall be read over in the presence of the Judge and of the witness, and shall, if necessary, be corrected, and shall be signed by the Judge.

How evidence shall be taken in appealable cases

১৬৫ ধারা। মোকদ্দমার কোন পক্ষকে সাক্ষিস্বরূপ সমন করা গেলে, এই আইনে সাক্ষিদের বিষয়ে যে বিধি আছে তাহা যত দূর খাটিতে পারে ঐ পক্ষের প্রতি খাটিবে ইতি।

মোকদ্দমার কোন পক্ষকে সমন করা গেলে সাক্ষি বিষয়ক বিধি খাটিবার কথা।

১৬৬ ধারা। যে স্থানে আদালতের অধিবেশন হয় সচরাচর যেরূপে যাতায়াত হইয়া থাকে সেই রূপে গেলে সাক্ষী সেই স্থানহইতে পঞ্চাশ মাইলের অধিক দূরে বাস করিলেও আদালত তাঁহার উপস্থিত হইবার আজ্ঞা দিলে, সেই আজ্ঞা করিবার হেতু লিপিবদ্ধ করিবেন ইতি।

যে সাক্ষী পঞ্চাশ মাইলের অধিক দূরে বাস করেন তাঁহার উপস্থিত হইবার আজ্ঞা হইলে কারণ লিপিবদ্ধ করিবার কথা।

সাক্ষিদের সাক্ষ্য লওনের বিধি।

১৬৭ ধারা। মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনে কিম্বা সেই দিন স্থগিত হইয়া মোকদ্দমা শুনিবার অন্য দিনে যত জন সাক্ষী উপস্থিত থাকেন, খোলা কাছারীতে বিচারকর্ত্তার সাক্ষাতে ও শ্রুতি গোচরে ও তাঁহার নিজ আদেশমতে ও তত্ত্বাধীনে তাঁহাদের বাচনিক সাক্ষ্য লওয়া যাইবে ইতি।

শুনিবার সময়ে খোলা কাছারীতে সাক্ষিদের সাক্ষ্য লইবার কথা।

১৬৮ ধারা। আদালতের বিচারাধিপত্য যে স্থানে বর্ত্তে সাক্ষী সেই স্থানহইতে চলিয়া যাইতে উদ্যত হইলে, কিম্বা আদালতের হৃদ্বোধমতে তাঁহার সাক্ষ্য অগৌণেই লইবার [illegible] অন্য কারণ থাকিলে, আদালত [illegible] কোন এক পক্ষের কিম্বা ঐ সাক্ষির প্রার্থ[illegible] মোকদ্দমা উপস্থিত করা যাইবার পর কোন স[illegible]গৌণেই কিম্বা তজ্জন্যে নিরূপিত কোন দিনে সে[illegible]র সাক্ষ্য লইতে পারিবেন। কোন পক্ষের অ[illegible]নে সেই দিন নিরূপণ করা গেলে, তাঁহাদিগ[illegible]তিমতে ঐ দিনের নোটিস দেওয়া যাইবে।

বিশিষ্ট কারণ থাকিলে অগৌণেই সাক্ষির সাক্ষ্য লইতে পারিবার কথা।

পশ্চাত্[illegible]ক্ষিদের সাক্ষ্য লওয়ার যে বিধান হইল ঐ [illegible]র সাক্ষ্য সেই বিধানমতে লইয়া লিখিয়া [illegible]াইবে। ও তদ্রূপে লিখিত প্রমাণ মোকদ্দমা[illegible]র কোন সময়ে প্রমাণস্বরূপে পাঠ করা যাই[illegible]বে ইতি।

১৬৯ ধা[illegible]য মোকদ্দমায় আপীল হইবার অনুমতি থাকে, সেই মোকদ্দমায় আদালতের সম্মুখে অনুষ্ঠানিক কার্য্যে যে ভাষার চলন থাকে[illegible]াষায়, বিচারকর্ত্তার দ্বারা কিম্বা তাঁহার সাক্ষাতে [illegible]র নিজ আদেশমতে ও তত্ত্বাধীনে প্রত্যেক [illegible]ক্ষর সাক্ষ্য সচরাচর প্রশ্নোত্তরের মত না হইয়া[illegible]ভাবে লিখিয়া লওয়া যাইবে। ও সমাপ্ত হই[illegible]চার কর্ত্তার ও সাক্ষির সাক্ষাতে পাঠ করা যাইবে[illegible]য়োজন হইলে সংশোধন করা যাইবে, ও বিচারক[illegible]াতে স্বাক্ষর করিবেন ইতি।

মোকদ্দম[illegible] হইতে পারিলে সা[illegible]র কথা।

170 The Local Government may order that the evidence of witnesses in any District, or in any class of Courts in any District, shall be taken down by the Judge with his own hand.

Local Government may direct evidence to be taken down by Judge with his own hand

Any such order may be cancelled.

When the Judge is prevented by any sufficient reason from taking down the evidence of any witness, he shall record the reason of his inability to do so, and shall cause the evidence to be taken down in writing from his dictation in open Court

১৭০ ধারা। কোন জিলার, কিম্বা কোন জিলার অন্তর্গত কোন শ্রেণীর আদালতে বিচারকর্ত্তা যেন স্বহস্তেই সাক্ষিদের সাক্ষ্য লিখিয়া লন, স্থানীয় গবর্ণমেন্ট এমত আজ্ঞা করিতে পারিবেন।

বিচারপতি স্বহস্তে সাক্ষ্য লিখিয়া লন, স্থানীয় গবর্ণমেণ্টের এই আজ্ঞা করিতে পারিবার কথা।

ও সেই আজ্ঞা রহিত করা যাইতে পারিবে।

বিচারকর্ত্তা কোন বিশিষ্ট কারণে কোন সাক্ষির সাক্ষ্য লিখিয়া লইতে না পারিলে, না পারিবার কারণ লিখিযা, খোলা কাছারীতে আপনার কথনমতে সাক্ষ্য লেখাইয়া লইবেন ইতি।

171 If the evidence is taken down in a language different from that in which it was given, and the witness does not understand the language in which it is taken down, the evidence, as taken down in writing, shall be interpreted to him in the language in which it was given

When witness may require his deposition to be interpreted

১৭১ ধারা। সাক্ষ্য যে ভাষায় দেওয়া গেল, তদ্ভিন্ন কোন ভাষায় লিখিয়া লওয়া গেলে, ও যে ভাষায় লিখিযা লওয়া গেল সাক্ষী সেই ভাষা বুঝিতে না পারিলে, যে ভাষায় সাক্ষ্য দিলেন ঐ লিখিত সাক্ষ্য সেই ভাষায় তাঁহাকে বুঝাইয়া দেওয়া যাইবে ইতি।

যে স্থলে সাক্ষী আপন সাক্ষ্য বুঝাইয়া দিবার আদেশ করিতে পারেন তাহার কথা।

172 If in a Court in which English is not the language in use the parties to the suit who are present, and the pleaders of such as are absent, consent to have such evidence as is given in English taken down in that language, the Judge may take down the evidence in English with his own hand

When evidence may be taken in English

১৭২ ধারা। কোন আদালতে ইঙ্গরেজী ভাষার চলন না থাকিলে, কিন্তু ইঙ্গরেজী ভাষায় যে সাক্ষ্য দেওয়া যায় মোকদ্দমার উভয় পক্ষের যে ব্যক্তিরা উপস্থিত থাকেন তাঁহারা ও অনুপস্থিত ব্যক্তিদের উকীলেরা ইঙ্গরেজী ভাষায় সেই সাক্ষ্য লিখিযা লইতে অনুমতি দিলে, বিচারপতি ইঙ্গরেজী ভাষায় স্বহস্তে সেই সাক্ষ্য লিখিয়া লইতে পারিবেন ইতি।

যে স্থলে ইঙ্গরেজী ভাষায় সাক্ষ্য লওয়া যাইতে পারে তাহার কথা।

173 It shall be in the discretion of the Court to take down or cause to be taken down, any particular question and answer if there appears any special reason for so doing, or if any party to the suit or his pleader so requires.

Any particular question and answer may be taken down

১৭৩ ধারা। বিশেষ কোন প্রশ্ন ও উত্তর লিখিয়া লইবার কোন বিশেষ কারণ দৃষ্ট হইলে কিম্বা মোকদ্দমার কোন পক্ষ কি তাঁহার উকীল আদেশ করিলে, আদালতের বিবেচনামতে সেই প্রশ্ন ও উত্তর লিখিয়া কি লেখাইযা লওয়া যাইতে পারিবে ইতি।

বিশেষ প্রশ্ন ও উত্তর লিখিয়া লইতে পারিবার কথা।

174 If any question put to a witness be objected to, the question, whether the Court allow or forbid it to be put, shall be taken down

Questions objected to

The answer shall also be taken down if the Court allow the question to be put, and the objection and the name of the party making it shall be noticed in taking down the evidence, together with the decision of the Court upon the objection

১৭৪ ধারা। সাক্ষির নিকট কোন প্রশ্নের বিষয়ে আপত্তি করা গেলে, আদালত সেই প্রশ্ন করিতে দিলে বা বারণ করিলেও তাহা লিখিয়া লওয়া যাইবে।

প্রশ্নের আপত্তি হইলে তাহার কথা।

আদালত সেই প্রশ্ন করিবার অনুমতি দিলে তাহার উত্তরও লিখিয়া লওয়া যাইবে, এবং সাক্ষ্য লিখিবার সময়ে সেই আপত্তি, ও যে ব্যক্তি আপত্তি করিলেন তাঁহার নাম, ও আপত্তির বিষয়ে আদালত যাহা নির্ণয় করেন তাহাও লিখিতে হইবে ইতি।

175 The Court may record such remarks as it thinks material respecting the demeanour of any witness while under examination

Remarks on demeanour of witnesses.

১৭৫ ধারা। সাক্ষ্য দিবার সময়ে কোন সাক্ষির যেরূপ গতিক হয় আদালত তদ্বিষয়ের কোন কথা গুরুতর জ্ঞান করিলে তাহাও লিখিয়া রাখিতে পারিবেন ইতি।

সাক্ষিদের গতিকের বিষয়ে মন্তব্য কথা।

176. In cases in which the evidence is not taken down in writing by the Judge, he shall be bound, as the examination of each witness proceeds, to make a memorandum of the substance of what each witness deposes, and such memorandum shall be written and signed by the Judge with his own hand, and shall form part of the record.

Memorandum when evidence is not taken down by Judge.

177. In cases in which an appeal is not allowed, it shall not be necessary to take down the evidence of the witnesses in writing at length, but the Judge, as the examination of each witness proceeds, shall make a memorandum of the substance of what he deposes, and such memorandum shall be written and signed by the Judge with his own hand, and shall form part of the record

Memorandum of evidence in unappealable cases.

178. If the Judge be prevented from making a memorandum as above required, he shall record the reason of his inability to do so, and in cases in which an appeal is not allowed, he shall cause such memorandum to be made in writing from his dictation in open Court and shall sign the same, and such memorandum shall form part of the record

Judge unable to make such memorandum to record reason of his inability

CHAPTER XVI

OF JUDGMENT AND DECREE

179 The Court, after inspecting the documentary evidence, and examining or hearing examined the witnesses of the parties, and hearing the parties in person or by their respective pleaders, shall pronounce judgment in open Court, either at once or on some future day, of which due notice shall be given to the parties or their pleaders

Judgment when pronounced.

180 The judgment shall be written in the Judge's mother-tongue

Judgment to be written in Judge's mother tongue

Proviso

Provided that, if such mother-tongue be not English and the Judge be sufficiently conversant with English to be able to write a decision in that language, and prefer so to write it, the judgment may be written in English.

বিচারকর্ত্তা সাক্ষ্য না লিখিলে সার কথা লিখিবার কথা।

১৭৬ ধারা। বিচারকর্ত্তা আপনি যে স্থলে সাক্ষ্য লিখিয়া না লন, সেই স্থলে একং জন সাক্ষির সাক্ষ্য লওনের কার্য্য চলনসময়ে তাঁহার একং জনের সাক্ষ্যের মর্ম্ম লিখিয়া লইতেই হইবে। বিচারকর্ত্তা স্বহস্তে ঐ মর্ম্মাত্মক কথা লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন, ও তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ইতি।

যে মোকদ্দমায় আপীল নাই সেই মোকদ্দমায় সাক্ষ্যের মর্ম্ম লিখিবার কথা।

১৭৭ ধারা। যে মোকদ্দমায় আপীল হইবার অনুমতি নাই, সেই মোকদ্দমায় সাক্ষিদের সাক্ষ্য বিস্তারিত রূপে লিখিয়া লওয়ার আবশ্যক নাই। কিন্তু একং জন সাক্ষির সাক্ষ্য লওনের কার্য্য চলনসময়ে বিচারপতি তাঁহার কথার মর্ম্ম লিখিয়া রাখিবেন। ঐ মর্ম্মাত্মক কথা স্বহস্তে লিখিয়া তাহাতে স্বাক্ষর করিবেন ও তাহা মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ইতি।

বিচারকর্ত্তা সেই মর্ম্মাত্মক কথা লিখিতে না পারিলে তাহার কারণ লিখিবার কথা।

১৭৮ ধারা। বিচারকর্ত্তা পূর্ব্বোক্ত আজ্ঞামতে মর্ম্মাত্মক কথা লিখিতে না পারিলে তাঁহার লিখিতে না পারিবার কারণ লিপিবদ্ধ করিতে হইবে। ও যে মোকদ্দমায় আপীল করিবার অনুমতি নাই তিনি খোলা কাছারীতে আপনার কথনমতে সেই মর্ম্মাত্মক কথা লেখাইয়া তাহাতে স্বাক্ষর করিবেন ও তাহা কাগজপত্রের একাংশ হইবে ইতি।

ষোড়শ অধ্যায়।

নির্ণয় ও ডিক্রী বিষয়ক বিধি।

নির্ণয় যে সময়ে প্রকাশ করা যাইবে তাহার কথা।

১৭৯ ধারা। আদালত দলীলরূপ প্রমাণ দেখিয়া ও উভয় পক্ষের সাক্ষিদের সাক্ষ্য লইয়া, কিম্বা লওনসময়ে তাহা শুনিয়া, ও উভয় পক্ষের নিজং কথা কি আপনং উকীলদের দ্বারা তাঁহাদের কথা শুনিয়া তৎকালেই কিম্বা তৎপশ্চাৎ কোন দিনে খোলা কাছারীতে আপনার নির্ণয় প্রচার করিবেন। উভয় পক্ষকে কি তাঁহাদের উকীলদিগকে সময় থাকিতে ঐ দিনের নোটিস দিতে হইবে ইতি।

বিচারকর্ত্তার মাতৃভাষায় নির্ণয় লিখিতে হইবার কথা।

১৮০ ধারা। বিচারকর্ত্তার মাতৃভাষায় তাঁহার নির্ণয় লিখিতে হইবে।

উপবিধি।

কিন্তু ইঙ্গরেজী ভাষা মাতৃভাষা না হইলেও যদি ঐ ভাষা সুবিদিত হওয়াতে নিষ্পত্তি লিখিতে পারগ হইয়া সেই ভাষায় লিখিতে চাহেন তবে ইঙ্গরেজী ভাষায় নির্ণয়পত্র লেখা যাইতে পারিবে ইতি।

181 Whenever the judgment is written in any language other than that in use in proceedings before the Court, the judgment shall be translated into the language in ordinary use in such proceedings, and the translation shall also be signed by the Judge

Translation of judgment

Provided that, if the judgment be written in English, it shall not be necessary to make a translation of it in suits in which an appeal is not allowed, unless any of the parties require such translation.

১৮১ ধারা। আদালতের সম্মুখে আনুষ্ঠানিক কার্য্যে যে ভাষার চলন হইয়া থাকে নির্ণয়পত্র তদ্ভিন্ন কোন ভাষায় লেখা গেলে, আদালতের আনুষ্ঠানিক কার্য্যে সচরাচর যে ভাষায় চলন হয় ঐ নির্ণয়পত্র সেই ভাষায় অনুবাদিত হইয়া বিচারকর্ত্তার দ্বারা স্বাক্ষর করা যাইবে।

নির্ণয়ের অনুবাদের কথা।

কিন্তু নির্ণয়পত্র ইঙ্গরেজী ভাষায় লেখা গেলে, যে মোকদ্দমায় আপীল হইবার অনুমতি নাই, সেই মোকদ্দমায় কোন পক্ষের ঐ পত্রের অনুবাদ পাইবার প্রয়োজন না থাকিলে, তাহার অনুবাদ করিবার আবশ্যক নাই ইতি।

182. The judgment shall be dated and signed by the Judge in open Court at the time of pronouncing it

Judgment to be dated and signed

১৮২ ধারা। বিচারকর্ত্তা যে সময়ে নির্ণয় প্রকাশ করেন সেই সময়ে খোলা কাছারীতে ঐ নির্ণয়পত্রে তারিখ লিখিয়া স্বাক্ষর করিবেন ইতি।

নির্ণয়পত্রে তারিখ লিখিতে ও স্বাক্ষর করিতে হইবার কথা।

183 The judgments of the Courts of Small Causes need not contain more than the points for determination and the decision thereupon

Judgments of Small Cause Courts

The judgments of all other Courts shall, in addition to the points for determination and the decision thereon, contain the reasons for such decision

Judgments of other Courts

১৮৩ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নির্ণয়পত্রে, নির্ণয় করিবার যেং বিষয় থাকে ও তাহার উপর যে নিষ্পত্তি হয় তদ্ভিন্ন কোন কথা লিখিবার প্রয়োজন নাই।

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নির্ণয়ের কথা।

অন্য সকল আদালতের নির্ণয়পত্রে, নির্ণয় করিবার যে বিষয় ও তাহার উপর যে নিষ্পত্তি হয় তদ্ভিন্ন ঐ নিষ্পত্তির হেতুও লিখিতে হইবে ইতি।

অন্যং আদালতের নির্ণয়ের কথা।

184 In suits in which issues have been framed, the Court shall state its finding or decision, with the reasons thereof, upon each separate issue, unless the finding upon any one or more of the issues be sufficient for the decision of the suit.

Court to state its decision on each issue

Exception

১৮৪ ধারা। মোকদ্দমায় ইস্যু স্থির করা গেলে, আদালত একং ইস্যুর উপর যাহা নির্ণয় ও নিষ্পত্তি করেন, হেতু সহিত তাহা লিখিবেন। কিন্তু কোন এক কি কএক ইস্যুর উপর যাহা নির্ণয় হয় কেবল তদ্দ্বারা মোকদ্দমার নিষ্পত্তি হইতে পারিলে, সকল ইস্যুর উপর নির্ণয় লিখিবার প্রয়োজন নাই ইতি।

প্রত্যেক ইস্যুর বিষয়ে আদালতের নিষ্পত্তি জানাইবার কথা।

বর্জ্জিত কথা।

185 The decree shall bear date the day on which the judgment was pronounced, and shall be signed by the Judge and sealed with the seal of the Court

Date of decree

১৮৫ ধারা। যে দিনে নির্ণয় প্রচার করা যায় ডিক্রীতে সেই দিনের তারিখ লিখিতে হইবে ও বিচারকর্ত্তা তাহাতে স্বাক্ষর করিবেন ও তাহা আদালতের মোহরে অঙ্কিত হইবে ইতি।

ডিক্রীর তারিখের কথা।

186 The decree must agree with the judgment it shall contain the number of the suit, the names and descriptions of the parties, and particulars of the claim, as stated in the register of the suit, and shall specify clearly the relief granted or other determination of the suit.

Contents of decree.

The decree shall also state the amount of costs incurred in the suit and by what parties and in what proportions they are to be paid.

১৮৬ ধারা। নির্ণয়ের সঙ্গে ডিক্রী মিলিবে। মোকদ্দমার রেজিষ্টরী বহীতে মোকদ্দমার যে নম্বর ও উভয় পক্ষের যেং নাম ও বর্ণনা ও দাওয়ার যে বিশেষ কথা লেখা থাকে ডিক্রীতে তাহাও লিখিতে হইবে ও যে প্রকারের উপকার করা গেল কিম্বা মোকদ্দমা অন্য যে প্রকারে নির্ণয় হইল তাহাও স্পষ্ট করিয়া লেখা যাইবে।

ডিক্রীর মর্ম্মের কথা।

আরও মোকদ্দমায় যত টাকা খরচ লাগিল ও যেং পক্ষের ও যাহার যত দিতে হইবে, ডিক্রীতে এই কথাও লেখা যাইবে।

If the decree is found to be at variance with the judgment, the Court shall of its own motion or on the application of any of the parties, amend the decree so as to bring it into conformity with the judgment.

Power to amend decree

নির্ণয়ের সঙ্গে ডিক্রীর ঐক্য না হইলে, যাহাতে নির্ণয়ের সঙ্গে ঐক্য হয়, আদালত আপন ইচ্ছাক্রমে কিম্বা কোন এক পক্ষের প্রার্থনানুসারে ডিক্রী এমতে পরিবর্ত্তন করিতে পারিবেন ইতি।

ডিক্রী সংশোধন করিবার ক্ষমতার কথা।

187. When the suit is for the recovery of immoveable property with specified boundaries, or of the possession of such property, if the decree be for the recovery of a portion only of such property, or of the possession of such portion, it shall specify the boundaries of the property effected by the decree

Decree for recovery of portion of immoveable property.

১৮৭ ধারা। স্থাবর সম্পত্তির সীমা নির্দ্দিষ্ট হইয়া ঐ সম্পত্তি ফিরিয়া পাইবার কিম্বা তাহার অধিকার পাইবার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা গেলে, যদি ঐ সম্পত্তির অংশমাত্র ফিরিয়া পাইবার কিম্বা অংশমাত্রের অধিকার পাইবার ডিক্রী হইয়া থাকে, তবে ডিক্রী যে অংশ সম্পর্কীয় হয় সেই অংশের সীমা নির্দ্দেশ করিতে হইবে ইতি।

স্থাবর সম্পত্তির একাংশ ফিরিয়া পাইবার ডিক্রীর কথা।

188. When the suit is for moveable property, if the decree be for the delivery of such property, it shall also state the amount of money to be paid as an alternative if delivery cannot be had.

Decree for delivery of moveable property

১৮৮ ধারা। অস্থাবর সম্পাত্তিব মোকদ্দমা হইয়া যদি ঐ সম্পত্তি দিবার ডিক্রী হইয়া থাকে, তবে ঐ সম্পত্তি দেওয়া যাইতে না পারিলে তৎপরিবর্ত্তে যত টাকা দিতে হইবে ডিক্রীতে তাহাও নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

অস্থাবর সম্পত্তি দিবার ডিক্রীর কথা।

189 When the suit is for a sum of money due to the plaintiff, the Court may, in the decree, order interest at such rate as the Court thinks proper to be paid on the principal sum adjudged, from the date of the suit to the date of the decree, in addition to any interest adjudged on such principal sum for any period prior to the date of suit, with further interest on the aggregate sum so adjudged, and on the costs of the suit, from the date of the decree to the date of payment

In suits for money decree may order certain interest to be paid on principal sum adjudged

১৮৯ ধারা। বাদির পাওনা টাকার নিমিত্ত মোকদ্দমা হইলে, মোকদ্দমার তারিখেব পূর্ব্ব কোন সময়েব নিমিত্ত ঐ আসল টাকার উপর যে সুদেব ডিক্রী হয় তদ্ভিন্ন মোকদ্দমা উপস্থিত করিবার তাবিখঅবধি ঐ ডিক্রীব তারিখ পর্য্যন্ত আদালত আসল টাকার উপব যে হাবেব সুদ উচিত বোধ করেন, ঐ ডিক্রীতে সেই হারানুসাবে সুদ দিবার আজ্ঞা করিতে পাবিবেন, ও সর্ব্বসুদ্ধ যত টাকাব ডিক্রী হয, ডিক্রীর তাবিখ অবধি টাকা দিবার তাবিখপর্য্যন্ত মোটে তত টাকার উপব ও মোকদ্দমার খরচাব উপবও সুদের আজ্ঞা করিতে পারিবেন ইতি।

টাকার নিমিত্ত ডিক্রীহইলে আসল যত টাকার আজ্ঞা হয ডিক্রীতে তাহার উপর সুদও দিবার আজ্ঞার কথা।

190 In all decrees for the payment of money, the Court may for any sufficient reason order that the amount shall be paid by instalments with or without interest

Payment by instalments

১৯০ ধাবা। টাকা দিবাব কোন ডিক্রী হইলেই, আদালত বিশিষ্ট কোন কারণে সুদ সমেত কি সুদছাড়া কিস্তি করিয়া ঐ টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

কিস্তি করিয়া টাকা দিবার কথা।

And on the application of the defendant at any time after decree, the Court may order that the amount of the decree be paid by instalments on such terms as to the payment of interest, the attachment of the property of the defendant, or the taking of security from him, or otherwise as it thinks fit

Court may order payment by instalments

ও ডিক্রী হইবার পর কোন সময়ে প্রতিবাদিব প্রার্থনামতে আদালত সুদ দেওনের, ও প্রতিবাদির সম্পত্তি ক্রোক করণের, কিম্বা তাঁহার স্থানে জামিন লওনের বিষয়ে কিম্বা অন্য কোন বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়মানুসারে কিস্তিবন্দী করিয়া, ঐ ডিক্রীর টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কিস্তিবন্দী করিয়া টাকা দেওনবিষয়ে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

191 When the suit is for land or other property paying rent, the Court may provide in the decree for the payment of mesne profits or rent in respect of such property from the date of the suit until the

In suits for land, Court may decree payment of mesne profits with interest

১৯১ ধারা। ভূমিব নিমিত্ত, কিম্বা অন্য যে সম্পত্তিহইতে খাজানা পাওয়া যায সেই সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা হইলে, যাঁহার পক্ষে ডিক্রী হয় ঐ মোকদ্দমা উপস্থিত করিবার তারিখঅবধি

ভূমির নিমিত্ত মোকদ্দমা হইলে, সুদসমেত ওয়াসিলাৎ দিবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

date of delivery of possession to the party in whose favour the decree is made, or until the expiration of one year from the date of the decree (whichever is soonest), with interest thereupon at such rate as the Court thinks fit.

Explanation.—'mesne profits' of property mean those profits which the person in wrongful possession of such property actually received, or might with ordinary diligence have received, therefrom

Court may determine amount of mesne profits prior to passing decree, or may reserve enquiry

192 When the suit is for land and for mesne profits which have accrued on the land during a period prior to the date of suit, and the amount of such profits is disputed, the Court may either determine the amount by the decree itself, or may pass a decree for the land, and direct an enquiry into the amount of mesne profits, and dispose of the same on further orders

Administration suit

193 When the objects of the suit is to obtain an account of any property and to have the same duly administered under the decree of the Court, the Court, before making its final decree, shall order such accounts and enquiries to be taken and made, and give such other directions as it thinks fit for carrying out such object

Suit for dissolution of partnership

194 When the object of the suit is to obtain the dissolution of a partnership, the Court, before making its final decree, may pass an order fixing the day on which the partnership shall stand dissolved, and appointing a receiver of the partnership-estate and effects, and directing such accounts to be taken and other acts to be done as it thinks fit for carrying out such object

If set off be allowed

195 If the defendant has set-off the amount of a debt against the claim of the plaintiff, the decree shall state what amount is due to the plaintiff and what amount (if any) is due to the defendant, and shall be for the recovery of any sum which appears to be due to either party

Effect of decree

The decree of the Court with respect to any sum awarded to the defendant shall have the same effect, and be subject to the same rules in respect of appeal or otherwise, as if such sum had been

সম্পত্তি তাঁহার অধিকার করিয়া না দেওনপর্য্যন্ত কিম্বা ডিক্রীর তারিখঅবধি এক বৎসরকাল তৎপূর্ব্বে ফুরাইলে সেই এক বৎসরের অবসান পর্য্যন্ত আদালতঐসম্পত্তির উপর ওয়াসিলাৎ কি খাজানা দিবার ও যে হার উচিত বোধ করেন সেই হারে সুদ দিবার বিধান করিয়া ঐ ডিক্রীর মধ্যে লিখিবেন।

অর্থের কথা।—সম্পত্তি অন্যায়মতে যে ব্যক্তির অধিকারে থাকে, তিনি সেই সম্পত্তিহইতে যে লভ্য পাইয়াছেন কিম্বা উপযুক্তমতে যত্ন করিলে যে লভ্য পাইতে পারিতেন, সম্পত্তির "ওয়াসিলাৎ" শব্দে সেই লভ্য জানিতে হইবে ইতি।

ডিক্রী করিবার পূর্ব্বে ওয়াসিলাতের টাকা আদালতের নির্ণয় করিবার কিম্বা পশ্চাৎ তাহার অনুসন্ধান লইবার কথা।

১৯২ ধারা। ভূমির নিমিত্ত এবং ঐ ভূমির উপর মোকদ্দমার তারিখের পূর্ব্ব কোন সময়াবধি যে ওয়াসিলাৎ হইয়াছে তাহার নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা গেলে, এবং ঐ ওয়াসিলাৎ যত টাকা হয় তদ্বিষয়ের বিবাদ হইলে, আদালত ঐ ডিক্রীতেই সেই টাকা নির্ণয় করিতে পারিবেন, কিম্বা ভূমির নিমিত্ত ডিক্রী করিয়া ওয়াসিলাতের বিষয়ে অনুসন্ধান লওয়ার আজ্ঞা করিয়া অন্য আজ্ঞাক্রমে তাহা নিষ্পত্তি করিতে পারিবেন ইতি।

কার্য্যনিরূপণার্থ মোকদ্দমার কথা।

১৯৩ ধারা। কোন সম্পত্তির হিসাব পাওয়া ও আদালতের ডিক্রীঅনুসারে ঐ সম্পত্তির কার্য্য নিয়মমতে নিরূপণ করা ঐ মোকদ্দমার উদ্দেশ্য হইলে, আদালত শেষ ডিক্রী করিবার পূর্ব্বে ঐ হিসাব ও অনুসন্ধান লওয়ার আজ্ঞা করিবেন ও সেই অভিপ্রায় সফল করিবার জন্যে অন্য যে আদেশ করা উচিত বোধ করেন করিবেন ইতি।

অংশিত্ব লোপ করণার্থ মোকদ্দমার কথা।

১৯৪ ধারা। কোন ব্যক্তিদের অংশিত্ব লোপ করা মোকদ্দমার উদ্দেশ্য হইলে, যে দিন অবধি ঐ অংশিত্ব লোপ হইল বলিয়া জ্ঞান হইবে আদালত শেষ ডিক্রী করিবার পূর্ব্বে এমত দিন নিরূপণ হওয়ার ও অংশিত্ব সম্পর্কীয় সম্পত্তির ও মালের গ্রাহক নিযুক্ত করার এবং সেই হিসাব লওয়ার ও ঐ অভিপ্রায় সফল করণের জন্যে অন্য যে কার্য্য করা উচিত বোধ করেন সেই কার্য্য করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

বিপরীত দাওয়া করিবার অনুমতি হইলে তাহার কথা।

১৯৫ ধারা। প্রতিবাদী যদি বাদির দাওয়ার বিপক্ষে কোন ঋণের দাওয়া করিয়া থাকেন, তবে বাদির কত টাকা পাওনা আছে ও প্রতিবাদির কিছু পাওনা থাকিলে তাঁহারই বা কত পাওনা আছে ডিক্রীতে তাহা লেখা যাইবে, এবং কোন এক পক্ষের যত টাকা পাওনা বলিয়া বোধ হয় তত টাকা আদায়ের নিমিত্ত ডিক্রী হইবে।

ডিক্রীর ফলের কথা।

প্রতিবাদী বাদির নামে স্বতন্ত্র মোকদ্দমা করিয়া সেই টাকার দাওয়া করিলে ঐ ডিক্রীর যে ফল হইত ও আপীলপ্রভৃতি বিষয়ক যে বিধি বর্ত্তিত, আদালত উক্ত স্থলে প্রতিবাদির টাকার যে ডিক্রী করেন তাহারও

claimed by the defendant in a separate suit against the plaintiff.

সেই ফল হইবে, ও আপীলপ্রভৃতি বিষয়ক সেই বিধি বর্ত্তিবে ইতি।

Certified copies of decree and judgment to be furnished.

196. Certified copies of the judgment and decree, or of either of them, shall be furnished to the parties on application to the Court, and on the production of the necessary stamp paper for making such copies where a stamp is required by law.

ডিক্রীর ও নির্ণয়পত্রের সর্টিফিকটযুক্ত নকল দিতে হইবার কথা।

১৯৬ ধারা। মোকদ্দমার কোন পক্ষ আদালতের নিকটে নির্ণয়পত্র ও ডিক্রী কিম্বা ইহার একতর পত্র প্রার্থনা করিলে, এবং আইনমতে ঐ পত্রের নকল ইষ্টাম্পা কাগজে লিখিতে হইলে প্রয়োজনমতে ইষ্টাম্পা কাগজ দিলে, ঐ২ পত্রের সর্টিফিকটযুক্ত নকল তাঁহাকে দেওয়া যাইবে ইতি।

CHAPTER XVII.

Of Costs

সপ্তদশ অধ্যায়।

খরচাবিষয়ক বিধি।

Costs of applications

197. When disposing of any application under this Code, the Court may give to either party the costs of such application, or may reserve the consideration of such costs for any future stage of the proceedings

প্রার্থনার খরচের কথা।

১৯৭ ধারা। আদালত এই আইনমতে কোন প্রার্থনাপত্র নিষ্পত্তি করণসময়ে কোন এক পক্ষকে ঐ প্রার্থনাপত্রের খরচ দেওযাইতে পারিবেন, কিম্বা তৎপরে অন্য যে কার্য্যানুষ্ঠান হয়, তাহা করিবার সময়ে ঐ খরচার কথা বিবেচনা করিবেন।

Judgment to direct by whom costs are to be paid

The judgment shall direct by whom the cost of each party are to be paid, whether by himself or by any other party to the suit, and whether in whole or in what part or proportion.

খরচ কোন পক্ষের দিতে হইবে নির্ণয়পত্রে তাহার আজ্ঞা হওয়ার কথা।

একং পক্ষের খরচা কাহার দিতে হইবে, অর্থাৎ আপনি কি মোকদ্দমার অন্য কোন পক্ষ দিবেন এবং সমুদয় কিম্বা অংশমাত্র কি যে অনুপাতে যাঁহার দিতে হইবে নির্ণযপত্রে এই২ বিষযের আজ্ঞা থাকিবে ইতি।

Power of Court as to costs

198. The Court shall have full power to give and apportion costs in any manner it thinks fit, and the fact that the Court has no jurisdiction to try the case is no bar to the exercise of such power

খরচার বিষয়ে আদালতের ক্ষমতার কথা।

১৯৮ ধারা। আদালত যে কোন প্রকারে বিহিত বোধ করেন সেই প্রকারে খরচা দিতে ও অংশাংশমতে নিরূপণ করিতে সম্পূর্ণ ক্ষমতাপন্ন হন। এবং আদালত মোকদ্দমার বিচার করিতে ক্ষমতাপন্ন না হইলেও উক্ত ক্ষমতানুসারে কার্য্য করিবার কোন বাধা নাই।

Provided that the costs of every application or suit shall, unless the Court otherwise direct, follow the event And if the Court otherwise directs, it shall state its reasons in writing

কিন্তু আদালত অন্য প্রকারের আজ্ঞা না করিলে প্রত্যেক প্রার্থনাপত্রের কি মোকদ্দমার যে খরচা হয় তাহা ঐ প্রার্থনাপত্রের কি মোকদ্দমার ফলের অনুগত হইবে। আদালত প্রকারান্তরের আজ্ঞা করিলে তাহার কারণ লিখিয়া জানাইবেন ইতি।

Costs may be set off against sum admitted or found to be due

199. The Court may direct that the costs payable to one party by another shall be set off against a sum which is admitted or is found in the suit to be due from the former to the latter

টাকা পাওনা বলিয়া স্বীকার হইলে কি জানিতে পাওয়া গেলে তাহাহইতে বাদ দিতে পারিবার কথা।

১৯৯ ধারা। এক পক্ষ অন্য পক্ষের টাকা পাওনা বলিযা স্বীকার করিলে কিম্বা মোকদ্দমায় তাহা পাওনা বলিয়া জানা গেলে, এক পক্ষের প্রতি অন্য পক্ষের যে খরচা দেনা হয আদালত বিপরীত দাওয়াস্বরূপ সেই টাকাহইতে খরচা কাটিয়া লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

200. The Court may give interest on costs at any rate not exceeding six per cent per annum, and may direct that costs, with or without interest, be paid out of or charged upon the subject-matter of the suit.

Interest on costs. Costs may be paid out of or charged on subject-matter of suit

২০০ ধারা। আদালত খরচার টাকার উপর বৎসর শতকরা ছয় টাকার অন-ধিক হারে সুদ ধার্য্য করিতে পারিবেন। এবং যে বিষয় লইয়া মোকদ্দমা হয় সেই বিষয়হইতে সুদ ছাড়া কি সুদ সহিত ঐ খরচা দিবার কিম্বা ঐ বিষয়ের উপর ঐ খরচার দায় বর্ত্তিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

খরচার উপর সুদের কথা। মোকদ্দমার বিষয়হইতে খরচা দিবার কিম্বা সেই বিষয়ের উপর খরচার ভার থাকার কথা।

201 There shall be no re-hearing or appeal on a question solely relating to costs, except where it distinctly appears on the face of the proceedings either

Questions of costs when re heard or appealable

২০১ ধারা। কেবল খরচা ধরিয়া কোন বিবাদ হইলে তৎপ্রযুক্ত পুনশ্চ শ্রবণ কি আপীল হইতে পারিবে না। কিন্তু আনুষ্ঠানিক কার্য্যের অভিমুখেই

খরচা বিষয়ক আজ্ঞা যে স্থলে পুনশ্চ শুনা যাইতে পারে বা যে স্থলে তাহার উপর আপীল হইতে পারে তাহার কথা।

(*a*) that the costs are payable out of or chargeable on some property, or

(ক) কোন সম্পত্তিহইতে খরচা দেওয়া যাইতে পারে কিম্বা সম্পত্তির উপর খরচার দায় বর্ত্তিতে পারে, কিম্বা

(*b*) that the mode in which the costs have been given is inconsistent with some enactment for the time being in force

(খ) যৎকালে যে আইন প্রবল থাকে ঐ খরচার যেরূপে আজ্ঞা হইল তাহা সেই আইনের অসঙ্গত ইহা স্পষ্ট দেখা গেলে, তাহা পুনশ্চ শ্রবণ হইতে কিম্বা তাহার উপর আপীল হইতে পারিবে ইতি।

Illustration

A, an incumbrancer upon a certain estate, sues to compel the payment of his charge The Court decrees him his principal and interest, but refuses his costs A may appeal against this refusal, for every incumbrancer has a lien for his costs on the property charged

উদাহরণ।

আনন্দ কোন সম্পত্তিহইতে টাকা পাইয়া থাকেন, তাহাতে সেই পাওনা টাকা দেওয়াইবার জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। আদালত তাঁহার আসল টাকা ও সুদ পাইবার আজ্ঞা করেন কিন্তু খরচা দিলেন না। খরচা না দেওয়ার আজ্ঞার উপর আনন্দ আপীল করিতে পারিবেন। কারণ, যে ব্যক্তি কোন সম্পত্তিহইতে টাকা পাইবার অধিকারী, ঐ সম্পত্তিহইতে তাঁহার খরচা পাইবার দাবী আছে।

CHAPTER XVIII.

OF THE EXECUTION OF DECREES.

অষ্টাদশ অধ্যায়।

ডিক্রী জারীকরণ বিষয়ক বিধি।

202. If the decree be for the delivery of any immoveable property, possession thereof shall be delivered over to the party to whom it has been adjudged

Decree for immoveable property

When the immoveable property is a share of the dwelling-house of an undivided Hindú family, the decree shall be executed with due regard to the customs of the country, and so as to avoid unnecessary annoyance to the members of the family

২০২ ধারা। কোন স্থাবর সম্পত্তি দিবার ডিক্রী হইলে যাঁহার পক্ষে ডিক্রী হইল তাঁহাকে অধিকার দেওয়া যাইবে।

স্থাবর সম্পত্তির নিমিত্ত ডিক্রীর কথা।

ঐ স্থাবর সম্পত্তি অবিভক্ত হিন্দু পরিবারের বসত-বাটীর একাংশ হইলে দেশাচারের প্রতি বিশেষ মনো-যোগ করিয়া ও অপ্রয়োজনমতে পরিবারীর কোন লোককে কষ্ট না দিয়া ডিক্রী জারী করিতে হইবে ইতি।

203 If the decree be for any specific moveable, it shall be enforced by the seizure, if practicable, of the moveable and by the delivery thereof to the party to whom it has been adjudged,

Decree for specific moveable

২০৩ ধারা। যদি বিশেষ কোন অস্থাবর দ্রব্যের নিমিত্তে ডিক্রী হয়, তবে ঐ দ্রব্য ধৃত করিয়া লইতে পারিলে তাহা ধৃত করিয়া যাঁহার পক্ষে ডিক্রী হইল তাঁহার প্রতি সমর্পণ করিয়া

বিশেষ অস্থাবর দ্রব্যের নিমিত্ত ডিক্রীর কথা।

or by the imprisonment of the party against whom the decree is made, or by attaching his property and keeping the same under attachment until the further order of the Court, or by both imprisonment and attachment, if necessary

Provided that, in a suit for the recovery of a wife, or for restitution of conjugal rights, a decree for the plaintiff shall be declaratory and shall be enforced only by attachment in case of disobedience.

Enforcement, by attachment or imprisonment, of decree for specific performance

204 When the party against whom a decree for the specific performance of a contract has been made has had an opportunity of obeying the decree and has wilfully failed to obey it, the debtor may be enforced by his imprisonment, or by the attachment of his property, or by both

The imprisonment and attachment may be continued until the party against whom the decree is made complies with the terms of it, or for such time as the Court may order

Provided that no person shall be imprisoned under this section for a longer period than six months

Order for payment of money as an alternative

205 Payment of a sum of money ordered to be paid as the alternative to some other relief granted by the decree shall be enforced in manner hereinafter provided for the execution of a decree for money

Decree for money

206 If the decree be for money, it shall be enforced by the imprisonment of the party against whom the decree is made, or by the attachment and sale of his property, or by both

Orders for payment

207. Every order under this Code for the payment of money by way of compensation or otherwise shall be enforced in the same manner as a decree for money

Enforcement of decree for money against a plaintiff

208. If in any suit a decree for money is passed against a plaintiff, the decree may be enforced against him in the same manner as a decree may be enforced against a defendant

কিম্বা যাঁহার বিপক্ষে ডিক্রী হইল তাঁহাকে কারাবদ্ধ করিয়া, কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া আদালতের অন্যরূপ আজ্ঞা না হওন পর্য্যন্ত তাহা ক্রোক রাখিয়া কিম্বা আবশ্যক হইলে তাঁহাকে কারাবদ্ধ ও তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া ঐ ডিক্রী প্রবল করা যাইবে।

পরন্তু স্ত্রীকে ফিরিয়া পাইবার কিম্বা বিবাহ সম্বন্ধীয় স্বত্ব পুনঃস্থাপন করিবার জন্যে মোকদ্দমা হইলে, বাদির পক্ষে যে ডিক্রী হয় তাহা কেবল স্বত্ব নির্দ্দেশসূচক। ও সেই ডিক্রী অমান্য হইলে কেবল ক্রোক করণ দ্বারা তাহা প্রবল করা যাইবে ইতি।

বিশেষ কার্য্যসম্পাদন করিবার আজ্ঞাসূচক ডিক্রী হইলে ক্রোক বা কারাবদ্ধ করণদ্বারা তাহা প্রবল করণের কথা।

২০৪ ধারা। যে ব্যক্তির বিপক্ষে চুক্তিমতে কোন বিশেষ কার্য্য সম্পাদন করিবার ডিক্রী হয়, তাঁহার সেই ডিক্রীমতে কার্য্য করিবার সুযোগ থাকিলে যদি তিনি ইচ্ছাপূর্ব্বক ঐ ডিক্রী মানিতে ত্রুটি করিয়া থাকেন, তবে তাঁহাকে কারাবদ্ধকরণ কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোককরণদ্বারা কিম্বা ঐ উভয় কার্য্য করণদ্বারা ঐ ডিক্রী প্রবল করা যাইতে পারিবে।

যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী হয় তিনি যত দিন সেই ডিক্রীর নিয়মানুসারে কার্য্য না করেন, কিম্বা আদালত যত দিন আজ্ঞা করেন তত দিন তাঁহাকে কারাবদ্ধ ও তাঁহার সম্পত্তি ক্রোক করিয়া রাখা যাইবে।

কিন্তু এই ধারামতে কোন ব্যক্তি ছয় মাসের অধিক কাল কারাবদ্ধ থাকিবে না ইতি।

অনুকল্পে টাকা দিবার আজ্ঞার কথা।

২০৫ ধারা। ডিক্রীক্রমে যে উপকার করা যায় যদি তৎপরিবর্ত্তে টাকা দিবার আজ্ঞা হইয়া থাকে, তবে টাকার নিমিত্ত ডিক্রী জারী করিবার যে বিধান পশ্চাৎ করা যাইতেছে ঐ ডিক্রী সেই বিধানমতে প্রবল করা যাইবে ইতি।

টাকার নিমিত্তে ডিক্রীর কথা।

২০৬ ধারা। টাকার নিমিত্ত ডিক্রী হইলে, যাঁহার বিপক্ষে ঐ ডিক্রী হয় তাঁহাকে কারাবদ্ধ করণ কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক ও বিক্রয়করণদ্বারা কিম্বা ঐ উভয় প্রকারে ঐ ডিক্রী প্রবল করা যাইতে পারিবে ইতি।

টাকা দিবার আজ্ঞার কথা।

২০৭ ধারা। এই আইনমতে হানিপূরণস্বরূপ কিম্বা অন্য প্রকারের টাকা দিবার যে আজ্ঞা হয় তাহা টাকার নিমিত্ত ডিক্রীর ন্যায় প্রবল করা যাইবে ইতি।

বাদির বিপক্ষে টাকার ডিক্রী প্রবল করণের কথা।

২০৮ ধারা। কোন মোকদ্দমায় বাদির বিপক্ষে টাকার নিমিত্ত ডিক্রী হইলে প্রতিবাদির বিপক্ষ ডিক্রী যে প্রকারে প্রবল করা যাইতে পারে বাদিরও বিপক্ষ ডিক্রী সেই প্রকারে প্রবল করা যাইতে পারিবে ইতি।

209. When a decree is passed for a sum of money only, and the amount decreed does not exceed the sum of one thousand rupees, the Court may, when passing the decree, on the oral application of the party in whose favour the decree is made, order immediate execution thereof by the issue of a warrant directed either against the person of the judgment-debtor if he is within the local limits of the jurisdiction of the Court, or against his moveable property within the same limits

Power to direct immediate execution of decree for money not exceeding Rs 1 000

২০৯ ধারা। কেবল টাকার ডিক্রী হইলে, ও এক সহস্র টাকার অধিকের ডিক্রী না হইলে, যাঁহার পক্ষে ডিক্রী করা যায়, তিনি বাচনিক প্রার্থনা করিলে, ও ডিক্রীমত খাতক তৎকালে আদালতের এলাকার সীমার মধ্যে বাস করিলে, আদালত ঐ ডিক্রী করণসময়ে তাঁহার নামে গ্রেপ্তারী পরওয়ানা জারী করিয়া কিম্বা সেই সীমার মধ্যে তাঁহার অস্থাবর যে সম্পত্তি থাকে সেই সম্পত্তি ক্রোক করিবার পরওয়ানা দিয়া অগৌণেই ডিক্রী জারী করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

১০০০৲ টাকার অধিকের ডিক্রী না হইলে অগৌণেই ডিক্রী জারীর আজ্ঞা হওয়ার কথা।

210 If the warrant be directed against the moveable property of the judgment-debtor, it may be general against any of his moveable property wherever it may be found within the local limits of the jurisdiction of the Court, or special against any of his moveable property within the same limits which is indicated by the party in whose favour the decree is made

Warrant against moveable property may be general or special

২১০ ধারা। ডিক্রীমত খাতকের অস্থাবর সম্পত্তির উপর পরওয়ানা দেওয়া গেলে, তাহা সাধারণ অর্থাৎ আদালতের এলাকার সীমার অন্তর্গত কোন স্থানে তাহার অস্থাবর যে সম্পত্তি পাওয়া যায় তাহার উপর, কিম্বা বিশেষ অর্থাৎ যে ব্যক্তির পক্ষে ডিক্রী করা যায় তিনি ঐ সীমার অন্তর্গত তাঁহার অস্থাবর যে সম্পত্তি দেখাইয়া দেন সেই সম্পত্তির উপর ঐ পরওয়ানা দেওয়া যাইতে পারিবে ইতি।

অস্থাবর সম্পত্তির উপর যে পরওয়ানা দেওয়া যায় তাহা সাধারণ কি বিশেষ হইবার কথা।

211 If the decree be for the execution of a conveyance or for the endorsement of a negotiable instrument, and the party ordered to execute such conveyance or endorse such instrument neglects or refuses to comply with the order, the party in whose favour the decree is made may prepare the draft of a conveyance or endorsement in accordance with the terms of the decree, and deliver a copy of the draft to the party so ordered to execute or endorse, and tender another copy of the same to the Court for execution upon the proper stamp-paper if a stamp is required by law

Decree for execution of conveyances or endorsement of negotiable instruments

২১১ ধারা। হস্তান্তর করণপত্রে স্বাক্ষর করিবার কিম্বা যে নিদর্শনপত্রের ক্রয় বিক্রয় হইতে পারে তাহার পৃষ্ঠলিপি করিবার নিমিত্ত ডিক্রী হইলে, ও যাহার প্রতি সেই হস্তান্তরকরণপত্রে স্বাক্ষর করিতে কিম্বা পৃষ্ঠলিপি করিয়া দিতে আজ্ঞা করা যায়, তিনি সেই আজ্ঞানুসারে কর্ম্ম না করিলে যে ব্যক্তির সপক্ষে ডিক্রী হয় তিনি ডিক্রীর নিয়মানুসারে হস্তান্তরকরণপত্রে কিম্বা পৃষ্ঠলিপির পাণ্ডুলিপি প্রস্তুত করিয়া, যাঁহার প্রতি ঐ পত্রে স্বাক্ষর করিতে কি ঐ পৃষ্ঠলিপি করিতে আজ্ঞা হয় তাঁহাকে ঐ পাণ্ডুলিপির এক কেতা নকল দিতে পারিবেন, ও আইনমতে সেই পত্রে ইষ্টাম্প লাগিলে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখাইয়া দিবার নিমিত্ত আদালতে আর এক কেতা নকল দিবেন।

হস্তান্তরকরণপত্র সম্পাদন করিবার কিম্বা বিক্রেয় নিদর্শনপত্রের পৃষ্ঠে লিখিবার ডিক্রীর কথা।

The Court shall thereupon execute such draft-conveyance or endorsement, or, if necessary, may alter the same so as to bring it into accordance with the terms of the decree, and execute the conveyance or endorsement so altered

তাহা হইলে আদালত সেই হস্তান্তর করণপত্রের কি পৃষ্ঠলিপির পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিবেন, কিম্বা আবশ্যক হইলে তাহা ডিক্রীর নিয়মানুযায়ি করিবার নিমিত্ত প্রয়োজনমতে পরিবর্ত্তন করিয়া তদ্রূপে পরিবর্ত্তিত ঐ হস্তান্তরকরণপত্রে কি পৃষ্ঠলিপিতে স্বাক্ষর করিবেন।

Provided that, if any party object to the draft so tendered as aforesaid, his objections shall, within eight days of such delivery, be stated in writing and argued before the Court, and the Court shall thereupon pass such order as it thinks fit, and execute, or alter and execute, the draft in accordance therewith

কিন্তু পূর্ব্বোক্তমতে যে পাণ্ডুলিপি অর্পণ করা যায় কোন পক্ষ তদ্বিষয়ের আপত্তি করিলে, ঐ পাণ্ডুলিপি অর্পণ করিবার দিনাবধি আট দিনের মধ্যে তাঁহার আপত্তি লিখিয়া দিতে হইবে, ও আদালতের সম্মুখে তদ্বিষয়ের তর্কবিতর্ক হইবে, তাহা হইলে আদালত যে আজ্ঞা উচিত বোধ করেন সেই আজ্ঞা করিয়া তদনুসারে ঐ পাণ্ডুলিপিতে স্বাক্ষর করিবেন কিম্বা পরিবর্ত্তন করিয়া স্বাক্ষর করিবেন ইতি।

212 The execution of a conveyance or the endorsement of a negotiable instrument by the Court under the last preceding section may be in the following form—"*C D*, Judge of the Court of (*or as the case may be*), for *A B*, in a suit by *E F* against *A B*—" or in such other form as the High Court may from time to time prescribe, and shall have the same effect as the execution of the conveyance or endorsement of the instrument by the party ordered to execute or endorse the same

Form and effect of execution of conveyance by Court

২১২ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে হস্তান্তরকরণপত্রে আদালতের যে স্বাক্ষর করিতে, কিম্বা ক্রয়বিক্রয়ের যোগ্য নিদর্শনপত্রের যে পৃষ্ঠলিপি করিতে হইবে তাহা এই পাঠানুসারে লেখা যাইবে। "অমুক আদালতের জজ শ্রী অমুক" (কিম্বা বিষয়বিশেষে) "আনন্দের নামে ঈশানের মোকদ্দমায় আনন্দের নিমিত্ত অমুক আদালতের জজ শ্রী অমুক।" কিম্বা হাই কোর্ট সময়ে২ অন্য কোন পাঠে লিখিতে আজ্ঞা করিলে সেই পাঠে লেখা যাইবে। ও যে ব্যক্তির প্রতি ঐ পত্রে স্বাক্ষর করিতে কিম্বা ঐ পৃষ্ঠলিপি করিতে আজ্ঞা হয় তিনিই তাহা করিলে যে ফল হইত, আদালত কর্ত্তৃক সেই হস্তান্তরকরণপত্রে স্বাক্ষর করিবার কিম্বা সেই নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি করিবার সেই ফল হইবে ইতি।

আদালতের দ্বারা হস্তান্তরকরণপত্রে যেরূপে স্বাক্ষর করা যাইবে ও তাহার যে ফল হইবে তাহার কথা।

213 If the decree be against a party as the legal representative of a deceased person, and the decree be for money to be paid out of the property of the deceased, it may be executed by the attachment and sale of any such property

Decree against representative of deceased for money to be paid out of deceased's property

If no such property can be found and the defendant fails to satisfy the Court that he has duly applied such property of the deceased as is proved to have come into his possession, the decree may be executed against the defendant to the extent of the property not duly applied by him, in the same manner as if the decree had been against him personally

২১৩ ধারা। যিনি আইনমতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন তাঁহার বিপক্ষে ডিক্রী হইলে, এবং মৃত ব্যক্তির সম্পত্তিহইতে টাকা দিবার ঐ ডিক্রী হইলে, উক্ত কোন সম্পত্তি ক্রোক ও নীলাম করণদ্বারা ঐ ডিক্রীমতে কার্য্য সাধন হইতে পারিবে।

মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের বিপক্ষে মৃত ব্যক্তির সম্পত্তিহইতে টাকা দিবার ডিক্রীর কথা।

তদ্রূপ কোন সম্পত্তি পাওয়া যাইতে না পারিলে, ও মৃত ব্যক্তির যত সম্পত্তি প্রতিবাদির অধিকারগত হওয়ার প্রমাণ হয় তিনি তত সম্পত্তি নিয়মমতে যে প্রয়োগ করিয়াছেন এং কথা আদালতের হৃদ্বোধমতে জানাইতে না পারিলে, নিজ তাঁহারই বিপক্ষে ডিক্রী হইলে যেরূপে করা যাইত সম্পত্তির যে অংশ তাঁহারদ্বারা নিয়মমতে প্রয়োগ হয় নাই সেই অংশের উপর প্রতিবাদির বিপক্ষে ঐ ডিক্রী জারী হইতে পারিবে ইতি।

214 Whenever a person has, before the passing of a decree, become liable as surety for the performance of the same or of any part thereof, the decree may be executed against him to the extent to which he has rendered himself liable, in the same manner as a decree may be executed against a defendant

Decree against surety

২১৪ ধারা। ডিক্রী হইবার পূর্ব্বে কোন ব্যক্তি ঐ ডিক্রীমতে কিম্বা তাহার একাংশমতে কার্য্য হইবার প্রতিভূস্বরূপ দায়ী হইলে, প্রতিবাদির বিপক্ষে যেরূপে ডিক্রী জারী হইতে পারে, ঐ ব্যক্তি যত দূর আপনাকে দায়ী করিয়াছেন তত দূর তাঁহার বিপক্ষে সেই ডিক্রী জারী হইতে পারিবে ইতি।

জামিনের বিপক্ষে ডিক্রীর কথা।

215 The following property is liable to attachment and sale in execution of a decree namely, lands, houses, or other buildings, goods, money, bank-notes, cheques, bills of exchange hundis, promissory notes, Government securities, bonds or other securities for money, debts, shares in the capital or joint-stock of any railway, banking, or other public Company or Corporation, and except as hereinafter mentioned all other saleable property, moveable or immoveable,

Property liable to attachment and sale in execution of decree

২১৫ ধারা। ডিক্রীমতে কার্য্য সাধন হইবার জন্যে নিম্নলিখিতপ্রকারের সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারিবে, অর্থাৎ ভূমি, ঘর কি অন্য গাঁথনি, মাল, টাকা, ব্যাঙ্ক নোট, চ্যাক, বিল অফ এক্সচেঞ্জ, হুণ্ডী, প্রমিসরি নোট, গবর্ণমেণ্ট সিকুরিটী, খৎ কিম্বা টাকার অন্য নিদর্শনপত্র, ঋণ, কোন রেলওয়ের কি ব্যাঙ্কের কিম্বা প্রকাশ্য অন্য কোম্পানির কি সমাবাবিত সমাজের মূলধনের কি সংযুক্ত ধনের শ্যার, এবং নিম্নলিখিত দ্রব্যাদিভিন্ন প্রতিবাদির স্থাবর কি অস্থাবর অন্য যে সম্পত্তি বিক্রয়

ডিক্রী জারীক্রমে যেং প্রকারের সম্পত্তি ক্রোক ও নীলাম হইতে পারে তাহার কথা।

belonging to the defendant, and whether the same be held in the name of the defendant or by another person in trust for him or on his behalf

Provided that the following particulars shall not be liable to such attachment or sale (namely)—

(*a*) necessary wearing apparel
(*b*) books of account
(*c*) mere rights to sue
(*d*) the right to perform the service of an idol
(*e*) stipends allowed to Military and Civil pensioners of Government
(*f*) the salary of a servant of Government
(*g*) an expectancy of succession by survivorship
(*h*) a right to future maintenance

Provided also, that nothing in this section shall give any Court of Small Causes power to attach and sell, in execution of a decree passed by such Court, any property which Courts of Small Causes are prohibited by law from attaching and selling in execution of their decrees

216 All monies payable under a decree shall be paid into the Court whose duty it is to execute the decree, unless such Court or the Court which passed the decree otherwise directs

Payment of monies under decree to be made into Court

217 Except as provided in the last preceding section, no adjustment of a decree in part or in whole shall be recognized by the Court unless such adjustment be made through the Court, or be certified to the Court by the person in whose favor the decree was passed or to whom it may have been transferred

Adjustment of decree to be made through Court

Illustration

A obtains a decree against B for Rs 1,000, and causes an officer of Court to arrest B under a warrant B pays the officer the Rs 1,000 This is an adjustment made through the Court

APPLICATION FOR EXECUTION

218 When the holder of a decree desires to enforce it, he shall apply to the Court which passed the decree, or to the Court whose duty it is, under this Code or any other law, to execute the decree, to execute the same

Application for execution

হইতে পারে তাহা নিজ তাঁহারই নামে ভোগ হইলে কিম্বা তাঁহার নিমিত্ত কি তাহার পক্ষে ন্যস্তস্বরূপে অন্যের দ্বারা ভোগ হইলেও সেই দ্রব্য।

কিন্তু নিম্নলিখিত দ্রব্য তদ্রূপে ক্রোক ও নিলাম হইতে পারিবে না, বিশেষতঃ

(ক) পরিবার প্রয়োজনীয় বস্ত্রাদি।
(খ) খাতাবহী।
(গ) নালিশ করিবার স্বত্বমাত্র।
(ঘ) দেবপ্রতিমা সেবা করিবার অধিকার।
(ঙ) সৈনিক ও সিবিল সরবিসের যে ব্যক্তিরা গবর্ণমেণ্ট হইতে পেনশ্যন পান তাঁহাদের ঐ বৃত্তি।
(চ) গবর্ণমেণ্টের কার্য্যকারকের বেতন।
(ছ) অন্যের মরণান্তে জীবিত থাকিলে উত্তরাধিকারিত্বের অপেক্ষা।
(জ) উত্তরকালীন ভরণপোষণের অধিকার।

আরো ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ডিক্রী জারীক্রমে আইনমতে যে সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিতে নিষেধ হইল, কোন ক্ষুদ্র মোকদ্দমার আদালতের ডিক্রীমতে কার্য্যসাধন হইবার জন্যে এই ধারার কোন কথাক্রমে ঐ আদালতের সেই সম্পত্তি ক্রোক ও নীলাম করিবার ক্ষমতা দেওয়া গেল না ইতি।

২১৬ ধারা। ডিক্রী জারী করা যে আদালতের কর্ত্তব্য হয় সেই, কিম্বা যে আদালত ডিক্রী করিলেন সেই আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে ডিক্রীমতে যে টাকা দেনা হয় ঐ ডিক্রী জারী করা যে আদালতের কর্ত্তব্য সেই আদালতে ঐ টাকা আনিয়া দিতে হইবে ইতি।

ডিক্রীমত টাকা আদালতে দিতে হইবার কথা।

২১৭ ধারা। ইহার পূর্ব্বধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন, সম্পূর্ণ ডিক্রীর কি তাহার একাংশের হিসাব আদালতের দ্বারা নিষ্পত্তি করাইয়া না দেওয়া গেলে, কিম্বা যাঁহার পক্ষে ডিক্রী করা গেল তিনি কিম্বা যাহার প্রতি তাহা হস্তান্তর করিয়া দেওয়া গেল তিনি আদালতের নিকট ঐ হিসাব নিষ্পত্তি হওয়ার কথা সার্টিফিকটক্রমে না জানাইলে, আদালতের দ্বারা ঐ নিষ্পত্তি গ্রাহ্য হইবে না ইতি।

আদালতের দ্বারা ডিক্রীর নিষ্পত্তি হইবার কথা।

উদাহরণ।

অ মধ্য বলরামের বিপক্ষে ১০০০ টাকার ডিক্রী পাইয়া আদালতের কোন অমলার দ্বারা বলরামকে পরওয়ানাক্রমে গেরেপ্তার করান, তাহাতে বলরাম সেই আমলাকে ঐ ১০০০ টাকা দেন এই স্থলে আদালতের দ্বারা হিসাব নিষ্পত্তি হইল।

ডিক্রী জারী করিবার প্রার্থনাবিষয়ক বিধি।

২১৮ ধারা। ডিক্রীদার ডিক্রী প্রবল করিতে চাহিলে, যে আদালত ডিক্রী করিলেন তিনি সেই আদালতে কিম্বা এই আইনমতে কি অন্য কোন আইনমতে ঐ ডিক্রী জারী করা যে আদালতের কর্ত্তব্য হয়, সেই আদালতে ঐ ডিক্রীমতে কার্য্যসাধন করিতে প্রার্থনা করিবেন।

ডিক্রী জারী করিবার প্রার্থনার কথা।

The Court may in its discretion refuse execution at the same time against the person and property of the judgment-debtor

Where an application to execute a decree for the payment of money or delivery of other property has been made under this section and granted, no subsequent application to execute the same decree shall be granted unless the Court is satisfied that on the former application due diligence was used to procure complete execution of the decree

And no such subsequent application shall be made after the expiration of twelve years from any of the following dates (namely)—

(*a*) the date of the decree sought to be enforced, or

(*b*) where the decree directs the payment of money or the delivery of property by instalments,—the date of the default in paying or delivering the instalment in respect of which the applicant seeks to enforce the decree, or

(*c*) where the decree is for money and the holder of the decree and the judgment debtor have entered into an agreement in writing that the amount decreed, with such interest (if any) as may be therein mentioned, shall be discharged by such instalments as, if duly paid, will discharge the said amount and interest at some time within thirty years from the date of the decree, and such agreement has been filed in Court,—the date of the default in paying the instalment in respect of which the applicant seeks to enforce the decree

Nothing in this section shall prevent any holder of a decree from applying for execution of the same after the expiration of the said term of twelve years, where the judgment debtor has by fraud or force prevented the execution of the decree at some time within twelve years immediately before the date of the application

Any one of several decree holders may apply

219 If a decree has been passed in favor of more persons than one, any one or more of such persons may apply for the execution of the whole decree for the benefit of them all, or, where any of them has died, for the benefit of the survivors and the representatives in interest of the deceased

If the Court sees sufficient cause for allowing the decree to be executed on an application so made, it shall pass such order as it deems necessary for protecting the interests of the persons who have not joined in the application

আদালত স্বীয় বিবেচনামতে ডিক্রীমত খাতকের ও তাহার সম্পত্তির উপর একীসময়ে ডিক্রী জারী করিতে অসম্মত হইতে পারিবেন।

এই ধারাক্রমে টাকা দিবার কিম্বা অন্য সম্পত্তি সমর্পণ করিবার ডিক্রীমতে কার্য্য সাধন হইবার প্রার্থনা করা গেলে, ও সেই প্রার্থনা গ্রাহ্য হইলে পর, সেই প্রার্থনানুসারে উপযুক্ত যত্নক্রমে সেই ডিক্রীমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন করিবার উদ্যোগ হইয়াছে আদালত ইহা হৃদ্বোধমতে না জানিলে, সেই ডিক্রীমতে কার্য্য সাধন হইবার অন্য প্রার্থনা গ্রাহ্য হইবে না।

ঐ প্রকারের প্রার্থনা পশ্চাৎ করা গেলেও নিম্নলিখিত কোন তারিখ অবধি দ্বাদশ বৎসর গত হইলে পর তাহা গ্রাহ্য হইবে না,—

(ক) যে ডিক্রী প্রবল করিবার চেষ্টা হয় তাহার তারিখ অবধি।

(খ) ডিক্রীদ্বারা কিস্তি করিয়া টাকা দিবার কি সম্পত্তি সমর্পণ করিবার আজ্ঞা হইলে, প্রার্থক যে কিস্তি লক্ষ করিয়া ডিক্রী প্রবল করাইতে চেষ্টা করেন, যে তারিখে সেই কিস্তির টাকা দিবার কি সম্পত্তি সমর্পণ করিবার ত্রুটি হয় সেই তারিখ অবধি।

(গ) টাকার নিমিত্ত ডিক্রী হইলে, যদি ডিক্রীদার ও ডিক্রীমত খাতক পরস্পর এই নিয়মমতে একরারনামা লিখিয়া দেন যে, ডিক্রীমত টাকার উপর সুদ দিতে হইলে ঐ একরারনামায় যে হিসাবে সুদ ধরা গেল সেই হিসাবমতে ঐ সুদ সুদ্ধ সেই ডিক্রীর টাকা কিস্তি করিয়া এমতে দেওয়া যাইবে যে নিয়মিতরূপে দেওয়া গেলে সুদশুদ্ধ ঐ টাকা ডিক্রীর তারিখ অবধি ত্রিশ বৎসরের মধ্যে কোন সময়ে শোধ হয়, ও যদি আদালতে সেই একরারনামা অর্পণ করিয়া থাকেন, তবে প্রার্থক যে কিস্তি লক্ষ করিয়া ডিক্রী প্রবল করিতে চেষ্টা করেন, সেই কিস্তির টাকা দিতে ত্রুটি করিবার তারিখ অবধি।

ডিক্রীদারের ঐ প্রার্থনা করিবার তারিখের অব্যবহিত পূর্ব দ্বাদশ বৎসরের মধ্যে কোন সময়ে ডিক্রীমত খাতক প্রতারণাদ্বারা কিম্বা বলক্রমে ঐ ডিক্রীমতে কার্য্য সাধন হইবার বাধা দিলে, বারো বৎসরের ঐ মিয়াদ গত হইলেও এই ধারার কোন কথাক্রমে ডিক্রীদারের ডিক্রীমত কার্য্য সাধন হইবার প্রার্থনা করিতে বাধা নাই ইতি।

অনেক ডিক্রীদার থাকিলে কোন এক জনের ঐ প্রার্থনা করিবার ক্ষমতার কথা।

২১৯ ধারা। দুই কি তদধিক ব্যক্তির সপক্ষে ডিক্রী হইলে, তাঁহাদের মধ্যে কোন এক কি অধিক ব্যক্তি সকলের হিতার্থে, কিম্বা তাঁহাদের মধ্যে কোন ব্যক্তি মরিলে উত্তরজীবি অন্য ব্যক্তিদের ও মৃত ব্যক্তির স্বার্থসম্বন্ধীয় স্থলাভিষিক্তদের হিতার্থে, সম্পূর্ণ ডিক্রীমতে কার্য্য সাধন হইবার প্রার্থনা করিতে পারিবেন।

তদ্রূপে যে প্রার্থনা করা যায় আদালত সেই প্রার্থনানুসারে ডিক্রীমতে কার্য্য সাধন করিবার অনুমতি দেওয়ার উপযুক্ত কারণ দেখিতে পাইলে, অন্য যে ব্যক্তিরা সেই প্রার্থনায় সংযুক্ত না ছিলেন তাঁহাদের স্বার্থরক্ষার জন্যে যে আজ্ঞা করা আবশ্যক জ্ঞান করেন তাহা করিবেন ইতি।

220 If a decree be transferred by assignment or by operation of law from the party in whose favor it was passed to any other person, the transferree may apply for its execution to the Court which passed it, and if that court thinks fit, the decree may be executed in the same manner and subject to the same conditions, as if the application were made by the party in whose favor the decree was passed

Application by transferree of decree

Where a decree against several persons has been transferred to one of them, nothing in this section shall be deemed to authorize him to have it executed against the others

২২০ ধারা। ডিক্রী যে ব্যক্তির সপক্ষে করা গেল নিরূপণ করণদ্বারা কিম্বা আইনের কার্য্যবলে সেই ডিক্রী অন্য কোন ব্যক্তির হস্তগত হইয়া থাকিলে, যে ব্যক্তির হস্তগত হইল তিনি যে আদালত ডিক্রী করিলেন সেই আদালতে ঐ ডিক্রী জারী হইবার প্রার্থনা করিতে পারিবেন। এবং য ব্যক্তির পক্ষে ডিক্রী হইয়াছিল তিনিই ঐ প্রার্থনা করিলে যে প্রকারে ও যে নিয়মাধীনে তাহা জারী করা যাইত, আদালত বিহিত বোধ করিলে সেই প্রকারে ও সেই নিয়মাধীনে ঐ ডিক্রীমতে কার্য্য সাধন হইতে পারিবে।

ডিক্রী হস্তান্তর করিয়া যাঁহাকে দেওয়া গেল তাঁহার প্রার্থনার কথা।

অনেক ব্যক্তির বিপক্ষে ডিক্রী হইয়া তাঁহারদের কোন এক ব্যক্তির হস্তগত করা গেলে, তিনি যে অন্যদের বিপক্ষে তাহ জারী করাইতে ক্ষমতাপন্ন হইলেন এই ধারার কোন কথাক্রমে এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

221 Every transferree of a decree shall hold the same subject to the equities (if any) which the judgment-debtor might have enforced against the transferor

Transferree to hold subject to equities enforceable against transferor

২২১ ধারা। যে ব্যক্তি ডিক্রী হস্তান্তর করেন তাঁহার বিপক্ষে ডিক্রীমত খাতকের ন্যায্য দাওয়া থাকিলে ও খাতক ঐ দাওয়া প্রবল করিতে পারিলে, যাঁহার প্রতি ডিক্রী হস্তান্তর করিয়া দেওয়া যায় তিনিও সেই দাওয়া বলবৎ মানিয়া ঐ ডিক্রী রাখিবেন ইতি।

যে ব্যক্তি হস্তান্তর করিয়া দেন তাহার বিপক্ষে যে ন্যায্য দাওয়া প্রবল করা যাইতে পারে, ঐ ডিক্রী যাঁহার হস্তগত হয় তাঁহার সেই দাওয়া প্রবল মানিয়া ঐ ডিক্রী লইবার কথা।

222 If cross-decrees between two parties for the payment of money be produced to the Court, execution shall be taken out only by the party who holds a decree for the larger sum, and for so much only as remains after deducting the smaller sum, and satisfaction for the smaller sum shall be entered on the decree for the larger sum as well as satisfaction on the decree for the smaller sum

Cross decrees

If the two sums be equal, satisfaction shall be entered upon both decrees

Explanation I—The decrees contemplated by this section are (*a*) decrees made by the same Court, (*b*) decrees sent to the same Court for execution, and (*c*) decrees of which one is made by the Court and the other is sent to the same Court for execution, but not (*d*) decrees of which one is made by one Court and the other by another Court, and not sent for execution to the former Court

Explanation II—This section applies where either party is an assignee of one of the decrees

২২২ ধারা। টাকার নিমিত্ত দুই পক্ষের পরস্পর বিপক্ষ ডিক্রী আদালতে উপস্থিত করা গেলে, যিনি অধিক টাকার ডিক্রীদার হন, কেবল তিনি ডিক্রী জারী করাইয়া লইতে পারিবেন, তিনিও ঐ অল্পতর ডিক্রীর টাকা বাদ দিয়া কেবল অবশিষ্ট টাকার নিমিত্ত ডিক্রী জারী করাইতে পারিবেন, এবং অল্প টাকার ডিক্রীর উপর ডিক্রী জারী হইল বলিয়া যেমন লেখা যাইবে, অধিক টাকার ডিক্রীরও উপর তেমনি অল্প টাকার ডিক্রী জারী হওয়ার কথা লেখা যাইবে।

পরস্পর বিপক্ষ ডিক্রীর কথা।

সমান টাকার দুই ডিক্রী হইলে, উভয় ডিক্রীর উপর ডিক্রী জারী হইল বলিয়া লেখা যাইবে।

অর্থের প্রথম কথা।—এই ধারায় এই২ প্রকারের ডিক্রী লক্ষ্য হইয়াছে। (ক) একি আদালতের ডিক্রী হইলে। (খ) ডিক্রী জারী করিবার নিমিত্ত একি আদালতে পাঠান গেলে। (গ) দুই ডিক্রীর মধ্যে একখানি আদালতেরই হইলে, অন্য খানি জারী করিবার নিমিত্ত সেই আদালতে পাঠান গেলে। কিন্তু (ঘ) দুই ডিক্রীর মধ্যে এক খানি এক আদালতের অন্য খানি অন্য আদালতের ডিক্রী হইয়া জারী করিবার নিমিত্ত প্রথমোক্ত আদালতে পাঠান না গেলে তাহ এই ধারায় লক্ষিত নয়।

অর্থের দ্বিতীয় কথা।—আসেনী বলিয়া এক পক্ষের প্রতি একতর ডিক্রী অর্পণ করা গেলে এই ধারা খাটে।

Explanation III—This section does not apply unless—

(*e*) both decrees are capable of execution at the same time

(*f*) the parties are the same, and

(*g*) the sums due under the decrees are definite

অর্থের তৃতীয় কথা।—এই ধারা নিম্নলিখিত স্থলে খাটে না,

(ঙ) উভয় ডিক্রী এক সময়ে জারী হইতে না পারিলে।

(চ) সামান্য ব্যক্তিরা উভয় ডিক্রীর বাদী ও প্রতিবাদী না হইলে। ও

(ছ) দুই ডিক্রীমতে যে টাকা পাওনা হয় তাহা নির্দ্ধারিত না থাকিলে ইতি।

Illustrations

(*a*) A holds a decree against B for Rs 1,000 B holds a decree against A for the payment of Rs 1,000 in case A fails to deliver certain goods at a future day B cannot treat his decree as a cross decree under this section

(*b*) A and B, co-plaintiffs, obtain a decree for Rs 1,000 against C, and C obtains a decree for Rs 1,000 against B C cannot treat his decree as a cross decree under this section

(*c*) A obtains a decree against B for Rs 1,000 C who is a trustee for B obtains a decree against A for Rs 1,000 B cannot treat C's decree as a cross decree under this section

উদাহরণ।

(ক) বলরামের বিপক্ষে আমদের ১০০০৲ টাকার ডিক্রী আছে। আমদ অমুক দিনে বলরামকে অমুক দ্রব্য না দিলে আমদের বিপক্ষে বলরামেরও ১০০০৲ টাকা পাইবার ডিক্রী হইয়াছে। বলরাম এই ধারামতে আপনার ডিক্রী আমদের ডিক্রীর বিপক্ষ বলিয়া মানিতে পারিবেন না।

(খ) আমদ ও বলরাম এক মোকদ্দমায় সহবাদী হইয়া চন্দ্রের বিপক্ষে ১০০০৲ টাকার ডিক্রী পান, চন্দ্র কেবল বলরামের বিপক্ষে ১০০০৲ টাকার অন্য ডিক্রী পাইলেন। চন্দ্র এই ধারামতে আপনার ডিক্রী অন্য ডিক্রীর বিপক্ষ বলিয়া মানিতে পারিবেন না।

(গ) আমদ বলরামের বিপক্ষে ১০০০৲ টাকার ডিক্রী পান। চন্দ্র বলরামের পক্ষে ট্রষ্টী হইয়া আমদের বিপক্ষে ১০০০৲ টাকার ডিক্রী পান। বলরাম এই ধারামতে চন্দ্রের ডিক্রী বিপক্ষ ডিক্রী বলিয়া মানিতে পারিবেন না।

Cross claims under same decree

223 When the two parties are entitled under the same decree to recover from each other sums of different amounts, the party entitled to the smaller sum shall not take out execution against the other party, but satisfaction for the smaller sum shall be entered on the decree

When the amounts are equal, satisfaction for each sum shall be entered on the decree

এক ডিক্রীমতে পরস্পর বিপক্ষ দাওয়ার কথা।

২২৩ ধারা। দুই পক্ষ এক ডিক্রীমতে পরস্পরের স্থানে ন্যূনাধিক টাকা পাইবার স্বত্ববান হইলে, যে ব্যক্তি অন্য অপেক্ষা অল্প টাকা পাইবেন তিনি অন্যের বিপক্ষে ডিক্রী জারী করাইয়া লইতে পারিবেন না। কিন্তু অল্প টাকা দেওয়ার কথা ডিক্রীর উপর লেখা যাইবে।

উভয় ডিক্রী সমান টাকার হইলে, এক২ ডিক্রীর টাকা দেওয়ার কথা সেই২ ডিক্রীর উপর লেখা যাইবে ইতি।

Stay of execution pending suit between decree-holder and judgment-debtor

224 If a suit be pending in any Court against the holder of a decree of such Court, on the part of the person against whom the decree was passed the Court may (if it appear just and reasonable to do so) stay execution on the decree, either absolutely or on such terms as it thinks fit, until the pending suit has been decided

ডিক্রীদারের ও ডিক্রীমত খাতকের মধ্যে মোকদ্দমা উপস্থিত থাকিতে ডিক্রীজারী স্থগিত থাকার কথা।

২২৪ ধারা। কোন আদালতের ডিক্রী যে ব্যক্তির বিপক্ষে হইয়াছে ডিক্রীদারের নামে সেই আদালতে সেই ব্যক্তির মোকদ্দমা উপস্থিত থাকিলে আদালত ন্যায় ও যুক্তিসিদ্ধ জ্ঞান করিলে ঐ উপস্থিত মোকদ্দমা যত দিন নিষ্পত্তি না হয় তত দিন হয় নিরপেক্ষরূপে, না হয় যে নিয়ম উচিত জ্ঞান করেন সেই নিয়মানুসারে ঐ ডিক্রীমত কার্য্য সাধন স্থগিত রাখিতে পারিবেন ইতি।

If person against whom decree made dies before execution application may be made against his representative or estate

225 If any person against whom a decree has been passed dies before the decree has been fully executed, application may be made for its execution against the legal representative or the estate of the deceased

যাহার বিপক্ষ ডিক্রী হইল তিনি ঐ ডিক্রীমত কার্য্যসাধন হইবার পূর্ব্বে মরিলে, তাঁহার স্থলাভিষিক্তের কিম্বা সম্পত্তির উপর ডিক্রীজারী হইবার প্রার্থনার কথা।

২২৫ ধারা। যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী হয় সেই ডিক্রীমতে কার্য্য সম্পূর্ণ রূপে সাধন না হইতে২ সেই ব্যক্তি মরিলে, যিনি আইনমতে তাঁহার স্থলাভিষিক্ত তাঁহার বিপক্ষে কিম্বা মৃত ব্যক্তির সম্পত্তির উপর ঐ ডিক্রীমত কার্য্য সাধন হইবার প্রার্থনা করা যাইতে পারিবে।

Such representative shall be liable to the extent of the property of the deceased which has come to his hands and has not been duly disposed of

226 Notice of an application under the last preceding section shall be given to the person named therein as the legal representative of the deceased, or as the person in charge of the estate, and if the Court, after hearing such representative or other person against the application, thinks proper to grant the same, the execution may be proceeded with against such representative or estate

Notice of application to be given to representative

227 If a decree be ordered to be executed against the legal representative of the party against whom the decree was made, it shall be executed in the manner provided in section 213 for the execution of a decree for money to be paid out of the property of a deceased person

Execution of decree against representative

228 The application for the execution of a decree shall be in writing, and shall contain in a tabular form the following particulars, namely,

Contents of application for execution of decree

(a) the number of the suit,

(b) the names of the parties,

(c) the date of the decree,

(d) whether any appeal has been preferred from the decree,

(e) whether any and what adjustment of the matter in dispute has been made between the parties subsequently to the decree,

(f) the amount of the debt or compensation, with the interest, if any, due upon the decree, or other relief granted thereby,

(g) the amount of costs, if any, awarded,

(h) the name of the person against whom the enforcement of the decree is sought, and

(i) the mode in which the assistance of the Court is required, whether by the delivery of property specifically decreed, by the arrest and imprisonment of the person named in the application, or by the attachment of his property, or otherwise as the nature of the relief sought may require

মৃত ব্যক্তির যত সম্পত্তি ঐ স্থলাভিষিক্তের হস্তগত হইয়া নিয়মিতরূপে হস্তান্তর করা যায় নাই, ঐ স্থলাভিষিক্ত কেবল তত সম্পত্তি সম্বন্ধে দায়ী হইবেন ইতি।

২২৬ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে প্রার্থনা করা গেলে, সেই প্রার্থনাপত্রে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত কিম্বা তাঁহার সম্পত্তির অধ্যক্ষ বলিয়া যে ব্যক্তির নামের উল্লেখ হয় তাঁহাকে ঐ প্রার্থনা হওয়ার নোটিস দেওয়া যাইবে। সেই স্থলাভিষিক্ত কি অন্য ব্যক্তি ঐ প্রার্থনার বিপক্ষে আপত্তি করিলে আদালত তাহা শুনিয়া ঐ প্রার্থনাপত্র গ্রাহ্য করা উচিত বোধ করিলে, ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির কিম্বা সম্পত্তির উপর ঐ ডিক্রী জারীর কার্য্য চলিতে পারিবে ইতি।

স্থলাভিষিক্তকে তদ্রূপ প্রার্থনা হওয়ার নোটিস দিবার কথা।

২২৭ ধারা। যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী হইল আইনমত তাঁহার স্থলাভিষিক্তের উপর ঐ ডিক্রী জারী করিবার আজ্ঞা হইলে, ২১৩ ধারায় মৃত ব্যক্তির সম্পত্তিহইতে টাকা দিবার ডিক্রী জারী করিবার যে বিধান আছে সেই বিধানমতে ঐ ডিক্রী জারী করা যাইবে ইতি।

স্থলাভিষিক্তের উপর ডিক্রী জারী করিবার কথা।

২২৮ ধারা। ডিক্রীজারী করিবার দরখাস্ত লিখিয়া দেওয়া যাইবে। তন্মধ্যে নিম্নলিখিত বৃত্তান্ত টেবিলের পাঠে লেখা থাকিবে,—

ডিক্রী জারী করিবার দরখাস্তের মর্ম্মের কথা।

(ক) মোকদ্দমার নম্বর।

(খ) উভয় পক্ষের নাম।

(গ) ডিক্রীর তারিখ।

(ঘ) ডিক্রীর উপর আপীল উপস্থিত করা গেল কি না।

(ঙ) ডিক্রী হওয়ার পর উভয় পক্ষের মধ্যে বিবাদীয় বিষয়ের কোনরূপ নিষ্পত্তি করা গেলে যেরূপ নিষ্পত্তি হইল সেই কথা।

(চ) ডিক্রীর উপর সুদ পাওনা হইলে সেই সুদ সমেত ঋণের কি হানিপূরণের যত টাকার কি অন্য যেরূপ উপকার পাইবার ডিক্রী হইল তাহা।

(ছ) খরচার আজ্ঞা হইলে যত টাকা খরচা।

(জ) যে ব্যক্তির উপর ডিক্রী প্রবল করিবার প্রার্থনা করা যায় তাহার নাম। ও

(ঝ) আদালতের নিকট যদ্রূপ সাহায্যের প্রার্থনা হয়, অর্থাৎ যে সম্পত্তির স্পষ্ট ডিক্রী হইল সেই সম্পত্তি দেওয়াইয়া, কিম্বা দরখাস্তে যে ব্যক্তির নাম দেওয়া যায় তাঁহাকে ধরিয়া কারাবদ্ধ করাইয়া, কিম্বা তাঁহার সম্পত্তি ক্রোক করাইয়া, কিম্বা প্রকারান্তরে যে ভাবের সাহায্য প্রার্থনা হয় তাহা ইতি।

229. If the application be for the attachment of any immoveable property belonging to the defendant, it shall contain at the foot a description of the property reasonably sufficient to identify it, and also a specification of the share or interest of the defendant therein to the best of the belief of the applicant and so far as he has been able to ascertain the same

Further particulars when application is for attachment of immoveable property

230 If the property be land which, whether it pays revenue to Government or not, is registered in the Collector's office, the application for attachment shall be accompanied by an authenticated extract from the register of such office, specifying the persons registered as proprietors of, or as possessing any transferable interest in, the land or its revenue, and (where registered) the shares of the registered proprietors

When application must be accompanied by extract from Collector's register

231. An application for an attachment of the moveable property of the defendant or any part thereof, may be accompanied with an inventory or list of the property to be attached, containing a reasonable accurate description of the same, or the decree-holder may apply for a general attachment of the moveable property of the defendant wheresoever the same can be found, to the amount of the decree and cost

Application for attachment of moveable property may be general, or may be accompanied with inventory of property to be attached

232 The Court, on receiving an application for the execution of a decree containing the particulars mentioned in section 228, or such of them as may be applicable to the case, shall enter in the register of the suit a note of the application and the date on which it was made

Procedure on receiving application for execution of decree

If the particulars do not correspond with the decree, the Court shall not reject the application on the ground of informality, but it shall either return the application for correction to the person making it, or shall, with his consent, cause the necessary correction to be made

Procedure if particulars do not correspond with decree

২২৯ ধারা। প্রতিবাদির কোন স্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হইলে, সেই সম্পত্তি যাহাতে সঙ্গতমতে চিনিয়া লওয়া যাইতে পারে তলভাগে সেই সম্পত্তির এমত বর্ণনা লিখিতে হইবে, এবং দরখাস্তকারির বিশ্বাসানুসারে কিম্বা তিনি যত দূর নিশ্চয়মতে জানিয়া লইতে পারিলেন ততদূর সেই সম্পত্তিতে প্রতিবাদির যে অংশ কি স্বার্থ থাকে তাহাও নির্দ্দেশ করিয়া লিখিতে হইবে ইতি।

স্থাবর সম্পত্তি ক্রোক করিবার দরখাস্ত হইলে আর২ যে বৃত্তান্ত লিখিতে হইবে তাহার কথা।

২৩০ ধারা। সেই সম্পত্তি যদি ভূসম্পত্তি হইয়া থাকে তবে গবর্ণমেণ্টের রাজস্বদায়ি হইলে বা না হইলেও কালেক্টরী কাছারীতে তাহা রেজিষ্টরী করা গেলে, তাহা ক্রোক করিবার দরখাস্তের সঙ্গে ঐ কাছারীর রেজিষ্টরহইতে উদ্ধৃত কথা যথার্থ বলিয়া স্বাক্ষরিত হইয়া ঐ দরখাস্তের সঙ্গে দিতে হইবে। ঐ জমীর অধিকারী বলিয়া কিম্বা যে স্বার্থ হস্তান্তর করা যাইতে পারে ঐ ভূমিতে কি তদুৎপন্ন রাজস্বে এমত স্বার্থের অধিকারী বলিয়া যে ব্যক্তিদিগকে রেজিষ্টরী করা গেল, তাঁহাদের নাম ও রেজিষ্টরী ভূম্যধিকারিদের নানা অংশ রেজিষ্টরী করা গেলে, সেই২ অংশও ঐ উদ্ধৃত কথার মধ্যে নির্দ্দিষ্ট থাকিবে ইতি।

দরখাস্তের সঙ্গে যে স্থলে কালেক্টর সাহেবের রেজিষ্টরহইতে উদ্ধৃত কথা দিতে হইবে তাহার কথা।

২৩১ ধারা। প্রতিবাদির অস্থাবর সম্পত্তি কিম্বা তাহার একাংশ ক্রোক করিবার দরখাস্ত হইলে, যে২ দ্রব্য ক্রোক করিতে হইবে দরখাস্তের সঙ্গে সেই২ দ্রব্যের তালিক কি নির্ঘণ্টপত্র দেওয়া যাইতে পারিবে। তন্মধ্যে ঐ২ দ্রব্যের সঙ্গতমতে ঠিক বর্ণনা থাকিবে অথবা খরচাসুদ্ধ যত টাকার ডিক্রী হইল প্রতিবাদির তত টাকার অস্থাবর সম্পত্তি যে স্থানেই পাওয়া যাউক, ডিক্রীদার সাধারণমতে তাহা ক্রোক হইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার সাধারণ দরখাস্ত কিম্বা যে২ সম্পত্তি ক্রোক করা যাইবে তাহার তালিকা সঙ্গে দিবার কথা।

২৩২ ধারা। আদালত ডিক্রী জারী করণার্থে ২২৮ ধারার উল্লিখিত বৃত্তান্ত সম্বলিত কিম্বা তাহার মধ্যে যত কথা মোকদ্দমায় খাটে তৎসম্বলিত দরখাস্ত পাইলে, মোকদ্দমার রেজিষ্টরী বহীতে ঐ দরখাস্ত হওয়ার কথা ও যে তারিখে করা যায় তাহা লিখিয়া দিবেন।

ডিক্রী জারী করিবার দরখাস্ত পাইলে কার্য্যপ্রণালীর কথা

ঐ২ বৃত্তান্ত ডিক্রীর সঙ্গে না মিলিলে, আদালত দাঁড়ার ব্যতিক্রম প্রযুক্ত ঐ দরখাস্ত অগ্রাহ্য করিবেন না, কিন্তু যে ব্যক্তি দরখাস্ত করেন তাহা সংশোধন করিবার নিমিত্ত তাঁহাকে ফিরিয়া দিবেন, কিম্বা তাঁহার অনুমতিমতে প্রয়োজনানুসারে তাহা সংশোধন করাইবেন।

ঐ বৃত্তান্ত ডিক্রীর সঙ্গে না মিলিলে কার্য্যপ্রণালীর কথা।

*If the application be admitted, the Court shall order execution of the decree according to the nature of the application

If application admitted, execution ordered

ঐ দরখাস্ত গ্রাহ্য হইলে, আদালত ঐ দরখাস্তের ভাবানুসারে ডিক্রী জারী করিবার আজ্ঞা করিবেন ইতি।

দরখাস্ত গ্রাহ্য হইলে ডিক্রী জারী করিবার আজ্ঞা হইতে পারিবার কথা।

MEASURES REQUIRED IN CERTAIN CASES PRELIMINARY TO THE ISSUE OF THE WARRANT

স্থলবিশেষে পরওয়ানা বাহির হইবার পূর্ব্বে যেং কার্য্যের প্রয়োজন তদ্বিষয়ক বিধি।

233 In each of the following cases (namely)—

Notice to show cause why decree should not be executed

(*a*) if more than one year has elapsed between the date of the decree and the application for its execution, or

(*b*) if the enforcement of the decree be applied for against the legal representative of a party to the suit in which the decree was made,

the Court shall issue a notice to the party against whom execution is applied for, requiring him to show cause, within a period to be fixed by the Court, why the decree should not be executed against him

Proviso

Provided that no such notice shall be necessary

(*c*) in consequence of more than one year having elapsed between the date of the decree and the application for execution, if the application be made within one year from the date of the last order passed on any previous application for execution or

(*d*) in consequence of the application being against the legal representative of the party against whom the decree was made, if upon a previous application for execution against the same person the Court has ordered execution to issue against him

Explanation—In this section the phrase "the Court" means the Court by which the decree was passed, unless when the decree has been sent to another Court for execution, in which case it means such other Court

২৩৩ ধারা। নিম্নলিখিত কোন স্থলে অর্থাৎ,

ডিক্রী জারী করিতে না হওয়ার কারণ দেখাইবার নোটিস দিবার কথা।

(ক) ডিক্রীর তারিখের ও তাহা জারী করিবার দরখাস্তের তারিখের মধ্যে এক বৎসরের অধিক গত হইলে, কিম্বা

(খ) যে মোকদ্দমায় ডিক্রী করা গেল, সেই মোকদ্দমার এক পক্ষের আইনঅনুযায়ি স্থলাভিষিক্তের বিপক্ষে ডিক্রী প্রবল করিবার প্রার্থনা হইলে,

যাঁহার বিপক্ষে ডিক্রী জারী করিতে প্রার্থনা করা যায়, আদালত দিন নিরূপণ করিয়া তাঁহার নামে নোটিস দিয়া, তাঁহার বিপক্ষে ডিক্রী জারী করিতে না হওয়ার কারণ সেই দিনের পূর্ব্বে দেখাইয়া দিতে আজ্ঞা করিবেন।

উপবিধি।

কিন্তু এইং স্থলে তদ্রূপ নোটিস দিবার প্রয়োজন নাই,

(গ) ডিক্রীর তারিখ ও ডিক্রী জারী করিবার দরখাস্তের তারিখের মধ্যে এক বৎসরের অধিক কাল গত হইলেও তৎপূর্ব্বে ডিক্রী জারী হইবার কোন দরখাস্ত হইয়া তাহার উপর শেষ আজ্ঞার তারিখ অবধি এক বৎসরের মধ্যে ঐ দরখাস্ত হইয়া থাকিলে, কিম্বা

(ঘ) যাঁহার বিপক্ষে ডিক্রী হইল তাঁহার আইন অনুযায়ি স্থলাভিষিক্তের বিপক্ষে ডিক্রীজারী করিবার দরখাস্ত হইলেও তৎপূর্ব্বে সেই ব্যক্তির বিপক্ষে ডিক্রী জারী করিবার দরখাস্ত হইয়া আদালত তাহার বিপক্ষে ডিক্রীজারী করিবার আজ্ঞা করিয়া থাকিলে।

অর্থের কথা।—এই ধারায় আদালত শব্দে যে আদালত ডিক্রী করিলেন তাঁহাকে জানিতে হইবে। কিন্তু ডিক্রীজারী করিবার নিমিত্ত অন্য আদালতে পাঠান গিয়া থাকিলে ঐ শব্দে সেই অন্য আদালতকে জানিতে হইবে ইতি।

234 If the person to whom notice is issued under the last preceding section does not appear, or does not show cause to the satisfaction of the Court why the decree should not be executed, the Court shall order the decree to be executed

Procedure after issue of notice

If he offers any objection to the enforcement of the decree, the Court shall pass such order as it thinks fit

২৩৪ ধারা। ইহার পূর্ব্ব ধারামত যে ব্যক্তিকে নোটিস দেওয়া যায় তিনি উপস্থিত না হইলে কিম্বা আদালতের হৃদ্বোধমতে ডিক্রীজারী করিতে না হওয়ার কারণ না দেখাইলে, আদালত সেই ডিক্রীজারী করিতে আজ্ঞা করিবেন।

নোটিস জারী হইবার পর কার্য্যপ্রণালীর কথা।

তিনি ঐ ডিক্রী প্রবল না করিবার কোন আপত্তি জানাইলে, আদালত যে আজ্ঞা বিহিত জ্ঞান করেন করিবেন ইতি।

235 If the application is for a general attachment of the moveable property of the party liable under the decree, the Court may, before issuing an order for such attachment, require the applicant to give security to the satisfaction of the Court, in such sum as may be considered adequate, for any injury that may be occasioned by the attachment of property belonging to any person other than the party liable as aforesaid

On application for general attachment of moveable property, security may be required

236 Before granting the order for a general attachment, or, at the instance of the holder of the decree, at any time before its complete execution, the Court may summon the person against whom the application is made and examine him as to the property liable to be seized in satisfaction of the decree

Power to make enquiries as to the property to be attached

237 The Court may, of its own motion or at the instance of any person interested in the enquiry, summon any other person whom it thinks necessary, and examine him in respect to any property liable to be seized in satisfaction of the decree, and may require the person summoned to produce any document in his possession or power relating to such property

Power to summon and examine other persons as to property liable to be seized

238 Whenever a summons is issued for the attendance of a party to a suit, or of any other person, at any time after judgment, the rules applicable to summoning and examination of parties and witnesses after issue recorded shall apply to the party or witnesses so summoned

Summoning and examination of parties and witnesses after judgment

Issue of the Warrant

239 When the preliminary measures (if any) required by the foregoing provisions have been taken, the Court, unless it sees cause to the contrary, shall issue its warrant for the execution of the decree

Warrant when to issue

240 The warrant for the execution of the decree shall bear the date of the day on which it is issued, and shall be signed by the Judge or the Registrar or Clerk of the Court, and

Date, signature seal and delivery

২৩৫ ধারা। ডিক্রীমতে যে ব্যক্তি দায়ী হন, সাধারণমতে তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হইয়া থাকিলে, উক্ত দায়ী ব্যক্তির সম্পত্তি-ভিন্ন অন্য কোন ব্যক্তির সম্পত্তি ক্রোক হইলে হানি হইতে পারে বলিয়া আদালত তদ্বিবেচনায় যত টাকা উপযুক্ত বোধ করেন, ক্রোক করিবার ঐ আজ্ঞা জারী করিবার পূর্ব্বে দরখাস্তকারিকে আদালতের সন্তোষমতে তত টাকার জামিন দিতে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

সাধারণমতে অস্থাবর সম্পত্তি ক্রোক করিবার দরখাস্ত হইলে জামিন লইতে পারিবার কথা।

২৩৬ ধারা। যে ব্যক্তির বিপক্ষে ঐ দরখাস্ত করা যায়, আদালত সাধারণমতে ক্রোক করিবার আজ্ঞা দিবার পূর্ব্বে কিম্বা ডিক্রীমত কার্য্য সম্পূর্ণরূপে সাধন হইবার পূর্ব্বে কোন সময়ে ডিক্রীদারের অনুরোধে তাঁহাকে সমন করিয়া ডিক্রীজারীক্রমে যে সম্পত্তি ক্রোক হইতে পারে সেই সম্পত্তির বিষয়ে তাহাকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন ইতি।

২৮৫ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত মিয়াদের মধ্যে ঐ টাকা না দেওয়া গেলে, আমানতী টাকা- হইতে নীলামের খরচ বাদ দিয়া অবশিষ্ট টাকা গবর্ণমেন্টে জব্দ হইবে ও সম্পত্তি পুনশ্চ বিক্রয় করা যাইবে ও ঐ সম্পত্তির উপর কিম্বা পশ্চাৎ তাহা যত টাকাতে বিক্রয় হয় তাহার কোন অংশের উপর ত্রুটিকারি ক্রেতার কোন দাওয়া থাকিবে না ইতি।

টাকা দেওয়া না গেলে কার্য্যপ্রণালীর কথা।

286 Every re sale of immoveable property in default of payment of the purchase-money within the period allowed for such payment, shall be made after the issue of a fresh notification in the manner and for the period hereinbefore prescribed for the sale

Notification on re sale of immoveable property

২৮৬ ধারা। ক্রয়ের টাকা দিবার মিয়াদের মধ্যে ঐ টাকা না দেওয়াতে স্থাবর সম্পত্তি পুনশ্চ বিক্রয় করিতে হইলে, প্রথম নীলামের জ্ঞাপনপত্র যে প্রকারে ও যত দিন প্রকাশ করিবার বিধান আছে সেই প্রকারে তত দিন জ্ঞাপনপত্র প্রকাশ হইবার পর ঐ সম্পত্তি পুনশ্চ বিক্রয় হইবে ইতি।

স্থাবর সম্পত্তি পুনবার বিক্রয় করিতে হইলে জ্ঞাপনপত্রের কথা।

287 The deficiency of price (if any) which may happen on a re-sale under section 282 or section 285, and all expenses attending such re-sale, shall be certified to the Court by the officer holding the sale,

and shall, at the instance of either the judgment-creditor or the judgment-debtor, be recoverable from the defaulter under the rules contained in this chapter for the execution of a decree for money

Defaulting purchaser answerable for loss by re sale

২৮৭ ধারা। ২৮২ কি ২৮৫ ধারামতে সম্পত্তি পুনশ্চ বিক্রয় হইয়া পূর্ব্বাপেক্ষা ন্যূন মূল্য পাওয়া গেলে যে কার্য্যকারক নীলাম করেন তিনি আদালতে মূল্যের ন্যূনতা ও পুনশ্চ বিক্রয়ের সমস্ত খরচ সংশিতমতে জানাইবেন।

এবং এই অধ্যায়ে টাকার ডিক্রী জারী করিবার যে বিধি আছে, ডিক্রীমত মহাজনের কিম্বা ডিক্রীমত খাতকের অনুরোধে ঐ টাকা সেই বিধিমতে বাকীদারের স্থানে আদায় হইতে পারিবে ইতি।

পুনশ্চ বিক্রয় হইয়া কম মূল্য পাওয়া গেলে ত্রুটিকারি ক্রেতার দায়ী হইবার কথা।

288 The holder of the decree in execution of which the proprety is sold, may with the express permission of the Court (but not otherwise) purchase the property,

If decree holder purchase amount of decree may be taken as payment.

২৮৮ ধারা। যে ডিক্রী জারীক্রমে সম্পত্তি বিক্রয় করা যায় সেই ডিক্রীদার আদালতের স্পষ্ট অনুমতি পাইলে ঐ সম্পত্তি ক্রয় করিতে পারিবেন। অনুমতি না পাইলে ক্রয় করিবেন না।

ডিক্রীদার ক্রয় করিলে মূল্য পরিশোধে ডিক্রীর টাকা লওয়ার কথা।

and in such case the amount of his decree may be taken as payment in whole or in part, as the case may be, of the purchase-money.

Co-sharer of a share of undivided estate sold in execution may claim share at sale price

289 When the land sold in execution of a decree is a share of an undivided estate, if the lot has been knocked down to a stranger, any co-sharer other than the party liable for the amount of the decree may claim to take the share sold at the sum at which the lot was so knocked down

Proviso

Provided that the claim be made before sunset on the day of sale, and that the claimant repay to the purchaser the amount of his deposit and fulfil all the conditions of the sale

Irregularity not to vitiate sale of moveable property, but any person injured may sue

290 No irregularity in the sale of moveable property shall vitiate the sale, but any person sustaining any injury by reason of such irregularity at the hand of any other person may institute a suit against him for compensation, or for the recovery of the specific property, and for compensation in default of such recovery

Sale of land not set aside on ground of irregularity unless substantial injury

291 Any person whose interest in immoveable property has been sold under this Chapter may apply to the Court to set aside the sale on the ground of a material irregularity in publishing or conducting it,

But no sale shall be set aside on the ground of irregularity unless the applicant proves to the satisfaction of the Court that he has sustained substantial injury by reason of such irregularity

The purchaser at any such sale may apply to the Court to set aside the sale on the ground that the person whose interest in the property purported to be sold had no such interest.

Effect of objection being disallowed and of its being allowed

292 If no such application as is mentioned in the last preceding section be made, or if such application be made and the objection be disallowed, the Court shall pass an order confirming the sale

If such application be made, and if the objection be allowed, the Court shall pass an order setting aside the sale

তদ্রূপ স্থলে তাঁহার ঐ ডিক্রীর টাকা ক্রয়ের সমুদয় টাকার কিম্বা বিবরবিশেষে একাংশের পরিশোধে লওয়া যাইতে পারিবে ইতি।

ডিক্রী জারীক্রমে অবিভক্ত মহালের একাংশ বিক্রয় হইলে, সহ অংশির সেই মূল্য দিয়া ঐ অংশের উপর দাওয়ার কথা।

২৮৯ ধারা। ডিক্রী জারীক্রমে যে ভূমি বিক্রয় করা যায় তাহা অবিভক্ত মহালের একাংশ হইলে, ও নীলামের লাট উদাসীন কোন ব্যক্তির নামে পড়িলে ঐ লাট যত টাকাতে বিক্রয় হয় ডিক্রীর টাকা দায়ী ব্যক্তিভিন্ন সহ-অংশী কোন ব্যক্তি তত টাকা দিয়া সেই বিক্রীত অংশ লইবার দাওয়া রাখিতে পারিবেন।

উপবিধি।

কিন্তু যে দিনে নীলাম হয় সেই দিন সূর্য্যাস্তের পূর্ব্বে ঐ দাওয়া করিতে হইবে, এবং ক্রেতা যত টাকা আমানৎ রাখিলেন দাওযাদার তাঁহার সেই টাকা ফিরিয়া দিবেন ও নীলামের সকল নিয়ম পালন করিবেন ইতি।

অস্থাবর সম্পত্তি বিক্রয়কালে দাঁড়ার দোষ হইলে বিক্রয় অসিদ্ধ না হইবার, কিন্তু ক্ষতিগ্রস্ত ব্যক্তির নালিশ করিতে পারিবার কথা।

২৯০ ধারা। অস্থাবর সম্পত্তি বিক্রয়কালে দাঁড়ার কোন ব্যতিক্রম হইলেও বিক্রয় অসিদ্ধ হইবে না। কিন্তু সেই দাঁড়ার ব্যতিক্রমপ্রযুক্ত কোন ব্যক্তি অন্যের নিকট ক্ষতিগ্রস্ত হইলে তাঁহার নামে হানিপূরণার্থ মোকদ্দমা কিম্বা সম্পত্তিবিশেষ পাইবার নিমিত্ত ও না পাওয়া গেলে হানিপূরণ পাইবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

গুরুতর হানি না হইলে বেদাঁড়াপ্রযুক্ত ভূমির বিক্রয় অসিদ্ধ না হইবার কথা।

২৯১ ধারা। এই অধ্যায়মতে স্থাবর সম্পত্তিতে কোন ব্যক্তির স্বার্থ বিক্রয় হইলে, সেই নীলামের কথা প্রকাশ করণে কিম্বা নীলামের কার্য্য চালাওনে গুরুতররূপে বেদাঁড়া হইযাছে বলিয়া সেই ব্যক্তি আদালতে ঐ নীলাম অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন।

কিন্তু সেই বেদাঁড়াপ্রযুক্ত প্রার্থকের গুরুতর হানি হইয়াছে, তিনি আদালতের হৃদ্বোধমতে ইহার প্রমাণ করিতে না পারিলে, বেদাঁড়াপ্রযুক্ত নীলাম অসিদ্ধ হইবে না।

সম্পত্তিতে যে ব্যক্তির স্বার্থ বিক্রয় করিবার অভিপ্রায় ছিল তাঁহার তদ্রূপ স্বার্থ ছিল না, নীলামের ক্রেতা ইহা বলিযা আদালতের নিকট সেই বিক্রয় অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

আপত্তি অগ্রাহ্য কিম্বা গ্রাহ্য হইলে তাহার ফলের কথা।

২৯২ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত প্রার্থনা করা না গেলে, কিম্বা করা গেলেও আপত্তি অগ্রাহ্য হইলে, আদালত ঐ বিক্রয় সিদ্ধ করণার্থ আজ্ঞা করিবেন।

তদ্রূপ প্রার্থনা করা গেলে ও আপত্তি গ্রাহ্য হইলে, আদালত ঐ বিক্রয় অসিদ্ধ করণার্থ আজ্ঞা করিবেন।

No suit shall lie to set aside or render void an order passed under this section.

এই ধারামতে যে আজ্ঞা করা যায় তাহা অসিদ্ধ কি ব্যর্থ করিবার জন্যে কোন মোকদ্দমা উপস্থিত করা যাইবে না ইতি।

If sale set aside, price to be returned to purchaser

293 When a sale of immoveable property is set aside under section 292,

or when it is found that the property sold did not belong to the judgment-debtor and the purchaser is for that reason deprived of it,

the purchaser shall be entitled to receive back his purchase-money with or without interest as the Court may direct

Payment of the purchase-money and of the interest (if any) allowed by the Court shall be enforced under the rules provided by this Chapter for the execution of a decree for money

বিক্রয় অসিদ্ধ হইলে ক্রেতাকে মূল্য ফিরিয়া দিব কথা।

২৯৩ ধারা। ২৯২ ধারামতে স্থাবর সম্পত্তির বিক্রয় অসিদ্ধ করা গেলে,

কিম্বা যে সম্পত্তি বিক্রয় করা গেল, তাহা ডিক্রীমত খাতকের সম্পত্তি না হওয়াতে ক্রেতা তাহাতে বঞ্চিত হইলেন ইহা দৃষ্ট হইলে

আদালত যদ্রূপ আজ্ঞা করেন ক্রেতার তদ্রূপে সুদ সহিত কি সুদ বিনা ক্রয়ের টাকা ফিরিয়া পাইবার অধিকার থাকিবে।

এই অধ্যায়ে টাকার ডিক্রী জারী করিবার যে২ বিধি আছে, ক্রয়ের টাকা এবং আদালত সুদের অনুমতি দিলে সেই সুদ দেওন সেই বিধিমতে প্রবল করা যাইবে ইতি।

Certificate to be granted to purchaser of immoveable property

294 When a sale of immoveable property has become absolute in manner aforesaid, if the person declared the purchaser of the property supplies paper stamped as if it were a conveyance of the same, the Court shall grant him a certificate thereon, to the effect that he has purchased the defendant's interest in the property sold, and such certificate shall be deemed to be a valid transfer of such interest

স্থাবর সম্পত্তির ক্রেতাকে সর্টিফিকট দিবার কথা।

২৯৪ ধারা। স্থাবর সম্পত্তির বিক্রয় পূর্ব্বোক্তমতে সিদ্ধ করা গেলে, যে ব্যক্তিকে ঐ সম্পত্তির ক্রেতা বলিয়া প্রকাশ করা যায় তিনি ঐ সম্পত্তির হস্তান্তরকরণপত্রের উপযুক্ত ইষ্টাম্প কাগজ দিলে যে সম্পত্তি বিক্রয় হইল তন্মধ্যে প্রতিবাদির যে স্বার্থ ছিল তিনি তাহা ক্রয় করিয়াছেন আদালত সেই কাগজে এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া তাঁহাকে দিবেন। ও সেই সর্টিফিকট সেই স্বার্থ হস্তান্তর হওনের প্রামাণিকপত্র বলিয়া জ্ঞান হইবে ইতি।

Certificate to state the name of actual purchaser

295. The certificate shall state the name of the person who, at the time of sale, is declared to be the purchaser

সর্টিফিকটে প্রকৃত ক্রেতার নাম লিখিবার কথা।

২৯৫ ধারা। নীলামে যে ব্যক্তিকে ক্রেতা বলিয়া প্রকাশ করা যায় সর্টিফিকটে তাঁহারই নাম লেখা যাইবে।

Bonami purchaser not recognized

No other person shall maintain any claim against the certified purchaser on the ground that the purchase was made on behalf of such other person, or on behalf of some one through whom such other person claims

Nothing in this section shall bar a suit to obtain a declaration that the name of the certified purchaser was inserted in the certificate fraudulently or without the consent of the real purchaser

বেনামী খরীদার না ধরিবার কথা।

অন্য ব্যক্তির নিমিত্ত কিম্বা ঐ অন্য ব্যক্তি যাঁহারদ্বারা দাওযা রাখেন তাঁহারই নিমিত্ত ক্রয় করা গেল বলিয়া কোন ব্যক্তি সর্টিফিকট প্রাপ্ত ক্রেতার বিপক্ষ দাওযা রাখিতে পারিবেন না।

সর্টিফিকট প্রাপ্ত ক্রেতার নাম প্রতারণাক্রমে কিম্বা প্রকৃত ক্রেতার অনুমতি বিনা লেখা গেল এই ধারাক্রমে এই কথা নির্দ্দেশ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই ইতি।

Delivery of moveable property belonging to defendant actually seized

296 When the property sold is any moveable property in the possession of the defendant, or to the immediate possession of which he is entitled, and of which actual seizure has been made, the property shall be delivered to the purchaser

প্রতিবাদির অস্থাবর সম্পত্তি ধৃত হইলে তাহা দিবার কথা।

২৯৬ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা প্রতিবাদির অধিকারগত কিম্বা তিনি অগৌণে যাহার অধিকার পাইবার স্বত্ববান এমত অস্থাবর সম্পত্তি হইলে, ও তাহা নিতান্ত ধৃত করিয়া লওয়া গেলে, ঐ সম্পত্তি ক্রেতাকে দেওযা যাইবে ইতি।

Delivery of moveable property to which defendant is entitled subject to lien

297 When the property sold is any moveable property to which the defendant is entitled subject to the possession of some other person under a lien or some

প্রতিবাদী দায়ের অধীনে যে অস্থাবর সম্পত্তির স্বত্ববান হন তাহা দিবার কথা।

২৯৭ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায়, সেই সম্পত্তিতে কোন দায়ক্রমে কিম্বা অন্য স্বত্বের কি অধিকারের বলে প্রতিবাদী অন্য কোন ব্যক্তির অধি-

other right or title, the delivery to the purchaser shall be made by giving notice to the person in possession prohibiting him from delivering possession of the property to any person except the purchaser

কারের পশ্চাৎ অধিকার পাইবার স্বত্ববান হইলে ঐ সম্পত্তি যে ব্যক্তির অধিকারে থাকে তিনি ক্রেতাভিন্ন কোন ব্যক্তিকে ঐ সম্পত্তির অধিকার না দেন তাঁহার নামে এই মর্ম্মের নোটিস দিয়া ক্রেতাকে ঐ সম্পত্তি দেওয়া যাইবে ইতি।

298 When the property sold is any immoveable property in the occupancy of the defendant or of some person on his behalf, or of some person claiming under a title created by the defendant subsequently to the institution of the suit in which the decree was passed, the Court shall order delivery to be made by putting the purchaser or any person whom he may appoint to receive delivery on his behalf, in possession of the property, and, if need be, by removing any person who may refuse to vacate the same

Delivery of immoveable property in the occupancy of defendants

২৯৮ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা প্রতিবাদির কিম্বা তৎপক্ষ অন্য ব্যক্তির অধিকারগত, কিম্বা যে মোকদ্দমায় ডিক্রী হইয়াছিল প্রতিবাদী সেই মোকদ্দমা উপস্থিত হইবার পরে যে স্বত্ব স্রষ্ট করিলেন সেই স্বত্বক্রমে কোন দাওয়াদারের অধিকারগত স্থাবর সম্পত্তি হইলে, আদালত ক্রেতাকে কিম্বা তিনি আপনার পক্ষে অধিকার লওনের জন্যে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে ঐ সম্পত্তির অধিকার দেওয়াইয়া, ও কোন ব্যক্তি ঐ সম্পত্তি ত্যাগ করিতে সম্মত না হইলে প্রয়োজনমতে তাঁহাকে উঠাইয়া দিয়া, ক্রেতাকে ঐ সম্পত্তি দিবার আজ্ঞা করিবেন ইতি।

প্রতিবাদিদের অধিকারগত স্থাবর সম্পত্তি দিবার কথা।

299 When the property sold is immoveable property in the occupancy of a tenant or other person entitled to occupy the same, the Court shall order delivery thereof to be made by affixing a copy of the certificate of sale in some conspicuous place on the property, and proclaiming to the occupant by beat of drum or in such other mode as may be customary, at some convenient place, that the interest of the defendant has been transferred to the purchaser

Delivery of immoveable property in the occupancy of tenant

২৯৯ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায় তাহা প্রজার কিম্বা অধিকার করিবার স্বত্ববান অন্য ব্যক্তির অধিকারগত স্থাবর সম্পত্তি হইলে, আদালত ঐ সম্পত্তির কোন প্রকাশ স্থানে নীলামের সর্টিফিকটের নকল লাগাইয়া, এবং প্রতিবাদির সম্পর্ক ক্রেতার প্রতি হস্তান্তর করা গিয়াছে উপযুক্ত কোন স্থানে ঢেঁড়রা দিয়া কিম্বা সচরাচর অন্য যে প্রকারে হইয়া থাকে সেই প্রকারে প্রজার নিকট এই কথা জানাইয়া ঐ সম্পত্তি দেওয়াইবার আজ্ঞা করিবেন ইতি।

প্রজার অধিকারস্থ স্থাবর সম্পত্তি দেওয়াইবার কথা।

300 If the property be a debt not secured by a negotiable instrument, or be a share in any public Company, the delivery thereof shall be made by a written order of the Court, prohibiting the creditor from receiving the debt or any interest thereon, and the debtor from making payment thereof to any person except the purchaser, or prohibiting the person in whose name the share may be standing from making any transfer of the share to any person except the purchaser, or receiving payment of any dividend or interest thereon, and the Manager, Secretary, or other proper officer of the Company from permitting any such transfer or making any such payment to any person except the purchaser

Delivery of debts and of shares in public Companies

৩০০ ধারা। যে ঋণের জামিনস্বরূপ বিক্রেয় নিদর্শনপত্র দেওয়া যায় নাই এমত ঋণ কিম্বা প্রকাশ্য কোন কোম্পানির শ্যার লইয়া ঐ সম্পত্তি হইলে, মহাজন ঐ ঋণ কি তাহার উপর কোন সুদ না লন ও খাতক ক্রেতাভিন্ন কোন ব্যক্তির নিকট ঐ ঋণ শোধ করিয়া না দেন, অথবা ঐ শ্যার যে ব্যক্তির নামে থাকে তিনি ক্রেতাভিন্ন অন্য ব্যক্তির নামে তাহা হস্তান্তর করিয়া না দেন, কিম্বা তাহার উপর কোন ডিবিডেণ্ড কি সুদ না লন, ও ঐ কোম্পানির কার্য্যাধ্যক্ষ কি সেক্রেটরী কি উপযুক্ত অন্য কর্ম্মকারক ক্রেতাভিন্ন কোন কাহাকেও তাহা হস্তান্তর করিয়া না দেন ও পূর্ব্বোক্ত কোন টাকা না দেন, আদালত এই মর্ম্মের নিষেধসূচক আজ্ঞা লিখিয়া দিয়া ক্রেতাকে ঐ ঋণ কি শ্যার দেওয়াইবেন ইতি।

ঋণ ও প্রকাশ্য কোম্পানির শ্যার দেওয়াইবার কথা।

301 When the property sold consists of a negotiable instrument of which actual seizure has been made, the same shall be delivered to the purchaser

Delivery of negotiable instruments of which actual seizure has been made

৩০১ ধারা। যে সম্পত্তি বিক্রয় করা যায়, বিক্রেয় যে নিদর্শনপত্র নিতান্ত ধরিয়া লওয়া গেল তাহা লইয়া ঐ সম্পত্তি হইলে তাহা ক্রেতাকে দেওয়া যাইবে ইতি।

বিক্রেয় নিদর্শনপত্র ধৃত করা গেলে তাহা দেওয়াইবার কথা।

302. If the endorsement or conveyance of the party in whose name a negotiable instrument or a share in any public Company is standing, is required to transfer such instrument or share, the Judge may endorse the instrument or the certificate of the share, or may execute such other document as may be necessary

Transfer of negotiable instruments and shares

The endorsement or execution shall be in the following form or to the like effect —" *A B by C D*, Judge of the Court of *(or as the case may be)*, in a suit by *E F* against *A B*"

Until the transfer of such instrument or share, the Court may, by order, appoint some person to receive any interest, or dividend due thereon, and to sign a receipt for the same, and any endorsement made or document executed or receipt signed as aforesaid shall be as valid and effectual for all purposes as if the same had been made or executed or signed by the party himself

303 If the purchaser of any immoveable property sold in execution of a decree be resisted or obstructed by the defendant or any one on his behalf, in obtaining possession of the property, the provisions of this Chapter relating to resistance or obstruction to a party in whose favour a decree has been made in obtaining possession of the property adjudged to him, shall be applicable

Resisting or obstructing purchasers in obtaining possession of immoveable property

304 If it appear that the resistance or obstruction to the delivery of possession was occasioned by any person other than the defendant, claiming a right to the possession of the property sold, as proprietor, mortgagee, lessee, or under any other title, or if, in the delivery of possession to the purchaser, any such person claiming as aforesaid be dispossessed,

Obstruction by claimant other than defendant

the Court, on the complaint of the purchaser, or of such person claiming as aforesaid, shall enquire into the matter of the complaint and pass such order as it thinks fit.

The party against whom such order is passed shall be at liberty to bring a suit to establish his right to the property at any time within one year from the date of such order.

৩০২ ধারা। বিক্রের নিদর্শনপত্র কিম্বা প্রকাশ্য কোন কোম্পানির শ্যার যে ব্যক্তির নামে থাকে হস্তান্তর করিবার জন্যে ঐ ব্যক্তির সেই নিদর্শনপত্রের পৃষ্ঠলিপি করা কিম্বা তাঁহার হস্তান্তর করণপত্র লিখিয়া দেওয়া প্রয়োজন হইলে, জজ সেই নিদর্শনপত্রের কিম্বা শ্যারের সর্টিফিকটের পৃষ্ঠলিপি লিখিতে কিম্বা অন্য যে দলীল করা আবশ্যক তাহাতে দস্তখৎ করিতে পারিবেন।

বিক্রের নিদর্শনপত্র ও শ্যার হস্তান্তর করিয়া দিবার কথা।

সেই পৃষ্ঠলিপি কি সেই দস্তখৎ এই পাঠে কি ইহার মর্ম্মানুসারে করা যাইবে, যথা, "আনন্দের নামে জৈশানের মোকদ্দমায় অমুক স্থানের (কিম্বা বিষয়বিশেষ) আদালতের জজ চন্দ্রকুমার রায় বাহাদুরের দ্বারা শ্রী আনন্দ।"

সেই নিদর্শনপত্র কি শ্যার যত দিন হস্তান্তর করিয়া না দেওয়া যায় তাহার উপর যে সুদ কি ডিবিডেণ্ড পাওনা হয় আদালত আজ্ঞা করিয়া তত দিনের নিমিত্ত ঐ সুদ কি ডিবিডেণ্ড গ্রাহ্য করিবার ও তাহার রসীদে স্বাক্ষর করিবার নিমিত্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন। ও উক্ত প্রকারে যে পৃষ্ঠলিপি করা যায় কিম্বা দলীলে যে দস্তখৎ করা যায় কিম্বা রসীদে যে স্বাক্ষর করা যায় তাহা সকল কার্য্যপক্ষে নিজ ঐ পক্ষের দ্বারা লেখা কি দস্তখৎ করা কি স্বাক্ষর করার ন্যায় সিদ্ধ ও প্রবল থাকিবে ইতি।

৩০৩ ধারা। ডিক্রী জারীক্রমে যে স্থাবর সম্পত্তির নীলাম হয়, প্রতিবাদী কি তাঁহার সপক্ষ কোন ব্যক্তি ক্রেতার সেই সম্পত্তির অধিকার পাইবার প্রতিকূলাচরণ করিলে কি বাধা দিলে, কোন ব্যক্তির পক্ষে ডিক্রী হইয়া তাঁহার সম্পত্তি পাইবার আজ্ঞা হইলে ও তাঁহার সেই সম্পত্তি পাইবার প্রতিকূলাচরণ কি বাধা করা গেলে এই অধ্যায়ের যে বিধান খাটে, উক্ত স্থলেও সেই বিধান খাটিবে ইতি।

খরীদারদের স্থাবর সম্পত্তির অধিকার পাইবার বাধার কি প্রতিকূলাচারের কথা।

৩০৪ ধারা। প্রতিবাদীভিন্ন কোন ব্যক্তি ভূম্যধিকারী কি বন্ধকগ্রহীতা কি পাট্টাদার বলিয়া কিম্বা অন্য কোন স্বত্বক্রমে বিক্রীত সম্পত্তির অধিকার করিবার স্বত্বের দাওয়া করিয়া ঐ সম্পত্তির অধিকার দেওয়াইবার প্রতিকূলাচরণ করিলেন কি বাধা দিলেন কিম্বা ক্রেতাকে অধিকার দেওন সময়ে পূর্ব্বোক্তমতে দাওয়াদার কোন ব্যক্তিকে উঠাইয়া দেওয়া গেল দৃষ্ট হইলে

প্রতিবাদি ভিন্ন কোন দাওয়াদার বাধক হইলে ভবিষ্যতের কথা।

আদালত ক্রেতার কিম্বা পূর্ব্বোক্ত দাওয়াদারের নালিশমতে সেই নালিশের মর্ম্মের অনুসন্ধান লইয়া যে আজ্ঞা বিহিত বোধ করেন করিবেন।

যে ব্যক্তির বিপক্ষে সেই আজ্ঞা হইয়া থাকে তিনি সেই আজ্ঞার তারিখ অবধি এক বৎসরের মধ্যে কোন্ সময়ে ঐ সম্পত্তিতে আপনার স্বত্ব স্থাপন করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

305 Whenever assets are realized by sale or otherwise in execution of a decree, the person entitled to be first paid thereout, after deducting the costs of the realization, is the holder of the decree on whose application the property producing such assets was first attached

Attaching creditor to be first paid out of assets realized

৩০৫ ধারা। ডিক্রী জারীক্রমে সম্পত্তির নীলাম হইয়া কিম্বা অন্য প্রকারে টাকা আদায় হইলে, যে সম্পত্তিহইতে ঐ টাকা উৎপন্ন হয় তাহা যে ডিক্রীদারের প্রার্থনামতে প্রথমে ক্রোক করা যায় টাকা আদায় করিবার খরচ বাদ দিয়া ঐ টাকাহইতে প্রথমে তাঁহারই শোধ পাইবার অধিকার থাকিবে।

ডিক্রীমত যে মহাজন সম্পত্তি ক্রোক করেন বিক্রয়োৎপন্ন টাকাহইতে প্রথমে তাঁহার টাকা পাওয়ার কথা।

Provided that such attachment was in execution of a decree for money then capable of being completely executed

কিন্তু এমন স্থলে প্রয়োজন যে টাকার যে ডিক্রী তৎকালেই সাধন হইতে পারে এমত ডিক্রী জারী করিয়া সেই ক্রোক করা যায়।

No subsequent attachment of the same property by another party in execution of another decree, whether of a prior or of a later date, shall affect the title of the holder of the decree first above referred to, to be paid out of the said proceeds

অন্য কোন পক্ষ তৎপূর্ব্ব কি তৎপশ্চাৎ তারিখের অন্য ডিক্রীজারীক্রমে সেই সম্পত্তি পশ্চাৎ ক্রোক করিলেও, সেই উৎপন্ন টাকাহইতে প্রথমোক্ত ডিক্রীদারের শোধ পাইবার স্বত্বের ব্যাঘাত হইবে না।

Nothing in this section affects any right of the Crown

এই ধারার কোন কথাক্রমে মহারাণীর স্বত্বের ব্যাঘাত হইবে না।

If all or any of such assets be paid to a person not entitled to receive the same, any person so entitled may sue such person to compel him to refund the assets

যে ব্যক্তির ঐ উৎপন্ন টাকা পাইবার স্বত্ব নাই ঐ উৎপন্ন টাকা কি তাহার কোন অংশ তাঁহাকে দেওয়া গিয়া থাকিলে, পূর্ব্বোক্তমতে যে ব্যক্তির স্বত্ব আছে তিনি ঐ টাকা ফিরিয়া দেওয়াইবার জন্যে সেই অন্য ব্যক্তির নামে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

306. The surplus (if any) remaining after the claim of the person on whose application the property was first attached has been satisfied in full from the assets, shall be distributed rateably amongst any other persons who, prior to the order for such distribution, may have taken out execution of decrees for money against the same defendant and may not have obtained satisfaction thereof

Surplus to be rateably distributed among certain execution creditors

৩০৬ ধারা। যে ব্যক্তির প্রার্থনামতে সম্পত্তি প্রথমে ক্রোক করা যায়, উৎপন্ন টাকাহইতে তাঁহার দাওয়া সম্পূর্ণমতে পরিশোধ হইলে পর উদ্বর্ত্ত থাকিলে, তাহা বাঁটিয়া দিবার আজ্ঞা হওয়ার পূর্ব্বে অন্য যে ব্যক্তিরা ঐ প্রতিবাদির বিপক্ষ টাকার ডিক্রী জারী করিবার আজ্ঞা লইয়া তাহার শোধ পান নাই, তাঁহাদেরই মধ্যে সেই উদ্বর্ত্ত টাকা বাঁটিয়া দেওয়া যাইবে।

অবশিষ্ট টাকা হারহারিমতে ডিক্রীমত মহাজনদের মধ্যে বাঁটিয়া দিবার কথা।

Provided that, when any property is sold subject to a mortgage and the mortgagee has obtained a decree for the money due thereon, he shall not be entitled to share in any surplus arising from such sale, unless he waives his right as mortgagee

Proviso where property is sold subject to a mortgage

পরন্তু বন্ধকের দায়যুক্ত হইয়া কোন সম্পত্তি বিক্রয় হইলেও তাহার উপর যে টাকা পাওনা থাকে বন্ধকগ্রহীতা তাহার ডিক্রী পাইলে, বন্ধকগ্রহীতাস্বরূপ স্বত্ব ত্যাগ না করিলে তিনি ঐ বিক্রয়োৎপন্ন টাকার উদ্বর্ত্তের অংশ পাইবার স্বত্ববান হইবেন না ইতি।

বন্ধকী সম্পত্তি বিক্রয় হইলে উপবিধি।

307 If it appear to the Court upon the application of the holder of a decree, that any other decree under which property has been attached was obtained by fraud or other improper means, the Court may either order that the proceedings be stayed and refer the parties to a regular suit, or, if it find the materials before it

Court may order proceeds of property attached under a decree obtained fraudulently, to be paid in satisfaction of another decree

৩০৭ ধারা। যে ডিক্রীদ্বারা কোন সম্পত্তি ক্রোক করা গেল তাহা প্রতারণাক্রমে কি অনুচিত অন্য উপায়ে পাওয়া গেল আদালত অন্য ডিক্রীদারের প্রার্থনামতে ইহা জানিতে পাইলে, ঐ মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিয়া উভয় পক্ষকে আবেতামত মোকদ্দমা উপস্থিত

প্রতারণাক্রমে ডিক্রীপ্রাপ্ত হইয়া ও সম্পত্তি ক্রোক হইয়া বিক্রয় করা গেলে সেই বিক্রয়োৎপন্ন টাকা অন্য ডিক্রীর পরিশোধে প্রয়োগ করিতে আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

sufficient for deciding the case at once, may order,

(*a*) if such other decree be a decree of the same Court, that the applicant shall be satisfied out of the proceeds of the property attached so far as the same may suffice for the purpose,

(*b*) if the other decree be a decree of another Court, that the proceedings be stayed to enable the applicant to obtain a similar order from the Court by which the decree was made

Explanation —A decree obtained in consequence of a mere error in procedure is not obtained by improper means within the meaning of this section.

করিবার আজ্ঞা দিতে পারিবেন, কিম্বা একেবারে মোকদ্দমা নিষ্পত্তি করিবার উপযুক্ত সকল বিষয় সম্মুখে উপস্থিত আছে ইহা দৃষ্টি করিলে,

(ক) ঐ ডিক্রী নিজ সেই আদালতের ডিক্রী হইলে ক্রোক করা সম্পত্তির বিক্রয়োৎপন্ন টাকাহইতে প্রার্থকের দাওয়া যত দূর শোধ হইতে পারে, শোধ করিবার আজ্ঞা দিতে পারিবেন।

(খ) অন্য আদালতের ডিক্রী হইলে, প্রার্থক সেই আদালতহইতে উক্ত প্রকারের আজ্ঞা পাইবার অবকাশ পান এই কারণে আনুষ্ঠানিক কার্য্য স্থগিত হইবার আজ্ঞা করিতে পারিবেন।

অর্থের কথা।—কার্য্যপ্রণালীগত ভ্রমমাত্রপ্রযুক্ত যে ডিক্রী পাওয়া যায় তাহা এই ধারার "মর্ম্মানুসারেণ অনুচিত উপায়ে" পাওয়া গেল বলিয়া জ্ঞান হইবে না ইতি।

Of the Execution of Decrees by Imprisonment

কারাবন্ধনদ্বারা ডিক্রী জারী করণবিষয়ক বিধি।

Place of defendant's imprisonment

308 The imprisonment of the defendant in execution of a decree may be in the jail of the district in which the Court ordering the imprisonment is held, or, when such jail does not afford suitable accommodation in any other jail, though not in such district, which the Local Government may appoint for the confinement of persons ordered to be imprisoned by the Courts of such district

প্রতিবাদী যে স্থানে কারা বদ্ধ হইবে তাহার কথা।

৩০৮ ধারা। ডিক্রী জারীক্রমে প্রতিবাদিকে কারাবদ্ধ করিতে হইলে যে আদালত তাঁহার কারাবদ্ধ হওয়ার আজ্ঞ করেন সেই আদালত যে জিলায় অধিবিষ্ট হন সেই জিলার জেলে তাহাকে বদ্ধ করা যাইতে পারিবে। সেই জেলে তাহার থাকিবার উপযুক্ত স্থান না থাকিলে, ঐ জিলার আদালত কোন ব্যক্তির কারাদণ্ডের আজ্ঞা করিলে স্থানীয় গবর্ণমেণ্ট তাঁহার কারাবদ্ধ হওযার যে জেল নিরূপণ করেন তাহা জিলার অন্তর্গত না থাকিলেও তাঁহাকে সেই জেলে বদ্ধ করা যাইবে ইতি।

Defendant's subsistence money

309. When the defendant is committed to jail in execution of a decree, the Court shall fix for his subsistence such monthly allowance as it considers sufficient with reference to the class to which he belongs

But (except as provided in the next succeeding section) such allowance shall not exceed four annas per day.

The monthly allowance shall be supplied by the party on whose application the decree has been executed, to the proper officer of the Court or of the jail in which the defendant is confined, by monthly payments in advance before the first day of each month

The first payment shall be made for such portion of the current month as remains unexpired before the defendant is committed to jail

প্রতিবাদির খোরাকীর কথা।

৩০৯ ধারা। প্রতিবাদিকে ডিক্রী জারীক্রমে কারাবদ্ধ করা গেলে, ঐ ব্যক্তি যে শ্রেণীর লোক হন তদ্বিবেচনায় আদালত যত টাকা উচিত বোধ করেন তাঁহার মাসিক তত টাকা খোরাকী ধার্য্য করিবেন।

কিন্তু পশ্চাৎ লিখিত ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন দিন চারি আনার অধিক খোরাকী হইবে না।

যে ব্যক্তির প্রার্থনামতে ডিক্রী জারী করা যায়, তিনি প্রতিমাসের প্রথম দিনের পূর্ব্বে আদালতের উপযুক্ত কার্য্যকারককে কিম্বা প্রতিবাদী যে জেলে বদ্ধ থাকেন সেই জেলের উপযুক্ত কার্য্যকারককে ঐ মাসের খোরাকী অগ্রিম দিবেন।

চলিত মাসের যত দিন বাকী থাকে তত দিনের খোরাকী প্রতিবাদিকে কারাবদ্ধ করিবার পূর্ব্বে প্রথমে দিতে হইবে ইতি।

Court may vary allowance in case of illness or for other special cause

310 The Court may, in case of illness or for other special cause, fix the monthly allowance at such sum not exceeding six annas per day as appears necessary

পীড়াপ্রযুক্ত কি অন্য বিশেষ কারণে আদালতের সেই খোরাকী বাড়াইয়া দিতে পারিবার কথা।

৩১০ ধারা। কারাবদ্ধ ব্যক্তির পীড়া হইলে কিম্বা অন্য বিশেষ কারণে আদালত দিনপ্রতি ।৶ ছয় আনা পর্য্যন্ত যত দূর আবশ্যক বোধ করেন ঐ মাসিক খোরাকী বাড়াইয়া দিতে পারিবেন।

The order fixing such allowance may from time to time be revised and altered on due cause being shown

311 Sums disbursed by the holder of a decree for the subsistence of the defendant in jail shall be added to the costs of the decree, and shall be recoverable by the attachment and sale of the defendant's property under the rules contained in this Chapter for the execution of a decree for money

Subsistence money to be added to amount of decree

Provided that the defendant shall not be detained in jail or arrested on account of any sum so disbursed

OF DISCHARGE FROM IMPRISONMENT

312 The defendant shall be discharged from jail, by order of the Court,

Release of defendant

(a) on the decree being fully satisfied or

(b) at the request of the person on whose application he has been imprisoned, or

(c) on such person omitting to pay the allowance as hereinbefore directed, or

(d) by reason of his insolvency, as hereinafter provided, or

(e) when the term of his imprisonment as limited by section 313 is fulfilled

A defendant discharged under this section cannot be re-arrested under the decree in execution of which he was imprisoned

313 No person shall be imprisoned in execution of a decree for a longer period than two years, or for a longer period than six months if the decree be for the payment of a sum of money not exceeding five hundred rupees, or for a longer period than three months if the decree be for the payment of a sum of money not exceeding fifty rupees

Imprisonment not to exceed two years

When not to exceed six months

When not to exceed three months

OF INSOLVENT DEBTORS

314 Any person arrested or imprisoned in execution of a decree for money may apply to be declared an insolvent

Power to apply to be declared an insolvent

Such application may be made to the District Court which ordered his arrest or imprisonment,

উপযুক্ত কারণ দেখান গেলে ঐ খোরাকী নিরূপণ করিবার আজ্ঞা সময়েং সংশোধন ও পরিবর্ত্তন করা যাইতে পারিবে ইতি।

৩১১ ধারা। কারাগারে প্রতিবাদির খোরাকের জন্যে ডিক্রীদার যত টাকা দেন তাহা ডিক্রীর খরচার মধ্যে ধরিয়া দেওয়া যাইবে। ও এই অধ্যায়ে টাকার ডিক্রী জারী করিবার যেং বিধি আছে সেইং বিধিমতে প্রতিবাদির সম্পত্তি ক্রোক ও বিক্রয় করিয়া ঐ খোরাকের টাকাও আদায় হইতে পারিবে।

ডিক্রীর টাকার উপর খোরাকী চড়াইয়া দিবার কথা।

কিন্তু উক্ত যে খোরাকী দেওয়া যায় তজ্জন্যে প্রতিবাদিকে কারাগারে বদ্ধ রাখা কি গ্রেপ্তার করা যাইবে না ইতি।

কারাহইতে মুক্ত করণ বিষয়ক বিধি।

৩১২ ধারা। নিম্নলিখিত স্থলে আদালতের আজ্ঞাক্রমে প্রতিবাদিকে কারাহইতে মুক্ত করা যাইবে,—

প্রতিবাদিকে ছাড়িয়া দিবার কথা।

(ক) ডিক্রী সম্পূর্ণরূপে সাধন হইলে, কিম্বা

(খ) যে ব্যক্তির প্রার্থনামতে তাঁহাকে কারাবদ্ধ করা গেল তাঁহার আদেশ হইলে,

(গ) কিম্বা ঐ ব্যক্তি পূর্ব্বোক্ত আজ্ঞানুসারে খোরাকী দিতে ত্রুটি করিলে, কিম্বা

(ঘ) পশ্চাৎলিখিত বিধানানুসারে তিনি ঋণ শোধ করিতে অক্ষম হইলে, কিম্বা

(ঙ) ৩১৩ ধারামতে তাহার কারাবদ্ধ থাকার নিরূপিত মিয়াদ পূর্ণ হইলে।

প্রতিবাদিকে যে ডিক্রী জারীক্রমে কারাবদ্ধ করা গেল, এই ধারামতে মুক্ত করা গেলে পর তাঁহাকে সেই ডিক্রীক্রমে আর ধরা যাইতে পারিবে না ইতি।

৩১৩ ধারা। ডিক্রী জারীক্রমে কোন ব্যক্তি দুই বৎসরের অধিককাল কারাবদ্ধ হইবেন না,

দুই বৎসরের অধিক কাল কারাবদ্ধ না থাকার কথা।

ও ৫০০ টাকার অনধিকের ডিক্রী হইলে ছয় মাসের অধিককাল কারাবদ্ধ হইবেন না,

যে স্থলে ছয় মাসের অধিককাল কারাবদ্ধ না থাকিবে তাহার কথা।

ও ৫০৲ টাকার অনধিকের ডিক্রী হইলে তিন মাসের অধিক কারাবদ্ধ হইবেন না ইতি।

যে স্থলে তিন মাসের অধিককাল কারাবদ্ধ না হইবে তাহার কথা।

ঋণশোধ করিবার অক্ষম ব্যক্তি বিষয়ক বিধি।

৩১৪ ধারা। টাকার ডিক্রী জারীক্রমে কোন ব্যক্তিকে ধৃত কি কারাবদ্ধ করা গেলে, তিনি ঋণ শোধ করিতে অক্ষম বলিয়া প্রকাশ হইবার প্রার্থনা করিতে পারিবেন।

ঋণশোধ করিতে অক্ষম বলিয়া প্রকাশ হইবার প্রার্থনা করিবার ক্ষমতার কথা।

জিলার যে আদালত তাঁহাকে ধৃত কিম্বা বিষয়বিশেষে কারাবদ্ধ করিতে আজ্ঞা করিলেন সেই

as the case may be, or when the District Court has not ordered his arrest or imprisonment, then to the District Court to which the Court that made the order is subordinate

আদালতে, কিম্বা জিলার আদালত তাঁহাকে ধৃত কি কারাবদ্ধ করিবার আজ্ঞা না করিলে, যে আদালত ঐ আজ্ঞা করিলেন তাহা যে জিলার আদালতের অধীন থাকে সেই আদালতে ঐ প্রার্থনা করিতে পারিবেন ইতি।

Contents of application

315 The application shall set forth—

(a) the fact of his arrest or imprisonment,

(b) the amount, kind and particulars of his property,

(c) the place or places in which such property is to be found,

(d) his willingness to place it at the disposal of the Court,

(e) the amount, nature and particulars of his debts, and

(f) the names and residences of his creditors, so far as they are known or can be ascertained by him.

প্রার্থনাপত্রের মর্ম্মের কথা।

৩১৫ ধারা। ঐ প্রার্থনাপত্রে এইং কথা লেখা থাকিবে,

(ক) প্রতিবাদিকে গ্রেপ্তার কি কারাবদ্ধ করা গেল এই কথা।

(খ) তাঁহার যত ও যেং প্রকারের সম্পত্তি আছে ও তাহার বৃত্তান্ত।

(গ) যে বা যেং স্থানে ঐ সম্পত্তি পাওয়া যাইবে এই কথা।

(ঘ) সেই সম্পত্তি আদালতের হস্তে তাঁহার সমর্পণ করিতে ইচ্ছুক হওযার কথা।

(ঙ) তাঁহার যত টাকা ঋণ আছে ও তাহার ভাব ও বৃত্তান্ত।

(চ) যতদূর জানেন কি জানিয়া লইতে পারিলেন ততদূর তাঁহার মহাজনদের নাম ও বাসস্থান ইতি।

Subscription and verification of application

316 The application shall be subscribed and verified by the applicant in manner hereinbefore prescribed for subscribing and verifying plaints

ঐ প্রার্থনাপত্রে স্বাক্ষর করণের ও সত্যাকরণের কথা।

৩১৬ ধারা। পূর্ব্ব বিধানে আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথা লিখিবার যেং আজ্ঞা আছে, প্রার্থক সেই প্রকারে ঐ প্রার্থনাপত্রেও স্বাক্ষর করিয়া সত্যাকরণের কথা লিখিবেন ইতি।

Service on decree holder of copy of application and notice

317 The Court shall fix a day for hearing the application, and shall cause a copy of the application, with a notice in writing of the time and place at which it will be heard, to be served on the holder of the decree or his pleader, and to be published in such manner as the Court thinks fit

ডিক্রীদারকে প্রার্থনাপত্রের নকল ও নোটিস দিবার কথা।

৩১৭ ধারা। আদালত ঐ প্রার্থনা শুনিবার দিন নিরূপণ করিয়া ডিক্রীদারকে কিম্বা তাঁহার উকীলকে ঐ প্রার্থনাপত্রের নকল ও তাহা যে সময়ে ও স্থানে শুনা যাইবে তাহার লিখিত নোটিস দেওয়াইবেন, ও আদালত অন্য যেরূপে উচিত বোধ করেন সেইরূপে তাহা প্রকাশ করাইবেন ইতি।

Power to serve other creditors

318. The Court may also, if it thinks fit, cause a like copy and notice to be served on any other creditor of the applicant or on any person alleging himself to be such creditor and applying for leave to be heard on the application

অন্য মহাজনদিগকে নোটিস দিবার ক্ষমতার কথা।

৩১৮ ধারা। আরো আদালত বিহিত বোধ করিলে প্রার্থকের অন্য কোন মহাজনকে, কিম্বা অন্য কোন ব্যক্তি আপনাকে মহাজন বলিয়া জানাইলে, ও প্রার্থনাপত্রের বিষয়ে কথা কহিবার অনুমতি প্রার্থনা করিলে তাঁহাকেও সেই প্রকারের নকল ও নোটিস দেওয়াইতে পারিবেন ইতি।

Procedure at hearing

319 On the day so fixed, or on any subsequent day to which the Court may adjourn the hearing, the Court shall examine the applicant, in the presence of the persons on whom such notice has been served or their pleaders, as to his then circumstances and as to his future means of payment, and shall hear the decree-holder and the other creditors (if any) in opposition to the applicant's discharge, and may, if it thinks fit, grant time to the decree-holder

শ্রবণের সময়ে কার্য্যপ্রণালীর কথা।

৩১৯ ধারা। যে ব্যক্তিদিগকে ঐ নোটিস দেওয়া যায় আদালত সেই নিরূপিত দিনে কিম্বা তৎপশ্চাৎ ঐ বিষয় শুনিবার অন্য দিন নিরূপণ করিলে সেই দিনে তাঁহাদের কি তাঁহাদের উকীলদের সাক্ষাৎ প্রার্থকের তৎকালীন অবস্থার বিষয়ে ও পশ্চাৎ তাহার টাকা দিবার সম্ভাবিত উপায়ের বিষয়ে তাঁহাকে জিজ্ঞাসাবাদ করিবেন ও ডিক্রীদার কিম্বা অন্য মহাজনেরা থাকিলে তাঁহারা প্রার্থকের মুক্ত হওয়ার বিপক্ষে যে কথা কহিতে চাহেন

and the other creditors (if any) to adduce evidence showing that the applicant is not entitled to be declared an insolvent

তাহাও শুনিবেন, এবং ঋণ শোধ করিবার অক্ষম বলিয়া প্রার্থকের প্রকাশ হওয়ার কোন অধিকার নাই ডিক্রীদার, ও অন্য মহাজনেরা থাকিলে তাঁহারা, যেন ইহা দেখাইবার প্রমাণ উপস্থিত করেন এই নিমিত্ত আদালত বিহিত বোধ করিলে তাঁহাদিগকে অবকাশ দিতে পারিবেন ইতি।

Declaration of insolvency and appointment of Receiver

320 If the Court is satisfied—

(*a*) that the statements in the application are substantially true,

(*b*) that the applicant has not fraudulently concealed, transferred, or removed any of his property,

(*c*) that he has not, knowing himself to be insolvent, unfairly given a preference to any of his creditors by any payment or disposition of his property,

(*d*) that he has not committed any other act of bad faith,

the Court may declare him to be an insolvent, and may make an order appointing a Receiver of his property

যোত্রহীন বলিয়া প্রকাশ হওয়ার ও গ্রাহককে নিযুক্ত করিবার কথা।

৩২০ ধারা। (ক) প্রার্থনাপত্রের লিখিত সকল কথা বাস্তবে সত্য,

(খ) প্রার্থক প্রতারণা করিয়া আপনার কোন সম্পত্তি লুকাইয়া রাখেন নাই ও হস্তান্তর কি স্থানান্তর করেন নাই,

(গ) আপনাকে ঋণশোধ করিতে অক্ষম জানিয়া, মহাজনদের মধ্যে কোন ব্যক্তিকে টাকা দিয়া কিম্বা সম্পত্তি সমর্পণ করিয়া অন্যায়মতে এক মহাজন অপেক্ষা অন্যকে অগ্রগণ্য করেন নাই,

(ঘ) ও বিশ্বাসভঙ্গির অন্য কোন কর্ম্ম করেন নাই,

আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে তাঁহাকে ঋণশোধ করিবার অক্ষম বলিয়া প্রকাশ করিয়া তাঁহার সম্পত্তির গ্রাহক নিযুক্ত হইবার আজ্ঞা করিবেন ইতি।

Effect of order appointing Receiver

321 The order under section 320 appointing a Receiver shall operate to vest in him all the insolvent's property (except such particulars as are specified in section 215) whether set forth in his application or not

গ্রাহককে নিযুক্ত করিবার আজ্ঞার ফলের কথা।

৩২১ ধারা। ৩২০ ধারামতে গ্রাহক নিযুক্ত করিবার আজ্ঞার ফল এই যে (২১৫ ধারার নির্দ্দিষ্ট দ্রব্য ভিন্ন) ঋণ শোধ করিবার অক্ষম ব্যক্তির সমস্ত সম্পত্তি, তাঁহার প্রার্থনাপত্রের মধ্যে ধরা গেলে বা না গেলেও, ঐ গ্রাহকের প্রতি বর্ত্তিবে ইতি।

Receiver to collect assets

322 The Receiver so appointed shall possess himself of all such property, except as aforesaid, and on his certifying that the insolvent has placed him in possession thereof, or has done everything in his power for that purpose, the Court may discharge the insolvent from arrest or imprisonment, as the case may be

Discharge of applicant

গ্রাহকের স্থিত আদায় করিবার কথা।

৩২২ ধারা। তদ্রূপে যে গ্রাহক নিযুক্ত হন তিনি পূর্ব্বোক্ত দ্রব্যাতিরিক্ত ঐ সকল সম্পত্তি অধিকার করিয়া লইবেন। ও যোত্রহীন ঐ ব্যক্তি তাঁহার অধিকারে সকল বিষয় দিয়াছেন কিম্বা তৎপক্ষে যাহা করিতে পারেন করিয়াছেন, গ্রাহক এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিলে, আদালত ঐ যোত্রহীন ব্যক্তিকে আসেধহইতে কিম্বা বিষয় বিশেষে কারাগারহইতে মুক্ত করিয়া দিতে পারিবেন ইতি।

প্রার্থককে ছাড়িয়া দিবার কথা।

Powers of Court as to applicant under arrest

323 Where the applicant is under arrest, the Court may, pending the hearing—

(*a*) order him to be immediately committed to jail, or

(*b*) leave him in the custody of the officer of Court to whom the service of the warrant was entrusted, on the applicant depositing the fees of such officer, which shall be at the same daily rate as the lowest rate charged in the same Court for serving process, or

(*c*) if the applicant furnish sufficient security for his appearance at any time when called upon,

প্রার্থক আসিদ্ধ হইলে আদালতের ক্ষমতার কথা।

৩২৩ ধারা। প্রার্থক আসেধে থাকিলে, আদালত মোকদ্দমা শুনিবার অপেক্ষায়,

(ক) তাঁহাকে অবিলম্বেই কারাগারে রাখিতে আজ্ঞা করিবেন,

(খ) কিম্বা পরওয়ানা জারী করিবার জন্যে যে আমলাকে দেওয়া গেল প্রার্থক তাহার ফী আমানৎ করিলে তাঁহাকে সেই আমলার জিম্মায় থাকিতে দিবেন। ঐ আদালতের পরওয়ানা জারী করিবার খরচ অতি কম যে হিসাবে ধরা গিয়া থাকে ঐ ফী সেই হিসাবে ধরা যাইবে।

(গ) কিম্বা প্রার্থককে যে সময়ে ডাকা যাইবে তিনি সেই সময়ে উপস্থিত হইবার উপযুক্ত জামিন দিলে,

his surety undertaking in default of such appearance to pay the amount mentioned in the warrant, the Court may release the applicant on such security

ও উপস্থিত না হইলে তাঁহার প্রতিভূ ঐ পরওয়ানায় উল্লিখিত টাকা দিতে প্রতিজ্ঞা করিলে, আদালত সেই জামিন লইয়া প্রার্থককে ছাড়িয়া দিতে পারিবেন ইতি।

Applications by creditors

324. The Court shall frame a schedule of creditors and their respective debts according to the justice of the case.

মহাজনদের প্রার্থনাপত্রের কথা।

৩২৪ ধারা। আদালত মহাজনদের ও প্রত্যেক জনের ন্যায়ানুযায়ি পাওনা টাকার তফসীল প্রস্তুত করিবেন।

The declaration under section 320 shall be deemed to be a decree in favour of each of the said creditors for their respective debts

৩২০ ধারামতে যে কথা প্রকাশ করা যায়, তাহা উক্ত মহাজনদের মধ্যে প্রত্যেক ব্যক্তির পাওনা টাকার উপলক্ষে তাঁহার সপক্ষ ডিক্রী বলিয়া জ্ঞান হইবে।

Any creditor of the applicant who is not mentioned in such schedule may apply to the Court for an order directing his name to be inserted therein

ঐ তফসীলে প্রার্থকের কোন উত্তমর্ণের নাম লেখা না গেলে, তিনি আপনার নাম লেখাইবার আজ্ঞা হইবার নিমিত্ত আদালতের নিকট প্রার্থনা করিতে পারিবেন।

Any creditor mentioned in the schedule may apply to the Court for an order altering the schedule so far as regards the amount, nature or particulars of his own debt, or to strike out the name of another creditor, or to alter the schedule so far as regards the amount, nature, or particulars of the debt of another creditor

ঐ তফসীলে যে মহাজনের নাম লেখা থাকে, তাঁহার পাওনা বলিয়া যত টাকা লেখা গেল তদ্বিষয়ের কিম্বা ঋণের ভাব কি বৃত্তান্ত ধরিয়া ঐ তফসীল পরিবর্ত্তন করণার্থে কিম্বা অন্য মহাজনের নাম উঠাইয়া দেওনার্থে কিম্বা অন্য মহাজনের পাওনা বলিয়া যত টাকা লেখা গেল তাহা কিম্বা ঐ ঋণের ভাব কি বৃত্তান্ত ধরিয়া ঐ তফসীল পরিবর্ত্তন করণার্থে আদালতের আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন ইতি।

Duty of Receiver

325. The Receiver shall proceed under the direction of the Court—

গ্রাহকের ইতিকর্ত্তব্যতার কথা।

৩২৫ ধারা। গ্রাহক আদালতের আদেশানুসারে,

(*a*) to convert the property into money

(ক) সম্পত্তি বিক্রয় করিয়া টাকা আদায় করিবেন।

(*b*) to pay thereout debts, fines, and penalties (if any) due by the insolvent to the Crown

(খ) মহারাণীর নিকট ঐ যোত্রহীন ব্যক্তির ঋণ ও ও জরিমানা ও দণ্ড দেনা হইলে ঐ টাকাহইতে তাহাও শোধ করিবেন।

(*c*) to distribute the balance among the scheduled creditors rateably according to the amounts of their respective debts, and without any preference, notwithstanding anything contained in sections 305 and 306

(গ) তফসীলে যেং ব্যক্তিদের নাম লেখা আছে ৩০৫ ও ৩০৬ ধারায় ভাবান্তরের কথা থাকিলেও তাঁহাদের এক জনকে আনার অগ্রগণ্য না করিয়া প্রত্যেক জনের পাওনা অনুসারে হারহারীমতে অবশিষ্ট টাকা বিলি করিবেন।

(*d*) to deliver the surplus, if any, to the insolvent or his legal representative

(ঘ) ও উদ্বর্ত্ত থাকিলে ঐ যোত্রহীন ব্যক্তিকে কিম্বা আইনমতে তাহার স্থলাভিষিক্তকে দিবেন ইতি।

Effect of discharge

326. An insolvent discharged under section 322 shall not (except as provided in section 327) be arrested or imprisoned on account of any of the scheduled debts But (subject to the provisions of section 328) his property (except as excepted in section 321) shall by order of the Court, be liable to attachment and sale until the decrees against him held by the scheduled creditors are fully satisfied or become incapable of being executed

মুক্ত হওয়ার ফলের কথা।

৩২৬ ধারা। ঋণ শোধ করিবার অক্ষম ব্যক্তিকে ৩২২ ধারামতে মুক্ত করা গেলে, কেবল ৩২৭ ধারার নির্দ্দিষ্ট স্থলভিন্ন ঐ তফসীলের উল্লিখিত কোন ঋণ হেতুক তাঁহাকে ধরা কি কারাবদ্ধ করা যাইবে না। কিন্তু তফসীলের লিখিত মহাজনেরা তাঁহার বিপক্ষে যেং ডিক্রী পাইয়াছেন সেইং ডিক্রী সম্পূর্ণরূপে সাধন না হইলে কিম্বা সাধন করা অসাধ্য না হইলে, ৩২৮ ধারার বিধান প্রবল মানিয়া, ৩২১ ধারার বর্জ্জিত দ্রব্য ভিন্ন তাহার অন্য সম্পত্তি আদালতের আজ্ঞাক্রমে ক্রোক ও নীলাম হইবার যোগ্য থাকিবে ইতি।

327. The discharge of the insolvent under section 322, shall not protect him from being arrested again and imprisoned on account of any of the scheduled debts if it be shown that he had,

Defendant liable to be again arrested if proved guilty of fraudulent concealment of property, &c

(*a*) in the application made by him, been guilty of any concealment or of wilfully making any false statement respecting the property belonging to him, whether in possession or in expectancy, or held for him in trust,

(*b*) fraudulently concealed, transferred or removed any property, or

(*c*) committed any other act of bad faith

In any of such cases the Court shall, at the instance of the scheduled creditors, either retain the applicant in confinement, or commit him to jail, as the case may be.

Provided that the term of imprisonment under this section shall not exceed two years from the date of committal.

Or the Court may, if it think fit, send the applicant to the Magistrate to be dealt with according to law

৩২৭ ধারা। ঋণশোধ করণাক্ষম ঐ ব্যক্তিকে ৩২২ ধারামতে মুক্ত করা গেলেও,

প্রতিবাদী সম্পত্তি প্রভৃতি প্রতারণাপূর্ব্বক গোপনে রাখিবার অপরাধী প্রমাণ হইলে তাহার পুনরায় ধৃত হইতে পারিবার কথা।

(ক) তিনি যে দরখাস্ত দিয়াছিলেন, তন্মধ্যে আপনার অধিকৃত কি সম্ভাবিত, কিম্বা আপনার পক্ষে অন্যের নিকট ন্যস্ত সম্পত্তির কোন কথা গোপনে রাখিবার কিম্বা সেই সম্পত্তির বিষয়ে ইচ্ছা করিয়া কোন মিথ্যা কথা কহিবার অপরাধী হইলেন,

(খ) কিম্বা প্রতারণা করিয়া কোন সম্পত্তি গোপনে রাখিলেন কি হস্তান্তর কি স্থানান্তর করিয়া দিলেন,

(গ) কিম্বা কুটিলভাবে অন্য কোন কর্ম্ম করিলেন,

ইহা দর্শান গেলে, তফসীলের লিখিত ঐ ঋণ হেতুক তিনি পুনরায় গ্রেফ্তার হওন কি কারাবদ্ধ হওনহইতে রক্ষা পাইবেন না।

উক্ত কোন স্থলে, তফসীলে লিখিত মহাজনদের অনুরোধে, আদালত প্রার্থককে কারাগারে রাখিতে কিম্বা বিষয়বিশেষে কারাগারে দিতে পারিবেন।

কিন্তু এই ধারামতে তাহার যে কারাবন্ধন হয়, তাহা তাঁহাকে সমর্পণ করিবার তারিখ অবধি দুই বৎসরের অধিক কাল চলিবে না।

কিম্বা আদালত উচিত বোধ করিলে, প্রার্থককে লইয়া আইনমতে কার্য্য হওয়ার নিমিত্ত তাঁহাকে মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইতে পারিবেন ইতি।

328. If the aggregate amount of the scheduled debts is one hundred rupees or a less sum, the Court may declare the insolvent discharged as aforesaid absolved from further liability in respect of such debts

When Court may declare defendant absolved from further liability

৩২৮ ধারা। তফসীলের লিখিত ঋণ মোটে ১০০ টাকা কি তাহার কম হইলে, ঋণশোধ করিবার অক্ষম যে ব্যক্তিকে পূর্ব্বোক্ত মতে মুক্ত করিয়া দেওয়া গেল, আদালত তাঁহাকে সেই সকল ঋণের উপলক্ষে আর দায়হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবেন ইতি।

আদালত যে স্থলে প্রতিবাদিকে দায়হইতে মুক্ত বলিয়া প্রকাশ করিতে পারিবেন তাহার কথা।

328A The Local Government may invest any Court other than a District Court with the powers conferred on District Courts by sections 314 to 328 (both inclusive), and the District Judge may transfer to any such Court any case instituted under section 314

Investment of other Courts with powers of District Courts Transfer of cases

৩২৮ক ধারা। ৩১৪ অবধি ৩২৮ পর্য্যন্ত সকল ধারাক্রমে জিলার নামা আদালতের প্রতি যে সকল ক্ষমতা প্রদান করা গেল, স্থানীয় গবর্ণমেন্ট জিলার আদালত ভিন্ন অন্য কোন আদালতের প্রতিও সেই সকল ক্ষমতা প্রদান করিতে পারিবেন ও ৩১৪ ধারামতে যে মোকদ্দমা উপস্থিত করা যায় উক্ত কোন আদালতে ঐ মোকদ্দমা হস্তান্তর করিয়া দিতে পারিবেন ইতি।

অন্যান্য আদালতের প্রতি জিলার আদালতের ক্ষমতা প্রদান করিবার ও মোকদ্দমা স্থানান্তর করিয়া দিবার কথা।

Questions relating to the Execution of Decrees

329 The following questions shall be determined by order of the Court executing a decree and not by separate suit (namely)—

Determination of questions regarding amount of mesne profits and interest and sum paid in satisfaction of decrees

(*a*) questions regarding the amount of any mesne profits which by the terms of the decree have been directed to be adjusted in the execution of the decree,

ডিক্রী জারী করণসম্পর্কীয় প্রশ্নবিষয়ক বিধি।

৩২৯ ধারা। যে আদালত ডিক্রী জারী করেন সেই আদালতের আজ্ঞাক্রমে নিম্নলিখিত প্রশ্ন সকল নির্ণয় করা যাইবে, স্বতন্ত্র মোকদ্দমা করিয়া নয় বিশেষতঃ,—

ওয়াসিলাৎ ও সুদ বিষয়ে ও ডিক্রীমতে যত টাকা দেওয়া গেল তদ্বিষয়ের প্রশ্ন নির্ণয়ের কথা।

(ক) ডিক্রীপত্রের নিয়মানুসারে, ডিক্রী জারী করণসময়ে ওয়াসিলাৎ নিষ্পত্তি করিবার আজ্ঞা হইলে যত টাকা ওয়াসিলাৎ এই বিষয়ের প্রশ্ন।

(*b*) questions regarding the amount of any mesne profits or interest which the decree has made payable in respect of the subject-matter of a suit between the date of its institution and the execution of the decree,

(*c*) questions relating to sums alleged to have been paid in discharge or satisfaction of the decree,

(*d*) any other questions arising between the parties to the suit in which the decree was passed, and relating to the execution of the decree

Nothing in this section shall be deemed to bar a separate suit for mesne profits accruing between the institution of the first suit and the execution of the decree therein, where such profits are not dealt with by the decree

OF EXECUTION OF A DECREE BEYOND THE LOCAL LIMITS OF THE JURISDICTION OF THE COURT BY WHICH IT WAS MADE

Decree of one Court may be executed within the jurisdiction of another Court

330 A decree of any Court in British India or established by the authority of the Governor-General in Council in the territories of any Native Prince or State of India, which cannot be executed within the jurisdiction of the Court by which it was made, may be executed in the manner hereinafter provided, within the jurisdiction of any other such Court

Application for such execution

331 The holder of a decree may apply to the Court by which it was made to send to the Court by which he wishes it to be executed—

(*a*) a copy of the decree,

(*b*) a certificate setting forth that satisfaction of the decree has not been obtained by execution within the jurisdiction of such Court, or, where the decree has been executed in part, the extent to which satisfaction has been obtained and what part of the decree remains unexecuted, and

(*c*) a copy of any order for execution of the decree that has been passed

Provided that no copy of a decree made by a Court of Small Causes, or in a case cognizable by a Court of Small Causes, shall be sent under this section to a High Court But the holder of any such decree wishing it to be executed in a Presidency Town, may send to the local Court of Small

(খ) যে বিষয় লইয়া মোকদ্দমা হয় সেই বিষয়ের ডিক্রীতে মোকদ্দমা উপস্থিত করিবার তারিখ অবধি ডিক্রীসাধন হইবার তারিখ পর্য্যন্ত ওয়াসিলাৎ কি সুদ দিবার আজ্ঞা হইলে, তাহার কত টাকা হইবে, এই বিষয়ের প্রশ্ন।

(গ) ডিক্রীর পরিশোধে কিম্বা ডিক্রীসাধনক্রমে টাকা দেওয়া গিয়াছে কথিত হইলে, তদ্বিষয়ের প্রশ্ন।

(ঘ) যে মোকদ্দমায় ডিক্রী হইল সেই মোকদ্দমার উভয় পক্ষের মধ্যে ডিক্রী জারী করণবিষয়ক অন্যান্য যে প্রশ্ন উত্থিত হয় তাহা।

প্রথম মোকদ্দমা উপস্থিত করিবার সময়ের ও ঐ মোকদ্দমার ডিক্রী জারী করণসময়ের মধ্যে যত টাকা ওয়াসিলাৎ পাওনা হয়, ডিক্রীতে তদ্বিষয়ের কোন কার্য্য না হইলে, এই ধারার কোন কথাক্রমে সেই ওয়াসিলাতের নিমিত্ত স্বতন্ত্র মোকদ্দমা উপস্থিত করিবার বাধা নাই ইতি।

যে আদালত ডিক্রী করিলেন তাহার এলাকার সীমার বাহিরে ঐ ডিক্রী জারী করণবিষয়ক বিধি।

এক আদালতের ডিক্রী অন্য আদালতের এলাকায় জারী হইতে পারিবার কথা।

৩৩০ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত, কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেবের অনুমতিক্রমে ভারতবর্ষের কোন দেশীয় রাজার দেশে কি রাজ্যাধিকারে স্থাপিত কোন আদালত যে ডিক্রী করেন সেই ডিক্রীমত কার্য্য সেই আদালতের এলাকার মধ্যে সাধন হইতে না পারিলে নিম্নলিখিত বিধানমতে অন্য কোন আদালতের এলাকায় সাধন হইতে পারিবে ইতি।

ডিক্রী তদ্রূপে জারী করিবার দরখাস্তের কথা।

৩৩১ ধারা। ডিক্রী যে আদালতে করা গেল ডিক্রীদার সেই আদালতে দরখাস্ত দিয়া, যে আদালতের দ্বারা ঐ ডিক্রীসাধন করাইতে চাহেন সেই আদালতে এই২ পত্রাদি পাঠাইতে প্রার্থনা করিতে পারিবেন।

(ক) ডিক্রীর নকল।

(খ) ঐ আদালতের এলাকার মধ্যে ডিক্রী সাধন হইতে পারিল না, এই মর্ম্মের সর্টিফিকট, কিম্বা ডিক্রীমত কার্য্যের একাংশ সাধনহইলে যত দূর সাধন হইল ও ডিক্রীর যে অংশ সাধন না হইয়া রহিয়াছে তদ্বিষয়ের সর্টিফিকট, ও

(গ) ডিক্রীসাধন হইবার যে আজ্ঞা করা গেল তাহার নকল।

কিন্তু ক্ষুদ্র মোকদ্দমার আদালতের দ্বারা কিম্বা ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমায় যে ডিক্রী করা যায়, এই ধারাক্রমে সেই ডিক্রীর নকল হাই কোর্টে পাঠান যাইতে পারিবে না। সেই প্রকারের ডিক্রীদার রাজধানীর মধ্যে আপনার ডিক্রী সাধন করাইতে চাহিলে, এই ধারার (ক) (খ) (গ)

Causes, the copies and certificate respectively mentioned in clauses (*a*), (*b*), and (*c*) of this section, and such Court shall thereupon execute the decree as if it had been made by itself

332 The Court, unless there be any sufficient reason to the contrary, shall cause such copies and certificate to be prepared they shall be signed by the Judge or Registrar or Clerk of the Court, and shall be sealed with the seal of the Court, and the Court shall send them by post to the Court by which the holder of the decree wishes it to be executed, if such Court be within the same district, or otherwise to the principal Civil Court of original jurisdiction in the district in which the holder of the decree wishes it to be executed

Copy of decree and order for execution to be sent

333 The Court to which such copies and certificate are sent shall cause them to be filed, without any proof of the decree or order for execution, or of the copies thereof, or of the seal or jurisdiction of any Court, or of the signature of any Judge or officer, unless the Court, under any peculiar circumstances to be specified in an order, requires such proof

Court receiving copies of decree, &c, to file same without proof

334 The copy of the decree and of any order for execution, when filed in the Court to which such copy has been sent for the purpose of being executed as aforesaid, shall, for such purpose, have the same effect as a decree or order for execution made by such Court, and may, if the Court be the principal Civil Court of original jurisdiction in the district, be executed by such Court or by any Court subordinate thereto to which such principal Civil Court may entrust the execution of the same.

Transmitted copy of decree or order to have same effect as decree of Court to which it is sent for execution

335 When the holder of a decree sent under the foregoing provisions for execution by a Court other than the Court which made it applies for execution of the decree to the Court to which it has been so sent, such Court, or any subordinate Court to which the execution of the decree may be entrusted, shall proceed to execute the decree according to the provisions of this Chapter so far as the same are applicable, and, so

Enforcement of execution by Court applied to

প্রকরণের উল্লিখিত নকল ও সর্টিফিকট ঐ স্থানের ক্ষুদ্র মোকদ্দমাব আদালতে পাঠাইবেন। তাহা হইলে ঐ আদালত আপনি সেই ডিক্রী কবিলে যে প্রকারে করিতেন সেই প্রকাবে ঐ ডিক্রী সাধন করিবেন ইতি।

৩৩২ ধারা। বিপরীত কোন বিশিষ্ট কারণ না থাকিলে আদালত সেই নকল ও সর্টিফিকট প্রস্তুত করাইবেন। তাহাতে জজ সাহেব কিম্বা আদালতের রেজিষ্ট্রার কি ক্লার্ক স্বাক্ষর করিবেন ও আদালতের মোহর দেওয়া যাইবে। ও ডিক্রীদার যে আদালতেরদ্বারা ঐ ডিক্রী জারী করাইতে ইচ্ছা করেন তাহা ঐ জিলার অন্তর্গত থাকিলে পূর্ব্বোক্ত আদালত ডাকযোগে সেই আদালতে ঐ ডিক্রীর নকল ও সর্টিফিকট পাঠাইবেন নতুবা ডিক্রীদার যে জিলায় ডিক্রীজারী করাইতে চাহেন সেই জিলার মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন প্রধান দেওয়ানী আদালতে পাঠাইবেন ইতি।

ডিক্রীর নকল ও ডিক্রীজারী করিবার আজ্ঞা পাঠাইবার কথা।

৩৩৩ ধারা। ঐ নকল ও সর্টিফিকট যে আদালতের নিকট পাঠান যায়, সেই আদালত ডিক্রীর, কিম্বা ডিক্রীজারী করিবার আজ্ঞার কিম্বা তাহার নকলের কিম্বা কোন আদালতের মোহরের কি বিচারাধিপত্যের, কিম্বা কোন জজের কি কার্য্যকারকের স্বাক্ষরের প্রমাণ না লইয়া সেই নকল ও সর্টিফিকট গাঁথাইয়া রাখিবেন। কিন্তু গতিক বিশেষে আদালত তদ্রূপ প্রমাণ চাহিলে, আজ্ঞাপত্রে সেই গতিক নির্দ্দেশ করিয়া ঐ প্রমাণ লইতে পারিবেন ইতি।

আদালত ডিক্রীর নকল প্রভৃতি পাইলে বিনা প্রমাণে তাহা গাঁথিয়া রাখিবার কথা।

৩৩৪ ধারা। ডিক্রীর এবং ডিক্রীজারী করিবার কোন আজ্ঞার নকল পূর্ব্বোক্তমতে জারী করিবার জন্যে যে আদালতে পাঠান যায়, সেই আদালতে গাঁথিয়া দেওয়া গেলে, তাহা সেই কার্য্যপক্ষে নিজ সেই আদালতের ডিক্রীর কি জারী করিবার আজ্ঞার ন্যায় বলবৎ হইবে। ও সেই আদালত জিলার মধ্যে মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাবিশিষ্ট প্রধান দেওয়ানী আদালত হইলে, ঐ ডিক্রী কি আজ্ঞা সেই আদালতের দ্বারা কিম্বা সেই প্রধান দেওয়ানী আদালত আপনার অধীন অন্য যে আদালতের প্রতি সমর্পণ করেন সেই আদালতের দ্বারা জারী হইতে পারিবে ইতি।

ডিক্রী জারী করিবার নিমিত্ত যে আদালতে পাঠান যায়, প্রেরিত ডিক্রীর কি আজ্ঞার নকল সেই আদালতের ডিক্রীর তুল্য বলবৎ হইবার কথা।

৩৩৫ ধারা। যে আদালত ডিক্রী করিলেন তদ্ভিন্ন অন্য আদালতে ডিক্রী জারী করিবার নিমিত্ত পূর্ব্বোক্ত বিধানমতে পাঠান গেলে, ডিক্রীদার সেই আদালতে ডিক্রী সাধন হইবার প্রার্থনা করিলে, ঐ আদালত কিম্বা অধীন অন্য যে আদালতের প্রতি ডিক্রীজারী করিবার ভার অর্পণ করা যায়, এই অধ্যায়ের বিধান যত দূর বর্ত্তিতে পারে ঐ আদালত তত দূর সেই বিধানমতে ডিক্রী জারী করিবেন ও যে স্থলে ঐ বিধান

যে আদালতের নিকট প্রার্থনা হয় তাঁহার দ্বারা ডিক্রী প্রবল করা যাইবার কথা।

far as they are not applicable, according to its own rules in the like cases

Such Court shall not enquire into the validity of the decree unless it appear upon the face of the decree that the Court by which it was passed had no jurisdiction to pass it

336 If the Court to which the decree is sent for execution be a High Court, the decree shall be executed by such Court in the same manner as if it had been made by such Court in the exercise of its ordinary original civil jurisdiction

Execution by High Court of decree transmitted by other Court

337 The Court to which the holder of the decree so applies, shall have as large powers in executing the decree as the Court by which it was made would have had if the decree had been capable of being executed within the jurisdiction of the same Court

Powers of Court applied to by decree holder in executing decree

338 The Court to which such application is made or referred for execution as aforesaid, shall take cognizance of and punish all wrongful acts or irregularities done or committed in executing such decree,

Wrongful acts or irregularities in executing decree to be punished by Court applied to

and all persons disobeying or obstructing the execution of the decree shall be punishable by such Court in the same manner as if it had made the decree

339. The Court to which such application is made or referred as aforesaid may, upon sufficient cause being shown, stay the execution of the decree for a reasonable time, to enable the defendant to apply to the Court by which the decree was made, or to any Court having appellate jurisdiction in respect of the decree or the execution thereof, for an order to stay the execution, or for any other order relating to the decree or execution which might have been made by such Court of first instance or appellate Court if execution had been issued thereby, or if application for execution had been made thereto,

Court applied to may in certain cases stay execution

খাটিতে না পারে সেই স্থলে আপনি ঐ গতিকে যে বিধিমতে কর্ম্ম করিয়া থাকেন সেই বিধিমতে কর্ম্ম করিবেন।

যে আদালতে ডিক্রী হইয়াছিল সেই আদালতের ঐ ডিক্রী করিবার ক্ষমতা ছিল না ঐ ডিক্রীর অভিমুখেই ইহা না দেখা গেলে, আদালত ডিক্রীর সিদ্ধাসিদ্ধতার অনুসন্ধান লইবেন না ইতি।

৩৩৬ ধারা। ডিক্রী জারী করিবার নিমিত্ত হাই কোর্টে পাঠান গিয়া থাকিলে ঐ কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতানুসারে কার্য্য করিয়া ঐ ডিক্রী করিলে যেরূপে করিতেন ঐ ডিক্রীও সেইরূপে জারী করিবেন ইতি।

অন্য আদালতের প্রেরিত ডিক্রী হাই কোর্টের দ্বারা জারী হওয়ার কথা।

৩৩৭ নম্বর। ডিক্রী যে আদালতে করা গিয়াছিল, সেই আদালতের এলাকার সীমার মধ্যে তাহা জারী হইতে পারিলে ঐ আদালত যে ক্ষমতানুসারে কার্য্য করিতে পারিতেন, ডিক্রীদার যে আদালতে উক্ত প্রকারের দরখাস্ত করেন সেই২ আদালতেরও সেই ডিক্রী জারীকরণ সম্বন্ধে তত্তুল্য বিস্তৃত ক্ষমতা থাকিবে ইতি।

ডিক্রীদার যে আদালতে দরখাস্ত দেন ডিক্রীজারী করণ পক্ষে ঐ আদালতের ক্ষমতার কথা।

৩৩৮ ধারা। পূর্ব্বোক্তমতে যে আদালতে ডিক্রী জারী করিবার প্রার্থনা করা যায় কি অর্পণ করা যায়, ঐ ডিক্রী জারী করণে কোন অন্যায় কি বেদাঁড়ার কার্য্য হইলে ঐ আদালত তাহার বিচার করিয়া দণ্ড করিবেন,

ডিক্রী জারীকরণ সময়ে অন্যায় কি বেদাঁড়ার কার্য্য হইলে যে আদালতে দরখাস্ত হয় তাহার দণ্ড করিতে পারিবার কথা।

এবং কোন ব্যক্তি ঐ ডিক্রী অমান্য করিলে কি তাহা জারী করিবার বাধা দিলে, ঐ আদালত নিজে ঐ ডিক্রী করিলে যেরূপে করিতেন তদ্রূপে ঐ ব্যক্তির দণ্ড করিতে পারিবেন ইতি।

৩৩৯ ধারা। যে আদালতে ডিক্রী করা যায় সেই আদালতে কিম্বা ঐ ডিক্রী কি তাহার জারীকরণ সম্বন্ধে অন্য যে আদালতের আপীল বিচার করিবার ক্ষমতা থাকে সেই আদালতে ডিক্রী স্থগিত রাখিবার আজ্ঞা হওয়ার নিমিত্ত, কিম্বা ঐ প্রথমস্থলীয় আদালত কি আপীল আদালত ঐ ডিক্রী জারী করিবার আজ্ঞা করিলে, কিম্বা তাঁহার নিকট ডিক্রী জারী করিবার দরখাস্ত হইলে, ঐ আদালত ঐ ডিক্রীর কিম্বা তাহা জারী করণের বিষয়ে অন্য যে আজ্ঞা করিতে পারেন এমত কোন আজ্ঞা হওয়ার নিমিত্ত প্রতিবাদী দরখাস্ত করিবার অবকাশ পান এই অভিপ্রায়ে ঐ দরখাস্ত যে আদালতে করা যায় কিম্বা যে আদালতে ডিক্রী পূর্ব্বোক্তমতে অর্পণ করা যায়, সেই আদালত উপযুক্ত কারণ দেখান গেলে সঙ্গত কালের নিমিত্ত ঐ ডিক্রীজারী স্থগিত রাখিতে পারিবেন।

যে আদালতে দরখাস্ত করা যায় স্থলবিশেষে ডিক্রীজারী স্থগিত রাখিবার ক্ষমতার কথা।

and in case the property or person of the defendant has been seized under an execution, the Court which issued the execution may order the restitution or discharge of such property or person pending the result of such application

340 Before passing an order to stay execution or for the restitution of property or the discharge of the defendant under section 339, the Court may require such security from, or impose such conditions upon, the defendant, as it thinks fit

Before making any order under section 339 Court may require security from, or impose conditions upon, defendant

341 Any such order of the Court in which the decree was passed, or of such Court of appeal as aforesaid, shall be binding upon the Court to which the application for execution was made, and shall be a sufficient indemnity to all persons acting in execution of any process issued by such last-mentioned Court

Order of Court passing decree or of Appellate Court to be binding upon Court applied to

342 No discharge of a defendant under section 339 shall prevent him from being retaken in execution of the decree

Liability of defendant discharged to be retaken

343 The orders of a Court for executing the decree of another Court shall be subject to the same rules in respect of appeal as if the decree had been originally passed by the Court making such orders

Appeal from orders for execution of decrees of other Courts

344 The rules contained in this Chapter shall be applicable to the execution of any judicial process for the sale of property or payment of money which may be ordered by a Civil Court in any civil proceeding

Rules applicable to all civil process for sale or payment

OF CLAIMS TO ATTACHED PROPERTY BY STRANGERS TO THE SUIT

345 If any claim be preferred to, or any objection be made to the sale of, any property which shall have been attached in execution of a decree, as not liable to be sold in execution of the decree against the defendant, the Court shall, subject to the proviso contained in section 351, proceed to investigate the claim or

Investigation of claims and objection to sale of attached property

ও ডিক্রী জারী করিবার কার্য্যক্রমে প্রতিবাদির সম্পত্তি কিম্বা প্রতিবাদিকেই ধৃত করিয়া রাখা গেলে যে আদালত ঐ ডিক্রী জারী করিবার আজ্ঞা করিলেন ঐ দরখাস্তের ফল যত দিন না জানা যায় সেই আদালত ততদিন ঐ সম্পত্তি ফিরিয়া দিবার কিম্বা ঐ ব্যক্তিকে মুক্ত করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৩৪০ ধারা। ৩৩৯ ধারামতে ডিক্রী জারী স্থগিত রাখিবার কিম্বা সম্পত্তি ফিরিয়া দিবার কি প্রতিবাদিকে মুক্ত করিবার আজ্ঞা করণের পূর্ব্বে আদালত প্রতিবাদির স্থানে যে জামীন লওয়া উচিত বোধ করেন লইতে পারিবেন, কিম্বা যে নিয়ম ধার্য্য করা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

৩৩৯ ধারামত আজ্ঞা করিবার পূর্ব্বে প্রতিবাদির স্থানে আদালতের জামিন লইতে কিম্বা তাহাকে নিয়মবদ্ধ করিতে পারিবার কথা।

৩৪১ ধারা। যে আদালতে ডিক্রী করা যায় সেই আদালত কিম্বা পূর্ব্বোক্ত আপীল আদালত উক্ত যে আজ্ঞা করেন, যে আদালতে ডিক্রীজারী করিবার দরখাস্ত করা যায় সেই আদালতের ঐ আজ্ঞা মানিতেই হইবে, এবং শেষোক্ত আদালত যে কোন পরওয়ানা দেন যাঁহারা সেই পরওয়ানামতে কর্ম্ম করেন সেই আজ্ঞা দ্বারাই তাঁহারা ক্ষতির নিষ্কৃতি পাইবেন ইতি।

দরখাস্ত যে আদালতে করা যায় ডিক্রীকারি কিম্বা আপীল আদালতের আজ্ঞা তাঁহার মানিতে হইবার কথা।

৩৪২ ধারা। প্রতিবাদিকে ৩৩৯ ধারামতে মুক্ত করা গেলেও ডিক্রী জারী ক্রমে তাঁহার পুনরায় ধৃত হইবার বাধা নাই ইতি।

প্রতিবাদিকে মুক্ত করা গেলে পুনরায় ধরা যাইতে পারিবার কথা।

৩৪৩ ধারা। কোন আদালত অন্য আদালতের ডিক্রীজারী করণ বিষয়ে যে আজ্ঞা করেন, সেই আদালত আপনি আদৌ ঐ ডিক্রী করিলে ঐ আজ্ঞার উপর আপীল হইবার যে বিধি চলে, তাঁহার সেই আজ্ঞার উপর আপীলের সেই বিধি খাটিবে ইতি।

অন্যান্য আদালতের ডিক্রী জারী করিবার আজ্ঞার উপর আপীলের কথা।

৩৪৪ ধারা। কোন দেওয়ানী আদালত দেওয়ানী মোকদ্দমায় কোন কার্য্যানুষ্ঠান করিয়া সম্পত্তি নীলাম করিবার কিম্বা টাকা দিবার যে পরওয়ানা জারী করিবার আজ্ঞা করেন তাহার প্রতি এই অধ্যায়ের সকল বিধি খাটিবে ইতি।

নীলাম করিবার কি টাকা দিবার সকল দেওয়ানী পরওয়ানার প্রতি যে বিধি খাটে তাহার কথা।

মোকদ্দমার নিঃসম্পর্কীয় ব্যক্তি ক্রোক করা সম্পত্তির উপর দাওয়া করিলে, তদ্বিষয়ক বিধি।

৩৪৫ ধারা। ডিক্রীজারীক্রমে কোন সম্পত্তি ক্রোক করা গেলে, প্রতিবাদির বিপক্ষ ডিক্রীজারীক্রমে তাহা বিক্রয় হইবার যোগ্য নয় বলিয়া সেই সম্পত্তির উপর কোন দাওয়া কিম্বা তাহার বিক্রয় হইবার আপত্তি উপস্থিত করা গেলে, আদালত ৩৫১ ধারার উল্লিখিত উপবিধি প্রবল

ক্রোক করা সম্পত্তির উপর দাওয়ার ও নীলাম করিবার আপত্তির অনুসন্ধান লওয়ার কথা।

objection with the like power as regards the examination of the claimant or objector, and in all other respects, as if he was a party to the suit.

346. The claimant or objector must adduce evidence to show that at the date of the attachment he was entitled to, or possessed of, the property attached.

Evidence to be adduced by claimant

347. If the property is immoveable, and if upon the said investigation the Court is satisfied that, for the reason stated in the claim or objection, such property was not, when attached, in the possession of the party against whom execution is sought, or of some person in trust for him, or in the occupancy of a tenant or other person paying rent to him, or that, being in the possession of the party himself at such time, it was so in his possession, not on his own account or as his own property, but on account of, or in trust for, some other person, the Court shall pass an order for releasing the property from attachment

Release of property from attachment

348 If in like manner the Court is satisfied that the property was in possession of such party, subject to a mortgage or lien in favor of some other person, the Court shall continue the attachment subject to the claims of such other person

Continuance of attachment subject to claim of incumbrancer

349 If the property attached be immovable, and the Court is satisfied that the property was, at the time it was attached, in possession of the party against whom execution is sought as his own property and not on account of any other person, or was in the possession of some other person in trust for him, or in the occupancy of a tenant or other person paying rent to him, the Court shall disallow the claim and may order the sale to proceed at such time as it thinks fit

When Court to disallow claim to release of property attached

350 The party against whom an order is passed under section 347, may bring a suit to establish his right to attach the property, and on obtaining a decree in such suit, the said order shall be set aside.

Person against whom order is passed under section 347 or 349 may sue within one year to establish his right

The party against whom an order is passed under section 349, may, within one year from

মানিয়া সেই দাওয়ার কি আপত্তির অনুসন্ধান লইতে প্রবর্ত্ত হইবেন। সেই দাওয়াদার কি আপত্তিকারক মোকদ্দমার এক পক্ষ হইলে আদালতের যে ক্ষমতা থাকিত, তাঁহার সাক্ষ্য লওনবিষয়ে ও অন্য সকল বিষয়ে সেই ক্ষমতা থাকিবে ইতি।

৩৪৬ ধারা। যে তারিখে সম্পত্তি ক্রোক করা গিয়াছিল সেই তারিখেই সেই সম্পত্তিতে দাওয়াদারের কি আপত্তিকারকের স্বত্ব ছিল কিম্বা সেই সম্পত্তি তাঁহার অধিকারে ছিল ইহা দেখাইবার প্রমাণ তাঁহার উপস্থিত করিতে হইবে ইতি।

দাওয়াদার যে সাক্ষ্য উপস্থিত করিবেন তদ্বিষয়ক কথা।

৩৪৭ ধারা। সম্পত্তি স্থাবর হইলে, ও যে ব্যক্তির বিপক্ষে ডিক্রী জারী করিতে চেষ্টা হইল ঐ দাওয়ার কি আপত্তির উল্লিখিত কারণে সেই সম্পত্তি ক্রোক করণ সময়ে সেই ব্যক্তির অধিকারে, কিম্বা তাঁহার নিমিত্ত ন্যস্তস্বরূপ অন্য ব্যক্তির অধিকারে, কিম্বা তাঁহাকে যে প্রজা কি অন্য ব্যক্তি খাজানা দিয়া থাকেন তাঁহার অধিকারে ছিল না, কিম্বা সেই সময়ে তাঁহার অধিকারে থাকিলেও তাঁহার নিজের নিমিত্ত কিম্বা নিজ সম্পত্তি বলিয়া নয় অন্যের নিমিত্ত কিম্বা অন্যের পক্ষে ন্যস্তস্বরূপ তাঁহার অধিকারে ছিল, আদালত পূর্ব্বোক্ত অনুসন্ধান লইয়া ইহা হৃদ্বোধমতে জানিলে, ক্রোকহইতে ঐ সম্পত্তি মুক্ত করিবার আজ্ঞা দিবেন ইতি।

ক্রোকহইতে সম্পত্তি মুক্ত করিবার কথা।

৩৪৮ ধারা। আরো ঐ সম্পত্তি বন্ধক ক্রমেকি অন্য ব্যক্তির অধিকার করিবার স্বত্বাধীনে ঐ ব্যক্তির অধিকারে ছিল, আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ অন্য ব্যক্তির দাওয়ার অধীনে ঐ সম্পত্তি ক্রোকী অবস্থায় রাখিবেন ইতি।

অন্য ব্যক্তির দাওয়ার অধীনে সম্পত্তি ক্রোক হইয়া থাকিবার কথা।

৩৪৯ ধারা। ক্রোক করা সম্পত্তি স্থাবর হইলে, ও যাঁহার বিপক্ষে ডিক্রী জারী করিবার চেষ্টা হইল, অন্য কাহারো নিমিত্ত না হইয়া নিজ সম্পত্তি বলিয়া তাঁহার অধিকারে কিম্বা তাঁহার নিমিত্ত ন্যস্তস্বরূপ অন্য ব্যক্তির অধিকারে ছিল কিম্বা তাঁহাকে যে প্রজা কি অন্য ব্যক্তি খাজানা দিয়া থাকেন তাঁহার অধিকারে ছিল, আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, ঐ দাওয়া অগ্রাহ্য করিয়া যে সময় উচিত বোধ করেন সেই সময়ে নীলাম হইবার আজ্ঞা করিবেন ইতি।

আদালত যে স্থলে ক্রোক করা সম্পত্তি মুক্ত হওয়ার দাওয়া অগ্রাহ্য করিবেন তাহার কথা।

৩৫০ ধারা। ৩৪৭ ধারামতে যে ব্যক্তির বিপক্ষে আজ্ঞা হয় তিনি ঐ সম্পত্তি ক্রোক করিবার স্বত্ব স্থাপনার্থ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন, ও সেই মোকদ্দমায় ডিক্রী পাইলে ঐ আজ্ঞা অসিদ্ধ হইবে।

৩৪৭ কি ৩৪৯ ধারামতে যে ব্যক্তির বিপক্ষে আজ্ঞা হয় এক বৎসরের মধ্যে তাহার স্বত্ব স্থাপন করিবার মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

৩৪৯ ধারামতে যে ব্যক্তির বিপক্ষে আজ্ঞা হয়, ঐ সম্পত্তি ক্রোক করিবার তারিখে ঐ ক্রোক করা সম্প-

the date of the order, bring a suit for a declaration that at the date of the attachment he was entitled to, or possessed of, the property attached.

ত্তিতে তাঁহার স্বত্ব ছিল কিম্বা ঐ সম্পত্তি তাঁহার অধিকারে ছিল, তিনি ঐ আজ্ঞা হইবার তারিখ অবধি এক বৎসরের মধ্যে এই কথা নির্দ্দেশ করণার্থ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

351. A claim to attached property, or an objection to the sale of such property, shall be made without delay to the Court which ordered the attachment, and if the property to which the claim or objection applies has been advertised for sale, the sale may, if the Court thinks fit, be postponed pending the investigation into the claim or objection

Claims and objections to be made without delay

৩৫১ ধারা। ক্রোক করা সম্পত্তির উপর দাওয়া হইলে, কিম্বা ঐ সম্পত্তির নীলাম হইবার আপত্তি থাকিলে, যে আদালত ক্রোক করিবার আজ্ঞা করিলেন তাঁহার নিকট অবিলম্বে ঐ দাওয়া কি আপত্তি করা যাইবে। ও যে সম্পত্তি লইয়া সেই দাওয়া কি আপত্তি করা যায় তাহার নীলাম হইবার ইশতিহার পূর্ব্বে প্রকাশ হইয়া থাকিলে আদালত বিহিত বোধ করিলে, সেই দাওয়ার কি আপত্তির অনুসন্ধান হওনের অপেক্ষায় নীলাম স্থগিত রাখিতে পারিবেন,

দাওয়া ও আপত্তি অবিলম্বে করিতে হইবার কথা।

Provided that no such investigation shall be made if it appear that the making of the claim or objection was designedly and unnecessarily delayed with a view to obstruct the ends of justice

কিন্তু ন্যায় বিচারের বাধকতা করণের অভিপ্রায়ে ইচ্ছাপূর্ব্বক ও অনাবশ্যকমতে ঐ দাওয়া কি আপত্তি জানাইতে বিলম্ব হইয়াছিল, ইহা দৃষ্ট হইলে তদ্রূপ অনুসন্ধান লওয়া যাইবে না ইতি।

352. If, on the ground of delay in making it, the claim or objection be disallowed, or the Court refuse to investigate it, the proceedings on such claim or objection shall not preclude a suit by the claimant or objector.

If claim or objection be disallowed, claimant or objector may sue

৩৫২ ধারা। ঐ দাওয়া কি আপত্তি জানাইবার বিলম্ব প্রযুক্ত তাহা অগ্রাহ্য হইলে কিম্বা আদালত তাহার অনুসন্ধান লইতে অসম্মত হইলে, ঐ দাওয়া কি আপত্তি সম্পর্কে কার্য্যানুষ্ঠান হইলেও তদ্ধেতুক দাওয়াদারের কি আপত্তিকারকের মোকদ্দমা উপস্থিত করিবার বাধা হইবে না ইতি।

দাওয়া কি আপত্তি অগ্রাহ্য হইলে দাওয়াদারের কি আপত্তিকারকের মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

PART II.

OF INCIDENTAL PROCEEDINGS.

দ্বিতীয় ভাগ।

নৈমিত্তিক কার্য্যানুষ্ঠানের বিধি।

CHAPTER XIX

Of the Death, Marriage, and Insolvency of Parties

১৯ ঊনবিংশ অধ্যায়।

কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণ শোধ করিবার অক্ষমতা হইলে, তদ্বিষয়ক বিধি।

353 The death of a plaintiff or defendant shall not cause the suit to abate if the cause of action survives

No abatement by party's death if cause of action survive

৩৫৩ ধারা। বাদির কি প্রতিবাদির মৃত্যু হইলেও যদি নালিশ করিবার কারণ প্রবল থাকে, তবে মোকদ্দমা স্থগিত হইবে না ইতি।

এক পক্ষের মৃত্যু হইলেও নালিশ করিবার কারণ প্রবল থাকিলে, মোকদ্দমা স্থগিত না হইবার কথা।

Illustrations

(*a*) A covenants with B and C to pay an annuity to B during C's life B and C sue A to compel payment B dies before the decree, the cause of action survives to C, and the suit does not abate

(*b*) In the same case, all the parties die before decree The cause of action survives to the representative of the survivor of B and C, and he may continue the suit against A's representative.

উদাহরণ।

(ক) আনন্দ বলরাম ও চন্দ্রের নিকট এই নিয়ম করেন যে চন্দ্র যত দিন বাঁচিয়া থাকিবেন তত দিন বলরামকে বার্ষিক বৃত্তি দিব। আনন্দের স্থানে ঐ টাকা পাইবার নিমিত্ত বলরাম ও চন্দ্র তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করেন। ডিক্রী হইবার পূর্ব্বে বলরামের মৃত্যু হয়। এমন স্থলে চন্দ্রের পক্ষে নালিশের কারণ প্রবল আছে, ও মোকদ্দমা স্থগিত হইবে না।

(খ) উক্ত উদাহরণের স্থলে, ডিক্রী হইবার পূর্ব্বে উভয়পক্ষের সকল ব্যক্তি মরিলেও বলরাম ও চন্দ্র এই দুই জনের মধ্যে যিনি পশ্চাৎ মরিলেন তাঁহার স্থলাভিষিক্তের পক্ষে নালিশের হেতু প্রবল আছে ও তিনি আনন্দের স্থলাভিষিক্তের বিপক্ষে ঐ মোকদ্দমা চালাইতে পারিবেন।

354. If there be more plaintiffs or defendants than one, and any of them dies, and if the cause of action survives to the surviving plaintiff or plaintiffs alone, or against the surviving defendant or defendants alone, the Court shall cause an entry to that effect to be made on the record, and the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs, or against the surviving defendant or defendants

Proceeding in case of death of one of several plaintiffs or defendants, if cause of action survive

৩৫৪ ধারা। দুই কি তদধিক জন বাদী কি প্রতিবাদী থাকিলে, ও তাঁহারদের কোন ব্যক্তির মৃত্যু হইলেও যদি কেবল অবশিষ্ট বাদির কি বাদিদের সপক্ষে কিম্বা কেবল অবশিষ্ট প্রতিবাদির কি প্রতিবাদিদের বিপক্ষে নালিশের কারণ প্রবল থাকে, তবে আদালত মোকদ্দমার কাগজপত্রের মধ্যে সেই মর্ম্মের কথা লেখাইবেন, এবং অবশিষ্ট বাদির কি বাদিদের অনুরোধে কিম্বা অবশিষ্ট প্রতিবাদির কি প্রতিবাদিদের নামে মোকদ্দমা চলিবে ইতি।

অনেক জন বাদির কি প্রতিবাদির মধ্যে এক জনের মৃত্যু হইলেও নালিশের কারণ প্রবল থাকিলে কার্য্যানুষ্ঠানের কথা।

355 If there be more plaintiffs than one, and any of them dies, and if the cause of action does not survive to the surviving plaintiff or plaintiffs alone, but survives to him or them and the legal representative of the deceased plaintiff jointly, the Court may, on the application of such legal representative, enter his name in the register of the suit in the place of such deceased plaintiff, and the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs and such legal representative

Proceeding in case of death of one of several plaintiffs where cause of action survives to the survivors and representative of deceased

৩৫৫ ধারা। দুই কি তদধিক জন বাদী থাকিলে ও তাঁহাদের এক জন মরিলে যদি নালিশের কারণ কেবল বাদির কি প্রতিবাদিদের পক্ষে প্রবল না হইয়া যিনি আইনমতে মৃত বাদির স্থলাভিষিক্ত হন তাঁহার সংযোগে ঐ বাদির কি বাদিদের পক্ষে নালিশের কারণ প্রবল থাকে, তবে যিনি আইনমতে ঐ স্থলাভিষিক্ত হন আদালত তাঁহার প্রার্থনামতে মোকদ্দমার রেজিষ্টরের মধ্যে ঐ মৃত বাদির স্থানে ঐ স্থলাভিষিক্তের নাম লেখাইবেন, এবং অবশিষ্ট বাদির কি বাদিদের ও আইনমত ঐ স্থলাভিষিক্তের অনুরোধে মোকদ্দমা চলিবে ইতি।

অনেক জন বাদির মধ্যে এক জন মরিলে ও উত্তর জীবীদের এবং মৃত ব্যক্তির স্থলাভিষিক্তের পক্ষে নালিশের কারণ প্রবল থাকিলে কার্য্যানুষ্ঠানের কথা।

356 If no application be made to the Court within a reasonable time by any person claiming to be the legal representative of a deceased plaintiff, the suit shall proceed at the instance of the surviving plaintiff or plaintiffs,

and the legal representative of the deceased plaintiff shall be interested in and bound by the decree passed in the suit, in the same manner as if the suit had proceeded at his instance conjointly with the surviving plaintiff or plaintiffs

Proceeding where no application made by representative of deceased plaintiff

৩৫৬ ধারা। মৃত বাদির আইনমত স্থলাভিষিক্ত বলিয়া দাওয়াদার কোন ব্যক্তি সঙ্গত কালের মধ্যে আদালতে প্রার্থনা না করিলে, অবশিষ্ট বাদির কি বাদিদের অনুরোধে মোকদ্দমা চলিবে।

ও মোকদ্দমায় যে ডিক্রী করা যায় উত্তরজীবী বাদির কি বাদিদের সঙ্গেং যেন মৃত ব্যক্তির আইনমত স্থলাভিষিক্ত ব্যক্তিরও অনুরোধে মোকদ্দমা চলিল, সেই ডিক্রীতে তাঁহার এমত সম্পর্ক থাকিবে ও তিনি সেই ডিক্রীতে এমতে আবদ্ধ হইবেন ইতি।

মৃত বাদির স্থলাভিষিক্ত প্রার্থনা না করিলে কার্য্যানুষ্ঠানের কথা।

357 In case of the death of a sole plaintiff, or sole surviving plaintiff, the Court may, on the application of the legal representative of the deceased, enter his name in the place of such plaintiff in the register of the suit, and the suit shall thereupon proceed

Proceeding in case of death of sole or sole surviving plaintiff

৩৫৭ ধারা। একই বাদির কিম্বা অবশিষ্ট একই বাদির মৃত্যু হইলে, যিনি আইনমতে সেই মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন আদালত তাঁহার প্রার্থনামত মোকদ্দমার রেজিষ্টরের মধ্যে ঐ বাদির স্থানে তাঁহার নাম লিখিবেন ও মোকদ্দমা চলিবে ইতি।

একই বাদির কিম্বা অবশিষ্ট একই বাদির মৃত্যু হইলে কার্য্যানুষ্ঠানের কথা।

358 If no such application be made to the Court within a reasonable time, by any person claiming to be the legal representative of any such deceased plaintiff as aforesaid, the Court may pass an order that the suit shall abate, and award to the defendant the costs which he may have incurred in defending the suit, to be recovered from the estate of such deceased plaintiff as aforesaid,

Abatement where no application by representative of deceased plaintiff

৩৫৮ ধারা। পূর্ব্বোক্ত মৃত বাদির আইনমত স্থলাভিষিক্ত বলিয়া কোন দাওয়াদার সঙ্গত কালের মধ্যে তদ্রূপ প্রার্থনা না করিলে, আদালত মোকদ্দমা স্থগিত হইবার আজ্ঞা করিয়া, মোকদ্দমার উত্তর দেওনে প্রতিবাদির যত খরচ হইল, উক্ত মৃত বাদির সম্পত্তি হইতে তাঁহার ঐ খরচা আদায় করিবার আজ্ঞা করিতে পারিবেন।

মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত প্রার্থনা না করিলে, মোকদ্দমা স্থগিত হইবার কথা।

or the Court may, if it think proper, on the application of the defendant, and upon such terms as to costs or otherwise as it thinks fit, pass such other order as it thinks fit for bringing in the legal representative of such deceased plaintiff as aforesaid, and for proceeding with the suit in order to a final determination of the matter in dispute

কিম্বা প্রতিবাদির প্রার্থনামতে আদালত বিহিত বিবেচনায় খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত জ্ঞান করেন এমত নিয়ম করিয়া, উক্ত মৃত ব্যক্তির আইনমত স্থলাভিষিক্ত ব্যক্তিকে আনাইয়া বিবাদীয় বিষয়ের চূড়ান্ত নিষ্পত্তি করণাভিপ্রায়ে মোকদ্দমা চালাইবার জন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন।

Explanation—A certificate of heirship, or a certificate to collect debts, does not of itself constitute the person holding it the legal representative of the deceased But when the person holding any such certificate obtains thereby property belonging to the deceased, he may be treated as a legal representative liable in respect of such property

অর্থের কথা।—কোন ব্যক্তি উত্তরাধিকারিত্বের সর্টিফিকট কিম্বা ঋণ আদায় করিবার সর্টিফিকট পাইলে, তিনি কেবল তৎক্রমে আইনমতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন না। কিন্তু ঐ সর্টিফিকটধারি ব্যক্তি তদ্দারা মৃত ব্যক্তির কোন সম্পত্তি প্রাপ্ত হইলে আইনমতে ঐ সম্পত্তির উপলক্ষে দায়ি স্থলাভিষিক্ত বলিয়া তাঁহাকে লইয়া কার্য্য হইতে পারিবে ইতি।

Procedure in case of dispute as to representative of deceased plaintiff

359 If any dispute arise as to who is the legal representive of a deceased plaintiff, the Court may either stay the suit until the fact has been determined in another suit, or decide at or before the hearing of the suit who shall be admitted to be such legal representative for the purpose of prosecuting the suit

মৃত বাদির স্থলাভিষিক্ত কে হন, এই বিষয়ে বিবাদ হইলে কার্য্যপ্রণালীর কথা।

৩৫৯ ধারা। আইনমতে কে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত হন, এই বিষয় লইয়া কোন বিবাদ হইলে অন্য মোকদ্দমায় সেই বিষয় নির্ণয় না হওন পর্য্যন্ত আদালত ঐ মোকদ্দমা স্থগিত রাখিবেন, অথবা মোকদ্দমা চালাইবার নিমিত্ত আইনমত স্থলাভিষিক্ত বলিয়া কাহাকে গ্রাহ্য করা যাইবে মোকদ্দমা শুনিবার সময়ে কি তৎপূর্ব্বে ইহা নিষ্পত্তি করিবেন ইতি।

Procedure in case of death of one of several defendants, or of sole or sole surviving defendant

360 If there be more defendants than one, and any of them die, and the cause of action does not survive against the surviving defendant or defendants alone, and also in case of the death of a sole defendant, or sole surviving defendant, where the right to sue survives,

অনেক প্রতিবাদির মধ্যে এক জনের কিম্বা একই কি অবশিষ্ট একই প্রতিবাদির মৃত্যু হইলে কার্য্যপ্রণালীর কথা।

৩৬০ ধারা। দুই কি তদধিক জন প্রতিবাদী থাকিলে ও তাঁহাদের মধ্যে এক জন মরিলে, ও কেবল অবশিষ্ট প্রতিবাদির কি প্রতিবাদিদের বিপক্ষে নালিশের কারণ প্রবল না থাকিলে এবং একই কিম্বা অবশিষ্ট একই প্রতিবাদির মৃত্যু হইলেও মোকদ্দমা করিবার স্বত্ব প্রবল থাকিলে,

the plaintiff may make an application to the Court, specifying the name, description, and place of abode of any person whom the plaintiff alleges to be the legal representative of the deceased defendant, and whom he desires to be made the defendant in his stead

বাদি যাঁহাকে আইনমতে ঐ মৃত প্রতিবাদির স্থলাভিষিক্ত বলিয়া কহেন, ও যাঁহাকে মৃত প্রতিবাদির পরিবর্ত্তে প্রতিবাদী করিতে চাহেন, বাদী তাঁহার নাম ও বর্ণনা ও নিবাস নির্দ্দেশ করিয়া আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

The Court shall thereupon enter the name of such representative in the register of the suit in the place of such defendant,

তাহা হইলে, আদালত মোকদ্দমার রেজিষ্টরের মধ্যে ঐ প্রতিবাদির স্থানে ঐ স্থলাভিষিক্ত ব্যক্তির নাম লিখিবা

and shall issue a summons to such representative to appear on a day to be therein mentioned to defend the suit,

স্থলাভিষিক্ত ব্যক্তির নামে সমন দিয়া তাঁহাকে মোকদ্দমার উত্তর দিবার জন্যে ঐ সমনের লিখিত দিনে উপস্থিত হইবার আজ্ঞা দিবেন।

and the case shall thereupon proceed in the same manner as if such representative had originally been made a defendant and had been a party to the former proceedings in the suit

তাহা হইলে, ঐ স্থলাভিষিক্ত ব্যক্তি প্রথমেই এক জন প্রতিবাদী হইলে ও তৎপূর্ব্বে মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্যের এক পক্ষ হইলে মোকদ্দমা যদ্রূপ চলিত তদ্রূপেই চলিবে।

Provided that the person so made defendant shall be at liberty to object that he is not the legal representative of the deceased defendant, or to make any defence appropriate to his character as such representative

কিন্তু যে ব্যক্তিকে তদ্রূপে প্রতিবাদী করা গেল, তিনি আইনমতে মৃত ব্যক্তির স্থলাভিষিক্ত নই বলিয়া আপত্তি করিতে অথবা স্থলাভিষিক্ত বলিয়া যদ্রূপ উত্তর দেওয়া উচিত তদ্রূপ উত্তর দিতে অনুমতি পাইবেন ইতি।

361. The marriage of a female plaintiff or defendant shall not cause the suit to abate, but the suit may notwithstanding be proceeded with to judgment, and where the decree is against a female defendant, it may thereupon be executed against the wife alone

Suit not abated by marriage of female party

If the case is one in which the husband is by law liable for the debts of his wife, the decree may, with the permission of the Court, be executed against the husband also, and in case of judgment for the wife, execution of the decree may, with such permission, be issued upon the application of the husband, where the husband is by law entitled to the subject-matter of the decree.

362 The bankruptcy or insolvency of a plaintiff in any suit which his assignee might maintain for the benefit of his creditors shall not bar the suit, unless such assignee declines to continue the suit and to give security for the costs thereof within such time as the Court may order

When plaintiff's bankruptcy or insolvency bars suit

If the assignee neglect or refuse to continue the suit, and to give such security within the time limited by the order, the defendant may, within eight days after such neglect or refusal, apply for the dismissal of the suit on the ground of the plaintiff's bankruptcy, or insolvency, and the Court may award to the defendant the costs which he has incurred in defending the suit, to be recovered from the plaintiff's estate

363 The abatement or dismissal of a suit under this chapter shall have the same effect on the rights of the parties as if the suit had been dismissed on the merits

Effect of abatement of parties' rights

CHAPTER XX

OF THE WITHDRAWAL AND ADJUSTMENT OF SUITS

364 If, at any time before judgment, the Court is satisfied on the application of the plaintiff (*a*) that the suit must fail by reason of some formal defect, and (*b*) that there are sufficient grounds for permitting him to withdraw from the suit with liberty to bring a fresh suit for the same matter,

Court may allow plaintiff to withdraw suit, with liberty to bring fresh suit

৩৬১ ধারা। বাদী কি প্রতিবাদী স্ত্রীলোক হইয়া বিবাহ করিলে, তজ্জন্যে মোকদ্দমা স্থগিত হইবে না। তাঁহার বিবাহ হইলেও মোকদ্দমা নিষ্পত্তি না হওন পর্য্যন্ত চালান যাইতে পারিবে। ও প্রতিবাদিনীর বিপক্ষে ডিক্রী হইলে কেবল ঐ স্ত্রীর বিপক্ষে ঐ ডিক্রী জারী করা যাইতে পারিবে।

এক পক্ষ স্ত্রী হইলে তাহার বিবাহহেতুক মোকদ্দমা স্থগিত না হওয়ার কথা।

যে মোকদ্দমায় স্বামী আইনমতে স্ত্রীর ঋণের দায়ী হন এমত মোকদ্দমা হইলে, আদালতের অনুমতি লইয়া ঐ ডিক্রী স্বামির বিপক্ষেও জারী করা যাইতে পারিবে। স্ত্রীর সপক্ষে ডিক্রী হইলে, ও যে বিষয়ের ডিক্রী হয় আইনমতে স্বামির সেই বিষয় পাইবার অধিকার থাকিলে, আদালতের অনুমতি লইয়া স্বামির প্রার্থনামতে ডিক্রী জারী করিবার আজ্ঞা হইতে পারিবে ইতি।

৩৬২ ধারা। কোন মোকদ্দমার বাদী দেউলিয়া কিম্বা ঋণশোধ করিতে অক্ষম হইলেও, তাঁহার আসৈনী মহাজনদের হিতার্থে মোকদ্দমা চালাইতে পারিলে আসৈনী সেই মোকদ্দমা চালাইতে ও আদালত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে মোকদ্দমার খরচার জামিন দিতে অসম্মত না হইলে, ঐ মোকদ্দমা চলিবার বাধা নাই।

বাদী দেউলিয়া কিম্বা ঋণ শোধ করিতে অক্ষম হইলে মোকদ্দমা করিবার বাধা হওয়ার কথা।

আসৈনী ঐ মোকদ্দমা চালাইতে ও আজ্ঞার নিরূপিত সময়ের মধ্যে ঐ জামিন দিতে শৈথিল্য করিলে কি অসম্মত হইলে ঐ শৈথিল্য করণের কি অসম্মত হওনের পর আট দিনের মধ্যে বাদির দেউলিয়া কি ঋণ শোধ করিতে অক্ষম হওয়ার কারণে প্রতিবাদী মোকদ্দমা ডিসমিস হওয়ার প্রার্থনা করিতে পারিবেন। এবং মোকদ্দমার উত্তর দেওয়াতে প্রতিবাদির যত খরচ লাগিল আদালত তাঁহার সেই খরচ পাইবার আজ্ঞা করিতে পারিবেন, বাদির সম্পত্তিহইতে ঐ খরচ আদায় করা যাইবে ইতি।

৩৬৩ ধারা। দোষগুণ বিবেচনায় মোকদ্দমা ডিসমিস হইলে উভয় পক্ষের স্বত্ব পক্ষে যে ফলাফল হয়, এই অধ্যায়মত মোকদ্দমা স্থগিত হইলে কি ডিসমিস করা গেলে স্বত্ব পক্ষে সেই ফলাফল হইবে ইতি।

মোকদ্দমা স্থগিত হইলে উভয় পক্ষের স্বত্বপক্ষে যে ফল হয় তাহার কথা।

২০ বিংশ অধ্যায়।

মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোসে নিষ্পত্তি করণ বিষয়ক বিধি।

৩৬৪ ধারা। (ক) দাঁড়ামত কোন কার্য্যের দোষ হেতুক, মোকদ্দমা অবশ্যই হারিবে, ও (খ) বাদিকে সেই বিষয়ের নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দিয়া সেই মোকদ্দমা উঠাইয়া লইবার অনুমতি দেওয়ার উপযুক্ত কারণ আছে, আদালত নিষ্পত্তির

বাদির প্রতি আদালতের নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দিয়া মোকদ্দমা উঠাইয়া লইতে অনুমতি দিবার কথা।

the Court may grant such permission on such terms as to costs or otherwise as it thinks fit

পূর্ব্ব কোন সময়ে বাদির প্রার্থনামতে ইহা হুবোধমতে জানিলে, খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম উচিত বোধ করেন এমত নিয়ম করিয়া ঐ অনুমতি দিতে পারিবেন।

If the plaintiff withdraw from the suit without such permission, he shall be liable for such costs as the Court may award, and shall be precluded from bringing a fresh suit for the same matter

বাদী সেই অনুমতি বিনা মোকদ্দমাহইতে হাত তুলিলে, আদালত যে খরচার আজ্ঞা করেন তিনি সেই খরচার দায়ী হইবেন ও সেই বিষয়ের নূতন মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন না।

Nothing in this section shall be deemed to authorize the Court to permit one of several plaintiffs to withdraw without the consent of the others

অনেক জন বাদী থাকিলে, আদালত কোন এক ব্যক্তিকে অন্যদের সম্মতি বিনা মোকদ্দমাহইতে হাত তুলিবার অনুমতি দিতে পারেন, এই ধারার কোন কথার এমত অর্থ জানিতে হইবে না ইতি।

Limitation law not affected by first suit

365 In any fresh suit instituted on permission granted under the last preceding section, the plaintiff shall be bound by the law of limitations in the same manner as if the first suit had not been brought

প্রথম মোকদ্দমাহেতুক মিয়াদের আইনের ব্যাঘাত না হইবার কথা।

৩৬৫ ধারা। ইহার পূর্ব্ব ধারামতে অনুমতি হওয়াতে নূতন মোকদ্দমা উপস্থিত করা গেলে, পূর্ব্ব মোকদ্দমা যেন উপস্থিত করা যায় নাই বাদী মেয়াদের আইন দ্বারা এমত বদ্ধ থাকিবেন ইতি।

Compromise of suits

366 If a suit be adjusted by mutual agreement or compromise, or if the defendant satisfy the plaintiff in respect to the matter of the suit, such agreement, compromise, or satisfaction shall be recorded, and the suit shall be disposed of in accordance therewith

আপোসে মোকদ্দমা মিটাইয়া দিবার কথা।

৩৬৬ ধারা। আপোসে একরার কি রাজীনামা হইয়া মোকদ্দমার নিষ্পত্তি হইলে, কিম্বা যে বিষয় লইয়া মোকদ্দমা হয় প্রতিবাদী সেই বিষয়ে বাদির সন্তোষ জন্মাইলে, সেই একরার কি রাজীনামা কি সন্তোষজনক কথা লিপিবদ্ধ করা যাইবে ও তদনুসারে মোকদ্দমা নিষ্পত্তি হইবে ইতি।

CHAPTER XXI

Of Payment into Court

২১ একবিংশ অধ্যায়।

আদালতে টাকা দেওনবিষয়ক বিধি।

Deposit by defendant of amount considered by him to be in full satisfaction of claim with costs up to date

367 The defendant in any suit involving a claim to money, may at any stage of the suit deposit in Court such sum of money as he considers a satisfaction in full of the claim

প্রতিবাদী দাওয়ার পরিশোধ বলিয়া যত টাকা উপযুক্ত জ্ঞান করেন তারিখ পর্য্যন্ত খরচা সহিত তত টাকা আমানৎ করিলে তাহার কথা।

৩৬৭ ধারা। যে মোকদ্দমার মধ্যে টাকার দাওয়া থাকে, সেই মোকদ্দমার প্রতিবাদী দাওয়ার সম্পূর্ণ পরিশোধ বলিয়া যত টাকা প্রচুর জ্ঞান করেন মোকদ্দমা চলিবার কোন সময়ে আদালতে তত টাকা আমানৎ করিতে পারিবেন।

Notice of deposit

Notice of the deposit shall be given by the defendant to the plaintiff, and the amount of the deposit shall be paid to the plaintiff on his application

আমানৎ করিবার নোটিসের কথা।

প্রতিবাদী ঐ টাকা আমানৎ করিবার নোটিস বাদিকে দিবেন। ও বাদির প্রার্থনামতে আমানতী টাকা তাঁহাকে দেওয়া যাইবে।

Interest on the sum deposited not allowed to plaintiff after receipt of notice.

No interest shall be allowed to the plaintiff on any sum deposited by the defendant from the date of the receipt of such notice, whether the sum deposited be in full of the claim or fall short thereof

নোটিস পাইলে পর সেই আমানতীটাকার উপর বাদির সুদ না পাইবার কথা।

প্রতিবাদী যত টাকা আমানৎ করিলেন তাহা সম্পূর্ণ দাওয়ার পরিশোধ হইলে কিম্বা ন্যূন পড়িলেও ঐ নোটিস পাইবার তারিখ অবধি বাদির সেই টাকার উপর সুদ পাইবার অনুমতি হইবে না ইতি।

Procedure where plaintiff accepts the deposit as satisfaction in part.

368. If the plaintiff accept such amount only as satisfaction in part of his claim, he may prosecute his suit for the balance, but if the Court decides that the payment by the defendant has been a full

বাদী আপন দাওয়ার একাংশ বলিয়া ঐ আমানৎ গ্রাহ্য করিলে কার্য্য প্রণালীর কথা।

৩৬৮ ধারা। বাদী আপন দাওয়ার অংশমাত্রের পরিশোধে ঐ আমানতের টাকা গ্রাহ্য করিলে বাকী টাকার নিমিত্ত মোকদ্দমা চালাইতে পারিবেন। কিন্তু প্রতিবাদী যে টাকা দিলেন

satisfaction of the plaintiff's claim, the plaintiff must pay the costs of the suit.

আদালত সেই টাকা বাদির সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া নিষ্পত্তি করিলে, মোকদ্দমার খরচ বাদির দিতে হইবে।

Procedure where he accepts the deposit as satisfaction in full

If the plaintiff accept such amount as satisfaction in full of his claim, he shall file in Court a statement to that effect, and the Court shall pass judgment accordingly, and in directing by whom the costs of each party are to be paid, the Court shall consider which of the parties is most to blame for the litigation

সেই আদালতের টাকা সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া গ্রাহ্য করিলে কার্য্য প্রণালীর কথা।

বাদী আপনার সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া সেই টাকা গ্রাহ্য করিলে, তিনি আদালতে সেই মর্ম্মের বর্ণনাপত্র অর্পণ করিবেন ও আদালত তদনুসারে নিষ্পত্তি করিবেন। ও খরচের মত টাকা যাহার দিতে হইবে ইহার আজ্ঞা করিতে গেলে, ঐ বিবাদ উপস্থিত করণবিষয়ে কোন্ পক্ষের অধিক দোষ ছিল আদালত ইহা বিবেচনা করিয়া ঐ আজ্ঞা করিবেন ইতি।

Illustrations

উদাহরণ।

(*a*) A owes B Rs 100 B sues A for the amount, having made no demand for payment and having no reason to believe that the delay caused by making a demand would place him at a disadvantage On the plaint being filed A pays the money into Court B accepts it in full satisfaction of his claim, but the Court should not allow him any costs, the litigation being presumably groundless on his part

(ক) আনন্দ বলরামের ১০০ টাকা ধারেন। বলরাম তাঁহার স্থানে সেই টাকা না চাহিয়া ও চাহিলে যে বিলম্ব হইতে পারে তদ্দ্বারা তাহার হানি যে হইবে এমত বোধ করিবার কোন কারণ না থাকিয়াও আনন্দের নামে সেই টাকা পাইবার মোকদ্দমা উপস্থিত করেন। আবেদনপত্র দেওয়া গেলেই আনন্দ আদালতে ঐ টাকা গচ্ছিত করিলেন। বলরাম আপনার সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া ঐ টাকা গ্রাহ্য করেন। কিন্তু তাঁহার খরচা পাইবার আজ্ঞা আদালতের দেওয়া কর্ত্তব্য নয়, যে হেতুক তাঁহার মোকদ্দমা করিবার উপস্থিত কোন কারণ ছিল না ইহার অনুমান হইতে পারে।

(*b*) B sues A under the circumstances mentioned in illustration (*a*) On the plaint being filed A disputes the claim Afterwards A pays the money into Court B accepts it in full satisfaction of his claim The Court should also give B his costs of suit, A s conduct having shown that the litigation was necessary

(খ) (ক) উদাহরণের উল্লিখিত ভাবগতিকে বলরাম আনন্দের নামে মোকদ্দমা উপস্থিত করেন ও আবেদনপত্র অর্পণ করা গেলে, আনন্দ প্রথমে সেই দাওয়ার প্রতিবাদ করিয়া, পরে আদালতে ঐ টাকা গচ্ছিত করেন, বলরামও আপন সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া ঐ টাকা লন। এই স্থলে তাঁহার মোকদ্দমার খরচাও পাইবার আজ্ঞা করা আদালতের কর্ত্তব্য যে হেতুক আনন্দের আচরণ দ্বারা সেই মোকদ্দমা উপস্থিত করা আবশ্যক বলিয়া দেখা গেল।

(*c*) A owes B Rs 100, and is willing to pay him that sum without suit B claims Rs 150 and sues A for that amount On the plaint being filed A pays Rs 100 into Court and disputes only his liability to pay the remaining Rs 50 B accepts the Rs 100 in full satisfaction of his claim The Court should order him to pay A's costs

(গ) আনন্দ বলরামের ১০০ টাকা ধারেন ও মোকদ্দমা বিনা তাঁহাকে সেই টাকা দিতে সম্মত হন। বলরাম ১৫০ টাকার দাওয়া করিয়া তজ্জন্যে মোকদ্দমা উপস্থিত করেন। আবেদনপত্র অর্পণ করা গেলে, আনন্দ ১০০ টাকা আদালতে গচ্ছিত করিয়া বাকী ৫০ টাকার দায়ী নই বলিয়া প্রতিবাদ করেন। বলরাম সম্পূর্ণ দাওয়ার পরিশোধ বলিয়া ঐ টাকা গ্রহণ করিলেন আনন্দের খরচও তাঁহার দিবার আজ্ঞা করা আদালতের কর্ত্তব্য।

(*d*) A pays Rs 100 into Court under the circumstances mentioned in illustration (*c*) B accepts it in part discharge of his claim, and continues the suit for the remainder B fails The Court should order him to pay all the costs of the suit

(ঘ) (গ) উদাহরণের উল্লিখিত ভাবগতিকে আনন্দ আদালতে ১০০ টাকা গচ্ছিত করেন। বলরাম আপন দাওয়ার অংশমাত্রের পরিশোধে ঐ টাকা গ্রহণ করিয়া, বাকীর নিমিত্তে মোকদ্দমা চালাইলেন কিন্তু জীতিলেন না। মোকদ্দমার সকল খরচাও তাহারই দিতে হইবে আদালতের এই আজ্ঞা করা উচিত।

The above illustrations assume that save what is therein mentioned there is nothing in the conduct of the parties which should influence the Court in awarding costs

উক্ত উদাহরণে এই অনুভব হইল যে আদালত যাহাতে খরচা বিষয়ক অন্যরূপ আজ্ঞা দেওয়া বিহিত বোধ করিতে পারেন উভয় পক্ষের আচরণে ঐ উদাহরণের লিখিত বিষয় ভিন্ন এমত কোন বিষয় নাই।

CHAPTER XXII

Of Requiring Security for Costs

When security for costs is to be furnished by plaintiff at the time of presenting the plaint

369. When the plaintiff ordinarily resides out of British India, and does not possess any sufficient immoveable property within British India independent of the property in suit, he shall, on presenting the plaint, or within such time as the Court may fix, furnish security for the payment of the costs that may be incurred by the defendant

When security for costs may be required from the plaintiff at any stage of suit

370. If at any subsequent stage of a suit it appears to the Court that a sole plaintiff is, or that all the plaintiffs (when there are more plaintiffs than one) are residing out of British India, and such plaintiff or plaintiffs does not or do not possess any sufficient immoveable property within British India independent of the property in suit, the Court may order the plaintiff or plaintiffs, within a time to be fixed by the order, to give security for the payment of all costs incurred and likely to be incurred by the defendant

Procedure where requisition is not complied with

In the event of such security not being furnished within the time so fixed, the Court shall pass a decree against the plaintiff or plaintiffs by default, unless he or they be permitted to withdraw from the suit under the provisions of section 364

Residence out of British India

371 A person is considered to be resident out of British India within the meaning of the two last preceding sections, who leaves British India under such circumstances as to afford reasonable probability that he will not be forthcoming whenever he may be called upon to pay costs

---

CHAPTER XXIII

Of Setting Aside Decrees by Default and ex parte

Setting aside decree *ex parte* against defendant

372 In any case in which a decree is passed *ex parte* against a defendant under section 92, he may, within a reasonable time, not exceeding thirty days after any process for enforcing the decree has been executed, apply to the Court by which the decree was made for an order to set it aside,

২২ দ্বাবিংশ অধ্যায়।

খরচার জামিন লওনবিষয়ক বিধি।

আবেদনপত্র উপস্থিত করণ সময়ে বাদির খরচার জামিন দিতে হইবার কথা।

৩৬৯ ধারা। বাদী সচরাচর ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করিলে ও মোকদ্দমায় যে সম্পত্তি লিপ্ত আছে তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে তাহার আর প্রচুর সম্পত্তি না থাকিলে, প্রতিবাদির যে খরচা হইতে পারিবে বাদী আবেদনপত্র উপস্থিত করাসময়ে কিম্বা আদালত যে সময় নিরূপণ করেন সেই সময়ের মধ্যে ঐ খরচ দিবার জামিন দিবেন ইতি।

মোকদ্দমা চলিবার কোন সময়ে বাদির স্থানে খরচার জামিন যে স্থলে লওয়া যাইতে পারিবে তাহার কথা।

৩৭০ ধারা। এক জন বাদী হইলে তিনি, কিম্বা দুই কি তদধিক জন বাদী থাকিলে তাঁহারা সকলে ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করেন ও মোকদ্দমায় যে সম্পত্তি লিপ্ত আছে তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে ঐ বাদির কি বাদিদের স্বতন্ত্র প্রচুর সম্পত্তি নাই মোকদ্দমা চলনের কোন সময়ে আদালত ইহা জানিতে পাইলে, প্রতিবাদির যত টাকা খরচ হইয়াছে ও আর যত হইবার সম্ভাবনা বাদিকে কি বাদিদিগকে নিরূপিত সময়ের মধ্যে তত টাকা খরচ শোধ করিবার জামিন দিবার আজ্ঞা করিতে পারিবেন।

সেই আজ্ঞামতে কর্ম্ম না করা গেলে কার্য্যপ্রণালীর কথা।

ঐ নির্দ্ধারিত সময়ের মধ্যে সেই জামিন না দেওয়া গেলে, এবং ৩৬৪ ধারার বিধানমতে ঐ বাদী কি বাদিরা মোকদ্দমাহইতে হাত তুলিয়া লইবার অনুমতি না পাইলে, আদালত ত্রুটি হেতু বাদির কি প্রতিবাদির বিপক্ষ ডিক্রী করিবেন ইতি।

ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করার অর্থের কথা।

৩৭১ ধারা। কোন ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষহইতে যে ভাবগতিকে চলিয়া যান তদ্বিবেচনায় খরচ দিবার আজ্ঞা হইলে তাঁহাকে পাওয়া যাইবে না সম্ভবমতে এমত অনুভব থাকিলে, ইহার পূর্ব্ব দুই ধারার মর্ম্মানুসারে তিনি ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করেন বলিয়া জ্ঞান হইবে ইতি।

---

২৩ ত্রয়োবিংশ অধ্যায়।

ত্রুটিহেতুক কিম্বা এক পক্ষমাত্র উপস্থিত থাকিতে যে ডিক্রী হয় তাহা অসিদ্ধ করণ বিষয়ক বিধি।

প্রতিবাদী উপস্থিত না থাকিলে তাহার বিপক্ষে যে ডিক্রী হয় তাহা অসিদ্ধ করিবার কথা।

৩৭২ ধারা। কোন মোকদ্দমায় কেবল এক পক্ষ উপস্থিত থাকিতে ৯২ ধারামতে প্রতিবাদির বিপক্ষে ডিক্রী হইয়া থাকিলে, যে আদালতে ডিক্রী হইয়াছিল ডিক্রী প্রবল করণার্থ কোন পরওয়ানা জারী হইলে পর ত্রিশ দিনের অনধিক সঙ্গত সময়ের মধ্যে, প্রতিবাদী সেই আদালতে ঐ ডিক্রী অসিদ্ধ করিবার প্রার্থনা করিতে পারিবেন।

and if it be proved to the satisfaction of the Court that the summons was not duly served, or that the defendant was prevented by any sufficient cause from appearing when the suit was called on for hearing, the Court shall pass an order to set aside the decree upon such terms as to costs, payment into Court, or otherwise, as it thinks fit, and shall appoint a day for proceeding with the suit

ও সমন নিয়মমতে দেওয়া যায় নাই কিম্বা মোকদ্দমা শুনিবার নিমিত্ত যে সময়ে উপস্থিত করা গেল উপযুক্ত কোন কারণে প্রতিবাদির সেই সময়ে উপস্থিত হইবার বাধা হইয়াছিল আদালতের হৃদ্বোধমতে এই কথার প্রমাণ করা গেলে, আদালত খরচার বিষয়ে ও আদালতে টাকা আমানৎকরণ প্রভৃতির বিষয়ে যে নিয়ম করা উচিত জ্ঞান করেন এমত নিয়ম করিয়া ঐ ডিক্রী অসিদ্ধ হইবার আজ্ঞা করিবেন ও মোকদ্দমার কার্য্যানুষ্ঠান করিবার দিন নিরূপণ করিবেন ইতি।

373 In any case in which the decree is passed against a plaintiff by default under section 96, he may within thirty days from the date of the decree apply for an order to set it aside, and if it be proved to the satisfaction of the Court that the plaintiff was prevented by any sufficient cause from appearing when the suit was called on for hearing, the Court shall pass an order to set aside the decree upon such terms as to costs or otherwise as it thinks fit, and shall appoint a day for proceeding with the suit

Setting aside decree by default against plaintiff

৩৭৩ ধারা। বাদির ত্রুটিহেতুক ৯৬ ধারামতে তাঁহার প্রতিকূলে ডিক্রী হইলে তিনি ডিক্রীর তারিখ অবধি ত্রিশ দিনের মধ্যে ঐ ডিক্রী অসিদ্ধ করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন। এবং মোকদ্দমা শুনিবার নিমিত্ত যে সময়ে উপস্থিত করা যায় উপযুক্ত কোন কারণে বাদির সেই সময়ে উপস্থিত হইবার বাধা ছিল, আদালতের হৃদ্বোধমতে এই কথার প্রমাণ করা গেলে, আদালত খরচাপ্রভৃতির বিষয়ে যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়মমতে ডিক্রী অসিদ্ধ হইবার আজ্ঞা করিয়া মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হইবার দিন নিরূপণ করিবেন ইতি।

ত্রুটিহেতুক বাদির প্রতিকূলে যে ডিক্রী হয় তাহা অসিদ্ধ করিবার কথা।

374 No decree shall be set aside on any such application as aforesaid unless notice thereof has been served on the opposite party

No decree to be set aside without notice to opposite party

৩৭৪ ধারা। বিপক্ষ পক্ষকে নোটিস দেওয়া না গেলে পূর্ব্বোক্ত কোন প্রার্থনামতে কোন ডিক্রী অসিদ্ধ করা যাইবে না ইতি।

বিপক্ষ পক্ষকে নোটিস না দিলে ডিক্রী অসিদ্ধ করিতে না হইবার কথা।

375 In every case in which the Court passes an order under section 372 or section 373 for setting aside a decree, the order shall be final

Order for setting aside decree to be final

৩৭৫ ধারা। আদালত ৩৭২ কি ৩৭৩ ধারামতে ডিক্রী অসিদ্ধ করিবার আজ্ঞা করিলেই ঐ আজ্ঞা চূড়ান্ত হইবে ইতি।

ডিক্রী অসিদ্ধ করিবার আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।

CHAPTER XXIV

Of Commissions

২৪ চতুর্ব্বিংশ অধ্যায়।

কমিশ্যন বিষয়ক বিধি।

A.—Commissions to examine witnesses

ক।—সাক্ষিদের সাক্ষ্য লইবার জন্যে কমিশ্যনের কথা।

376. The Court may order a commission to issue for the examination on interrogatories or otherwise of the following persons —

Cases in which Court may issue commission to examine witness

(*a*) persons who, under section 162 or section 164, are not bound to attend the Court,

(*b*) persons who are from sickness or infirmity unable to attend,

(*c*) persons exempted by reason of rank or sex from appearing in Court

৩৭৬ ধারা। আদালত নিম্নলিখিত ব্যক্তিদের সাক্ষ্য লইবার জন্যে প্রশ্ন লেখাইয়া কিম্বা প্রকারান্তরে কমিশ্যন দিবার আজ্ঞা করিতে পারিবেন।—

সাক্ষিদের সাক্ষ্য লইবার জন্যে যে স্থলে কমিশ্যন দেওয়া যাইতে পারে তাহার কথা।

(ক) ১৬২ কিম্বা ১৬৪ ধারামতে যে ব্যক্তিরা আদালতে প্রবেশ করিতে বদ্ধ নহেন তাঁহাদের।

(খ) যাঁহারা পীড়া কি দুর্ব্বলতাপ্রযুক্ত আদালতে যাইতে না পারেন তাঁহাদের।

(গ) মানহেতুক কিম্বা স্ত্রী প্রযুক্ত যাঁহারা আদালতে প্রবেশন হইতে মুক্ত তাঁহাদের ইতি।

377 Such order may be made by the Court either of its own motion, or on the application of any party to the suit, or of the witness to be examined.

Order for commission may be made either on application of parties or by Court of its own accord

৩৭৭ ধারা। আদালত আপনার বিবেচনামতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে কিম্বা যে ব্যক্তির সাক্ষ্য লইতে হইবে তাঁহার প্রার্থনামতে ঐ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কোন পক্ষের প্রার্থনামতে কিম্বা আদালতের নিজ বিবেচনামতে কমিশ্যন দিবার আজ্ঞার কথা।

Directions for examination

378. The Court may, by the same or any subsequent order, give such directions as to taking the examination of an absent witness as it thinks fit.

When witness resides within Court's jurisdiction.

379. If a Commission be issued for the examination of a person who resides within the jurisdiction of the Court issuing the Commission, the Commission may be issued to any officer of the Court or to any Court subordinate to such Court, or to any other person whom the Court issuing the Commission thinks proper to appoint to execute the same.

When witness resides beyond Court's jurisdiction, but in British India

380. If the person resides at some place in British India beyond the jurisdiction of the Court issuing the Commission, the Commission shall ordinarily be issued to any Court, not being a High Court, within whose jurisdiction he resides, and which can most conveniently execute the same.

Provided that, under special circumstances, the Commission may be issued to any person whom the Court issuing it thinks fit to appoint.

When witness is within local limits of ordinary original civil jurisdiction of a High Court

381. If the person resides beyond the jurisdiction of the Court issuing the Commission and within the local limits of the ordinary original civil jurisdiction of any High Court, the Commission shall be issued to the Court of Small Causes within whose jurisdiction the witness resides, or to any Court, other than a High Court, which now exists or may hereafter be established with jurisdiction within the same local limits.

Provided that, under special circumstances, the Commission may be directed to any person whom the Court issuing the Commission thinks fit to appoint.

When witness is not within British India

382. In the case of a person residing at any place not within British India, the Court, if satisfied that the evidence of such person is necessary, may of its own motion or on the application of any of the parties to the suit issue a Commission for his examination.

সাক্ষ্য লওন বিষয়ক উপদেশের কথা।

৩৭৮ ধারা। আদালত সেই কিম্বা তৎপশ্চাৎ অন্য আজ্ঞাক্রমে অনুপস্থিত সাক্ষির সাক্ষ্য লওন বিষয়ক যে উপদেশ দেওয়া উচিত জ্ঞান করেন, দিতে পারিবেন ইতি।

সাক্ষী আদালতের এলাকার মধ্যে বাস করিলে তদ্বিষয়ের কথা।

৩৭৯ ধারা। যে আদালতহইতে কমিশ্যন বাহির হয় সেই আদালতের এলাকার মধ্যবাসি কোন ব্যক্তির সাক্ষ্য লইবার জন্যে ঐ কমিশ্যন বাহির হইলে ঐ আদালতের কোন আমলাকে, কিম্বা ঐ আদালতের অধীন কোন আদালতকে, কিম্বা যে আদালতহইতে কমিশ্যন বাহির হয় সেই আদালত ঐ কমিশ্যনমতে কার্য্য করণার্থে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহাকে, ঐ কমিশ্যন দেওয়া যাইতে পারিবে ইতি।

সাক্ষী আদালতের এলাকার বহির্ভূত কিন্তু ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত স্থানে বাস করিলে তদ্বিষয়ের কথা।

৩৮০ ধারা। যে আদালতহইতে কমিশ্যন বাহির হয় উক্ত ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে কিন্তু সেই আদালতের এলাকার বহির্ভূত স্থানে বাস করিলে, তিনি যে আদালতের এলাকার মধ্যে বাস করেন ও যে আদালতের দ্বারা ঐ কমিশ্যনমত কার্য্য করা সুবিধা হয়, ঐ কমিশ্যন হাই কোর্ট ছাড়া সচরাচর এমত কোন আদালতে দেওয়া যাইবে।

কিন্তু যে আদালতহইতে কমিশ্যন বাহির হয় গতিক বিশেষে সেই আদালত যে ব্যক্তিকে নিযুক্ত করা উচিত জ্ঞান করেন তাঁহাকেই ঐ কমিশ্যন দেওয়া যাইতে পারিবে ইতি।

সাক্ষী হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাধীন স্থানে বাস করিলে তদ্বিষয়ের কথা।

৩৮১ ধারা। যে আদালতহইতে কমিশ্যন বাহির হয়, উক্ত ব্যক্তি সেই আদালতের এলাকার বহির্ভূত কিন্তু কোন হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতাধীন স্থানে বাস করিলে, ক্ষুদ্র মোকদ্দমার যে আদালতের এলাকার মধ্যে সাক্ষী বাস করেন ঐ কমিশ্যন সেই আদালতে, কিম্বা সেই সীমার মধ্যে বিচারাধিপত্য বিশিষ্ট যে হাই কোর্ট এইক্ষণে আছে কি পশ্চাৎ স্থাপিত হইতে পারিবে, তদ্ভিন্ন কোন আদালতে দেওয়া যাইতে পারিবে,

কিন্তু যে আদালতহইতে কমিশ্যন বাহির হয়, গতিক বিশেষে সেই আদালত যে ব্যক্তিকে নিযুক্ত করা উচিত বোধ করেন ঐ কমিশ্যন সেই ব্যক্তিকে দেওয়া যাইতে পারিবে ইতি।

সাক্ষী ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে না থাকিলে তাহার কথা।

৩৮২ ধারা। যে ব্যক্তি ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কোন স্থানে বাস না করেন এমত ব্যক্তির সাক্ষ্য লওয়া আবশ্যক আদালত ইহা জ্ঞাতমতে জানিতে পাইলে আপনার বিবেচনামতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে তাঁহার সাক্ষ্য লইবার কমিশ্যন দিতে পারিবেন।

Provided that, if the suit be pending in any Court subordinate to the District Court, such subordinate Court shall not issue the Commission, but the District Court may issue the Commission on the application of the subordinate Court

কিন্তু মোকদ্দমা জিলার আদালতের অধীন কোন আদালতে উপস্থিত থাকিলে, ঐ অধীন আদালত কমিশ্যন দিবেন না, কিন্তু অধীন আদালতের প্রার্থনামতে জিলার আদালত ঐ কমিশ্যন দিতে পারিবেন ইতি।

383. After the Commission has been duly executed, it shall be returned together with the evidence taken under it, to the Court out of which it issued, unless the order for issuing the Commission has otherwise directed, in which case the Commission shall be returned in terms of such order, and the Commission and the return thereto, and the evidence taken under it, shall form part of the record of the suit

Commission when executed to be returned to Court issuing it with depositions of witnesses.

৩৮৩ ধারা। কমিশ্যনঅনুসারে কার্য্য রীতিমতে করা গেলে পর, যে আদালতহইতে কমিশ্যন বাহির হইয়াছিল, সেই আদালতে সাক্ষিদের সাক্ষ্য সহিত ঐ কমিশ্যন ফিরিয়া পাঠাইতে হইবে। কিন্তু যে আজ্ঞামতে কমিশ্যন দেওয়া গেল তন্মধ্যে অন্য প্রকারের আজ্ঞা থাকিলে ঐ আজ্ঞার মর্ম্মানুসারে ঐ কমিশ্যন ফিরিয়া পাঠাইতে হইবে এবং সেই কমিশ্যন ও তাহার প্রত্যাবর্ত্তন ও তদনুসারে যে সাক্ষ্য লওয়া গেল তাহা সকলই মোকদ্দমার কাগজপত্রের একাংশ বলিয়া রাখা যাইবে ইতি।

কমিশ্যনমতে কার্য্য করা গেলে পর সাক্ষিদের সাক্ষ্য সহিত আদালতে ফিরিয়া পাঠাইবার কথা।

384. Evidence taken under a Commission shall not be read as evidence in the suit without the consent of the party against whom the same is offered, unless

When depositions may be read in evidence.

৩৮৪ ধারা। কমিশ্যনমতে যে সাক্ষ্য লওয়া যায় তাহা যে পক্ষের প্রতিকূলে দেওয়া যায় তাঁহার অনুমতি বিনা মোকদ্দমায় প্রমাণস্বরূপে পাঠ করা যাইবে না।

ঐ সাক্ষ্য যে স্থলে প্রমাণস্বরূপ পাঠ করা যাইতে পারিবে তাহার কথা।

(*a*) the person who gave the evidence is beyond the jurisdiction of the Court, or dead, or unable from sickness or infirmity to attend to be personally examined, or exempted from personal appearance in Court, or

(ক) কিন্তু যে ব্যক্তি ঐ সাক্ষ্য দিলেন তিনি আদালতের এলাকার বহির্ভূত স্থানে থাকিলে, কিম্বা মৃত হইলে, কিম্বা পীড়িত কি দুর্ব্বল হওয়া প্রযুক্ত স্বয়ং সাক্ষ্য দিবার জন্যে উপস্থিত হইতে না পারিলে, কিম্বা আদালতে প্রবেশনহইতে মুক্ত থাকিলে, অথবা

(*b*) the Court in its discretion dispenses with the proof of any of the circumstances mentioned in the last preceding clause, and authorizes the evidence of any person being read as evidence in the suit, notwithstanding proof that the cause for taking such evidence by Commission has ceased at the time of reading the same

(খ) আদালত স্বীয় বিবেচনামতে ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত কোন ভাবগতিকের প্রমাণ লওয়া অনাবশ্যক জ্ঞান করিয়া মোকদ্দমায় কোন ব্যক্তির সাক্ষ্য প্রমাণস্বরূপে পাঠ করিবার অনুমতি দিলে, পাঠ করিবার সময়ে কমিশ্যন দ্বারা সেই সাক্ষ্য লইবার কারণ রহিত হইবার প্রমাণ হইলেও তাহা পাঠ করা যাইবে ইতি।

385 If the person whose evidence is required is in jail, his evidence shall be taken in the mode prescribed by the Prisoners' Testimony Act, 1869, or by any other law for the time being specially applicable to the taking of evidence in the case of prisoners

Evidence of prisoners

৩৮৫ ধারা। যে ব্যক্তির সাক্ষ্য লওয়া আবশ্যক তিনি কারাবদ্ধ থাকিলে, বন্দিদের সাক্ষ্য বিষয়ক ১৮৬৯ সালের আইনে কিম্বা বন্দিদের সাক্ষ্য লওনের বিষয়ে অন্য যে আইন যৎকালে বিশেষমতে বর্ত্তে সেই আইনে যে নিয়ম নির্দ্ধারিত হইয়াছে, সেই নিয়মমতে ঐ ব্যক্তির সাক্ষ্য লওয়া যাইবে ইতি।

বন্দিদের সাক্ষ্য বিষয়ক কথা।

B.—Commission for Local Investigations

খ।—স্থানীয় অনুসন্ধান লওয়ার জন্যে কমিশ্যন বিষয়ক বিধি।

386. In any suit in which the Court deems a local investigation to be requisite or proper for the purpose of elucidating any matter in dispute, or of ascertaining the market-value of any property or the amount of any mesne profits or damages, or annual nett profits, the Court may issue a Commission to an officer of

Commission to make local investigations

৩৮৬ ধারা। কোন মোকদ্দমার বিবাদীয় বিষয় স্পষ্ট বুঝিবার জন্যে কিম্বা কোন সম্পত্তির বাজার দর কিম্বা যত টাকা ওয়াসিলাৎ কি যত টাকা হানি কিম্বা বৎসরের নিট যত টাকা লভ্য ইহা নিশ্চয়মতে জানিয়া লইবার নিমিত্ত স্থানবিশেষে অনুসন্ধান লওয়া আবশ্যক কি উচিত আদালতের এমত বিবেচনা থাকিলে, আদালতের

স্থানবিশেষে কমিশ্যনের অনুসন্ধানের কথা।

the Court appointed to execute such Commissions, or, if there be no such officer, to any suitable person, directing him to make such investigation and to report thereon to the Court

387 If in any case it appears desirable to employ an officer of Government other than the officer of the Court appointed to execute such Commissions, the Court may, with the consent of the immediate superior of the officer whom the Court wishes to employ, appoint him to make such investigation and report

Appointment of Government officer as Commissioner

388 The Commissioner, unless otherwise directed by the order of appointment, may examine the parties themselves and any witness whom they or any of them may produce, and any other person whom the Commissioner thinks proper to call upon to give evidence in the matter referred to him

Commissioner may examine parties and witnesses and call for papers

The Commissioner may also call for and examine documents and other papers relevant to the subject of enquiry

The Commissioner, after such local inspection as he deems necessary, and after reducing to writing, in the manner hereinbefore prescribed for taking the evidence of witnesses in the presence of the Judge, the evidence taken by him, shall return such evidence together with his report in writing, subscribed with his name, to the Court

389 The report of the Commissioner and the evidence taken by him (but not the evidence without the report) shall be evidence in the suit and shall form part of the record, but the Court, or any of the parties to the suit with the permission of the Court, may examine the Commissioner personally in open Court touching any of the matters referred to him or mentioned in his report, or as to the manner in which he may have conducted the investigation

Report and depositions to be evidence in suit

Commissioner may be examined in person

C.—Commission to investigate Accounts.

390. In any suit in which an investigation or adjustment of accounts is necessary, the Court may appoint such officer or other person as aforesaid to be a Commissioner for the

Commissioner to investigate and adjust accounts.

যে আমলা সেই প্রকারের কমিশ্যানমতে কার্য্য করিতে নিযুক্ত থাকেন আদালত তাঁহার নামে কমিশ্যান দিয়া কিম্বা তদ্রূপ আমলা না থাকিলে উপযুক্ত অন্য ব্যক্তিকে কমিশ্যান দিয়া ঐ অনুসন্ধান লইয়া আদালতে রিপোর্ট করিতে আজ্ঞা দিতে পারিবেন ইতি।

৩৮৭ ধারা। আদালতের যে আমলা তদ্রূপ কমিশ্যান অনুসারে কার্য্য করণার্থে নিযুক্ত থাকেন, কোন স্থলে তিনি ভিন্ন গবর্ণমেণ্টের কোন কার্য্যকারককে সেই কর্ম্মে নিযুক্ত করা বিহিত বোধ হইলে আদালত যে কর্ম্মকারককে নিযুক্ত করিতে চাহেন তাঁহার নিজ উপরিস্থ কর্ম্মকারকের অনুমতি লইয়া তাঁহাকে ঐ অনুসন্ধান লইয়া রিপোর্ট করিবার জন্যে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

গবর্ণমেণ্টের কর্ম্মকারককে কমিশ্যনরস্বরূপ নিযুক্ত করিবার কথা।

৩৮৮ ধারা। আমীনের নিয়োগপত্রের মধ্যে প্রকারান্তরের আজ্ঞা না থাকিলে, তিনি উভয় পক্ষের সাক্ষ্য ও তাঁহারা কিম্বা তাঁহাদের কোন ব্যক্তি যে সাক্ষিকে আনান তাঁহার সাক্ষ্য, ও আমীনের প্রতি যে বিষয় অর্পণ করা গেল তৎসম্পর্কে সাক্ষ্য দিবার জন্যে আর যে কোন ব্যক্তিকে আহ্বান করা উচিত বোধ করেন তাঁহার সাক্ষ্য লইতে পারিবেন।

উভয় পক্ষের ও সাক্ষিদের সাক্ষ্য লইতে ও কাগজপত্র আনাইতে কমিশ্যনরের ক্ষমতার কথা।

আর যে বিষয়ের অনুসন্ধান লন তৎসম্পর্কীয় যেং দলীল ও অন্য কাগজপত্র থাকে ঐ আমীন তাহাও আনাইয়া দেখিতে পারিবেন।

স্থানবিশেষে যত দূর দেখা আবশ্যক বোধ করেন তাহা দেখিয়া লইলে পর এবং আপনি যে সাক্ষ্য লইয়াছেন জজের সাক্ষাৎ সাক্ষিদের সাক্ষ্য লিখিয়া লওয়ার পূর্ব্বনির্দ্দিষ্ট বিধানমতে সেই সাক্ষ্য লিখিয়া লইলে পর ঐ সাক্ষ্য ও আপনার রিপোর্ট লিখিয়া স্বাক্ষর করিয়া আদালতে পাঠাইবেন ইতি।

৩৮৯ ধারা। আমীনের রিপোর্ট ও তিনি যে সাক্ষ্য লন তাহা মোকদ্দমার প্রমাণের মধ্যে ধরিয়া কাগজপত্রের একাংশ হইবে (কিন্তু রিপোর্ট বিনা ঐ সাক্ষ্য তদ্রূপ গ্রাহ্য হইবে না।) আমীনের প্রতি যেং বিষয় অর্পিত হইল, কিম্বা তাঁহার রিপোর্টের মধ্যে যেং কথা লেখা গেল, তদ্বিষয়ে, কিম্বা তিনি ঐ অনুসন্ধানের কার্য্য যে প্রকারে চালাইলেন তদ্বিষয়ে আদালত, কিম্বা আদালতের অনুমতি লইয়া মোকদ্দমার কোন পক্ষ খোলা কাছারীতে নিজ সেই আমীনের পরীক্ষা লইতে পারিবেন ইতি।

মোকদ্দমায় ঐ রিপোর্ট ও সাক্ষ্য প্রমাণস্বরূপ হওয়ার কথা।

আমীনের সাক্ষ্য লওয়ার কথা।

গ।—হিসাব দেখিয়া লইবার জন্যে কমিশ্যান বিষয়ক বিধি।

৩৯০ ধারা। কোন মোকদ্দমায় হিসাব দেখিয়া লওয়ার কি নিষ্পত্তি করার প্রয়োজন হইলে আদালত পূর্ব্বোক্ত কোন আমলাকে ঐ হিসাব দেখিয়া লইবার

হিসাব দেখিয়া নিষ্পত্তি করা আমীনের কর্ত্তব্যের কথা।

purpose of making such investigation or adjustment

কি নিষ্পত্তি করিবার জন্যে আমীনস্বরূপ নিযুক্ত করিতে পারিবেন ইতি।

391. The Court shall furnish the Commissioner with such part of the proceedings and such detailed instructions as appear necessary,

Court to give Commissioner necessary instructions

and the instructions shall distinctly specify whether the Commissioner is merely to transmit the proceedings which he may hold on the enquiry or also to report his own opinion on the point referred for his investigation

৩৯১ ধারা। আমীনকে মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্যের যে অংশ ও যে উপদেশ দেওয়া প্রয়োজন, আদালত তাঁহাকে তাহা দিবেন,

আমীনকে আদালতের প্রয়োজনীয় উপদেশ দেওয়ার কথা।

এবং আমীন সেই অনুসন্ধান লওন সম্পর্কে যে রুবকারী করেন কেবল তাহাই পাঠাইবেন, না তাঁহার অনুসন্ধান লওয়ার জন্যে যে বিষয় অর্পিত হইল সেই বিষয়ে আপনার অভিমতেরও রিপোর্ট করিবেন ঐ উপদেশপত্রে এই কথা স্পষ্ট লেখা থাকিবে ইতি।

392. The proceedings of the Commissioner shall be received in evidence in the suit, unless the Court has reason to be dissatisfied with them, in which case the Court shall direct such further enquiry as is requisite, and shall make such decree or order as it thinks fit

Proceedings of Commissioner may be received in evidence

Power to make further enquiry if dissatisfied

৩৯২ ধারা। মোকদ্দমায় আমীনের রুবকারী প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইবে। কিন্তু তাহাতে আদালতের সন্তুষ্ট না হওয়ার কারণ থাকিলে আর যে অনুসন্ধান লওয়া আবশ্যক তাঁহাকে সেই অনুসন্ধান লইবার আজ্ঞা করিবেন ও যে ডিক্রী কি আজ্ঞা উচিত বোধ করেন করিবেন ইতি।

আমীনের রুবকারী প্রমাণ স্বরূপ গ্রাহ্য হইতে পারিবার কথা।

সন্তোষজনক না হইলে আরো অনুসন্ধান লওয়ার ক্ষমতার কথা।

D.—*General Provisions*

ঘ।—সাধারণ বিধান।

393. Whenever a Commission is issued under any of the provisions of this Chapter, the Court, before issuing the Commission, may order such sum (if any) as it thinks reasonable for the expenses of the Commission to be paid into Court by the party at whose instance or for whose benefit the Commission is issued

Expenses of Commission to be paid into Court

৩৯৩ ধারা। এই পরিচ্ছেদের কোন বিধানমতে কোন কমিশ্যন দেওয়া গেলে, যে পক্ষের অনুরোধে কিম্বা যাঁহার হিতার্থে ঐ কমিশ্যন দেওয়া যায়, আদালত কমিশ্যনের খরচ বলিয়া যত টাকা সঙ্গত বোধ করেন কমিশ্যন দিবার পূর্ব্বে তাঁহাকে তত টাকা আদালতে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কমিশ্যনের খরচ আদালতে দিতে হইবার কথা।

394 The provisions of this Code relating to the summoning, attendance, and examination of witnesses and to the remuneration of, and penalties to be imposed upon, witnesses, shall apply to persons required to give evidence or to produce documents under the foregoing provisions relating to Commissions to examine persons, whether parties to the suit or not or to make local enquiries, or to investigate or adjust accounts

Attendance examination and punishment of witnesses summoned by Commission

৩৯৪ ধারা। এই আইনের মধ্যে সাক্ষিদের নামে সমন দেওনের ও তাঁহাদের উপস্থিত হওয়ার ও সাক্ষ্য দেওয়ার ও পারিশ্রমিক পাইবার, এবং তাঁহাদের উপর যে দণ্ড ধার্য্য হয় তদ্বিষয়ের যেং বিধান আছে, সাক্ষিরা মোকদ্দমার এক পক্ষ হউন বা নাই হউন তাঁহাদের সাক্ষ্য লওয়ার কিম্বা স্থান বিশেষে অনুসন্ধান লওয়ার কিম্বা হিসাব দেখিয়া লওয়ার কি নিষ্পত্তি করণের কমিশ্যন সম্পর্কে পূর্ব্বোক্ত বিধানমতে যে ব্যক্তিদিগকে সাক্ষ্য দিবার কি দলীল আনিয়া দেখাইবার আজ্ঞা হয় তাঁহাদেরও প্রতি সেইং বিধান খাটে।

আমীন যে সাক্ষিদিগকে সমন করেন তাঁহাদের উপস্থিত হওয়ার ও সাক্ষ্য দেওয়ার ও দণ্ডের কথা।

The examinations of witnesses before a Commission shall be conducted in the same manner as the examination of witnesses is conducted in the Court from which the Commission issued

যে আদালতহইতে কমিশ্যন বাহির হয়, সেই আদালতে সাক্ষিদের সাক্ষ্য লওযার কার্য্য যেরূপে চলিয়া থাকে, আমীনের সম্মুখে সাক্ষিদের সাক্ষ্য লওয়ার কার্য্যও সেই প্রকারে চলিবে।

The Commissioner shall take down all questions and answers, and make a note of the objections, if any, to the admissibility of evidence

আমীন সকল প্রশ্ন ও উত্তর লিখিয়া লইবেন, এবং কোন প্রমাণ গ্রাহ্য হওযার বিষয়ে আপত্তি করা গেলে সেই আপত্তির মর্ম্মও লিখিয়া লইবেন।

Any penalty to which a witness may be liable under this section shall, on the application of the Commissioner, be imposed by the Court from which the Commission issued.

এই ধারামতে কোন সাক্ষী দণ্ডের যোগ্য হইলে, যে আদালতহইতে কমিশ্যন বাহির হইল আমীনের প্রার্থনামতে সেই আদালত ঐ দণ্ড ধার্য্য করিবেন।

The Commissioner shall have the same legal powers, as regards the summoning, examination and remuneration of witnesses, as the Court issuing the Commission

395. Whenever a Commission is issued under the provisions of this Chapter, the Court shall direct that the parties to the suit shall appear before the Commission in person or by their agents or pleaders

Procedure *ex parte* where parties do not appear

If the parties do not so appear, the Commissioner may proceed *ex parte*

PART III

OF SUITS IN PARTICULAR CASES

CHAPTER XXV.

SUITS BY PAUPERS

396 A suit may be brought *in formâ pauperis* in the Court having jurisdiction over the claim subject to the following rules

Suits may be brought *in formâ pauperis*

397 No suit shall be brought *in formâ pauperis* to recover compensation for loss of caste, slander, abusive language, or assault

What suits excepted

398. The application for permission to institute a suit *in formâ pauperis* shall be by petition in writing

Application to be by petition on stamp paper

399 The petition shall contain the particulars required by section 49 in regard to plaints in suits, and shall have annexed to it a schedule of any moveable or immoveable property belonging to the petitioner, with the estimated value thereof, and shall be subscribed and verified in the manner hereinbefore prescribed for the subscription and verification of plaints

Contents of petition

400. Notwithstanding anything contained in section 32, the petition shall be presented to the Court by the petitioner in person.

Presentation of petition.

যে আদালতহইতে কমিশ্যন বাহির হয়, সাক্ষিদের নামে সমন দেওনের ও তাঁহাদের সাক্ষ্য লওনের ও পারিশ্রমিক দেওনের বিষয়ে ঐ আদালতের যেং ক্ষমতা থাকে ঐ আমীনেরও সেইং বিষয়ে আইনমতে সেইং ক্ষমতা থাকিবে ইতি।

৩৯৫ ধারা। এই অধ্যায়ের বিধানমতে কমিশ্যন দেওয়া গেলে, আদালত মোকদ্দমার উভয় পক্ষকে নিজে কিম্বা আপনং মোক্তারের কি উকীলের দ্বারা আমীনের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিবেন।

এক পক্ষ উপস্থিত না হইলে কার্য্যপ্রণালীর কথা।

উভয় পক্ষ তদ্রূপে উপস্থিত না হইলে আমীন এক পক্ষের উপস্থিত হওনমতে কার্য্যানুষ্ঠান করিবেন ইতি।

তৃতীয় ভাগ।

বিশেষং স্থলের মোকদ্দমাবিষয়ক বিধি।

২৫ পঞ্চবিংশ অধ্যায়।

পাপরদের মোকদ্দমার কথা।

৩৯৬ ধারা। দাওয়ার বিষয়ে যে আদালতের বিচারাধিপত্য থাকে সেই আদালতে নিম্নলিখিত বিধি মানিয়া পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

পাপরস্বরূপ মোকদ্দমা উপস্থিত করিতে পারিবার কথা।

৩৯৭ ধারা। জাতিভ্রষ্ট হওয়ার কি অপবাদের কি গালী দেওয়ার কি আক্রমণ করার দ্বারা যে হানি হয় সেই হানিপূরণ পাইবার মোকদ্দমা পাপরস্বরূপে উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

যেং প্রকারের মোকদ্দমা বর্জিত হইবে তাহার কথা।

৩৯৮ ধারা। পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিতে অনুমতি পাইবার প্রার্থনা দরখাস্ত লিখিয়া করিতে হইবে ইতি।

ইষ্টাম্প কাগজে দরখাস্ত দিতে হইবার কথা।

৩৯৯ ধারা। ৪৯ ধারামতে মোকদ্দমার আবেদনপত্রে যেং বৃত্তান্ত লিখিতে হইবে ঐ দরখাস্তে সেইং বৃত্তান্ত থাকিবে। আর দরখাস্তকারির স্থাবর কি অস্থাবর যে সম্পত্তি থাকে ও তাহার অনুমান যত মূল্য হয় তাহার তফসীল ঐ দরখাস্তের সঙ্গে সংযোগ করিয়া দিতে হইবে। এবং আবেদনপত্রে স্বাক্ষর করিবার ও সত্যাকরণের কথার যে নিয়ম পূর্ব্বে নির্দ্ধারিত হইয়াছে ঐ দরখাস্তেও সেইরূপে স্বাক্ষর করা ও সত্যাকরণের কথা লেখা যাইবে ইতি।

দরখাস্তের মর্ম্মের কথা।

৪০০ ধারা। ৩২ ধারার প্রকারান্তরের বিধান থাকিলেও, দরখাস্তকারী আপনি আদালতে গিয়া দরখাস্ত দিবেন।

দরখাস্ত উপস্থিত করিবার কথা।

Certain petitions may be presented by agent.

But if he satisfy the Court that he is prevented by sickness from attending the Court in person, or if the petitioner be a female who, according to the custom of the country, ought not to be compelled to appear in public, the petition may be presented by a duly authorized agent who may be able to answer all material questions relating to the application, and who shall be liable to be examined in the same manner as the party represented by him might have been examined had such party attended in person.

Rejection of petition

401. If the petition be not framed or presented in the manner laid down in sections 399 and 400, the Court shall reject it

Examination of petitioner

402. If the petition be in form and duly presented, the presiding officer of the Court shall himself proceed to examine the petitioner, or his agent when the petitioner is allowed to appear by agent, regarding the merits of the claim and the property of the petitioner

If presented by agent, Court may order petitioner to be examined by Commission.

When the petition is presented by an agent, the Court may, if it thinks proper, order that the petitioner be examined by a Commission in the manner in which the examination of an absent witness may be taken under the provisions of this Code

Rejection of application

403 If it appear to the Court upon such examination

(*a*) that the defendant, or the subject-matter of the suit, is not within the local limits of the jurisdiction of the Court, or

(*b*) that the right to sue is barred by lapse of time, or

(*c*) that the allegations of the petitioner do not show a right to sue, or

(*d*) that he has failed to show that he is not possessed of sufficient means to enable him to pay the fee prescribed by law for the plaint, or

(*e*) that he has recently disposed of any property fradulently or with a view to obtain the benefit of this Chapter,

the Court shall refuse to allow him to sue as a pauper.

কোনং দরখাস্ত মোক্তা-রের দ্বারা উপস্থিত হইতে পারিবার কথা।

কিন্তু দরখাস্তকারী পীড়াপ্রযুক্ত আপনি আদালতে যাইতে পারেন না কিম্বা দেশাচারমতে যাহাকে বল-পূর্ব্বক প্রকাশ স্থানে আনা যাইতে পারে না দরখাস্ত-কারী এমত স্ত্রীলোক এইং বিষয় আদালতের জ্ঞানোধ জন্মাইতে পারিলে, নিয়মমতে ক্ষমতাপ্রাপ্ত যে মোক্তার ঐ প্রার্থনা সম্পর্কীয় সকল ভারিং প্রশ্নের উত্তর দিতে পারেন এবং দরখাস্তকারী নিজে উপস্থিত হইলে তাঁহার স্বাক্ষ্য যেরূপে লওয়া যাইতে পারিত সেই-রূপে যাঁহার সাক্ষ্য লওয়া যাইতে পারে এমত মোক্তা-রের দ্বারা ঐ দরখাস্ত উপস্থিত করা যাইতে পারিবে ইতি।

দরখাস্ত অগ্রাহ্য করণের কথা।

৪০১ ধারা। ৩৯৯ ও ৪০০ ধারার নির্দ্ধারিতমতে দরখাস্ত লেখা না গেলে কি উপস্থিত করা না গেলে আদালত তাহা অগ্রাহ্য করিবেন ইতি।

দরখাস্তকারির পরীক্ষা লও-যার কথা।

৪০২ ধারা। ঐ দরখাস্ত নিয়মমতে লেখা গেলে ও রীতিমতে উপস্থিত করা গেলে, আদালতের প্রধান কর্ত্তৃপক্ষ আপনি দরখাস্ত-কারির নিকট, কিম্বা মোক্তারের দ্বারা উপস্থিত হইবার অনুমতি পাইলে মোক্তারের নিকট, দরখাস্তকারির দাওয়ার দোষগুণের ও সম্পত্তির বিষয়ে জিজ্ঞাসা করিবেন।

মোক্তারের দ্বারা উপস্থিত করা গেলে আমীনের দ্বারা দরখাস্তকারির পরীক্ষা লইবার আজ্ঞা করিতে আদালতের ক্ষমতার কথা।

মোক্তারের দ্বারা দরখাস্ত উপস্থিত করা গেলে, এই আইনের বিধানমতে অনুপস্থিত সাক্ষির পরীক্ষা যেরূপে লওয়া যাইতে পারে আদালত বিহিত বোধ করিলে সেইরূপে আমীনের দ্বারা দরখাস্তকারির পরীক্ষা লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

পার্থনা অগ্রাহ্য করণের কথা।

৪০৩ ধারা। তদ্রূপ পরীক্ষা লইয়া

(ক) প্রতিবাদী, কিম্বা বিবাদীয় বিষয় আদালতের এলাকার সীমার মধ্যে নাই, কিম্বা

(খ) মিয়াদ গত হওয়াতে মোকদ্দমা করিবার স্বত্ব রহিত হইল, কিম্বা

(গ) দরখাস্তকারির কথা দ্বারা মোকদ্দমা উপস্থিত করিবার স্বত্ব দেখা যায় না, কিম্বা

(ঘ) আইনমতে আবেদনপত্রের যে ফী নির্দ্ধারিত হইল তাহার তত টাকা ফী দিতে না পারিবার উপ-যুক্ত সঙ্গতি যে নাই ইহা দেখাইতে পারিলেন না, কিম্বা

(ঙ) তিনি অল্পকালের মধ্যে প্রতারণাক্রমে কিম্বা এই অধ্যায়মতে উপকার পাইবার আশায় কোন সম্পত্তি হস্তান্তর করিয়াছেন

আদালত এমত বোধ করিলে তাঁহাকে পাপরস্বরূপ মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দিতে অসম্মত হইবেন ইতি।

404 If upon such examination the Court sees no reason to refuse the application on any of the grounds stated in the last preceding section, it shall fix a day, of which at least ten days' previous notice shall be given to the opposite party, for receiving such evidence as the petitioner may adduce in proof of his being a pauper, and for hearing any evidence which the opposite party may bring forward in disproof of his pauperism

Notice of day for receiving evidence of petitioner's pauperism

405 On the day so fixed or as soon thereafter as may be convenient, the Court shall examine the witnesses (if any) produced by either party, and make a memorandum of the substance of their evidence.

Procedure at hearing

The Court shall also hear any argument which the parties may desire to offer on the question whether, on the face of the petition and of the evidence (if any) taken by the Court as herein provided, the petitioner is or is not subject to any of the prohibitions specified in section 403

The Court shall then either allow or refuse to allow the petitioner to sue as a pauper

406 Either party may, on application to the Court made in sufficient time before the day fixed for the hearing of the case, obtain a summons to any person to attend either to give evidence or to produce a document

Summons to witness

407. Previously to passing a final order in the case, the Court may, if it thinks fit, cause a local investigation to be made in the manner laid down in sections 386 to 389 (both inclusive) regarding the property of the petitioner, or regarding the amount or value of any property claimed

Court may institute local investigation

408. If the application of the petitioner be granted, it shall be numbered and registered and shall be deemed the plaint in the suit, and the suit shall proceed in all other respects as a suit instituted under Chapter V, except that the plaintiff shall not be liable to any fee chargeable under the Court Fees, Act, 1870, in respect of any petition, appointment of a pleader, or other proceeding connected with the suit

Procedure if application admitted

৪০৪ ধারা। ইহার পূর্ব্বে ধারায় যেং হেতু লেখা গেল, আদালত উক্তমতে পরীক্ষা লইয়া তাহার কোন হেতুতে ঐ দরখাস্ত অগ্রাহ্য করিবার কোন কারণ জানিতে না পাইলে, দরখাস্তকারী আপনার দৈন্য দশার যে প্রমাণ উপস্থিত করিতে পারেন তাহা লইবার নিমিত্ত, ও বিপক্ষপক্ষ তাহার দৈন্যদশার অপ্রমাণ করিতে যে সাক্ষ্য উপস্থিত করিতে পারেন তাহা শুনিবার নিমিত্ত, আদালত দিন নিরূপণ করিয়া ন্যূন কল্পে দশ দিন থাকিতে বিপক্ষ পক্ষকে ঐ দিনের নোটিস দিবেন ইতি।

দরখাস্তকারির দীনতার প্রমাণ লইবার দিনের নোটিসের কথা।

৪০৫ ধারা। সেই নিরূপিত দিনে, কিম্বা তাহার পর যত শীঘ্র সুবিধা হয়, উভয় পক্ষ সাক্ষিদিগকে উপস্থিত করিলে, আদালত তাঁহাদের পরীক্ষা লইয়া সাক্ষ্যের মর্ম্ম লিখিয়া লইবেন।

শুনিবার সময়ে কার্য্যপ্রণালীর কথা।

আরো ৪০৩ ধারায় বাধাজনক যেং কথা বিশেষ করিয়া লেখা গেল দরখাস্তের অভিমুখে কিম্বা আদালত এই ধারামতে সাক্ষ্যগ্রহণ করিলে সেই সাক্ষ্যদ্বারাই তাহার মধ্যে কোন কথা দরখাস্তকারির প্রতি বর্ত্তে কি না, এই বিষয়ে উভয় পক্ষ যে তর্কবিতর্ক করিতে চাহেন আদালত তাহা শুনিবেন।

পরে দরখাস্তকারিকে পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিতে অনুমতি দিবেন বা নাই দিবেন ইতি।

৪০৬ ধারা। কোন পক্ষ মোকদ্দমা শুনিবার নিরূপিত দিনের পূর্ব্বে উপযুক্ত সময় থাকিতে আদালতে প্রার্থনা করিয়া কোন ব্যক্তির নামে সাক্ষ্য দিবার কিম্বা দলীল দেখাইবার জন্যে উপস্থিত হইবার সমন পাইতে পারেন ইতি।

সাক্ষিদের নামে সমন দিবার কথা।

৪০৭ ধারা। মোকদ্দমার চূড়ান্ত আজ্ঞা করিবার পূর্ব্বে আদালত বিহিত বোধ করিলে, ৩৮৬ অবধি ৩৮৯ পর্য্যন্ত সমস্ত ধারার উল্লিখিত বিধানমতে দরখাস্তকারির সম্পত্তির বিষয়ে কিম্বা যত টাকার কি যে সম্পত্তির দাওয়া হয় তাহার মূল্য বিষয়ে স্থানবিশেষে অনুসন্ধান লওয়াইতে পারিবেন ইতি।

স্থানবিশেষে আদালতের অনুসন্ধান লইবার ক্ষমতার কথা।

৪০৮ ধারা। দরখাস্তকারির প্রার্থনা গ্রাহ্য হইলে, তাহাতে নম্বর দেওয়া যাইবে ও তাহা রেজিষ্টরী করা যাইবে ও মোকদ্দমার আবেদনপত্র বলিয়া জ্ঞান হইবে এবং অন্য সকল বিষয়ে পঞ্চম অধ্যায়মতে উপস্থিত করা মোকদ্দমার ন্যায় তাহার কার্য্য চলিবে। কেবল বিশেষ এই যে, কোন দরখাস্তের নিমিত্ত কি উকীল নিযুক্ত করণার্থে কিম্বা মোকদ্দমা সম্পর্কীয় অন্যং কার্য্যবিষয়ে আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনমতে যেং ফী লওয়া যাইতে পারে ঐমোকদ্দমার বাদির সেইং ফী লাগিবে না।

প্রার্থনা গ্রাহ্য হইলে পর কার্য্যপ্রণালীর কথা।

Nothing in this section exempts the petitioner from—

(*a*) payment of the expenses of service of process,

(*b*) payment of the travelling and other expenses of witnesses,

(*c*) payment of the duty and penalty (if any) payable under the General Stamp Act on unstamped or insufficiently stamped instruments produced in Court by or on behalf of the petitioner, or

(*d*) giving security for costs, if he resides out of British India

409. If the plaintiff succeed in the suit, the Court may award to him such costs as it thinks fit and shall calculate the amount of fees chargeable under the Court Fees, Act, 1870, which would have been paid by the plaintiff if he had not been permitted to sue as a pauper, and such amount shall be recoverable by Government from any party ordered by the decree to pay the same, in the same manner as costs of suit are recoverable under this Code

Costs when pauper succeeds.

Recovery of dues stamp duty

The costs of an application for permission to sue as a pauper and of an enquiry into pauperism are costs in the suit

If the plaintiff fails in the suit, the Court may order him to pay costs to the defendant, and if it find that the suit was frivolous or vexatious, it may also punish him with fine not exceeding one hundred rupees, or with imprisonment for a term which may extend to a month, or with both

Procedure when pauper fails

410 Refusal to allow the petitioner to sue as a pauper shall be a bar to any subsequent application of the like nature in respect of the same right to sue, but the plaintiff shall be at liberty to institute a suit in the ordinary manner in respect of such right

Refusal to allow petitioner to sue as pauper to bar subsequent application of like nature

411 The Court may, on motion by the defendant, of which he shall have given one week's notice in writing to the plaintiff, order the plaintiff to be dispaupered—

Dispaupering

(*a*) if he is guilty of vexatious or improper conduct in the course of the suit,

এই ধারার কোন কথাক্রমে দরখাস্তকারী এই২ খরচ প্রভৃতি হইতে মুক্ত নহেন,

(ক) পরওয়ানা জারী করিবার খরচ,

(খ) সাক্ষিদের পথখরচ,

(গ) সাধারণ ইষ্টাম্প বিষয়ক আইনমতে কোন দলীলের উপর ইষ্টাম্প দিতে হইলে, দরখাস্তকারির দ্বারা কিম্বা তাঁহার সপক্ষে ইষ্টাম্প বিনা কি কম মূল্যের ইষ্টাম্পযুক্ত সেইরূপ দলীল আদালতে উপস্থিত করা গেলে, তাঁহার সেই মাসুল ও দণ্ড।

(ঘ) বৃটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করিলে, তাঁহার খরচার জামিন ইতি।

৪০৯ ধারা। ঐ মোকদ্দমায় বাদী জিতিলে, আদালত তাঁহার যত খরচ পাওয়া উচিত বোধ করেন তত পাইবার আজ্ঞা করিবেন। এবং বাদী পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি না পাইলে, আদালতের রসুমবিষয়ক ১৮৭০ সালের আইনমতে তাঁহার যত টাকা ফী লাগিত, আদালত তাহার হিসাব করিয়া ডিক্রীক্রমে যে পক্ষের সেই ফী দিতে আজ্ঞা হয়, গবর্ণমেন্ট এই আইন অনুসারে মোকদ্দমার খরচ আদায় করিবার বিধানমতে সেই পক্ষের স্থানে ঐ ফী আদায় করিতে পারিবেন ইতি।

পাপর জিতিলে খরচার কথা।

ধনির স্থানে ইষ্টাম্পের মাসুল আদায় করিবার কথা।

পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি প্রার্থনা করিবার ও দৈন্যদশার অনুসন্ধান লইবার খরচ মোকদ্দমার খরচার মধ্যে ধরা যাইবে।

ঐ মোকদ্দমায় পাপর না জিতিলে, আদালত তাঁহাকেই প্রতিবাদির খরচ দিবার আজ্ঞা করিতে পারিবেন। ও সেই মোকদ্দমা তুচ্ছ ও ক্লেশজনকমাত্র আদালতের এমত জ্ঞান থাকিলে তাঁহার একশত টাকার অনধিক অর্থদণ্ড, কিম্বা এক মাসের অনধিক কারাদণ্ড কিম্বা ঐ উভয় দণ্ড করিতে পারিবেন ইতি।

পাপর না জিতিলে কার্য্য প্রণালীর কথা।

৪১০ ধারা। দরখাস্তকারিকে পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি না দেওয়া গেলে, তিনি মোকদ্দমা উপস্থিত করিবার সেই স্বত্ব সম্পর্কে আর সেই প্রকারের প্রার্থনা করিতে পারিবেন না কিন্তু বাদী সেই স্বত্বসম্পর্কে রীতিমতে মোকদ্দমা উপস্থিত করিতে পারিবেন ইতি।

দরখাস্তকারিকে পাপরস্বরূপে মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি না দেওয়াই পশ্চাৎ তাহার সেইরূপ প্রার্থনা করিবার বাধাজনক হওয়ার কথা।

৪১১ ধারা। প্রতিবাদী এক সপ্তাহ থাকিতে বাদির নামে নোটিস লিখিয়া দিয়া আদালতে অনুরোধ করিলে আদালত নিম্নলিখিত স্থলে ঐ বাদির পাপরস্বরূপে দাওয়া করিবার ক্ষমতা বহিত করিতে পারিবেন, অর্থাৎ

পাপরস্বরূপে দাওয়া করিবার ক্ষমতা বহিত করণের কথা।

(ক) মোকদ্দমার চলন সময়ে বাদী বৈরক্তি জনক কি অনুচিত আচরণ করিলে,

(b) if it appears that his means are such that he ought not to continue to sue as a pauper, or

(c) if he has entered into any agreement with reference to the subject-matter of the suit, which would be held invalid on the ground of its breeding litigation or being otherwise against public policy

(খ) তাঁহার যে সম্পত্তি আছে তদ্বিবেচনায় তাঁহার পাপর স্বরূপে মোকদ্দমা চালান আর উচিত না হইলে, কিম্বা,

(গ) যে বিষয় লইয়া মোকদ্দমা হইল সেই বিষয়-সম্পর্কীয় যে একরার করিলেন মোকদ্দমা করিবার ব্যগ্রতাজনক, কিম্বা প্রকারান্তরে রাজকীয় সুনীতির বিপক্ষ প্রযুক্ত অসিদ্ধ বলিয়া জ্ঞান হইতে পারে বাদী এমত একরারনামা দিলে ইতি।

412. The provisions of Chapters XIV and XV relating to the summoning, attendance, and examination of witnesses, and to the remuneration of, and penalties to be imposed upon, witnesses, shall apply to witnesses and other persons required to give evidence, or to produce documents under the provisions of this Chapter

Attendance, examination and punishment of witnesses

৪১২ ধারা। এই অধ্যায়ের বিধানমতে যে সাক্ষিদের ও অন্য ব্যক্তিদের প্রতি সাক্ষ্য দিবার কিম্বা দলীল দেখাইবার আজ্ঞা হয়, সাক্ষিদের নামে সমন দেওয়ার, ও তাঁহাদের উপস্থিত হওয়ার ও পরীক্ষা লওয়ার ও পারিশ্রমিক পাওয়ার ও তাঁহাদের দণ্ড দাধ্য হওয়ার বিষয়ে ১৪ ও ১৫ অধ্যায়ের বিধান তাঁহাদেরও প্রতি খাটিবে ইতি।

সাক্ষিদের উপস্থিত হওয়ার ও সাক্ষ্য দেওয়ার ও দণ্ডের কথা।

CHAPTER XXVI

Suits by or against Government or Government Servants

২৬ ষড়বিংশ অধ্যায়।

গবর্ণমেণ্টের দ্বারা কিম্বা গবর্ণমেণ্টের কার্য্যকারকদের দ্বারা কি তাঁহাদের নামে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তদ্বিষয়ের কথা।

413 Suits by or against the Government shall be brought by or against (as the case may be) the Secretary of State for India in Council

The Secretary of State in Council

৪১৩ ধারা। গবর্ণমেণ্টের দ্বারা কিম্বা গবর্ণমেণ্টের নামে যে২ মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহা ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা কিম্বা বিষয়বিশেষে তাঁহার নামে উপস্থিত করিতে হইবে ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব বিষয়ক কথা।

414. Persons being *ex-officio* or otherwise authorized to act for Government in respect of any judicial proceeding, shall be deemed to be the recognized agents by whom appearances, acts, and applications under this Code may be made or done on behalf of Government

Persons authorized to act for Government

৪১৪ ধারা। যে ব্যক্তিরা স্ব২ পদোপলক্ষে কিম্বা প্রকারান্তরে আদালতের কোন কার্য্যসম্পর্কে গবর্ণমেণ্টের পক্ষে কার্য্য করিতে ক্ষমতাপন্ন হন, তাঁহাদিগকে এই আইনমতে গবর্ণমেণ্টের পক্ষে উপস্থিত হইবার ও কার্য্য করিবার ও দরখাস্ত করিবার স্বীকৃত কর্ম্মকারক বলিয়া জ্ঞান হইবে ইতি।

যাহারা গবর্ণমেণ্টের পক্ষে কর্ম্ম করিতে সক্ষম তাঁহাদের কথা।

415 In suits by the Secretary of State for India in Council, instead of inserting in the plaint the name and description and place of abode of the plaintiff, it shall be sufficient to insert the words "The Secretary of State for India in Council," and the plaint may be subscribed and verified by the Government Pleader of the Court in which the suit is brought, or, where there is no such pleader, by the pleader by whom the plaint is filed

In suits by Secretary of State in Council

৪১৫ ধারা। ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের দ্বারা যে মোকদ্দমা উপস্থিত করা যায় তাহার আবেদনপত্রে বাদির নাম ও বর্ণনা ও নিবাস না লিখিয়া, "ভারতবর্ষের পক্ষ মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব" এই মাত্র লিখিলে চলিতে পারিবে। ও মোকদ্দমা যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালতের গবর্ণমেণ্টের উকীল ঐ আবেদনপত্রে ও তাহা সত্যাকরণের কথায় স্বাক্ষর করিতে পারিবেন। গবর্ণমেণ্টের উকীল না থাকিলে, যে উকীল আবেদনপত্র উপস্থিত করেন তিনি তাহাতে স্বাক্ষর করিবেন ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের মোকদ্দমার কথা।

416. The person appointed to act as pleader on the part of Government in any Court, shall be accounted the agent of the Government for the purpose of receiving processes against the Government or the Secretary of State for India, issuing out of the Court in which such person may be the pleader of Government

Agent of Government to receive process

৪১৬ ধারা। কোন আদালতে যে ব্যক্তি গবর্ণমেণ্টের পক্ষে উকীলের কর্ম্ম করণার্থে নিযুক্ত হন, সেই আদালতহইতে গবর্ণমেণ্টের নামে কিম্বা ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নামে পরওয়ানা বাহির হইলে, সেই ব্যক্তিকে ঐ পরওয়ানা লইবার জন্যে গবর্ণমেণ্টের পক্ষ কর্ম্মকারক বলিয়া জ্ঞান হইবে ইতি।

গবর্ণমেণ্টের সপক্ষ কর্ম্মকারকের পরওয়ানা গ্রাহ্য করিবার কথা।

417. The person appointed to act as pleader on the part of Government in any District Court shall, for the purpose of the last preceding section, be considered the pleader of Government in any Court in such district in which no person has been specially appointed pleader on the part of Government in such Court

Government Pleader where none specially appointed

৪১৭ ধারা। কোন জিলার অন্তর্গত কোন আদালতে কোন ব্যক্তি গবর্ণমেণ্টের পক্ষ উকীলস্বরূপ বিশেষমতে নিযুক্ত না থাকিলে, সেই জিলার আদালতে যে ব্যক্তি গবর্ণমেণ্টের পক্ষে উকীলস্বরূপ কার্য্য করণার্থে নিযুক্ত হন তাঁহাকে ইহার পূর্ব্ব ধারার কার্য্যপক্ষে সেই আদালতে গবর্ণমেণ্টের উকীল বলিয়া জ্ঞান হইবে ইতি।

গবর্ণমেণ্টের উকীল বিশেষমতে নিযুক্ত না থাকিলে সেই স্থলের কথা।

418 Processes issued by a Court to the Government Pleader of another Court may be forwarded to him by post

Processes issued to Government Pleader of another Court

৪১৮। কোন এক আদালতহইতে অন্য আদালতের গবর্ণমেণ্টের উকীলের নামে পরওয়ানা দেওয়া গেলে ডাকযোগে তাঁহার নিকট পাঠান যাইতে পারিবে ইতি।

অন্য আদালতের গবর্ণমেণ্টের উকীলের নামে যে পরওয়ানা বাহির হয় তাহার কথা।

419 If the suit be against the Secretary of State for India the summons shall be served on the Government Pleader of the Court in which the suit is instituted, or on any other person appointed to receive process on behalf of the Government

Service on Government Pleader

৪১৯ ধারা। ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের নামে মোকদ্দমা হইলে, যে আদালতে মোকদ্দমা উপস্থিত করা যায় সেই আদালতের গবর্ণমেণ্টের উকীলকে, কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে অন্য যে ব্যক্তি পরওয়ানা গ্রাহ্য করণার্থে নিযুক্ত হন তাঁহাকে সমন দিতে হইবে ইতি।

গবর্ণমেণ্টের উকীলের নামে পরওয়ানা জারী করিবার কথা।

420. The Court, in fixing the day for the Secretary of State for India in Council to answer to the plaint, shall allow a reasonable time for the necessary communication with the Government through the proper channels, and for the issue of instructions to the Government Pleader to appear and answer on behalf of the Secretary of State for India or the Government, and may extend the time at its discretion on application being made for such extension

Appearance and answer by Secretary of State

The Court may also in any case in which the Government Pleader is not accompanied by any person on the part of the Secretary of State for India in Council, who may be able to answer any material questions relating to the suit, direct the attendance of such a person

৪২০ ধারা। ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব যে দিনে আবেদন পত্রের উত্তর দিবেন আদালত সেই দিন নিরূপণ করিতে গেলে, উপযুক্ত কর্ম্মকারকদের দ্বারা গবর্ণমেণ্টের নিকট প্রয়োজনীয় সকল কথা জানাইবার এবং ভারতবর্ষের পক্ষে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের কিম্বা গবর্ণমেণ্টের পক্ষে উপস্থিত হইয়া উত্তর দিবার জন্যে গবর্ণমেণ্টের উকীলের প্রতি উপদেশ দেওনের যত কাল প্রয়োজন হয় এমত অবকাশ দিয়া ঐ দিন নিরূপণ করিবেন, এবং সময় বৃদ্ধি করিবার প্রার্থনা হইলে আপনার বিবেচনামতে সেই সময় বাড়াইয়া দিতে পারিবেন।

ষ্টেট সেক্রেটরী সাহেবের উপস্থিত হওনের ও উত্তর দেওনের কথা।

আর ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের সপক্ষ মোকদ্দমা সম্পর্কীয় ভারি২ প্রশ্নের উত্তর দিতে সক্ষম ব্যক্তি গবর্ণমেণ্টের উকীলের সঙ্গে না থাকিলে, আদালত তদ্রূপ কোন ব্যক্তির উপস্থিত হওয়ার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Service on Government servants

421 If the defendant be in the service of Government, the Court may send a copy of the summons to the head officer of the office in which the defendant is employed for the purpose of being served on him, if it shall appear to the Court that the summons may be most conveniently so served

Service of summons in suits against Government officers for alleged official acts

422 If the suit be against an officer of Government for an act which the plaintiff alleges to have been done by such officer in his official capacity, the summons shall be served upon such office in the manner provided in section 421

Extension of time to enable officer to make reference to Government

423 If the officer on receiving the summons considers it proper to make a reference to the Government before answering to the plaint, he may apply to the Court to grant such extension of the time fixed in the summons as may be necessary to enable him to make such reference and to receive orders thereon through the proper channel,

and the Court upon such application may extend the time for so long as appears to be requisite

Application where Government undertakes defence

424. If the Government undertake the defence of a suit of the nature referred to in section 422, the Government Pleader, upon being furnished with authority to appear and answer to the plaint, shall apply to the Court, and upon such application the Court shall cause a note of his authority to be entered in the register

Procedure where no such application made

425 If such application is not made by the Government Pleader on or before the day fixed in the notice for the defendant to appear and answer to the plaint, the case shall proceed as in a suit between private parties, except that

Defendant not liable to arrest before judgment

the defendant shall not be liable to arrest before judgment

Exemption of Government officers from personal appearance

426 If in a suit against an officer of the Government the Court requires the personal appearance of the defendant, and the defendant satisfies the Court that he cannot absent himself from his duty without detriment to the public service, the Court shall exempt him

গবর্ণমেণ্টের কর্ম্মকারকদের নামে সমন দিবার কথা।

৪২১ ধারা। প্রতিবাদী গবর্ণমেণ্টের কোন কর্ম্মে নিযুক্ত থাকিলে তিনি যে আফীসে কর্ম্ম করেন সেই আফীসের প্রধান কর্ত্তৃপক্ষের নামে সমন দিলে তাহা সুবিধামতে জারী হইতে পারিবে আদালতের এমত বোধ থাকিলে, আদালত প্রতিবাদিকে দিবার জন্যে ঐ প্রধান কর্ত্তৃপক্ষের নিকট সমনের নকল পাঠাইবেন ইতি।

গবর্ণমেণ্টের কার্য্যকারকেরা নিজ পদোপলক্ষে যে কর্ম্ম করেন তদ্ধেতুক তাঁহাদের নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে সমন দেওনের কথা।

৪২২ ধারা। গবর্ণমেণ্টের কোন কর্ম্মকারক নিজ কর্ম্মোপলক্ষে অমুক কর্ম্ম করিয়াছেন বলিয়া বাদী সেই কর্ম্মহেতুক তাঁহার নামে মোকদ্দমা উপস্থিত করিলে, ঐ কার্য্যকারকের নামে ৪২১ ধারার বিধানমতে সমন দেওয়া যাইবে ইতি।

কার্য্যকারক গবর্ণমেণ্টের নিকট জিজ্ঞাসা করিতে পারেন এই নিমিত্ত সময় বাড়াইয়া দিবার কথা।

৪২৩ ধারা। ঐ কার্য্যকারক সমন পাইলে পর, আবেদনপত্রের উত্তর দিবার পূর্ব্বে গবর্ণমেণ্টের নিকট কোন কথা জিজ্ঞাসা করা উচিত বোধ করিলে, উপযুক্ত প্রণালীমতে সেই কথা জিজ্ঞাসা করিবার ও তদ্বিষয়ের আজ্ঞা পাইবার জন্যে যত দিন আবশ্যক আদালতে সমনের নিরূপিত সময় তত দিন বাড়াইয়া দিবার প্রার্থনা করিতে পারিবেন।

তদ্রূপ প্রার্থনা হইলে, আদালত যত দিন আবশ্যক বোধ করেন তত দিন ঐ সময় বাড়াইয়া দিতে পারিবেন ইতি।

গবর্ণমেণ্ট উত্তর দিতে স্বীকার করিলে প্রার্থনার কথা।

৪২৪ ধারা। গবর্ণমেণ্ট ৪২২ ধারার উল্লিখিত প্রকারের মোকদ্দমার উত্তর দিতে সম্মত হইলে, গবর্ণমেণ্টের উকীল উপস্থিত হইয়া আবেদনপত্রের উত্তর দিবার ক্ষমতা প্রাপ্ত হইলে আদালতে প্রার্থনা করিবেন, তদ্রূপ প্রার্থনা করিলে আদালত রেজিস্টরের মধ্যে তাঁহার সেই ক্ষমতার সংক্ষেপ কথা লেখাইয়া দিবেন ইতি।

তদ্রূপ প্রার্থনা না হইলে কার্য্য প্রণালীর কথা।

৪২৫ ধারা। প্রতিবাদির উপস্থিত হইয়া আবেদনপত্রের উত্তর দিবার নোটিসে যে দিন নিরূপণ হইল, গবর্ণমেণ্টের উকীল সেই দিনে কি তৎপূর্ব্বে উক্ত প্রকারের প্রার্থনা না করিলে, সাধারণ দুই পক্ষের মধ্যে মোকদ্দমা হওয়ার ন্যায় ঐ মোকদ্দমা চলিবে, কেবল বিশেষ এই যে নিষ্পত্তি হওয়ার পূর্ব্বে প্রতিবাদিকে গ্রেপ্তার করা যাইতে পারিবে না ইতি।

নিষ্পত্তি হওয়ার পূর্ব্বে প্রতিবাদিকে গ্রেপ্তার না করিবার কথা।

গবর্ণমেণ্টের কার্য্যকারকদের নিজে উপস্থিত না হওয়ার অনুমতির কথা।

৪২৬ ধারা। গবর্ণমেণ্টের কোন কার্য্যকারকের নামে মোকদ্দমা উপস্থিত করা গেলে, ও আদালত প্রতিবাদিকে স্বয়ং আসিতে আজ্ঞা করিলে, ও আপন কর্ম্মে না গেলে সরকারী কর্ম্মের হানি হইবে তিনি আদালতের হৃদ্বোধমতে ইহা জানাইলে, আদালত

from appearing in person, but he shall be liable to be examined in any way in which an absent witness may be examined.

তাঁহার নিজে না আসিবার অনুমতি দিবেন, কিন্তু অনুপস্থিত সাক্ষির সাক্ষ্য যে কোন প্রকারে লওয়া যাইতে পারে তাঁহারও সাক্ষ্য সেই প্রকারে লওয়া যাইতে পারিবে ইতি।

Procedure where decree is against Government, or officer on behalf of Government.

427. When the decree is against Government, or against an officer acting on behalf of Government, and the officer against whom execution is applied for neglects or refuses to satisfy the decree, the Court shall report the case for the orders of the Local Government.

Execution shall not issue on any decree mentioned in this section unless it remains unsatisfied for the period of three months computed from the date on which the report of the case reaches the Local Government.

গবর্ণমেণ্টের বিপক্ষে কিম্বা গবর্ণমেণ্টের সপক্ষীয় কার্য্যকারকের বিপক্ষে ডিক্রী হইলে কার্য্যপ্রণালীর কথা।

৪২৭ ধারা। গবর্ণমেণ্টের বিপক্ষে, কিম্বা গবর্ণমেণ্টের সপক্ষ কর্ম্মকারি কার্য্যকারকের বিপক্ষে ডিক্রী হইলেও, যে কার্য্যকারকের বিপক্ষে ডিক্রীমতে কার্য্য করিবার প্রার্থনা হয় তিনি ঐ ডিক্রীমত কার্য্য করিতে শৈথিল্য করিলে কি সম্মত না হইলে, আদালত স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞার জন্যে সেই বিষয়ের রিপোর্ট করিবেন।

সেই বিষয়ের রিপোর্ট যে তারিখে স্থানীয় গবর্ণমেণ্টের নিকট পঁহুছে সেই তারিখঅবধি তিন মাস পর্য্যন্ত ঐ ডিক্রী অসাধন হইয়া না থাকিলে, এই ধারার উল্লিখিত ডিক্রী জারী করিবার আজ্ঞা হইবে না ইতি।

CHAPTER XXVII

SUITS BY OR AGAINST NATIVE AND FOREIGN RULERS

Persons specially appointed by Government to prosecute or defend a suit for a Prince or Chief.

428. Persons specially appointed by an order of the Governor-General in Council, or the Local Government, at the request of any Sovereign, Prince, or independent Chief, whether residing within or without British India, to prosecute or defend a suit on his behalf, shall be deemed to be the recognized agents by whom appearances, acts, and applications under this Code may be made or done on behalf of such Prince or Chief.

২৭ সপ্তবিংশ অধ্যায়।

এদেশীয় বা ভিন্নদেশীয় সরদারদের দ্বারা বা তাঁহাদের নামে যে মোকদ্দমা উপস্থিত করা যায় তদ্বিষয়ক বিধি।

রাজার কি সরদারের মোকদ্দমা গবর্ণমেণ্টের বিশেষমতে নিযুক্ত ব্যক্তির চালাইবার ও উত্তর দিবার কথা।

৪২৮ ধারা। স্বাধীন রাজা কি স্বাধীন সরদার ব্রিটনীয় ভারতবর্ষের অন্তর্গত কি বহির্ভূত স্থানে বাস করিলেও, তাঁহার প্রার্থনামতে যে ব্যক্তিরা মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের কিম্বা স্থানীয় গবর্ণমেণ্টের আজ্ঞামতে ঐ রাজার কি সরদারের পক্ষে মোকদ্দমা উপস্থিত কি মোকদ্দমার প্রতিবাদ করণার্থে বিশেষমতে নিযুক্ত হন, তাঁহাদিগকে এই আইনমতে সেই রাজার কি সরদারের পক্ষে উপস্থিত হওনের ও কার্য্য ও দরখাস্ত করণের নিমিত্ত স্বীকৃত কর্ম্মকারক বলিয়া জ্ঞান হইবে ইতি।

CHAPTER XXVIII

SUITS BY AND AGAINST CORPORATIONS AND COMPANIES

Subscription and verification of plaint.

429. In suits by a Corporation, or by a Company authorized to sue and be sued in the name of an officer or of a trustee, the plaint may be subscribed and verified on behalf of the Corporation or Company by any director, secretary, or other principal officer of the Corporation or Company, who is able to depose to the facts of the case.

২৮ অষ্টবিংশ অধ্যায়।

সমাবায়িত সমাজের ও কোম্পানির দ্বারা কি তাঁহাদের নামে মোকদ্দমা হওন বিষয়ক বিধি।

আবেদনপত্রে ও সত্যাকরণপত্রে স্বাক্ষর করিবার কথা।

৪২৯ ধারা। সমাবায়িত সমাজের কিম্বা কোন কোম্পানির পক্ষে ঐ সমাজের কোন কর্ম্মকারক কি ট্রষ্টী মোকদ্দমা উপস্থিত করিতে কিম্বা মোকদ্দমার উত্তর দিতে ক্ষমতাপন্ন হইলে সেই মোকদ্দমায় যে আবেদনপত্র ও সত্যাকরণপত্র দেওয়া যায় ঐ সমাবায়িত সমাজের কি কোম্পানির যে কার্য্যাধ্যক্ষ কি সেক্রেটরী কি অন্য প্রধান কার্য্যকারক মোকদ্দমার সকল বৃত্তান্তের সাক্ষ্য দিতে সক্ষম হন, তিনিই ঐ সমাজের কি কোম্পানির সপক্ষে ঐ আবেদনপত্রে ও সত্যাকরণপত্রে স্বাক্ষর করিতে পারিবেন ইতি।

430 When the suit is against a Corporation, or against a Company authorized to sue and be sued in the name of an officer or of a trustee,

Service on a Corporation or Company

ব্রিটনীয ভারতবর্ষহইতে যে ভাবগতিকে চলিয়া যাইতে উদ্যত আছেন তদ্দৃষ্টে মোকদ্দমায ঐ প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে সেই ডিক্রী জারী করণে বাদির বাধা কি বিলম্ব হইবে কি হইতে পারে ইহার সঙ্গত সম্ভাবনা আছে,

মোকদ্দমা চলনের কোন সমযে বাদী এই বিষযে আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলেই মোকদ্দমায প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে তাহার উত্তর দিবার জন্যে তাঁহার উপস্থিত হইবার জামিন লইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

৪৭৭ ধারা। আদালত প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিযা ও অন্য যে অনুসন্ধান লওযা আবশ্যক জ্ঞান করেন তাহা লইয়া, প্রতিবাদী পূর্ব্বোক্ত কোন অভিপ্রাযে,

জামিন না দিবার কারণ দর্শাইবার জন্যে প্রতিবাদিকে উপস্থিত করাইবার আজ্ঞার কথা।

(ক) পলাযন করিযাছেন কি আদালতের এলাকার বহির্ভূত স্থানে গিযাছেন কিম্বা

(খ) পলাযন করিতে কি আদালতের এলাকার বহির্ভূত স্থানে যাইতে উদ্যত আছেন, কিম্বা

(গ) আপনার সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর কি আদালতের এলাকার অন্তর্গত স্থানহইতে স্থানান্তর করিয়াছেন, কিম্বা

(ঘ) শেষোক্ত ভাবগতিকে ব্রিটনীয ভারতবর্ষহইতে চলিযা যাইতে উদ্যত আছেন,

ইহা হৃদ্বোধমতে জানিলে, প্রতিবাদির উপস্থিত হইবার জামিন না দিবার কারণ দর্শাইবার জন্যে তাঁহাকে আদালতের সম্মুখে আসিবার আজ্ঞা প্রচার করিবেন ইতি।

৪৭৮ ধারা। প্রতিবাদী তদ্রূপ কারণ দর্শাইতে না পারিলে, তাঁহার বিপক্ষে যে দাওয়া উপস্থিত করা গেল আদালত তাঁহাকে সেই দাওযার পরিশোধের উপযুক্ত টাকা কি অন্য সম্পত্তি আদালতে গচ্ছিত করিতে আজ্ঞা করিবেন, কিম্বা মোকদ্দমা যত কাল উপস্থিত থাকে, কিম্বা মোকদ্দমায তাঁহার বিপরীত ডিক্রী হইলে যত কাল সেই ডিক্রী জারী কিম্বা তদনুসারে কার্য্য সম্পাদন না হয় ততকাল তাঁহাকে কোন সময়ে আহ্বান করা গেলেই তিনি উপস্থিত হইবেন ইহার প্রতিভূ দিবার আজ্ঞা করিবেন।

প্রতিবাদী কারণ দর্শাইতে না পারিলে তাঁহাকে জামিন স্বরূপ টাকা গচ্ছিত করিতে কি জামিন দিতে আদালতের আজ্ঞা করিবার কথা।

মোকদ্দমায় প্রতিবাদির যত টাকা দিবার আজ্ঞা হইযা থাকিবে, তিনি আহ্বানমতে উপস্থিত না হইলে প্রতিভূ তত টাকা দিবার প্রতিজ্ঞাতে বদ্ধ হইবেন ইতি।

৪৭৯ ধারা। প্রতিবাদির উপস্থিত হইবার প্রতিভূ যে আদালতে প্রতিভূ হইলেন কোন সমযে সেই আদালতে আপনার সেই প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার প্রার্থনা করিতে পারিবেন।

প্রতিভূ মুক্ত হইবার প্রার্থনা করিলে কার্য্যপ্রণালীর কথা।

On such application being made, the Court shall summon the defendant to appear, or, if it thinks fit, may issue a warrant for his arrest in the first instance

On the appearance of the defendant pursuant to the summons or warrant, or on his voluntary surrender, the Court shall direct the surety to be discharged from his obligation, and shall call upon the defendant to find fresh security.

Procedure where defendant fails to give security or find fresh security

480. If the defendant fail to comply with an order under either of the two last preceding sections, the Court may commit him to jail until the decision of the suit, or, if judgement be given against the defendant, until the execution of the decree

Compensation where defendant arrested or suit instituted on insufficient grounds

481 If it appear to the Court that the arrest of the defendant was applied for on insufficient grounds,

or if, after such arrest, the suit of the plaintiff is dismissed, or judgment is given against him by default or otherwise, and it appears to the Court that there was no probable ground for instituting the suit,

the Court may, on the application of the defendant, award against the plaintiff in its decree such amount, not exceeding one thousand rupees, as it deems a reasonable compensation to the defendant for any injury or loss which he has sustained by reason of such arrest

Proviso

Provided that the Court shall not award a larger amount of compensation under this section than it is competent to such Court to decree in a suit for compensation

An award under this section shall bar any suit for compensation in respect of such arrest

CHAPTER XXXV

OF ATTACHMENT BEFORE JUDGMENT

Application before judgment for security from defendant to fulfil decree, and, in default, for an attachment of his property

482 If at any stage of any suit the plaintiff satisfies the Court that the defendant, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him,

(*a*) is about to dispose of the whole or any part of his property, or to remove the same from the jurisdiction of the Court in which the suit is pending, or

তদ্রূপ প্রার্থনা করা গেলে আদালত প্রতিবাদির নামে উপস্থিত হইবার সমন দিবেন কিম্বা উচিত বোধ করিলে প্রথমেই তাঁহাকে ধরিয়া আনিবার পরওয়ানা দিবেন।

প্রতিবাদী ঐ সমন কি পরওয়ানামতে উপস্থিত হইলে কিম্বা স্বেচ্ছামতে আপনাকে সমর্পণ করিয়া দিলে, আদালত প্রতিভুর প্রতিজ্ঞাহইতে মুক্ত হইবার আজ্ঞা দিয়া প্রতিবাদিকে নূতন প্রতিভূ দিবার আজ্ঞা করিবেন ইতি।

প্রতিবাদী জামিন না দিলে কি নূতন প্রতিভূ পাইতে না পারিলে কার্য্যপ্রণালীর কথা।

৪৮০ ধারা। প্রতিবাদী ইহার পূর্ব্ব দুই ধারার কোন ধারামতে আজ্ঞা পাইয়া সেই আজ্ঞামতে কর্ম্ম না করিলে, আদালত মোকদ্দমার নিষ্পত্তি না হওন পর্য্যন্ত কিম্বা প্রতিবাদির বিপক্ষে ডিক্রী হইলে সেই ডিক্রী সাধন না হওন পর্য্যন্ত প্রতিবাদিকে কারাগারে পাঠাইতে পারিবেন ইতি।

পর্য্যাপ্ত কারণ না থাকিলেও প্রতিবাদিকে ধৃত করা গেলে কি মোকদ্দমা উপস্থিত করা গেলে হানিপূরণের কথা।

৪৮১ ধারা। পর্য্যাপ্ত কারণ না থাকিলেও প্রতিবাদিকে ধৃত করিবার প্রার্থনা হইল, আদালতের এইরূপ জ্ঞান হইলে,

কিম্বা তাঁহাকে ধৃত করিবার পর বাদির মোকদ্দমা ডিসমিস হইলে, কিম্বা ত্রুটি প্রযুক্ত কি অন্য কারণে তাঁহার বিপক্ষ নিষ্পত্তি হইলে, ও মোকদ্দমা উপস্থিত করিবার সম্ভব কারণ ছিল না আদালত এইরূপ জ্ঞান করিলে,

তদ্রূপে ধৃত হওয়াতে যে অপকার কি হানি হইয়াছে প্রতিবাদী প্রার্থনা করিলে আদালত এক হাজার টাকার অনধিক হানিপূরণ বলিয়া যত টাকা সঙ্গত জ্ঞান করেন আপন ডিক্রীর মধ্যে বাদির তাঁহাকে তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন।

উপবিধি।

কিন্তু হানিপূরণের মোকদ্দমায় ঐ আদালত যত টাকা ডিক্রী করিতে ক্ষমতাপন্ন হন এই ধারামতে হানিপূরণ স্বরূপ তদধিক টাকার আজ্ঞা করিবেন না।

এই ধারামতে আজ্ঞা করা গেলে পর উক্ত প্রকারে ধৃত হওনপ্রযুক্ত হানিপূরণ পাইবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

৩৫ পঞ্চত্রিংশ অধ্যায়।

নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করণের কথা।

নিষ্পত্তির পূর্ব্বে প্রতিবাদির ডিক্রীমতে কার্য্য সাধনের জামিন প্রার্থনা করিবার, ও জামিন না দিলে তাঁহার সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনার কথা।

৪৮২ ধারা। প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে, ডিক্রীমতে কার্য্য সাধন হইবার বাধা দেওনের কিম্বা বিলম্ব ঘটাইবার অভিপ্রায়ে

(ক) তিনি আপন সমস্ত সম্পত্তি কি তাহার কোন অংশ হস্তান্তর করিতে, কিম্বা যে আদালতে মোকদ্দমা উপস্থিত আছে সেই আদালতের এলাকার বহির্ভূত স্থানে স্থানান্তর করিতে উদ্যত আছেন, কিম্বা

(*b*) has quitted the jurisdiction of the Court, leaving therein property belonging to him,

the plaintiff may apply to the Court to call upon the defendant to furnish security to fulfil any decree that may be passed against him in such suit, and on his failing to give such security, to direct that any such property shall be attached until the further order of the Court

Contents of application

483. The application shall contain a specification of the property required to be attached, and the estimated value of each article or item thereof, and the plaintiff shall, at the time of making the application, declare that the defendant is about to dispose of or remove his property with such intent as aforesaid

The declaration shall be in writing, and shall be verified in the manner hereinbefore provided for the verification of plaints

Provided that the Court may dispense with the specification and valuation required by this section, if satisfied of the plaintiff's inability to furnish the same

Court may call on defendant to furnish security or show cause

484 If the Court, after examining the applicant, and making any further investigation which it may consider necessary, is satisfied that the defendant is about to dispose of or remove his property, with intent to obstruct or delay the execution of any decree that may be passed against him in the suit, the Court may require him, within a time to be fixed by the Court, either to furnish security in such sum as may be specified in the order, to produce and place at the disposal of the Court, when required, the said property or the value of the same, or such portion thereof as may be sufficient to fulfil the decree, or to appear and show cause why he should not furnish security

The Court may also in the order direct the provisional attachment of the whole or any portion of the property specified in the application.

Attachment if cause not shown or security not furnished

485 If the defendant fail to show cause why he should not furnish security, or fail to furnish the security required within the time fixed by the Court, the Court may

(খ) আদালতের এলাকার অধীন স্থানে আপনার কোন সম্পত্তি রাখিয়া সেই এলাকার বহির্ভূত স্থানে গিয়াছেন,

মোকদ্দমা চলিবার কোন সময়েই বাদী এই বিষয়ে আদালতের হৃদ্বোধ জন্মাইতে পারিলে, ঐ মোকদ্দমার প্রতিবাদির বিপক্ষ কোন ডিক্রী হইলে তিনি সেই ডিক্রীমতে কার্য্য সাধন করিবার জামিন দেন, বাদী আদালতের এমত আজ্ঞা করিবার, ও প্রতিবাদী ঐ জামিন না দিলে যত দিন আদালতের অন্য আজ্ঞা না হয় তত দিন তাঁহার উক্ত কোন সম্পত্তি ক্রোক করিতে আজ্ঞা করিবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

প্রার্থনার মর্ম্মের কথা।

৪৮৩ ধারা। যে সম্পত্তি ক্রোক করিবার প্রার্থনা হয় সেই প্রার্থনাপত্রে ঐ সম্পত্তি বিশেষ করিয়া লেখা যাইবে, ও প্রত্যেক দ্রব্যের কি দফার অনুমান যত মূল্য হয় তাহাও লিখিতে হইবে। এবং প্রতিবাদী পূর্ব্বোক্ত অভিপ্রায়ে আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছেন বাদী প্রার্থনা করণ সময়ে এই কথাও নির্দ্দেশ করিয়া লিখিবেন।

সেই নির্দ্দেশ বাক্য লিখিয়া দিতে হইবে। এবং ইহার পূর্ব্বে আবেদনপত্রে সত্যাকরণের কথা যেরূপে লিখিবার বিধান আছে ঐ নির্দ্দেশ বাক্যেও সেইরূপে সত্যাকরণের কথা লিখিতে হইবে।

কিন্তু এই ধারায় সম্পত্তি ও তাহার মূল্য বিশেষ করিয়া লিখিবার যে আদেশ আছে, বাদী তাহা জানাইতে পারেন না আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে তাহা ছাড়াও কার্য্য চালাইতে পারিবেন ইতি।

প্রতিবাদিকে আদালতের জামিন দিবার কি কারণ দর্শাইবার আজ্ঞা করিবার কথা।

৪৮৪ ধারা। আদালত প্রার্থককে জিজ্ঞাসাবাদ করিলে ও আর যে অনুসন্ধান লওয়া আবশ্যক জ্ঞান করেন তাহা লইলে পর, মোকদ্দমার প্রতিবাদির বিপক্ষে কোন ডিক্রী হইলে সেই ডিক্রীমতে কার্য্য সাধন হইবার বাধা কি বিলম্ব ঘটাইবার অভিপ্রায়ে তিনি আপনার সম্পত্তি হস্তান্তর কি স্থানান্তর করিতে উদ্যত আছেন আদালত ইহা হৃদ্বোধমতে জানিলে, সময় নিরূপণ করিয়া, তাঁহার প্রতি এই আজ্ঞা করিতে পারিবেন যে, আদেশ করা গেলেই তিনি আপনার উক্ত সম্পত্তি কি তাহার মূল্য কিম্বা ডিক্রীমতে কার্য্য সাধন করিবার জন্যে ঐ সম্পত্তির যে অংশ প্রচুর হয় সেই অংশ উপস্থিত করিয়া আদালতের আজ্ঞাধীনে রাখিবেন, ইহার যত টাকা জামিন ঐ আজ্ঞাপত্রে নির্দ্দিষ্ট হইল সেই সময়ের মধ্যে তত টাকা জামিন দেন, কিম্বা উপস্থিত হইয়া সেই জামিন না দিবার কারণ দর্শান।

আরো আদালত ঐ আজ্ঞাপত্রের মধ্যে প্রার্থনাপত্রের নির্দ্দিষ্ট সমুদয় সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ কিয়ৎকালের নিমিত্ত ক্রোক করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

কারণ দর্শান না গেলে কিম্বা জামিন দেওয়া না গেলে ক্রোক করিবার কথা।

৪৮৫ ধারা। প্রতিবাদী জামিন না দিবার কারণ দর্শাইতে না পারিলে, কিম্বা আদালতের নিরূপিত সময়ের মধ্যে আদেশমতে জামীন না দিলে, প্রার্থনা-

order that the property specified in the application, or such portion thereof as appears sufficient to fulfil any decree which may be passed in the suit, shall be attached

পত্রে যে সম্পত্তি নির্দ্দিষ্ট হইল আদালত সেই সম্পত্তি, কিম্বা মোকদ্দমায় যে ডিক্রী হইবে সেই ডিক্রীমতে কার্য্য সাধন করিবার জন্যে ঐ সম্পত্তির যে অংশ প্রচুর বোধ হয় সেই অংশ, ক্রোক করিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

486 If the defendant show such cause or furnish the required security, and the property specified in the application or any portion of it has been ordered to be attached, the Court shall order the attachment to be withdrawn

Withdrawal of attachment

৪৮৬ ধারা। প্রতিবাদী উক্ত কারণ দর্শাইলে কিম্বা আদেশমতে জামিন দিলে, ও প্রার্থনাপত্রের নির্দ্দিষ্ট সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ ক্রোক করিবার আজ্ঞা হইয়া থাকিলে, আদালত ঐ ক্রোক উঠাইয়া দিবার আজ্ঞা করিবেন ইতি।

ক্রোক উঠাইয়া দিবার কথা।

487. The attachment shall be made, according to the nature of the property to be attached, in the manner hereinbefore provided for the attachment of property in execution of a decree for money

Mode of making attachment

৪৮৭ ধারা। যে সম্পত্তি ক্রোক করিতে হইবে তাহার ভাব বিবেচনায়, টাকার ডিক্রী জারী করিয়া সম্পত্তি ক্রোক করিবার পূর্ব্বনির্দ্দিষ্ট বিধানমতে ঐ সম্পত্তি ক্রোক করা যাইবে ইতি।

ক্রোক করিবার নিয়মের কথা।

488 If any claim be preferred to the property attached before judgment, such claims shall be investigated in the manner hereinbefore provided for the investigation of claims to property attached in execution of a decree for money.

Investigation of claims to property attached before judgment

৪৮৮ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহার উপর দাওয়া উপস্থিত করা গেলে, টাকার ডিক্রী জারীক্রমে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহার উপর দাওয়ার অনুসন্ধান লইবার পূর্ব্বনির্দ্দিষ্ট বিধানমতে উক্ত দাওয়ারও অনুসন্ধান লওয়া যাইবে ইতি।

নিষ্পত্তির পূর্ব্বে যে সম্পত্তি ক্রোক করা যায় তাহার উপর দাওয়া হইলে অনুসন্ধান লওয়ার কথা।

489. When an order of attachment before judgment is passed, the Court which passed the order shall remove the attachment whenever the defendant furnishes the security required together with security for the costs of the attachment

Removal of attachment when security furnished

৪৮৯ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করিবার আজ্ঞা হইয়া থাকিলে, প্রতিবাদী আদেশমতে জামিন ও ক্রোক করিবার খরচের জামীন দিলেই, যে আদালত আজ্ঞা করিলেন সেই আদালত ঐ ক্রোক উঠাইয়া দিবেন ইতি।

জামিন দেওয়া গেলে ক্রোক উঠাইয়া দিবার কথা।

490 If it appear to the Court that the attachment was obtained on insufficient grounds, or

if, after the attachment, the suit of the plaintiff is dismissed or judgment is given against him by default or otherwise,

and it appears to the Court that there was no probable ground for instituting the suit, the Court which disposes of the case may, on the application of the defendant, award against the plaintiff in its decree such amount, not exceeding one thousand rupees, as it deems a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the attachment

Compensation for obtaining attachment or instituting suit on insufficient grounds

৪৯০ ধারা। পর্য্যাপ্ত কারণ না থাকিলেও ক্রোক করিবার আজ্ঞা পাওয়া গেল, আদালত এমত জ্ঞান করিলে কিম্বা

ক্রোক করিবার পর বাদির মোকদ্দমা ডিসমিস হইলে কিম্বা ত্রুটিপ্রযুক্ত কি অন্য কারণে তাঁহার বিপক্ষ ডিক্রী হইলে,

এবং মোকদ্দমা উপস্থিত করিবার কোন সম্ভব কারণ ছিল না আদালত এমত জ্ঞান করিলে, যে আদালত মোকদ্দমা নিষ্পত্তি করেন সেই আদালত ক্রোক করণদ্বারা প্রতিবাদির খরচ কি হানি হইয়াছে বলিয়া প্রতিবাদির প্রার্থনামতে সেই হানিপূরণার্থে এক সহস্র টাকার অনধিক যত টাকা সঙ্গত বোধ করেন বাদির বিপক্ষ ডিক্রীর মধ্যে তাঁহার তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

পর্য্যাপ্ত কারণ না থাকিলেও ক্রোক করিবার আজ্ঞা পাওয়া গেলে কি মোকদ্দমা উপস্থিত করা গেলে হানিপূরণের কথা।

Provided that the Court shall not award a larger amount under this section than it is competent to such Court to decree in a suit for compensation

Proviso

কিন্তু হানিপূরণার্থ মোকদ্দমায় ঐ আদালত যত টাকা ডিক্রী করিতে ক্ষমতাপন্ন হন এই ধারামতে তাহার অধিক টাকার আজ্ঞা করিবেন না।

উপবিধি।

An award under this section shall bar any suit for compensation in respect of such attachment

এই ধারামতে আজ্ঞা হইলে পর উক্ত ক্রোক করণপ্রযুক্ত হানিপূরণ পাইবার কোন মোকদ্দমা উপস্থিত করা যাইতে পারিবে না ইতি।

Attachment not to affect rights of strangers, or bar the decree holder from applying for sale

491 Attachment before judgment shall not affect the rights of persons not parties to the suit, nor bar any person holding a decree against the defendant from applying for the sale of the property under attachment in execution of such decree

ক্রোক হইলে উদাসীন ব্যক্তিদের স্বত্বের হানি না হইবার ও নীলাম হওনার্থে ডিক্রীদারের প্রার্থনা করিবার বাধা না হওয়ার কথা।

৪৯১ ধারা। নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করা গেলে যাঁহারা মোকদ্দমার কোন পক্ষের মধ্যে নহেন এমত ব্যক্তিদের স্বত্বের হানি হইবে না, ও কোন ব্যক্তি প্রতিবাদির বিপক্ষ ডিক্রীদার হইলে, ঐ ডিক্রী জারীক্রমে ঐ ক্রোক করা সম্পত্তি নীলাম হইবার প্রার্থনা করিতে তাঁহার বাধা নাই ইতি।

Stay of sale of property already under attachment when execution of decree fraudulently obtained is applied for

492 If it appear to the Court by which the property has been ordered to be attached before judgment, that there is reasonable ground for supposing that the decree in satisfaction of which the sale of the property is applied for under the provisions of section 491, was obtained by fraud or other improper means, the Court may refuse to allow the property to be sold in execution if the decree be a decree of that Court, or if it be a decree of another Court, may stay the proceedings for a reasonable time to enable the person on whose application the property was ordered to be attached to adopt proceedings to set aside the decree

ডিক্রী প্রতারণাক্রমে পাওয়া গেলে সেই ডিক্রীমতে ঐ ক্রোকী সম্পত্তির নীলাম স্থগিত হইতে পারিবার কথা।

৪৯২ ধারা। যে ডিক্রীক্রমে ৪৯১ ধারার বিধানমতে সম্পত্তি নীলাম করিবার প্রার্থনা হয় তাহা প্রতারণাক্রমে কি অনুচিত অন্য উপায়ে পাওয়া গেল এমত অনুভব করিবার সঙ্গত কারণ আছে, যে আদালত নিষ্পত্তির পূর্ব্বে ঐ সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা করিলেন তাঁহার এমত বোধ হইলে, ও সেই ডিক্রী ঐ আদালতেরই ডিক্রী হইলে, ঐ আদালত ঐ ডিক্রী জারীক্রমে ঐ সম্পত্তি নীলাম করিবার অনুমতি দিতে অসম্মত হইতে পারিবেন, ও অন্য আদালতের ডিক্রী হইলে, যে ব্যক্তির প্রার্থনামতে সম্পত্তি ক্রোক করিবার আজ্ঞা হইল তিনি যেন ঐ ডিক্রী অন্যথা করিবার কার্য্যানুষ্ঠান করিতে পারেন একারণে সঙ্গত সময়ের নিমিত্ত আনুষ্ঠানিক কার্য্য স্থগিত রাখিতে পারিবেন ইতি।

When party may be put in immediate possession of land, the subject of suit

493 When land paying revenue to Government, or a tenure liable to summary sale, forms the subject of a suit, if the party in possession of such land or tenure neglects to pay the Government revenue, or the rent due to the proprietor of the tenure, as the case may be, and a sale is in consequence ordered to take place, the party to the suit not in possession shall upon payment of the revenue or rent due previously to the sale (and with or without security, at the discretion of the Court), be put in immediate possession of the land or tenure,

যে স্থলে অগোণেই কোন পক্ষকে বিবাদীয় ভূমির অধিকার দেওয়া যাইতে পারিবে তাহার কথা।

৪৯৩ ধারা। গবর্ণমেণ্টের রাজস্বদায়ি ভূমি কিম্বা যে তালুক সরাসরীমতে নীলাম হইতে পারে এমত তালুক লইয়া মোকদ্দমা হইলে, ও সেই ভূমি কি তালুক যাঁহার অধিকারে আছে গবর্ণমেণ্টের রাজস্ব কিম্বা বিষয়বিশেষে তালুকের ভূম্যধিকারির প্রাপ্য খাজানা না দেওয়া প্রযুক্ত তাঁহার ঐ ভূমি নীলাম করিবার আজ্ঞা হইলে, ঐ ভূমি মোকদ্দমার যে পক্ষের দখলে নাই তিনি নীলামের পূর্ব্বে ঐ বাকী রাজস্ব কি খাজানা দিলে (আদালতের বিবেচনামতে জামিন দিলে বা না দিলেও) তাঁহাকে অগোণেই ঐ ভূমির কি তালুকের অধিকার দেওয়া যাইবে,

and the Court in its decree may award against the defendant the amount so paid, with interest thereupon at such rate as the Court thinks fit, or may charge the amount so paid, with interest thereupon at such rate as the Court orders, in any adjustment of accounts which may be directed in the decree passed in the suit.

এবং আদালত যে হিসাবে সুদ ধরা উচিত বোধ করেন আপন ডিক্রীতে প্রতিবাদির বিপক্ষে সেই হিসাবমতে সুদসুদ্ধ ঐ টাকার ডিক্রী দিতে পারিবেন, কিম্বা মোকদ্দমায় যে ডিক্রী করা যায় তন্মধ্যে হিসাব নিষ্পত্তি করিবার আজ্ঞা হইলে আদালত যে হিসাবে সুদের আজ্ঞা করেন সেই হিসাবে সুদশুদ্ধ পূর্ব্বোক্তমতে দেওয়া টাকা ডিক্রীতে ধরিতে পারিবেন ইতি।

CHAPTER XXXVI.

OF TEMPORARY INJUNCTION.

Cases in which temporary injunction may be granted

494. If it be shown to the satisfaction of the Court that any property in dispute in a suit is in danger of being wasted, damaged, or alienated by any party to the suit, the Court may grant a temporary injunction to restrain such act, or give such other order for the purpose of staying and preventing the wasting, damaging, or alienation of the property as the Court thinks fit.

Temporary injunction against fraudulent removal

495. Where during the pendency of a suit it is shown to the satisfaction of the Court that the defendant threatens, or is about to remove or dispose of the property with intent to defraud his creditors, the Court may grant a temporary injunction to restrain such removal or disposition.

Injunction to restrain repetition or continuance of breach

496 In any suit for restraining the defendant from committing a breach of contract or other injury, and whether compensation be claimed in the suit or not, the plaintiff may, at any time after the commencement of the suit, and either before or after judgment, apply to the Court for a temporary injunction to restrain the defendant from the repetition or the continuance of the breach of contract or wrongful act complained of, or the committing of any breach of contract or injury of a like kind arising out of the same contract or relating to the same property or right

Such injunction may be granted by the Court on such terms as to the duration of the injunction, keeping an account, giving security, or otherwise, as the Court thinks fit

In cases of disobedience an injunction granted under this section or section 494 or 495 may be enforced by the imprisonment of the defendant or the attachment of his moveable property, or both

Before granting injunction, Court may direct notice to be given to opposite party

497. The Court may in all cases, and shall in all cases except those of great urgency, before granting an injunction, direct notice of the application for the same to be given to the opposite party

৩৬ ষট্‌ত্রিংশ অধ্যায়।

কিয়ৎকালের নিমিত্ত নিষেধ বিষয়ক বিধি।

যে স্থলে কিয়ৎকালের নিমিত্ত নিষেধের আজ্ঞা দেওয়া যাইতে পারে তাহার কথা।

৪৯৪ ধারা। মোকদ্দমায় যে সম্পত্তির বিষয়ে বিবাদ হইতেছে, মোকদ্দমার কোন পক্ষের দ্বারা তাহার অপচয় কি হানি হইবার কিম্বা হস্তান্তর করিয়া দিবার সম্ভাবনা আছে ইহা আদালতের হৃদ্বোধমতে দর্শান গেলে, আদালত সেই কার্য্য নিবারণ করিবার কিয়ৎকালীন নিষেধ আজ্ঞা করিতে পারিবেন। কিম্বা সম্পত্তির অপচয় ও হানি কি হস্তান্তর করা স্থগিত করণার্থে কি নিবারণার্থে অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

প্রতারণাক্রমে স্থানান্তর করিতে কিয়ৎকালীন নিষেধের কথা।

৪৯৫ ধারা। মোকদ্দমা উপস্থিত থাকিতে প্রতিবাদী মহাজনদের ন্যায্য না পাইবার উদ্দেশে আপন সম্পত্তি স্থানান্তর কি হস্তান্তর করিবার ভয় দেখাইতেছেন কি তাহা করিতে উদ্যত আছেন ইহা আদালতের হৃদ্বোধমতে দেখান গেলে, আদালত সেই বিষয় স্থানান্তর কি হস্তান্তর করা নিবারণার্থে কিয়ৎকালীন নিষেধ আজ্ঞা করিতে পারিবেন ইতি।

চুক্তিভঙ্গ পুনশ্চ কি আর না করিবার নিষেধের কথা।

৪৯৬ ধারা। প্রতিবাদির চুক্তিভঙ্গ কি অন্য অপকার করিতে নিবারণ করিবার মোকদ্দমা উপস্থিত করা গেলে, ও সেই মোকদ্দমায় হানিপূরণের দাওয়া হইলে বা না হইলেও, যে চুক্তিভঙ্গের কি যে অন্যায় ক্রিয়ার নালিশ হয় বাদী মোকদ্দমার আরম্ভ হইবার পর কোন সময়েই ও ডিক্রী হইবার পূর্ব্বে বা পরেও, প্রতিবাদিকে তাহা পুনশ্চ না করিবার কিম্বা করিতে না থাকিবার, কিম্বা সেই চুক্তি হইতে কি সেই সম্পত্তি কি স্বত্ব সম্বন্ধে সেই প্রকারের যে চুক্তিভঙ্গ কি অপকার জন্মে তাহা করিবার নিষেধ করণার্থে আদালতে প্রার্থনা করিতে পারিবেন।

আদালত সেই নিষেধ যত দিন প্রবল থাকিবে তদ্বিষয়ের কিম্বা হিসাব রাখিবার কি জামিন দিবার কি অন্য বিষয়ের যে নিয়ম করা উচিত বোধ করেন সেই নিয়মানুসারে ঐ নিষেধসূচক আজ্ঞা করিতে পারিবেন।

প্রতিবাদী সেই আজ্ঞা না মানিলে, এই ধারা কিম্বা ৪৯৪ কি ৪৯৫ ধারামতে নিষেধসূচক যে আজ্ঞা দেওয়া যায় ঐ প্রতিবাদিকে কারাবদ্ধ করণ কিম্বা তাঁহার অস্থাবর সম্পত্তি ক্রোককরণ দ্বারা কি ঐ উভয় কার্য্যদ্বারা সেই আজ্ঞা প্রবল করা যাইতে পারিবে ইতি।

নিষেধসূচক আজ্ঞা করিবার পূর্ব্বে বিপক্ষপক্ষকে নোটিস দিতে আদালতের আজ্ঞা করিতে পারিবার কথা।

৪৯৭ ধারা। আদালত সর্ব্বদাই নিষেধসূচক আজ্ঞা করিবার পূর্ব্বে বিপক্ষপক্ষকে সেই আজ্ঞার জন্যে প্রার্থনা হইবার নোটিস দিতে পারিবেন, ও অত্যন্ত প্রয়োজনীয় স্থলভিন্ন সর্ব্বদাই দিবেন ইতি।

498. An injunction directed to a corporation is binding not only on the corporation itself but also on all members and officers of the corporation whose personal action it seeks to restrain

Injunction to corporation binding on its members and officers

৪৯৮ ধারা। সমাবায়িত সমাজের প্রতি নিষেধসূচক যে আজ্ঞা দেওয়া যায়, তদ্দ্বারা কেবল ঐ সমাজ আবদ্ধ হইবেন তাহা নয় কিন্তু ঐ সমাজগত যে সকল ব্যক্তির ও কর্ম্মকারকদের কার্য্য বারণ করিতে চেষ্টা হয় তাঁহারাও আবদ্ধ হইবেন ইতি।

সমাবায়িত সমাজের প্রতি নিষেধসূচক যে আজ্ঞা দেওয়া যায় তাহা ঐ সমাজের অন্তর্গত ব্যক্তিদের ও কার্য্যকারকদের উপর প্রবল হওয়ার কথা।

499 Any order for an injunction may be discharged or varied or set aside by the Court, on application made thereto by any party dissatisfied with such order

Order for injunction may be discharged, varied, or set aside

৪৯৯ ধারা। নিষেধসূচক যে আজ্ঞা করা যায় তাহাতে কোন পক্ষ অসন্তুষ্ট হইয়া আদালতে প্রার্থনা করিলে আদালত তাহা স্থগিত কি পরিবর্ত্তন কি অসিদ্ধ করিতে পারিবেন ইতি।

নিষেধসূচক আজ্ঞা রহিত কি মতান্তর কি অসিদ্ধ করিবার কথা।

500 If it appears to the Court that the injunction was applied for on insufficient grounds, or

Compensation to defendant for issue of injunction on insufficient grounds

if, after the issue of the injunction, the claim of the plaintiff is dismissed or judgment is given against him by default or otherwise,

and it appears to the Court that there was no probable ground for instituting the suit,

the Court may, on the application of the defendant, award against the plaintiff in its decree such sum, not exceeding one thousand rupees, as it deems a reasonable compensation to the defendant for the expense or injury occasioned to him by the issue of the injunction

Provided that the Court shall not award a larger amount under this section than it is competent to such Court to decree in a suit for compensation

Proviso

An award of compensation under this section shall bar any suit for damages in respect of the issue of the injunction

৫০০ ধারা। অনুপযুক্ত কারণে নিষেধসূচক আজ্ঞা প্রার্থনা করা গেল আদালত ইহা দেখিতে পাইলে, কিম্বা,

যে কারণ পর্য্যাপ্ত নয় এমত কারণে নিষেধসূচক আজ্ঞা হইলে প্রতিবাদির হানিপূরণের কথা।

নিষেধসূচক আজ্ঞা বাহির হইলে পর বাদির দাওয়া ডিসমিস হইলে, কিম্বা ত্রুটিপ্রযুক্ত কি অন্য কারণে তাঁহার বিপক্ষ ডিক্রী হইলে,

ও মোকদ্দমা উপস্থিত করিবার কোন সম্ভব হেতু ছিল না আদালত ইহা দেখিতে পাইলে,

ঐ নিষেধসূচক আজ্ঞার দ্বারা প্রতিবাদির যে খরচ কি অপকার হইয়াছে আদালত প্রতিবাদির প্রার্থনামতে তাঁহার হানি পূরণ স্বরূপ এক সহস্র টাকার অনধিক যত টাকা সঙ্গত বোধ করেন, বাদির বিপক্ষ ডিক্রীর মধ্যে প্রতিবাদির তত টাকা পাইবার আজ্ঞা করিতে পারিবেন।

কিন্তু হানি পূরণের মোকদ্দমায় আদালত যত টাকা ডিক্রী করিতে ক্ষমতাপন্ন হন, এই ধারামতে তদধিক টাকার আজ্ঞা করিতে পারিবেন না।

উপবিধি।

এই ধারামতে হানি পূরণের আজ্ঞা করা গেলে, ঐ নিষেধসূচক আজ্ঞা হওনোপলক্ষে হানি পূরণের কোন মোকদ্দমা হইতে পারিবে না ইতি।

CHAPTER XXXVII

Appointment of Receivers and Managers, and Deposit in Court

501 Whenever it appears to the Court to be necessary for the preservation or the better management or custody of any immoveable property which is in dispute in a suit in such Court, the Court may

Powers of Court as to management of immoveable property in suit

(a) appoint a Receiver or Manager of such property, on such terms as to security or otherwise as to the Court seems fit,

and may, if need be,

৩৭ সপ্তত্রিংশ অধ্যায়।

গ্রাহকদের ও কার্য্যাধ্যক্ষদের নিযুক্ত করণ ও আদালতে গচ্ছিত করণ বিষয়ক বিধি।

৫০১ ধারা। কোন আদালতে উপস্থিত কোন মোকদ্দমায় যে স্থাবর সম্পত্তি লইয়া বিবাদ হয় সেই সম্পত্তি রক্ষা করিবার কি তাহার উত্তমরূপে কার্য্যাধ্যক্ষতা করিবার কি তৎসংরক্ষণের জন্যে আদালতের বিবেচনায় আবশ্যক হইলে, ঐ আদালত—

মোকদ্দমা সংক্রান্ত স্থাবর সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা বিষয়ে আদালতের ক্ষমতার কথা।

(ক) জামিন প্রভৃতির যে নিয়ম উচিত বোধ করেন, এমত নিয়ম করিয়া ঐ সম্পত্তির গ্রাহক কিম্বা কার্য্যাধ্যক্ষ নিযুক্ত করিতে পারিবেন,

এবং আবশ্যক হইলে,

(*b*) remove the person in whose possession or custody the property may be from the possession or custody thereof,

(*c*) commit the same to the custody of such Receiver or Manager,

(*d*) grant to such Receiver or Manager such fee or commission on the rents and profits of the property by way of remuneration, and all such powers as to bringing and defending suits, and for the management, protection, preservation, and improvement of the property, and the collection of the rents and profits thereof, and the application and disposal of such rents and profits, as the owner himself has, or such of those powers as the Court thinks fit

(খ) ঐ সম্পত্তি যে ব্যক্তির অধিকারে কি সংরক্ষণে থাকে তাঁহার হাতহইতে ঐ সম্পত্তির অধিকার ও তাহার সংরক্ষণের ভার লইতে ও

(গ) উক্ত গ্রাহকের কি কার্য্যাধ্যক্ষের সংরক্ষণে ঐ সম্পত্তি অর্পণ করিতে পারিবেন। ও

(ঘ) তাঁহার পারিশ্রমিক বলিয়া ঐ সম্পত্তির খাজানার ও উপস্বত্বের উপর যত টাকা ফী ও কমিশান দেওয়া উচিত বোধ করেন ঐ গ্রাহককে কি কার্য্যাধ্যক্ষকে তত টাকা ফী দিবেন, এবং মোকদ্দমা উপস্থিত ও প্রতিবাদ করণার্থে ও সম্পত্তির কার্য্যাধ্যক্ষতা ও সুরক্ষা ও উৎকর্ষ সাধন করণার্থে, ও খাজানা ও উপস্বত্ব আদায় করণার্থে ও সেই খাজানা ও উপস্বত্ব ব্যয় ও প্রয়োগ করণার্থে স্বামির নিজের যে ক্ষমতা থাকে ঐ গ্রাহককে কি কার্য্যাধ্যক্ষকে সেই সকল কিম্বা তন্মধ্যে আদালত যত ক্ষমতা উচিত বোধ করেন তত ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

502 If the property be land paying revenue to Government, or land of which the revenue has been assigned or redeemed, and the Court considers that the interests of those concerned will be promoted by the management of the Collector, the Court may appoint the Collector to be Receiver or Manager of such land, unless the Government by any general order prohibits the appointment of Collectors for such purpose, or in any particular case prohibits the appointment of the Collector to be such Receiver or Manager

When Collector may be appointed Receiver

৫০২ ধারা। গবর্ণমেণ্টে যে ভূমি রাজস্ব দেয়, কিম্বা যাহার রাজস্ব নিরূপিত কি পরিক্রীত হইয়াছে এমত ভূমি লইয়া সম্পত্তি হইলে, ও কালেক্টর সাহেবের অধ্যক্ষতা থাকিলে ঐ সম্পত্তি সম্পর্কীয় ব্যক্তিদের স্বার্থ সাধন হইবে আদালত এমত বোধ করিলে, ও গবর্ণমেণ্ট কোন সাধারণ আজ্ঞা করিয়া কালেক্টর সাহেবের সেই কার্য্যে নিযুক্ত হইবার নিষেধ করিয়া না থাকিলে, কিম্বা স্থলবিশেষে গ্রাহকের কি কার্য্যাধ্যক্ষের পদে কালেক্টর সাহেবের নিযুক্ত হইবার নিষেধ না করিলে আদালত কালেক্টর সাহেবকে ঐ ভূমির গ্রাহক কি কার্য্যাধ্যক্ষ পদে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

কালেক্টর সাহেব যে স্থলে গ্রাহকের পদে নিযুক্ত হইতে পারেন তাহার কথা।

503 When the subject-matter of a suit is money or some other thing capable of delivery, and any party thereto admits that he holds such money or other thing as a trustee for another party, or that it belongs or is due to another party, the Court may order the same to be deposited in Court or delivered to such last named party, with or without security, subject to the further direction of the Court

Deposit of money, &c in Court

৫০৩ ধারা। যদি টাকা লইয়া কিম্বা অন্য যে বিষয় অর্পণ করা যাইতে পারে তাহা লইয়া মোকদ্দমা হইয়া থাকে, ও মোকদ্দমার কোন পক্ষ অন্য ব্যক্তির নিমিত্ত ন্যাসধারিস্বরূপে ঐ টাকা রাখিতেছেন কিম্বা তাহা অন্য ব্যক্তির টাকা কিম্বা অন্য ব্যক্তির নিকট দেনা বলিয়া স্বীকার করিয়া থাকেন তবে আদালত জামিন লইয়া বা না লইয়া আদালতের অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত ঐ বিষয় আদালতে গচ্ছিত করিবার কিম্বা শেষোক্ত ব্যক্তিকে দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

আদালতে টাকা প্রভৃতি গচ্ছিত করিবার কথা।

PART V

OF SPECIAL PROCEEDINGS

পঞ্চম ভাগ।

বিশেষ কার্য্যানুষ্ঠান বিষয়ক বিধি।

CHAPTER XXXVIII

REFERENCE TO ARBITRATION

৩৮ অষ্টত্রিংশ অধ্যায়।

সালীসীতে অর্পণ করণবিষয়ক বিধি।

504 If all the parties to a suit desire that any matter in difference between them in the suit be referred to arbitration, they may, at any time during the litigation, apply in writing to the Court for an order of reference

Parties to suit may apply for order of reference

৫০৪ ধারা। মোকদ্দমা সংক্রান্ত উভয় পক্ষের মধ্যে যে বিষয় লইয়া অনৈক্য হয় সকলেই তাহা [illegible]তে অর্পণ করিতে ইচ্ছুক হইলে, তাঁহারা মোকদ্দমা চলনের কোন সময়ে আদালতে লিখিয়া সালীসীতে অর্পণ করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবেন ইতি।

মোকদ্দমার উভয় পক্ষ অর্পণ করিবার আজ্ঞা প্রার্থনা করিতে পারিবার কথা।

505 The arbitrator shall be nominated by the parties in such manner as may be agreed upon between them

Nomination of arbitrator

৫০৫ ধারা। উভয় পক্ষ একবাক্য হইয়া যে প্রকারে স্থির করেন তাঁহাদেরই দ্বারা সেই প্রকারে সালীস মনোনীত করা যাইবে ইতি।

সালীস মনোনীত করিবার কথা।

506 If the parties cannot agree with respect to the nomination of the arbitrator, or if the person whom they nominate refuses to accept the arbitration, and the parties are desirous that the nomination shall be made by the Court, the Court shall nominate the arbitrator

When Court to nominate arbitrator

৫০৬ ধারা। সালীস বলিয়া কাহাকে মনোনীত করা যাইবে এই বিষয়ে উভয় পক্ষের ঐক্য হইতে না পারিলে, কিম্বা যাঁহাকে মনোনীত করেন তিনি ঐ সালীসের কর্ম্ম গ্রহণ করিতে সম্মত না হইলে, ও আদালতের দ্বারা সালীস মনোনীত করা যায় উভয় পক্ষের এই ইচ্ছা থাকিলে, আদালত সালীস মনোনীত করিবেন ইতি।

যে স্থলে আদালত সালীসকে মনোনীত করিবেন তাহার কথা।

507 The Court shall, by an order, refer to the arbitrator the matter in difference which he may be required to determine, and shall fix such time as it thinks reasonable for the delivery of the award, and specify such time in the order

Order of reference

৫০৭ ধারা। বিবাদীয় যে বিষয় সালীসের নির্ণয় করিতে হইবে আদালত আজ্ঞাপত্রক্রমে তাঁহার প্রতি সেই বিষয় অর্পণ করিয়া, মীমাংসা জানাইবার যে সময় সঙ্গত বোধ করেন এমত সময় নিরূপণ করিবেন। আজ্ঞাপত্রে সেই সময় নির্দ্দিষ্ট থাকিবে।

অর্পণ করিবার আজ্ঞার কথা।

When once a matter is referred to arbitration, the Court shall not deal with it in the same suit unless the reference be fruitless, in which case the Court may issue an order superseding the arbitration and restoring the suit to the file of the Court

কোন বিষয় একবার সালীসীতে অর্পণ করা গেলে, আদালত সেই মোকদ্দমায় সেই বিষয় লইয়া কার্য্য করিবেন না। কিন্তু সেই অর্পণ করা নিষ্ফল হইলে, আদালত সেই সালীসী কার্য্য অন্যথা হইবার আজ্ঞা করিয়া আদালতের নথীতে মোকদ্দমা ফিরাইয়া দিবেন ইতি।

508 If the reference be to two or more arbitrators, provision shall be made in the order for a difference of opinion among the arbitrators,

When reference is to two or more order to provide for difference of opinion

৫০৮ ধারা। দুই কি তদধিক জন সালীসের প্রতি অর্পণ করা গেলে মতের অনৈক্য হইতে পারিবে বলিয়া ঐ আজ্ঞাপত্রে এই মর্ম্মের বিধান করা যাইবে,

দুই কি তদধিক জন সালীসের প্রতি অর্পণ করা গেলে, মতের অনৈক্যের সম্ভাবনা প্রযুক্ত তাহার বিধান করিবার কথা।

(*a*) by the appointment of an umpire, or

(*b*) by declaring that the decision shall be with the majority if the major part of the arbitrators agree, or

(*c*) by empowering the arbitrators to appoint an umpire, or

(*d*) otherwise, as may be agreed between the parties, or, if they cannot agree, as the Court determines

(ক) মধ্যস্থকে নিযুক্ত করা যাইবে, কিম্বা

(খ) সালীসদের অধিকাংশ ব্যক্তি একবাক্য হইলে তাঁহাদের নিষ্পত্তি প্রবল হওয়ার আজ্ঞা করা যাইবে, কিম্বা

(গ) সালীসদিগকে মধ্যস্থ নিযুক্ত করিবার ক্ষমতা দেওয়া যাইবে। কিম্বা

(ঘ) উভয় পক্ষ অন্য যেরূপ বিধান করিতে একবাক্য হন সেইরূপে করা যাইবে, তাঁহারা একবাক্য হইতে না পারিলে আদালত যেরূপে নির্ণয় করেন সেইরূপে করা যাইবে ইতি।

509 If the arbitrator, or, where there are more arbitrators than one, any of the arbitrators, or the umpire, dies, or refuses, or neglects, or becomes incapable to act, the Court, if any of the parties so desire, may appoint a new arbitrator or umpire in the place of the person so dying, or refusing, or neglecting, or becoming incapable to act

Death, incapacity &c, of arbitrators or umpire

৫০৯ ধারা। সালীস, কিম্বা একের অধিক জন সালীস থাকিলে তাঁহাদের মধ্যে কেহ কিম্বা মধ্যস্থ মরিলে কিম্বা কার্য্য করিতে সম্মত না হইলে কি শৈথিল্য করিলে কিম্বা অশক্ত হইলে, উভয় পক্ষের কোন ব্যক্তির ইচ্ছা থাকিলে আদালত সেই মৃত বা অসম্মত বা শিথিল বা কার্য্য করিতে অশক্ত ব্যক্তির স্থানে নূতন সালীস কি মধ্যস্থ নিযুক্ত করিতে পারিবেন ইতি।

সালীসদের কি মধ্যস্থের মৃত্যু কি অক্ষমতা প্রভৃতি হইলে তদ্বিষয়ের কথা।

510. Where the arbitrators are empowered by the terms of the order of reference to appoint an umpire and fail to do so, any of the parties may serve the arbitrators with a written notice to appoint an umpire, and if within seven days after such notice shall have been served, no umpire be appointed, the Court, upon the application of the party having served such notice as aforesaid, and upon proof to its satisfaction of such notice having been served, may appoint an umpire

Appointment of umpire by Court

৫১০ ধারা। সালীসীতে অর্পণ করিবার আজ্ঞার নিয়মানুসারে সালীসেরাই মধ্যস্থকে নিযুক্ত করিবার ক্ষমতাপন্ন হইয়া তাহা না করিলে, মোকদ্দমার কোন পক্ষ সালীসদের প্রতি লিখিয়া মধ্যস্থকে নিযুক্ত করিবার নোটিস দিতে পারিবেন। সেই নোটিস দেওয়া গেলে পর সাত দিনের মধ্যে মধ্যস্থকে নিযুক্ত না করা গেলে যে পক্ষ পূর্ব্বোক্ত নোটিস দিলেন তিনি প্রার্থনা করিলে ও সালীসদিগকে সেই নোটিস দেওয়া গেল আদালতের সন্তোষমতে ইহার প্রমাণ করা গেলে আদালত মধ্যেস্থকে নিযুক্ত করিতে পারিবেন ইতি।

আদালতের দ্বারা মধ্যস্থের নিযুক্ত হওয়ার কথা।

511. An arbitrator or umpire appointed under either of the last two preceding sections shall have the like powers to act in the reference as if his name had been inserted in the order of reference

Power of arbitrator or umpire appointed under section 509 or 510

৫১১ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারার কোন এক ধারামতে যে সালীস কি মধ্যস্থ নিযুক্ত হন, সালীসীতে অর্পণ করিবার আজ্ঞাপত্রে তাঁহার নাম লেখা গেলে তাঁহার যে ক্ষমতা থাকিত, সালীসীতে অর্পিত বিষয়ে তাঁহার কার্য্য করিবার সেই ক্ষমতা থাকিবে ইতি।

৫০৯ কি ৫১০ ধারামতে যে সালীস কি মধ্যস্থ নিযুক্ত হন তাঁহার ক্ষমতার কথা।

512 The Court shall issue the same processes to the parties and witnesses whom the arbitrators or umpire desire to examine as the Court is authorized to issue in suits tried before it

Summoning witnesses

৫১২ ধারা। আদালতের সম্মুখে মোকদ্দমার বিচার হইলে আদালত যে২ পরওয়ানা দিতে ক্ষমতাপন্ন হন সালীসেরা কি মধ্যস্থ কোন পক্ষের যে ব্যক্তিদের ও যে সাক্ষিদের সাক্ষ্য লইতে চাহেন আদালত তাঁহাদের নামেও সেই পরওয়ানা দিতে পারিবেন।

সাক্ষীদিগকে সমন করিবার কথা।

Persons not attending in accordance with such process, or making any other default, or refusing to give their evidence, or being guilty of any contempt to the arbitrator or umpire during the investigation of the matters referred, shall be subject to the like disadvantages, penalties, and punishments, by order of the Court on the representation of the arbitrator or umpire, as they would incur for the like offences in suits tried before the Court

Punishment for default, &c

কোন ব্যক্তিরা সেই পরওয়ানামতে উপস্থিত না হইলে, কিম্বা অন্য প্রকারে ত্রুটি করিলে, কিম্বা সাক্ষ্য দিতে সম্মত না হইলে কিম্বা সালীসদের প্রতি অর্পিত বিষয়ের তদন্ত লওন সময়ে সালীসের কি মধ্যস্থের অবজ্ঞা করণের অপরাধী হইলে, আদালতের সম্মুখে মোকদ্দমার বিচার কালে তদ্রূপ অপরাধ করিলে তাঁহাদের যে অলাভ ও অর্থদণ্ড ও দণ্ড হইতে পারে, সালীসের কি মধ্যস্থের আবেদনক্রমে আদালতের আজ্ঞামতে তাঁহাদের সেই অলাভ ও সেই অর্থদণ্ড ও অন্য দণ্ড হইতে পারিবে ইতি।

ত্রুটি প্রভৃতি হেতুক দণ্ডের কথা।

513 If, from the want of the necessary evidence or information, or from any other cause, the arbitrator does not complete the award within the period specified in the order, the Court may, if it think fit, grant a further time, and from time to time enlarge the period for the delivery of the award

Extension of time for making award

৫১৩ ধারা। আবশ্যকমতে প্রমাণ কি সন্ধান না পাওয়াতে কি অন্য কারণে সালীস আজ্ঞাপত্রের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে মীমাংসা সমাধা না করিলে, আদালত উচিত বোধ করিলে মীমাংসা জানাইবার আর সময় দিতে পারিবেন ও সময়ে২ সেই সময় বৃদ্ধি করিতে পারিবেন ইতি।

মীমাংসা করিবার সময় বৃদ্ধির কথা।

514 When an umpire has been appointed, he may enter on the reference in the place of the arbitrators

When umpire may arbitrate in lieu of arbitrators

৫১৪ ধারা। মধ্যস্থ নিযুক্ত হইলে, তিনি নিম্নলিখিত স্থলে সালীসদের পরিবর্ত্তে সেই অর্পিত বিষয়ের বিচারে প্রবর্ত্ত হইতে পারিবেন বিশেষতঃ—

সালীসদের পরিবর্ত্তে মধ্যস্থের সালিসী করিতে পারিবার কথা।

(a) if they have allowed the appointed time to expire without making an award, or

(ক) সালীসেরা মীমাংসা না করিয়া নিরূপিত সময় অতীত হইতে দিলে কিম্বা

(*b*) when they have delivered to the Court or to the umpire a notice in writing, stating that they cannot agree,

(খ) তাঁহারা একবাক্য হইতে পারেন না, আদালতে কিম্বা মধ্যস্থকে এই মর্ম্মের নোটিস লিখিয়া দিলে ইতি।

Award to be signed and filed

515. When an award in a suit has been made, the person or persons who made it shall sign it and shall file it in Court, together with any documents which have been filed, and notice of the filing of the award shall be given to the parties

মীমাংসাপত্রে স্বাক্ষর করিয়া অর্পণ করিবার কথা।

৫১৫ ধারা। মোকদ্দমায় মীমাংসা করা গেলে, যে ব্যক্তি কি ব্যক্তিরা তাহা করিলেন তাঁহারা মীমাংসা পত্রে স্বাক্ষর করিয়া যে২ দলীল অর্পণ হইয়া থাকিবে তৎসহিত মীমাংসাপত্র আদালতে অর্পণ করিবেন। উভয় পক্ষকে মীমাংসাপত্র অর্পণ হওয়ার নোটিস দেওয়া যাইবে ইতি।

Arbitrator or umpire may state special case

516. Upon any reference by an order of Court, the arbitrator or umpire may, if he thinks fit, and unless the Court otherwise directs, state his award as to the whole or any part thereof in the form of a special case for the opinion of the Court.

সালীসের কি মধ্যস্থের বিশেষ বিষয় ব্যক্ত করিতে পারিবার কথা।

৫১৬ ধারা। আদালতের আজ্ঞাক্রমে কোন বিষয় সালীসীতে অর্পণ করা গেলে, সালীস কিম্বা মধ্যস্থ উচিত বোধ করিলে ও আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে, সেই সম্পূর্ণ বিষয়ে কি তাহার একাংশে যে মীমাংসা করিলেন আদালতের অভিমত জানিবার নিমিত্ত বিশেষ বিষয়স্বরূপ সেই মীমাংসা জানাইতে পারিবেন ইতি।

Court may, on application, modify or correct award in certain cases.

517 The Court may, on the application of either of the parties, modify or correct an award,

(*a*) where it appears that a part of the award is upon a matter not referred to arbitration, provided such part can be separated from the other part and does not affect the decision on the matter referred, or

(*b*) where the award is imperfect in form, or contains any obvious error which can be amended without affecting such decision

কোনং স্থলে প্রার্থনামতে আদালতের মীমাংসা মতান্তর কি সংশোধন করিতে পারিবার কথা।

৫১৭ ধারা। কোন পক্ষের প্রার্থনামতে আদালত নিম্নলিখিত স্থলে মীমাংসা মতান্তর কি সংশোধন করিতে পারিবেন,

(ক) যে বিষয় সালীসীতে অর্পণ করা যায় নাই তৎসম্পর্কে মীমাংসার একাংশ হইয়াছে ইহা দৃষ্ট হইলে ও অন্য অংশহইতে সেই অংশ পৃথক করা গেলেও সেই অর্পিত বিষয়ের নিষ্পত্তির ব্যতিক্রম না হইলে।

(খ) মীমাংসা লিখিবার পাঠ অশুদ্ধ হইলে কিম্বা তন্মধ্যে কোন স্পষ্ট ভ্রম নিষ্পত্তির ব্যতিক্রম না করিয়া সংশোধন হইতে পারিলে ইতি।

Order as to costs of arbitration

518 The Court may also, on the application of either of the parties or of the person or persons making the award, make such order as it thinks fit respecting the costs of the arbitration, if any question arise respecting such costs and the award contain no sufficient provision concerning them

সালীসীতে অর্পণ করণের খরচ বিষয়ক আজ্ঞার কথা।

৫১৮ ধারা। সালীসীতে অর্পণ করণের খরচের বিষয়ে কোন প্রশ্ন উপস্থিত হইলে, ও মীমাংসাপত্রে তদ্বিষয়ের কোন উপযুক্ত বিধান না হইয়া থাকিলে, আদালত কোন পক্ষের কিম্বা যে ব্যক্তি কি ব্যক্তিরা মীমাংসা করিলেন তাঁহার কি তাঁহাদের প্রার্থনামতে ঐ খরচ বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

When award or matter referred to arbitration may be remitted

519 In any of the following cases the Court may remit the award or any matter referred to arbitration to the reconsideration of the same arbitrators or umpire, upon such terms as it thinks fit, that is to say —

(*a*). If the award has left undetermined any of the matters referred to arbitration, or if it determine any matter not referred to arbitration,

(*b*). If the award is so indefinite as to be incapable of execution,

মীমাংসা কি সালীসীতে অর্পিত বিষয় যে স্থলে ফিরিয়া পাঠান যাইতে পারিবে তাহার কথা।

৫১৯ ধারা। নিম্নলিখিত কোন স্থলে আদালত যে নিয়ম উচিত বোধ করেন সেই নিয়মানুসারে সেই সালীসদের কি মধ্যস্থের পুনর্ব্বিবেচনার নিমিত্ত মীমাংসা কিম্বা সালীসীতে অর্পিত কোন বিষয় ফিরিয়া পাঠাইতে পারিবেন, বিশেষতঃ—

(ক) সালীসীতে অর্পিত বিষয়ের মধ্যে কোন বিষয় মীমাংসাপত্রে নির্ণীত না হইলে, কিম্বা সালীসীতে যাহা অর্পিত হয় নাই এমত বিষয় নির্ণীত হইলে।

(খ) মীমাংসা অনিশ্চিত হওয়াতে তদনুসারে কার্য্য সাধন হইতে না পারিলে।

(*c*). If an objection to the legality of the award is apparent upon the face of it.

520 An award remitted under section 519 becomes null and void on the refusal of the arbitrators or umpire to reconsider it. But no award shall be liable to be set aside except on one of the following grounds (namely)—

Grounds for setting aside award

(*a*) corruption or misconduct of the arbitrator or umpire,

(*b*) either party having been guilty of fraudulent concealment of any matter which he ought to have disclosed, or of wilfully misleading or deceiving the arbitrator or umpire,

(*c*) the award having been made after the issue of an order by the Court superseding the arbitration and restoring the suit,

And no award shall be valid unless made within the period allowed by the Court.

521 If the Court sees no cause to remit the award or any of the matters referred to arbitration for reconsideration in manner aforesaid, and if no application has been made to set aside the award, or if the Court has refused such application,

Judgment to be according to award

the Court shall, after the time for making such application has expired, proceed to give judgment according to the award,

or, if the award has been submitted to it in the form of a special case, according to its own opinion on such case.

Upon the judgment so given a decree shall follow, and shall be enforced in manner provided in this Code for the execution of decrees.

522 When any persons by an instrument in writing agree that any difference between them or any of them shall be referred to the arbitration of any person named in the agreement or to be appointed by any Court having jurisdiction in the matter to which the agreement relates, the parties thereto, or any of them, may apply that the agreement be filed in such Court.

Agreement of parties to refer to arbitration may be filed in Court

523. The application shall be in writing and shall be numbered and registered as a suit between one or more of the parties interested or claiming to be interested as plaintiff or plaintiffs, and the others or other of them as

Application to be stamped, numbered, and registered

(গ) মীমাংসার অভিমুখেই তাহা আইনসিদ্ধ নয় বলিয়া স্পষ্ট আপত্তি থাকিলে ইতি।

৫২০ ধারা। ৫১৯ ধারামতে মীমাংসাপত্র ফিরিয়া দেওয়া গেলে, যদি সালীসেরা কি মধ্যস্থ তাহা পুনর্বিবেচনা করিতে সম্মত না হন তবে তাহা ব্যর্থ ও অসিদ্ধ হইবে। কিন্তু নিম্নলিখিত কোন এক হেতু বিনা মীমাংসাপত্র অসিদ্ধ হইবার যোগ্য নয়, অর্থাৎ,

মীমাংসা অসিদ্ধ করিবার হেতুর কথা।

(ক) সালীসের কি মধ্যস্থের উৎকোচ গ্রহণ কি অসদাচরণ হেতুক।

(খ) কোন পক্ষের যেং বিষয় প্রচার করা উচিত তাহার কোন বিষয় প্রতারণাক্রমে গোপনে রাখণ কিম্বা ইচ্ছা করিয়া সালীসকে কি মধ্যস্থকে ভুলাওন কি বঞ্চনা অপরাধ হেতুক।

(গ) আদালত সালীসী কার্য্য রহিত করিয়া মোকদ্দমা ফিরিয়া দিবার আজ্ঞা প্রচার করিলে পর মীমাংসা হওন হেতুক।

আদালতের নির্ণীত সময়ের মধ্যে মীমাংসা করা না গেলে প্রবল হইবে না ইতি।

৫২১ ধারা। আদালত পূর্ব্বোক্তমতে মীমাংসা কিম্বা সালীসীতে অর্পিত কোন বিষয় পুনর্বিবেচনার নিমিত্ত ফিরিয়া দিবার কোন হেতু দেখিতে না পাইলে, এবং মীমাংসা অসিদ্ধ করিবার প্রার্থনা না হইলে, কিম্বা হইলেও তাহা অগ্রাহ্য করিলে,

মীমাংসানুসারে ডিক্রী হইবার কথা।

সেই প্রার্থনা করিবার সময় অতীত হইলে পর, আদালত মীমাংসা অনুসারে নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন।

কিম্বা বিশেষ বিষয়স্বরূপ সেই মীমাংসা আদালতে অর্পণ করা গিয়া থাকিলে সেই বিষয়ে আপনার অভিমতানুসারে নিষ্পত্তি করিবেন।

নিষ্পত্তি করা গেলে তাহার উপর ডিক্রী দেওয়া যাইবে, ও এই আইনে ডিক্রী জারী করিবার যে বিধান আছে তদনুসারে ঐ ডিক্রী প্রবল করা যাইবে ইতি।

৫২২ ধারা। কোন ব্যক্তিরা নিয়মপত্র লিখিয়া আপনাদের মধ্যে কিম্বা তাঁহাদের কোন ব্যক্তির মধ্যে কোন বিবাদ ঐ নিয়মপত্রের উল্লিখিত কোন ব্যক্তির কিম্বা নিয়মপত্র যে বিষয়সম্পর্কীয় হয় সেই বিষয়ের বিচার করিবার ক্ষমতাপন্ন কোন আদালত-কর্ত্তৃক নিযুক্ত কোন ব্যক্তির সালীসীতে অর্পণ করিতে সম্মত হইলে, সেই বিষয়ের উভয় কি কোন পক্ষ ঐ আদালতে ঐ নিয়মপত্র অর্পণ হইবার প্রার্থনা করিতে পারিবেন ইতি।

সালীসীতে অর্পণ করণার্থ উভয় পক্ষের সম্মতিপত্র আদালতে অর্পণ করিবার কথা।

৫২৩ ধারা। ঐ প্রার্থনাপত্র লিখিয়া দিতে হইবে, ও উভয়পক্ষের সকল ব্যক্তির দ্বারা উপস্থিত করা গেলে, যে ব্যক্তিদের সম্পর্ক কি সম্পর্কের দাওয়া থাকে তাঁহাদের এক কি কএক ব্যক্তিকে বাদী ও অন্য কি

ঐ প্রার্থনাপত্রে ইষ্টাম্প ও নম্বর দিয়া তাহা রেজিষ্টরী করিবার কথা।

defendants or defendant, if the application have been presented by all the parties, or, if otherwise, between the applicant as plaintiff and the other parties as defendants

524 On such application being made, the Court shall direct notice thereof to be given to any of the parties to the agreement other than the applicants, requiring such parties to show cause, within the time specified in the notice, why the agreement should not be filed

Notice to show cause against filing it

525 If no sufficient cause be shown against the filing of the agreement, the agreement shall be filed and an order of reference to arbitration shall be made thereon

If no cause shown agreement to be filed and order made thereon

Explanation—The fact that one of the parties to the agreement has revoked his consent to refer is not a sufficent cause within the meaning of this section

526 The foregoing provisions of this chapter so far as they are not inconsistent with the terms of any agreement so filed, shall be applicable to all proceedings under an order of reference made by the Court under the last preceding section, and to the award of arbitration and to the enforcement of the decree founded thereupon

Provisions of this chapter applicable to proceedings under order of reference

527 When any matter has been referred to arbitration without the intervention of a Court of Justice, and an award has been made thereon, any person interested in the award may apply to the Court of the lowest grade having jurisdiction over the whole matter to which the award relates, that the award be filed in Court

Filing award in matter referred to arbitration without intervention of Court

The application shall be in writing and shall be numbered and registered as a suit between the applicant as plaintiff and the other parties as defendants

Application to be numbered and registered

The Court shall direct notice to be give to the parties to the arbitration other than the applicant, requiring them to show cause, within a time specified, why the award should not be filed.

Notice to parties to arbitration

কএক ব্যক্তিকে প্রতিবাদী বলিয়া, কিম্বা সকলে উপস্থিত না করিলে প্রার্থককে বাদী ও অন্য ব্যক্তিদিগকে প্রতিবাদী বলিয়া তাঁহাদের মধ্যে মোকদ্দমার ন্যায় ঐ প্রার্থনাপত্রে নম্বর দিয়া তাহা রেজিস্টরী করা যাইবে ইতি।

৫২৪ ধারা। তদ্রূপ প্রার্থনা করা গেলে, আদালত প্রার্থকভিন্ন ঐ নিয়মপত্রের অন্য ব্যক্তিদিগকে তদ্বিষয়ের নোটিস দিয়া ঐ নোটিসের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ নিয়মপত্র আদালতে অর্পণ না করিবার কারণ দর্শাইতে আদেশ করিবেন ইতি।

আদালতে অর্পণ না করিবার কারণ দেখাইবার নোটিসের কথা।

৫২৫ ধারা। ঐ নিয়মপত্র অর্পণ না করিবার বিশিষ্ট কারণ দর্শান না গেলে ঐ নিয়মপত্র অর্পণ করা যাইবে ও তদনুসারে সালীসীতে অর্পণ করিবার আজ্ঞা করা যাইবে।

কারণ দর্শান না গেলে নিয়মপত্র অর্পণ করিবার ও তদ্বিষয়ে আজ্ঞা হওয়ার কথা।

অর্থের কথা।—ঐ নিয়মপত্রের ভাগি কোন এক ব্যক্তি সালীসীতে অর্পণ করিবার সম্মতি নিরাকরণ করিলেও তাহা এই ধারার অর্থানুসারে বিশিষ্ট কারণ হইবে না ইতি।

৫২৬ ধারা। আদালত ইহার পূর্ব্ব ধারামতে সালীসীতে অর্পণ করিবার আজ্ঞা করিলে তদনুসারে যে সকল কার্য্যানুষ্ঠান হয় তাহার প্রতি ও সালীসের মীমাংসার প্রতি ও তন্মূলক ডিক্রী প্রবল করণের প্রতি এই অধ্যায়ের পূর্ব্বোক্ত সকল বিধান উক্ত প্রকারের অর্পিত নিয়মপত্রের নিয়মের সঙ্গে যত দূর অসঙ্গত না হয়, তত দূর খাটিতে পারিবে ইতি।

সালীসীতে অর্পণ করিবার আজ্ঞানুসারে যে কার্য্যানুষ্ঠান হয় তাহার প্রতি এই অধ্যায়ের বিধান খাটিবার কথা।

৫২৭ ধারা। আদালতের হস্তক্ষেপ করণবিনা কোন বিষয় সালীসীতে অর্পণ করা গেলে ও তদ্বিষয়ের মীমাংসা করা গেলে, যে বিষয় সম্পর্কীয় মীমাংসা হয় সেই বিষয়ে নিম্নতর যে আদালতের বিচারাধিপত্য থাকে, ঐ মীমাংসা সম্পর্কীয় কোন ব্যক্তি সেই আদালতে মীমাংসা অর্পণ হইবার প্রার্থনা করিতে পারিবেন।

আদালতের হস্তক্ষেপ করণ বিনা সালীসীতে অর্পিত বিষয়ের মীমাংসা অর্পণ করিবার কথা।

ঐ প্রার্থনাপত্র লিখিয়া দিতে হইবে এবং প্রার্থককে বাদী ও অন্য ব্যক্তিদিগকে প্রতিবাদী বলিয়া তাঁহাদের মধ্যে মোকদ্দমার ন্যায় সেই প্রার্থনাপত্রে নম্বর দিয়া তাহা রেজিস্টরী করা যাইবে।

প্রার্থনাপত্রে নম্বর দিয়া তাহা রেজিষ্টরী করিবার কথা।

আদালত প্রার্থকভিন্ন সালীসীতে অর্পিত বিষয়ের অন্য ব্যক্তিদিগকে নোটিস দেওয়াইয়া নির্দ্দিষ্ট সময়ের মধ্যে ঐ মীমাংসা অর্পণ না করিবার কারণ দেখাইতে আদেশ করিবেন ইতি।

সালীসীর উভয় পক্ষকে নোটিস দিবার কথা।

528. If no sufficient cause be shown against the award, the award shall be filed and may be enforced as a decree upon an award made under the provisions of this chapter

Filing and enforcement of such award

CHAPTER XXXIX

OF PROCEEDINGS ON AGREEMENT OF PARTIES

529 Parties claiming to be interested in the decision of any queston of fact or law, may enter into an agreement in writing—

Parties interested in questions of fact or law may agree to abide by finding of Court thereon

(*a*) that such question be stated in the form of a special case for the opinion of the Court, or

(*b*) that upon the finding of the Court in the affirmative or negative of such question, a sum of money fixed by the parties, or to be determined by the Court, shall be paid by one of the parties to the other of them, or

(*c*) that some property, moveable or immoveable, specified in the agreement, shall be delivered by one of the parties to the other of them, or

(*d*) that one or more of the parties shall do or perform, or refrain from doing or performing some other particular act specified in the agreement

530 If the agreement is for the delivery of any property, or for the doing or performing, or the refraining from doing or performing, any particular act, the estimated value of the property to be delivered, or to which the act specified has reference, shall be stated in the agreement

Agreement to state value of subject matter

531 The agreement may be filed in the Court of the lowest grade having jurisdiction in the matter to which it relates, and, when so filed, shall be numbered and registered as a suit between one or more of the parties interested, or claiming to be interested, as plaintiff or plaintiffs, and the other or others of them as defendant or defendants, and notice shall be given to all the parties to the agreement other than the party or parties by whom it was presented

Agreement to be filed and numbered as a suit

৫২৮ ধারা। মীমাংসার বিপরীত কোন বিশিষ্ট কারণ দর্শান না গেলে, মীমাংসা অর্পণ করা যাইতে পারিবে ও এই অধ্যায়ের বিধানমতে মীমাংসা হইয়া যে ডিক্রী করা যায় তদনুরূপে ঐ মীমাংসা প্রবল করা যাইতে পারিবে ইতি।

ঐ মীমাংসা অর্পণ ও প্রবল করণের কথা।

৩৯ ঊনচত্বারিংশ অধ্যায়।

উভয় পক্ষের সম্মতিক্রমে আনুষ্ঠানিক কার্য্যবিষয়ক বিধি।

৫২৯ ধারা। বৃত্তান্ত কি আইনঘটিত কোন বিষয়ের নিষ্পত্তিতে স্বার্থ আছে বলিয়া যে ব্যক্তিরা দাওয়া রাখেন তাঁহারা লিখিয়া এই মর্ম্মের নিয়ম করিতে পারিবেন,

বৃত্তান্ত কি আইনঘটিত কোন বিষয়ে যে ব্যক্তিদের স্বার্থ থাকে আদালতের নির্ণয় মান্য করিতে তাঁহাদের সম্মতির কথা।

(ক) ঐ বিষয় যেন বিশেষ বিষয় বলিয়া আদালতের অভিমতের জন্যে ব্যক্ত করা যায়, কিম্বা

(খ) আদালত সেই বিষয় স্বীকার কি অস্বীকার করিয়া যে নির্ণয় করেন তদনুসারে তাঁহাদের এক পক্ষ অন্য পক্ষকে উভয়ের নির্দ্ধারিত কি আদালতের নির্ণীত কতক টাকা দিবেন, কিম্বা

(গ) নিয়মপত্রে স্থাবর কি অস্থাবর যে সম্পত্তি নির্দ্দিষ্ট থাকে তাহা তাঁহাদের এক পক্ষ অন্য পক্ষকে দিবেন, কিম্বা

(ঘ) নিয়মপত্রে বিশেষ যে কার্য্য নির্দ্দিষ্ট থাকে তাঁহাদের এক কি কএক ব্যক্তি তাহা করিবেন কি সম্পাদন করিবেন কিম্বা করিতে কি সম্পাদন করিতে ক্ষান্ত থাকিবেন ইতি।

৫৩০ ধারা। কোন সম্পত্তি সমর্পণ করিবার কিম্বা কার্য্য বিশেষ করিবার কি সম্পাদন করিবার, কিম্বা করিতে কি সম্পাদন করিতে ক্ষান্ত থাকিবার ঐ নিয়মপত্র হইয়া থাকিলে, যে সম্পত্তি সমর্পণ করিতে হইবে কিম্বা যাহার সঙ্গে উক্ত নির্দ্দিষ্ট কার্য্যের সম্পর্ক থাকে, নিয়মপত্রে তাহার আনুমানিক মূল্য লিখিতে হইবে ইতি।

বিষয়ের মূল্য ব্যক্ত করিবার নিয়মপত্রের কথা।

৫৩১ ধারা। যে বিষয়ের নিয়মপত্র হয় সেই বিষয়ে নিম্নতম যে আদালতের বিচারাধিপত্য থাকে সেই আদালতে ঐ নিয়মপত্র অর্পণ করা যাইতে পারিবে। অর্পণ করা গেলে সেই বিষয়ের স্বার্থযুক্ত কিম্বা স্বার্থের দাওয়াদার এক কি কএক ব্যক্তি বাদী ও অন্য এক কি কএক ব্যক্তি প্রতিবাদী বলিয়া তাঁহাদের মধ্যে মোকদ্দমার ন্যায় ঐ নিয়মপত্রে নম্বর দিয়া তাহা রেজিস্টরী করা যাইবে। ও যে ব্যক্তি বা ব্যক্তিরা তাহা উপস্থিত করিলেন তদ্ভিন্ন নিয়মপত্রের ভাগি সকল ব্যক্তিকে নোটিস দেওয়া যাইবে ইতি।

নিয়মপত্র মোকদ্দমার ন্যায় অর্পণ করিবার ও তাহার নম্বর দিবার কথা।

532. After the agreement has been filed, the parties to it shall be subject to the jurisdiction of the Court, and shall be bound by the statements contained in the agreement

Parties to be subject to Court's jurisdiction

533 The case shall be set down for hearing as a suit instituted under Chapter V, the provisions of which shall apply to such suit so far as the same are applicable.

Hearing and disposal of the case

If the Court is satisfied, after an examination of the parties or taking such evidence as it thinks fit,

(*a*) that the agreement was duly executed by them, and

(*b*) that they have a *bonâ fide* interest in the question of fact or law stated therein, and

(*c*) that the same is fit to be tried,

it shall proceed to try the same and deliver judgment thereon, in the same way as in an ordinary suit, and upon the judgment so given a decree shall follow, and shall be enforced in the manner provided in this Code for the execution of decrees

---

CHAPTER XL

Of summary Procedure on Negotiable Instruments

534 All suits upon bills of exchange, hundis, or promissory notes commenced in any High Court within six months after the same have become due and payable, may, in case the plaintiff desires to proceed under this chapter, be commenced as follows (namely)—

Commencement of suits upon bills of exchange, &c

(*a*) the plaint shall be in the form prescribed by this Code,

(*b*) the summons shall be in the form contained in the fourth schedule hereto annexed, No 168, or in such other form as the High Court may from time to time prescribe

In any case in which the plaint and summons are in such forms respectively, the defendant shall not appear to or defend the suit unless he obtains leave from a Judge as hereinafter mentioned so to appear and defend,

and in default of his obtaining such leave, or of appearance and defence in pursuance thereof, the plaintiff shall be entitled to a decree for any sum not exceeding the sum mentioned in the summons, together with interest at the rate specified (if any)

৫৩২ ধারা। ঐ নিয়মপত্র অর্পণ করা গেলে পর তৎপক্ষীয় ব্যক্তিরা আদালতের বিচারাধিপত্যের অধীন থাকিবেন ও নিয়মপত্রের লিখিত কথাক্রমে বদ্ধ থাকিবেন ইতি।

উভয় পক্ষের আদালতের ক্ষমতাধীন থাকার কথা।

৫৩৩ ধারা। সেই বিষয় পঞ্চম অধ্যায়মতে উপস্থিত করা মোকদ্দমার ন্যায় শুনিবার জন্যে লেখা যাইবে ও সেই অধ্যায়ের বিধান সেই মোকদ্দমার প্রতি যত দূর খাটিতে পারে খাটিবে।

মোকদ্দমা শুনিবার ও নিষ্পত্তি করিবার কথা।

আদালত উভয় পক্ষের পরীক্ষা লইয়া কিম্বা যে প্রমাণ লওয়া উচিত বোধ করেন তাহা লইয়া,

(ক) ঐ নিয়মপত্র তাঁহাদের দ্বারা নিয়মমতে সম্পাদন করা গেল, ও

(খ) তন্মধ্যে বৃত্তান্ত কি আইনঘটিত যে বিষয় ব্যক্ত হইয়াছে সেই বিষয়ে তাঁহাদের প্রকৃত প্রস্তাবে স্বার্থ আছে, ও

(গ) তাহা বিচার করিবার যোগ্য

এই২ কথা যথোচিতমতে জানিলে সাধারণ মোকদ্দমায় যেরূপে করিয়া থাকেন সেইরূপে ঐ বিষয়ের বিচার করিতে প্রবর্ত্ত হইয়া নিষ্পত্তি জানাইবেন, ও তদ্রূপে যে নিষ্পত্তি জানান তদনুসারে ডিক্রী হইবে ও এই আইনে ডিক্রী জারী করিবার যে বিধান আছে সেই বিধানমতে ঐ ডিক্রী প্রবল করা যাইবে ইতি।

---

৪০ চত্বারিংশ অধ্যায়।

বিক্রেয় নিদর্শনপত্রের উপর সরাসরী কার্য্যপ্রণালীর বিধি।

৫৩৪ ধারা। বিল অফ এক্সচেঞ্জের কি হুণ্ডীর কি খতের টাকা যে দিনে দেনা পড়ে ও প্রাপ্য হয় সেই দিনের পর ছয় মাসের মধ্যে তাহার উপর কোন হাই কোর্টে মোকদ্দমা উপস্থিত করা গেলে, ও বাদী এই অধ্যায়মতে কার্য্যানুষ্ঠান করিতে চাহিলে, এই প্রকারে সেই মোকদ্দমার আরম্ভ হইবে, অর্থাৎ,

বিল অফ এক্সচেঞ্জপ্রভৃতির উপর মোকদ্দমা আরম্ভ করিবার কথা।

(ক) আবেদনপত্র এই আইনের নির্দ্ধারিত পাঠে লেখা যাইবে।

(খ) এই আইনের চতুর্থ তফসীলে ১৬৮ নম্বরের যে পাঠ আছে সমন সেই পাঠে কিম্বা হাই কোর্ট সময়েই অন্য যে পাঠ নির্দ্দিষ্ট করেন সেই পাঠে লেখা যাইবে।

আবেদনপত্র ও সমনপত্র সেই২ পাঠে লেখা গেলে প্রতিবাদী উপস্থিত হইয়া প্রতিবাদ করিবার অনুমতি নিম্নলিখিতমতে জজ সাহেবের স্থানে না পাইলে, উপস্থিত হইবেন না ও মোকদ্দমার প্রতিবাদ করিবেন না।

ও সেই অনুমতি না পাইলে কিম্বা তদনুসারে উপস্থিত হইয়া প্রতিবাদ না করিলে, বাদী সমনপত্রের উল্লিখিত টাকার অনধিক টাকার, ও সুদের হার নির্দ্দিষ্ট থাকিলে ঐ ডিক্রীর তারিখ পর্য্যন্ত সেই হারে সুদের, ও হাই কোর্টের বিধিমতে নির্দ্ধারিত খরচের

to the date of the decree, and a sum for costs to be fixed by a rule of the High Court, unless the plaintiff claim more than such fixed sum, in which case the costs shall be ascertained in the ordinary way, and such decree may be enforced forthwith

ডিক্রী পাইতে স্বত্ববান হইবেন। কিন্তু বাদী ঐ নির্দ্ধারিত টাকার অধিক দাওয়া করিলে, খরচা নিয়মমত নিরূপণ করিয়া দেওয়া যাইবে ও সেই ডিক্রী অগৌণেই প্রবল করা যাইতে পারিবে ইতি।

535 The High Court shall, upon application within the period of seven days from the service of such summons, give leave to appear and to defend the suit, upon the defendant paying into Court the sum mentioned in the summons or upon affidavits satisfactory to the Court, which disclose a defence, or such facts as would make it incumbent on the holder to prove consideration, or such other facts as the Court may deem sufficient to support the application, and on such terms as to security, framing and recording issues, or otherwise, as the Court thinks fit

Defendant showing a defence upon the merits to have leave to appear

৫৩৫ ধারা। ঐ সমন জারী হইবার পর সাত দিনের মধ্যে প্রতিবাদী প্রার্থনা করিলে, ও সমনে যত টাকার উল্লেখ হইল তাহা কোর্টে অর্পণ করিলে, কিম্বা যে আফিডেবিটক্রমে কোর্টের হৃদ্বোধমতে প্রতিবাদ প্রকাশ করা যায়, কিম্বা ঐ হুণ্ডীপ্রভৃতি যাঁহার হস্তগত থাকে যে বৃত্তান্ত হেতুক তাঁহার টাকাপ্রভৃতি প্রাপ্ত হওয়ার প্রমাণ করা আবশ্যক এমত বৃত্তান্ত, কিম্বা আদালত ঐ প্রার্থনার পোষকতার্থে অন্য যে বৃত্তান্ত প্রচুর জ্ঞান করেন এমত বৃত্তান্ত প্রকাশ করণ সূচক ঐ আফিডেবিট করিলে, হাই কোর্ট জামিন দেওন ও ইস্যু নির্ণয় করিয়া লিপিবদ্ধকরণ প্রভৃতি বিষয়ক যে নিয়ম করেন সেই নিয়মানুসারে প্রতিবাদিকে উপস্থিত হইয়া মোকদ্দমায় প্রতিবাদ করিবার অনুমতি দিবেন ইতি।

প্রতিবাদী দোষগুণমূলক প্রতিবাদ দেখাইলে উপস্থিত হইবার অনুমতি পাইবার কথা।

536 After decree, the High Court may, under special circumstances, set aside the decree, and if necessary stay or set aside execution, and may give leave to appear to the summons and to defend the suit, if it seem reasonable to the Court so to do, and on such terms as the Court thinks fit

Power to set aside decree

৫৩৬ ধারা। ডিক্রী হইলে পর, হাই কোর্ট গতিকবিশেষে ঐ ডিক্রী অসিদ্ধ করিতে, ও আবশ্যক হইলে ডিক্রী সাধন স্থগিত রাখিতে কি অসিদ্ধ করিতে পারিবেন এবং সমনমতে প্রতিবাদিকে উপস্থিত হইয়া মোকদ্দমার প্রতিবাদ করিবার অনুমতি দেওয়া সঙ্গত জ্ঞান করিলে যে নিয়ম করা উচিত বোধ করেন প্রতিবাদির সেই নিয়মানুসারে উপস্থিত হইয়া প্রতিবাদ করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

ডিক্রী অসিদ্ধ করিবার ক্ষমতার কথা।

537 In any proceedings under this chapter the High Court may order the bill or note on which the suit is founded to be forthwith deposited with an officer of the Court, and may further order that all proceedings shall be stayed until the plaintiff gives security for the costs thereof

Power to order bill to be deposited with officer of Court

৫৩৭ ধারা। মোকদ্দমা যে বিল কি খৎমূলক হয় হাই কোর্ট এই অধ্যায়মতে কোন কার্য্যানুষ্ঠান কালে কোর্টের কোন কার্য্যকারকের নিকট সেই বিল কি খত গচ্ছিত করিবার আজ্ঞা দিতে পারিবেন ও বাদী মোকদ্দমার খরচার জামিন না দেওনপর্য্যন্ত আনুষ্ঠানিক সকল কার্য্য স্থগিত রাখিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

কোর্টের কার্য্যকারকের হস্তে বিল গচ্ছিত করিবার আজ্ঞা দিবার ক্ষমতার কথা।

538 The holder of every dishonoured bill of exchange or promissory note shall have the same remedies for the recovery of the expenses incurred in noting the same for non-acceptance or non payment, or otherwise, by reason of such dishonour, as he has under this chapter for the recovery of the amount of such bill or note

Recovery of cost of noting non acceptance of dishonoured bill

৫৩৮ ধারা। যে বিল অফ এক্সচেঞ্জ কি খত অবমাননা করা যায়, তাহা যে ব্যক্তির হাতে থাকে এই অধ্যায়মতে তাঁহার সেই বিলের কি খতের টাকা আদায় করিবার যে উপায় থাকে, উক্ত প্রকারে অবমাননা হওয়াপ্রযুক্ত তাহা অগ্রাহ্য হওয়ার কথা কি তাহার টাকা দেওয়া গেল না এই কি অন্য কথা লেখাইতে যে খরচ লাগে তাহাও ফিরিয়া পাইবার জন্যে তাঁহার সেই উপায় থাকিবে ইতি।

বিল অবমাননা করা গেলে অগ্রাহ্য হওয়ার কথা লিখিবার খরচ আদায়ের কথা।

539 The provisions of this Code and all rules made under or by virtue of this Code shall, so far as the same are or may be made applicable, extend and apply to all proceedings under this chapter, except so far as such proceedings are regulated by this chapter

This Code and rules made hereunder to apply to proceedings under this chapter

540 The Local Government may, by notification in the official *Gazette*,

Power to extend this chapter

(*a*) direct that all or any part of the provisions of this chapter shall, *mutatis mutandis*, apply to all or any of the Courts in the territories subject to such Government other than a High Court,

(*b*) direct by whom any of the powers and duties incident to the provisions so applied shall be exercised and performed, and

(*c*) make any rules which it thinks requisite for carrying into operation the provisions so applied

Within one month after such notification has been published, such provisions shall apply accordingly, and the rules so made shall have the force of law

Any such notification may be in like manner from time to time altered or annulled

PART VI

OF APPEALS

CHAPTER XLI

Bar of Appeals not expressly permitted

541 Except as provided by this Code or by any other enactment for the time being in force, no appeal shall lie from any decree or order

Bar of appeals not expressly permitted

Illustration

No appeal shall lie from a decree or order made in any suit under Act No XIV of 1859, section 15

CHAPTER XLII

Of Appeals from Original Decrees

542 Unless when otherwise expressly provided in this Code or by any other law for the time being in force, an appeal shall lie from the decrees or from any part of the decrees of the Courts exercising original jurisdiction to

Appeal to lie from all original decrees, except when expressly prohibited

৫৩৯ ধারা। এই আইনের বিধান, এবং এই আইন ক্রমে ও ইহার বলে যে সকল বিধি করা যায় তাহা এই অধ্যায়মত সকল কার্য্যানুষ্ঠানের প্রতি যত দূর খাটে কি খাটান যাইতে পারে তত দূর বিস্তৃত হইয়া খাটিবে, কিন্তু এই অধ্যায়ে আনুষ্ঠানিক কার্য্যের বিধান থাকিলে তাহার প্রতি খাটিবে না ইতি।

এই আইন ও তদনুসারে যে বিধি করা যায় তাহা এই অধ্যায়মত কার্য্যানুষ্ঠানের প্রতি খাটিবার কথা।

৫৪০ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট রাজকীয় গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া (ক) এই অধ্যায়ের সকল কি কোন বিধান প্রয়োজনমতে মতান্তর করিয়া, হাই কোর্টভিন্ন ঐ গবর্ণমেণ্টের শাসিত দেশের অন্তর্গত সকল কি কোন২ আদালতের প্রতি বর্ত্তাইবার আজ্ঞা করিতে পারিবেন,

এই অধ্যায়ের বিধান বিস্তৃত করিবার ক্ষমতার কথা।

(খ) তদ্রূপে যে২ বিধান বর্ত্তান যায় তৎসংক্রান্ত ক্ষমতার ও কর্ত্তব্য কার্য্যের মধ্যে যে ব্যক্তি কোন ক্ষমতানুসারে কোন কার্য্য করিবেন ইহারও আজ্ঞা দিতে পারিবেন। ও

(গ) তদ্রূপে যে২ বিধান বর্ত্তান যায় তাহা প্রবল করণার্থে যে বিধি আবশ্যক জ্ঞান করেন তাহা করিতে পারিবেন।

ঐ জ্ঞাপনপত্র প্রকাশ হইবার পর এক মাসের মধ্যে ঐ২ বিধান তদনুসারে বর্ত্তিবে ও পূর্ব্বোক্তমতে প্রণীত বিধি আইনের তুল্য বলবৎ হইবে।

পূর্ব্বোক্ত প্রকারের কোন জ্ঞাপনপত্র সময়ে২ সেই প্রকারে পরিবর্ত্তন কি রহিত করা যাইতে পারিবে ইতি।

ষষ্ঠ ভাগ।

আপীলবিষয়ক বিধি।

৪১ একচত্বারিংশ অধ্যায়।

যে আপীল করিবার স্পষ্ট অনুমতি নাই তাহার বাধা বিষয়ক বিধি।

৫৪১ ধারা। এই আইনের কিম্বা যৎকালে অন্য যে আইন প্রবল থাকে তাহার বিধানমতে না হইলে, কোন ডিক্রীর কি আজ্ঞার উপর আপীল হইবে না ইতি।

যে আপীলের স্পষ্ট অনুমতি নাই তাহার বাধার কথা।

উদাহরণ।

১৮৫৯ সালের ১৪ আইনের ১৫ ধারামতে মোকদ্দমায় যে ডিক্রী কি আজ্ঞা করা যায় তাহার উপর আপীল নাই।

৪২ দ্বাচত্বারিংশ অধ্যায়।

আসল ডিক্রীর উপর আপীল বিষয়ক বিধি।

৫৪২ ধারা। এই আইনে কিম্বা অন্য যে আইন যৎকালে প্রচলিত থাকে সেই আইনে ভাবান্তরের স্পষ্ট বিধান না থাকিলে, মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন আদালতের

স্পষ্টরূপে নিষিদ্ধ না হইলে আসল সকল ডিক্রীর উপর আপীল হইতে পারিবার কথা।

the Courts authorized to hear appeals from the decisions of those Courts

Provided that no appeal shall be admitted on a question solely relating to costs, except under the circumstances mentioned in section 201

Appeal to High Court to be heard by two or more Judges

543 If the appeal lie to the High Court, it shall be heard and determined by a Court consisting of two or more Judges of that Court

HOW APPEALS ARE TO BE PREFERRED

Form of appeal

544 The appeals shall be made in the form of a memorandum presented in the Appellate Court within the period prescribed in this behalf by the Indian Limitation Act.

Memorandum to be accompanied by copy of decree

545 The memorandum of appeal shall be accompanied by a copy of the decree appealed against

Memorandum of appeal

546. The memorandum of appeal shall set forth, concisely and under distinct heads, the grounds of objection to the decree appealed against, without any argument or narrative, and such grounds shall be numbered consecutively

Appellant confined to grounds set out

547 The appellant shall not, without the leave of the Court, urge or be heard in support of any other ground of objection, but the Court in deciding the appeal shall not be confined to the grounds set forth by the appellant

Provided that the Court shall not rest its decision on any ground not set forth by the appellant, unless the respondent has had sufficient opportunity of meeting the appellant's case on that ground

Memorandum of appeal to High Court may be general

548 If the appeal be to the High Court, but not from a decree made by that Court in the exercise of its ordinary or extraordinary original civil jurisdiction, the memorandum of appeal, instead of stating the grounds of objection to the decree appealed against, may state only the dissatisfaction of the party preferring the appeal with the decree and his intention to file his grounds of objection subsequently

ডিক্রীর উপর কিম্বা ডিক্রীর কোন অংশের উপর, ঐ২ আদালতের নিস্পত্তির উপর আপীল শুনিবার ক্ষমতাপন্ন আদালতে আপীল করা যাইতে পারিবে।

কিন্তু কেবল খরচাবিষয়ক যে বিবাদ হয়, ২০১ ধারায় উল্লিখিত ভাবগতিকভিন্ন সেই বিবাদের উপর আপীল গ্রাহ্য হইবে না ইতি।

হাই কোর্টে আপীল হইলে দুই কি তদধিক জন জজ সাহেবের শুনিতে হইবার কথা

৫৪৩ ধারা। হাই কোর্টে আপীল হইলে, ঐ কোর্টের দুই কি তদধিক জন জজ আদালত হইয়া ঐ আপীল শুনিয়া নির্ণয় করিবেন ইতি।

আপীল যে প্রকারে উপস্থিত করিতে হইবে তদ্বিষয়ক বিধি।

আপীল লিখিবার পাঠের কথা।

৫৪৪ ধারা। আপীল মর্ম্মাত্মকপত্রের ন্যায় লিখিত হইয়া এতৎপক্ষে ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক আইনে যে মিয়াদ নির্দ্ধারিত হইল তন্মধ্যে আপীল আদালতে উপস্থিত করিতে হইবে ইতি।

মর্ম্মাত্মকপত্রের সঙ্গে ডিক্রীর নকল দিতে হইবার কথা।

৫৪৫ ধারা। যে ডিক্রীর উপর আপীল হয় আপীলের মর্ম্মাত্মক পত্রের সহিত তাহার নকলও দিতে হইবে ইতি।

আপীলের মর্ম্মাত্মকপত্রের কথা।

৫৪৬ ধারা। যে ডিক্রীর উপর আপীল হয়, আপীলের মর্ম্মাত্মকপত্রে বাদানুবাদ কি বৃত্তান্ত না লিখিয়া সেই ডিক্রীর উপর আপত্তিমাত্র সংক্ষেপে ও ভিন্ন২ দফা করিয়া লিখিতে হইবে ও প্রত্যেক দফায় ক্রমিক নম্বর দেওয়া যাইবে ইতি।

যে হেতু ব্যক্ত থাকে আপেলাণ্টের কেবল সেই হেতু ধরিতে পারিবার কথা।

৫৪৭ ধারা। আপেলাণ্ট আদালতের অনুমতি না পাইলে আপত্তির অন্য কোন হেতু ব্যক্ত করিতে পারিবেন না ও অন্য হেতুর প্রতিপোষণে তাঁহার কথা শুনা যাইবে না। কিন্তু আপীলের নিস্পত্তি করণে আদালত আপেলাণ্টের প্রকাশিত হেতুতেই আবদ্ধ হইবেন না।

কিন্তু আপেলাণ্ট যে হেতু প্রকাশ করেন নাই রিস্পণ্ডেণ্ট সেই হেতু ধরিয়া আপেলাণ্টের পক্ষীয় মোকদ্দমার উত্তর দিবার উপযুক্ত সুযোগ না পাইলে, আদালত সেই হেতুর প্রতি নির্ভর করিয়া নিস্পত্তি করিবেন না ইতি।

হাই কোর্টের নিকট আপীলের মর্ম্মাত্মকপত্র সাধারণ হইতে পারিবার কথা।

৫৪৮ ধারা। হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ কি সাধারণাতীত ক্ষমতাক্রমে যে ডিক্রী করেন, তদ্ভিন্ন কোন ডিক্রীর উপর হাই কোর্টে আপীল হইলে, যে ডিক্রীর উপর আপীল হয়, আপীলের মর্ম্মাত্মকপত্রে তদ্বিষয়ে আপত্তির হেতু না লিখিয়া এই মাত্র লেখা যাইতে পারিবে যে, আপীল উপস্থিতকারি ব্যক্তি ডিক্রীতে অসন্তুষ্ট আছেন ও পশ্চাৎ আপত্তির হেতুপত্র অর্পণ করিতে মনস্থ করেন।

Time for filing grounds of objection in such case.

In such case the grounds of objection shall be filed within one month from the date of the receipt in the High Court of the record of the suit in which the appeal is made, to be certified by an officer of the High Court at the time of the receipt of the record, or within such shorter period as the High Court by a general rule published in the local official Gazette may from time to time appoint

Power to extend time for filing grounds of objection

549 The High Court may, for sufficient reason, extend the time allowed in the last preceding section for filing the grounds of objection

Separate grounds of objection to be on stamp paper

550 The grounds of objection, when filed separately from the memorandum of appeal, shall be written on a stamp-paper of the value of four rupees If the grounds of objection cannot be contained in a single sheet of stamp-paper, every additional sheet used shall bear a stamp of one rupee

Sections 545, 546, and 547 to apply to grounds of objection separately filed

551 The provisions of section 545, 546, and 547, shall apply to the grounds of objection when filed separately from the memorandum of appeal

Effect of memorandum not being presented in time

552 If the memorandum of appeal be not presented within the prescribed period, and no sufficient cause be shown for the delay, the appeal shall be disallowed

Effect of grounds of objection not being filed in time

553 If the grounds of objection, when allowed to be filed separately, be not filed within the prescribed period or within the further time to which such period may have been extended by the Court, the appeal shall be struck off the file

Rejection of memorandum or grounds of objection for informality or want of proper stamp

554 If the memorandum of appeal or the grounds of objection be not drawn up in the manner hereinbefore prescribed, or do not bear the proper stamp, such memorandum or grounds may be rejected or returned to the appellant for the purpose of being amended within a time to be fixed by the Court

তদ্রূপ স্থলে আপত্তির হেতুপত্র অর্পণ করিবার সময়ের কথা।

তদ্রূপ স্থলে যে মোকদ্দমার আপীল হয় সেই মোকদ্দমার কাগজপত্র হাই কোর্টে প্রাপ্ত হওয়ার সময়ে হাই কোর্টের কার্য্যকারক তাহা পাইবার সর্টিফিকট লিখিবেন ও সেই কাগজপত্র হাই কোর্টে [illegible] হইবার তারিখ অবধি এক মাসের মধ্যে কিম্বা হাই কোর্ট স্থানবিশেষের রাজকীয় গেজেটে সাধারণ বিধি প্রকাশ করিয়া সময়েং তদপেক্ষা ন্যূন যে সময় নিরূপণ করেন তন্মধ্যে আপত্তির হেতুপত্র অর্পণ করিতে হইবে ইতি।

আপত্তির হেতুপত্র অর্পণ করিবার সময় বৃদ্ধি করিবার ক্ষমতার কথা।

৫৪৯ ধারা। ইহার পূর্ব্ব ধারায় আপত্তির হেতুপত্র অর্পণ করিবার যে সময়ের অনুমতি হইয়াছে, হাই কোর্ট বিশিষ্ট কারণে সেই সময় বৃদ্ধি করিতে পারিবেন ইতি।

আপত্তির স্বতন্ত্র হেতুপত্র ইষ্টাম্প কাগজে লিখিতে হইবার কথা।

৫৫০ ধারা। আপত্তির হেতুপত্র আপীলের মর্ম্মাত্মকপত্র হইতে পৃথকরূপে অর্পণ করা গেলে চারি টাকা মূল্যের ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে। আপত্তির হেতু একি ফর্দ্দ ইষ্টাম্প কাগজে না ধরিলে, আর যত ফর্দ্দে লেখা যায় তাহার প্রত্যেকে ১৲ টাকার ইষ্টাম্প থাকিবে ইতি।

আপত্তির হেতু স্বতন্ত্র রূপে অর্পণ করা গেলে তাহার প্রতি ৫৪৫, ৫৪৬ ও ৫৪৭ ধারা খাটিবার কথা।

৫৫১ ধারা। আপত্তির হেতুপত্র আপীলের মর্ম্মাত্মকপত্রহইতে পৃথকরূপে অর্পণ করা গেলে, তাহার প্রতি ৫৪৫ ও ৫৪৬ ও ৫৪৭ ধারার বিধান বর্ত্তিবে ইতি।

মর্ম্মাত্মকপত্র উপযুক্ত সময়ে উপস্থিত না করিবার ফলের কথা।

৫৫২ ধারা। আপীলের মর্ম্মাত্মকপত্র নির্দ্ধারিত সময়ের মধ্যে উপস্থিত করা না গেলে ও বিলম্বের বিশিষ্ট কারণ দেখান না গেলে, আপীল অগ্রাহ্য হইবে ইতি।

আপত্তির হেতুপত্র উপযুক্ত সময়ে অর্পণ না করিবার ফলের কথা।

৫৫৩ ধারা। আপত্তির হেতুপত্র পৃথকরূপে অর্পণ করিবার অনুমতি হইলে নির্দ্ধারিত সময়ের মধ্যে কিম্বা আদালত সেই সময় বৃদ্ধি করিয়া দিলে সেই বর্দ্ধিত সময়ের মধ্যে অর্পণ করা না গেলে, আপীল নথীহইতে উঠাইয়া দেওয়া যাইবে ইতি।

তাঁহার ব্যতিক্রম হওয়াতে কিম্বা উপযুক্ত ইষ্টাম্প না থাকাতে মর্ম্মাত্মকপত্র কি আপত্তির হেতুপত্র অগ্রাহ্য হইবার কথা।

৫৫৪ ধারা। আপীলের মর্ম্মাত্মকপত্র কিম্বা আপত্তির হেতুপত্র পূর্ব্বনির্দ্দিষ্টমতে লেখা না গেলে কিম্বা উপযুক্ত মূল্যের ইষ্টাম্প কাগজে লেখা না গেলে ঐ মর্ম্মাত্মকপত্র কি হেতুপত্র অগ্রাহ্য হইতে পারিবে, কিম্বা আদালতের নিরূপিত সময়ের মধ্যে সংশোধন করিয়া দিবার জন্যে আপেলান্টকে ফিরিয়া দেওয়া যাইতে পারিবে।

When the Court rejects under this section any memorandum or grounds of objection, it shall record the reasons for such rejection

আদালত এই ধারামতে কোন দর্খাস্তরূপপত্র কিম্বা আপত্তির হেতুপত্র অগ্রাহ্য করিলে, অগ্রাহ্য করিবার কারণ লিপিবদ্ধ করিবেন ইতি।

One of several plaintiffs or defendants may obtain a reversal of the whole decree if it proceed on a ground common to all

555 If there be more plaintiffs or more defendants than one in a suit and the decree appealed against proceed on any ground common to all the plaintiffs or to all the defendants, any one of the plaintiffs or of the defendants may appeal against the whole decree, and the Appellate Court may reverse or modify the decree in favour of all the plaintiffs or defendants, as the case may be

সকল বাদির কি প্রতিবাদির প্রতি উভয়মূলক ডিক্রী হইলে এক জন বাদির কি প্রতিবাদির যত্নে সম্পূর্ণ ডিক্রী অসিদ্ধ হইতে পারিবার কথা।

৫৫৫ ধারা। মোকদ্দমায় একের অধিকজন বাদী কি প্রতিবাদী থাকিলে, ও যে ডিক্রীর উপর আপীল হয় সকল বাদির কি সকল প্রতিবাদির প্রতি উভয়মূলক ডিক্রী হইলে, বাদিদের কিম্বা প্রতিবাদিদের মধ্যে কোন এক ব্যক্তি সম্পূর্ণ ডিক্রীর বিপক্ষে আপীল করিতে পারিবেন, এবং আপীল আদালত সকল বাদির কিম্বা বিষয়বিশেষে সকল প্রতিবাদির সপক্ষে ঐ ডিক্রী অসিদ্ধ কি মতান্তর করিতে পারিবেন ইতি।

Illustrations

উদাহরণ।

(a) A sues B and C on a promissory note The defendants plead payment The Court decrees in favour of A B alone appeals The Appellate Court holding that payment has been made may reverse the decree in favour of both B and C

(ক) আমন্দ কোন খতের উপর বলরামের ও চন্দ্রের নামে নালিশ করেন। টাকা দিয়াছি বলিয়া প্রতিবাদির উত্তর দিলেন। আদালত আমন্দের পক্ষে ডিক্রী করলেন। তাহার উপর বলরাম একাই আপীল করিলেন টাকা দেওয়া গিয়াছে, আপীল আদালত ইহা নির্ণয় করিলে বলরাম ও চন্দ্র উভয়ের সপক্ষে ঐ ডিক্রী অসিদ্ধ করিতে পারিবেন।

(b) A sues B and C on a promissory note B pleads payment and C pleads the Limitation Act The Court overrules both pleas and decrees in favour of A B alone appeals The Appellate Court may be of opinion that payment has been made, but cannot on B's appeal reverse the decree as regards C

(খ) আমন্দ কোন খতের উপর বলরামের ও চন্দ্রের নামে নালিশ করেন। বলরাম টাকা দেওয়া গিয়াছে বলিয়া উত্তর দিলেন, মিয়াদের আইনমতে মোকদ্দমা বারিত হইল বলিয়া চন্দ্র উত্তর দিলেন। আদালত দুই জনের উত্তর অগ্রাহ্য করিয়া আমন্দের পক্ষে ডিক্রী করেন বলরাম একাই আপীল করেন। টাকা যে দেওয়া গিয়াছে আপীল আদালতের এই অভিমত থাকিতে পারে কিন্তু এমত স্থলে বলরামের আপীলক্রমে চন্দ্রের পক্ষে ঐ ডিক্রী অসিদ্ধ করিতে পারিবেন না।

Power to adjourn hearing and direct persons appearing interested to be made parties

556 If it appear to the Court at the hearing of an appeal that any person who was a party to the suit in the Court against whose decree the appeal is made, but who has not been made a party to the appeal, may be affected by the result of the appeal, the Court may adjourn the hearing of the appeal to a future day to be fixed by the Court, and direct that such person shall be made a respondent in the appeal

শুনিবার দিনান্তর নিরূপণ করিবার ও যাঁহারা সকলে স্বার্থি বলিয়া জ্ঞান হয় তাঁহাদিগকে মোকদ্দমার এক পক্ষের মধ্যে আনিতে আদেশ করিবার ক্ষমতার কথা।

৫৫৬ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল হয়, সেই আদালতে কোন ব্যক্তি মোকদ্দমার এক পক্ষ হইলেও তাঁহাকে আপীলের এক পক্ষ করা যায় নাই কিন্তু আপীলের ফলে তাহার সম্পর্ক আছে আদালত আপীল শুনিবার সময়ে ইহা দেখিতে পাইলে আপীল শুনিবার জন্যে দিনান্তর নিরূপণ করিয়া সেই আপীলে ঐ ব্যক্তিকেও রিস্পণ্ডেণ্ট করিবার আদেশ করিতে পারিবেন ইতি।

OF STAYING AND EXECUTING DECREES UNDER APPEAL

ডিক্রীর উপর আপীল হইলেও তাহা স্থগিতকরণ ও জারী করণবিষয়ক বিধি।

Execution of decree not stayed solely by reason of appeal

557 Execution of a decree shall not be stayed by reason only of an appeal having been preferred against the decree, but the Appellate Court may, for sufficient cause shown, order the execution to be stayed

কোন আপীল হওয়া প্রযুক্ত ডিক্রী জারীর কার্য্য স্থগিত না হইবার কথা।

৫৫৭ ধারা। ডিক্রীর উপর আপীল উপস্থিত করা গিয়াছে, কেবল এই কারণে ডিক্রী জারীর কার্য্য স্থগিত হইবে না। কিন্তু বিশিষ্ট কারণ দেখান গেলে, আপীল আদালত ডিক্রীজারীর কার্য্য স্থগিত রাখিবার আজ্ঞা করিতে পারিবেন।

Such order shall not be made in many case unless the Court is satisfied—

(*a*) that irreparable injury may result to the party applying for stay of execution unless the order is made, and

(*b*) that the application has been made without unreasonable delay

If the Court orders execution to be stayed it may impose upon the appellant whatever terms it thinks fit as to giving security for the performance of its decree or otherwise

Stay of execution of appealable decree before time for appealing has expired

558 If an application be made for the execution of a decree which is open to appeal, before the time allowed for appeal has expired, and the Court which passed the decree has not received intimation of an appeal having been preferred therefrom, the Court may, if sufficient cause be shown, stay the execution

Security required before making order to stay execution

Before making an order to stay execution, the Court shall require security to be given by the party against whom the decree was passed for the due performance of the decree or order of the Appellate Court

Security in case of order for execution of a decree appealed against

559 If an order is made for the execution of a decree against which an appeal has been preferred, the Court which passed the decree may, on sufficient cause being shown by the appellant, require security to be given for the restitution of any property which may be taken in execution of the decree, or of the value of such property, and for the due performance of the decree or order of the Appellate Court,

or the Appellate Court may for like cause direct the Court which passed the decree to take such security

No such security to be required from Government or public officers

560 No such security as is mentioned in the last three preceding sections shall be required from the Government or from any officer of the Government sued as such

Of Procedure in Appeal from Decrees

Registry of memorandum of appeal

561 When a memorandum of appeal is presented within the time allowed, the Appellate Court or the proper officer of that Court, if the memorandum be duly stamped and

কিন্তু আদালত এই২ বিষয় হবোধমতে জানিতে না পাইলে ঐ আজ্ঞা কোন স্থলেই করা যাইবে না, বিশেষতঃ

(ক) ঐ আজ্ঞা না হইলে, যে ব্যক্তি ডিক্রী জারীর কার্য্য স্থগিত রাখিতে প্রার্থনা করেন তাহার অপ্রতিকার্য্য হানি হ বে, ও

(খ) অসঙ্গত বিলম্ব না করিয়া ঐ প্রার্থনা করা গিয়াছে।

আদালত ডিক্রী জারী স্থগিত হইবার আজ্ঞা করিলে, আপন ডিক্রী জারী করণ প্রভৃতির জামিন দেওন বিষয়ে য নিয়ম উচিত বোধ করেন আপেলাণ্টের পক্ষে এমত নিয়ম অবধারিত করিতে পারিবেন ইতি।

যে ডিক্রীর উপর আপীল হইতে পারে আপীল করিবার সময় গত হইবার পূর্ব্বে সেই ডিক্রী জারী স্থগিত রাখিবার কথা।

৫৫৮ ধারা। যে ডিক্রীর উপর আপীল হইতে পারে আপীল করিবার সময় গত হইবার পূর্ব্বে সেই ডিক্রী জারী করিবার প্রার্থনা হইলে, ও যে আদালত ডিক্রী করিলেন সেই আদালত ঐ ডিক্রীর উপর আপীল হইবার কোন সন্ধান না পাইলে, বিশিষ্ট কারণ দেখান গেলে ঐ ডিক্রী জারী স্থগিত রাখিতে পারিবেন।

ডিক্রীজারী স্থগিত হইবার আজ্ঞা করণের পূর্ব্বে জামিন লইতে হইবার কথা।

ডিক্রীজারী স্থগিত রাখিবার আজ্ঞা দেওনের পূর্ব্বে, যাঁহার বিপক্ষে ডিক্রী করা গেল আদালত তাঁহার স্থানে আপীল আদালতের ডিক্রী কি আজ্ঞানুসারে নিয়মমতে কর্ম্ম করিবার জামিন লইবেন ইতি।

যে ডিক্রীর উপর আপীল হয় তাহা জারী করিবার আজ্ঞা হইলে জামিনের কথা।

৫৫৯ ধারা। কোন ডিক্রীর উপর আপীল উপস্থিত করা যাওয়াতে ঐ ডিক্রীজারীর কার্য্য স্থগিত থাকিবার আজ্ঞা হইলে, ও আপেলাণ্ট বিশিষ্ট কারণ দেখাইলে, যে আদালত ডিক্রী করিলেন ঐ আদালত ডিক্রীজারীক্রমে কোন সম্পত্তি লওয়া গেলে সেই সম্পত্তি কি তাহার মূল্য ফিরিয়া দিবার ও আপীল আদালতের ডিক্রী কি আজ্ঞানুসারে নিয়মমতে কার্য্য হইবার জামিন লওনের আজ্ঞা করিতে পারিবেন।

কিম্বা যে আদালত ঐ ডিক্রী করিলেন আপীল আদালত সেই কারণে সেই আদালতের প্রতি ঐ জামিন লইবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

গবর্ণমেণ্টের কি রাজকীয় কার্য্যকারকের স্থানে জামিন লইতে না হইবার কথা।

৫৬০ ধারা। গবর্ণমেণ্টের স্থানে কিম্বা গবর্ণমেণ্টের কার্য্যকারকস্বরূপ যাঁহার নামে নালিশ হয় তাঁহার স্থানে ইহার পূর্ব্ব তিন ধারার উল্লিখিত কোন জামিন লইতে হইবে না ইতি।

ডিক্রীর উপর আপীল হইলে কার্য্যপ্রণালীর কথা।

আপীলের মর্ম্মাত্মকপত্র রেজিষ্টরী করিবার কথা।

৫৬১ ধারা। আপীল রেজিষ্টরী করিবার একখানি বহী রাখিতে হইবে। আপীলের মর্ম্মাত্মকপত্র নিরূপিত সময়ের মধ্যে উপস্থিত করা গেলে ও সেই মর্ম্মাত্মকপত্র উপযুক্ত মূল্যের ইষ্টাম্প

in the prescribed form, shall endorse thereon the date of presentment, and shall register the appeal in a book to be kept for the purpose

Register

Such book shall be called the Register of Appeals

562 The Appellate Court may at its discretion, either before the respondent is called upon to appear and answer, or afterwards on the application of the respondent, demand from the appellant security for the costs either of the appeal, or of the original suit, or of both

Appellate Court may require appellant to give security for costs

Provided that the Court shall demand such security in all cases in which the appellant is residing out of British India, and is not possessed of any sufficient immoveable property within British India independent of the property to which the appeal relates

When appellant resides out of British India

If such security be not furnished at the time of presenting the memorandum of appeal or within such time as the Court orders, the Court shall reject the appeal

563 When the memorandum of appeal is registered, or when the grounds of objection are filed, the Appellate Court shall send notice of the appeal to the Court against whose decree the appeal is made

Appellate Court to give notice to Court whose decree is appealed against

If the appeal be from a Court the records of which are not deposited in the Appellate Court, the Court to which such notice is sent shall, upon the receipt thereof, transmit with all practicable despatch all material papers in the suit, or such papers as may be specially called for by the Appellate Court

Transmission of papers to Appellate Court

564 Either party may make an application in writing to the Court against whose decree the appeal is made, specifying any papers of which he requires copies to be made and deposited in such Court, and copies of such papers shall be prepared at the expense of the applicant and shall be deposited accordingly

Copies of exhibits in Court whose decree is appealed against

565 A day shall be fixed by the Appellate Court for the hearing of the appeal

Day for hearing appeal

থাকিলে ও তাহা নির্দিষ্ট পাঠে লেখা গেলে, আপীল আদালত কিম্বা ঐ আদালতের উপযুক্ত কার্য্যকারক ঐ পত্রের পৃষ্ঠে তাহা উপস্থিত করিবার তারিখ লিখিয়া ঐ বহীতে রেজিষ্টরী করিবেন।

রেজিষ্টরের কথা।

ঐ বহী আপীলের রেজিষ্টরী বহী নামে জানা যাইবে ইতি।

৫৬২ ধারা। রিস্পাণ্ডেণ্টের প্রতি উপস্থিত হইয়া উত্তর দিবার আজ্ঞা হওয়ার পূর্ব্বে কিম্বা পরেও, রিস্পাণ্ডেণ্টের প্রার্থনামতে আপীল আদালত স্বীয় বিবেচনানুসারে আপেলাণ্টের স্থানে আপীলের কি আসল মোকদ্দমার কি উভয়ের খরচার জামিন দাওয়া করিতে পারিবেন।

আপেলাণ্টকে খরচার জামিন দিতে আপীল আদালতের আজ্ঞা করিবার ক্ষমতার কথা।

কিন্তু আপেলাণ্ট ব্রিটনীয় ভারতবর্ষের বহির্ভূত স্থানে বাস করিলে ও যে সম্পত্তির বিষয়ে আপীল হয় তদ্ভিন্ন ব্রিটনীয় ভারতবর্ষের মধ্যে তাঁহার স্থাবর প্রচুর সম্পত্তি ন থাকিলে, ঐ আদালত এমত সকল স্থলে ঐ জামিন দাওয়া করিবেন।

আপেলাণ্ট ব্রিটনীয় ভারতবর্ষের বাহিরে বাস করিলে তদ্বিষয়ের কথা।

আপীলের মর্ম্মাত্মকপত্র উপস্থিত করিবার সময়ে কিম্বা আদালত যে সময়ের মধ্যে আজ্ঞা করেন সেই সময়ে জামিন দেওয়া না গেলে, আদালত আপীল অগ্রাহ্য করিবেন ইতি।

৫৬৩ ধারা। আপীলের মর্ম্মাত্মকপত্র রেজিষ্টরী করা গেলে কিম্বা আপত্তির হেতুপত্র অর্পণ করা গেলে, যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় আপীল আদালত সেই আদালতে আপীলের নোটিস দিবেন।

যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে আপীল আদালতের নোটিস দিবার কথা।

যে আদালতের কাগজপত্র আপীল আদালতে গচ্ছিত না হইয়া থাকে এমত আদালতের ডিক্রীর উপর আপীল হইলে, যে আদালতে উক্ত নোটিস পাঠান যায় সেই আদালত ঐ নোটিস পাইলেই সাধ্যমতে ত্বরায় মোকদ্দমাঘটিত প্রয়োজনীয় সকলকাগজপত্র, কিম্বা আপীল আদালত বিশেষমতে যে২ কাগজপত্র পাঠাইবার আজ্ঞা করেন তাহা পাঠাইবেন ইতি।

আপীল আদালতে কাগজপত্র পাঠাইবার কথা।

৫৬৪ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায়, কোন পক্ষ সেই আদালতে প্রার্থনাপত্র লিখিয়া যে২ কাগজপত্রের নকল করাইয়া সেই আদালতে গচ্ছিত করিতে চাহেন, তাহা বিশেষ করিয়া জানাইতে পারিবেন। আপেলাণ্টের খরচে সেই সকল কাগজপত্রের নকল প্রস্তুত করাইয়া তদনুসারে গচ্ছিত করা যাইবে ইতি।

যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে দস্তাবেজের নকলের কথা।

৫৬৫। আপীল আদালত আপীল শুনিবার দিন নিরূপণ করিবেন।

আপীল শুনিবার দিনের কথা।

The day shall be so fixed, with reference to the place of residence of the respondent and the time necessary for the service of the notice of appeal, as to allow the respondent a sufficient time to enable him to appear and answer the appeal on such day

রিস্পাণ্ডেন্টের বাসস্থান ও আপীলের নোটিস পঁহুছিবার আবশ্যক সময় লক্ষ করিয়া ঐ দিন এমন করিয়া নিরূপণ করিতে হইবে, যেন রিস্পাণ্ডেন্টের সেই সময়ে উপস্থিত হইয়া আপীলের উত্তর দিবার উপযুক্ত অবকাশ থাকে ইতি।

566 Notice of the day fixed for hearing the appeal shall be stuck up in the Appellate Court, and a like notice shall be sent by the Appellate Court to the Court against whose decree the appeal is made, and shall be served on the respondent or his pleader in the manner provided in Chapter VI for the service of a summons to a defendant to appear and answer, and all rules applicable to such summons and to proceedings with reference to the service thereof, shall apply to the service of such notice

Publication and service of notice of day for hearing appeal

৫৬৬ ধারা। আপীল শুনিবার নিরূপিত দিনের নোটিস আপীল আদালতে লাগাইয়া দেওয়া যাইবে, ও যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় আপীল আদালত সেই আদালতেও ঐ নোটিস পাঠাইবেন, এবং ষষ্ঠ অধ্যায়ে প্রতিবাদির নামে উপস্থিত হইয়া উত্তর দিবার জন্যে সমন জারী করিবার যে বিধান আছে ঐ নোটিস সেই বিধানমতে রিস্পাণ্ডেন্টকে কিম্বা তাঁহার উকীলকে দেওয়া যাইবে, ও সেই সমনের প্রতি ও তাহা জারী করণের পক্ষে আনুষ্ঠানিক সকল কার্য্যের প্রতি যে২ বিধি খাটে ঐ নোটিস জারী করণের পক্ষে সেই২ বিধি খাটিবে।

আপীল শুনিবার দিনের নোটিস প্রকাশ ও জারী করিবার কথা।

Instead of sending the notice of the Court against whose decree the appeal is made, the Appellate Court may itself cause the notice to be served on the respondent or his pleader under the rules above referred to, whenever it appears convenient to do so

Appellate Court may itself cause notice to be served

যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় আপীল আদালত সেই আদালতে নোটিস না পাঠাইয়া সুবিধা বোধ করিলে আপনি পূর্ব্বোক্ত বিধিমতে রিস্পাণ্ডেন্টকে কিম্বা তাঁহার উকীলকে নোটিস দেওয়াইতে পারিবেন ইতি।

আপীল আদালতের নিজে ঐ নোটিস জারী করাইতে পারিবার কথা।

567 The notice to the respondent shall declare that, if he does not appear in the Appellate Court on the day so fixed for the hearing of the appeal, the appeal will be heard *ex parte*

Contents of notice

৫৬৭ ধারা। রিস্পাণ্ডেন্টকে যে নোটিস দেওয়া যায় তন্মধ্যে এই কথা নির্দ্দিষ্ট থাকিবে যে, তিনি আপীল শুনিবার নির্দ্ধারিত সেই দিনে আপীল আদালতে উপস্থিত না হইলে, কেবল অন্য পক্ষ উপস্থিত থাকিতে সেই আপীল শুনা যাইবে ইতি।

নোটিসের মর্ম্মের কথা।

568 If on the day fixed for hearing the appeal, or any other day subsequent thereto to which the hearing of the appeal may be adjourned, the appellant does not attend in person or by his pleader, the appeal shall be dismissed for default

Dismissal of appeal for appellant's default

৫৬৮ ধারা। আপীল শুনিবার নিরূপিত দিনে, কিম্বা তৎপশ্চাৎ আপীল শুনিবার দিনান্তর নিরূপণ হইলে সেই দিনে, আপেলান্ট স্বয়ং কিম্বা উকীলের দ্বারা উপস্থিত না হইলে, আপীল ত্রুটিপ্রযুক্ত ডিসমিস হইবে।

আপেলান্টের ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইবার কথা।

If the appellant attends and the respondent does not attend, the appeal shall be heard *ex parte* in his absence

Hearing appeal ex parte

আপেলান্ট উপস্থিত হইলে, ও রিস্পাণ্ডেন্ট উপস্থিত না হইলে, তাঁহার অনুপস্থানে কেবল এক পক্ষ উপস্থিত থাকিতে আপীল শুনা যাইবে ইতি।

একপক্ষমাত্র উপস্থিত হইলে আপীল শুনিবার কথা।

569 If on the day fixed for hearing the appeal it be found that the notice to the respondent has not been served in consequence of the failure of the appellant to deposit, within the time allowed, the sum required to defray the cost of issuing the notice, the Court may order that the appeal be dismissed

Dismissal of appeal where notice has not been served in consequence of appellant's failure to deposit cost of notice

৫৬৯ ধারা। নোটিস জারী করিবার খরচের জন্য যত টাকা প্রয়োজন আপেলান্ট নিরূপিত সময়ের মধ্যে ঐ টাকা আমানৎ না করাতে রিস্পাণ্ডেন্টকে নোটিস দেওয়া যায় নাই, আপীল শুনিবার নিরূপিত দিনে ইহা জানিতে পাওয়া গেলে, আদালত আপীল ডিসমিস করিবার আজ্ঞা করিতে পারিবেন।

আপেলান্ট নোটিসের খরচ না দেওয়াতে নোটিস জারী না হইলে আপীল ডিসমিস করিবার কথা।

Proviso

Provided that no such order shall be passed, although the notice has not been served upon the respondent, if on the day fixed for hearing the appeal the respondent appears in person, or by a pleader, or by a duly authorized agent

উপবিধি।

কিন্তু রিস্পাণ্ডেণ্টের উপর নোটিস জারী করা না গেলেও, যদি আপীল শুনিবার নিরূপিত দিনে রিস্পাণ্ডেণ্ট আপনি কিম্বা উকীলের দ্বারা কিম্বা নিয়মমতে ক্ষমতা প্রাপ্ত মোক্তারের দ্বারা উপস্থিত হইয়া থাকেন, তবে পূর্ব্বোক্ত আজ্ঞা করা যাইবে না ইতি।

Re admission of appeal dismissed for default

570 If an appeal be dismissed for default, the appellant may apply to the Appellate Court for the re admission of the appeal, and if it be proved to the satisfaction of the Court that the appellant was prevented by any sufficient cause from attending when the appeal was called on for hearing, the Court may re-admit the appeal on such terms as to costs or otherwise as the Court thinks fit to impose on the appellant.

ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইলে পর পুনশ্চ গ্রাহ্য করিবার কথা।

৫৭০ ধারা। ত্রুটিপ্রযুক্ত আপীল ডিসমিস হইলে পর, আপেলাণ্ট আপীল আদালতে আপীল পুনশ্চ গ্রাহ্য করিবার প্রার্থনা করিতে পারিবেন। ও আপীল শুনিবার জন্যে যে সময়ে তলব করা গেল আপেলাণ্ট বিশিষ্ট কোন কারণে সেই সময়ে উপস্থিত হইতে পারিলেন না আদালতের হৃদ্বোধমতে এই কথার প্রমাণ হইলে, আদালত আপেলাণ্টের উপর খরচা প্রভৃতির বিষয়ে যে নিয়ম অবধারণ করা উচিত বোধ করেন সেই নিয়মানুসারে আপীল পুনরায় গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

Re hearing on application of respondent against whom *ex parte* decree is made

571 When an appeal is heard *ex parte* in the absence of the respondent, and judgment is given against him, he may apply to the Appellate Court to re hear the appeal, and if it be proved to the satisfaction of the Court that the respondent was prevented by sufficient cause from attending when the appeal was called on for hearing, the Court may re-hear the appeal on such terms as to costs or otherwise as the Court thinks fit to impose on the respondent

এক পক্ষমাত্র উপস্থিত থাকিতে রিস্পাণ্ডেণ্টের বিপক্ষে ডিক্রী হইলে তাহার প্রার্থনামতে পুনশ্চ শুনিবার কথা।

৫৭১ ধারা। রিস্পাণ্ডেণ্টের অনুপস্থানে কেবল অন্য পক্ষের উপস্থিত হওন কালে আপীল শুনা গিয়া রিস্পাণ্ডেণ্টের বিপক্ষে নিস্পত্তি হইলে, তিনি আপীল আদালতে আপীল পুনরায় শুনিবার প্রার্থনা করিতে পারিবেন। ও আপীল শুনিবার জন্যে যে সময়ে তলব করা গেল রিস্পাণ্ডেণ্ট বিশিষ্ট কোন কারণে সেই সময়ে উপস্থিত হইতে পারিলেন না আদালতের হৃদ্বোধমতে এই কথাব প্রমাণ হইলে, আদালত রিস্পাণ্ডেণ্টের উপর খবচাপ্রভৃতির বিষযে যে নিযম অবধারণ করা উচিত বোধ করেন সেই নিয়মানুসারে আপীল পুনরয় শুনিতে পারিবেন ইতি।

Upon the hearing respondent may object to decree as if he had preferred a separate appeal

572 The respondent, though he may not have appealed against any part of the decree, may, upon the hearing, take any objection to the decree which he could have taken by way of appeal, provided he give the appellant seven days' notice in writing of such objection

শুনিবার সময়ে স্বতন্ত্র আপীল উপস্থিত করণের ন্যায় ডিক্রীর বিষয়ে রিস্পাণ্ডেণ্টের আপত্তি করিতে পারিবার কথা।

৫৭২ ধাবা। রিস্পাণ্ডেণ্ট ডিক্রীর কোন অংশের উপর আপীল না করিলেও, আপীল করিয়া ডিক্রীর বিষযে যে আপত্তি কবিতে পাবিতেন, শ্রুত হওনের সময়ে সেই আপত্তি করিতে পারিবেন। কিন্তু এমত স্থলে প্রযোজন যে সাত দিন থাকিতে আপেলাণ্টকে সেই আপত্তির নোটিস লিখিযা দেন।

Form of notice, and provisions applicable thereto

Such notice shall be in the form of a memorandum, and shall be on the stamp paper prescribed for petitions to the Court, and the provisions of sections 545, 546, and 547, so far as they relate to the form and contents of the memorandum of appeal, shall be applicable to such notice

নোটিস লিখিবার পাঠ ও তাহার প্রতি যেং বিধান খাটে তাহার কথা।

সেই নোটিস মর্ম্মাত্মকপত্রের পাঠে লেখা যাইবে ও আদালতে দরখাস্ত দিলে যে প্রকারেব ইষ্টাম্পকাগজে লিখিবার বিধান আছে সেই প্রকারের ইষ্টাম্পকাগজে নোটিস লেখা যাইবে। এবং আপীলের মর্ম্মাত্মকপত্রের পাঠের ও মর্ম্মের বিষয়ে ৫৪৫ ও ৫৪৬ ও ৫৪৭ ধারার যেং বিধান বর্ত্তে ঐ নোটিসেরও প্রতি সেইং বিধান বর্ত্তিবে।

Explanation —A respondent cannot by such notice raise questions between himself and any other respondent or defendant to the suit, but can

অর্থের কথা।—রিস্পাণ্ডেণ্ট সেই প্রকারের নোটিসে আপনার ও অন্য কোন রিস্পাণ্ডেণ্টের কি মোকদ্দমার অন্য প্রতিবাদির মধ্যে কোন আপত্তি উত্থাপন করিতে

only raise questions between himself and the appellant.

পারিবেন না, কেবল আপনার ও আপেলান্টের মধ্যে আপত্তি উত্থাপন করিতে পারিবেন ইতি।

573 If without going into the merits the Court against whose decree the appeal is made disposes of the suit upon a preliminary point so as to exclude any evidence of fact which appears to the Appellate Court essential to the due determination of the rights of the parties, and the decree upon such preliminary point is reversed in appeal, the Appellate Court may, if it thinks fit, remand the case, together with a copy of the decree or order in appeal, to the Court against whose decree the appeal is made, with directions to re-admit the suit under its original number in the register, and

Remand of case by Appellate Court.

৫৭৩ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত যদি দোষগুণের বিচার না করিয়া প্রথমস্থলীয় কোন বিষয় ধরিয়া মোকদ্দমা এমন নিষ্পত্তি করিয়া থা'কন যে, আপীল আদালতের বিবেচনায় উভয় পক্ষের স্বত্ব উপযুক্তমতে নির্ণয় করণার্থে বৃত্তান্তের যে প্রমাণ অত্যাবশ্যক তাহা ধরিয়া থাকেন, এবং প্রথমস্থলীয় সেই বিষয়ে যে ডিক্রী করেন তাহা যদি আপীলক্রমে অসিদ্ধ করা গিয়া থাকে, তবে যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায়, আপীল আদালত আপীলক্রমে যে ডিক্রী কি আজ্ঞা করিলেন তাহার সঙ্গে ঐ মোকদ্দমা সেই আদালতে ফিরিয়া পাঠাইয়া, রেজিষ্টরী বহীতে মোকদ্দমার আসল যে নম্বর ছিল সেই নম্বরমতে মোকদ্দমা পুনরায় গ্রাহ্য করিয়া

আপীল আদালতের ঐ মোকদ্দমা ফিরিয়া পাঠাইবার কথা।

(*a*) to proceed to investigate the suit on the whole merits, and pass a decree thereon, or

(*b*) to try a particular issue, or

(*c*) to take certain specified evidence

(ক) সমুদয় দোষগুণক্রমে মোকদ্দমার তদন্ত লইয়া তদনুসারে ডিক্রী করিতে, কিম্বা

(খ) বিশেষ ইস্যুর বিচার করিতে, কিম্বা

(গ) নির্দ্দিষ্ট কোন প্রমাণ লইতে আজ্ঞা করিবেন ইতি।

574 When a case is remanded with directions to take certain specified evidence, the Court to which the case is remanded shall not take any other evidence in the case

When further evidence barred

৫৭৪ ধারা। নির্দ্দিষ্ট কোন প্রমাণ লইবার আদেশ সহিত মোকদ্দমা ফিরিয়া পাঠান গেলে, যে আদালতে ঐ মোকদ্দমা ফিরিয়া পাঠান যায় সেই আদালত ঐ মোকদ্দমায় অন্য প্রমাণ লইবেন না ইতি।

যে স্থলে আর প্রমাণ লইবার বাধা হয় তাহার কথা।

575 When no preliminary point has been wrongly decided, and no evidence has been excluded by the Court against whose decree the appeal is made, but the Appellate Court considers the issues to have been defective or insufficient, the Appellate Court shall not remand the case, but shall re-settle the issues and determine them itself

Re settlement by Appellate Court, of defective issues

৫৭৫ ধারা। যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত যদি প্রথম স্থলীয় কোন বিষয় অন্যায়মতে নিষ্পত্তি না করিয়া ও কোন প্রমাণ ত্যাগ না করিয়া থাকেন, কিন্তু আপীল আদালত ইস্যুর কোন ত্রুটি হইয়াছে কি তাহা পর্য্যাপ্ত নয় বলিয়া জ্ঞান করেন তবে মোকদ্দমা ফিরিয়া না পাঠাইয়া আপনি পুনরায় ইস্যু নিরূপণ করিয়া তাহা নির্ণয় করিবেন ইতি।

ইস্যুর দোষ হইলে আপীল আদালতের তাহা পুনরায় নিরূপণ করিবার কথা।

576 The Appellate Court shall not remand a case for a second decision, except as provided in section 573

Limit to remand

৫৭৬ ধারা। ৫৭৩ ধারার বিধানমতে না হইলে, আপীল আদালত দ্বিতীয়বার নিষ্পত্তি করিবার জন্যে মোকদ্দমা ফিরিয়া পাঠাইবেন না ইতি।

যে স্থলে ফিরিয়া পাঠান যাইবে না তাহার কথা।

577 When the evidence upon the record is sufficient to enable the Appellate Court to pronounce judgment, the Appellate Court shall finally determine the case notwithstanding that the judgment of the Court against whose decree the appeal is made has proceeded wholly upon some ground other than that on which the Appellate Court proceeds.

When evidence on record sufficient Appellate Court shall determine case finally

৫৭৭ ধারা। কাগজপত্রে যে প্রমাণ থাকে আপীল আদালত তাহা দেখিয়া নিষ্পত্তি করিতে সক্ষম হইলে যে হেতু ধরিয়া কার্য্যানুষ্ঠান করেন, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত সম্পূর্ণরূপে ভিন্ন হেতু ধরিয়া নিষ্পত্তি করিলেও, আপীল আদালত চূড়ান্তরূপে মোকদ্দমা নিষ্পত্তি করিবেন ইতি।

কাগজপত্রে যে প্রমাণ থাকে তাহা প্রচুর হইলে আপীল আদালতের শেষ নিষ্পত্তি করিবার কথা।

578 If the Court against whose decree the appeal is made has omitted to raise or try any issue or to determine any question of fact which appears to the Appellate Court essential to the right determination of the suit upon the merits, and the evidence upon the record is not sufficient to enable the Appellate Court to determine such issue or question, the Appellate Court may frame issues for trial, and may refer the same for trial to the Court against whose decree the appeal is made, and (subject to the rules contained in the Indian Evidence Act, 1872,) prescribe the manner in which the additional evidence required should be taken and the points to which it should be confined,

When Appellate Court may frame issues and refer them for trial to Court whose decree is appealed against

and such Court shall proceed to try such issue, and shall return to the Appellate Court its finding thereon together with the evidence

৫৭৮ ধারা। দোষগুণানুসারে মোকদ্দমার ন্যায়মতে নিষ্পত্তি করণার্থে আপীল আদালত যেং ইস্যু ও বৃত্তান্ত-ঘটিত যেং কথা অত্যাবশ্যক জ্ঞান করেন, যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালত যদি উক্ত কোন ইস্যু ধরিতে কি বিচার করিতে ক্রটি করিযা থাকেন কিম্বা বৃত্তান্তঘটিত সেই কথা নির্ণয় করেন নাই, ও কাগজপত্রে যে প্রমাণ থাকে তাহা আপীল আদালতের সেই ইস্যু কি সেই কথা নির্ণয় করণার্থে প্রচুর না হয়, তবে আপীল আদালত বিচার করণার্থে ইস্যু নিরূপণ করিয়া, যে আদালতের ডিক্রীর উপর ঐ আপীল হইল সেই আদালতের বিচারার্থে অর্পণ করিতে পারিবেন, এবং আর যে প্রমাণের প্রয়োজন থাকে তাহা যেরূপে লওয় যাইবে, ও যেং বিষয়ভিন্ন অন্য বিষযের প্রমাণ লইতে হইবে না, (ভারতবর্ষীয় সাক্ষ্য বিষয়ক ১৮৭২ সালের আইনের উল্লিখিত বিধি প্রবল মানিয়া) এইং কথা নির্দ্ধার্য্য করিবেন,

যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় আপীল আদালতের ইস্যু নিরূপণ করিয়া সেই আদালতের বিচারার্থে অর্পণ করিতে পারিবার কথা।

তাহা হইলে ঐ আদালত সেই ইস্যুর বিচার করিতে প্রবর্ত্ত হইবেন ও প্রমাণের সহিত ঐবিষয়ে আপনার নির্ণয়পত্র আদালতে ফিরিয়া পাঠাইবেন ইতি।

579 Such finding and evidence shall become part of the record in the suit, and either party may, within a time to be fixed by the Appellate Court, file a memorandum of objections to the finding

Finding and evidence to be put on record

Objections to finding

৫৭৯ ধারা। ঐ নির্ণয়পত্র ও প্রমাণপত্র মোকদ্দমার কাগজপত্রের একাংশ হইবে ও আপীল আদালত যে সময় নিরূপণ করেন কোন পক্ষ সেই সময়ের মধ্যে ঐ নির্ণয়ের উপর আপত্তির মর্ম্মাত্মকপত্র অর্পণ করিতে পারিবেন।

ঐ নির্ণয়পত্র ও প্রমাণ কাগজপত্রের মধ্যে রাখিবার কথা।

নির্ণয়ের উপর আপত্তির কথা।

Such memorandum shall be on such stamp-paper and subject to such provisions as are prescribed for memorandums by sections 548 and 550

Memorandum of objections

৫৪৮ ও ৫৫০ ধারায মর্ম্মাত্মকপত্র যে ইষ্টাম্প কাগজে লিখিবার বিধান ও তদ্বিষয়ের আরং যে বিধান হইযাছে, ঐ আপত্তির মর্ম্মাত্মক পত্র সেই ইষ্টাম্প কাগজে লিখিতে হইবে ও তৎপ্রতি সেইং বিধান বর্ত্তিবে ইতি।

আপত্তির মর্ম্মাত্মকপত্রের কথা।

580 After the expiration of the period fixed for filing such memorandum the Appellate Court shall proceed to determine the appeal

Determination of appeal

৫৮০ ধারা। ঐ মর্ম্মাত্মকপত্র অর্পণ করিবার নিরূপিত সময় গত হইলে পর আপীল আদালত আপীল নির্ণয় করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

আপীল নির্ণয়ের কথা।

581 The parties to an appeal shall not be entitled to produce additional evidence, whether oral or documentary, in the Appellate Court But if

Production of additional evidence in Appellate Court

(*a*) the Court against whose decree the appeal is made refused to admit evidence which ought to have been admitted, or

(*b*) the Appellate Court requires any document to be produced, or any witness to be examined, to enable it to pronounce judgment, or for any other substantial cause,

৫৮১ ধারা। আপীল আদালতে আপীলের কোন পক্ষের বাচনিক কি লিখিত আর প্রমাণ উপস্থিত করিবার অধিকার নাই। কিন্তু

আপীল আদালতে আরো প্রমাণ উপস্থিত করিবার কথা।

ক) যে আদালতের ডিক্রীর উপর আপীল হয সেই আদালতের যে প্রমাণ গ্রাহ্য করা উচিত তাহা যদি গ্রাহ্য করিতে অসম্মত হইযা থাকেন। কিম্বা

(খ) আপীল আদালত নিষ্পত্তি করিতে পারিবার জন্যে কিম্বা অন্য পর্য্যাপ্ত কারণে যদি কোন দলীল দেখাইবার কিম্বা কোন সাক্ষির সাক্ষ্য লইবার প্রয়োজন রাখেন,

the Appellate Court may allow such evidence to be produced, or document to be received, or witness to be examined

তবে আপীল আদালত সেই প্রমাণ উপস্থিত করিবার কিম্বা সেই দলীল গ্রাহ্য করিবার কিম্বা সেই সাক্ষির সাক্ষ্য লইবার অনুমতি দিতে পারিবেন।

Whenever additional evidence is admitted by an Appellate Court, the reason for the admission shall be recorded on the proceedings of the Court

আপীল আদালত আর প্রমাণ গ্রাহ্য করিলে আদালতের আনুষ্ঠানিক কার্য্যপত্রে সেই প্রমাণ গ্রাহ্য করিবার কারণ লিপিবদ্ধ হইবে ইতি।

Modes of taking additional evidence

582 Whenever additional evidence is permitted to be received, the Appellate Court may either take such evidence, or require the Court against whose decree the appeal is made, or any other Court, or may empower any person, to take such evidence, and to send it when taken to the Appellate Court

আর প্রমাণ লইবার নিয়মের কথা।

৫৮২ ধারা। আর প্রমাণ লইবার অনুমতি হইলে, আপীল আদালত সেই প্রমাণ লইতে পারিবেন, অথবা যে আদালতের ডিক্রীর উপর আপীল হইল সেই আদালতের কিম্বা অন্য কোন আদালতের ঐ প্রমাণ লইবার আদেশ করিয়া কিম্বা অন্য কোন ব্যক্তিকে তাহা লইবার ক্ষমতা প্রদান করিয়া প্রমাণ লওয়া গেলে আপীল আদালতে পাঠাইবার আদেশ করিতে পারিবেন।

Subject to the rules contained in the Indian Evidence Act, 1872, the Appellate Court may also prescribe the manner in which such additional evidence shall be taken

আরো সেই অধিক প্রমাণ যেরূপে লওয়া যাইবে, আপীল আদালত ভারতবর্ষীয় সাক্ষ্য বিষয়ক ১৮৭২ সালের আইনের উল্লিখিত বিধি প্রবল মানিয়া ইহার বিধানও করিতে পারিবেন ইতি।

Points to be defined and recorded

583 In all cases where additional evidence is permitted to be taken, the Appellate Court shall specify the points to which the evidence is to be confined, and record on its proceedings the points so specified

যে২ বিষয় নির্ণীত হইয়া লিপিবদ্ধ হইবে তাহার কথা।

৫৮৩ ধারা। যে২ স্থলে আর প্রমাণ লইবার অনুমতি দেওয়া যায় সেই২ স্থলে যে বিষয়ভিন্ন অন্য বিষয়ের প্রমাণ লওয়া যাইবে না আপীল আদালত তাহা নির্দ্দিষ্ট করিয়া আপনার আনুষ্ঠানিক কার্য্যের পত্রের মধ্যে সেই২ নির্দ্দিষ্ট বিষয় লিপিবদ্ধ করিবেন ইতি।

Of the Judgment in Appeal

আপীলে নিষ্পত্তি বিষয়ক বিধি।

Judgment when and where to be pronounced

584 The Appellate Court, after hearing the parties or their pleaders and referring to any part of the proceedings, whether held in appeal or in the Court against whose decree the appeal is made, to which a reference may be considered necessary, shall pronounce judgment in open Court, either at once or on some future day, of which notice shall be given to the parties or their pleaders

যে সময়ে ও স্থানে নিষ্পত্তি প্রচার করা যাইবে তাহার কথা।

৫৮৪ ধারা। আপীল আদালত উভয় পক্ষের কি তাঁহাদের উকীলদের কথা শুনিলে পর, ও আপীলক্রমে কিম্বা যে আদালতের ডিক্রীর উপর ঐ আপীল হয় সেই আদালতে যে কার্য্যানুষ্ঠান হইয়াছে তাহার কোন অংশ দৃষ্টি করা আবশ্যক জ্ঞান হইলে তাহা দৃষ্টি করিলে পর, হয় তৎকালেই, না হয় উভয় পক্ষকে কি তাঁহাদের উকীলদিগকে অন্য দিনের নোটিস দিয়া সেই দিনে মুক্তদ্বার আদালতে নিষ্পত্তি প্রচার করিবেন ইতি।

Language of judgment

585. The judgment shall be written in the English language, provided that if English is not the mother-tongue of the Judge, and he is not able to write an intelligible judgment in English, the judgment shall be written in his mother-tongue.

নিষ্পত্তির ভাষার কথা।

৫৮৫ ধারা। নিষ্পত্তি ইঙ্গরেজী ভাষায় লিখিতে হইবে। কিন্তু ইঙ্গরেজী ভাষা বিচারপতির মাতৃ ভাষা না হইলে ও ইঙ্গরেজী ভাষায় বোধগম্যরূপে নিষ্পত্তিপত্র লিখিতে না পারিলে, সেই নিষ্পত্তিপত্র তাঁহার মাতৃ ভাষায় লিখিতে হইবে ইতি।

Translation of judgment

586 When the language in which the judgment is written is not the language in use in proceedings before the Court, the judgment shall, if any party so require, be translated into such language, and the translation shall be signed by the Judge

নিষ্পত্তিপত্র অনুবাদ করিবার কথা।

৫৮৬ ধারা। আদালতের আনুষ্ঠানিক কার্য্যে যে ভাষা প্রচলন থাকে, নিষ্পত্তিপত্র সেই ভাষায় লেখা না গেলে ও কোন পক্ষের আদেশ থাকিলে, ঐ নিষ্পত্তিপত্র সেই ভাষায় অনুবাদ করিয়া দিতে হইবে ও জজ সেই অনুবাদে স্বাক্ষর করিবেন ইতি।

587. The judgment of the Appellate Court shall state—

Contents of judgment.

(a) the points for determination;

(b) the decision thereupon,

(c) the reasons for the decision; and

(d) when the decree appealed against is reversed, the relief to which the appellant is entitled,

and shall, at the time that it is pronounced be dated and signed by the Judge, or by the Judges concurring therein.

Date and signature.

588. When the appeal is heard by more Judges than one, any Judge dissenting from the judgment of the Court shall state in writing the decision or order which he thinks should be passed on the appeal, and he may state his reasons for the same.

Dissent to be recorded.

589. When the appeal is heard by two Judges, if there is a difference of opinion upon the evidence, and one Judge concurs as to the facts with the Court which passed the decree appealed against, the appeal shall be determined according to the opinion of such Judge.

Decision when appeal heard by two Judges only, and they differ.

If the two Judges differ in opinion upon a point of law, they shall confer together and state the point, and the case shall be re argued upon that point before one or more of the other Judges, and shall be determined according to the opinion of the majority of the Judges before whom the point is argued, including the Judges who first heard the appeal.

590. When the appeal is heard by more Judges than two, the decision shall be according to the opinion of the majority.

Decision when appeal heard by more than two Judges, and they differ.

But if their opinions be equally divided, the decree appealed from shall be taken as affirmed.

591. The judgment may be for confirming or reversing or modifying the decree of the Court against which the appeal is made, or, if the parties to the appeal agree as to the form which the decree in appeal shall take, or as to the order to be passed in appeal, the Appellate Court may pass a decree or order accordingly.

What judgment may direct.

৫৮৭ ধারা। আপীল আদালতের নিষ্পত্তিপত্রে এই২ কথা ব্যক্ত থাকিবে,—

নিষ্পত্তিপত্রের মর্ম্মের কথা।

(ক) যেং বিষয় নির্ণয় করিতে হইয়াছিল তাহা।

(খ) তাহার উপর যে নিষ্পত্তি হইল তাহা।

(গ) ঐ নিষ্পত্তির হেতু। ও

(ঘ) যে ডিক্রীর উপর আপীল হইয়াছিল তাহা অসিদ্ধ করা গেলে, আপেলান্ট যে উপকার পাইবার অধিকারী হন তাহা।

ও তাহাতে যে জজ কি জজেরা সম্মত হন, নিষ্পত্তি প্রচার করিবার সময়ে তাঁহারা তাহাতে তারিখ লিখিয়া স্বাক্ষর করিবেন ইতি।

তারিখের ও স্বাক্ষরের কথা।

৫৮৮ ধারা। একের অধিক জন জজ ঐ আপীল শুনিলে, এবং আদালতের নিষ্পত্তিতে কোন জজ সাহেবের মতের অনৈক্য হইলে, তাঁহার বিবেচনামতে যে নিষ্পত্তি কি আজ্ঞা হওয়া উচিত তিনি তাহা লিখিয়া সেই নিষ্পত্তির কারণও লিখিয়া জানাইতে পারিবেন ইতি।

অসম্মতি লিখিতে হইবার কথা।

৫৮৯ ধারা। দুই জন জজ আপীল শুনিলে, যদি প্রমাণ ধরিয়া তাঁহাদের মতের অনৈক্য হয়, ও যে আদালতের ডিক্রীর উপর আপীল হইল, যদি সেই আদালতের ডিক্রীর সঙ্গে বৃত্তান্ত পক্ষে এক জন জজের মতের ঐক্য হয়, তবে সেই জজের মতানুসারে আপীল নিষ্পত্তি করা যাইবে।

কেবল দুই জন জজ নিষ্পত্তি শুনিলে ও তাঁহাদের মতের অনৈক্য হইলে নিষ্পত্তির কথা।

যদি আইনঘটিত বিষয় লইয়া দুই জন জজের মতের অনৈক্য থাকে, তবে তাঁহারা একত্র পরামর্শ করিয়া ঐ বিষয় ব্যক্ত করিবেন, ও সেই বিষয় লইয়া অন্য এক কি কএক জন জজের সম্মুখে পুনশ্চ বাদানুবাদ হইতে পারিবে, ও যে জজেরা প্রথমে আপীল শুনিলেন তাঁহাদিগকে [illegible] লইয়া যে জজদের সম্মুখে বাদানুবাদ হয় [illegible] অধিকাংশ ব্যক্তির মতানুসারে আপীল নিষ্পত্তি [illegible]বে ইতি।

৫৯০ ধারা। দুই জনের অধিক জজ আপীল শুনিলে তাঁহাদের অধিকাংশের মতানুসারে নিষ্পত্তি হইবে।

দুই জনের অধিক জজ আপীল শুনিলেও তাঁহাদের মতের [illegible] হইলে নিষ্পত্তির কথা।

কিন্তু যত জনের এক মত হয়, তত জনের ভিন্ন মত থাকিলে, যে ডিক্রীর উপর আপীল হইল তাহা স্থিরীকৃত বলিয়া জ্ঞান হইবে ইতি।

৫৯১ ধারা। আদালতের যে ডিক্রীর উপর আপীল করা যায়, সেই ডিক্রী স্থির রাখিবার কিম্বা অসিদ্ধ কি মতান্তর করিবার নিষ্পত্তিপত্র হইতে পারিবে। অথবা আপীলক্রমে যে ডিক্রী হয় তাহা যে প্রকারের হইবে কিম্বা আপীলে যে আজ্ঞা করা যাইবে তদ্বিষয়ে আপীলের উভয় পক্ষ একবাক্য হইলে, আপীল আদালত তদনুসারে ডিক্রী কি আজ্ঞা করিতে পারিবেন ইতি।

নিষ্পত্তিপত্রে যেরূপ আজ্ঞা করা যাইতে পারিবে তাহার কথা।

592. No decree shall be reversed or modified, nor shall any case be remanded in appeal, on account of any error, defect, or irregularity, whether in the decision or in any order passed in the suit, or otherwise, not affecting the merits of the case or the jurisdiction of the Court

No decree to be reversed or modified for error or irregularity

৫৯২ ধারা। মোকদ্দমার যে নিষ্পত্তি কি যে আজ্ঞা করা যায় তাহাতে কি অন্য বিষয়ে ভ্রম কি ত্রুটি কি বেদাঁড়া হইলেও যদি তদ্দ্বারা মোকদ্দমার দোষগুণের কিম্বা আদালতের বিচারাধিপত্যের কোন ব্যাঘাত না ঘটে তবে তৎপ্রযুক্ত ডিক্রী অসিদ্ধ কি মতান্তর করা যাইবে না ও আপীলক্রমে মোকদ্দমা ফিরিয়া পাঠান যাইবে না ইতি।

ভ্রম কি বেদাঁড়াপ্রযুক্ত ডিক্রী অন্যথা কি মতান্তর না করিবার কথা।

OF THE DECREE IN APPEAL.

আপীলে ডিক্রীবিষয়ক বিধি।

593. The decree of the Appellate Court shall bear date the day on which the judgment was pronounced.

Contents of decree

The decree shall contain the number of the appeal, and the memorandum of appeal, including the names and description of the appellant and respondent, and shall specify clearly the relief granted, or other determination of the appeal

The decree shall also state the amount of cost incurred in the appeal, and by what parties and in what proportions such costs and the costs in the suit are to be paid

The decree shall be signed by the Judge or Judges who passed it, and shall be sealed with the seal of the Court.

৫৯৩ ধারা। নিষ্পত্তি যে দিনে প্রচার করা যায় আপীল আদালতের ডিক্রীতে সেই দিনের তারিখ দিতে হইবে।

ডিক্রীর মর্ম্মের কথা।

ঐ ডিক্রীর মধ্যে আপীলের নম্বর ও আপীলের দর্খাস্তপত্র ও আপেলান্টের ও রিস্পাণ্ডেণ্টের নাম ও বর্ণনা লেখা থাকিবে, ও প্রার্থিত যে উপকার করা গেল কি আপীলের অন্য যে নির্ণয় হইল তাহা স্পষ্টরূপে নির্দ্দিষ্ট থাকিবে।

আরো আপীলে যত টাকা খরচ লাগে তাহা এবং ঐ খরচ ও মোকদ্দমার খরচ যে২ পক্ষের যে২ অংশমতে দিতে হইবে তাহাও ডিক্রীতে ব্যক্ত থাকিবে।

যে জজ কি যে জজেরা ডিক্রী করিলেন তাঁহারা তাহাতে স্বাক্ষর করিবেন ও তাহা আদালতের মোহরে মোহরাঙ্কিত থাকিবে ইতি।—

594 Where there are more Judges than one if there be a difference of opinion among them, it shall not be necessary for any Judge dissenting from the judgment of the Court to sign the decree

Judge dissenting from judgment need not sign decree

৫৯৪ ধারা। একের অধিক জজ থাকিলে ও তাঁহাদের মতের অনৈক্য হইলে আদালতের নিষ্পত্তিতে যে জজের অনৈক্য হয় ডিক্রীতে তাঁহার স্বাক্ষর করিবার আবশ্যক নাই ইতি।

নিষ্পত্তিতে কোন জজ অসম্মত হইলে তাঁহার স্বাক্ষর করিবার অপ্রয়োজনের কথা।

595. Certified copies of the judgment and decree shall be furnished to the parties in the manner provided by section 196 in regard to the decrees of Courts of original jurisdiction.

Copies of judgment and decree to be furnished to parties.

৫৯৫ ধারা। মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন আদালতের ডিক্রীর বিষয়ে ১৯৬ ধারায় যে বিধান আছে তদনুসারে নিষ্পত্তিপত্রের ও ডিক্রীর সর্টিফিকেটযুক্ত নকল উভয় পক্ষকে দেওয়া যাইবে ইতি।

নিষ্পত্তিপত্রের ও ডিক্রীর নকল উভয় পক্ষকে দিবার কথা।

596. A copy of the decree or other order disposing of the appeal, certified by the Appellate Court or the Registrar or Clerk of the Court, and sealed with the seal of the Court, shall be sent to the Court which passed the decree appealed against, and shall be filed with the original proceedings in the suit, and an entry of the judgment of the Appellate Court shall be made in the register of the suit.

Certified copy of decree to be transmitted to Court whose decree appealed against.

৫৯৬ ধারা। ডিক্রীর কিম্বা অন্য যে আজ্ঞাদ্বারা আপীলের নিষ্পত্তি হইয়া থাকে সেই আজ্ঞার নকল আপীল আদালতের রেজিষ্টারের কি ক্লার্কের সর্টিফিকটযুক্ত ও আদালতের মোহরে মোহরাঙ্কিত হইয়া যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় সেই আদালতে পাঠান যাইবে ও তাহা মোকদ্দমার প্রথম আনুষ্ঠানিক কার্য্যের সঙ্গে নথিতে শামিল করা যাইবে। ও আপীল আদালতের নিষ্পত্তি মোকদ্দমার রেজিষ্টরী বহীতে লেখা যাইবে ইতি।

যে আদালতের ডিক্রীর উপর আপীল হয় সেই আদালতে ডিক্রীর সর্টিফিকটযুক্ত নকল পাঠাইবার কথা।

597. Unless when otherwise provided in this Code or by any other law, the Appellate Court shall have the same powers in appeals under this chapter in respect to adjournments, granting of time, arrest or attachment before judgment, issue of injunctions, examination of the parties or their pleaders and of witnesses or other persons, issue of commissions, award of interest or mesne profits, separation of misjoined suits, permission to bring fresh suits, or otherwise, as are vested by this Code in Courts of original jurisdiction in respect of suits instituted under chapter V

Appellate Court to have same powers as Courts of original jurisdiction.

The provisions of such chapter and those of chapter XXXVIII, relating to arbitration, unless when otherwise provided, shall apply to appeals under this chapter so far as the same are applicable

৫৯৭ ধারা। পঞ্চম অধ্যায়মতে যেং মোকদ্দমা উপস্থিত করা যায়, তদ্বিষয়ে এই আইনক্রমে মোকদ্দমা আদৌ শুনিবার ক্ষমতাপন্ন আদালতের প্রতি মোকদ্দমা স্থগিত করিয়া শুনিবার দিনান্তর নিরূপণ করণের ও সময় দেওনের, ও নিষ্পত্তির পূর্ব্বে ব্যক্তিকে ধৃত কি দ্রব্য ক্রোক করণের, ও নিষেধসূচক আজ্ঞা করণের ও উভয় পক্ষের কি তাঁহাদের উকীলদের ও সাক্ষিদের কি অন্য ব্যক্তিদের পরীক্ষা লওনের, ও কমিশ্যন দেওনের, ও সুদ কি ওয়াসিলাতের মীমাংসা করণের, ও অনুচিতমতে সংযুক্ত মোকদ্দমা পৃথক করণের, ও নূতন মোকদ্দমা উপস্থিত করিবার অনুমতি দেওন প্রভৃতির যে ক্ষমতা আছে, এই আইনে কিম্বা অন্য কোন আইনে ভাবান্তরের বিধান না থাকিলে, এই অধ্যায়মতে আপীলী মোকদ্দমায় আপীল আদালতেরও সেইং বিষয়ে সেই ক্ষমতা থাকিবে।

আদৌ বিচার করিবার ক্ষমতাপন্ন আদালতের তুল্য আপীল আদালতের ক্ষমতা থাকার কথা।

ভাবান্তরের বিধান না থাকিলে, ঐ পঞ্চম অধ্যায়ের ও সালীসীতে অর্পণ বিষয়ক ৩৮ অধ্যায়ের বিধান এই অধ্যায়মত আপীলের প্রতি যত দূর খাটিতে পারে খাটিবে ইতি।

598 When a party in whose favour a decree is passed in an appeal under this chapter is desirous of obtaining execution of the same, he shall apply to the Court which passed the decree against which the appeal was preferred, and such Court shall proceed to execute the decree passed in appeal, in the manner and according to the rules hereinbefore provided for the execution of decrees in suits

Execution of decree of Appellate Court

৫৯৮ ধারা। এই অধ্যায়মত আপীলক্রমে যে ব্যক্তির সপক্ষে ডিক্রী করা যায়, তিনি সেই ডিক্রী সাধন করাইবার ইচ্ছুক হইলে, যে আদালতের ডিক্রীর উপর আপীল উপস্থিত করা যায় সেই আদালতে প্রার্থনা করিবেন। ও পূর্ব্বভাগে মোকদ্দমার ডিক্রী যে প্রকারে ও যে বিধিমতে জারী করিবার বিধান আছে, সেই আদালত সেই প্রকারে ও সেই বিধিমতে আপীলের ডিক্রী জারী করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

আপীল আদালতের ডিক্রী জারী করিবার কথা।

CHAPTER XLIII

OF APPEALS FROM APPELLATE DECREES

৪৩ ত্রয়োচত্বারিংশ অধ্যায়।

আপীলী ডিক্রীর উপর আপীল বিষয়ক বিধি।

599 Unless when otherwise provided in this Code or by any other law, from all decrees passed in appeal by the subordinate Courts an appeal shall lie to the High Court on any of the following grounds, (namely)—

Partial appeals to High Court

(*a*) the decision being contrary to some law or usage having the force of law,

Grounds of partial appeal

(*b*) the decision having failed to determine some issue of law or usage having the force of law,

(*c*) a substantial error or defect in law in the procedure as prescribed by this Code or any other law, which may have produced error or defect in the decision of the case upon the merits

৫৯৯ ধারা। এই আইনে কিম্বা অন্য কোন আইনে ভাবান্তরের বিধান না থাকিলে, নিম্নতর আদালতে আপীল হইয়া যে ডিক্রী করা যায় তাহার উপর নিম্নলিখিত কোন হেতুতে হাই কোর্টে আপীল হইতে পারিবে, বিশেষতঃ,

হাই কোর্টে অংশতঃ আপীলের কথা।

(ক) কোন নিষ্পত্তি আইনের বিপরীত কিম্বা আইনের তুল্য বলবৎ আচারের বিপরীত হওয়া হেতু,

অংশতঃ আপীলের হেতুর কথা।

(খ) নিষ্পত্তিতে আইনের কোন ইস্যু কিম্বা আইনের তুল্য বলবৎ কোন আচারের ইস্যু নির্ণয় না হওয়া হেতু,

(গ) এই আইনে কিম্বা অন্য কোন আইনে যে কার্য্যপ্রণালীর বিধান হইয়াছে সেই কার্য্যপ্রণালীতে গুরুতর ভ্রম কিম্বা আইনপক্ষে দোষহেতুক দোষগুণানুসারে মোকদ্দমার নিষ্পত্তি করণে ভ্রম কি দোষ হওয়া হেতু ইতি।

600 No appeal from an appellate decree shall lie except on the grounds mentioned in the last preceding section

Partial appeal only on grounds mentioned in section 599

৬০০ ধারা। ইহার পূর্ব্ব ধারার উল্লিখিত হেতু ভিন্ন আপীল আদালতের ডিক্রীর উপর আপীল হইতে পারিবে না ইতি।

কেবল ৫৯৯ ধারার লিখিত হেতুতে অংশতঃ আপীল হইতে পারিবার কথা।

601. No appeal shall lie from any appellate decree or order passed by any subordinate Court in any suit of the nature cognizable in Courts of Small Causes, when the debt, damage, or demand for which the original suit is instituted, does not exceed the sum of five hundred rupees

No appeal from appellate decree of subordinate Court in certain suits

Every such decree or order shall be final

৬০১ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতের বিচার্য্য মোকদ্দমার ভাবাপন্ন আসল মোকদ্দমা পাঁচ শত টাকার অধিক ঋণের কি ক্ষতিপূরণের কি দাওয়ার নিমিত্ত উপস্থিত করা না গেলে, সেই মোকদ্দমার আপীলমুখে অধীন আদালতের যে ডিক্রী কি আজ্ঞা করা যায় তাহার উপর আপীল নাই।

নিম্নতর আদালতে আপীলমুখে যে ডিক্রী করা যায় কোনং মোকদ্দমায় তাহার উপর আপীল হইতে পারিবার কথা।

উক্ত প্রত্যেক ডিক্রী কি আজ্ঞা চূড়ান্ত হইবে ইতি।

602 The appeal shall be made in such form as is prescribed for appeals under chapter XLII

Form of memorandum of appeal

৬০২ ধারা। ৪২ অধ্যায়ে আপীল লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট হইয়াছে ঐ আপীল সেই পাঠে লিখিতে হইবে ইতি।

আপীলের মর্ম্মাত্মকপত্র লিখিবার পাঠের কথা।

603 The memorandum of appeal shall be accompanied by copies of the judgments and decrees of the lower Appellate Court and of the Court of first instance

Copies of judgments and decrees to accompany memorandum

৬০৩ ধারা। আপীলের মর্ম্মাত্মকপত্রের সহিত নিম্নতর আপীল আদালতের ও মোকদ্দমা প্রথমেই যে আদালতে উপস্থিত করা গেল সেই আদালতের নিষ্পত্তির ও ডিক্রীর নকল দিতে হইবে ইতি।

মর্ম্মাত্মকপত্রের সহিত নিষ্পত্তির ও ডিক্রীর নকল দিবার কথা।

604. The memorandum shall be signed by the pleader presenting it, and he shall certify in writing on the back of the memorandum that he has considered the grounds stated for an appeal under this chapter, and that, in his opinion, such of the grounds as he refers to by their numbers are reasonable grounds of appeal

Pleader presenting it to certify that grounds stated are reasonable

No pleader shall give such certificate unless he has been generally or specially authorized in that behalf by the High Court

৬০৪ ধারা। আপীলের ঐ মর্ম্মাত্মকপত্র যে উকীলদ্বারা উপস্থিত করা যায় তিনি তাহাতে স্বাক্ষর করিবেন, ও এই অধ্যায়মতে আপীল করিবার যেং হেতু ব্যক্ত হইয়াছে তাহা বিবেচনা করিলাম ও যেং হেতুর নম্বর উল্লেখ করিলাম আমার বিবেচনায় তাহা আপীলের সঙ্গত হেতু আছে, ঐ মর্ম্মাত্মকপত্রের পৃষ্ঠে তাঁহার এই মর্ম্মের সর্টিফিকট লিখিতে হইবে।

যেং হেতু ব্যক্ত হইল তাহা যে উকীল উপস্থিত করেন তাহার সেই হেতু সঙ্গত বলিয়া সর্টিফিকট দিবার কথা।

কোন উকীল হাই কোর্টের দ্বারা সেই প্রকারের সর্টিফিকট লিখিবার সাধারণ কি বিশেষ ক্ষমতাপ্রাপ্ত না হইলে তিনি সেই সর্টিফিকট লিখিবেন না ইতি।

605 The appellant shall not, without the Court's leave, be heard in support of any ground of objection other than the grounds set forth in the memorandum

Appellants confined to grounds stated

৬০৫ ধারা। মর্ম্মাত্মকপত্রে যেং হেতু লেখা গেল কোর্টের অনুমতি না হইলে তদ্ভিন্ন আপত্তির কোন হেতুর পোষকতায় আপেলান্টের কথা শুনা যাইবে না ইতি।

লিখিত হেতু বিনা আপেলান্টের অন্য হেতু ধরিতে না হইবার কথা।

606. If the memorandum of appeal be not in writing, or

Power to reject memorandum or return it for amendment

if it be not drawn up and presented in the manner hereinbefore prescribed, or

if it be not signed or have no such certificate duly endorsed upon it as in section 604 mentioned, or

৬০৬ ধারা। আপীলের মর্ম্মাত্মক কথা লিখিয়া না দেওয়া গেলে, কিম্বা

পূর্ব্বোক্ত পাঠানুসারে লিখিত হইয়া উপস্থিত করা না গেলে, কিম্বা

মর্ম্মাত্মকপত্র অগ্রাহ্য করিতে কিম্বা সংশোধনার্থে ফিরিয়া দিতে পারিবার কথা।

স্বাক্ষর করা না গেলে, কি ঐ পত্রের পৃষ্ঠে ৬০৪ ধারার উল্লিখিত সর্টিফিকট নিয়মমতে লেখা না গেলে, কিম্বা

if it do not state any ground on which an appeal will lie under the provisions of section 599,

the Court may reject the memorandum or may return it to the party for the purpose of being amended within a time to be fixed by the Court

The order for rejecting the memorandum or for returning it to the party may be passed by a single Judge of the Court

৫৯৯ ধারার বিধানানুসারে যে হেতুতে আপীল হইতে পারে এমত কোন হেতু ব্যক্ত না থাকিলে,

কোর্ট ঐ মর্ম্মাত্মকপত্র অগ্রাহ্য করিতে পারিবেন, অথবা কোর্টের নিরূপিত সময়ের মধ্যে সংশোধন করিবার জন্যে ঐ পক্ষকে ফিরিয়া দিতে পারিবেন।

কোর্টের এক জন জজ ঐ মর্ম্মাত্মকপত্র অগ্রাহ্য করিবার কিম্বা ঐ পক্ষকে তাহা ফিরিয়া দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Registry of application

607 If the memorandum is in due form, it shall be registered in a book to be kept for the purpose, and the case shall proceed in all other respects under the rules provided in chapter XLII, so far as the same are applicable.

প্রার্থনাপত্র রেজিষ্টরী করিবার কথা।

৬০৭ ধারা। মর্ম্মাত্মকপত্র নিয়মমতে লেখা গেলে তাহা রেজিষ্টরী করিবার বহীতে রেজিষ্টরী করা যাইবে, ও ৪২ অধ্যায়ের বিধি যত দূর খাটিতে পারে অন্য সকল বিষয়ে সেই মোকদ্দমা সেই বিধিমতে চলিবে ইতি।

Application to be argued only by pleader signing it

608. No application for an appeal from an appellate decree shall be filed or argued before the High Court by any pleader of the Court who has not signed the certificate required by section 604, or (where such pleader has been changed) a certificate to the same effect to be written on the back of the application

প্রার্থনাপত্রে যে উকীল স্বাক্ষর করিলেন কেবল তাঁহারই বাদানুবাদ করিতে পারিবার কথা।

৬০৮ ধারা। হাই কোর্টের যে উকীল ৬০৪ ধারামতে সর্টিফিকটে স্বাক্ষর করেন নাই, কিম্বা (উকীল পরিবর্ত্তন হইলে) প্রার্থনাপত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের যে সর্টিফিকট লিখিতে হইবে তাহাতে যে উকীল স্বাক্ষর করেন নাই তিনি হাই কোর্টের সম্মুখে আপীল আদালতের ডিক্রীর উপর আপীল করিবার প্রার্থনা অর্পণ করিতে কি তদ্বিষয়ে বাদানুবাদ করিতে পারিবেন না ইতি।

Execution of decree in partial appeal

609 The decrees passed in appeal under this chapter shall be executed by the Court which made the decree in the suit in which such appeal was preferred, in the manner and under the rules hereinbefore provided for the execution of decrees in suits

অংশত যে আপীল হয় তাহার ডিক্রী জারী করিবার কথা।

৬০৯ ধারা। এই অধ্যায়মতে আপীল হইয়া ডিক্রী করা গেলে, যে মোকদ্দমায় ঐ আপীল উপস্থিত করা যায় সেই মোকদ্দমায় যে আদালত ডিক্রী করিলেন সেই আদালত মোকদ্দমার ডিক্রী জারী করিবার পূর্ব্বলিখিত নিয়ম ও বিধিমতে মোকদ্দমার ঐ ডিক্রীও জারী করিবেন ইতি।

CHAPTER XLIV

Of Appeals from Orders

Orders appealable

610 An appeal shall lie from the following orders —

(a) orders under section 17, staying proceedings in a suit,

(b) orders rejecting or returning plaints under section 52, clause (d), section 53, clause (c), or section 54, clauses (b) and (d),

(c) orders under section 111, or section 112, where a party refuses to answer a question put by the Court or fails to appear,

(d) orders under section 148 for attachment of property,

(e) orders under section 211 as to objections to draft conveyances or endorsements,

৪৪ চতুঃচত্বারিংশ অধ্যায়।

আজ্ঞার উপর আপীল বিষয়ক বিধি।

যেং আজ্ঞার উপর আপীল হইতে পারে তাহার কথা।

৬১০ ধারা। এইং আজ্ঞার উপর আপীল হইতে পারিবে,—

(ক) মোকদ্দমার আনুষ্ঠানিক কার্য্য স্থগিত করণার্থ ১৭ ধারামত আজ্ঞা।

(খ) ৫২ ধারার (ঘ) প্রকরণ কিম্বা ৫৩ ধারার (গ) প্রকরণ কিম্বা ৫৪ ধারার (খ) ও (ঘ) প্রকরণমতে আবেদনপত্র অগ্রাহ্য করণের কি ফিরিয়া দেওনের আজ্ঞা।

(গ) আদালত কোন কথা জিজ্ঞাসা করিলে কোন পক্ষ তাহার উত্তর দিতে সম্মত না হইলে কিম্বা উপস্থিত না হইলে ১১১ কি ১১২ ধারামত আজ্ঞা।

(ঘ) সম্পত্তি ক্রোক করণার্থ ১৪৮ ধারামত আজ্ঞা।

(চ) হস্তান্তরকরণপত্রের কি পৃষ্ঠলিপির পাণ্ডুলেখ্য লিখিবার আপত্তি বিষয়ক ২১১ ধারামত আজ্ঞা।

(*f*) orders under section 291 for setting aside, or section 292 for confirming, a sale,

(*g*) orders under section 306 as to the distribution of surplus assets,

(*h*) orders under section 307, that the applicant shall be satisfied out of the proceeds of attached property,

(*i*) orders in insolvency matters under section 320, section 324, section 326, or section 327,

(*j*) orders as to paupers under section 409,

(*k*) orders as to interpleader suits under section 472, section 474, and section 475,

(*l*) orders passed under sections 478, 480, 481, 485, 490, 494, 495, 496, 500, 501,

(*m*) orders rejecting applications made under section 372 or 373 in cases open to appeal,

(*n*) orders passed under any of the provisions of this Code, imposing fines, or for the imprisonment of any person, except when such imprisonment is in execution of a decree

Court which shall hear appeals

611 An appeal from any order specified in section 610, clause (*i*), shall be heard by the District Court except when the Court passing it is itself the District Court, in which case the appeal shall lie to the High Court

When an appeal from any other order is allowed by this Code, or by any other law, it shall (whatever be the value of the suit) be heard by the Court next above the Court by which the order was made

Period for hearing and procedure in appeals from orders

612 The period for presenting an appeal from an order, and the procedure thereon shall in all respects be the same as in an appeal from a decree in a suit, as prescribed in Chapter XLII, the provisions of which shall apply to appeals from orders under this chapter so far as they are applicable

No appeal before decree, from order passed in course of suit, but if decree appealed against error or defect therein may be set forth

613 Unless when otherwise provided in this Code order passed in the course of a suit and relating thereto, prior to decree, but if the decree be appealed against, any error, defect, or irregularity in any such order, affecting the merits of the case or the jurisdiction of the Court, may be set forth as a ground of objection in the memorandum of appeal

(ছ) নীলাম অসিদ্ধ করণার্থ ২৯১ ধারামত কিম্বা দৃঢ় করণার্থ ২৯২ ধারামত আজ্ঞা।

(জ) উদ্বর্ত্ত ধন বিভাগ করণ বিষয়ক ৩০৬ ধারামত আজ্ঞা।

(ঝ) ক্রোক করা সম্পত্তি বিক্রয় হইয়া যে টাকা উৎপন্ন হয় তাহাহইতে প্রার্থকের প্রাপ্য দেওনার্থ ৩০৭ ধারামত আজ্ঞা।

(ট) ঋণ শোধ করিবার অক্ষমতার স্থলে ৩২০ কি ৩২৪ কি ৩২৬ কি ৩২৭ ধারামত আজ্ঞা।

(ঠ) পাপরবিষয়ক ৪০৯ ধারামত আজ্ঞা।

(ড) মুজাহেমী মোকদ্দমা বিষয়ক ৪৭২ ও ৪৭৪ ও ৪৭৫ ধারামত আজ্ঞা।

(ঢ) ৪৭৮, ৪৮০, ৪৮১, ৪৮৫, ৪৯০, ৪৯৪, ৪৯৫, ৪৯৬, ৫০০, ৫০১ ধারামত আজ্ঞা।

(ণ) যে মোকদ্দমায় আপীল হইতে পারে সেই মোকদ্দমায় ৩৭২ কি ৩৭৩ ধারামত প্রার্থনাপত্র অগ্রাহ্য করণের আজ্ঞা।

(ত) এই আইনের কোন বিধানানুসারে অর্থদণ্ড ধার্য্য করণের কিম্বা ডিক্রী জারীক্রমে কারারুদ্ধ ছাড়া কোন ব্যক্তিকে কারাবদ্ধ করিবার যে আজ্ঞা হয় তাহা ইতি।

যেং আদালত আপীল শুনিবেন তাহার কথা।

৬১১ ধারা। ৬১০ ধারার (ট) প্রকরণে নির্দ্দিষ্ট আজ্ঞার উপর আপীল হইলে জিলার আদালত তাহা শুনিবেন, কিন্তু নিজ জিলার আদালতেরই সেই আজ্ঞা হইলে হাই কোর্টে আপীল হইতে পারিবে।

এই আইন কিম্বা অন্য কোন আইনদ্বারা অন্য কোন আজ্ঞার উপর আপীল করিবার অনুমতি থাকিলে, মোকদ্দমার যে মূল্য হউক, যে আদালত আজ্ঞা করিলেন তাঁহার অব্যবহিত উপরিস্থ আদালত ঐ আপীল শুনিবেন ইতি।

আজ্ঞার উপর আপীল শুনিবার সময়ের ও কার্য্য প্রণালীর কথা।

৬১২ ধারা। ৪২ অধ্যায়ে মোকদ্দমার ডিক্রীর উপর আপীল উপস্থিত করিবার যে সময়ের ও তদ্বিষয়ক যে কার্য্যপ্রণালীর বিধান আছে আজ্ঞার উপর আপীলও সেই সময়ে উপস্থিত করিতে হইবে ও তদ্বিষয়ের সেই কার্য্য প্রণালী হইবে। এই অধ্যায়মত আজ্ঞার উপর যে আপীল হয় তাহার প্রতি উক্ত ৪২ অধ্যায় যত দূর খাটিতে পারিবে খাটিবে ইতি।

মোকদ্দমা চলনের সময়ে যে আজ্ঞা করা যায় ডিক্রীর পূর্ব্বে তাহার উপর আপীল হইতে না পারিবার কিন্তু ডিক্রীর উপর আপীল হইলে তদন্তগত ভ্রম কি দোষ প্রকাশ হইতে পারিবার কথা।

৬১৩ ধারা। এই আইনে প্রকারান্তরের বিধান না হইলে, মোকদ্দমা চলনের সময়ে ও ডিক্রী হওয়ার পূর্ব্বে মোকদ্দমা সংক্রান্ত যে আজ্ঞা করা যায় তাহার উপর আপীল নাই। কিন্তু ডিক্রীর উপর আপীল হইলে, উক্ত কোন আজ্ঞার অন্তর্গত যে ভ্রম কি দোষ কি বেদাড়ার কার্য্যদ্বারা মোকদ্দমার দোষ গুণের কিম্বা আদালতের বিচারাধিপত্যের বিঘ্ন ঘটিতে পারে, আপীলের মর্ম্মাত্মকপত্রে তাহাও আপত্তির এক হেতু বলিয়া ব্যক্ত হইতে পারিবে ইতি।

CHAPTER XLV.

Of Pauper Appeals

Who may appeal as pauper

614 Any person entitled under this Code or any other law to prefer an appeal, who may be unable to pay the fee required for the petition of appeal, may, on application, be allowed to appeal as a pauper, subject to the rules contained in Chapters XXV, XLII, XLIII, and XLIV, in so far as those rules are applicable.

Contents of application

615 The application to be allowed to appeal as a pauper shall be combined with the memorandum of appeal, and shall be accompanied by such schedule and other documents as are hereinbefore required in the case of an application by a pauper, and in the case of a memorandum of appeal

Procedure on application for admission of appeal

616 The Court shall reject the application if upon a perusal thereof and of the judgment and decree against which the appeal is made, it sees no reason to think that the decree appealed against is contrary to law, or to some usage having the force of law, or is otherwise erroneous or unjust

The Court may also reject the application if it be not drawn up in the mode prescribed by this chapter, or if it do not bear the proper stamp or the Court may return the application to the party presenting the same for the purpose of being amended within a time to be fixed by the Court

If the application lie to the High Court, the order rejecting it may be passed by a single Judge of the Court

Enquiry into pauperism to be made in what cases and by what Court

617 If the application be not rejected upon any of the grounds above mentioned, enquiry shall be made into the pauperism of the applicant

Such enquiry may be conducted either by the Appellate Court, or by the Court against whose decision the appeal is made under the orders of the Appellate Court

Proviso

Provided that, if the applicant was allowed to sue or appeal as a pauper in the Court against whose decree the appeal is made, no further enquiry in respect of his pauperism shall be necessary, unless the Appellate Court sees special cause to direct such enquiry

৪৫ পঞ্চচত্বারিংশ অধ্যায় ।

পাপরদের আপীল বিষয়ক বিধি ।

পাপরস্বরূপ যাঁহারা আপীল করিতে পারেন তাঁহাদের কথা ।

৬১৪ ধারা । এই কিম্বা অন্য কোন আইনমতে কোন ব্যক্তির আপীল করিবার অধিকার থাকিলেও আপীলের দরখাস্তের প্রয়োজনমত ফী দিতেঅক্ষম হইলে, তিনি প্রার্থনা করিয়া ২৫ ও ৪২ ও ৪৩ ও ৪৪ অধ্যায়ের বিধান যত দূর খাটিতে পারে তত দূর সেই বিধানমতে পাপরস্বরূপ আপীল করিবার অনুমতি পাইতে পারিবেন ইতি ।

প্রার্থনাপত্রের মর্ম্মের কথা ।

৬১৫ ধারা । পাপরস্বরূপ আপীল করিবার প্রার্থনাপত্রের সহিত আপীলের মর্ম্মাত্মকপত্র দিতে হইবে । এবং পাপর পূর্ব্বলিখিত বিধানমতে প্রার্থনা করিলে ও আপীলের মর্ম্মাত্মকপত্র দেওয়া গেলে যে তফসীল ও অন্য যে২ দলীল দিতে হইবে তাহাও সঙ্গে থাকিবে ইতি ।

আপীল গ্রাহ্য করিবার প্রার্থনা হইলে কার্য্যপ্রণালীর কথা ।

৬১৬ ধারা । আদালত প্রার্থনাপত্র, এবং যে নিষ্পত্তির ও ডিক্রীর উপর আপীল হয় তাহা পাঠ করিলে পর, যে ডিক্রীর উপর আপীল হয় তাহা আইনের বিপরীত কিম্বা আইনের তুল্য বলবৎ কোন আচারের বিপরীত, কি প্রকারান্তরে ভ্রমাত্মক কি অন্যায় বলিয়া জ্ঞান করিবার কারণ নাই বোধ করিলে, সেই প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে পারিবেন ।

আরো এই অধ্যায়ে প্রার্থনাপত্র লিখিবার যে নিয়ম নির্দ্ধারিত হইয়াছে সেই নিয়মমতে লেখা না গেলে, কিম্বা ঐ পত্রে উপযুক্ত মূল্যের ইষ্টাম্প না থাকিলে আদালত ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্য করিতে পারিবেন, অথবা যে পক্ষ প্রার্থনাপত্র উপস্থিত করিলেন আদালতের নিরূপিত সময়ের মধ্যে সংশোধন করিবার জন্যে তাহা ঐ পক্ষকে ফিরিয়া দিতে পারিবেন ।

হাই কোর্টের নিকট প্রার্থনা হইলে ঐ কোর্টের একি জন জজ সাহেব ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্যকরণের আজ্ঞা করিতে পারিবেন ইতি ।

যে স্থলে ও যে আদালতের দ্বারা দীনতার অনুসন্ধান লওয়া যাইতে পারিবে তাহার কথা ।

৬১৭ ধারা । পূর্ব্বোক্ত কোন হেতুতে প্রার্থনাপত্র অগ্রাহ্য না হইলে, প্রার্থকের দীনতার বিষয়ে অনুসন্ধান লইতে হইবে ।

হয় আপীল আদালত, না হয় যে আদালতের নিষ্পত্তির উপর আপীল করা যায় আপীল আদালতের আদেশানুসারে সেই আদালত ঐ অনুসন্ধানের কার্য্য চালাইতে পারিবেন ।

উপবিধি ।

কিন্তু যে আদালতের ডিক্রীর উপর আপীল করা যায় প্রার্থক সেই আদালতে পাপরস্বরূপ মোকদ্দমা কি আপীল করিতে অনুমতি পাইয়া থাকিলে, আপীল আদালত তাঁহার দীনতার বিষয়ে অনুসন্ধান লওয়ার বিশেষ কারণ না জানিলে তদ্বিষয়ে আর অনুসন্ধান লওয়ার আবশ্যক নাই ইতি ।

618 If the application be rejected, the Appellate Court may, if it think proper, allow the applicant a reasonable time for preferring an appeal

When application rejected time may be allowed for preferring appeal

৬১৮ ধারা। ঐ প্রার্থনাপত্র অগ্রাহ্য হইলেও আপীল আদালত উচিত বোধ করিলে প্রার্থককে আপীল উপস্থিত করিবার সঙ্গত সময়ের অনুমতি দিতে পারিবেন ইতি।

প্রার্থনাপত্র অগ্রাহ্য হইলে আপীল উপস্থিত করিবার সময় দেওনের কথা।

CHAPTER XLVI

OF APPEALS TO THE QUEEN IN COUNCIL

619 In this chapter, unless there be something repugnant in the subject or context, the expression "decree" includes also judgment and order

Decree defined

৪৬ ষট্‌চত্বারিংশ অধ্যায়।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল বিষয়ক বিধি।

৬১৯ ধারা। এই অধ্যায়ে বিষয়বিবেচনায় কিম্বা পূর্ব্বাপর কথাদ্বারা ভাবান্তর বোধ না হইলে, "ডিক্রী" শব্দের মধ্যে নিষ্পত্তি ও আজ্ঞাও ধরিতে হইবে ইতি।

ডিক্রী শব্দের অর্থ নির্ণয়ের কথা।

Admission of Appeals

620 Subject to such rules as may from time to time be made by Her Majesty in Council regarding appeals from the Courts of British India, and to the provisions hereinafter contained—

When appeals lie to Queen in Council

an appeal shall lie to Her Majesty in Council,

(*a*) from any final decree passed on appeal by a High Court or other Court of final appellate jurisdiction,

(*b*) from any final decree passed by a High Court in the exercise of original civil jurisdiction, and

(*c*) from any decree, when the case, as hereinafter provided, is certified to be a fit one for appeal to Her Majesty in Council

আপীল গ্রাহ্যকরণ বিষয়ক বিধি।

৬২০ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী সময়ে২ ব্রিটনীয় ভারতবর্ষের নানা আদালতহইতে আপীল করণ বিষয়ক যেং বিধি প্রণয়ন করেন সেই২ বিধি ও নিম্নলিখিত বিধান মানিয়া

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যেং স্থলে আপীল হইতে পারিবে তাহার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট এই২ ডিক্রীর উপর আপীল হইতে পারিবে,

(ক) হাই কোর্ট কিম্বা শেষ আপীল সংক্রান্ত বিচারাধিপত্যবিশিষ্ট অন্য আদালত আপীলক্রমে শেষ যে ডিক্রী করেন তাহার উপর,

(খ) হাই কোর্ট দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার ক্ষমতাক্রমে কার্য্য করিয়া যে শেষ ডিক্রী করেন তাহার উপর,

(গ) পূর্ব্বনির্দ্দিষ্টমতে কোন ডিক্রী মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার উপযুক্ত বলিয়া সর্টিফিকট দেওয়া গেলে সেই ডিক্রীর উপর ইতি।

621 In each of the cases mentioned in clauses (*a*) and (*b*) of section 620,

Value of subject matter

the amount or value of the subject matter of the suit in the Court of first instance must be ten thousand rupees or upwards, and the amount or value of the matter in dispute on appeal to Her Majesty in Council must be the same sum or upwards,

or the decree must involve, directly or indirectly, some claim or question to, or respecting, property of like amount or value,

and where the decree appealed from affirms the decision of the Court immediately below the Court passing such decree, the appeal must involve some substantial question of law

৬২১ ধারা। ৬২০ ধারার (ক) ও (খ) প্রকরণের উল্লিখিত প্রত্যেক স্থলে,

যে বিষয় লইয়া বিবাদ হয় তাহার মূল্যের কথা।

মোকদ্দমা প্রথম যে আদালতে উপস্থিত করা যায় সেই আদালতে বিবাদীয় টাকা কি বিবাদীয় বিষয়ের মূল্য দশ সহস্র টাকা কি তাহার অধিক হওয়া আবশ্যক এবং মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট যে আপীল করা যায় তন্মধ্যে বিবাদীয় টাকা কি বিবাদীয় বিষয়ের মূল্য ততই কি তাহার অধিক হওয়া আবশ্যক,

কিম্বা ডিক্রীর মধ্যে স্পষ্টরূপে কি চক্রান্তে তত টাকার কিম্বা তত মূল্যের সম্পত্তির উপর কি তদ্বিষয়ের দাওয়া কি বিবাদ থাকা অবশ্যক।

ও তাহা যে আদালতের ডিক্রী হয় সেই আদালত অব্যবহিত নিম্নআদালতের নিষ্পত্তি দৃঢ় করিয়া যে ডিক্রী করেন তাহার উপর আপীল হইলে, আপীলী মোকদ্দমার আইনঘটিত কোন গুরুতর কথা থাকা অবশ্যক ইতি।

622. Notwithstanding anything contained in section 620,

Bar of certain appeals

no appeal shall lie to Her Majesty in Council from the judgment of one Judge of a High Court established under the twenty-fourth and twenty-fifth of Victoria, chapter one hundred and four, or of one Judge of a Division Court, or of two or more Judges of such High Court, or of a Division Court constituted by two or more Judges of such High Court, wherever such Judges are equally divided in opinion, and do not amount in number to a majority of the whole of the Judges of the High Court at the time being,

and no appeal shall lie to Her Majesty in Council from any decree which, under section 601, is final

কোনং আপীল হইবার বাধার কথা।

৬২২ ধারা। ৬২০ ধারায় তাহার [illegible] কথা থাকিলেও,

মহারাণী বিকটরিয়ার ২৪ ও ২৫ বৎসরের ১০৪ অধ্যায়-ক্রমে স্থাপিত হাই কোর্টের এক জন জজ, কিম্বা ডিবিজন কোর্টের এক জন জজ যে নিষ্পত্তি করেন কিম্বা ঐ হাই কোর্টের দুই কি তদধিক জন জজদের, কিম্বা ঐ হাই কোর্টের দুই কি তদধিক জন জজ লইয়া যে ডিবিজন কোর্ট হয় সেই কোর্টের জজদের মধ্যে যত জনের একমত হয় তত জনের বিপক্ষ মত থাকিলে, ও তৎকালে হাই কোর্টে যত জন জজ থাকেন তাঁহারা ঐ সমুদয় জজের অধিকাংশ না হইলে, তাঁহারা যে নিষ্পত্তি করেন সেই নিষ্পত্তির উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইতে পারিবে না।

ও ৬০১ ধারামতে যে ডিক্রী চূড়ান্ত হয় তাহার উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল নাই ইতি।

623. Whoever desires to appeal under this chapter to Her Majesty in Council must apply by petition to the Court whose decree is complained of

Application to Court whose decree is complained of

যে আদালতের ডিক্রীর বিষয়ে নালিশ হয় তাহার নিকট প্রার্থনার কথা।

৬২৩ ধারা। কোন ব্যক্তি এই অধ্যায়মতে মন্ত্রি-সভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল করিতে চাহিলে, যে আদালতের ডিক্রীর বিষয়ে নালিশ হয় সেই আদালতে তাঁহার প্রার্থনা করিতে হইবে ইতি।

624. Such application must ordinarily be made within six months from the date of such decree.

Time within which application must be made.

But if that period expires when the Court is closed, the application may be made on the day that the Court re-opens

যে সময়ের মধ্যে প্রার্থনা করিতে হইবে তাহার কথা।

৬২৪ ধারা। সচরাচর ঐ ডিক্রীর তারিখঅবধি ছয় মাসের মধ্যে ঐ প্রার্থনা করিতে হইবে।

কিন্তু আদালত বন্ধ থাকন সময়ে ঐ মিয়াদ ফুরাইলে, যে দিন পুনরায় খোলা যায় সেই দিনে প্রার্থনা করা যাইতে পারিবে ইতি।

625. Every petition under section 623 must state the grounds of appeal, and pray for a certificate either that, as regards amount or value and nature, the case fulfils the requirements of section 621, or that it is otherwise a fit one for appeal to Her Majesty in Council

Certificate as to value or fitness

Upon receipt of such petition, the Court may direct notice to be served on the opposite party to show cause why the said certificate should not be granted

মূল্যের কি যোগ্যতার সর্টিফিকটের কথা।

৬২৫ ধারা। ৬২৩ ধারামত প্রত্যেক দরখাস্তে আপীলের হেতু লিখিতে হইবে, এবং যত টাকার কি যে মূল্যের সম্পত্তি লইয়া বিবাদ হয় ও মোকদ্দমার ভাব দৃষ্টে ৬২১ ধারার বিধানমত মোকদ্দমা আছে কিম্বা কারণান্তরে মন্ত্রি-সভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল হইবার যোগ্য, এই মর্ম্মের সর্টিফিকট প্রার্থনা করিতে হইবে।

আদালত ঐ দরখাস্ত পাইলে, বিপক্ষ ব্যক্তির নামে ঐ সর্টিফিকট না দিবার কারণ দর্শাইতে নোটিস দিবার আদেশ করিতে পারিবেন ইতি।

Effect of refusal of certificate

626. If such certificate be refused, the petition shall be dismissed

Provided that, if the decree complained of be a final decree passed by a Court other than a High Court, the order refusing the certificate shall be appealable, within thirty days from the date of the order, to the High Court to which the former Court is subordinate

সর্টিফিকট দিতে সম্মত না হওয়ার ফলের কথা।

৬২৬ ধারা। সেই সর্টি-ফিকট দিবার অসম্মতি হইলে দরখাস্ত ডিসমিস হইবে।

পরন্তু যে ডিক্রীর উপর নালিশ হয় তাহা হাই কোর্টভিন্ন কোন আদালতের শেষ ডিক্রী হইলে ঐ আদালত যে হাই কোর্টের অধীন থাকে ঐ সর্টিফিকট না দিবার আজ্ঞার তারিখঅবধি ত্রিশ দিনের মধ্যে সেই হাই কোর্টে ঐ আজ্ঞার উপর আপীল হইতে পারিবে ইতি।

627 If the certificate be granted, the applicant shall within six months from the date of the decree complained of, or within six weeks from the grant of the certificate, whichever is the later date,

Security and deposit required on grant of certificate.

(*a*) give security for the costs of the respondent, and

(*b*) deposit the amount required to defray the expense of translating, transcribing, indexing, and transmitting to Her Majesty in Council a correct copy of the whole record of the suit, except

(1) formal documents directed to be excluded by any order of Her Majesty in Council in force for the time being;

(2) papers which the parties agree to exclude,

(3) accounts, or portions of accounts, which the officer empowered by the Court for that purpose considers unnecessary, and which the parties have not specifically asked to be included, and

(4) such other documents as the High Court may direct to be excluded

and when the applicant prefers to print in India the copy of the record, except as aforesaid, he shall also, within the time mentioned in the first clause of this section, deposit the amount required to defray the expense of printing such copy

628 When such security has been completed and deposit made to the satisfaction of the Court, the Court may,

Admission of appeal and procedure thereon.

(*a*) declare the appeal admitted, and

(*b*) give notice thereof to the respondent, and shall then

(*c*) transmit to Her Majesty in Council, under the seal of the Court, a correct copy of the said record, except as aforesaid, and

(*d*) give to either party one or more authenticated copies of any of the papers in the suit on his applying there for and paying the reasonable expenses incurred in preparing them

629 At any time before the admission of the appeal, the Court may, upon cause shown, revoke the acceptance of any such security, and make further directions thereon

Revocation of acceptance of security

৬২৭ ধারা। সর্টিফিকট দেওয়া গেলে, যে ডিক্রীর বিষয়ে নালিশ হয় তাহার তারিখঅবধি ছয় মাস কিম্বা সর্টিফিকট দিবার তারিখ-অবধি ছয় সপ্তাহ ইহার মধ্যে যেটি শেষে পড়ে প্রার্থক সেই সময়ের মধ্যে

সর্টিফিকট দেওয়া গেলে জামীনের ও আমানতের কথা।

(ক) রিস্পাণ্ডেন্টের খরচার জামিন দিবেন, ও

(খ) নিম্নলিখিত কএকখানি পত্রছাড়া মোকদ্দমার সমস্ত কাগজপত্র অনুবাদ করিবার ও তাহার প্রতিলিপি ও সূচীপত্র করিবার ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট প্রেরণ করিবার যত টাকা খরচ লাগে তাহা আমানৎ করিবেন,—বর্জ্জিত পত্র এইং

(১ মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর যে আজ্ঞা যৎকালে প্রচলিত থাকে তদনুসারে কেবল দাঁড়ামত যে দলীল ত্যাগ করিবার আদেশ থাকে তাহা।

(২) উভয় পক্ষ একবাক্য হইয়া যেং পত্রাদি ত্যাগ করেন তাহা।

(৩) এতৎকার্য্যাপক্ষে আদালতের ক্ষমতাপ্রাপ্ত কার্য্যকারক যেং হিসাব কি হিসাবের যেং অংশ অনাবশ্যক জ্ঞান করেন ও উভয় পক্ষ যাহা ধরিবার জন্যে বিশেষমতে প্রার্থনা করেন নাই তাহা।

(৪) হাই কোর্ট অন্য যেং দলীল ত্যাগ করিবার আদেশ করেন তাহা।

আরো প্রার্থক পূর্ব্বোক্ত কএকখানি পত্রভিন্ন অন্য কাগজপত্রের নকল ভারতবর্ষে ছাপাইতে ইচ্ছা করিলে, ঐ নকল ছাপাইবার জন্যে যত টাকা খরচ লাগে, তিনি এই ধারার প্রথম প্রকরণের নির্দ্দিষ্ট সময়ের মধ্যে সেই টাকাও অর্পণ করিবেন ইতি।

৬২৮ ধারা। আদালতের হৃদ্বোধমতে উক্ত জামীন সম্পূর্ণরূপে দেওয়া গেলে ও টাকা আমানৎ করা গেলে, আদালত

আপীল গ্রাহ্য হওনের ও তৎসম্পর্কীয় কার্য্য প্রণালীর কথা।

(ক) আপীল গ্রাহ্য বলিয়া প্রকাশ করিতে পারিবেন, ও

(খ) রিস্পাণ্ডেন্টকে তাহার নোটিস দিতে পারিবেন, তৎপরে

(গ) পূর্ব্বোক্ত কএকখানি পত্রছাড়া অন্য কাগজপত্রের পরিশুদ্ধ প্রতিলিপি আদালতের মোহরে অঙ্কিত করিয়া মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট প্রেরণ করিবেন,

(ঘ) ও কোন পক্ষ মোকদ্দমার অর্ন্তগত কোন কাগজপত্রের এক কি কএকখানি প্রামাণিক প্রতিলিপি প্রার্থনা করিলে ও তাহা প্রস্তুত করিবার সঙ্গত খরচ দিলে, তাঁহাকে দিতে পারিবেন ইতি।

৬২৯ ধারা। আপীল গ্রাহ্য হওয়ার পূর্ব্ব কোন সময়ে কারণ দর্শান গেলে, আদালত উক্ত কোন জামিন গ্রাহ্য হওয়া নিরাকরণ করিয়া তদ্বিষয়ের অন্য আজ্ঞা করিতে পারিবেন ইতি।

জামিন গ্রাহ্য হওয়া নিরাকরণ করিবার কথা।

630 If at any time after the admission of the appeal, but before the transmission of the copy of the record, except as aforesaid, to Her Majesty in Council, such security appears inadequate,

Power to order further security or payment

or further payment is required for the purpose of translating, transcribing, printing, indexing, or transmitting the copy of the record, except as aforesaid,

the Court may order the appellant to furnish, within a time to be fixed by the Court, other and sufficient security, or to make, within like time the required payment

631 If the appellant fail to comply with such order, the proceedings shall be stayed,

Effect of failure to comply with order

and the appeal shall not proceed without an order in this behalf of Her Majesty in Council,

and in the meantime execution of the decree appealed against shall not be stayed

632 When the copy of the record, except as aforesaid, has been transmitted to Her Majesty in Council, the appellant may obtain a refund of the balance, if any, of the amount which he has deposited under section 627

Refund of balance of deposit

PROCEEDINGS PENDING APPEALS

633 Notwithstanding the admission of any appeal under this chapter, the decree appealed against shall be unconditionally enforced, unless the Court admitting the appeal otherwise directs

Powers of Court pending appeal

But the Court may, if it think fit, on any special cause shown by any party interested in the suit, or otherwise appearing to the Court—

(*a*) impound any moveable property in dispute or any part thereof, or

(*b*) allow the decree appealed against to be enforced, taking such security from the respondent as the Court thinks fit for the due performance of any order which Her Majesty in Council may make on the appeal, or

(*c*) stay the execution of the decree appealed against, taking such security from the apellant as the Court thinks fit for the due performance of the decree appealed against, or of any order

৬৩০ ধারা। আপীল গ্রাহ্য হওয়ার পর ও মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট পূর্ব্বোক্ত কএক খানি পত্রভিন্ন কাগজপত্রের প্রতিলিপি প্রেরণ করিবার পূর্ব্বে কোন সময়ে উক্ত জামিন প্রভুত নয় বলিয়া বোধ হইলে,

আর জামীন কি টাকা দিবার আজ্ঞা করিতে পারিবার কথা।

কিম্বা পূর্ব্বোক্ত কএকখানি পত্রভিন্ন কাগজপত্র অনুবাদ করিবার ও তাহার প্রতিলিপি করিবার ও ছাপাইবার ও সূচীপত্র করিবার ও তাহা প্রেরণ করিবার জন্যে আর টাকার প্রয়োজন থাকিলে,

আদালত আপেলাণ্টের প্রতি ঐ আদালতের নিরূপিত সময়ের মধ্যে অন্য ও উপযুক্ত জামিন দিবার কিম্বা সেই সময়ের মধ্যে আদেশমত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

৬৩১ ধারা। আপেলাণ্ট সেই আজ্ঞামতে কার্য্য না করিলে, আনুষ্ঠানিক কার্য্য স্থগিত হইবে,

আজ্ঞামতে কর্ম না করিবার ফলের কথা।

ও এতৎপক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা না হইলে আপীলী কার্য্য চলিবে ন,

ইতিমধ্যে যে ডিক্রীর উপর আপীল হইল সেই ডিক্রীজারী স্থগিত হইবে না ইতি।

৬৩২ ধারা। পূর্ব্বোক্ত কএকখানি পত্রভিন্ন অন্য কাগজপত্রের এক প্রস্থ মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট প্রেরণ করা গেলে পর আপেলাণ্ট ৬২৭ ধারামতে যে টাকা আমানৎ করিলেন তাহার মধ্যে কিছু উদ্বর্ত্ত থাকিলে তিনি তাহা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

আমানতের উদ্বর্ত্ত টাকা ফিরিয়া দিবার কথা

আপীল উপস্থিত থাকিতে কার্য্যানুষ্ঠান বিষয়ক বিধি।

৬৩৩ ধারা। এই অধ্যায়মতে কোন আপীল গ্রাহ্য হইলেও, যে আদালত আপীল গ্রাহ্য করিলেন সেই আদালতের প্রকারান্তরের আজ্ঞা না থাকিলে, যে ডিক্রীর উপর আপীল হইল তাহা নিরপেক্ষরূপে প্রবল করা যাইবে।

আপীল উপস্থিত থাকিতে আদালতের ক্ষমতার কথা।

কিন্তু মোকদ্দমার স্বার্থযুক্ত কোন ব্যক্তি বিশেষ কোন কারণ দেখাইলে, কিম্বা আদালত কোন কারণ জানিয়া উচিত বোধ করিলে,

(ক) বিবাদীয় কোন অস্থাবর সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ আটক রাখিতে পারিবেন, কিম্বা

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী আপীলমুখে যে আজ্ঞা করেন, আদালত সেই আজ্ঞা নিয়মমতে সাধন হইবার যে জামিন বিহিত বোধ করেন রিস্পাণ্ডেণ্টের স্থানে সেই জামিন লইয়া, যে ডিক্রীর উপর আপীল করা যায় তাহা প্রবল হইবার অনুমতি দিতে পারিবেন, কিম্বা

(গ) যে ডিক্রীর উপর আপীল হইল তদনুসারে কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণী আপীল মুখে যে আজ্ঞা করেন তদনুসারে নিয়মমতে কার্য্য হইবার যে জামিন লওয়া উচিত বোধ হয় আদালত

which Her Majesty in Council may make on the appeal, or

আপেলাণ্টের স্থানে সেই জামিন লইয়া, যে ডিক্রীর উপর অপোল হইল সেই ডিক্রীজারীর কার্য্য স্থগিত রাখিতে পারিবেন, কিম্বা

(d) place any party seeking the assistance of the Court under such conditions, or give such other direction respecting the subject-matter of the appeal as it thinks fit

(ঘ) যে পক্ষ আদালতের সাহায্য প্রার্থনা করিলেন, আদালত ঐ পক্ষের প্রতি যে২ নিয়ম বর্ত্তান উচিত বোধ করেন তাহা বর্ত্তাইতে পারিবেন, কিম্বা যে দ্রব্যাদি লইয়া আপীল হইল তদ্বিষয়ের অন্য যে আদেশ করা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

634 If at any time during the pendency of the appeal, the security so furnished by either party appears inadequate, the Court may, on the application of the other party, require further security

Increase of security found inadequate

৬৩৪ ধারা। কোন পক্ষ যে জামিন দিলেন, আপীল উপস্থিত থাকনের কোন সময়ে সেই জামিন প্রচুর নয় বোধ হইলে, আদালত অন্য পক্ষের প্রার্থনামতে আরও জামিন দিবার আজ্ঞা করিতে পারিবেন।

জামিন প্রচুর নয় দেখা গেলে তাহা বৃদ্ধি করিবার কথা।

In default of such further security being furnished as required by the Court, if the original security was furnished by the appellant, the Court may, on the application of the respondent, issue execution of the decree appealed against as if the appellant had furnished no such security

আদালতের আদেশানুসারে যদি সেই অতিরিক্ত জামিন দেওয়া না যায় তবে আপেলাণ্ট সেই প্রথম জামিন দিয়া থাকিলে যে ডিক্রীর উপর আপীল করা যায়, রিস্পাণ্ডেণ্ট প্রার্থনা করিলে আপেলাণ্ট যেন সেই জামিন দেন নাই আদালত এমতে ঐ ডিক্রীজারী করিবার আজ্ঞা দিবেন।

And if the original security was furnished by the respondent, the Court shall, so far as may be practicable, stay all further execution of the decree, and restore the parties to the position in which they respectively were when the security which appears inadequate was furnished, or give such direction respecting the subject matter of the appeal as it thinks fit

ও রিস্পাণ্ডেণ্ট যদি সেই প্রথম জামিন দিয়া থাকেন তবে আদালত যত দূর পারেন ডিক্রী জারী করিবার সকল কার্য্য স্থগিত রাখিয়া যে জামিন অপ্রচুর বলিয়া দৃষ্ট হইল তাহা দেওন সময়ে উভয় পক্ষের যে২ অবস্থা ছিল আদালত তাঁহাদিগকে পুনরায় সেই২ অবস্থায় রাখিবেন কিম্বা আপীলের বিষয় সম্পর্কে যে আদেশ করা উচিত বোধ করেন করিবেন ইতি।

Execution of Orders of Her Majesty in Council

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা সাধন বিষয়ক বিধি।

635 Whoever desires to enforce or to obtain execution of any order of Her Majesty in Council shall apply by petition accompanied by a certified copy of the decree or order made in appeal and sought to be enforced or executed, to the Court from which the appeal to Her Majesty was preferred

Procedure to enforce orders of Queen in Council

৬৩৫ ধারা। কোন ব্যক্তি মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা প্রবল কি সাধন করাইতে চাহিলে, যে কোর্টহইতে শ্রীশ্রীমতীর নিকট আপীল করা যায় তিনি সেই কোর্টে দরখাস্ত দিবেন ও আপীলক্রমে যে ডিক্রী কি আজ্ঞা করা যায় ও যাহা প্রবল কি সাধন করাইতে চেষ্টা করেন দরখাস্তের সঙ্গে সেই ডিক্রীর কি আজ্ঞার সর্টিফিকটযুক্ত নকলও দিবেন।

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞা প্রবল করিবার কার্য্য প্রণালীর কথা।

Such Court shall transmit the order of Her Majesty to the Court which made the first decree appealed from, or to such other Court as Her Majesty by her said order may direct, and shall (upon the application of either party) give such directions as may be required for the enforcement or execution of the same, and the Court to which the said order is so transmitted shall enforce or execute it accordingly, in the manner and according to the rules applicable to the execution of its original decrees

প্রথম যে ডিক্রীর উপর আপীল করা যায় সেই ডিক্রী যে আদালত করিলেন, ঐ কোর্ট সেই আদালতে অথবা শ্রীশ্রীমতীর আজ্ঞাপত্র দ্বারা অন্য কোন আদালতে পাঠাইবার আদেশ থাকিলে সেই আদালতে শ্রীশ্রীমতীর আজ্ঞা প্রেরণ করিবেন, ও কোন এক পক্ষের প্রার্থনামতে ঐ আজ্ঞা প্রবল কি সাধন করাইবার প্রয়োজনমত উপদেশ দিবেন। ও ঐ আজ্ঞা উক্ত প্রকারে যে আদালতে প্রেরণ করা যায়, সেই আদালত ঐ উপদেশ মানিয়া আপনার আসল ডিক্রী জারী করিবার নিয়মমতে ও তৎপ্রতি যে বিধি খাটে তদনুসারে সেই আজ্ঞাও প্রবল কি সাধন করাইবেন ইতি।

636 The orders made by the Court which enforces or executes the order of Her Majesty in Council relating to such enforcement or execution, shall be appealable in the same manner and subject to the same rules as the orders of such Court relating to the enforcement or execution of its own decrees

Appeal against order relating to execution

৬৩৬ ধারা। যে আদালত মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর আজ্ঞাপ্রবল কি সাধন করান, সেই আদালত আপনার ডিক্রী প্রবল কি সাধন সম্পর্কীয় কোন আজ্ঞা করিলে তাহার উপর যে প্রকারে ও যে২ বিধিমতে আপীল হইতে পারে, শ্রীশ্রীমতীর ঐ আজ্ঞা প্রবল কি সাধন করণসম্পর্কীয় কোন আজ্ঞা করিলে তাহার উপরও সেই প্রকারে ও সেইং বিধিমতে আপীল হইতে পারিবে ইতি।

ডিক্রী জারী করণসম্পর্কীয় আজ্ঞার উপর আপীলের কথা।

637. The first column of No 169 of the second schedule annexed to the Indian Limitation Act, 1871, shall be read as if the following words were added thereto (that is to say) "or any order of Her Majesty in Council"

Amendment of Act IX of 1871, schedule II, No 169

৬৩৭ ধারা। ভারতবর্ষীয় মিয়াদ বিষয়ক ১৮৭১ সালের আইনের দ্বিতীয় তফসীলের ১৬৯ প্রকরণের প্রথম ঘরে "কিম্বা মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর কোন আজ্ঞা" এই কথাও সংযোগ করিয়া ঐ ঘরের কথা পাঠ করিতে হইবে ইতি।

১৮৭১ সালের ৯ আইনের দ্বিতীয় তফসীলের ১৬৯ প্রকরণ সংশোধনের কথা।

MISCELLANEOUS

বিবিধ বিধি।

638. The High Court may, from time to time, make general rules consistent with this Act to regulate—

Power to make rules

৬৩৮ ধারা। হাই কোর্ট সময়েং নিম্নলিখিত কার্য্যের বিধান করণার্থে এই আইনের সঙ্গত সাধারণ বিধি করিতে পারিবেন,—

বিধি করিবার ক্ষমতার কথা।

(a) the service of notices under section 625,

(ক) ৬২৫ ধারামতে নোটিস জারী করিবার বিধান।

(b) the grant or refusal of certificates under sections 626 and 627 by Courts of final appellate jurisdiction subordinate to the High Court,

(খ) হাই কোর্টের অধীন যে আদালতের শেষ আপীল সংক্রান্ত বিচারাধিপত্য থাকে, ৬২৬ ও ৬২৭ ধারামতে সেই আদালতের সর্টিফিকট দেওনের কি দিতে অসম্মত হওয়ার বিধান।

(c) the amount and nature of the security required under sections 627, 630 and 634,

(গ) ৬২৭ ও ৬৩০ ও ৬৩৪ ধারামতে যত টাকার ও যে প্রকারের জামিন দিতে হইবে তাহার বিধান।

(d) the testing of such security,

(ঘ) ঐ জামিনের পরীক্ষা লওনের বিধান।

(e) the estimate of the cost of transcribing the record,

(চ) কাগজপত্র নকল করিবার খরচের অনুমান করিবার বিধান।

(f) the preparation, examination, and certifying of such transcript,

(ছ) ঐ নকল প্রস্তুত ও পরীক্ষা করণের ও তাহাতে সর্টিফিকট লিখিবার বিধান।

(g) the revision and authentication of translations,

(জ) অনুবাদ সমালোচনা করিবার ও সত্যাকরণের কথা লিখিবার বিধান।

(h) the preparation of indices to transcripts of records, and of lists of the papers not included therein,

(ঝ) কাগজপত্রের প্রতিলিপির সূচীপত্র, ও তন্মধ্যে যেং পত্র ধরা যায় নাই তাহার নির্ঘণ্ট প্রস্তুত করিবার বিধান,

and all other matters connected with the enforcement of this chapter

ও এই অধ্যায়ের বিধি প্রবল করণার্থ অন্যং বিষয়ের বিধান।

All such rules shall be published in the local official Gazette, and shall thereupon have the force of law in the High Court and the Courts of final appellate jurisdiction subordinate thereto

Publication of rules

উক্ত সকল বিধি স্থানবিশেষের রাজকীয় গেজেটে প্রকাশ করা যাইবে। করা গেলেই হাই কোর্টে ও তাহার অধীন শেষ আপীলের বিচারাধিপত্যবিশিষ্ট আদালতে আইনের তুল্য বলবৎ হইবে।

বিধি প্রকাশ করিবার কথা।

All rules heretofore made and published by any High Court relating to appeal to Her Majesty in Council and in force immediately before the passing of this Act, shall, so far

Legalization of existing rules

মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর নিকট আপীল সম্বন্ধীয় যে সকল বিধি ইতিপূর্ব্বে কোন হাই কোর্ট কর্তৃক প্রণীত ও প্রকাশিত হইয়া এই আইন প্রচলিত হওনের

এইক্ষণে যে বিধি আছে তাহা আইনসিদ্ধ করিবার কথা।

as they are consistent with this Act, be deemed to have been made and published hereunder

639 In sections 620 and 638, the expression 'High Court' shall be deemed to include also the Recorder of Rangoon, but not so as to empower him to make rules binding on Courts other than his own Court

Recorder of Rangoon

640 The rules and restrictions referred to in Bengal Regulation III of 1828, section 4, clause *fifth*, shall be deemed to be the rules and restrictions applicable to appeals under this Act from the decisions of the High Court of Judicature at Fort William, in Bengal

Construction of Bengal Regulation III of 1828, section 4, clause 5

641 Nothing herein contained shall be understood—

Saving of Her Majesty's pleasure

(*a*) to bar the full and unqualified exercise of Her Majesty's pleasure in receiving or rejecting appeals to Her Majesty in Council, or otherwise howsoever, or

(*b*) to interfere with any rules made by the Judicial Committee of the Privy Council, and for the time being in force, for the presentation of appeals to Her Majesty in Council or their conduct before the said Judicial Committee

and of rules for conduct of business before Judicial Committee

And nothing in this chapter applies to any matter of criminal or admiralty or vice admiralty jurisdiction, nor to appeals from orders and decrees of Prize Courts

PART VII

Of Review of Judgment

642 The decrees and orders of the Court shall not be open to revision, nor shall a new trial be granted, otherwise than under the rules contained in this Code

Revisions and new trials to be according to Code

643 The High Court may call for the record of any case decided by a Court of Small Causes, or on appeal, by any subordinate Court, in which no appeal lies to the High Court, if such Court of Small Causes or such subordinate Court, on hearing the appeal, appear

Power to call for record of cases decided by Small Cause Courts, or on appeal by subordinate Courts

প্রাক্‌কালে বলবৎ ছিল, তাহা এই আইনের সঙ্গে যত দূর সঙ্গত হয় তত দূর এই আইনমতে প্রণীত ও প্রকাশিত বলিয়া জ্ঞান হইবে ইতি।

৬৩৯ ধারা। ৬২০ ও ৬৩৮ ধারায় 'হাই কোর্ট' শব্দের মধ্যে রাঙ্গুনের রিকার্ডর সাহেবও গণ্য এমত জ্ঞান করিতে হইবে, কিন্তু তাঁহার প্রতি আপনার আদালতভিন্ন অন্য আদালতের মাননীয় বিধি করিবার ক্ষমতা প্রদত্ত হইল না ইতি।

রাঙ্গুনের রিকার্ডর সাহেবের কথা।

৬৪০ ধারা। ১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণে যেং বিধির ও নিষেধের উল্লেখ হইল, তাহা এই আইনমতে বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর হাই কোর্টের নিষ্পত্তির উপর আপীলের প্রতি বর্ত্তনীয় বিধি ও নিষেধ বলিয়া জ্ঞান হইবে ইতি।

বঙ্গদেশীয় ১৮২৮ সালের ৩ আইনের ৪ ধারার ৫ প্রকরণের অর্থের কথা।

৬৪১ ধারা। (ক) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর স্বেচ্ছামতে আপীল গ্রাহ্য কি অগ্রাহ্য করণের কি অন্য কোন আজ্ঞা করণের যে সম্পূর্ণ ও নিরপেক্ষ ক্ষমতা আছে তাহার যে বাধকতা হইল, কিম্বা

শ্রীশ্রীমতীর অভিমত রক্ষার কথা।

(খ) মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতীর নিকট আপীল উপস্থিত করিবার বিষয়ে কিম্বা প্রিবি কৌন্সেলের জুডিশ্যাল কমিটীর সম্মুখে আপীলী মোকদ্দমা চালাইবার বিষয়ে ঐ জুডিশ্যাল কমিটীর প্রণীত যে বিধি সম্প্রতি প্রচলিত থাকে তৎপ্রতি যে হস্তক্ষেপ করা গেল,

ও জুডিশ্যাল কমিটীর সম্মুখে কার্য্য চলনের বিধি রক্ষার কথা।

এই আইনের কোন কথার এমত ভাব বুঝিতে হইবে না।

আরও অপরাধের কিম্বা আডমিরলটীর কিম্বা বৈস-আডমিরলটীর (অর্থাৎ সমুদ্রপথে কৃত কোন অপরাধের) বিচারাধিপত্যের প্রতি কিম্বা প্রাইজ কোর্টের আজ্ঞার ও ডিক্রীর উপর আপীলের প্রতি এই অধ্যায়ের কোন কথা বর্ত্তে না ইতি।

সপ্তম ভাগ।

ডিক্রীর পুনরালোচনা বিষয়ক বিধি।

৬৪২ ধারা। এই আইনের অন্তর্গত বিধিভিন্ন অন্য কোন বিধিমতে আদালতের ডিক্রীর ও আজ্ঞার পুনরালোচনা হইতে পারিবে না ও নূতন বিচার করিবার অনুমতি হইবে না ইতি।

পুনরালোচনা ও নূতন বিচার এই আইন অনুসারে করিতে হইবার কথা।

৬৪৩ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালত যে মোকদ্দমা নিষ্পত্তি করেন, কিম্বা অধীন কোন আদালতে আপীল হওয়া তাহার নিষ্পত্তির উপর হাই কোর্টে আপীল হইতে না পারিলে, ঐ ক্ষুদ্র মোকদ্দমার আদালত কিম্বা আপীল শ্রবণ

ক্ষুদ্র মোকদ্দমার আদালতের নিষ্পত্তি করা মোকদ্দমার ও নিম্নতর আদালতের নিকট আপীলী মোকদ্দমার কাগজপত্র আনাইবার ক্ষমতার কথা।

to have exercised a jurisdiction not vested in it by law, or to have passed any order contrary to law

*

and may set aside the decision, or pass such other order in the case as the High Court think fit

Review of judgment

644 Any person considering himself aggrieved—

(*a*) by a decree from which an appeal is hereby allowed, where no appeal from such decree has been decided or is pending,

(*b*) by a decree from which an appeal is hereby allowed to Her Majesty in Council, but from which no appeal has been preferred,

(*c*) by an order made in execution of a decree,

(*d*) by a judgment on a reference from a Court of Small Causes,

On discovery of new evidence, &c

and who, from the discovery of new and important matter or evidence which, after the exercise of due diligence, was not within his knowledge or could not be adduced by him at the time when the decree was passed or order made, or on account of some mistake or error apparent on the face of the record, or for any other like reason, may be desirous of obtaining a review of the decree passed or order made against him,

may apply for a review of judgment to the Court which passed the decree or made the order

Explanation I—A party who is not appealing from a decree may apply for a review of judgment notwithstanding the pendency of an appeal by some other party

Explanation II—A person who has preferred an appeal may abandon his appeal and apply for a review of judgment

Explanation III—Except on the discovery of such new and important matter or evidence as aforesaid, no application for a review of judgment other than that of a High Court shall be made to any Judge other than the Judge who delivered it

Contents of application

645 The application shall be chargeable with the fee prescribed for plaints, and shall set forth concisely and under distinct heads the grounds on which the review is applied for

Such grounds shall be numbered consecutively

কালে সেই অধীন আদালত আইনমতে আপনার প্রতি অর্পিত ক্ষমতার অতিরিক্ত ক্ষমতাক্রমে কার্য্য করিলেন কিম্বা আইনের বিপরীত কোন আজ্ঞা করিলেন দৃষ্ট হইলে, হাই কোর্ট সেই ২ আদালতের নিষ্পত্তি করা মোকদ্দমার কাগজপত্র আনাইয়া,

সেই নিষ্পত্তি অসিদ্ধ করিতে কিম্বা মোকদ্দমায় অন্য যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

ডিক্রীর পুনরালোচনার কথা।

৬৪৪ ধারা। (ক) এই আইনমতে যে ডিক্রীর উপর আপীল হইবার অনুমতি থাকে সেই ডিক্রীর উপর আপীল নিষ্পত্তি করা না গেলে কিম্বা আপীল উপস্থিত না থাকিলে, কিম্বা

(খ) এই আইনমতে যে ডিক্রীর উপর মন্ত্রিসভাধিষ্ঠিতা শ্রীশ্রীমতী মহারাণীর নিকট আপীল করিবার অনুমতি থাকে কিন্তু আপীল উপস্থিত করা যায় নাই, কোন ব্যক্তি সেই২ ডিক্রীদ্বারা, কিম্বা

(গ) ডিক্রী জারী করাসময়ে যে আজ্ঞা করা যায় সেই আজ্ঞার দ্বারা, কিম্বা

(ঘ) ক্ষুদ্র মোকদ্দমার আদালতের অর্পিত মোকদ্দমায় যে ডিক্রী করা যায় সেই ডিক্রী দ্বারা আপনাকে ক্ষতিগ্রস্ত জ্ঞান করিলে,

নূতন প্রমাণ প্রভৃতিপ্রকাশ হওনের কথা।

ও উপযুক্তমতে যত্ন করিলেও ঐ ডিক্রী প্রচার করণ কিম্বা ঐ আজ্ঞা হওন সময়ে যে বিষয়ের কি প্রমাণের কথা জানিতে পারেন নাই কিম্বা যাহা উপস্থিত করা যাইতে পারে নাই এমত নূতন ও গুরুতর বিষয় কি প্রমাণ প্রকাশ হওয়াতে, কিম্বা কাগজপত্রের অভিমুখেই যে ভুল কি ভ্রম দৃষ্ট হয় তৎপ্রযুক্ত, কিম্বা তদ্রূপ অন্য কোন কারণে আপনার বিপক্ষ ডিক্রীর কি আজ্ঞার পুনরালোচনা করাইবার সচেষ্ট হইলে,

যে আদালত ঐ ডিক্রী প্রচার করিলেন কি ঐ আজ্ঞা করিলেন তিনি সেই আদালতে নিষ্পত্তির পুনরালোচনা হইবার প্রার্থনা করিতে পারিবেন।

অর্থের প্রথম কথা।—কোন পক্ষীয় ব্যক্তি যদি ডিক্রীর উপর আপীল না করিয়া থাকেন তবে অন্য কোন ব্যক্তিদ্বারা আপীল উপস্থিত থাকিলেও তিনি ঐ ডিক্রীর পুনরালোচনা করিবার প্রার্থনা করিতে পারিবেন।

অর্থের দ্বিতীয় কথা।—কোন ব্যক্তি আপীল উপস্থিত করিলেও আপীল ত্যাগ করিয়া ডিক্রীর পুনরালোচনা করিবার প্রার্থনা করিতে পারিবেন।

অর্থের তৃতীয় কথা।—পূর্ব্বোক্ত নূতন ও গুরুতর বিষয়ের কি প্রমাণের আবিষ্ক্রিয়া হওনের স্থলভিন্ন, হাই কোর্টের ডিক্রীছাড়া অন্য যে ডিক্রী যে বিচারপতি করেন সেই বিচারপতিভিন্ন অন্যের নিকট সেই ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনা হইতে পারিবে না ইতি।

প্রার্থনাপত্রের মর্ম্মের কথা।

৬৪৫ ধারা। আবেদনপত্রের উপর যত ফী দিবার বিধান আছে ঐ প্রার্থনাপত্রেরও তত ফী লাগিবে, ও যে২ হেতুতে পুনরালোচনার প্রার্থনা হয় তাহা সংক্ষেপে ও পৃথক্২ দফায় লিখিতে হইবে।

ঐ২ হেতুর একাদিক্রমে নম্বর দিতে হইবে ইতি।

646 If the application be presented by a pleader, he shall certify, under his signature on the back of the application, that he has examined the grounds on which the review is applied for, and that he considers such of them as he refers to by their numbers well founded and sufficient

Pleader presenting application to certify as to grounds being good

647 No pleader shall be allowed to argue in support of an application for a review of judgment who has not signed the certificate required by section 646, or a certificate to the same effect, to be written on the back of the application

No pleader allowed to argue who has not signed certificate

648 If it appear to the Court that there is not sufficient ground for a review, it shall reject the application

Order of Court final

But if the Court be of opinion that the review desired is necessary to correct an evident error or omission in the decree, or is otherwise requisite for the ends of justice, it shall grant the review

Proviso Provided that—

(*a*) no such review shall be granted without previous notice to the opposite party to enable him to appear and be heard in support of the decree a review of which is applied for

(*b*) No such review shall be granted by any Court subordinate to a District Court without the previous permission of such Court

(*c*) no such review shall be granted by a District Court without the previous permission of the High Court

(*d*) no such review shall be granted on the ground of discovery of new matter or evidence which was not within the applicant's knowledge, or could not be adduced by him when the decree was passed, without strict proof of such allegation

649 If the Judge or Judges, or any of the Judges, who passed the decree, a review of which is applied for continue attached to the Court at the time when the application for a review is presented and are not precluded by absence or other cause, for a period of six months after the application, from considering the judgment to which the ap-

Application for review in Court consisting of two or more Judges

৬৪৬ ধারা। ঐ প্রার্থনাপত্র উকীলের দ্বারা উপস্থিত করা গেলে, যেং হেতুতে ঐ পুনরালোচনা হইবার প্রার্থনা হইল তিনি সেইং হেতু বিবেচনা করিয়া নম্বর অনুসারে যেং হেতুর উল্লেখ করিলেন তাহা সমূলক ও বিশিষ্ট জ্ঞান করেন, প্রার্থনাপত্রের পৃষ্ঠে তাঁহার এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া তাহাতে স্বাক্ষর করিতে হইবে ইতি।

যে উকীল প্রার্থনাপত্র উপস্থিত করেন বিশিষ্ট হেতু আছে বলিয়া তাঁহার সর্টিফিকট দিবার কথা।

৬৪৭ ধারা। ৬৪৬ ধারার বিধানমতে প্রার্থনাপত্রের পৃষ্ঠে যে সর্টিফিকট লিখিতে হইবে কোন উকীল সেই সর্টিফিকটে কিম্বা সেই মর্ম্মের সর্টিফিকটে স্বাক্ষর না করিলে তিনি ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনাপত্রের পোষকতায় তর্ক করিবার অনুমতি পাইবেন না ইতি।

সর্টিফিকট স্বাক্ষর না করিলে উকীলের তর্ক করিবার অনুমতি না থাকার কথা।

৬৪৮ ধারা। পুনরালোচনা করিবার প্রচুর কারণ নাই আদালত এমত বোধ করিলে ঐ প্রার্থনা অগ্রাহ্য করিবেন।

আদালতের আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।

কিন্তু ডিক্রীর মধ্যে কোন স্পষ্ট ভ্রম কি ছুট হইলে তাহা সংশোধন করিবার নিমিত্ত কিম্বা প্রকারান্তরে ন্যায় বিচারের উদ্দেশ্য সাধনের নিমিত্ত প্রার্থিতমতে পুনরালোচনা করা আবশ্যক আদালত এমত জ্ঞান করিলে পুনরালোচনা হইবার অনুমতি দিবেন।

উপবিধি। পরন্তু

(ক) যে ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনা হয়, বিপক্ষ পক্ষ যেন উপস্থিত হইয়া সেই ডিক্রীর পোষকতার্থ কথা কহিতে পারেন এই নিমিত্ত তাঁহাকে নোটিস না দেওয়া গেলে তদ্রূপ পুনরালোচনা হইবার অনুমতি হইবে না।

(খ) জিলার আদালতের অনুমতি না পাইলে তদধীন কোন আদালত তদ্রূপ পুনরালোচনার অনুমতি দিবেন না।

(গ) হাই কোর্টের অনুমতি না পাইলে জিলার আদালত তদ্রূপ পুনরালোচনার অনুমতি দিবেন না।

(ঘ) প্রার্থক যাহা জানিতে পাইলেন না কিম্বা ডিক্রী হওন সময়ে যাহা উপস্থিত করিতে পারিলেন না এমত নূতন বিষয়ের কি প্রমাণের আবিষ্ক্রিয়া হেতুক পুনরালোচনার প্রার্থনা হইলে, তাঁহার সেই উক্তির অতি দৃঢ় প্রমাণ না হইলে ঐ প্রার্থনা গ্রাহ্য হইবে না ইতি।

৬৪৯ ধারা। যে ডিক্রীর পুনরালোচনা হইবার প্রার্থনা হয় তাহা যে জজ কি জজেরা করিলেন তিনি কি তাঁহারা কি তাঁহাদের কোন ব্যক্তি ঐ পুনরালোচনার প্রার্থনাপত্র উপস্থিত করণ সময়ে ঐ আদালতে নিযুক্ত থাকিলে, ও প্রার্থনা হওয়ার পর ছয় মাস পর্য্যন্ত তাঁহাদের অনুপস্থান হেতুক কি অন্য কারণে ঐ প্রার্থনার উল্লিখিত ডিক্রীর বিবেচনা করিবার কোন

আদালতে দুই কি তদধিক জন জজ থাকিলে পুনরালোচনার প্রার্থনাপত্রের কথা।

plication refers, such Judge or Judges or any of them shall hear the application, and it shall not be competent to any other Judge or Judges of the Court in any such case to hear the application

বাধা না থাকিলে, ঐ জজ কি জজেরা কি তাঁহাদের কোন ব্যক্তি ঐ প্রার্থনা শুনিবেন, ও তদ্রূপ স্থলে ঐ আদালতের অন্য জজ কি জজেরা ঐ প্রার্থনা শুনিতে পারিবেন না ইতি।

Application when rejected

650 If the application for a review be heard by more than one Judge and the Court be equally divided, the application shall be rejected

If there be a majority, the decision shall be according to the opinion of the majority

প্রার্থনা অগ্রাহ্য হইলে তদ্বিষয়ের কথা।

৬৫০ ধারা। একের অধিক জন জজ পুনরালোচনার প্রার্থনা শ্রবণ করিলে, ও তাঁহাদের যত জনের এক মত থাকে তত জনের বিপরীত মত থাকিলে, প্রার্থনা অগ্রাহ্য হইবে।

অধিকাংশ ব্যক্তির একমত থাকিলে অধিকাংশের সেই মতানুসারে নিষ্পত্তি হইবে ইতি।

Order of Court final

651 The order of the Court whether for granting the review or rejecting the application shall be final

আদালতের আজ্ঞা চূড়ান্ত হইবার কথা।

৬৫১ ধারা। আদালত পুনরালোচনার অনুমতি দেওনের কি প্রার্থনা অগ্রাহ্য করণের যে আজ্ঞা করেন তাহা চূড়ান্ত হইবে ইতি।

Registry of application granted, and order for re hearing

652 When an application for a review is granted, a note thereof shall be made in the register of suits or appeals (as the case may be), and the Court may at once re hear the case or make such order in regard to the rehearing as it thinks fit

প্রার্থনাপত্র রেজিষ্টরী করিবার অনুমতি দেওনের ও পুনঃশ্রবণের আজ্ঞার কথা।

৬৫২ ধারা। পুনরালোচনার প্রার্থনাপত্র গ্রাহ্য হইলে মোকদ্দমার কি বিষয় বিশেষে আপীলের রেজিষ্টরী বহীতে তাহা সংক্ষেপে লেখা যাইবে, ও আদালত তৎকালেই মোকদ্দমা পুনঃশ্রবণ করিতে কিম্বা পুনঃশ্রবণের বিষয়ে যে আজ্ঞা উচিত বোধ করেন করিতে পারিবেন ইতি।

Review of orders not subject to appeal

653 Any order not subject to appeal may be reviewed by the Court by which it was passed, subject to the rules contained in this chapter so far as the same are applicable

Provided—

(*a*) that no such review shall be granted by any Court subordinate to a District Court without the previous permission of such Court, and

(*b*) that no such review shall be granted by a District Court without the previous permission of the High Court

আজ্ঞার পুনরালোচনা হইলে তাহার উপর আপীল হইতে না পারিবার কথা।

৬৫৩ ধারা। যে আজ্ঞার উপর আপীল নাই, সেই আজ্ঞা যে আদালত করিলেন সেই আদালত এই অধ্যায়ের বিধান যত দূর খাটে তত দূর খাটাইয়া ঐ আজ্ঞার পুনরালোচনা করিতে পারিবেন। কিন্তু

(ক) জিলার আদালতের অনুমতি না পাইলে তদধীন কোন আদালত তদ্রূপ পুনরালোচনা হইবার অনুমতি দিবেন না, ও

(খ) হাই কোর্টের অনুমতি না পাইলে জিলার আদালত তদ্রূপ পুনরালোচনা হইবার অনুমতি দিবেন না ইতি।

PART VIII.

OF REFERENCE TO THE HIGH COURT

Reference of question to High Court

654 If in the hearing of an appeal in which the decree or order is made final by section 601, any question of law or usage having the force of law, or the construction of a document which construction may affect the merits, arises, on which the Court trying the appeal entertains reasonable doubt, the Court may, either of its own motion or on the application of any of the parties to the suit, draw up a statement of the case and submit such statement with its own opinion for the decision of the High Court

অষ্টম ভাগ।

হাই কোর্টে প্রশ্ন করণবিষয়ক বিধি।

হাই কোর্টে প্রশ্নকরণবিষয়ক কথা।

৬৫৪ ধারা। ৬০১ ধারাক্রমে আপীলী মোকদ্দমার যে ডিক্রী কি আজ্ঞা চূড়ান্ত হয় সেই আপীল শ্রবণ সময়ে আইনঘটিত কিম্বা আইনের তুল্য বলবৎ কোন আচারঘটিত কিম্বা যে দলীলের ভাবানুসারে মোকদ্দমার দোষগুণ সম্পর্কীয় ফল দর্শে সেই দলীলের অর্থঘটিত কোন প্রশ্ন উত্থিত হইলে, ও যে আদালত আপীলের বিচার করিতেছেন তদ্বিষয়ে তাঁহার সঙ্গতরূপ সন্দেহ থাকিলে, ঐ আদালত আপনার বিবেচনামতে কিম্বা মোকদ্দমার কোন পক্ষের প্রার্থনামতে ঐ বিষয়ের বর্ণনাপত্র লিখিয়া আপনার অভিমত সহিত হাই কোর্টের নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করিতে পারিবেন ইতি।

655. The Court may proceed in the appeal notwithstanding a reference to the High Court, and may pass a decree contingent upon the opinion of the High Court on the point referred,

Court may pass decree contingent upon opinion of High Court.

but no execution shall be issued in any case in which such reference is made to the High Court until the receipt of the order of that Court

৬৫৫ ধারা। হাই কোর্টে প্রশ্ন উপস্থিত করা গেলেও আদালত আপীলের কার্য্য চালাইতে পারিবেন, ও জিজ্ঞাসিত বিষয়ে হাই কোর্টের যে অভিমত হয় তাহা অপেক্ষা করিয়া ডিক্রীও করিতে পারিবেন।

হাই কোর্টের অভিমতের অপেক্ষায় আদালতের ডিক্রী করিতে পারিবার কথা।

কিন্তু হাই কোর্টে কোন প্রশ্ন উপস্থিত করা গেলে, ঐ কোর্টের আজ্ঞা না প্রাপণ পর্য্যন্ত কোন স্থলে ডিক্রী জারী করিতে হইবে না ইতি।

656 References made for the opinion of the High Court under section 654, shall be heard by two or more Judges of that Court

Two or more Judges of High Court to hear reference

৬৫৬ ধারা। হাই কোর্টের অভিমত জানিবার নিমিত্ত ৬৫৪ ধারামতে প্রশ্ন করা গেলে, ঐ কোর্টের দুই কি তদধিক জজ ঐ প্রশ্ন শ্রবণ করিবেন ইতি।

জিজ্ঞাসিত বিষয় হাই কোর্টের দুই কি তদধিক জন জজের শ্রবণ করিবার কথা।

657 The High Court shall fix an early day for the hearing of the reference, and notice of such day shall be fixed up in the Court-house

High Court to fix day for hearing and to notify same

৬৫৭ ধারা। হাই কোর্ট ঐ প্রশ্ন শ্রবণের নিমিত্ত গৌণ না হয় এমন দিন নিরূপণ করিলে আদালত ঘরে ঐ দিনের নোটিস লাগাইয়া দেওয়া যাইবে ইতি।

শ্রবণের দিন নিরূপণ করিয়া হাই কোর্টের নোটিস দিবার কথা।

658 The parties to the appeal in which the reference is made may appear and be heard in the High Court in person or by a pleader

Parties may appear and be heard in person or by pleader

৬৫৮ ধারা। যে আপীল সম্পর্কে ঐ প্রশ্ন করা যায় সেই আপীলের উভয়পক্ষ স্বয়ং কি উকীলের দ্বারা হাই কোর্টে উপস্থিত হইতে পারিবেন ও তাঁহাদের কথা শুনা যাইতে পারিবে ইতি।

উভয় পক্ষের স্বয়ং কি উকীলের দ্বারা উপস্থিত হইতে পারিবার কথা।

659 The High Court when it has heard and determined the point referred to it, shall transmit a copy of its judgment, under the seal of the Court and the signature of the Registrar, to the Court by which the reference was made, and such Court shall, on the receipt thereof, proceed to dispose of the appeal in conformity with the decision of the High Court

Judgment of High Court to be transmitted, and case disposed of accordingly

৬৫৯ ধারা। হাই কোর্টের প্রতি যে প্রশ্ন অর্পিত হয় ঐ কোর্ট তাহা শ্রবণ করিয়া নির্ণয় করিলে পর আপনার বিচারপত্রের প্রতিলিপিতে কোর্টের মোহর দেওয়া গেলে ও রেজিষ্ট্রার স্বাক্ষর করিলে, যে আদালতহইতে প্রশ্ন অর্পণ করা যায় ঐ প্রতিলিপি সেই আদালতে পাঠান যাইবে, তাহা পাইলে সেই আদালত হাই কোর্টের নিষ্পত্তি অনুসারে ঐ আপীল নিষ্পত্তি করিতে প্রবর্ত্ত হইবেন ইতি।

হাই কোর্টের বিচারপত্র পাঠাইবার ও তদনুসারে মোকদ্দমা নিষ্পত্তি হইবার কথা।

660 Costs, if any, consequent on a reference for the opinion of the High Court, shall be costs in the appeal

Costs of reference to High Court

৬৬০ ধারা। হাই কোর্টের অভিমত জানিবার জন্যে প্রশ্ন উপস্থিত করিতে খরচ লাগিলে তাহা আপীলী মোকদ্দমার খরচা বলিয়া ধরা যাইবে ইতি।

হাই কোর্টে অর্পণ করিবার খরচের কথা।

NON-APPEALABLE ORDERS AND DECREES

যে আজ্ঞার ও ডিক্রীর উপর আপীল নাই তদ্বিষয়ের বিধি।

661 Unless when otherwise provided in this Code or by any other law, the Orders passed in appeals preferred under Chapter XLIV shall be final,

Orders passed in appeals under Chapter XLIV to be final

৬৬১ ধারা। এই আইনে কিম্বা অন্য কোন আইনে ভাবান্তরের বিধান না থাকিলে, ৪৪ অধ্যায়মতে আপীল উপস্থিত হইয়া যেং আজ্ঞা করা যায় তাহা চূড়ান্ত।

আপীলে ৪৪ অধ্যায়মতে যে আজ্ঞা করা যায় তাহা চূড়ান্ত হওনের কথা।

But if in the course of the hearing of any such appeal there arises any such question as is mentioned in section 654 on which the Appellate Court entertains reasonable doubt, the Court may, either of its own motion or on the application of any of the parties to the appeal, draw up a statement of the case, and submit it with its own opinion thereon for the decision of the High Court

But case may be submitted for decision of High Court.

662 The provisions contained in sections 656 to 660, both inclusive, shall apply to references made to the High Court under the provisions of section 661

Provisions applicable to references to High Court

PART IX.

SPECIAL RULES RELATING TO THE HIGH COURTS

663 This part shall extend and apply only to High Courts which are or may hereafter be established under the Statute 24 & 25 Victoria, Chapter 104 (*An Act for establishing High Courts of Judicature in India*).

This part to apply only to certain High Courts

Except as provided in this Part, the provisions of this Code shall apply to the High Courts established as aforesaid

Application of Code to High Courts

Jurisdiction

664 The High Court may, in the exercise of its ordinary original civil jurisdiction, try and determine suits of every description, if,

Ordinary original civil jurisdiction of the High Court

(*a*) in the case of suits for immovable property, the property or any part thereof is situate, or,

(*b*) in all other cases, the cause of action, or any material part of the cause of action, has arisen, or the defendant or any of the defendants at the time of the commencement of the suit dwells or carries on business, or personally works for gain, within the local limits of such jurisdiction

Provided that the leave of the Court be first obtained

(*c*) in the case of suits for immovable property where only part thereof is situate within such limits, and

কিন্তু তদ্রূপ কোন আপীল শ্রবণ সময়ে, [illegible] আপীল আদালতের [illegible] সন্দেহ জন্মে, ৬৫৪ ধারায় উল্লিখিত এমত কোন প্রশ্ন উত্থিত হইলে, আদালত আপনার বিবেচনামতে কিম্বা আপীলের অন্যতর পক্ষের প্রার্থনামতে ঐ বিষয়ের বর্ণনাপত্র লিখিয়া আপনার অভিমত সহিত হাই কোর্টের নিষ্পত্তির নিমিত্ত অর্পণ করিতে পারিবেন ইতি।

কিন্তু হাই কোর্টের নিষ্পত্তির নিমিত্ত বিষয় অর্পণ করিতে পারিবার কথা।

৬৬২ ধারা। ৬৬১ ধারার বিধানমতে হাই কোর্টে যেং প্রশ্ন উপস্থিত করা যায়, তৎপ্রতি ৬৫৬ অবধি ৬৬০ পর্য্যন্ত সকল ধারার বিধান খাটিবে ইতি।

হাই কোর্টে প্রশ্ন অর্পণ করণ বিষয়ক বিধি খাটিবার কথা।

নবম ভাগ।

হাই কোর্ট সম্পর্কীয় বিশেষ বিধি।

৬৬৩ ধারা। ভারতবর্ষের মধ্যে হাই কোর্ট স্থাপন করণার্থ আইন নামে মহারাণী বিক্টোরিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়মতে যেং হাই কোর্ট স্থাপিত হইয়াছে বা পশ্চাৎ হইবে, এই ভাগ কেবল সেইং হাই কোর্টে প্রচলিত হইয়া বর্ত্তিবে।

কেবল কোনং হাই কোর্টের প্রতি এই অধ্যায় খাটিবার কথা।

এই ভাগের বর্জ্জিত স্থলভিন্ন এই আইনের বিধান পূর্ব্বোক্তমতে স্থাপিত হাই কোর্টের প্রতি খাটিবে ইতি।

হাই কোর্টের প্রতি এই আইন খাটিবার কথা।

বিচারাধিপত্যের কথা।

৬৬৪ ধারা। দেওয়ানী মোকদ্দমার আদৌ বিচারকরণ পক্ষে হাই কোর্ট স্বীয় সাধারণ ক্ষমতানুসারে কার্য্য করত নিম্নলিখিত স্থলে সকল প্রকারের মোকদ্দমার বিচার করিয়া নিষ্পত্তি করিতে পারিবেন,—

দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতার কথা।

(ক) স্থাবর সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা হইলে, ঐ সম্পত্তি কিম্বা তাহার কোন অংশ ঐ ক্ষমতাধীন স্থানের সীমার মধ্যে থাকিলে

(খ) অন্য কোন প্রকারের মোকদ্দমা হইলে, ঐ মোকদ্দমার হেতু কিম্বা সেই হেতুর গুরুতর অংশ ঐ সীমার মধ্যে উত্থিত হইলে, কিম্বা মোকদ্দমা আরম্ভ করিবার সময়ে প্রতিবাদী, কিম্বা প্রতিবাদিদের মধ্যে কোন ব্যক্তি সেই সীমার মধ্যে বাস করিলে কিম্বা কর্ম্ম চালাইলে কিম্বা লভ্যের আশয়ে নিজে কর্ম্ম করিলে।

কিন্তু নিম্নলিখিত স্থলে কোর্টের অনুমতি প্রথমে লওয়া প্রয়োজন,

(গ) স্থাবর সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা হইলে, ঐ সম্পত্তির অংশমাত্র সেই সীমার মধ্যে থাকিলে, ও

(d) in other cases where only part of the cause of action has arisen, or only some of the defendants at the commencement of the suit dwell or carry on business or personally work for gain within such limits

Provided also that no High Court shall, in the exercise of its ordinary original civil jurisdiction, try any case in which the debt, or compensation, or value of the property sued for, does not exceed five hundred rupees, and which falls within the jurisdiction of a Small Cause Court situate within the local limits of such jurisdiction

Extraordinary original civil jurisdiction of the High Court

665 The High Court shall have power to remove and to try and determine as a Court of extraordinary original civil jurisdiction, any suit being or falling within the jurisdiction of any Court subject to its superintendence other than a Court of Small Causes, when such High Court thinks proper so to do, either on the agreement of the parties to that effect, or for purposes of justice, the reason being recorded in the proceedings of the High Court removing the suit

Power to High Court to provide for exercise of its jurisdiction

666 Subject to any express provision of this Code, the High Court shall by its own rules provide for the exercise of its jurisdiction by means of its Judges sitting in Division Courts or singly or in groups, and for the guidance of its subordinate officers in such manner as may appear to the High Court to be most convenient for the administration of justice

High Court to record judgments according to its own rules

667 The High Court shall take evidence, and record judgments and orders in such manner as it shall by any rule from time to time direct

Decision when Judges of Court differ

668. If a Court is composed of more Judges than one, and the Judges are divided in opinion as to the decision to be given on any point, such point shall be decided according to the opinion of the majority of the Judges if there is a majority,

but if the Judges are equally divided, then the opinion of the senior Judge shall prevail.

(ঘ) অন্যান্য মোকদ্দমায়, মোকদ্দমার হেতুর অংশমাত্র ঐ সীমার মধ্যে উপস্থিত হইলে, কিম্বা মোকদ্দমার আরম্ভকালে বাদিদের মধ্য কএকজন মাত্র ঐ সীমার মধ্যে বাস করিলে কি কর্ম্ম চালাইলে কিম্বা লভ্যের আশয়ে নিজে কর্ম্ম করিলে।

আরো যে ঋণের কি হানিপূরণস্বরূপ যে টাকার কিম্বা যে সম্পত্তির নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করা যায়, তাহা কি তাহার মূল্য পাঁচ শত টাকার অধিক না হওয়াতে হাই কোর্টের দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করিবার সাধারণ ক্ষমতাধীন স্থানের অন্তর্গত কোন ক্ষুদ্র মোকদ্দমার বিচারাধিপত্যের মধ্যে আইলে, হাই কোর্ট সেই ক্ষমতাক্রমে কার্য্য করত সেই মোকদ্দমার বিচার করিবেন না ইতি।

দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণ পক্ষে হাই কোর্টের অতিরিক্ত ক্ষমতার কথা।

৬৬৫ ধারা। ক্ষুদ্র মোকদ্দমার আদালতভিন্ন হাই কোর্টের তত্ত্বাধীন কোন আদালতের বিচারাধিপত্যের মধ্যে যে মোকদ্দমা থাকে কি আইসে, হাই কোর্ট সেই মোকদ্দমা আনাইয়া আপনি বিচার করিয়া নির্ণয় করেন উভয় পক্ষের এই মর্ম্মের নিয়মপত্র হওয়াতে কিম্বা ন্যায়বিচারের কার্য্যপক্ষে, হাই কোর্ট ঐ মোকদ্দমা আনাইয়া বিচার ও নির্ণয় করা উচিত বোধ করিলে, আপনার আনুষ্ঠানিক কার্য্যের পত্রের মধ্যে ঐ মোকদ্দমা আনাইবার কারণ লিপিবদ্ধ করাইয়া, দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচারকরণপক্ষে স্বীয় সাধারণাতীত ক্ষমতানুসারে ঐ মোকদ্দমা আনাইয়া বিচার ও নির্ণয় করিতে পারিবেন ইতি।

স্বীয় ক্ষমতানুসারে কার্য্য করিবার বিধান করণার্থ হাই কোর্টের ক্ষমতার কথা।

৬৬৬ ধারা। হাই কোর্ট এই আইনের অন্য স্পষ্ট বিধান প্রবল মানিয়া আপনি বিধি করিয়া জজদের ডিবিজন কোর্টস্বরূপ কিম্বা একে২ কি একত্র অধিবিষ্ট হইয়া আপনার বিচারাধিপত্যক্রমে কার্য্য করিবার বিধান করিতে, ও ন্যায় বিচার সাধনার্থে আপনার বিবেচনায় যেরূপে সুবিধাজনক হয় সেইরূপে আপনার অধীন কার্য্যকারকদের কার্য্যপদ্ধতি দর্শাইবার বিধান করিতে পারিবেন ইতি।

স্বীয় বিধিমতে হাই কোর্টের নিষ্পত্তি লিপিবদ্ধ করিবার কথা।

৬৬৭ ধারা। হাই কোর্ট সময়ে২ কোন বিধি করিয়া যেরূপে আদেশ করেন সেইরূপে প্রমাণ লইবেন ও নিষ্পত্তি ও আজ্ঞা লিপিবদ্ধ করিবেন ইতি।

কোর্টের জজদের মতের অনৈক্য হইলে নিষ্পত্তির কথা।

৬৬৮ ধারা। একের অধিক জন জজ লইয়া কোর্ট হইলে, ও কোন বিষয়ের যে নিষ্পত্তি করিতে হইবে তৎসম্পর্কে ঐ জজদের মতের অনৈক্য হইলে, যদি এক পক্ষে অধিকাংশ জজের মতের ঐক্য হইয়া থাকে তবে সেই অধিকাংশের মতানুসারে ঐ বিষয়ের নিষ্পত্তি হইবে।

কিন্তু যত জনের এক মত তত জনের বিপক্ষ মত থাকিলে পদজ্যেষ্ঠ জজ সাহেবের মত প্রবল হইবে ইতি।

Power to order execution of decree before ascertainment of costs and execution for costs subsequently

669. Whenever a Court considers it necessary that a decree made in the exercise of its ordinary original civil jurisdiction should be enforced before the amount of the costs incurred in the suit can be ascertained by taxation, the Court may order that the decree shall be executed forthwith, except as to so much thereof as relates to the costs,

and, as to so much thereof as relates to the costs, that the decree may be executed as soon as the amount of the costs shall be ascertained by taxation

Acts required to be done by pleader may be done by an attorney

670. Whenever in any suit or proceeding coming before a Court in the exercise of its ordinary original civil jurisdiction,

or in any appeal coming before a Court from a decision passed by such Court in the exercise of its ordinary original civil jurisdiction,

anything is directed by this Code to be done by or through a pleader,

such act may be done by or through an attorney of the Court

Proviso

Provided that no attorney shall, under the provisions of this section, be entitled to argue for any person in Court

Process of High Courts may be served by attorneys in suit

671 Notices to produce documents, summonses to witnesses, and every other judicial process, issued in the exercise of the ordinary original civil jurisdiction of the High Court, except writs of summons to defendants issued under section 62 and writs of execution, may be served by the attorneys in the suit or by persons employed by them, or in such other manner as the High Court by any rule or order from time to time directs

Power of Court to refer matters for investigation by Judge in chambers

672 If, in any suit instituted in the High Court in the exercise of its ordinary original civil jurisdiction, the Court hearing such suit is of opinion that any matter of account, detail, or other description may be more conveniently investigated by a Judge sitting in chambers, or by an officer of the Court,

খরচ নির্ণয় করিবার পূর্ব্বে ডিক্রী জারীর আজ্ঞা করিবার, ও পশ্চাৎ খরচসম্পর্কীয় কার্য্য সাধন করিবার ক্ষমতার কথা।

৬৬৯ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে কোর্টের সাধারণ ক্ষমতাক্রমে যে ডিক্রী করা যায়, সেই মোকদ্দমার যত টাকা খরচ লাগে টাক্স করণের দ্বারা ইহা নির্ণয় করিবার পূর্ব্বে সেই ডিক্রী প্রবল করা উচিত কোর্ট এমত বোধ করিলে, ডিক্রীর যে অংশে খরচ সম্পর্কীয় কথা আছে তদ্ভিন্ন অগৌণেই ঐ ডিক্রীর অন্য অংশ সাধন করিবার আজ্ঞা করিতে পারিবেন,

ও ঐ ডিক্রীর যে অংশে খরচ সম্পর্কীয় কথা আছে যত টাকা খরচ লাগিবে টাক্স করণদ্বারা ইহা নির্ণয় করা গেলেই তাহাও সাধন করিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

উকীলের দ্বারা যে কর্ম্ম হইবার বিধান আছে আটর্ণির দ্বারা তাহা হইতে পারিবার কথা।

৬৭০ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে কোর্টের সাধারণ ক্ষমতামতে কার্য্য হওনক্রমে কোর্টের সম্মুখে উপস্থিত করা কোন মোকদ্দমায় কি আনুষ্ঠানিক কার্য্যে,

কিম্বা দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে কোর্টের সাধারণ ক্ষমতামতে কার্য্য হওনক্রমে ঐ কোর্ট যে নিষ্পত্তি করিলেন তাহার উপর ঐ কোর্টের সম্মুখে উপস্থিত করা কোন আপীলে,

এই আইনমতে উকীলের কিম্বা উকীলদ্বারা কোন কার্য্য করিবার আদেশ থাকিলে,

ঐ কার্য্য কোর্টের কোন আটর্ণিকর্ত্তৃক কি তাঁহার দ্বারা করা যাইতে পারিবে।

উপবিধি।

কিন্তু এই ধারার বিধানমতে কোর্টের মধ্যে কোন ব্যক্তির পক্ষে আটর্ণির তর্ক বিতর্ক করিবার অধিকার নাই ইতি।

মোকদ্দমায় আটর্ণির দ্বারা হাই কোর্টের পরওয়ানা জারী হইতে পারিবার কথা।

৬৭১ ধারা। ৬২ ধারামতে প্রতিবাদিদের নামে সমনের কিম্বা ডিক্রী জারীর যে রিট বাহির হয় তদ্ভিন্ন, দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতামতে কার্য্য হওনক্রমে দলীল আনিয়া দেখাইবার যে নোটিস ও সাক্ষিদের নামে যে সমন ও আদালত সম্পর্কীয় অন্য যে পরওয়ানা বাহির হয় তাহা মোকদ্দমার আটর্ণিদের দ্বারা কিম্বা তাঁহাদের নিযুক্ত ব্যক্তিদের দ্বারা, কিম্বা হাই কোর্ট সময়ে২ কোন বিধি কি আজ্ঞাক্রমে অন্য যেরূপে আদেশ করেন সেইরূপে জারী করা যাইতে পারিবে ইতি।

চেম্বরগত জজের দ্বারা তদন্ত লওনার্থে কোর্টের কোন বিষয় অর্পণ করিবার ক্ষমতার কথা।

৬৭২ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণপক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতামতে কার্য্য হওনক্রমে ঐ কোর্টে কোন মোকদ্দমা উপস্থিত করা গেলে, এবং যে কোর্ট ঐ মোকদ্দমা শ্রবণ করেন চেম্বরে অধিষ্ঠিত কোন জজের কিম্বা কোর্টের কোন কার্য্যকারকের দ্বারা হিসাব কি

such Court may refer such matter for the consideration of a Judge in chambers, or the Registrar or some other officer, and such matter shall thereupon be investigated by such Judge or Registrar or other officer, who shall proceed with such investigation and make his report thereon

বিবরণ সম্পর্কীয় কি অন্য বিষয়ের তদন্ত লওয়া সুবিধা হয় সেই কোর্টের এই অভিমত থাকিলে, ঐ কোর্ট চেম্বরে অধিষ্ঠিত জজের কিম্বা রেজিষ্ট্রারের কি অন্য কোন কার্য্যকারকের বিবেচনার্থে সেই বিষয় অর্পণ করিতে পারিবেন। তাহা করিলে ঐ জজের কি রেজিষ্ট্রারের কি অন্য কার্য্যকারকের দ্বারা ঐ বিষয়ের তদন্ত লওয়া যাইবে ও তিনি সেই তদন্তের কার্য্য অনুষ্ঠান করিয়া তদ্বিষয়ের রিপোর্ট করিবেন।

Such report shall, if made by a Judge, be open to revision by any Court of Appeal to which the order or decree founded thereon may be appealable, and, if made by the Registrar or other officer, shall be open to revision by the Judge by whom the matter was so referred, or by such other Judge as the Chief Justice appoints in that behalf

জজের সেই রিপোর্ট হইলে তন্মূলক ডিক্রীর কি আজ্ঞার উপর যে আপীলী কোর্টের নিকট আপীল হইতে পারে সেই কোর্টের দ্বারা ঐ রিপোর্টের পুনর্বালোচনা হইতে পারিবে। রেজিষ্ট্রারের কি অন্য কার্য্যকারকের রিপোর্ট হইলে, যে জজ সেই বিষয় অর্পণ করিলেন তাঁহার দ্বারা কিম্বা চীফ জষ্টিস সাহেব ঐ কার্য্যপক্ষে অন্য যে জজকে নিযুক্ত করেন তাঁহার দ্বারা ঐ রিপোর্টের পুনর্বালোচনা হইতে পারিবে।

The Chief Justice shall from time to time determine in each case what Judge shall take or proceed with the investigation of any matter referred to a Judge under the provisions of this section

এই ধারার বিধানমতে কোন জজের প্রতি কোন বিষয় অর্পণ করা গেলে প্রত্যেক স্থলে যে জজ তাহা লইয়া তদন্তের কার্য্যে প্রবর্ত্ত হইবেন চীফ জষ্টিস সাহেব সময়েং তাঁহাকে নির্ণয় করিবেন ইতি।

673 The High Court may make general rules and orders for regulating the conduct of business and the procedure of a single Judge, Registrar, or other officer in respect of investigations under section 672

Power to make rules

৬৭৩ ধারা। ৬৭২ ধারামতে যে তদন্ত লওয়া যায় হাই কোর্ট এক জন জজ সাহেবের কিম্বা রেজিষ্ট্রারের কি অন্য কার্য্যকারকের তৎসম্পর্কীয় কর্ম্ম নির্ব্বাহ করিবার ও কার্য্য প্রণালীর বিধান করণার্থে সাধারণ বিধি ও আজ্ঞা করিতে পারিবেন।

বিধি করিবার ক্ষমতার কথা।

Provided that such rules and orders shall not be inconsistent with the provisions of this Code or of any other law

পরন্তু সেই বিধি ও আজ্ঞা যেন এই আইনের কি অন্য কোন আইনের বিধানের অসঙ্গত না হয় ইতি।

674 Whenever under any of the provisions of this Code the signature of a Judge of the High Court is required, the signature of the Registrar or of any other officer authorized in that behalf by the Chief Justice shall have the same effect as the signature of a Judge of the Court

Signature of Registrar or other appointed officer to have same effect as that of Judge

৬৭৪ ধারা। এই আইনের কোন বিধানমতে কোন পত্রাদিতে হাই কোর্টের কোন জজের স্বাক্ষর করা প্রয়োজন থাকিলে, রেজিষ্ট্রারের স্বাক্ষর কিম্বা এতৎকার্য্য পক্ষে চীফ জষ্টিস সাহেবের স্থানে ক্ষমতাপ্রাপ্ত অন্য কার্য্যকারকের স্বাক্ষর কোর্টের জজের স্বাক্ষরের তুল্য ফলবৎ হইবে ইতি।

রেজিষ্ট্রারের কি অন্য নিযুক্ত কার্য্যকারকের স্বাক্ষর জজের স্বাক্ষরের তুল্য হইবার কথা।

675 The Chief Justice shall from time to time declare what language shall be the language of the Court, in which all or any of the proceedings of the Court shall be conducted

Language of High Court

৬৭৫ ধারা। আদালতের ভাষা বলিয়া যে ভাষায় আদালতের আনুষ্ঠানিক সকল কি কোন কার্য্য নির্ব্বাহ হইবে, চীফ জষ্টিস সাহেব সময়েং তাহা নির্দ্দেশ করিবেন ইতি।

হাই কোর্টের ভাষার কথা।

676 The provisions of this Code relating to assessors shall without any order of Government extend to suits and appeals instituted or tried in the High Courts.

Provisions as to assessors to apply to High Courts

৬৭৬ ধারা। এই আইনে আসেসরদের বিষয়ে যেং বিধান আছে গবর্ণমেণ্টের আজ্ঞা বিনা সেইং বিধান হাই কোর্টে উপস্থিত ও বিচার করা মোকদ্দমার ও আপীলের প্রতি খাটিবে ইতি।

আসেসর বিষয়ক বিধান হাই কোর্টের প্রতি খাটিবার কথা।

677. Nothing herein contained shall debar the High Court from rescinding or modifying any interlocutory order passed by it in the course of a suit

Power to rescind or modify interlocutory order

678. Nothing in this Code shall be held to authorize a Vakil to appear, plead or act in the High Court in the exercise of its original civil jurisdiction

Vakils not to practise on the original side

679. The following sections shall not apply to the High Court in the exercise of its ordinary original civil jurisdiction, namely, sections 32, 33, 34, 35, and 39

Sections 32, 33 34, 35, and 39 not to apply to High Court

680 Any act not of a judicial nature which this Code requires to be done by a Judge, may be done by the Registrar of the Court or by such other officer of the Court as the Court may direct to perform such act

Non judicial acts may be done by Registrar

681. All summonses obtainable under this Act by the parties to a suit in the High Court, may be obtained from the proper officer by the attorneys of the parties respectively, and may be served by such attorneys on the persons named therein, and all rules contained in this Code relating to the service of summonses shall apply to summonses obtained under this section

Summonses may be obtained from Registrar by attorneys

PROCEDURE IN ADMIRALTY CASES

682 The procedure in civil cases brought before the High Court in the exercise of its Admiralty or Vice-Admiralty jurisdiction shall be regulated, so far as the circumstances of the case will permit, by the rules prescribed in this Code

Procedure in admiralty cases

In the following cases in the exercise of such jurisdiction, (namely)—

(*a*) cases in which a ship, or a ship and cargo have been or are to be proceeded against or arrested,

৬৭৭ ধারা। কোন মোকদ্দমা চলনের সময়ে হাই কোর্ট তদ্ঘটিত যে আজ্ঞা করেন এই আইনের কোন কথার দ্বারা কোর্টের সেই আজ্ঞা রহিত কি মতান্তর করিবার বাধা নাই ইতি।

মোকদ্দমা চলনকালীন আজ্ঞা রহিত কি মতান্তর করিবার ক্ষমতার কথা।

৬৭৮ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণ পক্ষে হাই কোর্টের ক্ষমতামতে কার্য্যকরণকালের উকীল সেই কোর্টে উপস্থিত হইয়া পক্ষসমর্থন কি ওকালতী করিতে ক্ষমতাপন্ন হন, এই আইনের কোন কথার এমত ভাব জানিতে হইবে না ইতি।

আদৌ বিচার করণ পক্ষে মোকদ্দমার উকীলদের ওকালতী না করিবার কথা।

৬৭৯ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণ পক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতামতে কার্য্য করণ কালে, হাই কোর্টের প্রতি ৩২, ৩৩, ৩৪, ৩৫ ও ৩৯ ধারা বর্ত্তিবে না ইতি।

৩২, ৩৩, ৩৪, ৩৫ ও ৩৯ ধারা হাই কোর্টের প্রতি না বর্ত্তিবার কথা।

৬৮০ ধারা। যে কার্য্য বিচারকার্য্যের ভাবাপন্ন নয় এই আইনক্রমে জজের প্রতি সেই কার্য্য করিবার আদেশ থাকিলে, কোর্টের রেজিষ্ট্রারের দ্বারা কিম্বা কোর্টের অন্য যে কার্য্যকারককে ঐ কোর্ট সেই কর্ম্ম করিতে আজ্ঞা করেন তাঁহার দ্বারা সেই কর্ম্ম করা যাইতে পারিবে ইতি।

যে কার্য্য বিচারসম্পর্কীয় নয় রেজিষ্ট্রারের দ্বারা সেই কার্য্য হইতে পারিবার কথা।

৬৮১ ধারা। হাই কোর্টে উপস্থিত করা মোকদ্দমার উভয় পক্ষ এই আইনমতে যে সকল সমন বাহির করিয়া লইতে পারেন, তাহা ঐ২ পক্ষের আটর্ণিদের দ্বারা উপযুক্ত কার্য্যকারকের স্থানে পাওয়া যাইতে পারিবে, ও সমনে যে ব্যক্তিদের নাম লেখা যায় ঐ আটর্ণিদের দ্বারা তাঁহাদিগকে ঐ সমন দেওয়া যাইতে পারিবে। এবং এই আইনে সমন জারী করণ বিষয়ক যে সকল বিধি আছে তাহা এই ধারামতে বাহির করা সমনেরও প্রতি খাটিবে ইতি।

রেজিষ্ট্রারের স্থানে আটর্ণিদের সমন পাইতে পারিবার কথা।

সমুদ্রগত জাহাজসম্পর্কে যে মোকদ্দমা হয় তদ্বিষয়ক কার্য্যপ্রণালীর বিধি।

৬৮২ ধারা। আডমিরলটী কি বৈস-আডমিরলটী সম্পর্কীয় হাই কোর্টের বিচারাধিপত্যক্রমে যে সকল দেওয়ানী মোকদ্দমা হাই কোর্টে উপস্থিত করা যায়, ভাবগতিক বিবেচনায় যত দূর হইতে পারে তত দূর এই আইনের নির্দ্দিষ্ট বিধিমতে ঐ২ মোকদ্দমার কার্য্যানুষ্ঠান হইবে,

আডমিরলটী মোকদ্দমার কার্য্যপ্রণালীর কথা।

সেই বিচারাধিপত্যক্রমে কার্য্য করত নিম্নলিখিত মোকদ্দমায়, অর্থাৎ

(ক) যে মোকদ্দমায় জাহাজের কিম্বা জাহাজ ও মালের বিপক্ষ কার্য্যানুষ্ঠান হইয়াছে কি হইবে কিম্বা জাহাজ কি জাহাজ ও মাল আটক করা গিয়াছে কি করিতে হইবে,

(*b*) cases in which goods only have been or are to be proceeded against or arrested, either for the purpose of proceeding against the goods or the freight due thereon,

(*c*) cases in which property has been or is arrested and no party has appeared or appears at the return of the warrant, and

(*d*) all other cases in the exercise of Admiralty or Vice-Admiralty jurisdiction in which the rules contained in this Code are not applicable,

the practice and procedure shall be regulated as nearly as possible by the Rules and Regulations made and ordained by His late Majesty King William the Fourth in Council in pursuance of the Second of William the Fourth, Chapter 51, and touching the practice to be observed in the several Courts of Vice-Admiralty in the Colonies, except so far as such rules may be inconsistent with the Twenty-fourth and Twenty-fifth of Victoria, Chapter 104, or with the Letters Patent granted in pursuance thereof

683 In suits for mariners' wages brought before the High Court in the exercise of Admiralty or Vice-Admiralty jurisdiction, any number of mariners may proceed jointly in one suit

Joinder of mariners in suits for wages

MATTERS TESTAMENTARY AND INTESTATE.

684. The procedure in all cases brought before the High Court in the exercise of its original Testamentary and Intestate jurisdiction shall be regulated, as far as the circumstances of the case will admit, by the rules of procedure laid down in the Indian Succession Act, 1865, whether the Act itself applies to the case or not In cases to which such rules are inapplicable, the procedure shall, so far as possible, be regulated by this Code

Procedure in testamentary and intestate cases

INSOLVENT JURISDICTION

685. Nothing in this Part shall extend or apply to any High Court in the exercise of its jurisdiction as an Insolvent Court

Code not to affect High Court in exercise of insolvent jurisdiction

(খ) যে মোকদ্দমায় মালের বিপক্ষ কিম্বা মালের উপর পাওনা ভাড়ার বিপক্ষ কার্য্যানুষ্ঠান হইবার উদ্দেশে কেবল মালের উপর কার্য্যানুষ্ঠান হইযাছে কি হইবে কিম্বা মাল আটক রাখা গিযাছে কি রাখিতে হইবে।

(গ) যে মোকদ্দমায় সম্পত্তি ধৃত করা গিযাছে কি আটক হইযাছে ও পরওযানার আদেশমতে কোন ব্যক্তি উপস্থিত হইল না ও হয না। ও

(ঘ) আডমিরলটী কি বৈস-আডমিরলটী সম্পর্কীয় বিচারাধিপত্যক্রমে কার্য্য করত অন্য যে সকল মোকদ্দমায় এই আইনের বিধি না খাটে, সেই সকল মোকদ্দমায়,

মৃত্ত চতুর্থ উলিয়ম রাজার দ্বিতীয় বৎসরের আইনের ৫১ অধ্যায অনুসারে উক্ত চতুর্থ উলিযম রাজা মন্ত্রিসভায অধিষ্ঠিত হইযা যে২ বিধি ও বিধান করিলেন এবং উপনিবেশে বৈস-আডমিরলটীর আদালতের যে রীতির বিধান করিলেন তাহা যত দূর মহারাণী বিকটবিয়ার ২৪ ও ২৫ বৎসরের আইনের ১০৪ অধ্যায়ের কিম্বা তদনুযায়ি দত্ত পেটেণ্ট পত্রের অসঙ্গত না হয়, তত দূর সাধ্যানুসারে সেই বিধি ও বিধানমতে উক্ত মোকদ্দমার কার্য্য চলন হইবে ইতি।

৬৮৩ ধারা। আডমিরলটী কি বৈস-আডমিরলটী সম্পর্কীয় বিচারাধিপত্যক্রমে কার্য্যপক্ষে হাই কোর্টে নাবিকদের বেতন পাইবার মোকদ্দমা উপস্থিত করা গেলে, নাবিকদের যত জন হউন একি মোকদ্দমায় একত্র কার্য্যানুষ্ঠান করিতে পারিবেন ইতি।

বেতনের নিমিত্ত নাবিকদের সংযুক্ত হইয়া মোকদ্দমা করিবার কথা।

উইল লিখিযা কি না লিখিয়া মরণ সম্পর্কীয় বিধি।

৬৮৪ ধারা। কোন ব্যক্তি উইল লিখিযা কি না লিখিয়া মরিলে তৎসম্পর্কীয মোকদ্দমা আদৌ বিচার করণের ক্ষমতা সম্পর্কে যে সকল মোকদ্দমা হাই কোর্টের সম্মুখে উপস্থিত করা যায়, সেই মোকদ্দমার প্রতি ভারতবর্ষীয উত্তরাধিকারিত্ব বিষযক ১৮৬৫ সালের আইন বর্ত্তিলে কি না বর্ত্তিলেও ভাবগতিক বিবেচনায় যত দূর হইতে পারে তত দূর সেই আইনের নির্দ্দিষ্ট কার্য্যপ্রণালীর বিধিমতে কার্য্য চলিবে। ঐ২ বিধি বর্ত্তিতে না পারিলে, সাধ্যমতে এই আইনের বিধানানুসারে কার্য্য চলিবে ইতি।

উইল লিখিয়া কি না লিখিয়া মরণ সম্পর্কীয় মোকদ্দমায় কার্য্যপ্রণালীর কথা।

ঋণ শোধ করিতে অক্ষম ব্যক্তি সম্পর্কে বিচারাধিপত্য বিষয়ক বিধি।

৬৮৫ ধারা। যোত্রহীন ঋণীদের বিচারার্থ আদালতস্বরূপ কোন হাই কোর্টের বিচারাধিপত্যক্রমে কার্য্য করণ সম্পর্কে এই ভাগের কোন কথা ব্যাপ্ত হইয়া বর্ত্তিবে না ইতি।

ঋণশোধে অক্ষম ব্যক্তিদের সম্পর্কে হাই কোর্টের বিচারাধিপত্য প্রতি এই আইন না বর্ত্তিবার কথা।

PART X

MISCELLANEOUS

High Court consisting of a single Judge

686 When in any part of British India in which this Code operates, the highest Civil Court of appeal consists of a single Judge, he shall have all the powers vested by this Code in two or more Judges of the High Court

Powers of highest Court of appeal consisting of single Judge

Assessors

687. In any Court to which the provisions of this section and of the next succeeding section are extended by an order of the Local Government, notified in the official Gazette, the Court may order the hearing of any suit to be conducted in the presence and with the aid of two or more assessors as members of the Court

Power to order hearing of suits with assessors and to appoint them

The Court shall have power to appoint such assessors if willing to serve

688. The opinion of each assessor, if given orally, shall be recorded in writing by the Court, but such opinion shall be in no way binding upon the Judge, with whom exclusively the decision of the suit shall rest

Recording and effect of opinion of assessors

Service of Process

689 Wherever this Code provides that any notice, summons, letter or other communication may be sent to the person to whom it is addressed by post, proof that the same was correctly addressed to such person at his place of residence, and that it was posted and registered according to the law for the time being regulating the management of the Post Office shall, in the absence of evidence to the contrary, be sufficient proof of the due service and delivery of the notice, summons, letter, or other communication

Proof of due service and delivery of process sent by post

690 Every process required to be issued under this Code shall be served at the expense of the party at whose instance it is issued, unless the Court otherwise directs

Process to be served at expense of party issuing it

দশম ভাগ।

বিবিধ বিধি।

একি জন জজ লইয়া হাই কোর্ট বিষয়ক বিধি।

৬৮৬ ধারা। ব্রিটনীয় ভারতবর্ষের যে কোন স্থানে এই আইনের বিধান প্রচলিত হয় সেই স্থানে আপীল শ্রবণের উচ্চতম আদালত যদি একমাত্র জজ লইয়া হয়, তবে এই আইনমতে হাই কোর্টের দুই কি তদধিক জন জজের প্রতি যে সকল ক্ষমতা অর্পিত হইল ঐ এক জন জজের সেই সকল ক্ষমতা থাকিবে ইতি।

একিজন জজ লইয়া আপীল শ্রবণের উচ্চতম আদালতের ক্ষমতার কথা।

আসেসরবিষয়ক বিধি।

৬৮৭ ধারা। স্থানীয় গবর্ণমেণ্টের রাজকীয় গেজেটে প্রকাশিত কোন আজ্ঞাক্রমে এই ধারার ও ইহার পশ্চাৎ ধারার বিধান কোন আদালতে প্রচলিত করা গেলে, ঐ আদালত আদালতের সদস্য বলিয়া দুই কি তদধিক জন আসেসরদের সাক্ষাৎ ও তাঁহাদের সহকারিতায় কোন মোকদ্দমা শ্রবণের কার্য্য চলিবার আজ্ঞা করিতে পারিবেন।

আসেসরদিগকে লইয়া মোকদ্দমা শুনিতে আজ্ঞা করিবার ও তাঁহারদিগকে নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

যাঁহারা ঐ কর্ম্ম করিতে সম্মত হন আদালত তাঁহাদিগকে আসেসরস্বরূপ নিযুক্ত করিতে সক্ষম হইবেন ইতি।

৬৮৮ ধারা। প্রত্যেক জন আসেসর আপনার অভিমত বাচনিক জানাইলে তাহা আদালতের দ্বারা লিপিবদ্ধ করা যাইবে। কিন্তু জজ সেই অভিমতে কোন প্রকারে আবদ্ধ হইবেন না, মোকদ্দমা নিষ্পত্তি করণের ভার কেবল তাঁহারই প্রতি বর্ত্তে ইতি।

আসেসরদের অভিমত লিপিবদ্ধ করণের ও সেই অভিমতের ফলের কথা।

পরওয়ানা জারীকরণ বিষয়ক বিধি।

৬৮৯ ধারা। কোন নোটিস কি সমন কি পত্র কি অন্য লিখন যাঁহার নামে দেওয়া যায় এই আইনে ডাকযোগে তাঁহার নিকট পাঠাইবার বিধান থাকিলে, শিরোনামায় ঐ ব্যক্তির বাসস্থান ঠিক লেখা গিয়াছে, ও ডাকঘরের কার্য্য চালাইবার বিধান করণার্থে যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে ঐ পত্রাদি ডাকে দেওয়া ও রেজিষ্টরী করা গেল ইহার প্রমাণ হইলেই, ভাবান্তরের প্রমাণ না থাকলে সেই প্রমাণটি ঐ নোটিস কি সমন কি পত্র কি অন্য লিখন উপযুক্তমতে জারী হইয়া দেওয়া যাইবার প্রভুত প্রমাণ হইবে ইতি।

পরওয়ানা ডাকযোগে পাঠান গেলে তাহা নিয়মমতে জারী করিয়া দেওয়ার প্রমাণের কথা।

৬৯০ ধারা। এই আইনমতে যে প্রত্যেক পরওয়ানা জারী করিবার আদেশ থাকে, যে ব্যক্তির অনুরোধে ঐ পরওয়ানা বাহির হয়, আদালত প্রকারান্তরের আজ্ঞা না করিলে তাঁহারই খরচে ঐ পরওয়ানা জারী হইবে।

যাঁহার অনুরোধে পরওয়ানা বাহির হয় তাঁহার খরচে জারী করিবার কথা।

The sum required to defray the costs of such service shall be paid into Court before the process is issued, within a period to be fixed by the Court issuing the process

Postage, where chargeable on any notice, summons, letter, or other communication forwarded by post, and the fee for registering the same, shall be costs required to be paid as aforesaid within the meaning of this section

Fixing of costs of service

In fixing the costs to be paid for service of process, regard shall be had to any law or to any rules issued by the High Court for fixing the amount of such costs

Service in Presidency Towns of Mofussil Process.

Service within limits of local jurisdiction of High Courts, of process issued by Courts without those limits

691 Whenever any process issued by any Court established beyond the local limits of the ordinary original civil jurisdiction of a High Court is to be served within the local limits of such Court, it shall be delivered to the Court of Small Causes within whose jurisdiction the process is to be served,

and shall be executed by such Court of Small Causes in the same manner as if such process had been issued by such Court,

and after having been so executed shall be returned to the Court by which it was issued

The delivery of the process to the Court required to execute the same, and its return to the Court by which the process was issued, may be by an officer of the Court which issued the process, or by post

Exemption from Personal Appearance

Exemption of certain women from personal appearance

692 Women, who according to the customs and manners of the country ought not to be compelled to appear in public, shall be exempt from personal appearance in Court

But nothing herein contained shall be deemed to exempt such women from arrest in execution of civil process

Local Government may exempt certain persons from personal appearance

693 The Local Government may, at its discretion, exempt from personal appearance in Court, whether summoned by his opponent or called for by the presiding Judge, any person whose rank, in the opinion of such Government, entitles him to

পরওয়ানা জারী করিবার খরচ বাবে যত টাকার প্রয়োজন হয়, যে আদালত পরওয়ানা দেন ঐ আদালতের নিরূপিত মিয়াদের মধ্যে পরওয়ানা বাহির হইবার পুর্ব্বে তত টাকা আদালতে গচ্ছিত করিতে হইবে।

কোন নোটিস কি সমন কি পত্র কি অন্য লিখন ডাকযোগে পাঠাইতে হইলে তাহার ডাকমাসুল ও তাহা রেজিষ্টরী করিবার ফী খরচ বলিয়া এই ধারার অর্থানুসারে পূর্ব্বোক্তমতে দিতে হইবে।

জারী করিবার খরচ নিরূপণের কথা।

পরওয়ানা জারী করিবার খরচ নির্ণয় করিতে গেলে, হাই কোর্ট ঐ প্রকারের খরচ নির্ণয় করিবার যে ব্যবস্থা কি বিধি প্রচার করিয়া থাকেন তৎপ্রতি মনোযোগ করিতে হইবে ইতি।

মফঃসলের পরওয়ানা রাজধানীতে জারীকরণ বিষয়ক বিধি।

হাই কোর্টের বিচারাধীন স্থানের সীমার বহির্ভূত আদালতের পরওয়ানা ঐ সীমার মধ্যে জারী করিবার কথা।

৬৯১ ধারা। দেওয়ানী মোকদ্দমা আদৌ বিচার করণ পক্ষে হাই কোর্টের সাধারণ ক্ষমতা যে সীমাব্যাপ্ত হয় সেই সীমার বহির্ভূত কোন আদালতের পরওয়ানা ঐ হাই কোর্টের সীমার মধ্যে জারী করিতে হইলে, ক্ষুদ্র মোকদ্দমার যে আদালতের বিচারাধীন স্থানে ঐ পরওয়ানা জারী করা যাইবে সেই আদালতে দিতে হইবে।

এবং ক্ষুদ্র মোকদ্দমার সেই আদালত ঐ পরওয়ানা বাহির করিলে তাহা যে প্রকারে জারী করা যাইত সেই প্রকারে সেই আদালতের দ্বারা জারী করা যাইবে।

তদ্রূপে জারী করা গেলে পর যে আদালতহইতে বাহির হইয়াছিল সেই আদালতে ফিরিয়া দেওয়া যাইবে।

যে আদালতের দ্বারা পরওয়ানা জারী করিতে আদেশ থাকে সেই আদালতে ঐ পরওয়ানা দেওনের ও যে আদালতহইতে বাহির হইল তাঁহার নিকট ফিরিয়া দেওনের কার্য্য শেষোক্ত আদালতের কোন আমলা দ্বারা কি ডাকযোগে হইতে পারিবে ইতি।

আদালতে প্রবেশনহইতে মুক্তি বিষয়ক বিধি।

কোন২ স্ত্রীলোকদের আদালতে প্রবেশনহইতে মুক্ত থাকার কথা।

৬৯২ ধারা। দেশের আচার ও রীতিমতে যে স্ত্রীলোকদের বলপূর্ব্বক প্রকাশ স্থানে আনা উচিত নয়, তাঁহারা আদালতে প্রবেশন হইতে মুক্ত থাকিবেন।

কিন্তু এই ধারার কোন কথাক্রমে ঐ প্রকারের স্ত্রীলোককে দেওয়ানী পরওয়ানা জারী করণক্রমে ধরা যাইতে পারে না এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

কোন২ ব্যক্তিকে আদালতে প্রবেশনহইতে মুক্ত করিতে স্থানীয় গবর্ণমেণ্টের ক্ষমতার কথা।

৬৯৩ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট কোন ব্যক্তিকে উচ্চ শ্রেণী বিবেচনায় আদালতে প্রবেশনহইতে মুক্ত থাকার স্বত্বদান জ্ঞান করিলে, সেই ব্যক্তির বিপক্ষ পক্ষ তাঁহার নামে সমন দিলে, কিম্বা কর্ত্তৃপক্ষ জজ তাঁহাকে আহ্লান করি-

the privilege of exemption, and may at its discretion withdraw such privilege

লেও ঐ গবর্ণমেণ্ট স্বীয় বিবেচনামতে তাঁহাকে আদালতে প্রবেশনহইতে মুক্ত করিতে পারিবেন। ও স্বীয় বিবেচনামতে সেই অনুগ্রহ রহিতও করিতে পারিবেন ইতি।

694 The names of the persons so exempted and residing within the jurisdiction of the District Court, shall from time to time be forwarded to such Court by the Local Government, and a list of such persons shall be kept in such Court and in the several subordinate Courts of the district

List of names of persons exempted to be kept in the District Court

৬৯৪ ধারা। জিলার আদালতের এলাকার সীমার মধ্যবাসি যে ব্যক্তিদিগকে তদ্রূপে মুক্ত করা যায়, স্থানীয় গবর্ণমেণ্ট সময়ে২ সেইং আদালতে তাঁহাদের নাম পাঠাইবেন, ও সেই ব্যক্তিদের নামনির্ঘণ্ট উক্ত আদালতে ও ঐ জিলার আদালতের অধীন সকল আদালতে রাখিতে হইবে ইতি।

যাঁহাদিগকে মুক্ত করা যায় জিলাআদালতে তাঁহাদের নামনির্ঘণ্ট রাখিবার কথা।

695. When any person so exempted claims the privilege of such exemption, and it is consequently necessary to examine him by commission, he must pay the costs of that commission

Costs of commission rendered necessary by claiming privilege

৬৯৫ ধারা। তদ্রূপে মুক্ত করা কোন ব্যক্তি সেই মুক্তিরূপ অধিকারের দাওয়া করাতে তাঁহার পরীক্ষা লইবার জন্যে কমিশ্যন নিযুক্ত করিবার আবশ্যক হইলে, সেই কমিশ্যনের খরচ তাঁহারই দিতে হইবে ইতি।

সেই অনুগ্রহের দাওয়া হইলে কমিশ্যন নিযুক্ত করার প্রয়োজন হওয়াতে খরচের কথা।

Exemption from Arrest

আসেধ হইতে মুক্তি বিষয়ক বিধি।

696 Except as hereinafter provided, no person shall be liable to arrest under this Code while attending, going to, or returning from the Court, either in obedience to a summons or as a party to a suit, appeal, or other proceeding

Persons exempt from arrest

৬৯৬ ধারা। পশ্চাৎ লিখিত বিধানের স্থলভিন্ন কোন ব্যক্তি সমন মানিয়া কিম্বা মোকদ্দমার কি আপীলের কি মোকদ্দমাঘটিত কোন কার্য্যের এক পক্ষ হইয়া যে সময়ে আদালতে থাকেন কি গমন কি প্রত্যাগমন করেন, সেই সময়ে তাঁহাকে এই আইনমতে গ্রেপ্তার করা যাইতে পারিবে না ইতি।

যাঁহারা আসেধ হইতে মুক্ত তাঁহাদের কথা।

Offences in Court

আদালতের মধ্যে অপরাধ বিষয়ক বিধি।

697. If any plaint, written statement, or declaration in writing required by this Code to be verified contains any averment which the person making the verification knows or believes to be false, or does not know or believe to be true, such person shall be subject to punishment according to the provisions of the law for the punishment of giving or fabricating false evidence

Punishment for verifying false plaint statement, or declaration

৬৯৭ ধারা। এই আইনে কোন আবেদনপত্রে কি বর্ণনাপত্রে কি নির্দ্দেশপত্রে সত্যাকরণের কথা লিখিবার আদেশ থাকিলে, যে ব্যক্তি ঐ সত্যাকরণের কথা লেখেন তিনি যাহা মিথ্যা জানিতেন কি মিথ্যা বলিয়া জ্ঞান করিতেন কিম্বা সত্য বলিয়া না জানিতেন কি বিশ্বাস না করিতেন ঐ পত্রের মধ্যে এমন কথা থাকিলে, আইনে মিথ্যা সাক্ষ্য দেওনের কি প্রস্তুত করণের যে দণ্ডের বিধান আছে তাঁহার সেই দণ্ড হইতে পারিবে ইতি।

মিথ্যা আবেদনপত্রে কি বর্ণনাপত্রে কি নির্দ্দেশপত্রে সত্যাকরণের কথা লিখিবার দণ্ডের কথা।

698 When in a case pending before any Court, any person appears to the Court to have been guilty of an offence punishable under section 193, 194, 195, 196, 199, 200, 205, 206, 207, 208, 209, or 210 of the Indian Penal Code, the Court may commit such person to take his trial for the offence before the proper Court, or,

Procedure when certain offences under chapter XI of Penal Code are committed in case pending before Court

৬৯৮ ধারা। কোন আদালতের সম্মুখে উপস্থিত কোন মোকদ্দমায় আদালত কোন ব্যক্তিকে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৯৩, ১৯৪, ১৯৫, ১৯৬, ১৯৯, ২০০, ২০৫, ২০৬, ২০৭, ২০৮, ২০৯ কি ২১০ ধারামতে দণ্ডনীয় কোন অপরাধের অপরাধি জ্ঞান করিলে, আদালত ঐ অপরাধের নিমিত্ত উপযুক্ত আদালতের সম্মুখে বিচার হইবার নিমিত্ত ঐ ব্যক্তিকে সমর্পণ করিতে পারিবেন, অথবা

আদালতের সম্মুখে উপস্থিত মোকদ্দমায় দণ্ডবিধির আইনের ১১ অধ্যায়ের উল্লিখিত কোনং অপরাধ করা গেলে তদ্বিষয়ের কথা।

after making such preliminary enquiry as is necessary, may send the case for investigation to any Magistrate having jurisdiction to try or commit

প্রথম স্থলীয় যে অনুসন্ধান লওয়া আবশ্যক তাহা লইয়া অভিযোগের অপরাধ হেতুক অভিযুক্ত ব্যক্তির বিচার করিবার কিম্বা বিচারার্থে সমর্পণ করিবার

for trial the accused person for the offence charged, and such Magistrate shall thereupon proceed according to law

699 The Court may send the person accused in custody or take sufficient bail for his appearance before the Magistrate, and may bind over any person to appear and give evidence before the Magistrate

Court may take bail and bind over witnesses to give evidence

700 When the commitment is made by the Court, the Court shall frame a charge in the manner provided in Chapter XXXIII of the Code of Criminal Procedure, and shall send the same with the order of commitment and the record of the case to the Magistrate, and such Magistrate shall bring the case, together with the witnesses for the prosecution and defence, before the Court of Session

Charge to be framed and sent to Magistrate

701 When any person appears to the Court to have been guilty in any suit or proceeding before such Court of any of the offences described in sections 172, 173, and 174 of the Indian Penal Code, the Court may direct the person accused to be brought before it, and may either proceed as provided in the last three preceding sections, or may send him in custody to the Magistrate, or take sufficient bail for his appearance before the Magistrate, and the Magistrate shall thereupon proceed according to law

Procedure in certain cases of contempt of lawful authority of public servants

702 When in a case pending before any Court, there appears to the Court sufficient ground for sending for investigation to the Magistrate a charge of any such offence as is described in section 463, 471, 474, 475, 476 or 477 of the Indian Penal Code, which may be preferred in respect to any document offered in evidence in the case, the Court may send the person accused in custody to the Magistrate, or take sufficient bail for his appearance before the Magistrate

Procedure in case of certain offences relating to documents

The Court shall send to the Magistrate the evidence and documents relevant to the charge, and shall bind over any person to appear and give evidence before such Magistrate

The Magistrate shall receive such charge and proceed with it according to law

GENERAL RULES.

703 The High Court shall have power to make and issue general rules, not inconsistent with the provisions of this Code or of

Power of High Court to make general rules

ক্ষমতাপন্ন কোন মাজিষ্ট্রেটের তদন্ত লইবার জন্যে মোকদ্দমা পাঠাইতে পারিবেন। তাহা হইলে ঐ মাজিষ্ট্রেট আইন অনুসারে কার্য্যানুষ্ঠান করিবেন ইতি।

৬৯৯ ধারা। আদালত অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির জিম্মায় পাঠাইতে কিম্বা মাজিষ্ট্রেটের সম্মুখে তাঁহার উপস্থিত হইবার হাজির-জামিন লইতে পারিবেন। ও মাজিষ্ট্রেটের সম্মুখে উপস্থিত হইয়া সাক্ষ্য দেওনার্থে কোন ব্যক্তিকে প্রতিজ্ঞাবদ্ধ করিতে পারিবেন ইতি।

প্রমাণ দিবার জন্যে আদালতের হাজির জামিন লইবার ও সাক্ষিদিগকে প্রতিজ্ঞাবদ্ধ করিবার কথা।

৭০০ ধারা। আদালত ঐ ব্যক্তিকে সমর্পণ করিলে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের ৩৩ অধ্যায়ের বিধানানুসারে অভিযোগপত্র লিখিয়া, সমর্পণ করণের আজ্ঞা ও মোকদ্দমার কাগজপত্র সহিত সেই অভিযোগপত্র মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইবেন। ঐ মাজিষ্ট্রেট সেই মোকদ্দমা ও অভিযোগের ও প্রতিবাদের সপক্ষ সাক্ষিদিগকে সেশন আদালতের সম্মুখে উপস্থিত করিবেন ইতি।

অভিযোগপত্র লিখিয়া মাজিষ্ট্রেটের নিকট পাঠাইবার কথা।

৭০১ ধারা। আদালতের সম্মুখে উপস্থিত কোন মোকদ্দমায় কি মোকদ্দমা-ঘটিত কার্য্যে আদালত কোন ব্যক্তিকে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ১৭২ ও ১৭৩ ও ১৭৪ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধের অপরাধি বলিয়া জ্ঞান করিলে, অভিযুক্ত ব্যক্তিকে আপনার সম্মুখে আনাইতে আজ্ঞা করিয়া ইহার পূর্ব্ব তিন ধারার বিধানানুসারে কার্য্য করিতে পারিবেন, কিম্বা প্রহরির জিম্মায় দিয়া তাঁহাকে মাজিষ্ট্রেটের নিকটে পাঠাইতে, কিম্বা মাজিষ্ট্রেটের সম্মুখে তাহার উপস্থিত হইবার হাজিরজামিন লইতে পারিবেন। তাহা হইলে ঐ মাজিষ্ট্রেট আইন অনুসারে কার্য্যানুষ্ঠান করিবেন ইতি।

রাজকীয় কার্য্যকারকদের বৈধ ক্ষমতার অবজ্ঞা হইলে কোন২ স্থলে কার্য্যপ্রণালীর কথা।

৭০২ ধারা। কোন আদালতের সম্মুখে উপস্থিত কোন মোকদ্দমায় প্রমাণস্বরূপ যে দলীল উপস্থিত করা যায়, তৎসম্পর্কে ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের ৪৬৩, ৪৭১, ৪৭৪, ৪৭৫, ৪৭৬ কি ৪৭৭ ধারার নির্দ্দিষ্ট কোন অপরাধের অভিযোগ উপস্থিত করা গেলে ও আদালতের বিবেচনায় মাজিষ্ট্রেটের তদন্ত লওনার্থে তাঁহার নিকট সেই অভিযোগ পাঠাইবার প্রভূত কারণ থাকিলে, আদালত অভিযুক্ত ব্যক্তিকে প্রহরির জিম্মায় দিয়া মাজিষ্ট্রেটের নিকট পাঠাইতে, কিম্বা মাজিষ্ট্রেটের সম্মুখে তাঁহার উপস্থিত হইবার হাজিরজামিন লইতে পারিবেন।

দলীলবিষয়ক কোন২ অপরাধের স্থলে কার্য্যপ্রণালীর কথা।

আদালত মাজিষ্ট্রেটের নিকট অভিযোগ সংক্রান্ত প্রমাণ ও দলীল পাঠাইবেন ও সেই মাজিষ্ট্রেটের সম্মুখে কোন ব্যক্তিকে উপস্থিত হইয়া সাক্ষ্য দিতে প্রতিজ্ঞাবদ্ধ করিবেন।

মাজিষ্ট্রেট সেই অভিযোগ গ্রহণ করিয়া আইন-অনুসারে কার্য্যানুষ্ঠান করিবেন ইতি।

সাধারণ বিধি।

৭০৩ ধারা। হাই কোর্ট আপনার ও তদধীন সকল আদালতের রীতির ও আনুষ্ঠানিক কার্য্যের বিধান করণার্থ সাধারণ বিধি

হাই কোর্টের সাধারণ বিধি করিবার ক্ষমতার কথা।

any other law, for regulating the practice and proceedings of that Court and the Courts subordinate thereto, and from time to time to alter any such rules

All rules framed under this section shall be published in the official Gazette of the place where the High Court is held

Power to frame forms.

704. The High Court shall have power to frame forms for every proceeding in such Court and the suborbinate Courts, for which the High Court thinks it necessary that form should be provided, for keeping all books, entires and accounts to be kept by the officers, and for the preparation and submission of any statements to be prepared and submitted by such Courts

Use of forms in fourth schedule

Subject to the power conferred on the High Court by the former part of this section the forms set forth in the fourth schedule hereto annexed, with such variation as the circumstances of each case require, may be used for the respective purposes therein mentioned

Ministerial Officers

Ministerial officers

705 The Local Government shall fix the establishments of ministerial and other officers requisite for the Courts other than the High Court within the limits of its jurisdiction, and with the sanction of the Governor-General in Council shall assign to such officers such salaries as from time to time such Government thinks fit

High Courts to define duties of all ministerial officers

The High Court may define and prescribe the duties to be performed by the ministerial and other officers on its establishment, as well as by the ministerial and other officers on the establishments of subordinate Courts

Language of Courts

Language of subordinate Courts

706. The language which, at the time this Code comes into operation, is the language of any subordinate Court, shall continue to be the language of such Court until the Local Government otherwise orders,

But it shall be lawful for the Local Government from time to time to declare what language shall be the language of every such Court in which all or any of the proceedings shall be conducted

Exemption of Advocates

Exemption of advocates from filling powers

707 No advocate of any High Court shall be required to file or present a mukhtarnama or wakalatnama, or any other document empowering him to act.

প্রণয়ন করিয়া প্রচার করিতে পারিবেন ও সময়ে২ উক্ত কোন বিধি পরিবর্ত্তনও করিতে পারিবেন। কিন্তু সেই বিধি এই আইনের কি অন্য কোন আইনের অসঙ্গত না হয়।

হাই কোর্টের যে স্থানে অধিবেশন হইয়া থাকে সেই স্থানের রাজকীয় গেজেটে এই ধারামতে প্রণীত সকল বিধি প্রকাশ করা যাইবে ইতি।

পাঠ নিরূপণ করিবার ক্ষমতার কথা।

৭০৪ ধারা। হাই কোর্ট আপনার ও তদধীন নানা আদালতের রূবকারী লিখিবার পাঠের বিধান করা আবশ্যক জ্ঞান করিলে তাহার পাঠ ও আমলাগণের যে২ বহী রাখিতে ও তন্মধ্যে যে২ দফা ও হিসাব লিখিতে হইবে তাহার পাঠ ও ঐ২ আদালতের যে কোন বর্ণনাপত্র প্রস্তুত করিয়া অর্পণ করিতে হইবে তাহা প্রস্তুত ও অর্পণ করিবার পাঠ নিরূপণ করিতে সক্ষম হইবেন।

চতুর্থ তফসীলের পাঠের কথা।

এই ধারার পূর্ব্ব ভাগে হাই কোর্টের প্রতি যে ক্ষমতা প্রদান করা গেল তাহা প্রবল মানিয়া, এই আইনের চতুর্থ তফসীলের উল্লিখিত নানা পাঠের কথা প্রত্যেক স্থলের ভাবগতিকের প্রয়োজনমতে পরিবর্ত্তন করিয়া ঐ২ পাঠের উল্লিখিত কার্য্যপক্ষে তাহার ব্যবহার হইতে পারিবে ইতি।

আমলাগণ বিষয়ক বিধি।

আমলাগণের কথা।

৭০৫ ধারা। স্থানীয় গবর্ণমেণ্ট আপন বিচারাধীন স্থানের অন্তর্গত হাই কোর্ট-ভিন্ন সকল আদালতের প্রয়োজনমতে আমলাদের ও অন্য কর্ম্মকারকদের সিবিশতা নিরূপণ করিতে পারিবেন, ও ঐ কার্য্যকারকদের যত বেতন সময়ে২ উচিত বোধ করেন মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতিক্রমে তাহা নির্দ্ধার্য্য করিতে পারিবেন।

আমলা গণের কর্ত্তব্য কর্ম্ম হাই কোর্টের নির্ণয় করিবার কথা।

হাই কোর্টের আমলাগণ ও অন্য কার্য্যকারকদের, ও অধীন আদালতের সিবিশতার আমলাগণ ও অন্য কার্য্যকারকদের যে২ কর্ম্ম করিতে হইবে, হাই কোর্ট তাহা নির্ণয় ও নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

আদালতের ভাষাবিষয়ক বিধি।

অধীন আদালতের ভাষার কথা।

৭০৬ ধারা। এই আইন প্রচলিত হওন সময়ে কোন অধীন আদালতে যে ভাষা চলন হয় স্থানীয় গবর্ণমেণ্টের অন্য আজ্ঞা না হওন পর্য্যন্ত সেই আদালতে সেই ভাষা চলন থাকিবে

কিন্তু উক্ত কোন আদালতের সকল কি কোন২ আনুষ্ঠানিক কার্য্য যে ভাষায় চলন হইবে স্থানীয় গবর্ণমেণ্ট ইহা সময়েং নির্দ্দেশ করিতে পারিবেন ইতি।

আডবোকেটদের মুক্ত থাকার বিধি।

আডবোকেটদের মোক্তারনামা অর্পণ করিতে না হইবার কথা।

৭০৭ ধারা। কোন হাই কোর্টের আডবোকেটের প্রতি ওকালতী করিবার ক্ষমতা প্রদানার্থ মোক্তারনামা ও ওকালৎনামা কি অন্য দলীল অর্পণ কি উপস্থিত করিতে আদেশ থাকিবে না ইতি।

Deposit in lieu of Security

708. When security is required to be furnished by any person, the Court may permit such person to deposit in Court a sum of money, Government Promissory Notes, or other valuable property to such amount as the Court may fix, in lieu of the security required

Deposit in lieu of security

Miscellaneous Cases.

709 The procedure herein prescribed shall be followed from the date on which this Code shall come into operation, in all suits and appeals, and as far as it can be made applicable, in all miscellaneous cases and proceedings instituted in any Court

Miscellaneous cases and proceedings

But this Code shall not in any way invalidate or alter the effect of anything done in any suit, appeal, miscellaneous case, or proceeding prior to such date, and everything so done shall be deemed good and shall have effect so far as circumstances will permit, in like manner as if the same had been done in due course under this Code

Provided that no party to whom a right of appeal, has accrued under any law for the time being in force before this Code has come into operation, shall be deprived of such right by anything contained in this Code, if he exercise such right by preferring his appeal to the proper Court in due form within the time allowed for preferring appeals by the law under which the right of appeal accrued

Proviso

Powers of Local Government

710 The Governor-General in Council may invest the Chief Executive Officer of any part of British India under the immediate administration of the Government of India, with the powers vested by this Code in a Local Government

Power to invest Chief Executive Officer with powers of Local Government

Saving of Limitation-law

711 Save as provided by section 19, nothing herein contained shall be deemed to give a right to institute a suit, present an appeal or make an application, which if this Act had not passed, would have been barred by the law of limitation.

Saving of limitation law

জামিনের পরিবর্তে টাকা আমানৎ করণ বিষয়ক বিধি।

৭০৮ ধারা। কোন ব্যক্তির জামিন দিবার আদেশ থাকিলে, আদালত তাঁহাকে সেই জামিনের পরিবর্তে নগদ টাকা কি গবর্ণমেন্টের প্রমিসরি নোট, কিম্বা আদালত যত টাকার মূল্যবান সম্পত্তি নির্দ্ধার্য্য করেন তত মূল্যের সম্পত্তি আদালতে আমানৎ করিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

জামীনের পরিবর্তে আমানৎ করণ বিষয়ক কথা।

বিবিধ মোকদ্দমা বিষয়ক বিধি।

৭০৯ ধারা। এই আইন প্রচলিত হওনের তারিখ অবধি সকল মোকদ্দমায় ও আপীলী মোকদ্দমায় ও যত দূর খাটিতে পারে কোন আদালতে উপস্থিত করা বিবিধ প্রকারের সকল মোকদ্দমায় ও মোকদ্দমা ঘটিত কার্য্যে এই আইনের নির্দ্দিষ্ট কার্য্য প্রণালী খাটিবে।

বিবিধ মোকদ্দমার ও মোকদ্দমা ঘটিত কার্য্যের কথা।

কিন্তু সেই তারিখের পূর্ব্বে কোন মোকদ্দমার কি আপীলী কি বিবিধ প্রকারের মোকদ্দমায় কি মোকদ্দমা ঘটিত কার্য্য সম্পর্কে যে কোন কার্য্য করা গিয়াছে এই আইনদ্বারা সেই কার্য্য অসিদ্ধ করা যাইবে না ও তাহার ফলের অন্যথা হইবে না। ও তদ্রূপে যে সকল কার্য্য করা গিয়াছে তাহা যেন এই আইনমত নিয়মানুসারে করা গেল এমতে তাহা সিদ্ধ জ্ঞান হইবে ও ভাবগতিক বিবেচনায় যত দূর হইতে পারে তত দূর সফল হইবে।

পরন্তু এই আইন প্রচলন হইবার পূর্ব্বে যৎকালে যে আইন প্রচলিত থাকে তদনুসারে কোন ব্যক্তির পক্ষে আপীল করিবার স্বত্ব বর্ত্তিলে, সেই আইনমতে আপীল উপস্থিত করিবার নির্দ্দিষ্ট সময়ের মধ্যে নিয়মিত প্রথামতে উপযুক্ত আদালতে আপীল উপস্থিত করিয়া সেই স্বত্বানুসারে কার্য্য করিলে, এই আইনের উল্লিখিত কোন কথার দ্বারা তিনি সেই স্বত্বে বঞ্চিত হইবেন না ইতি।

উপবিধি।

স্থানীয় গবর্ণমেন্টের ক্ষমতা বিষয়ক কথা।

৭১০ ধারা। এই আইনমতে স্থানীয় গবর্ণমেন্টের প্রতি যেং ক্ষমতা প্রদত্ত হইয়াছে, মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব ভারতবর্ষের গবর্ণমেন্টের অব্যবহিত শাসনাধীন ব্রিটিনীয় ভারতবর্ষের কোন অংশের কর্ম্ম নির্ব্বাহক প্রধান কর্ত্তৃপক্ষের প্রতি সেইং ক্ষমতা প্রদান করিতে পারিবেন ইতি।

কর্ম্মনির্ব্বাহক প্রধান কর্ত্তৃপক্ষকে স্থানীয় গবর্ণমেন্টের ক্ষমতা প্রদান করিবার ক্ষমতার কথা।

মিয়াদ বিষয়ক আইন প্রবল রাখিবার কথা।

৭১১ ধারা। এই আইন প্রচলিত না হইলে মিয়াদ বিষয়ক আইন দ্বারা যে মোকদ্দমা কি আপীল কি প্রার্থনাপত্র উপস্থিত করিবার বাধা হইত, ১৯ ধারার বিধানের স্থলভিন্ন এই আইনের কোন কথাদ্বারা যেন সেই মোকদ্দমা কি আপীল কি প্রার্থনা উপস্থিত করিবার স্বত্ব প্রদান করা গেল, এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

মিয়াদ বিষয়ক আইন প্রবল রাখিবার কথা।

THE FIRST SCHEDULE.

(*See section* 3)

ACTS REPEALED.

Number and date	Subject to Title	Extent of repeal
IX of 1840	For amending the law administered in Her Majesty's Courts of Justice with reference to Arbitrations, Damages, and interested Witnesses	So much as has not been repealed
XXIII of 1840	For executing within the local limits of the jurisdiction of Her Majesty's Courts Legal Process issued by authorities in the Mofussil	So far as it relates to the execution of the process of Civil Courts
VIII of 1841	Interpleader	The whole
XXVI of 1841	Extending 3 & 4 Wm IV, c 42 ..	So much as has not been repealed
XIV of 1848	Commissions for taking affidavits	The whole
XVII of 1852	Special cases	The whole
XXXIII of 1852	Enforcement of judgments	The whole Act, except so far as it relates to the decrees of Military Courts of Requests
VI of 1855	Writs of execution	The whole
XXXIV of 1855	Execution of judgments	The whole
VIII of 1859	For simplifying the procedure of the Courts of Civil Judicature not established by Royal Charter	The whole Act, except sections fifteen and one hundred and ninety-two
XXIII of 1861	To amend Act VIII of 1859 ..	So much as has not been repealed
XX of 1862	To provide for the levy of Fees and Stamp Duties in the High Court, &c	So much as has not been repealed
XXIV of 1862	To continue in force Act XX of 1862	So much as has not been repealed
IX of 1863	To amend the Code of Civil Procedure	The whole
XVIII of 1863	To make provision for the speedy and efficient disposal of the business, &c	So much as has not been repealed
XXXII of 1863	To continue in force Act XX of 1862	So much as has not been repealed
XI of 1865	Mofussil Small Cause Courts' Act	Section 47
V of 1866	To provide a summary procedure on Bills of Exchange, &c	In the title, the word's '*to provide a summary procedure on Bills of Exchange, and*' The preamble down to and including the words 'Notes, and' In section 1 the definitions of 'High Court' and 'Local Government' Sections two to eight (both inclusive) Section fourteen
XXVI of 1867	To amend the law relating to Stamp Duties	So much as has not been repealed
VI of 1874	The Privy Council Appeals' Act, 1874	The whole

প্রথম তফসীল।

(৩ ধারা দেখ।)

যেং আইন রহিত করা গেল তাহার নির্ঘন্টপত্র।

সাল ও নম্বর	বিষয় কি নাম	যত দূর রহিত করা গেল।
১৮৪০ সা ৯ আ	সালিসী ও ক্ষতিপূরণ এবং সাক্ষাৎ সম্বন্ধীয় সাক্ষিদের বিষয়ি শ্রীশ্রীমহারাণীর আদালতের চলিত আইন শুধরাইবার আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৪০ সা ২৩ আ	মফঃসলের কার্য্যকারকদের করা হুকুম শ্রীশ্রীমতী মহারাণীর আদালতের এলাকার সীমার মধ্যে জারী করণের নিমিত্ত আইন	দেওয়ানী আদালতের পরওয়ানা জারী করণের প্রতি যত দূর খাটে তত দূর।
১৮৪১ সা ৮ আ	মুক্তারের বিষয়ক	সম্পূর্ণ আইন।
১৮৪১ সা ২৬ আ	চতুর্থ উলিয়ম রাজার তৃতীয় ও চতুর্থ বৎসরের আইনের ৪২ অধ্যায় বিস্তৃত করণার্থ আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৪৮ সা ১৪ আ	আফিডেবিট লওনার্থ কমিশ্যন বিষয়ক	সম্পূর্ণ আইন।
১৮৫২ সা ১৭ আ	বিশেষ মোকদ্দমা বিষয়ক	সম্পূর্ণ আইন।
১৮৫২ সা ৩৩ আ	ডিক্রী প্রবল করণ বিষয়ক	সৈন্য সংক্রান্ত ছোট আদালতের ডিক্রীর সঙ্গে যে অংশের সম্পর্ক থাকে তদ্ভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৫৫ সা ৬ আ	ডিক্রী জারীর পরওয়ানা বিষয়ক	সম্পূর্ণ আইন।
১৮৫৫ সা ৩৪ আ	ডিক্রী জারী করণ বিষয়ক	সম্পূর্ণ আইন।
১৮৫৯ সা ৮ আ	যেং দেওয়ানী আদালত রাজকীয় চার্টর দ্বারা স্থাপিত হয় নাই তাহার কার্য্যপ্রণালী সহজ করণার্থ আইন	১৫ ও ১৯২ ধারাভিন্ন সম্পূর্ণ আইন।
১৮৬১ সা ২৩ আ	১৮৫৯ সালের ৮ আইন সংশোধনার্থ আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৬২ সা ২০ আ	হাই কোর্টের ফী ও ইষ্টাম্পের মাসুল আদায় করিবার বিধান করণার্থ আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৬২ সা ২৪ আ	১৮৬২ সালের ২০ আইন প্রবল রাখিবার আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৬৩ সা ৯ আ	দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইন সংশোধন করিবার আইন	সম্পূর্ণ আইন।
১৮৬৩ সা ১৮ আ	কার্য্য ত্বরায় ও সফলরূপে নির্ব্বাহ করিবার বিধান করণার্থ আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৬৩ সা ৩২ আ	১৮৬২ সালের ২০ আইন প্রবল রাখিবার আইন	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৬৫ সা ১১ আ	মফঃসলে ক্ষুদ্র মোকদ্দমার আদালত বিষয়ক	৪৭ ধারা।
১৮৬৬ সা ৫ আ	হুণ্ডীর উপর সরাসরী কার্য্যপ্রণালীর বিধান করণার্থ	আইনের নামসূচক পদের এইং কথা। হুণ্ডীর উপর সরাসরী কার্য্যপ্রণালীর বিধান করণার্থ এবং" হেতুবাদের প্রথমাবধি "বিহিত এবং" এই পর্য্যন্ত সকল কথা। ১ ধারায় 'হাই কোর্ট" ও "স্থানীয় গবর্ণমেণ্ট এই দুই শব্দের অথ নির্ণায়ক কথা। ২ অবধি ৮ পর্য্যন্ত সকল ধারা ১৪ ধারা।
১৮৬৭ সা ২৬ আ	ইষ্টাম্পের মাসুল বিষয়ক আইন সংশোধন করণার্থ	যে অংশ পূর্ব্বে রহিত করা যায় নাই।
১৮৭৪ সা ৬ আ	প্রিবি কৌন্সেলে আপীল করণবিষয়ক ১৮৭৪ সালের আইন	সম্পূর্ণ আইন।

THE SECOND SCHEDULE

(*See section* 5)

Sections extending to Mofussil Courts of Small Causes

CHAPTER I.—Of the Jurisdiction of the Courts and *Res Judicata*
CHAPTER II.—Of the place of suing, except sections 21 to 26, both inclusive
CHAPTER III.—Of Parties and their Appearances, Applications and Acts, except section 47.
CHAPTER V.—Of the Institution of Suits, except the first paragraph of section 65
CHAPTER VI.—Service of summons on the defendant, except section 74
CHAPTER VII.—Of the Appearance of the Parties and consequence of Non-appearance
CHAPTER VIII.—Of Written Statements, section 105
CHAPTER IX.—Of the Examination of the Parties at the first Hearing
CHAPTER X.—Of the Admission, &c., of Documents, except section 121
CHAPTER XII.—Disposal of the Suit at the first Hearing, section 136
CHAPTER XIII.—Of Adjournments
CHAPTER XIV.—Of Summoning Witnesses
CHAPTER XV.—Examination of Parties and Witnesses, except sections 169 to 176, both inclusive
CHAPTER XVI.—Of Judgment and Decree, except sections 184, 187, 188, 191, 193, and 194
CHAPTER XVII.—Of Costs, sections 198, 199, and 200
CHAPTER XVIII.—Of the Execution of Decrees, sections 203 to 228, both inclusive, sections 231 to 243, both inclusive, sections 253 to 261, both inclusive, sections 264 to 267, both inclusive, sections 273 to 275, both inclusive, sections 277 to 281, both inclusive, section 287 so far as relates to re-sales under section 281 sections 288 290, 296, 297, 300, 301, 302, sections 305 to 342, both inclusive, sections 345, 346, 351, and 352
CHAPTER XIX.—Of the Death, Marriage, and Insolvency of Parties
CHAPTER XX.—Of the Withdrawal and Adjustment of Suits
CHAPTER XXI.—Of Payment into Court
CHAPTER XXII.—Of requiring Security for Costs
CHAPTER XXIII.—Of setting aside Decrees by Default and *ex parte*
CHAPTER XXIV.—Of Commissions
CHAPTER XXV.—Suits by Paupers
CHAPTER XXVI.—Suits by and against Government or Government servants
CHAPTER XXVII.—Suits by and against Native and Foreign Rulers
CHAPTER XXVIII.—Suits by and against Corporations and Companies
CHAPTER XXIX.—Suits by and against Trustees, Executors, and Administrators
CHAPTER XXX.—Suits by and against Minors and Persons of unsound Mind
CHAPTER XXXI.—Suits by infirm Persons and Women
CHAPTER XXXII.—Suits by and against Military Men
CHAPTER XXXIV.—Of Arrest before Judgment
CHAPTER XXXV.—Of Attachment before Judgment, except section 493
CHAPTER XXXVIII.—Reference to arbitration, sections 504 to 521, both inclusive
CHAPTER XXXIX.—Of Proceedings on Agreement of Parties
PART X.—Miscellaneous, sections 692 to 704, both inclusive, sections 706 to 710, both inclusive, and section 712

THE THIRD SCHEDULE

(*See section* 7)

Bombay enactments

Bombay Regulation XXIX 1827
" " VII, 1830
" " I, 1831
" " XVI, 1831
Act XIX of 1835
" XIII of 1842

[To be continued]

দ্বিতীয় তফসীল।

(৫ ধারা দেখ।)

মফঃসলের ক্ষুদ্র মোকদ্দমার আদালতে যে ধারা প্রচলিত হইবে তাহার নির্ঘণ্টপত্র।

১ অধ্যায়।—আদালতের বিচারাধিপত্যের ও নিষ্পত্তি করা বিষয়ের বিধি।
২ অধ্যায়।—মোকদ্দমা উপস্থিত করিবার স্থান বিষয়ক বিধি, ২১ অবধি ২৬ পর্য্যন্ত ধারাভিন্ন।
৩ অধ্যায়।—উভয়পক্ষের ও তাঁহাদের উপস্থিত হওয়ার ও প্রার্থনাপত্রের ও কার্য্যবিষয়ক বিধি, ৪৭ ধারাভিন্ন।
৫ অধ্যায়।—মোকদ্দমা উপস্থিতকরণ বিষয়ক বিধি, ৬৫ ধারার প্রথম প্রকরণভিন্ন।
প্রতিবাদীকে সমন দেওন বিষয়ক বিধি, ৭৪ ধারা ভিন্ন।
৭ অধ্যায়।—উভয়পক্ষের উপস্থিত হওন বিষয়ক ও উপস্থিত না হওয়ার ফল বিষয়ক বিধি।
৮ অধ্যায়।—বর্ণনাপত্র বিষয়ক বিধির ১০৫ ধারা।
৯ অধ্যায়।—প্রথম শ্রবণের সময়ে উভয় পক্ষের পরীক্ষা লওনবিষয়ক বিধি।
১০ অধ্যায়।—কমী[illegible]াদা প্রভৃতি করণ বিষয়ক বিধি, ১২১ ধারা ভিন্ন।
১২ অধ্যায়।—প্র[illegible]শ্রবণ সময়ে মোকদ্দমা নিষ্পত্তি করণবিষয়ক বিধির ১৩৬ ধারা।
১৩ অধ্যায়।—মোকদ্দমা শুনিবার দিনান্তর নিরূপণ বিষয়ক বিধি।
১৪ অধ্যায়।—সাক্ষিদের নামে সমন দেওনবিষয়ক বিধি।
১৫ অধ্যায়।—উভয় পক্ষের ও সাক্ষিদের সাক্ষ্য লওনবিষয়ক বিধি, ১৬৯ অবধি ১৭৬ পর্য্যন্ত ধারাভিন্ন।
১৬ অধ্যায়।—নির্ণয় ও ডিক্রীবিষয়ক বিধি, ১৮৪, ১৮৭, ১৮৮, ১৯১, ১৯৩ ও ১৯৪ ধারাভিন্ন।
১৭ অধ্যায়।—খরচা বিষয়ক বিধির ১৯৮, ১৯৯ ও ২০০ ধারা।
১৮ অধ্যায়।—ডিক্রীজারীকরণ বিষয়ক বিধির ২০৩ অবধি ২২৮ পর্য্যন্ত ও ২৩১ অবধি ২৪৩ পর্য্যন্ত ও ২৫৩ অবধি ২৬১ পর্য্যন্ত ও ২৬৪ অবধি ২৬৭ পর্য্যন্ত ও ২৭৩ অবধি ২৭৫ পর্য্যন্ত ও ২৭৭ অবধি ২৮১ পর্য্যন্ত সকল ধারা ও ২৮১ ধারামতে পুনঃ বিক্রয় করণবিষয়ক কথার সঙ্গে ২৮৭ ধারার যতদূর সম্পর্ক থাকে ততদূর ঐ ২৮৭ ধারা, ও ২৮৮, ২৯০, ২৯৬, ২৯৭, ৩০০, ৩০১, ৩০২ ধারা, ৩০৫ অবধি ৩৪২ পর্য্যন্ত সকল ধারা ও ৩৪৫, ৩৪৬, ৩৫১ ও ৩৫২ ধারা।
১৯ অধ্যায়।—কোন পক্ষের মৃত্যু কি বিবাহ কি ঋণ শোধ করিবার অক্ষমতা হইলে তদ্বিষয়ক বিধি।
২০ অধ্যায়।—মোকদ্দমা উঠাইয়া লওন ও আপোসে নিষ্পত্তি করণ বিষয়ক বিধি।
২১ অধ্যায়।—আদালতে টাকা দেওনবিষয়ক বিধি।
২২ অধ্যায়।—খরচের জামিন লওনবিষয়ক বিধি।
২৩ অধ্যায়।—ত্রুটিহেতুক কিম্বা এক পক্ষ মাত্র উপস্থিত থাকিতে যে ডিক্রী হয় তাহা অসিদ্ধকরণ বিষয়ক বিধি।
২৪ অধ্যায়।—কমিশ্যন বিষয়ক বিধি।
২৫ অধ্যায়।—পাপরদের মোকদ্দমা বিষয়ক বিধি।
২৬ অধ্যায়।—গবর্ণমেণ্টের কিম্বা গবর্ণমেণ্টের কার্য্যকারকদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।
২৭ অধ্যায়।—এদেশীয় ও ভিন্ন দেশীয় সরদারদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।
২৮ অধ্যায়।—সমবেত সমাজের ও কোম্পানির দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।
২৯ অধ্যায়।—ট্রষ্টীদের ও উইলক্রমে নিরূপিত কার্য্যসম্পাদকদের ও অব্যাবস্থিতপণাধিকারিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বিধি।
৩০ অধ্যায়।—নাবালগদের ও অসুস্থমনা ব্যক্তিদের দ্বারা ও তাহাদের নামে মোকদ্দ[illegible]
৩১ অধ্যায়।—দুর্ব্বল ব্যক্তিদের ও স্ত্রীলোকদের মোকদ্দমা বিষয়ক বিধি।
৩২ অধ্যায়।—সৈন্যসংক্রান্ত ব্যক্তিদের দ্বারা ও তাঁহাদের নামে মোকদ্দমা বিষয়ক বি[illegible]
৩৪ অধ্যায়।—নিষ্পত্তির পূর্ব্বে গ্রেপ্তার করণবিষয়ক বিধি।
৩৫ অধ্যায়—নিষ্পত্তির পূর্ব্বে ক্রোক করণবিষয়ক বিধি, ৪৯৩ ধারাভিন্ন
৩৮ অধ্যায়।—সালিসীতে অর্পণ করণবিষয়ক বিধির ৫০৪ অবধি ৫২১ পর্য্যন্ত সকল ধার[illegible]
৩৯ অধ্যায়।—উভয় পক্ষের সম্মতি হইলে আনুষ্ঠানিক কার্য্য বিষয়ক বিধি।
দশম ভাগ।—বিবিধ মোকদ্দমা বিষয়ক বিধির ৬৯২ অবধি ৭০৪ পর্য্যন্ত ও ৭০৬ অবধি ৭১০ [illegible]কল ধারা ও ৭১২ ধারা।

তৃতীয় তফসীল।

(৭ ধারা দেখ।)

বোম্বাইয়ের আইন।

বোম্বাইয়ের ১৮২৭ সালের ২৯ আইন।
ঐ ১৮৩০ সালের ৭ আইন।
ঐ ১৮৩১ সালের ১ আইন।
ঐ ১৮৩১ সালের ১৬ আইন।
১৮৩৫ সালের ১৯ আইন।
১৮৪২ সালের ১৩ আইন।

[ক্রমশঃ প্রকাশ্য।]